(फ्रन्भर्वं यर्ख्य षाभवन

ক্রসাচরণ রায়

-প্রাথিতান-

THE RADICAL HUMANIST
15, Bankim Chatterjee Street, Calcutta-12

প্রকাশক: স্বদেশর্জন দাস ব্যাডিক্যাল হিউম্যানিষ্ট মৃভ্যেণ্ট ১৫, বন্ধিম চ্যাটার্জি ব্রীট, কলিকাভা— ১২

-এপ্রিল ১৯৪৮

প্রচ্ছদ : শ্রীরামচক্র দাস

মুক্তক : শ্রীনিত্যানন্দ চৌধুরী নিউ এ্যাসোসিরেটেড প্রিণ্টার্স ৬, মসজিদ বাড়ী ষ্ট্রাট • ক্রিকাভা—৬

उदमर्ग :

লর্কালের ভ্রমণবিলাদী বাঙালীদের করকমলে

ভূমিকাঃ ডঃ সূকুমার সেন প্রসঙ্গঃ দেবগণের মর্ত্ত্যে ভাগমন

দেবগণের মর্জ্যে আগমনের লেথক যে বিষয়বস্থ সম্বন্ধে 'স্থরলোকে বঙ্গের পরিচয়' বইটি থেকে অন্ধপ্রেরণা পেয়েছিলেন তাতে কোনই সন্দেহ নেই। তেমনি সন্দেহ নেই যে রচনাটির আদল পেয়েছিলেন দীনবন্ধু মিত্রের 'স্বরধূনী কাব্য' থেকে। হুর্গাচরণ রায় চালিয়েছিলেন তাঁর কলমেন গাড়ী দীনবন্ধু মিত্রের পাতা রেল লাইনে। তবে দীনবন্ধু ভেদেছিলেন গঙ্গা-যমূনা ধারাস্রোতে, হুর্গাচরণ চড়েছেন একা ও বেলগাড়ী। হুজনেরই উদ্দেশ্য উত্তরাপথের প্রাচীন তীর্থ ও নগরের বর্ণনা দেওয়া এবং বিশেষ করে কলকাতার কথা বলা।

তা হলে হুর্গাচরণের বইয়ে নতুন বলে কিছু নেই ? খুব ছাছে। হুর্গাচরণ যে সব ছবি এঁকে গেছেন তার রস ও রং জনেকটাই 'হুডোম পাঁচার নক্শা'ও 'হরিদাসের গুপুক্র।' জাতীয় গ্রন্থ থেকে নেওয়া; এই কারণে এই বৃহৎ বইটি তীর্থ-কাহিনী ও অমণকারীর গাইডবুকে পর্যবসিত না থেকে একটি উপাদের গ্রন্থ হয়েছে।

দেশের ইতিহাস ও সংষ্কৃতি বিষয়ে অনেক কথা আছে বইটিতে। সে সব কথাই সত্য নয়। এবং তা নয় বলেই বইটির মূল্য। লেখকের উৎসাহ ছিল, নিষ্ঠাও ছিল। কিন্তু লিখেছিলেন অত্যস্ত শিথিলভাবে। তাই ভাষাও সর্বত্র মার্জিত নয়। কিন্তু পড়বার সময় সেদিকে নজর পড়ে না।

বাংলা ভাষার এমন বই খুব কমই আছে যা গরা উপন্থান নয় কিন্তু পড়তে গরা-উপন্থানের মতোই ভালো লাগে। সে গ্রন্থেলির একটি হল এই 'দেবগণের মর্জ্যে জাগমন'। যিনি লেখাপড়া জানেন তাঁর কাছে সবচেয়ে বড়ো ভোজ হল মনের মতন বই পাওয়া। জাশা করি এই ভোজে ভাগ বসাবার লোকের জভাব হবে না।

সরলপথ হল ভীর্থ-ভ্রমণ কথা। কিন্তু যুগের transition-এর সঙ্গে সঙ্গে আমাদের ধর্ম চিন্তারও নানান বিচিত্র বিশ্লেষণ শুরু হল।

কিন্ত উনবিংশ শতান্ধীর ভোর বেলাভেই জ্ঞানের আলো ছড়িয়ে গেল সবধানে। ধর্মের গুমোট অন্ধকারে ভজির নামে চোধ বৃজে থাকভে চাইলেন না সবাই। জানার আগ্রহ থেকে বাড়ল ভ্রমণ বিলাসিতা। বিলাত ভ্রমণের আধুনিকতা সামাজিক ও ধর্মীয় কুসংস্কারকে পরান্ত করল সবিজ্ঞমে। রমেশচন্দ্র দন্ত (ইংলণ্ডে তিন বংসর), শিবনাথ শাস্ত্রী (ইংলণ্ডের ভায়েরী), রামদাস সেন (বাঙালীর মুরোপ দর্শন), গিরিশচন্দ্র বহু (বিলাতের পত্র), প্রমথ নাথ বহু (ইংলণ্ডের নকশা ও ফ্রান্স ভ্রমণ) এমন কি রবীজ্রনাথও বিলাত ভ্রমণ-কাহিনী লিখলেন গ্রান্থে অথবা চিঠিতে। সেই সন্দে মিশর ভ্রমণ-কাহিনী লিখলেন খ্রামনাথ মিত্র (মিশরের পথে বাঙালী), ভূ-প্রদক্ষিণ করলেন চন্দ্রশেধর সেন। স্ত্রী স্বাধীনতার শুরু ও স্ত্রীশিক্ষার প্রসার হয়েছে এরই সঙ্গে। আর্যাবর্ড ভ্রমণ-কাহিনী লিখলেন প্রসন্ধর্মী দেবী। ভারতবর্ষের প্রতীচী দিখিহার লিখলেন কেদারনাথ দাস, দক্ষিণাপথ ভ্রমণ-কাহিনী লিখলেন শর্চন্দ্র শাস্ত্রী। সঞ্জীবচন্দ্র পালামৌ, বোঘাই চিত্র লিখলেন রবীজ্রনাথের মেজদা সত্যেন্দ্রনাথ। চল্লিশ বংসর পূর্বে বঙ্গদেশ ভ্রমণ, গৌড় ভ্রমণ-কাহিনী লিখলেন রাজনারায়ণ বস্থ।*

শিক্ষিত বাঙালী পাঠক ক্রমশ ভ্রমণ-কাহিনী থেকে ধর্মের জান্থ সরিয়ে নিতে থাকলেন। জ্ঞানের আলো যত ছড়াতে থাকল ধর্মান্ধতা ততই হাস পেতে থাকল। কিন্তু বয়স্ক পাঠকের ধর্মপ্রীতিও মৃছে বাবার নয়। তিবত ভ্রমণ (শর্দ্রক্র দাস), অমরনাথ ভ্রমণ-কাহিনী (সারদা প্রসাদ ভট্টাচার্য্য) ইত্যাদির রেওয়াক্ষ ভারতবর্ধ-সম্পাদক জ্লধর সেন সেদিনও টেনে এনেছিলেন হিমালয় ভ্রমণ-কাহিনীতে। বটতলা তাই ধর্মের নামে 'উচ্ছুগু' করার প্রনো ট্র্যাভিশন ভোলে নি। এই ধর্মান্ধতাকে ভূলে বাবার বাধ্যতাম্লক 'জ্ঞামনস্কতা' নিয়ে এক জ্বুত দোটানায় পড়লেন সেদিনের বাঙালী পাঠকেরা। তীর্থ ভ্রমণের ত্র্বলতাকে জ্বোর করে পাশ কাটিয়ে জ্ঞানী পাঠক সমকালীন কলকাতার সামাজিক বিবর্তনের ইতিহাসে নজর দিলেন বেশি করে। কিন্তু সাধারণ

^{*} বিলেত ভ্রমণের কাহিনী লিখলেন রাজকুমারী দেবী (ইংলণ্ডের বন্ধ বধু)
এছাড়া রয়েছে জানকীনাথ বসাক (মণিপুর প্রাহেলিকা), ঈশ্বচন্দ্র বাগচী
(তীর্থ মুকুর), তিবত ভ্রমণ (শরংচন্দ্র দাস)

পাঠক, যারা ধর্যপ্রিয় তাদের জন্ম ভবানীচরণের ট্রাডিশন সমানে আরোপ করতে চাইলেন ঐ একই জিনিসের মাধ্যমে। কলকাভার খ্যাভনামা পুরুষেরা মৃত্যুর পর পরলোকে ভ্রমণ করতে গেলেন। আর ভারই ভ্রমণকাহিনী রচনা করার একই সজে তু ধরনের ফচিসম্পন্ন পাঠকের তুম্খো ফচির ভৃথি সাধন করা গেল একাধারে। ১৮৭৫ খৃষ্টাব্দে প্রকাশিত হল স্বলোকে বজের পরিচয়: প্রথম খণ্ড। তুবছর পরেই দ্বিতীয় খণ্ড।

'ঈষং ব্যঙ্গ ও কৌতৃকের হুরে সমসাময়িক সমাজের ও সাহিত্যের সমালোচনা' করা হয়েছে এই বইটিতে। সবচেয়ে বড় কথা বইটির লেথকের নাম অজ্ঞাত। ডঃ স্তৃক্মার সেন অস্থমান করেছেন লেথক ব্রাহ্মণ পণ্ডিত এবং জ্যোড়াসাঁকো ঠাকুর বাড়ির সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত।

স্থ্যলোকে বঙ্গের পরিচয় বইটি পুনমু দ্রিত হয়েছে সম্প্রতি।

সেই বইটি সম্পাদন প্রসঙ্গে সম্পাদক অনুমান করেছেন, এই গ্রন্থের লেখক হরনাথ বস্থা বইটির আখ্যাপত্তে লেখকের নাম নেই ' বেকল লাইব্রেরীর ক্যাটালগে লেখকের নাম অনুমান করা হয়েছে হরনাথ ভঞ্জ। স্থাশনাল লাইব্রেরীর ক্যাটালগও বিনা প্রমাণে সেই অনুমান অনুমান করেছে।

বইটির প্রকাশক মির্জাপুরের বাল্মিকীযন্ত্র—যার তত্ত্বাবধায়ক ছিলেন 'সূলাক যমসম পুরুষ' হেমচন্দ্র বিভারত্ব। বাল্মিকীযন্ত্রের মালিক ছারকানাথ ভঞ্জ। হরনাথ ভঞ্জ তাঁরই ভাই। কিন্তু এইটুকুভেই হরনাথের স্বীকৃতি বড় হরে ওঠে না। বাল্মিকীয়ন্ত্রের প্রতিষ্ঠারও একটি ইতিহাস আছে।

কালী প্রসন্ধ সিংহের মহাভারত অমুবাদ প্রচেষ্টার হেমচন্দ্র বিভারত্বকে দক্রিয় অংশগ্রহণ করতে হয় বিভাসাগরের অমুরোধে। এর পর হেমচন্দ্র জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে কাজে ধােগ দেন। এই সময়ে হেমচন্দ্রের কাজ ছিল ঠাকুরবাড়ির নিয়মিত পূজার কাজে পৌরহিত্য এবং অন্তঃপুরের মেয়েদের সংস্কৃতে, বিশেষত রামায়ণ অমুবাদের শিক্ষা দেওয়া। এছাড়া তল্ববোধিনী পত্রিকার কাজ এবং জমিদারীর কাজ তাে ছিলই।

এই সময় হেমচক্র রামায়ণ অহুবাদের কাব্দে স্বয়ং উন্থোগী হয়ে ওঠেন। 'ব্রাহ্মসমাজের লাইব্রেরীর আশ্রেয়ে আসিয়া তিনি (হেমচক্র) রামায়ণের রস মাধুর্য্যে আরুষ্ট হন। নানাস্থান হইতে পূঁথি সংগ্রহ করিয়া তিনি রামায়ণের পাঠোদ্ধার করেন এবং নানা পাঠান্তর ও টীকা সমেত অহুবাদ রামায়ণ প্রকাশ করিতে সংকর করেন। কিছুমাত্র মূলধন না লইয়া এই বিরাট ব্যাপারে হন্তক্ষেপ

করিলেন। অথচ কাগতে ছাপাই-এ কোথাও কার্পণ্য করেন নাই। তাঁছার মতে সন্তায় ছাপাইয়া বিষয় বন্ধর অপমান করা হইত।

'থগুশং রামারণ প্রকাশে হেমচন্দ্রের উগ্গম দেখিরা বারকানাথ ভঞ্জ তাঁহাকে সটীক ও সাম্বাদ রামারণ প্রকাশে অর্থ সাহায্য করিয়াছিলেন। এই অর্থ সাহায্যের ফল ওভ হয় নাই। শেষ পর্যান্ত উভয়ের মধ্যে মকদমা হয়। আইনত হেমচন্দ্র অর্থ ফেরত দিতে বাধ্য ছিলেন না বটে কিছু তিনি পাই পয়লাটি পর্যন্ত তাহাকে অর্পণ করেন। সমস্ত টাকা শোধ করিতে তিনি নিজেকে নিঃস্ব করিয়াছিলেন।'>

এই উদ্ধৃতি থেকে স্কুম্পইভাবে বোঝা ধায় হেমচন্দ্র বাদ্মিকী ধল্লের মালিক না হয়েও ধারকানাথ ভঞ্জের প্রাণ্য সমস্ত টাকা আইনত বাধ্য না হয়েও পুরোপুরি শোধ করে দিয়েছিলেন।

হেমচন্দ্র সংস্কৃতক্ত পণ্ডিত ছিলেন কিন্তু ব্যবসায়ী ছিলেন না। ফলত 'তিনি ধনী হইবার আশায় বই ছাপান নাই। ছাপান বইগুলি অধিকাংশ দপ্তরীর কাছে বাইবার পূর্বেই একে একে অদৃশ্য হইত। শেষ পর্যান্ত তিনি নিজের জন্ম একখানি কপিও রাথিতে পারেন নাই। এজন্য তাঁহার মনে কোন ক্ষোভ ছিল না। পাঁচ টাকা মূল্যের দ্রব্যের বিনিময়ে যে পাচটি টাকা পাইতে হইবে এত পব তিনি ব্রিতেন না। আরও একটি আশ্রুর্য ব্যাপার, ৺বারকানাথ ভঞ্জের সহিত তাহার যে মনোমালিক হইয়াছিল, তাহারও কোন লক্ষ্ম ভবিশ্বতে দৃষ্টিগোচর হয় নাই। ভঞ্জ পরিবান্ধের সহিত তাঁহার হল্যতাই বরাবর লক্ষ্য করিয়াছি।'

হরনাথ ভঞ্জ বারকানাথের ভাই। আগেই বলেছি হেমচন্দ্র ভর্ধু সংস্কৃতজ্ঞ পশুত ছিলেন না। তিনি ছিলেন অত্যন্ত স্থরসিক। কোড়াসাঁকোর ঠাকুরবাড়ির ক্যেষ্ঠপুত্র বিকেন্দ্রনাথ ঠাকুর নিজে ছিলেন জ্ঞানী ও স্থরসিক। বিকেন্দ্রনাথও হেমচন্দ্র পরস্পরের গুণে একান্ত মৃশ্ব ছিলেন। জীবনশ্বভিতে রবীন্দ্রনাথও লিখেছেন বিকেন্দ্রনাথের ঘরের কড়ি ফাটানো হাসির কথা তার মনে আছে। বিকেন্দ্রনাথ হেমচন্দ্রকে বলতেন 'ভড়জি'।

'৺বিজেন্দ্রনাথ ঠাকুর 'ভড়বিশ'র (বিজ্ঞারত্ম) সহিত আলোচনা না করিয়া

বনবিহারী মুখোণাধ্যায় পত্র সাহিত্য পৃ—
 বোগেশ চক্র বাগল সাধক চরিত মালা পৃ—

নিজের লেখা প্রায় প্রকাশ করিতেন না। এইসব আলোচনায় ঘণ্টায় পর ঘণ্টা কাটিয়া যাইত এবং তর্জন-গর্জন ও কড়ি ফাটান হাস্তে পাড়া সব পরম হইয়া যাইত। •• দ্বিজেন্দ্রনাথের ভাষায় এ আলোচনা ছিল গলকচ্ছপের যুদ্ধের মত। দ্বিজেন্দ্রনাথ একবার নিজে না আসিতে পারিয়া হেমেন্দ্র নাথ সিংহের হাতে এক পত্র দিয়া পাঠান। তাহাতে একস্থানে ছিল—'এবার বিজে গলে নয় এবার সিংহে গজে বোঝাপড়া।'

বিজেজনাথ ও হেমচজের এই আন্তরিক ও সরস সম্পর্কটি বিস্তৃত বর্ণনা করতে হচ্ছে কারণ স্থবলোকে বঞ্চের পরিচয় গ্রন্থটির অনামা লেখক হিসেবে আমরা হেমচজ্রকেই অনুমান করছি। ভড়ক্তি সম্বন্ধে বিজেজনাথ বলেছেন—

'ভড়জির অটুহাসি বড়া জমকালো,

বুড়ঢার সদরে তাঁর আড়ো জমে ভাল।

এই হেমচন্দ্র সম্বন্ধে দ্বিক্ষেত্রনাথ আরও লিখেছেন—

'পাষাণ মূরতি মন্দ, দর্দারের প্রায়,

লাঠি হাতে ভাবে ভোর বাল্মিকীর জয়।'

বলা বাছল্য বাল্মিকীর জয় বোঝাতে এখানে বাল্মিকী য়য় (Press) বোঝান হচ্ছে। এই সমস্ত তথ্য আমরা পেয়েছি হেমচক্রের আঞ্চিত পুত্র-প্রতিম ডঃ বনবিহারী মুখোপাধ্যায়ের লেখা পত্ত থেকে। বনবিহারী নিজেও তীত্র ব্যক্ষায়ক লেখা লিখতেন তাই জনপ্রিয় নন। তিনি হেমচক্রকে বলেছেন, তাঁর 'বয়ুল্রেন্ঠ, গুরু ও শিক্ষাদাতা'। ছিজেন্দ্রনাথের সজেও তাঁর আলাপ ছিল। এই ব্যক্ষরসিক বনবিহারীর গুরু হেমচক্রই স্করলোকে বজের পরিচয় গ্রন্থটির অন্থমিত লেখক।

এই প্রসঙ্গে আরো করেকটি অন্তমান উদ্ধার করেছি। স্থবলোকে বলের পরিচয় প্রথম থণ্ডটির প্রকাশক কালীকিংকর চক্রবর্তী—থিনি রবীন্দ্রনাথের প্রথম দিকের গ্রন্থেরও প্রকাশক।

থিতীয় খণ্ডটিরও প্রকাশক কালীকিংকর চক্রবর্তী এবং বাল্মিকী বন্তেরও নাম এখানে রয়েছে। আগেই বলেছি 'ফুলাল বমসম পুরুষ' হেমচন্দ্র এবং বাল্মিকী বস্তুকে বিজেন্দ্রনাথ একাকার করে দিয়েছেন 'বাল্মিকীর জয়' কথাটি লিখে।

তৃটি থণ্ডেরই আখ্যাপত্তে বে শ্লোকটি উদ্ধার করা হয়েছে, তা হল 'হিডং মনোহারি চ তুর্লভং বচ' এই বিখ্যাত উক্তিটি বিজেজনাথের খুবই প্রিয় ছিল। তিনি এটি হিডবাদী পত্তিকার motto হিসেবেও মুক্তিত করেছিলেন। অর্থাৎ স্থরলোকে বলের পরিচয় গ্রন্থটির মুক্রণ প্রকাশেও লেথকের সলে বিজেন্দ্রনাথের আন্তর্গর ঘনিষ্ঠতা সহক্ষেই অন্থমেয়। যে ঘনিষ্ঠতা বারকানাথ ভঞ্জ সম্পর্কে কিছুটা অস্তত অন্থমান করা গেলেও হরনাথ সম্পর্কে কিছুমাত্র অন্থমান করা যায় না। জোড়াসাঁকো ঠাকুরবাড়ির সলে সম্পর্কযুক্ত লেখক হেমচন্দ্রের তীব্র রসবোধের প্রমাণ স্বয়ং বিজেন্দ্রনাথ। বিজেন্দ্রনাথের মত স্থরিক বন্ধুর সলে আরেকটি প্রমাণ হেমচন্দ্রের 'বন্ধুশ্রেষ্ঠ গুরু শিক্ষাদাতা' আন্তিত পুত্রোপম হিসেবে বাংলাদেশের একটিই চরিত্র। ডঃ ননবিহারী মুখোপাধ্যায় জীবনের শুক্ততে বিনি সংস্কৃত প্রিয় এবং পরবর্তী জীবনে ডাক্তার হলেও তীব্র রঙ্গরাঞ্চ রসবাক্ষ রসবোধে বিজ্ঞার। এই বিচিত্র চরিত্র সম্পূর্ণ একক এবং নির্জন।

অমুকরণ অনেক সময়ই মূল বস্তার চেয়েও বেশি জনপ্রিয় হয়ে ওঠে। সংস্কৃতজ্ঞ লেখকের ব্যঙ্গাত্মক ক্রলোকে বঙ্গের পরিচয়ে যে সাধুভাষার জটিলতা ছিল —জনপ্রিয়তার সরল কলম ধরে তুর্গাচরণ রায় আদল বস্তুকে ছাড়িয়ে সেই উপলক্ষকে উপস্থাপিত করলেন 'দেবগণের মত্যে আগমন' গ্রন্থে, উজ্জ্ঞলতর এবং জনপ্রিয়তর রূপে।

বইটে জনপ্রিয় হলেও লেখকের নাম শুরুতে স্থ্রেমানিত ছিল না। সংস্কৃতজ্ঞ বারকানাথ বিভাভ্ষণ ছিলেন সোমপ্রকাশ পত্রিকার সম্পাদক। সোমপ্রকাশ ছিল ভারী, গন্তীর, গভীর পত্রিকা। ১২৮৭ বলান্দের ৮ই বৈশাথ থেকে 'নব কলেবর ধারণ করিয়া কলিকাতা মূজাপুর দপ্তরিপাড়া করজ্ঞম যন্ত্রে মূপ্রিত হইয়া' সোমপ্রকাশ প্রকাশিত হতে থাকে। আর করজ্ঞম যন্ত্র থেকেই প্রকাশিত হতে থাকে একটি অপেকারুত হারা পত্রিকা করজ্ঞম, বারকানাথই সম্পাদক। ১২৮৭ বলাল থেকে কর্জ্ঞমেই ধারাবাহিকভাবে প্রকাশিত হয় দেবগণের মর্চ্চের আগমন। তবে কোনো লেখকের নাম থাকত না। দেবগণের মর্চ্চের আগমন। তবে কোনো লেখকের নাম থাকত না। দেবগণের মর্চ্চের আগমন অনেকদিন পর্যন্ত বারকানাথ বিভাভ্ষণের রচিত বলিয়া লোকের ধারণা ছিল" ১ *। কিন্তু এ ধারণা সঠিক কিনা সন্দেহ। বারকানাথের গ্রন্থপঞ্জীতে এই বইরের নামোল্লেথ নেই। সোমপ্রকাশ সম্পাদনার কাজ ছাড়বার পর বারকানাথ কর্লজ্মের সম্পাদনাও ত্যাগ করে অনুস্থ স্বাস্থা নিয়ে

১+ খুষ্টীর উনবিংশ শতাব্দীর বঙ্গসাহিত্যে হাস্তরস--চারু বন্দ্যোপাধ্যার প্-১•৮ ক্ষমলপুরের সাতনায় চলে যান। ১৮৮৬ সালের ২৩শে আগই তাঁর মৃত্যু হয়।
মৃত্যুর অব্যবহিত পরেই দেবগণের মর্চ্যে আগমন বইটি গ্রন্থানারে প্রকাশিত
হয় ('ঘারকানাথ কর্ত্ক সম্পাদিত এবং চুর্গাচরণ রায় কর্ত্ক প্রকাশিত')।
রজেজ্ঞনাথ বন্দ্যোপাধ্যায়ের এই অন্থমান। অনেকেরই অন্থমান ঘারকা
নাথেরই রচনা। ২০ দেবগণের মর্চ্যে আগমন বইটির তৃতীয় সংস্করণে এই ভূল
বোঝাবৃঝি মিটে যায়। বইটির লেখক চুর্গাচরণ রায় বইটি ভৃতীয় সংস্করণ
উৎসর্গ করেছেন ঘারকানাথ বিছাভ্ষণকে। 'গুরুদেব' (ঘারকানাথ) কে তিনি
স্ম্পাই ভাবে বলেছেন 'আপনি যেমন যত্ন সহকারে দেবগণকে কল্পজ্ঞমে আশ্রন্থ
দিয়াছিলেন, আশা করি দেবগণ, সেইরূপ আপনাকে যত্নের সহিত নন্দনকাননে
আশ্রের দিয়াছেন।' সংশোধিত তৃতীয় সংস্করণে তুর্গাচরণের এই উৎসর্গ পত্র

আখ্যা-পত্তে লেখক ছুৰ্গাচরণ রায়ের নাম ছাড়া আর ছাপা আছে, '৺ দারকানাথ বিদ্যাভূষণ কর্ত্তক সম্পাদিত কল্লক্রম হইছে উদ্ধৃত।' (ছোট হরফে)

স্পান্তই বোঝা যায়, এই ছোট হরফের রিদকতাটুকু অনেকে উপদানি করেন নি। ছুর্গাচরণ রায়ের বইটির সম্পাদনা বারকানাথ করেন নি। তিনি কল্পদের সম্পাদক। এবং বারকানাথ সম্পাদিত কল্পদেম ধারাবাহিক প্রকাশিত বলেই গ্রহাকারে প্রকাশকালে এই রিদকতা করা হয়েছে। বড় হরফে বারকানাথ বিদ্যাভ্ষণ কর্ত্তক সম্পাদিত পড়েই অনেকেই মনে করবেন, যা ব্রক্তেরনাথ করেছেন। প্রসক্ত উল্লেখ্য এই গ্রন্থে বিভিন্ন খ্যাতনামা সমসামন্থিক পুক্রদের জীবনী বর্ণনার সঙ্গে স্বয়ং বারকানাথের জীবনী ও কর্মধারা বর্ণনা করা হয়েছে আয়ৃত্যু স্বগভীর প্রশংসাস্থ্যভাবে বর্ণনা করতে পারতেন না।

সে বাই হোক দেবগণের মর্জ্যে আগমন বইটি স্থরলোকে বলের পরিচয় অস্থায়ী। অর্থাৎ প্রমণ কাহিনীকে ধর্মের ছোয়া দিয়ে যে ধরনের বই আগে ছাপা হচ্ছিল, উনবিংশ শতাব্দীর স্বাধীনতা আমলে দেখানে ধর্মান্ধতা কেটেছে কিছুটা। বদলে এসেছে জান। কিন্তু ধর্মান্ধতার মৃত্ ছোয়া থেকেছে এবং যুক্ত হয়েছে সমকালীন সামাজিক বিবর্তনের ইতিহাস।

২০ বারকানাথ বিভাতৃষণ—সাহিত্য সাধকচরিতমালা সংখ্যা ১১পৃ-১৮

সামাজিক ইতিহাস লেখার রেওয়াল্প বাংলা ভাষায় শুরু হয়েছে হতােম শাঁটার নকশা রচনার পর থেকেই। এসময় আমাদের দেশের ধনী সমাজপতিরা টাকা দিয়ে ভাড়াটে লেখক জােগাড় করে 'ছাপান পরচর্চা'র মৃপ শুরু করেন। বছ ধনী এই স্থােগে পারস্পরিক 'চাপানউতাের' পালা শুরু করেন। হতােম শাঁচার নকশার পর, বলা বাছল্য, তাই নকশা-উতাের সাহিত্য পর্বটাই শুরু হয়। কোনাে ধনী যদি ভাড়াটে লেখক দিয়ে মনােমত ব্যক্ষাত্মক (Satirical Sketch) সমালােচনা করলেন কোনাে শক্রু সমাজপতির সঙ্গে সঙ্গে তিনিও তৎক্ষণাথ টাকা দিয়ে তার উতাের লেখালেন কোন লেখকের মাধ্যমে। এই পরচচা কুৎসার মধ্যে রক্ব ব্যক্ষের আখাদা পেতেন পাঠকরা।

"ওই খানে আপনাকে বলিয়া রাখি ষে 'হুতোম পাঁচার নকসা' রচনার পর হইতে নাটক বা উপন্তাস সাহিত্যে কে কার জবাব দিল ইহাই সকলে জানিতে চেষ্টা কবিত।" *১

ধনী সমাঞ্চণতিদের এই কুৎসিত পরচর্চাকে সেকালের পাঠকসমাঞ্চ কিভাবে রক্ষ বা ব্যঙ্গ হিসেবে বিবেচনা করেছিলেন তা আজ বিশ্লেষণের বিষয়। ভবে বন্ধিমচন্দ্র বলেছেন, 'ইউরোপীয় যুদ্ধ ও ইউরোপীয় রসিকতা এক মা'-র পেটে জ্মিয়াছে— তৃয়ের কাজ মামুষকে তৃঃখ দেওয়া। ইউরোপীয় জনেক কুসামগ্রী এই দেশে প্রবেশ করিতেছে। *>

এইভাবে ধনী সমাজপতিদের অন্দরমহলের গুপ্ত কথাও চাপা হতে থাকলো। লণ্ডন শহরের গুপ্তজীবন বিলাতী গুপ্ত কথার নকল এদেশেও হতে থাকল বৃদ্ধিমচন্দ্রের উদ্ধৃতি মত।

এই সামাজিক বর্ণনারই পরিশীলিত রূপায়ণ 'দেবগণের মর্চ্চ্যে আগমণ।' কুৎসিত পরচর্চা ইত্যাদির বদলে সারা ভারত জুড়ে tourist guide-এর বদলে মিষ্টি কলমে ভারতের বর্ণনা করেছেন চুর্গাচরণ। ভারই মাঝে মাঝে মৃত্ব্যক্ষের ছোঁয়াচও বথারীতি রয়েছে। কিন্তু উগ্র তীক্ষ্ণ পরচর্চা বা বিবেবের স্পর্শ কমিয়ে মোটামুটি ভ্রমণের ধর্ম অন্তুসর্গ করে।

তুর্গাচরবের জন্ম বর্ধমান জেলার দীর্ঘপাড়া গ্রামে; বৈশ্ববংশে। তাঁর জন্ম

- *> পুরাতন প্রদক—অমৃতলাল বহু পৃ-২১**৭**
- *২ বাংলা সাহিত্য-মনোমোহন ঘোষ পূ-২৯৭

১৮৪৭ **খুটাজে** ৷ 'দেবগণের মর্জ্যে' আগমণ ছাড়াও 'পাসকরা ছেলে', 'ছুঃখনিশি অবসান' ও 'চিনির বলদ' বইওলোও তুর্গাচরণের রচনা।

এছাড়াও ছুৰ্গাচরণের একটি অপ্রকাশিত উপস্থাদের সন্ধান পেয়েছি অস্থ্যভান পত্তিকার। নাম : বিপ্লব। ১৩০১ বন্ধান্ত ২৪ কান্তন থেকে ধারাবাহিক ভাবে প্রকাশিত।

তুঃধনিশি অবদান বইটি ১৮৭০ খুটাজে পণপ্রথার বিরুদ্ধে রচিত।
১৮০৭ খুটাজে গুর্গাচন্দ্র পার্যাক্ত গমন করেন।

স্বরলোকে বলের পরিচর বইটির সার্থক অন্নসরণ দেবপণের মর্জ্যে আপথল।
শরৎচক্র বলেছেন, অনেক সমর উপলক্ষ আসল বস্তুকে ছাড়িয়ে বার।
অক্ষকরণেও দেবপণের মর্জ্যে আপমন বইটি তার মূল 'স্থবলোকে বজের পরিচর'
বইটিকে কনপ্রিরভার ছাড়িয়ে পেছে। এর করেকটি কারণও রয়েছে। স্বরলোকে
বজের পরিচর গ্রন্থটির রচরিভা দাধ্ভাষাপ্রির, সংস্কৃতক্ষ-ক্রানী জোড়াসাঁকো
ঠাকুরবাড়ির সচ্চে ঘনিষ্ঠ।

হুসাঁচরণ রাষের ক্ষেত্রে এর চেয়েও বন্ধ গুণ ছিল তাঁর সরল ভাষা। তাঁর ভরতরে ভাষাটাই ক্ষাপ্রিয়ভার মূলধন।

'নেবপ্রবেশ্ব মর্য্য্যে আগমন' বইটির অভ্তত্পূর্ব ভনপ্রিয়ন্তায় আরুই হয়ে দেকালের ভনপ্রিয় উপস্থাসিক অধিকাচরণ গুপ্ত প্রকাশ করেন 'নেবসমিতি বা স্থবলোকে বলেনকথা'। এই বইটি একাধারে 'স্থবলোকে বল্পের' পরিচয় এবং 'নেবপ্রণের মর্য্যে আগমন' ছটিকে অফ্সরণ করেছে। প্রথম বইটিন্তে দেখা যায় বাংলালেশে জানী-গুণীর। পরলোক গমন করার পর স্বর্গে গিয়ে এদেশের সামাঞ্জিক প্রথমকাত্তিনী বর্ণনা করছেন—যা সামাঞ্জিক সাহিত্যিক ইতিহাস হিলেবে বিবেচ্য। 'দেবগণের মর্য্যে আগমন' গ্রন্থে দেখছি দেবতারা এদেশে এসেছেন, স্থ্রে স্থার দেশ ভ্রমণ করছেন। আগিকের স্বাড্ন্য্যা লক্ষ্যণীয়। 'স্বরলোকে বল্পের পরিচয়' গ্রন্থে তাই হুতোম-নির্ভর সামাঞ্জিক পরচর্চাসর্বন্ধ তীক্ষ রসিকতা বেশি। কিছ 'দেবগণের মর্য্যে আগমন' গ্রন্থে এই নকশা উত্তোর সাহিত্যের তীক্ষ উর্গ্রে পরচর্চা হ্রাস পেয়েছে এবং মিটি ভ্রমণ কাহিনীর তরতরে হাছা ভারাইকু বেড়েছে।

ছ:খনিশি অবদান নাটকটির অপর নাম শৈলবালা। এ ছাড়া 'চিনির বলদ' বইটি একটি নকশা, আর 'পাশকরা ছেলে' শীর্বক বইটি একটি প্রহসন।

২২৯৮ ব**লাজে** হরিকুমার চৌধুরী নতুন গ্রন্থ প্রকাশ করেন 'দহবাদ বিভাট' ও 'দেবগণের খিতীয় বার মর্জ্যে আগমন।'

১৩২০ বন্ধান্দে ঢাকা আউটসাহী থেকে কেদারেশর (বন্দ্যোপাধ্যায়)
শর্মণ প্রকাশ করেন 'দেবগণের অভিনব ভারত দর্শন'। এটিও 'দেবগণের মর্জ্যে
আগমন' গ্রন্থের গতামুগতিক এবং অক্ষম অমুকরণ মাত্র। এই বইটির যে কপি
পেয়েছি তাতে আখ্যাপত্র পাই নি। বদলে লেখকের ভূমিকাপত্র 'আশ্র নিবেদন'টি প্রকাশ করছি। এছাড়াও চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় রচনা করেছেন 'দেবগণের ভারত ভ্রমণ' (চৈতক্স লাইব্রেরীতে বইটি রয়েছে) '—সম্পাদক্ট্

তাঁদের আসা তাঁদের যাওয়া

কৈলোরে 'দেবভাদের মর্ক্তো আগমন' প্রভাচলাম। বৌবনেও পাঠ করেছি বারবার। পড়ভে পড়ভে বিষয় হয়েছি ভাষার প্রাণ্ডরে হাসতে হামতে প্রতিয়েও পড়েছি। কৌত্তন তথন বারবার ওই গ্রের দিকে হাত বাভাতে আমাকে উৎসাহ জগিয়েছে। অনেক অনেক না-দেখা আরু অভানা বিচিত্ত ভাষুদ্ধা এবং দে-দব ভাষুদ্ধার নানা বক্ষমের বিচিত্ত বাদিন্দাদের প্রাভাতিক জীবনাচরণ, আচার-ব্যবহার, বিশ্বাস, স্থপ-ডঃখ, ছোট-বভ আর্থ-লিছিব চীনমন্ততা, ভালবাদা, পরার্থপরতা মিলিছে মিশিছে নান। জনগোষ্ঠীর বিভিন্ন মানুষের আলাদা আলাদা মনস্কতা, রহস্তের সন্ধান-এমন কডো কিছকে পভীরভাবে জানার স্থযোগ পেয়েছি: সেই সজে পাওয়া গেছে দান-মাহান্তা পরিচয়, বিচিত্র সব পথের স্থান, ভৌগোলিক অবস্থান ও পরিচয় এবং ইতিহাস পর্যন্ত। এ-সবই মাত্র চার্ম্পন দেবতার অঞ্চিত শভিজ্ঞতা ও মর্শনের বিবরণ যাত। তথন যা বিশাস করতাম আরু বিজ্ঞান যুক্তি অভিজ্ঞতা এবং জ্ঞানের নিক্ষে বাটিছ বাচাট করতে পিয়ে কট गाहै। त्कन गाहे। कांत्रम अहे कारम बहे श्रष्टि गार्ठ करत मरन श्राहितमा, मन्द्रे तित (प्रवेणात्महरे चिक्कणानक---शद्द तत्विक (प्रवेणावा चानान) উপলক মাত্র, আলল চোধ আর অভিক্রতা এবং করনা মলত গ্রন্থ-কর্তার। ভবন লেবক পৌণ চিলো. এখন পভার আগে পাভা উণ্টে লেবকের নাম क्यां चर्छाम ! चर्च क्यांको वित्र छात्ना नाम छर चानाम क्या ।

কীবনের নানা পর্বের মধ্যে বিরাট বুরন্ধ আর ব্যবধান থাকা সন্তেও
কিছ 'দেবতাদের মর্প্তো আগমন' পাঠ করতে সব সমরেই সমান আগ্রহ
অহতব করেছি। কেন করেছি—এরকম প্রশ্ন বিদিক্তে করেন, তার উত্তরে
অবস্তই আমাকে বলতে হয়, এ বে একেবারে প্রপদী গোছের কিছু অবস্তই
তা নয়। প্রপদী রচনামাত্রই বে প্রথপাঠ্য, লোভনীর—এই যুক্তিও থোপে
ঠেকে না। আসলে ভালো লাগার ব্যাপারটা বোধ হয় পাঠকের একান্তই
নিজন্ম ব্যাপার। তার সন্তে বদি প্রথম প্রেমের স্বৃতি থাকে ভো লারাকীবন তাকে স্বশ্বতি বলে ভাগ্রত রাধার মধ্যে একটা দারণ আনক্ষ থাকে।

আৰু বুৰি 'দেবতাদের মর্জ্যে আগমন' গ্রন্থের সঙ্গে আমার সম্পর্ক প্রথম প্রাণয়ের। সে কারণেই কি হারানো স্থৃতিকে সঞ্জীবিত করার বা করে রাধার জন্তই এই পুণমূজিণের প্রথান। আমি বলবো, না, অন্ত হাজারটা কারণও থাকে—বার বিভারিত ব্যাখ্যা না দিলেও কিছু ক্তিবৃদ্ধি নেই আবার না বলাটাও অপরাধ এ-কথাও মনে হয়।

কী পাছে 'দেবতাদের মর্জ্যে আগমন' এছে ?

হিষালয়-য়র দেবজুমি থেকে বাজা করে চার দেবমুর্তির মধ্যে আগমন বাবং পরিঅমণ প্রাণল । এখানে মর্স্তা বলতে কেবলই ভারতের উল্লেখ রয়েছে—বে-ভারত তথন বিটিল শানিত পরাধীন দেশ। এ-দেশের তথকালীন নামাজিক, রাজনৈতিক, অর্থনীতিক অবস্থায় একটি অস্পাই আভারও এই প্রস্থ থেকে উদ্ধার করা সন্তব। পল্নবোনি বন্ধা সপার্বদ ভারত ক্রমণ করছেন—এ-প্রস্থে ভারই নানা রন্তিণ বর্ণনা। অনেকটা ভারেরির মন্তন করে বলা নানা অভিজ্ঞভার সভ্য মিখ্যা নাটকীয় ঘটনার মালা ভো বটেই। ভার সঙ্গে রয়েছে হয়তর মজা। শ্লের, বিজ্ঞাপ, স্থা, আবেগ, সংকার, নির্দর্শনা, বারের সমালোচনাও বাদ যায় নি। বান্তব আর অবান্তব নানা কান্তনারখানা রয়েছে পান্দাপালিই। দেখা বহু ক্লেজে পুনরার্তি লোবে হুই, আলকের চোধ্যে ও বিচাকে কিছু ছ্বল, কৌডুকে মোটা মোটা দাগ ব্যবহৃত সভ্যি, তবু কেন এ-গ্রন্থ এখনও একান্তিকবার পড়তে কট হয় না। কারণ, এ-গ্রন্থের চৌড জানা অংশ ফুড়ে যারেছে প্রধানী বান্তালীদের দৈনজিন জীবন-চর্বার নানা বিচিত্র দিক জার বহির্বন্ধের নানা কেন্তের বিচিত্র পরিবেশের মধ্যে প্রবানী বান্তালীদের নমাজবোদের বিশ্বরুকর সব নম্নাও ও ক্লায়বং।

কালি কলম মন এ তিনে বদি ছবি আঁকা সন্তব বলে বিখাদ করা বার, তবে কাতে দোব কোথার, এ প্রয়ে রয়েছে ছোট বজে। অক্স পর মূল্যবান ছবিও। দেবতারা পদক্রকে অমণ করছেন এটা কি ক্স কথা! এর ওপর আবার বরেছে বিটিশ কোম্পানীর রেলে চড়ে দেশভ্রমণ। বাত্তবাদীরা অবতই বলবেন, এ এক্টেবারে অবান্তব ব্যাপার। তা হ'লে প্রায় হতে পারে, মুলাই কোন বাত্তবদ্যত কাহিনীটা প্রেষ্ঠ সাহিত্যের মর্বাদা পেরেছে তনি? আমি অতদ্বে বেতে চাই না। আসলে এট বিখের সকল মাল্লবের ব্কের খাঁচার গভারে একটা পাথি নিরন্তব তানা ঝাণ্টার। তার দিকে চোখ রেখে কি বাত্তবতা আর অবাত্তবাকে নিভিডে

ওজন করা দত্তব ? ওই পাথিটাকে বৃক্তের খাঁচার দরজা খুলে দরিবে দিলে মাহুষের অবশিষ্ট বলে কিছু থাকে কি ? একদল বলবেন থাকে; অন্তদল বলবেন—না। আসলেও যদি ধরে নেওয়া বায় কিছু থাকেই, তবে, লে হুল শরীর ছাজা আব কী ? আব এই শরীরকে বলা যেতে পারে নীবদ ভক্তবর। বজ্জানী বাবতীয় বাজববাদী পাঠকের কাছ আমার দরিনয় প্রশ্ন: এ-গ্রন্থের অবাজব অংশ বাদ দিতে গেলে ওধু স্থপাঠাগুণটুকুই মুছে বাবে না, চোর বাছতে গ্রন্থ উলার হ্বারও সভাবনা থাকে ? তাই বা বাল কা করে। আছ বিজ্ঞান প্রশ্ন বলতে কল্পর করছে না: অপ্রজীবন তুলা কর্মনা আর জাগ্রভ জীবন—এ-ছুইই জীবন নামক টাকার এপিঠ ওপিঠ। একে ভারচুর করলেও থেকে বাবে ক্রেবল রূপো।

শাহার বল। যায়, দেবভাদের মর্গ্রো শাগমন সভ্যিকারের এক পূর্ণাক ইভিহাস এবং ভৌগোলিক রচনা। একে বলা বেভে পারে সারতীয় লমণ লাহিত্যের উল্লেখযোগ্য ভ্রমণ-নির্দেশিকা—যাকে বলা হলে থাকে টিবিফ্ট-পাইড'। খনেক ধনেছেন, এ-গ্রন্থই নাকি ভারতীয় ভাষার প্রথম লমণ निर्दिणका। ६३ विखर्कत मर्सा निरम्हक क्षणांत्र हाहे ना। अथम ना উলেখবোগ্য বাই বলা হোক, ভারত ভ্রমণকারীদের কাছে এর মলা অনেক এবং খনেক। কারণ সময় এপোচ্ছে, সভাতার ঘটতে খঞাগতি। বন কেটে বসতে নগর। পাছাভ উভিয়ে বদানো হচ্ছে অনপছ। প্রাকৃতিক মুর্বোপে অনেক অভীতের অভিত পুর্বে পাওয়াই কটিন। তার ওপর খুব **क्क भागार्ड गायक भूषियोद (ह्या**दा)। बद्धमानद छात्र थाना श्वमादिङ करत মুখব্যাদান করে এগিয়ে আদছে অভীতের ঐতিহ্ন, সংস্কার, দাহিতা, স্থাপত্য, **मिन्नक्ता नव शान कतरछ: जाक (बरक >•२ वदनव जा**रत्र विक अ-काहिनी এখন একাশিত হয়ে থাকে তবে শশুভ এর রচনাকাল তার কিছু শাগে তো নিচৰুই ৷ বদি কল্লফ্ৰম পত্ৰিকায় এই বচনা ধাৰাবাহিক ভাবে প্ৰকাশিতই হয়ে থাকে, ভবে এমনও হতে পারে লেখক কিম্মিডে কিম্মিডে লেখার কাজ শেব করেছিলেন। তার মানে ধরা যাক, ১০২ বৎসর আপেকার ভারতবর্ষের স্থান মাহাম্ম্য ও তৎকালীন মাহুধ ও পমালের শীবনাচরণের ক্থাই বলা হয়েছিলো। লেখক তখন বে বে হান-পরিচর দিয়েছেন, আঞ তার স্বকিছুর হ্বহ অভিছ আবিদার করাও কঠিন। ক্রি গ্রছটি পাঠ করা থাকলে, বা হাতের কাছে থাকলে বদা দছৰ হবে একলা এইখানে ছিলো...। আবার অতীতের অনেক অন্তিত্ব বা নিদর্শন এখনও আছে। এ তৃট অতীতের পট থেকে ছিলেব করে আমরা বলতে পারি, কতদ্র এবং কতথানি অগ্রপতি ঘটেছে আমাদের। সমাভ, জীবন, দেশ গঠন, শিল্পকলা দকল কেতেট;

আজ থেকে শভাধিক বংগর আগে দেশলমণের নেশা আজকের মতনই প্রবল ছিলো কিনা তা অস্থমান করা কঠিন নয় । তথন এত পথঘাট ছিলো না, ছিলো না এত রকমের যানবাহনও! এই স্ত্রু ধরে অবশু বলা বেতে পারে ওইকালে দেশলমণের নেশা আজকের মতন এত বাাপক ছিলো না। কিন্তু এ যুক্তিও ধোপে টিকিয়ে রাখা কঠিন । মান্তুয় আগে তার নিশিক্ত বাগখানের সন্ধানে দলে দলে ঘুরে বেড়াতো : ক্রুমে বেশকিছু স্বায়ী জনপদ গড়ে ভামার পর দেখা গেলো, অজানাকে জানবার কৌড্চল, স্থাবুকে নিকটম্ব করার উদ্যোগ, ভূগমকে জন্ম করোর নেশা এবং দেবতাত্মার সন্ধানে ভক্ত দের অস্তুসন্ধান-অভিযানে মান্তুয় অসমা প্রদেশে পাড়ি জমাতেও ভন্ন পেতো না। এ-ভাড়াও জীবিকার প্রয়োজনে বিদেশ বা দেশান্তং গমন, অদেশের বিভিন্ন ক্রেড়াও পর্যক্ত এতো বাঙালী উপনিবেশ গড়ে উঠলো কেমন করে ? এই স্ত্রু ববেই বলা বেড়ে অন্তান্ত রাল্যের অধিবাদীদের কথাও।

ছাজনীবন আমাদের পানিয়েছিলো, সেই বৌদ্ধযুগে এবং তৎপরবর্তীকালে অনেক ভারতীয় প্রমন থিমালয় অতিক্রম করে ছড়িয়ে পড়েছিলেন তিবাড়ে, চীনে, মধ্য-এশিয়ার নানা প্রান্তরে, কন্দরে: সাগর পাড়ি দিয়ে আমরা প্রাপ্তায় বুগেই পিয়েছিলাম সিংহলে, সমাত্রায়, ববদীপে এবং আরও দ্র পঠ বাখলে। এঁদের লক্ষা কি ছিলো কেবলই ছুর্গমকে জয় করা? বোধ হয় না। বহিবাণিজ্যের প্রয়োজনে আমাদের বাতায়াত ছিলো বিশ্বের প্রায় দর্বত্ত। প্রাথার্থ ভারতের এঁয়াই পণি। প্রীটের জন্মের দল হাজার বছর আগেও বে পাবা। ছিলেন তা আরু বিজ্ঞান প্রমাণ করেছে। তাছাড়া ভারতের ধর্ম, শিক্ষা, সংস্কৃতি ও সভ্যতার আলো প্রচারের প্রতিজ্ঞা নিয়েও অনেক অভিযান ভূর্লভ্যা পন অতিক্রম করেছিলো। উল্লেখ বাই থাক না কেন, ইতিহাসই বলে বে, শেকাল বা একাল বা সর্বকালেই মাহার আবিছারের নেশায় উন্সাদের মতন ছুটেছে, ছুটছে। এঁদেরই কি বলা হবে ছুর্গমের যাত্রী আর্থাৎ এক্সপ্রারার ? ভারুলে গ্রে ও-প্রস্থের চার দের-নায়ক্তকেও ওই বিশেষণে ভূষিত করতে হয়!

কারণ দেবতা চতুষ্টয় তো তাঁদের কাছে তুর্গম বলে বিবেচিত নিম্নভূমি তথা সমতলভূমি দর্শনের নেশায়ই ঘুরে বেড়িয়েছেন সনাতন ভারতের পথের ধুলায় পায়ের চিক্ত আঁকতে আঁকতে।

সেই কৈশোরে আমার হাতে এসেছিলো আরও একটি উল্লেখযোগ্য গ্রন্থ শ্রীযোগেন্দ্রনাথ গুপ্ত প্রণীত 'হিমালয় অভিযান।' যতদূর মনে পড়ে এ গ্রন্থের স্থচীতে ছিলো: দীপঙ্কর অতীশের তিব্বত যাত্রা, কুমারজীবের চীন ভ্রমণ, পণ্ডিত কিম্বণ সিংহের তিব্বত ও মঙ্গোলিয়া অভিযান, কিনথাপ-এর ব্রহ্মপুত্রের উৎস সন্ধানে যাত্রা, ইত্যাদি ইত্যাদি। তথন আমার মনে হয়েছিলো, মান্থবের জ্যোর নেশা শকল কটকেই হার মানায়। তাই সমতলেন গান্ত্রম ছোটে স্বন্ধু উর্ধ্বে আর উর্ধের মান্তব সমতলে। এই স্ক্রে ধরেই যদি স্পার্বদ ব্রহ্মা মর্ত্রে, আগমন কণেই থাকেন তবে তাতে অবাক হবার মতন কারণ থাকে কি প

> প্রবোধবন্ধ অধিকারী জীবানন্দ চটোপাধ্যায়

কয়েক বংসর গড হইল, পৌষ মাসে একদিন শচীপতি ইন্দ্র নিজ বৈঠকথানার বঞ্চপহ উপবিষ্ট ছিলেন। শীতকালে পৃথিবীতে জলের ভাদশ প্রয়োজন নাই বলিয়াই হউক কিংবা অপর কোন কারণে, তখন জলাধিপতি কিছদিনের ছটি লইয়া বাটি আসিয়াছিলেন। বছদিনের পর প্রবাস হইতে বাটি আসিয়া বেকার অবস্থায় বদিয়া থাকাও বড় কষ্টকর, এক্ষন্ত তিনি প্রতাহ দেবরাজের নিকট আদিয়া দাবা থেলিতেন। অভ্য থেলা বন্ধ করিয়া পরম্পরে অনেক প্রকার গল্প হইতেছিল এবং ঘন ঘন পান-ভামাক চলিভেচিল। কথায় কথায় ইন্দ্র কহিলেন, "বরুণ। সভা, ত্রেতা, দাপর যুগ গত হইয়াছে, একণে কলিও যায় যায়; পুর্বাকালের রাজারা অব্যামধ প্রভৃতি যজ্ঞ উপলক্ষে আমাদিগকে আহ্বান করিতেন, তজ্জ্যু সময়ে সময়ে আমাদের মর্ত্তাভূমি-দর্শন ঘটিত; কিন্তু সম্প্রতি দে-সমস্ত যাগয়জ নাই, আমাদেরও যাওয়াটা একপ্রকার রহিত হইয়াছে। এখন লোকে সামান্ত সামান্ত কর্ম উপলক্ষে 'ওঁ প্রজাপতে', 'ওঁ ইন্দ্রাদি-দশদিকপালেভ্যাং' বলিয়া স্মরণ করে বটে, কিন্তু যাইয়া পাছে সম্বোষকর আহারাদি না পাই, তাই ভাবিয়া যাইতে নিরস্ত হইয়াছি। তমি সর্বাঞ্চণ পৃথিবীতে থাক। কারণ, তোমাকে তথায় সর্বাদেশে, সর্বাহ্যানে সর্বাহ্যনকে যথাসময়ে জল যোগাইতে হয়। অতএব বল দেখি, এক্ষণে মর্ত্তোর রাজা কে ?" বঞ্চণ কহিলেন, "ইংলণ্ডনামক-দ্বীপবাদী ইংরাজ নামে এক জ্বাতি আছে; সম্প্রতি তাহারা ভারতে আদিয়া একাধিপত্য বিস্তার করিয়াছে। এ-প্রকার বৃদ্ধিমান ও প্রতাপশালী রাজা আমি কথন কোন যুগে চক্ষে দেখি নাই। পুথিবীর মধ্যে এমন श्वान नारे, राथारन रेरापित त्राष्ट्रा नारे। अर्था रेश्ताकाधिक्व स्नान नारे वर्छ, कि মন্বরেই বোধ করি, স্বর্গরাজ্যও ইংরাজরাজের করতলগত হইবে।"

ইন্দ্র হাস্থ করিয়া কহিলেন, "বরুণ! ভূমি নিতান্ত বালকের স্থায় কথা কহিতেছ। স্বর্গে ইংরাজের আসিবার পথ কই ?"

বরুণ। পথ না জানাতেই এতদিন ইংরাজেরা এখানে আসিতে পারে নাই, কিন্তু তাহারা যে-প্রকার ফিকিরবাজ ও নাছোড়বান্দা দেখিতেছি, তাহাতে বেশু বোধ হইতেছে যে, শীঘ্র,পথটা না জানিয়া তাহারা আর ছাড়িবে না। তাহারা

দেবগণের মর্ভ্যে আগমন

ষর্গীয় পথের আবিকার জন্ম 'ব্যোমঘান'-নামক শৃষ্টে উঠিবার একপ্রকার রথ তো বছদিন পূর্বেই প্রস্তুত করিয়াছে, আবার ইদানীং একপ্রকার 'ব্যোম জাহাজ' তৈয়ারি করিবার চেষ্টায় আছে *। তাহাতে মনের ভাব, কোন রকমে একবার পথটি চিন্তে পারদেই একদিন সদলে আসিয়া স্বর্গ অধিকার করিবে।

ইন্দ্র। ভাল, মনে কর, ইংরাজেরা স্বর্গীয় পথ আবিষ্কৃত করিল এবং স্বর্গেও সদলে আসিয়া উপস্থিত হইল, কিন্তু কি প্রকারে আমার বজ্রের হাত এড়াইবে ? তুমি কি ইহার প্রভাব জান না ?

বরুণ। সব জানি, কিন্তু ইংরাজেরা তেমন পাত্র নয়; তোমার বজ্রে ভীত হইবার লোক নহে। তাহারা তোমার বজ্বকে ঢোঁড়া করিবার এক ফিকির বাহির করিয়াছে। অর্থাৎ বজ্রে অনেক বৃহৎ বৃহৎ অট্রালিকা, মন্দির, মসন্দিদ নষ্ট করে দেখিয়া তাহারা একপ্রকার লোহশিক প্রস্তুত করিয়াছে। ঐ শিক দোতালা-তেতালা কোঠার গাত্রে লাগাইয়া দিলে বজ্ঞের বিদ্যা আর খাটিবে না। অতএব যদি ঐ শিক ব্যোম্যানে লাগাইয়া উঠে, তোমার বজ্রে কি করিবে ? তুমি ইংরাজ্জাতির কল-কৌশল দেখিলে না. শুনিলে না বলিয়াই গর্ব্ব কর এবং মনে ভাব ভোমার অমরা-वजीत अल्ला सम्बद्ध हान आत नाहे; किन्ह यनि এकवात है शाक-त्राक्षधानी কলিকাতা দেখ, অমরাবতীতে আর আসিতেও চাহিবে না। এথানে তুমি সামান্ত স্বন্দরী শচীকে পাইয়া ভুলিয়া আছ; কিন্তু কলিকাতায় যাইয়া যদি আরমানি বিবি দেথ, হয়তো আর শচীর প্রতি ফিরেও তাকাইবে না। এখানে তমি সামান্ত বন নন্দনকাননে যাইয়া অনেক রাজি পর্যান্ত বসিয়া থাক, কিন্তু কলিকাতায় যাইয়া যদি একদিন ইডেন গার্ডেনে প্রবেশ কর, তাহলে হয়তো আর ফিরে আসতে চাইবে না। তুমি স্বর্গীয় ধেনো মদকে স্থা বল, কিন্তু ইংরাজ-রাজ্যে যাইয়া যন্তপি দেরি, স্তাম্পেন, ব্রাণ্ডি পান কর, হয়তো আর এ হুধা মুখেও করবে না। ইংরাব্দেরা তৈল-শলিতা-বিহীন লর্গনে আলো জালে। লোহ-তারে থবর আনে। करल करलद उदी ठालाय। क्ट्रेनाट्न-नामक खेशरथ मधः कद आदाम करत। ইংরাজক্বত কুইনাইনের শিশি দম্বল করিয়া কত শত গণ্ডমূর্থ ধরন্তরি হইয়া পথে পথে ডিসপেন্সরি থুলে বিরাজ করিতেছে। এক পাইপের শৃষ্টি করে আমার মাথাটা একেবারে থেয়েছে।

^{· *} এ किहा अक्टन मक्न इरेग्नार्छ।

हेका। भारेभ कि ?

বরুণ। জলের কল। এই কল মাটির মধ্য দিয়া টানিয়া আনিয়া প্রজার বাড়ি জল দিতেছে। লোকে ধেথানে-যেথানে স্বেচ্ছামত নল বদাইয়া জল লইতেছে। বিহাৎ ধরিয়া ভদ্যারা তারে থবরাথবর পাঠাইতেছে, রাস্তায় আলো দিতেছে। উহার নাম বৈহ্যতিক সংবাদ ও বৈহ্যতিক আলো। যেরূপ দেখিতেছি, ক্রমে প্রনভায়ারও চাকরি থাকে কিনা থাকে।

ইন্দ্র। বরুণ! তোমার মুথে ইংরাজ জাতির ও কলিকাতার যেরূপ স্থ্যাতি শুনিলাম, তাহাতে আমার কলিকাতা দেখিতে বড় ইচ্ছা হইতেছে।

বরুণ। বেশ তো চল না, তোমাকে ইংরাজরুত বাষ্ণীয় শকটে আরোহণ করাইয়া কলিকাভায় লইয়া যাই। যাইতে কোন কট হইবে না। আমরা রাস্তার ধারে ধারে তাল তাল টেশনে নামিয়া ছ-একদিন করিয়া বিশ্রাম করিব, তাহা হইলে দিল্লী, আগরা, মথ্যা, রুন্দাবন, ম্ন্দের, ভাগলপুর, বারাণসী প্রভৃতি প্রাচীন সহর সকলও দেখা হইবে এবং অসময়ে আহারাদি করার জন্মও কোন কট হইবে না।

ইন্দ্র। আমারও একান্ত ইচ্ছা-পূর্ব্বরাজ্যগুলি বর্ত্তমানে কিরূপ অবস্থা ধারণ করিতেছে দেখি। ভাল, বাষ্পীয় শকট কি ?

্বরুণ। ইংরাদ্ধকৃত একপ্রকার রথ। ইহা চালাইবার দ্বস্থ ঘোড়া ও হাতীর দ্বকার করে না। বান্দে চলে বলিয়া ইহার নাম বান্দীয় শকট হইয়াছে। কলে বান্দোর ঘারা চলে বলিয়া অনেকে ইহাকে কলের গাড়িও বলে। ইহার যাতায়াতের রাস্তা লোহের রেল। এদ্বস্থ ইহা রেলওয়ে ট্রেণ বলিয়াও অভিহিত হয়। ট্রেণ অর্থাৎ বন্ধ সংখ্যক প্রথম দ্বিতীয় তৃতীয় শ্রেণীর গাড়ি একত্র লইয়া যাওয়া হয়। লোকে যে যেমন পয়সা বায় করে, সে সেইমত গাড়িতে ঘাইতে পারে। বোঝাই যত দেওয়া যায়, স্বচ্ছলে লইয়া যায়।

ইন্দ্র। আহা! এমন আশ্রুণ্য রথও ইংরাজেরা নির্মাণ করিয়াছে! চল একদিন মর্ত্যে যাইয়া চক্ষের দার্থকতা সম্পাদন করি ও মনের দাধ মিটাইয়া লই। আপাততঃ চল ব্রন্ধলোকে যাইয়া পিতামহকে দকে লইয়া ঘাইবার চেষ্টা পাই। আমাদের দেখিবার অনেক দমন্ত্র আছে। পিতামহের যেরূপ অবস্থা—আজ কালের মধ্যে যদি চুক করিয়া মারা যান, এত ক্থের কলিকাতা আর দেখিতে পাইবেন

দেবগণের মর্ত্ত্যে আগমন

না। বড় আপদোদ থাকবে। আমরা পিতামহকে এদব কথা ভেঙ্গে বলিব না, কেবল কৌশলে লইয়া ঘাইবার চেষ্টা পাইব। তাহা হইলে তিনি মর্জ্যে ঘাইয়া হঠাৎ নিজ স্থাইর মধ্যে আশ্চর্ষ্য স্থাষ্ট দেখিয়া চমৎকৃত হইবেন।

এই কথা বলিয়া দেবরাজ মাতলিকে রথ সাজাইতে আজ্ঞা দিলেন এবং বঙ্গণসহ অন্দরে প্রবেশপূর্বক কিঞ্চিৎ জলযোগ করিয়া রথারোহণে ত্রন্ধলোকের অভিমুখে যাত্রা করিলেন।

ব্ৰহ্মলোক

ব্রহ্মার মানদদরোবরে অত্যন্ত পানা হইয়াছে, বিশেষতঃ কয়েক বর্ব ভাল বর্বা।
না হওয়াতে জলকটে তাবৎ মৎস্থ মরিয়া যাইতেছিল। পদ্ময়োনি বাঁধাঘাটে বিদয়া
ছদ ছদ ছদ শব্দে কাক ভাড়াইতেছিলেন এবং যে মাছটি মরিয়া ভাসিয়া
উঠিতেছিল, তৎক্ষণাৎ তুলিয়া একস্থানে একত্র করিয়া রাথিতেছিলেন। তথাপি
চিল, মাছরাঙ্গা ও শিকারী পাথিতে ছোঁ মারিয়া ছ্-একটা লইতে ছাড়ছিল না।
অপরাত্রে পিতামহ আর কয়েকটি বৃদ্ধমভিব্যাহারে তাহার মানদদরোবরের
উত্থানে ভ্রমণ করিতেছিলেন। ইহার পরিধানে রেলি ব্রাদারের ধোয়া থান, *
বক্ষংস্থলে স্বেত লোমের উপর খেত যজ্ঞোপবীত, পায়ে শিং-ভোলা ছুতা—হাতে
ভালের ছড়ি। এমন সময়ে ইক্র ও বরুণ আদিয়া দাটাঙ্গে প্রণিপাত করিয়া
কহিলেন, "পিতামহ। প্রণাম করি।"

বন্ধা। কে হে তোমরা?

हेक । बाष्क, हिरछ भातरहम म। ? वक्न बात हेक ।

ব্রহ্ম। আরে এস এস! আর ভাই, চোথে ভাল দেখতে পাইনে, এখন ভোমাদের রেখে যেতে পাল্লেই বাঁচি। তবে অসময়ে আসিবার কারণ কি—অর্গে তো দৈত্যেরা কোন উপত্রব আরম্ভ করে নাই ?

ইন্দ্র। করে নাই বটে, কিন্তু করবার উপক্রম।

ত্রদা। কারা উপদ্রব করবে গু

ইন্দ্র। ইংরাজ জাতি।

[&]quot;দেবগণের জুতা, কাপড় প্রভৃতি যাহা খাহা আবশুক হইত, বরুণ তাহা কলিকাতা হইতে। আনিয়া দিতেন।

এই কথা শুনিরা ব্রহ্মার মুখ মলিন হইরা গেল। পূর্ব্ব পূর্বকার দৈতাদিগের উপস্তব তাঁহার শ্বরণ হওয়াতে ধরধর করিয়া কাঁপিতে লাগিলেন এবং "চল দেখি—বেদে কি লেখা আছে" বলিয়া ইক্র ও বক্রণসহ ভবনাভিম্থে চলিলেন। তথায় উপস্থিত হইয়া চালের বাতা হইতে পুরাতন বল্লে বাঁধা কতকগুলি বেদ বাহির করিয়া চশমা চক্ষে দিয়া দেখিতে দেখিতে কহিলেন, "না, ইহাদের হইতে দেবগণের কোন ভয় নাই। এই ইংরাল জাতির রাজ্যসময়ে মনসা, জগরাথ প্রভৃতি গ্রাম্য দেবগণ শ্বর্গে চলিয়া আদিবেন।" বলিয়া হাস্থ করিলেন।

ইন্দ্র। দাদা মহাশয়। আপনার তাতে এত সম্ভোব যে?

বন্ধা। ভাই, এই রাজ্যদময়ে পতিতপাবনী দ্রবমন্ধী স্বরধুনীকে আমি পুনরায় কমগুলুতে প্রাপ্ত হইব। আহা! মাকে যখন ভগীরথ মর্চ্যে লইয়া যায়, বাছা কত কেঁচেছিলেন, "বাবা! মনে রেখো, পত্ত লিখিলে উত্তর দিও।" এইরূপ কত কথাই বলেছিলেন। এইবার এত দিনের পর মা আমার গৃহে আসিবেন—এত দিনের পর আমার দর্বজ্ঞে দূর হইবে; আর তিনি কয়েক বৎসরমাত্ত নরলোকে আছেন। *

বরুণ। মার তৃ:থের পরিদীমা নাই। তাঁকে কলিকাতার মালবহনের কান্ধ করতে হচ্চে। পূর্ব্বে ঐরাবত যে প্রবাহ ধারণ করতে পারে নাই, সেই প্রবাহ ইংরাজের নিকট পরাস্ত হইয়াছে। ইংরাজেরা তাঁকে যথা ইচ্ছা খনন করিয়া লইয়া যাইতেছে। আবার হাবড়া ও ছগগীর নিকট বাঁধিয়াছে।

ব্রহ্মা কাঁদিয়া কহিলেন, "য়া, বেঁখেছে! ভূমি নিকটে ঘাইলে কিছু বলেন ?"

বরুণ। কলকল শব্দে কাঁদিতে কাঁদিতে বলেন, "বরুণ! আমার বোধ হয় কপাল পুড়েছে—বাবা বৃঝি বেঁচে নাই; নচেৎ আমার এ ছংথের দশা দেখে কথনই নিশ্চিম্ভ থাকতেন না।"

ইন্দ্র। আপনার একবার যাওয়া উচিত।

ব্রহ্মা। কি করে ভাই যাই, জান তো আমার ঘুমেতেই মাণা থেয়েছে। *

বরুণ। আপনি একদিন চলুন, নচেৎ লোকে ব্যঙ্গ করে প্রায়ই বলে থাকে
— "বুড়ো, মেয়েটাকে জলে দিয়ে কেমন করে নিশ্চিন্ত আছে !"

নৃতন পঞ্জিকাতেও এইরূপ বলে বটে।

দেবগণের মর্ভ্যে আগমন

ব্রদা। ক্ষমতা থাকলে কি যাইতে অসাধ ? ঘ্মকে যদিও পারি—প্রাচীন শরীরে একপাও চলিবার শক্তি নাই।

বরুণ। চলুন,—আপনাকে হাঁটতে হবে না, কলের গাড়িতে নিয়ে যাব। প্রাচীন শরীরে পিত্তি পড়ে পাছে অস্থ হয়, এজ্ঞ ভাল ভাল ষ্টেশনে বিশ্রাম করব।

ব্রনা। কলের গাড়ি কি ?

বরুণ। ইংরাজক্বত একপ্রকার রথ। ঐ রথ কলে চলে বলিয়া 'কলের গাড়ি' নাম হইয়াছে।

ব্রহ্মা। মাকে আমার বেঁধেছে শুনে মন যেরপ চঞ্চল হয়ে উঠলো, তাতে একবার মর্গ্তো যাওয়া নিতান্ত আবশ্যক হচে। তোমরা বৈকুঠে যাইয়া নারায়ণকে আমার নাম করিয়া আন। দৈত্যেরা তাঁহার পরিবারবর্গের উপর যে নানাপ্রকার অত্যাচার করিতেছে, তিনি কি তাহার থবরটাও রাখেন না ?

এই কথার পর দেবগণ পুনরায় রথারোহণে বৈকুঠের অভিমূথে চলিলেন।

বৈকুণ্ঠ

আহারান্তে লক্ষ্মী নিজ কক্ষে পালঙ্কে বদিয়া আলুলায়িতকেশে কার্পেট বুনিতেছিলেন। তাঁহার পরিধানে রেলপেড়ে শাড়ি, হস্তে হাঙ্গরমূথো ভায়মন্কাটা বলয়, কর্ণে হুটি স্থন্দর এয়ারিং, গাজের বর্ণ বস্ত্রমধ্য দিয়া ফুটিয়া বাহির হুইতেছিল। বিঘেষ্ঠ স্বাভাবিক লাল, তাহাতে আবার তাম্ব্ল চর্ব্রণ করাতে আরো টুকটুক করিতেছিল। নারায়্রণ নিকটে বিসয়া তাকিয়া ঠেস দিয়া আলবোলার নল মূথে 'থবরের কাগজ্ব' দেখিতেছিলেন এবং মধ্যে মধ্যে নারায়ণীর বদন প্রতি চাহিয়া কি ভাবিতেছিলেন।

এই সময়ে ভূতা আসিয়া কহিল, "দেবরাজ ও বরুণ ঠাকুর আপনার নিকটে আসিয়াছেন।"

নারায়ণ এ সংবাদে কিছু বিষণ্ণ হইলেন এবং ভৃত্যকে বিদায় দিয়া নারায়ণীকে কহিলেন "প্রিয়ে! বোধহয়, স্বর্গে পুনরায় অস্তরেরা উপত্রব আরম্ভ করিয়াছে।

তুমি কিঞ্চিৎ অপেকা কর, আমি তত্তামূদদ্ধান করিরা আসি" বলিরা ক্রতপদে প্রস্থান করিলেন এবং ১৫ মিনিটের মধ্যে প্রত্যাগমন করিরা কহিলেন, "প্রিয়ে! আমাকে বিদায় দেও, মর্স্কো ঘাইতে হইবে।"

এই কথা শুনিয়া নারায়ণী কহিলেন, "কেন—এখন মর্গ্রে কেন? তোমার তো কন্ধিরূপে জন্মগ্রহণ করিবার বিলম্ব আছে।"

নারায়ণ। একবার কলিকাতা দেখিতে ও কলের গাড়ীতে চড়িতে বড় সাধ হুইয়াছে:— বেডাইতে যাব।

"পাচ জনেই তোমাকে থারাপ কল্লে" বলিয়া নারায়ণী হস্তন্থিত কার্পে ট দ্রে নিক্ষেপ করিলেন এবং চক্ষ্ রক্তবর্গ করিয়া বলিতে লাগিলেন—"ছি কালাম্থ! মর্জ্যে যাইতে, মর্জ্যের নাম করিতে তোমার কি ভন্ন হয় না—তোমার কি লক্ষা হয় না তাব দেখি, সত্য, ত্রেভা, খাপর ষ্গে সেথানে গিয়ে কত ঢলাঢলি করেছ এবং আমাকেও কত কট দিয়েছ! সেসব কি একেবারে ভ্লে গেলে। তাই মর্জ্যের নাম মুথে আনচ।"

নারায়ণ। কেবল তিন দিন—আমি প্রতিজ্ঞা করে যাচ্চি, তিন দিনের মধ্যে ফিরে আদবো। কলিকাতা দেখা আর কলের গাড়িতে উঠা আমার নিতাস্ত দাধ, তাই কেবল যাচিচ।

নারায়ণী। ভাল—সাধ হয়েছে, আর কিছু কাল ধৈর্য্য ধরে থাক, তার পর কম্কিরণে জন্মিয়া কত কলের গাড়িতে উঠবে, কত কলিকাতা দেখবে।

নারায়ণ। দে পরের কথা, এক্ষণে কেবল তিন দিনের জন্ম বিদায় দেও; আমি নিশ্চয় বলচি, এই মেয়াদের মধ্যে হাজির হব।

নারায়ণী। নাথ! আর কেন জালাও? সেখানে গেলে তুমি যদি তিন দিন ছেছে তিন শত বংসরের মধ্যে ফিরে এস—এক কলম আমি লিখে দিতে পারি। সেখানে গিয়ে যদি আরমানি বিবি পাও, আর কি আমায় মনে ধরবে? না, স্বর্গের প্রতি ফিরে চাইবে? হয়তো তাদের সঙ্গে মিশে মদ, ম্রগী, বিসক্ট, পাঁউকটি থেয়ে ইহুকাল, পরকাল ও জাত খোয়াবে! শেষে জেতে উঠা ভার হবে, আর দেখতে যে বিষয়টুকু আছে তাও কোয়া যাবে। এমনও হতে পারে—রাদ্ধসমাজে নাম লিখিয়ে বিধবা বিয়ে করে বসবে। কিংবা থিয়েটারের দলে মিশে ইয়ারের চরম হয়ে রাতদিন কেবল ফুলুট বাজাবে ও লন্মীছাড়া হবে।

দেবগণের মর্ত্ত্যে আগমন

শুনছি, কোলকাতার শীল, নোড়া না কারা ৭৫ হাজার টাকায় কোন থিয়েটার কিনে তুই তিন লক্ষ টাকা উড়াইবার যোগাড় করেছে, আমিও শীঘ্র তাহাদের বাড়ি পরিত্যাগের ইচ্ছা করেছি। সে যা হউক, নাথ! আমি তোমাকে প্রাণ থাকিতে বিদায় দেব না।

বলিয়া নারায়ণী চক্ষে অঞ্চল দিয়া, ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদিতে লাগিলেন।

নারায়ণ বিবেচনা করিলেন, যদি নারায়ণীর প্রেমে মৃগ্ধ হইয়া তাঁহার মনোমত কান্ধ করেন, তাহা হইলে একপাল মহিণী * লইয়া কোনক্রমেই সংসার নির্কাহ করিতে সক্ষম হইবেন না; অতএব নারায়ণীকে আর কোন কথা না বলিয়া নিজ বস্তাদি ও পাথেয় লইয়া বহির্কাটিতে গমন করিলেন।

ৰারায়ণী নারায়ণের এই প্রকার নিষ্ঠ্র কার্য্য দেখিয়া অবাক হইলেন এবং কাঁদিতে কাঁদিতে বলিলেন, "শেষা পোঁষে বাড়ি হতে যাচ্চো—খুব দাবধানে থেকো, নৃতন দহরে চর্বিমিশান ঘিয়েভাজা ময়রার দোকানের জিনিদগুলো বেশী খেও না, পেটের অস্থ হবে। আদিবার দময় যদি মনে থাকে, বেশী করে পুঁতি আর পাঁচরঙের উল কিনে আনিও; ভোমার জন্ম জুভো বনবো।"

নারায়ণ ইব্র ও বঙ্গণের নিকটে উপস্থিত হইয়া কহিলেন "চল, তোলা দাদাকেও সঙ্গে লইতে হবে, তা না হলে আমোদ হবে না।" এ প্রস্তাবে বরুণ প্রস্তুতি সম্মত হইলেন এবং তিনন্ধনে কৈলাসে চলিলেন।

কৈলাস

জত্ম পৌষ মানের সংক্রান্তি, পার্বতী পিঠেপুলি প্রস্তুত করিতেছেন; আর দেবাদিদের মহাদেব নিকটে বসিয়া কার্ত্তিককে গালি দিতেছেন।

পার্বতী কহিলেন, "ওকে বকোঝকো না; আইব্ড ছেলে ঘরে আছে এই যথেষ্ট; আবার রাগ করে যদি একদিকে চলে যায়, তোমাকেই ভূগতে হবে।"

কথিত আছে, নারায়ণের ষাটহাজার মহিবী ছিল।

এই সময় নন্দী আসিয়া কহিল "ছোটকর্ডা এবং আর ছটি ঠাকুর আপনার নিকট আসিয়াছেন।"

এই কথা শুনিয়া সদাশিব অত্যন্ত ভীত হইলেন এবং ভগবতীকে সংখাখন করিয়া কহিলেন, "প্রিয়ে! বোধহয় খর্মে পুনরায় দৈত্যের। উপদ্রব আরম্ভ করিয়াছে; নচেৎ অসময়ে ইহাদের আদিবার কারণ,কি? যাহা হউক, তুমি কিঞ্চিৎ অপেক্ষা কর, আমি সবিশেষ জানিয়া আদি।" বলিয়া নন্দীদহ প্রস্থান করিলেন। তিনি বহির্বাটিতে উপদ্যিত হইবামাত্র দেবগণ একে একে প্রণাম ও সাদর সম্ভাবণ করিলেন।

শিব। স্বর্গের কুশল তো ?

নারা। আছে হা।

শিব। তবে অসময়ে আসিবার কারণ কি ?

নারা। আমরা কলিকাতা দর্শন করিতে যাব, সেইজন্তে বড়দাদা আপনাকৈ ভাকিতে পাঠাইয়াছেন।

শিব। ভাই, এ অপেক্ষা আর স্থখের বিষয় কি আছে; তবে বাডি ফেলে আমার একদণ্ড কোন স্থানে যাবার যো নাই। আমি গেলে বিষয়কর্ম দেখে, এমন লোক একটিও নাই।

নারা। কেন, কার্ত্তিক ও গণেশ বাবাজীরা আছেন, উহারা দেখিবেন। উপযুক্ত হইয়াছেন, এখন হতে বিষয়কর্ম না দেখিলে চলিবে কেন ?

শিব। মহাভারত ! ও-বেটারা মান্থব হলে ভাবনা কি ? ছুটো ছেলের একটাও মান্থবের মত হলো না। কার্তিকেটা তো ঘোর ইয়ার হয়ে উঠেছে, রাতদিন কেবল আয়না ক্রম নিয়েই আছে; আর ল্যাবেণ্ডার ওভিকলন, প্রভৃতি কি ছাই ভন্মগুলো মাথায় লেপছে। বেটা কালাপেড়ে সিমলার ধৃতি না হলে পরেন না এবং পাঁচটাকা দামের চীনেম্যানের বাড়ির জুতো না হলে পায়ে দেন না। আমি পয়লা বাঁচিয়ে বাঘছালে লজ্জা নিবারণ করে বেড়াই—বেটা আবার সিছের পাঞ্চাবী পরে তেড়ী কেটে বাবু সেজে বেডান। *

ইস্ত। আপনি খরচপত্র দেন কেন?

नित। जामि कि निष्टे; जानिन मारा अत मामाद वाफ़ि शिख निख जारा।

* কার্দ্তিক যে ঘোর ইয়ার, তাহা আমরা পূজার সময় দেখিয়াই টের পাইয়াছি।

দেবগণের মর্ভো আগমন

আমার শশুরই তো ছেলেগুলোর মাথা থাচেন; বল্পে শুনেন না, লুকিয়ে লুকিয়ে বেজেষ্টারি করে নোট পাঠান। আবার গিন্নি-মাগীও কম নন— যা তৃই-একপরসা পান, কার্ত্তিক ও গণেশকে-দেন।

ইন্দ্র। গণেশটি কেমন ?

শিব। দাদার ভাই। বেটা প্রত্যেহ আধ মণ করে নিদ্ধি থায়। তুংথের কথা বলবো কি.-- আঞ্চকাল আবার নাম হয়েছে নিদ্ধিদাতা গণেশ।

নারা। বেশ হয়েছে—যেমন বুড়ো বয়সে বে বে করে হেদিয়েছিলেন, তেমনি ফলভোগ করুন। বৌ আবার মধ্যে মধ্যে রাগ করে ঐ ছেলেদের কোলে নিয়ে বাপের বাড়ি যান নয় ?

শিব। এখন আর সে রোগটা নাই।

নারা। সাধ করে ? বুড়ো বয়সে বাপের বাড়ি গেলে বাণে জায়গা দেবে কেন ? আর ক্রমে ক্রমে যেরকম মাগ্যিগঙার দিন হয়ে উঠছে।

ইন্দ্র। তবে আমরা উঠি।

निव। ना ना—यादव किन ? निर्छ्युनि इक्क द्यार यादव ना ?

নারা। আজে, তা হবে না। আমাদের আবার দত্তর মর্ত্তা হতে ফিরে আসতে হবে।

দেবগণ এই কথা কলিয়া মানসসরোবরে যাত্রা করিলেন। সেই রাজি তথার অবস্থিতি করিয়া তৎপরদিন ব্রহ্মার সহিত সকলে হরিষারে আসিয়া উপস্থিত হইলেন। *

হরিদার

হরিদার প্রবেশ করিয়া ব্রহ্মা কহিলেন, "ঐ যা! আসিবার সময় আমাদের পূর্ণবিট-দর্শন এবং সিদ্ধি ও বিঘপত্তের আদ্রাণ গ্রহণপূর্বক সাতবার ত্র্গানাম জ্বপ করিয়া যাত্রা করা হয় নাই। একণে মন থারাপ হইতেছে, চল ফিরে যাই।"

কথিত আছে, হরিয়ারের অনতিদুরে মানদ সরোবর। এবং হরিয়ারই স্বর্গের য়ারয়রূপ,
 সেই কারণে বোধ হয় দেবগণ ঐ য়ানে আদিয়া উপয়িত হন।

নারায়ণ। আমরা উধাতে বাটি হইতে বাহির হইরাছি। উধাকাল না দিন, না রাত্রি। অতএব উত্তম যাত্রা করাই হইয়াছে। আপনি অনর্থক মন ধারাপ করিবেন না

বঙ্গণ। হরিষারের ছুইদিকে পর্বতশ্রেণী, মধ্যে ত্রিধারা হইয়া গঙ্গা প্রবাহিতা। ঐ তিন ধারা কন্ধনে আদিয়া মিলিয়াছে। পর্বতসমূহে অনেকগুলি বাস করিবার উপযুক্ত গুহা আছে। তাহাতে সাধুগণ বাস করিয়া থাকেন। হরিষারে সাধুগণের অনেক মঠ ইত্যাদি আছে, কিন্তু গৃহস্থ কেহ বাস করে না।

আমাদের দেবগণ ১লা মাঘ সেই হরিদারে আসিয়া উপস্থিত হইলেন।
একে শীতকাল, তাহাতে পাহাড়ে দেশ; অতএব, পাঠকগণ! তথায় কিরপ শীতের
প্রহর্ভাব বিবেচনা করিয়া দেখুন। আমাদের দেশে "মাঘের শীতে বাঘের ভয়"
যে চলিত কথা আছে, তার প্রত্যক্ষ ফল যদি কেহ পরীক্ষা করিতে চাহেন,
শীতকালে একবার হরিদার ভ্রমণে গমন কর্মন। দেবগণ যদিও অনেক শীতবন্ধ
সঙ্গে করিয়া আনিয়াছিলেন, তথাপি বৃদ্ধ, ব্রহ্মার বিশেষ কট হইতেছিল। তিনি
যাইতে যাইতে কহিলেন. "ও ব্রুণ! এ কোথায় আনলি ?"

বরুণ। হরিছার।

ব্রহ্ম। হরিদার না যমের দার। দেখ দেখি, আমার ঠনঠনের চটিতে ব্রফ উঠছে, আর শীতে হাত-পা পেটের মধ্যে প্রবেশ কচে। আগুন কর, নাহলে মারা যাই।

নারায়ণ ব্রহ্মার প্রতি তাকাইয়া বিশেষ ঘৃঃথিত হইলেন এবং কহিলেন, "আপনাকে শীতকালে মর্গ্রেড আদিতে কে বলেছিল ?"

ব্ৰনা। সাধে কি যাচিচ ? গঙ্গাকে যে বেঁধেছে।

বরুণ। আমরা ভাল ভেবে শীতকালে মর্জ্যে আসিতে চাহিয়াছিলাম, কিন্তু কপালক্রমে মন্দ হইল।

বদ্ধা। আপাততঃ আমাকে আগুন করে দেক-তাপ দিয়ে বাঁচাও।

এই সময় অদ্বে কতকগুলি কৃটির দেখিয়া বরুণ কহিলেন, "চল্ন, ঐ কুটীরের মধ্যে যাইয়া আপাততঃ আশ্রয় লই। বোধহয়, সম্প্রতি হরিমারের মেলা হইয়া গিয়াছে।" এই কথা বলিয়া সকলে কুটিরের মধ্যে উপিছিত হইলেন এবং চকমকি বাহির করিয়া ঠুকিতে লাগিলেন। শোলাগুলি থারাণ

দেবগণের মর্ড্যে আগমন

হইয়াছিল, আগুন পড়িবামাত্র ভিতরে প্রবেশ করিয়া নির্বাণ হইতে লাগিল। অতএব শোলাতে আগুন পড়িবামাত্র পরস্পরে "শোলার গলা টিপে ধর" শোলার গলা টিপে ধর" বলিয়া চীৎকার ও তদ্ধপ চেষ্টা করিতে লাগিলেন। কিছুতেই কিছু হইল না। অবশেবে অতি কটে নারারণ অগ্নি বাহির করিলেন। তথন দেবগণ দানন্দ চিত্রে আগুন ধরাইয়া তামাক টানিতে লাগিলেন।

ব্রহ্মা। বরুণ, তথন তুমি বলছিলে—হরিছারে কুম্বমেলা হইয়া পিয়াছে। মেলা কি, এবং হয় কেন, আমাকে বিশেষ করিয়া বল।

বরুণ। ভণীরবের তপস্থায় ভাণীরথী দস্তুই হইয়া যথন মর্জ্যে আগমন করেন, প্রথমে এই স্থানে পতিত হন। তজ্জ্য এথানে অন্থাপি ঘাদশ বংসর অন্তর একটি করিয়া প্রশিদ্ধ মেলা হইয়া পাকে। ঐ মেলাকে কুন্তমেলা কহে। যাত্রিগণ মেলার সময় আসিয়া মহাবিষ্ব সংক্রান্তির দিন কুন্তযোগে স্থান করিয়া থাকে। সেই সময়ে এথানে সমারোহের পরিসীমা থাকে না। ভারতের প্রত্যেক প্রদেশের রাজারাই প্রায় ঐ উপলক্ষে অসংখ্য অসংখ্য দাস, দাসী, হস্তী, অশ্ব, বাছভাগু সমন্তিব্যাহারে আসিয়া দীন-দরিদ্রদিগকে অসংখ্য ধন দান করিয়া থাকেন এবং নানা প্রদেশ হইতে শৈব, শাক্ত, নাগা, সন্থাসী, দণ্ডী, মোহান্ত, পরমহংস, অবধৃত ও রামায়তগণ আসিয়া উপন্থিত হন। কেবল আধুনিক ব্রান্ধ-নামক এক সম্প্রদায় গঙ্গাকে নদী বলিয়া অবহেলা করিয়া মেলায় আসিয়া যোগ দেন না। মেলার সময় এস্থান নগররূপে পরিণত্ত হয়, তথন চতুর্দ্ধিকে নৃত্য-গীত-আমাদ-উৎসবের আর সীমা পরিদীমা থাকে না।

বন্ধা। তবে অতাপি গঙ্গার পৃথিবীতে কিছু মান আছে !

বরুণ। সেইজন্ম পৃথিবীও আছে;লোকের ঐভক্তিটুকু গেলেই পৃথিবীও যাবেন। ব্রহ্মা। যাত্রীরা মেলায় আদিয়া কোন স্থানে স্থান করে ?

বরুণ। যে স্থানে গঙ্গা পর্বত ভেদ করিয়া প্রথমে পতিত হন, তাহাকে ব্রহ্মকুণ্ড কছে। যাত্রীরা ঐ কুণ্ডে স্থান করিয়া থাকে। ঐ স্থানের প্রকৃত নাম মারাপুরী *। উহার অধীশর দক্ষপ্রজাপতি ছিলেন। এই মায়াপুরী আপনার সপ্রপুরীর মধ্যে পরিগণিত।

মায়াপুরীর পুরের নীলপর্বত, পশ্চিমে বিশ্বকেশ্বর, দক্ষিণে শিছোড়নাথ এবং উত্তরে
শক্ষণঝোলা।

বন্ধা। চল, আমরা বন্ধাকুণ্ডে মান করিয়া আসি।

দেবগণ তথায় গমনপূর্বক স্থান আছিক করিলেন এবং ব্যাগ হইতে ফল মূল সন্দেশ বাহির করিয়া গঙ্গাদেবীর প্রতিমৃত্তিকে * উৎদর্গ করিয়া দকলে আহার করিতে বিদিলেন। আহারান্তে ভামাকু সেবন করিয়া দেবগণ নারায়ণশিলা-দর্শনে চলিলেন।

বরুণ। পিতামহ! এই যে নারায়ণের প্রতিমৃত্তি দেখিতেছেন, ইহা দক্ষপ্রজাপতি পূজা করিতেন। এখানে গোদান ও অন্নদান করিলে লোকে বিষ্ণুলোক প্রাপ্ত হয়।

সেম্বান হইতে দেবগণ কুশাবর্জের ঘাট দর্শন করিতে চলিলেন। ক নারায়ণ। এই থাটের নাম কুশাবর্জ।

ব্ৰহা। এ ঘাট এত প্ৰসিদ্ধ কেন ?

বরুণ। এই স্থানে একদা জনৈক ঋষি সমাধিস্থ হইয়া যোগসাধন করিতেছিলেন, সেই সময়ে গঙ্গা হিমালয় হইতে পতিত হইয়া তাঁহার কুশ স্রোতে ভাসাইয়া লইয়া যান। ধ্যানভঙ্গে মূনি নিজ কুশ না দেখিয়া কোধে কুশসহ গঙ্গাকে কুশ প্রতাপণপূর্বক বর দেন যে, অভ হইতে এ স্থানের নাম কুশাবর্ত হইল; অভঃপর এই স্থানে যেকোন ব্যক্তি আপন পিতৃগণের উদ্দেশে শ্রাদ্ধ-তর্পণ করিবে, ভাহার পিতৃগণ বিষ্ণুত্ল্য হইয়া বিষ্ণুধামে বাদ করিবে। এজন্ত অভাপি যাত্তিগণ এখানে ভাদ্ধ-তর্পণ করিয়া থাকে।

ব্ৰন্ধা। ইহাতে কত মংশ্ৰ দেখ।

বরুণ। তীথের মংশ্র বলিয়া কেই ইহাদের প্রতি অভ্যাচার করে না, এবং মংশ্রেরাও মহন্য দেখিয়া ভয় পায় না। যাত্রীরা এখানে আসিয়া মংশ্রুমকলকে চিড়েমুড়ি খাইতে দেয়। হাজার হাজার মংশ্র সেই সময় তীরে আসিয়া উপস্থিত হয়।

ইন্দ্র। দক্ষপ্রজাপতির গৃহ কোথায় ?

বরুণ। "এই স্থানের পূর্ব্ব-দক্ষিণ কোণে" বলিয়া সকলের সঙ্গে সেই দিকে

ব্রহ্মকুণ্ডের নিকটয় মন্দিরে বিশুপদ্চিক এবং গলাদেবীর এক এতি মুর্ত্তি আছে।

[🛊] হরিষারের অর্দ্ধ ক্রোশ দক্ষিণে।

দেবগণের মর্ড্যে আগমন

চলিলেন এবং উপস্থিত হইয়া কহিলেন, "পিতামহ! এই আপনার প্রিয় পুত্রের গৃহ।" ইস্ত্র । এই স্থানেই কি শিবরহিত যজ্ঞ হইয়াছিল ?

বরুণ। হাঁ। ভাই, এই স্থানে দক্ষপ্রজাপতি শিবরহিত যজ্ঞ করিলে দেবাদিদেব মহাদেব সতীবিরহে দক্ষয়জ্ঞ ভঙ্গ ও দক্ষের মৃওচ্ছেদনপূর্বক তাহাতে অজমৃও সংযোগ করেন। পরিশেষে দক্ষ দিব্যজ্ঞান প্রাপ্ত হইয়া দক্ষেশ্বর-নামক এই শিব * সংস্থাপিত করেন।

ইন্দ্র। সতী কি এইস্থানে প্রাণ পরিত্যাগ করিয়াছিলেন ?

বঙ্গণ। না, তিনি ইহার পূর্বাদক্ষিণ কোণে দীতাকুণ্ড-নামক স্থানে প্রাণত্যাগ করেন। অভাপি প্রবাদ আছে, স্থানোকেরা সাত রবিবার ঐ কুণ্ডে স্থান করিলে সতীর ক্যায় সৌভাগাশালিনী হইয়া শিবলোক প্রাপ্ত হয়।

ইন্দ্র। আহা! এইসব স্থান দর্শন করিয়া পাছে পূর্ব্ব শোক মনে পড়ে ভেবেই বোধ করি সদাশিব আসিতে সম্মত হন নাই।

বরুণ। স্ত্রীবিয়োগ-শোক কি কম শোক! লোকে যদিচ দ্বিতীয় পক্ষে বিবাহ করে বটে, কিন্তু প্রথমা স্ত্রীর বিরহ-যন্ত্রণা তাহাকে আঞ্জীবনই দ্বা করতে থাকে। আমাদিগের সদাশিবের দিতীয় পক্ষের স্ত্রী গোরী যদিচ প্রথমার ন্ত্রায় সর্ব্রগুণালক্ষতা, তথাপি দাদার মনে যখন পূর্ব্ব পরিবারের গুণসমূহ উদয় হয়, তথন কি কম কইবোধ করেন? পতিনিন্দায় সতার প্রাণপরিত্যাগ, এ কি কম কথা, অভাপি কোন স্ত্রীলোক পেরেছে? দাদা আর বিবাহ না করিলে সতীর উপর পতির প্রণয় দেখান হইত বটে, কিন্তু উনি একেবারে অধ্যপাতে যাইতেন। সংসারধর্মে আর মত্র থাকিত না, অর্থকে অর্থ বলে জ্ঞান করিতেন না; আর একে তো নেশাথোর মান্ত্রম, গাজা টেনে টেনে শরীরটে শীর্ণ করিতেন। বলিতে কি, বর্ত্তমান ভগবতী দাদাকে বেশ ভ্লায়ে রেখেছেন, নতুবা সতীর মৃতদেহ মন্তকে করিয়া ক্ষেপে বাহির হওয়া দেখে পর্যান্ত আমরা 'উনি পুনরায় যে এমন সংসারী হবেন'—একদিনও মনে করি নাই।

দেবগণ ইহার পর কম্মল ক অভিমূখে চলিলেন। তথায় উপস্থিত হইয়া এনা কহিলেন, "এখানে কি হইয়াছিল ?"

দক্ষ প্রজাপতির পূত্রে অভাপি ঐ শিববৃর্তি বর্ত্তমান আছে। † নারায়ণশিবার এক ক্রোল
কৃষ্ণিত।

বঙ্গণ। এইস্থানে বিহুর যোগসাধন করেন এবং এইস্থানেই বিহুর-মৈত্তের-সংবাদ হয়। এই যে কুণ্ড দেখিডেছেন, ইহাতে কেহ সাত রবিবার স্নান করিতে পারে না।

তথন সকলে ভীমগদা * দর্শন করিতে চলিলেন।

বন্ধা। এম্বানে কি হইয়াছিল ?

বরুণ। ভীম স্বর্গারোহণকালে এইস্থানে তাঁহার ছুর্জ্জর গদা পরিত্যাগ করিয়া গিয়াছিলেন। এই যে প্রকাণ্ড গদার আঞ্চতি প্রস্তর দেখিতেছেন, লোকে ইহাকেই ভীমের গদা কহে।

ব্রদা। কুরুক্ষেত্র এখান হইতে কন্ত দূর ?

वक्रन । दिनी मृद नम्न, मिथिए गाहरियन ?

ব্রদ্ধা। এখন নয়, কলিকাতা হইতে ফিরে এসে যাহা হয় করিব।

বরুণ। দেখুন ঠাকুরদাদা! এই ভীমের গদায় আঘাত করিলে ঝাঁঝাঁ করে শব্দ হয়। কিন্তু কেন হয়, লোকে তাহা বলিতে পারে না।

এই কথায় দেবগণ আঘাত করিয়া দেখিতে লাগিলেন এবং ক্রমায়য়ে বাঁ বাঁ।
শব্দ বাহির হইতে লাগিল; তথন তাঁহাদের আর আমোদের পরিসীমা রহিল
। ইনি একবার, উনি একবার, এইরূপ সকলে ক্রমান্ত্রয়ে আঘাত করিতে আরম্ভ করিলেন।

বরুণ। পিতামহ! এই স্থানের পূর্ব-দক্ষিণ কোণে স্থাকুণ্ড, এবং ইহার চুই ক্রোশ উত্তরে সপ্তলোত (সপ্তধারা)। ইহার নয় ক্রোশ উত্তরে 'হ্ববীকেশ', তথায় সপ্তবিমণ্ডলের তপস্থার স্থান অভাপি বর্তমান আছে। ঐ স্থানের তিন ক্রোশ উত্তরে লক্ষণঝোলা-নামক স্থান আছে। তথায় বসিয়া লক্ষণ তপস্থা করিয়াছিলেন। ইহার নিকট গশার উপর বেতের সেতু আছে। ক তাহা পার হইয়া বদরিকাশ্রমে যাইতে হয়। কথিত আছে, যাহারা মহাপাপী তাহারা এই সেতু পার হইতে পারে না; পার হইতে গেলে তাহারা জলে পতিত হয়।

ইন্দ্র। চলুন, বেতের সেতৃ পার হইয়া বদরিকাশ্রম দেখে আসি।

उन्ना। ना छाहै, यनि भा कमतक ज्ञान भिष्क, लाक ित्रकान वनित्व

 ^{*} হরিছারের এক ক্রোশ দক্ষিণে। † এখানে এখন অক্তপ্রকার নিরাপদ সেতু প্রস্তুত
 ইইয়াছে।

দেবগণের মর্ভ্যে আগমন

'স্ষ্টিকর্তা' পাপী ছিলেন'। বরুণ ! নিকটে যদি কোন ভাল স্থান থাকে, দেখিয়ে আন।

এই কথাতে বৰুণ তাঁহাদিগকে সঙ্গে করিয়া নীলপর্বত * দেখাইতে চলিলেন ; এবং তথায় উপস্থিত হইয়া কহিলেন, "এই দেখুন নীলপর্বত এবং এই নদী নীল-ধারা নামে প্রণিদ্ধ। এটি গঞ্চার একটি ধারা মাত্র। এথানকার জল স্বাভাবিক নীলবর্ণ।

ব্রহ্মা। এ ঘাটের নাম কি?

বরুণ। এ ঘটের নাম নীলধারার ঘাট। এই যে প্রস্তরনির্দ্ধিত সোপানে ছুইটি শিবমূর্ত্তি দেখিতেছেন, ইহার একটির নাম গোরীশঙ্কর, অপরটির নাম বিছকেশ্বর। ক এই স্থানের এক ক্রোশ পশ্চিমে বিশ্বকেশ্বর নামক এক মহাদেব আছেন। তিনি মাগ্রপুরীর ক্ষেত্রপাল দেবতা। এতন্তির নারায়ণশিলার বার ক্রোশ দক্ষিণে পিছোড়নাথ নামক শিব আছেন। তথায় ঘাইবার রাস্তা বড় তর্গম।

এই সময়ে ঝমর ঝমর শব্দে কয়েকথানি একা আসিয়া উপস্থিত হইল। পিতামহ তদ্দর্শনে সঞ্জ করিতে করিতে বরুণকে কহিলেন, "বরুণ! এ রথের নাম কি ?"

वक्ष। हेशत नाम अका।

ব্ৰদা। ও নাম হংল কেন?

বরুণ। বোধ হয় একজনের বেশী বসিতে পারে না বলিয়া এক। নাম হইয়াছে। এই রথকে বাঙ্গালীরা ঠাট্টা করিয়া পুষ্পরথ কহে এবং এই ঘোটককে ভারা পক্ষিরাজ ঘোটক বলে।

ব্রহ্মা। এরপ বলার অর্থ কি? এই ঘোটক কি পক্ষিরাজের স্থায় ক্ষতগামী? না, এ রথ পুস্পরথের স্থায় দেখিতে স্থুন্দর ?

বরুণ। আজে বাঙ্গালীরা ঠাট্টা ক্রিবার দময় প্রায়ই উত্তমের দহিত অধমের তুলনা করে। যথা, পশ্চিরাঞ্জের সহিত দামাগ্র ঘোটক, পুশ্চরথের সহিত একা, নির্বোধের সহিত বৃহস্পতি, হাতুড়ে কবিরাঞ্জের দহিত ধ্বস্তুরি ইত্যাদি।

চারিখানা এক। ছয় আনা করিয়া ভাড়া চুক্তি হইলে দেবগণ উঠিয়া বনিলেন।

नाजाग्रगिनात १३ (काम भूत्र्य । † नीलशात्रात्र चाउँ घुँइछि नियमिक वर्षमान आस्म ।

তথন সার্যথি সঙ্গোরে অত্মপৃষ্ঠে উপযুর্গার কশাঘাত করিলে অতি কটে অত্মিনী-কুমারগণ ধীরে ধীরে ঝমর ঝমর শব্দে গমন করিতে লাগিল।

ইন্দ্র। বঞ্গ, এদের অপেক্ষা কি পৃথিবীতে পাপী আছে ?

বরুণ। আছে।

हेक्स। काद्रा ?

বঙ্গণ। যাহারা কেরাণীগিরি কর্ম করিয়া জীবিকা নির্বাহ করে এবং যাহারা বজলোকের মোদায়েবী করে।

এই সময়ে দ্বে একটি থাক দেখিয়া ব্রহ্মা বরুণকে জিজ্ঞানা করিলেন, বরুণ এ খাল্টির নাম কি প

বঞ্চ। এই থালকে লোকে কট্লিথার থাল কহে। কট্লিথা-নামক একজন যবন এই থাল খনন করাইয়া কানপুর পর্যন্ত লইয়া গিয়াছে। যথন খনন আরম্ভ হয়, হরিছারের পাণ্ডারা কাটাথালে গঙ্গা যাবেন না বলিয়া দম্ভ করিয়াছিল। তাহাতে কট্লি হাজপ্রক এই উত্তর দেয় "ভগীরথ যাকে শদ্খের শন্দে লইয়া গিয়াছিল, আমি তাহাকে চাবুকের জোরে অনায়াসেই লইয়া যাইতে সক্ষম হইব।" প্রকৃত তাহাই ঘটিয়াছে। বিজ্ঞানবিদ্ কটলি ঐ মনোহর থাল খনন করাইয়া স্থানবিশেষে নদীর নিম্ন ও মধ্যদেশ দিয়া এমি লইয়া গিয়াছে যে, দেখিলে হতবৃদ্ধি হইতে হয়।

ব্রদা। আহা! মার আমার অধর্মও কম নয়! মর্ভ্যে আসিয়া তাঁহাকে যবনেরও চাবুক থাইতে ও ইংরাজ গারদেও যাইতে হইল।

দেখিতে দেখিতে বেলা তিনটার সময় দেবগণের একাসকল সাহারাণপুরের বাজারে আদিয়া উপস্থিত হইল, এবং চতুদ্দিক হইতে থাবারওয়ালা দোকানদার-গণ, "বাবু এদিকে আহ্বন" বলিয়া চিৎকার করিতে আরম্ভ করিল।

সাহারাণপুর

দেবগণ এক। হইতে অবতীর্ণ হইয়া নিকটছ একটি দোকান-ঘরে উপবেশন করিলেন। একটা ছেলে ভাবা ছুকায় তামাক সাজিয়া দেবগণের নিকটে আসিয়া "বাবু, বাদ্মণের ছুকা দেব ?" বলিয়া পদ্মযোনির হত্তে ছুকা প্রদান করিল।

দেবগণের মর্ছ্যে আগমন

দেবরাজ ইন্দ্র ব্যাগ খুলিরা গাড়োরানকে টাকা দিতে গিরা বিপদে পড়িলেন। কারণ স্বর্গীয় টাকার পাশ কাটা এবং মহারাণী ভিক্টোরিয়ার নাম নাই; গাড়োয়ান "এতে বিবির মুখ কই" বলিয়া তাহা প্রভ্যর্পণ করিল। তথন দেবগণ গালাইয়া বিক্রেম করিয়া দেশীয় টাকা লইবেন সিদ্ধান্ত করিয়া সকলে বেণের দোকানে চলিলেন। সেখানেও মন্দ্র বিপদ নহে। বণিক স্বর্গীয় টাকার বিনিময়ে কয়েকটি দেশীয় টাকা ও নোট প্রদান করিল। দেবগণ কহিলেন, "টাকা নিয়ে কাগজ দিয়ে ঠকাবে—আমাদের এত বোকা পাওনি।" তথন পোদার ব্যাখ্যা করিয়া দিল, "মহাশয়! ইহার নাম নোট; নোট ভারতবাদী দিগের বড় আদরের ধন। অতএব এই নোট ভারতবর্ষের যে প্রদেশের যে ব্যক্তিকে দিবেন, সে সম্ভোষের সহিত গ্রহণ করিবে। বাড়িতে খরচ পাঠাইবার এবং পথ-খরচের জন্ত সঙ্গেলন, স্বর্গে যাইয়া নোট প্রচলিত করিবেন, অনর্থক স্বর্ণ রোপ্যা আর ধনাগার হইতে বাহির করিবেন না।

এই ঘটনার পর সকলে আহারাদি করিয়া নগরভ্রমণে বহির্গত হইতেছেন, এমন সময় ডাকের রাণারকে জ্বন্ডপদে ঘাইতে দেখিয়া ব্রহ্মা কহিলেন "বরুণ! ও কে? আর এত ক্রতই বা যাইতেছে কেন?"

বরুণ। ও ডাকম্বরের রাণার, নির্দ্ধিষ্ট স্থানে ডাক পঁছছিয়া দিবার নিমিত্ত জ্ঞতবেগে যাইতেছে।

ব্ৰহ্মা। ডাক কি?

বরুণ। তু এক পর্মা লইয়া পত্রাদি ভারতের এক প্রান্ত হইতে অক্ত প্রান্তে নির্বিন্দে এবং শ্বন্ত সময়ের মধ্যে পঁছছিয়া দিবার জন্য ইংরাজরাজ ভারতবর্ষের প্রত্যেক স্থানে চিঠিপত্র জমিবার একটি আড্ডা করিয়াছেন ; ঐ শ্বাড্ডাকে ডাক্মর করে।

ব্রহ্মা। তু এক প্রসায় সেখানে সেখানে পঁছছে দেয়, যুঁয়া। খ্রচ পোষায় তো?

বৰুণ। বৰুং লাভ থাকে।

ইক্স। প্রদা উপারের মন্দ উপার নয়। আমি অর্গে যাইরা পোষ্ট অফিস স্থাপন করিব। বন্ধা। দোয়াত ও কলম পাইলে বাটিতে একথান পত্ত লিখিতাম, প্রছে দিতে পারে ভাল, নচেৎ ছু পয়দা অপব্যয় হইলে কিছু মারা যাবো না।

বরুণ। "ইংরাজ রাজ্যে দোয়াত-কলমের অভাব নাই, ভারতের প্রত্যেক দোকানে প্রায় বিলাতি কালি, কাগজ, কলম বিক্রয় হইয়া থাকে।" বলিয়া পিতামহাকে একথানি পোষ্টকার্ড আনিয়া দিলেন।

ব্রদা। এথানির দাম কত?

বকুণ। এক প্রদামারে।

ব্রহ্মা। বিশ্বয়ে কার্ডথানির এ পিঠ ও পিঠ দেখিলেন। পরে তিনি ছাণ্ডেলে নিব্ বসাইতে গিয়া—"রুঁগা! কাট্তে হয় না!" এই কথা বলেন আর কৌতুকে বিশ্বয়ে দম আটকে মারা যান। পরে বলিলেন, "বরুণ! আমাকে বেশী করে ষ্টিল্পেন নিব কিনে এনে দেও—শ্বর্গে লইয়া যাইব। নচেৎ আর সমস্ত দিন পরিশ্রম করিয়া বাঁথারি চেঁচে চেঁচে কলম তৈয়ার করিতে পেরে উঠিনে।"

সাহারাণপুর একটি বিখ্যাত জেলা। এখানে গবর্ণমেন্টের জজ আদালত প্রভৃতি যাহা আবশুক সমস্তই আছে। দেবগণ অপরাত্নে নগরভ্রমণ করিয়া বিশেষ পরিতৃষ্ট হইলেন এবং পুনরায় বাজারে প্রত্যাগমন পূর্বক কাঠের ফুলকাটা বাক্স দেখিয়া বিশেষ প্রশংসা করিলেন এবং প্রত্যাগমন সময়ে প্রভ্যেকে এক একটি খরিদ করিয়া স্বর্গে লইয়া যাইবেন স্থির হইল। *

বরুণ। "দেথ রুষণ, রাজিযোগে ধ্মপান করিতে হইবে। অতএব এক প্রসায় ছইটা ম্যাচ্ বন্ধ লওয়া যাক" বলিয়া ছইটি থরিদ করিলেন।

ব্রহ্মা। এক প্রদা ছুইটি বাক্সের দাম! এর চেয়ে আধ প্রদার গন্ধক কিনে ঘরে দেশলাই তৈয়ার ক'র্লে কি সস্তা পড়ে না ?

বরুণ। "ইহার বিশেষ গুণ এই, ইহা জালিতে আগুনের প্রয়োজন হয় না, বান্থের গাতে ঘর্ষণ কবিবামাত আগুন হয়।" বলিয়া, যেমন একটি কাঠি ঘষিলেন, অমনি দৃপ্ করিয়া জ্বনিয়া উঠিল।

দেবগণ তদর্শনে বিশ্বয়াভিভূত হইয়া "দেথি, আমি পারি কি না" বলিয়া ইনি একটি, উনি একটি জ্বালেন আর কচি ছেলের মত ফিক্ ফিক্ করিয়া হাস্ত করেন। তৎপরে তাঁথারা ষ্টেশন অভিমুখে চলিলেন।

সাহারাণপুরের সুলকাটা বাস বড় বিখ্যাত।

দেবগণের মর্ত্তো আগমন

এই স্থান দিয়া সিদ্ধু-পঞ্চাব রেলওয়ে যাইয়াছে। দেবগণ ষ্টেশনে উপস্থিত হইলে ব্রহ্মা "এটা কি, ওটা কি, এ কেন, ও কেন" ক্রমান্বয়ে প্রশ্ন করিতে লাগিলেন, এবং বরুণ যথাযথ প্রত্যুত্তর দিলেন। ঐ দিন কার্য্যগতিকে ট্রেণ আসিতে বিলম্ব হওয়ায় বরুণ বলিলেন, "পিতামহ! অনর্থক এখানে দাঁড়াইয়া থাকার অপেক্ষা চলুন আমরা ওয়েটিং ক্রমে যাইয়া বিশ্রাম করি" বলিয়া, যেমন সকলে প্রবেশ করিবেন, অমি চাপরাসী নিষেধ করিয়া কহিল "এ তোমাদের জন্তা নয়।"

বরুণ। আমাদের জন্ম নহে কেন? এই ত স্পটাক্ষরে লেখা রহিয়াছে "ওয়েটিং রুম ফর জেন্টেলম্যান।"

চাপ। জেণ্টেলম্যান শব্দে ইংরাজ জাতি, অন্ত নহে।

বরুণ। "তবে ওয়েটিং রুম ফর ইংলিস জেণ্টেলম্যান লেখা নাই কেন?" বলিয়া বলপুক্ত প্রবেশ করিতেছেন, এমন সময় চাপরাসী পুনরায় কহিল' "প্রবেশ করিবেন না, প্রবেশ করিলে অপমানিত হইবেন।"

বরুণ। তুমি জান—সদাশয় কোম্পানির এরপ নিয়ম নয়; আমাদের প্রভি তোমার তুক্র বহারের কথা কোম্পানিকে জানাইলে ভোমার কর্ম ঘাইবার সভাবনা।

ইন্দ্র। ওহে ভাই, ফিরে এন; ও ঘরে বনে কি আমরা চতুর্ভু হব ? দেবগণ অন্ম দিকে প্রস্থান করিতেছেন, এমন সময় বরুণ গৃহের ভিতর দিকে উকি মারিয়া উচ্চ হাস্ম করিয়া উঠিলেন।

ইন্দ্র। কি হে?

বরুণ। ভিতরে একজন জেণ্টেল্ম্যান ব'সে আছে দেখেছো?

ইন্ত্র। কই না; কে বদে আছে?

বরুণ। তোমার শ্বরণ থাকতে পারে, জয়স্তের বিবাহের সময় মেয়েদের উপরোধে যমালয় হতে যে একদল ইংরাজী বাজাওয়ালা আনা হয়, তন্মধ্যে জিকুনামক যে ব্যক্তি জয়তাক বাজায়, তার পুত্র পিজ জেন্টেলম্যান সেজে বসে আছে।

চাপ। টুপির এমি গুণ!

বরুণ। টুপির এত আদর ?

চাপ। হাা, মাথা থোলা পা থোলা অসভ্যদিগকে হুসভ্য ইংরাজজাতি

বিশেষ দ্বণা করেন, এ**জন্ম গ**বর্ণমেন্ট আফিসের চাপরাদীরা পর্যান্ত মন্তকে পাকড়ি শারণ করে।

ইন্দ্র। আহা ! এমন জানলে আমরা সেজেগুজে টুপী মাথায় দিয়ে আসিতাম। এই সময়ে ট্রীং ল্যাটাং, ট্রীং ল্যাটাং করিয়া টিকিট দিবার ঘণ্টা দেওয়া হইল। দেবতারা ঘাইয়া দিল্লী পর্যান্ত টিকিট লইলেন। ঘণাসময়ে ছণ্ ছণ্ গুণ্ গুণ্ শক্ষে ট্রেণ আসিয়া উপদ্বিত হইল। দেবগণ সত্মরে ট্রেণে উঠিয়া বসিলেন, চারিদিক হইতে 'চাই জলখাবার' 'চাই পান' শব্দ হইতে লাগিল এবং একজন "সাহারাণপুর" বলিয়া চীৎকার করিতে লাগিল। ক্রমে নীল রঙের লগ্ঠন দেখান হইল। ওদিকে ভাইল সাঁতিলানোর ন্যায় যেমন একটা ভরঙ্কর শব্দ হইল, সেইসক্ষে বংশীগ্রনি হইয়া ট্রেণ পূর্বের ন্যায় ছণ্ ছণ্ গুণ্ গুণ্ শুল্ চলিতে লাগিল। ট্রেণের চলন দেখিয়া দেবগণ হেদে বাঁচেন না। ক্রমে ক্রমে ট্রেণ দিল্লীতে আসিয়া উপন্থিত হইল।

फिह्मी

ট্রেণ হইতে অবতীর্ণ হইয়া সকলে গেটের নিকট টিকিট দিয়া বাহিরে ঘাইয়া দেখেন, অসংখ্য গাড়ি দণ্ডায়মান। গাড়োয়ানেরা "বাব্, এ বগীতে আহ্বন, এ বগীতে আহ্বন", বলিয়া চীৎকার করিতেছে। * দেবগণ একথানি গাড়িতে উঠিবামাত্র গাড়োয়ান জ্বনুগতি নগরাভিমুখে লইয়া চলিল। তাঁহারা যম্নাতে স্থান-আহ্নিক করিয়া বৈকালে নগরভ্রমণে চলিলেন। ৮

যাইতে যাইতে ব্রহ্মা কহিলেন "বরুণ! এ সহরে তিনপ্রকার মন্দির দৃষ্ট হুইতেছে কেন ?"

বরুণ। আজে দিল্লী পর্যায়ক্রমে হিন্দ্, ম্নলমান এবং ইংরাজজাতির রাজধানী হয়; সেইজন্ম প্রথমে মন্দির পরে মদজিদ এবং দর্বদেবে চার্চ্চ নির্মিত হইয়াছে।

ইন্দ্র। কোন হিন্দুরাঙ্গা এখানে রাজত্ব করিয়াছিলেন ?

বরুণ। এ নগরকে পূর্বেই ক্রপ্রস্থ কহিত। রাজা যুধিষ্টির এই স্থানে রাজস্ব করিয়াছিলেন।

দিল্লীতে সকল প্রকার গাড়িকেই বগী কহে। † দিল্লী যমুনার উপর।

দেবগণের মর্ছ্যে আগমন

ব্রমা। ইন্দ্রপ্রস্থ কোন স্থানকে বলে ?

नाता। यशान यमूना नमीत मिक्क फिल हिन।

বৰুণ। "বর্তমান দিল্লী হইতে ঐ স্থান এক ক্রোশ দূরে। চল্ন আপনাদিগকে দেখাইয়া আনি," বলিয়া সকলকে লইয়া তদভিমুখে চলিলেন।

ব্রহ্মা। এ ধ্বংদাবশেষ গৃহাদি কোথাকার ?

বরুণ। এই ইক্সপ্রস্থের রাস্তা। রাজা ধৃতরাষ্ট্র পঞ্চপাণ্ডবকে পাণিপত সোনপত, ইক্সপত, টিলপত, এবং ভাগপত নামক যে পাঁচখণ্ড জমি দিয়াছিলেন, ভন্মধ্যে টিলপত ও ভাগপত-নামক ঐ দেখুন ঘুই খণ্ড জমি অভাপি বর্তমান আছে। অবশিষ্ট তিন থণ্ড যম্নাগর্ভে লীন হইয়াছে। এইস্থানে চতুর্দ্দিকে গড়-বেটিত পুরাতন কেলা ছিল। এক্ষণে কেলাটি ম্নলমানদিগের কোশলে এত পরিবন্তিত হইয়াছে যে, পূর্বের বলিয়া কিছুমাত্র চিনিবার যো নাই। পিভামহ! ঐ যে ছমায়্নের মদজিদ দেখিভেছেন, ঐ স্থানে মহাবীর অর্জ্জ্নের কেলা ছিল! আর ঐ যে শের-শার রাজবাটি দেখিভেছেন, ঐ স্থানে পাণ্ডপুত্রগণ নারায়ণ এবং মহর্ষি ব্যাস প্রভৃতি কর্তৃক পরিবেষ্টিত হইয়া অবন্থিতি করিতেন। আর যেস্থানে রাজস্ম্যত্তর উপলক্ষে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ প্রভৃতি দেশের রাজারা আসিয়া উপন্থিত হই তেন, তথাকার কোন চিহ্ন নাই; তথায় বর্তমান দিল্পী নগরী নির্শ্বিত হইয়াছে। যে ঘাটে যুধিষ্ঠির অশ্বমেধ যজ্ঞের হোম করেন, সে ঘাট অভাপি বর্তমান আছে, তাহাকে আগমযোডের ঘাট কহে।

ব্রহ্মা। এম্বানের বর্ত্তমান নাম কি ? শের-শা বাটি নির্মাণ করায় নামের কি কোন পরিবর্ত্তন হইয়াছে ?

বরুণ। আজে, যদিচ শের-শা, নাম-পরিবর্ত্তন জন্ম অনেক চেটা পান এবং নিজ নাম অন্থসারে ইহার সিয়ারগড় নাম দেন, কিন্তু অভাপি লোকে ইহাকে পুরাতন কেলা বা ইন্দ্রপত কহে। ঐ কেলার চারিদিকে গড় আছে। উহা যম্নার সহিত সংলগ্ন। এবং ইহার চারটি তোরণ বা গেট আছে। এইস্থানে হুমায়ুন বাদশা অশ্ব হুইতে পতিত হুইয়া প্রাণত্যাগ করেন।

ইন্দ্ৰ। হুমায়ুন বাদশা কে ?

বরুণ। ইনি একজন বিখ্যাত বাদশা ছিলেন। ছেলেমেয়ে অত্যন্ত দৌরাত্ম্য করিলে অম্বাপি বঙ্গবাদীরা, 'ঐ হুমো আসছে' বলিয়া তাহাদিগকে ভন্ন দেখায়। নারা। এ নগরের নাম দিলী হইল কেন ?

বরূপ। অনেকে বলে — ভিলু রাজার নাম অফুসারে ইহার নাম দিলী হইয়াছে। এখানে একটি লোহার পিল্পের উপর লেখা ছিল—১৪ শতাকীতে এই নগর সংস্থাপিত হয়। ঐ অক্ষর সংস্কৃত, এজন্ম ইহা যে হিন্দু রাজার নির্দ্দিত ইহাতে সন্দেহ নাই।

ব্রদা। লোহার পিলপে १

বরুণ। আজে হাা, কেহ কেহ ঐ পিল্পেকে ভীমের হাতের ছড়ি বলে। কেহ বলে, ইহা বাস্থকির মন্তকের নিকট পর্যান্ত পোতা আছে। ফলতঃ ইহার গায়ের লেখা পড়িতে পারা যায় না, এজন্ম ইহা যে কি তাহা স্থির হয় নাই।

ইহার পর দেবগণ লালকোট দর্শন করিতে চলিলেন। তথায় উপস্থিত হুইয়া ইন্দ্র কহিলেন, "ইহারই নাম কি লালকোট ?"

বরুণ। হাঁ। ভাই — ইহা দিতীয় অনঙ্গপাল নির্মাণ করেন। ইহার পরিধি আড়াই মাইল। প্রাচীর ৬০ ফিট উচ্চ এবং চতুর্দিক গড়-বেষ্টিত ছিল। এক্ষণে তিন দিকের গড় বর্ত্তমান আছে, দক্ষিণ দিকটে বুজে গিয়েছে। ইহার অনেকগুলি গেট আছে; তর্মধ্যে পশ্চিমদিকের গেটকে রণজিৎ গেট কহে।

এই বলিয়া সকলে অগ্রসর হইতে লাগিলেন।

बन्धा। थे य बुहर मीचि प्तथा याष्ट्र, উहात नाम कि ?

বঙ্গণ। উহার নাম 'অনঙ্গপাল দীঘি'। ইহা ১৬৯ ফিট লম্বা এবং ১৫২ ফিট গভীর। ইহা রাজা দিতীয় অনঙ্গপালের রুত। এই দিতীয় অনঙ্গপালের পুত্র তৃতীয় অনঙ্গপালের সময় মহম্মদ ঘোরী দিল্লী অধিকার করেন। আক্রমণ-ভয়ে রাজা সপরিবারে লালকোট তুর্গে আশ্রম গ্রহণ করেন। ঐ কেল্লাকে লোকে অগ্রাপি 'কেল্লা রায় পৃথুরাজের' কহিয়া থাকে। কেল্লার যে গেট দিয়া মুসলমানেরা প্রবেশ করে, তাহাকে 'গিজনি গেট' কহে।

এই বলিয়া সকলে গমন করিতে লাগিলেন।

ইন্ত্র । বঞ্গ । এ স্থানের নাম কি ?

বরুণ। ইহার নাম ভূতখানা। পৃথুরাজের রাজধানীতে ২৭টি স্থন্দর হিন্দুর মন্দির ছিল। সেই সমস্ত মাল-মদলায় ভূতখানা প্রস্তুত হইয়াছে।

অনম্বর সকলে উহাতে প্রবেশ করিলেন।

দেবভাগণের মর্ছ্যে আগমন

বরুণ। ইহাকে লোকে 'নিষ্ণাম উদ্দীনের কূপ' কহে। প্রতি-বংসর এখানে একটি বিখ্যাত মেলা হয়, সেই সময় যাজীরা আসিয়া স্নান করে। ওদিকে দেখুন ফিরোজাবাদ সহর, উহা ফিরোজ শাহের ক্বত। ঐ স্থানে ২০টি রাজবাটি, ১০টি মন্থ্যেন্ট, পাঁচটি কবর, তন্তির কালেজ, হাসপাতাল ইত্যাদি আছে। ঐ যে অত্যুক্ত পিলার দেখিতেছেন উহাকে লোকে 'ফিরোজ শাহের ছড়ি' কহে; উহা এত উচ্চ যে পাঁচ ক্রোশ দূর হইতে দেখা যায়।

এই বলিয়া, সকলে সাতপুলা বাঁধ দেখিতে চলিলেন।

যথন তাঁহারা রাস্তা দিয়া যাইতেছিলেন, একটি দীর্ঘাক্বতি জ্বীলোক
— মাপাদমস্তক নয়ানস্থ থানের ঘেরাটোপে ঢাকা, রাস্তা দিয়া দ্রে
যাইতেছিলেন। দেবতারা তদ্দর্শনে 'ওঃ বাবা, এটা কি !' বলিয়া দবিশ্বয়ে
পলাইলেন।

বরুণ। আপনারা উহাকে দেখিয়া ভয় পাইতেছেন কেন? উনি কোন সম্রান্ত ম্সলমান-রমণী। হীনাবস্থানিবন্ধন পদত্রজে ঘাইতেছেন। এবং লোকে দেখিয়া পাছে চিনে বলিয়া সর্বাঙ্গ বস্তাবৃত করিয়াছেন।

ইন্দ্র। এম্বানের নাম কি?

বরুণ। ইহাকে লোক 'সাতপুলার বাধ' কহে। তৈমুরলঙ্গ এইস্থান আক্রমণ করিয়া লক্ষ লক্ষ লোকের প্রাণ নাশ, অনেক বৃহৎ অট্টালিকা ধ্বংস করেন এবং বছমূল্য দ্রব্য সামগ্রী হরণ করিয়া লইয়া যান। সেরশাহের পুত্র সলিমান এই নগর নির্মাণ করেন। এইস্থানে আওরঙ্গজেবের আদেশে মোরাদকে বন্ধন করিয়া আনা হয় এবং দারার পুত্রও এই স্থানে অবরুদ্ধ ছিলেন। এইস্থান ভারতের রঙ্গভূমি। এথানে মোগল, পাঠান ও হিন্দু রাজারা অনেক রঙ্গদেখাইয়াছেন।

ব্রদা। ওদিকে ও সত্যুক্ত মন্দিরটি কি?

বরুণ। ছমায়্ন বাদশাহের টুষ্। ইহা দিল্লীর মধ্যে একটি আশ্চর্য্য মসজিদ। ইহার আকার অতি বৃহৎ, নির্মাণ করিতে প্রায় ১৫ লক্ষ টাকা বায় হইয়াছিল। ঐ স্থানে ছমায়ুনের প্রিয় বেগম হামিদাবাহার ও দারার কবর আছে। তদ্ভির ফিরোজ শা, * জাহান্দার শা, বিতীয় ও তৃতীয়

^{*} ফিরোজ শার সময় ইংরাজেরা স্বানীনভাবে বাণিজ্য করিবার সনদ পান।

শালমগীরেরও * এইস্থানে কবর আছে। এই সমস্ত গোরস্থানের চারিদিকে স্থানর বাগান আছে। বাগানের মধ্যে মধ্যে ফোরারায় জল দেওয়া হইত। বাগানের চারিদিকে দেয়াল আছে, দেয়ালের উপরিভাগে নানা রঙ্গের স্তস্তসকল বিরাজ করিতেছে।

অনস্তর সকলে সাজাহানাবাদে উপস্থিত হইলেন। এইস্থানে বাজার, হাট ও বসতি প্রভৃতি আছে। ইহার চারিদিকে প্রাচীর, ভিতরে যাইবার জন্ম কাশ্মীর, কাব্ল, লাহোর, ফরাদথানা, আজমীর, দিল্লী, রাজঘাট ও কলিকাতা গেট নামক অনেকগুলি গেট আছে। কলিকাতা গেটের মধ্য দিয়া রেলের রাস্তা গিয়াছে। দেবগণ এই গেট দিয়া প্রবেশ করিয়া চাঁদনীচকে যাইয়া উপস্থিত হইলেন।

ব্ৰহ্মা। বৰুণ ! ঐ যে দেখা যাছে, উহা কি প

বরুণ। উহার নাম জুমামসজিদ। এমন প্রকাণ্ড মসজিদ অভাপি মহুত্ত খারা নির্মিত হয় নাই। হিন্দুদিগের যেমন প্রীক্ষেত্রের জগন্নাথের মন্দির— মুসলমানদিগের তেমনি জুমা মসজিদ।

বন্ধা। সমস্তই শ্বেতপাথরের।

বরুণ। ইহা আগ্রার তাজমহলের অপেকা নীচু, কিন্তু দিলীর সকল বাডি অপেকা উচ্চ। মসজিদটি মক্কার দিকে সম্মুথ করিয়া আছে। উহা ২০১ ফিট লম্বা, ১২০ ফিট চওড়া। উহার মন্তকে তিনটি গিলটি-করা লাল ও কাল পাথরের স্বসজ্জিত স্তম্ভ আছে। ঐ মন্দির নির্মাণ করিতে দশলক টাকা ব্যয় হয়।

ইন্দ্র। এত টাকা পেতো কোথায় ?

বরুণ। ভারতের সমস্ত ধনরত্ব লুঠ করিয়া আনিয়া এইস্থানে টাকার শ্রাদ্ধ করা হইয়াছে।

ইন্দ্র। বরুণ! ঐ সমুখের প্রকাণ্ড বাড়ীট কি ?

বরুণ। উহা সাজাহান বাদশার রাজবাটি এবং কেলা। উহার প্রাচীর রক্তবর্ণ এবং আড়াই মাইল বিস্তৃত। অন্দরে জল লইয়া যাইবার জন্ম উক্ত বাদশা যে খাল খনন করান, তাহা অন্তাপি বর্জমান আছে। রাজবাটিতে প্রবেশ করিবার ছারের উপর নহবতথানা, তৎপরে কিছু দ্বে দেওয়ানী খানা। দেওয়ানী খানাতে সম্রাটের প্রকাশ্য দরবার হইত। এইছানে তাঁহার মধুর-সিংহাদন ছিল। ঐ

তৃতীয় আলমগীয় ইংরাজদিগকে দেওয়ানী প্রদান করেন।

দেবগণের মর্জো আগমন

সিংহাসন ছটি ময়ুরের উপর সংস্থাপিত ছিল বলিয়া ময়ুর-সিংহাসন বলে। ময়ুয়

ছটির পেথম, পুচছ, গাত্র এবং চক্ষ্ বছম্ল্য মণিম্কার দারা স্থসজ্জিত করা ছিল।

সিংহাসন দেখিলেই বোধ হইড, উহা আমাদের কার্ত্তিকের নিকট হইতে বলপুর্বক
লওয়া হইয়াছে।

ব্রহ্মা। বরুণ! সম্রাট যে পোশাক পরিধান করে মধুর শিংহাসনে বসিভেন, তাহার মূল্য কত ?

বরুণ। তাহার মূল্য নিরূপণ করা কঠিন। কারণ আমার নিকটে যাইয়া দেখিবার ক্ষমতা ছিল না। ঐ সিংহাসন নাদীর শা বলপুর্বক লইয়া যান।

নারা। স্ত্রীলোকদিগের সহিত মুদলমান বাদশাদিগের অনেক দোসাদৃশ্য আছে। তাহারা যেমন টাকা হাতে পেলেইগহনাকিংবাভাল কাপড়ের জন্ম ব্যয় করে, সম্রাটেরা তেমনি নগদ টাকা হাতে না রেথে সিংহাসন, মুসঞ্জিদ ইন্ড্যাদিতে ব্যয় করিতেন।

বন্ধা। ভাল, ঐ ছোট ছোট একতালা জানালাবিহীন ঘরগুলি কি ?

বরুণ। উহা সম্রাটের অন্দরমহল ! তাঁহারা বেগমদিগকে অপরে দেখিবে ভাবিয়া বড় কটে রাখিতেন। মুর্শিদাবাদের নবাবেরাও এই নিয়মে চলেন। কিন্তু কলিকাতার অনেক বাবুর নিয়ম স্বতম্ব—তাঁহারা রাস্তার ধারে অসংখ্য জানালাযুক্ত দোতলা ভেতালাতেও পরিবার রাখিয়া তৃপ্ত হইতে পারেন না। সময়ে সময়ে ভাহাদিগকে খোলা গাড়িতে পাশে বসিয়ে বিবি সাজিয়ে ইডেন গার্ডেনে হাওয়া খাইয়ে আনেন।

ব্রহ্ম। বেদে লেখা আছে—কলির শেষদশায় স্ত্রীলোকেরা স্বেচ্ছাচারিণী হয়ে যথা তথা ভ্রমণ করবে, তাহারই স্তত্ত্বপাত।

বরুণ। ওদিকে যে বাড়ি দেখিতেছেন, উহার মধ্যে বাদশার তিনটি শেত-পাথরের মানের ঘর আছে। গৃহের ভিতর অনেক নল-লাগান ঝরণাও দেখিতে পাওয়া যায়। ঐ তিনটি গৃহে উষ্ণ, শীতল ইত্যাদি জল থাকিত। জল গ্রম করিতে প্রত্যহ একশত মণ করিয়া কাষ্ঠ লাগিত।

ইন্দ্র। দেশের পালা-ঝালা আর রাথতো না বল।

ইহার পর দেবতারা চাঁদনীচকে যাইয়া দেখেন, একটি বাড়িতে কালোয়াতি গান হইতেছে। ইহারা আর কখন কালোয়াতের মূখে গান শুনেন নাই। অভএব আগ্রহসহকারে ভিতরে প্রবেশ করিলেন বটে; কিন্তু গানগুলি হিন্দি বলিয়া এক- ছত্ত্বও বৃঝিতে পারিলেন না। তাঁহারা কালোয়াতের অকভকী ও মাথা নাড়া দেখিয়া পরস্পরে গা টেপাটেপি করিয়া হেদে বাঁচেন না। তথা হইতে প্রভাগেমন কবিবার সময় প্রত্যেকে চাঁদনীচক হইতে এক-একটি গুড়গুড়ির নল এবং এক-এক-থানি বাক্সে বদান আয়না কিনিয়া লইলেন। এই সময় পদ্মযোনি একটি খাল দেখিয়া কহিলেন, "বরুণ। ও থালটি কি ?"

বঞ্গ। আলিমর্দান-নামক এক ব্যক্তি ঐ থাল থনন করায় বলিয়া উহাকে আলিমর্দানের থাল কহে। এই থালের উভয় তীর শ্বেতপাথর দিয়া বাঁধান। ইহা প্রায় ৫ ফিট গভীর ও তিন মাইল লখা হইবে। ইহার অনেকগুলি সেতু আছে এবং ধারে ধারে ওমরাহদিগের ভাল ভাল অট্টালিকা আছে। এইস্থান হইতে সকলে হাজারিবাগে যাইয়া উপস্থিত হইলেন এবং বরুণ কহিলেন, "দেখ, জনার্দ্দন! এইস্থানে মহম্মদ শা-নামক বাদশার বেগ্যের কবর আছে।"

নারা। যেখানে দেখানে কবর! দিল্লীতে যে-কত মামদো আর মাম্দী ভূত আছে বলা যায় না।

বরুণ। মহমদ শার সময় নাদীর দিল্লী আক্রমণ করেন, আছব ছা ও সায়েদ থা নামক ত্ই ব্যক্তি তাঁহাকে এখানে আনেন। নাদীর ঐ বিশ্বাস্থাতক্ষয়কে পরিশেষে শাশ্রুম্ভনপূর্বক অপমান করিয়া নগর হইতে বহিষ্কৃত করিয়া দিয়াছিলেন। তাহারা ঘণায় ও লজ্জায় বিষ ভক্ষণ করিয়া প্রাণত্যাগ করে। নাদীর এখানে রাজ্য করিবার অভিপ্রায়ে আসেন নাই। তিনি প্রথমে নগরের লোকের প্রতি অত্যাচার করেন নাই। কিন্তু হঠাৎ তাঁহার মিথাা মৃত্যু সমাচার নগরমধ্যে প্রচার হওয়ায় দিল্লী গেট হইতে লাহোর গেট পর্যান্ত লোককেপে দাঁড়ায় এবং নাদীরের ২।০ জন লোককে হত্যা করে। তজ্জ্য তিনি ক্রোধান্ধ হইয়া অন্যন বিশ হাজার লোকের প্রাণ নন্ত করেন। হত্যাকাণ্ড প্রাত্কাল হইতে আরম্ভ করিয়া ছই প্রহরের সময় সমাপ্ত হয় , ধাড়ী বাচ্ছা কেহই নিক্ষতি পায় নাই। হত্যার পর তিনি অয়ি ঘারা নগরের অনেক অংশ ধ্বংস করেন। পরিশেষে ত্র্ভাগ্য সম্রাট কাঁদিতে কাঁদিতে যাইয়া তাঁহার চরপধারণপূর্বক দান্থনা করিলে, তবে ক্ষান্ত হন এবং ময়ুর সিংহাসন সহ কোহিন্তর মণি লইয়া প্রশ্বান করেল।

ব্রমা। কোহিমুর মণি কি ?

দেবগণের মর্ভ্যে আগমন

বরুণ। এই মণি সজাজিৎ রাজা পূর্ব্যের আরাধনায় প্রাপ্ত হন। উহার জন্ম প্রীক্ষেত্র মণিচোর। নাম হয়।

ব্ৰহ্মা। সে মণি ইহারা কোধায় পেলে এবং এক্ষণেই বা কোধায় আছে ? কারণ, উহা এক সংসারে অধিক দিন থাকিবে না।

বৰুণ । মিরছুমলা-নামক দেনাপতি উহা গোলাকুণ্ডা প্রদেশ হইতে আনিয়া সাজাহান বাদশাকে নজর দেন। পরে এখান হইতে নাদীর শা লইয়া যান। নাদিরের পর মহম্মদ শা ও তৎপুত্র শা স্কলা ভোগ করেন। এই শা স্কলার সময়ে রণজিৎ সিংহ উহা লইয়া আসেন। একাণে ঐ মণি * ইংলণ্ডে ভারতেশরীর মস্তকে বিরাজ করিতেছে। আপনি বললেন "উহা এক সংসারে অধিক দিন থাকিবে না"—এই জন্য বোধ করি স্বচ্ছুর ইংরাজেরা কেটে কুটে নিয়েছেন।

ইহার পর সকলে গাজিউদ্দীনের কলেজ দেখিতে যান। যথন তাঁহারা যাইতেছিলেন, রাস্তার পার্শস্থ একটি ভাঙ্গা মদ্জিদের দার হইতে একজন ম্দলমান একটি মুরগীর গলা কাটিয়া ছাড়িয়া দিয়াছিল। মুরগী যন্ত্রণায় ছটফট করিতে করিতে আমাদের পিতামহের পদতলে আসিয়া পড়িল। পিতামহ তদ্দনি "য়ঁয়া! শ্রীবিফুঃ!" বলিয়া সরিয়া দাঁড়াইলেন।

নারা। ঠাকুরদাদা। আপনার স্ট জীব আপনার শরণ লইল, রক্ষা কয়ন।

ব্রহ্মা। ওর ভাগ্যে যাহা ছিল, ঘটিল। বিধিলিপি কে খণ্ডাইতে পারে? বরুণ। এই গাজিউদ্দীনের কলেজ, এক্ষণে ছাত্র জভাবে বন্ধ। মহারাষ্ট্রীয়েরা এখানে অত্যন্ত উপস্তব করিয়াছিল, তাহারা কবরের মধ্যে টাকা থাকে ভাবিয়া অনেক ভাল ভাল কবর নষ্ট করে। রোহিলারাও এখানে অত্যন্ত উপস্তব করিয়াছিল। নাদীর মণিম্ক্রা, মহারাষ্ট্রীয়েরা স্বর্ণ-রোপ্য এবং রোহিলারা প্রাচীর হইতে ভাল ভাল পাধরগুলি উঠাইয়া লইয়া যায়।

ইন্ত্র। দিল্লীতে আর কি আছে ?

বরুণ। ইংরাজ-গবর্ণমেণ্টের কাছারি, কলেজ, কোতোয়ালি এবং দিলী ব্যাক

একসময়ে গবর্ণর জেনারেল লর্ড মিন্টো রণজিৎকে ঐ মণির মৃল্য , জিজ্ঞাসা করায় তিনি
কছেন, "ইসকা কিন্মত পাঁচ জ্তি" অর্থাৎ ইহা কথন কেহ মৃল্য দিয়া পরিদ করে নাই ; লুভি
অর্থাৎ বলপুর্বক গ্রহণ করিয়া পাকে।

নামে ব্যাঙ্ক আছে। এথানকার পৃত্তকালয় দেখিতে ভাল। উহাতে অনেক নাগরী ও পারদী পৃত্তক আছে। দিল্লী-মিউজিয়ামে অনেক নাক কাণ, ভাঙ্গা প্রতিমৃত্তি দেখিতে পাওয়া যায়; কিন্তু কাহার তাহা দ্বির হয় না। মিউজিয়ামের ভিতরে দার হেন্রী লরেন্দা, দার চার্লদ মেটকাফ প্রভৃতি রুতিপয় ইংরাজ মহাপুক্ষের প্রতিমৃত্তি আছে। মিউজিয়ামর পূর্বাদিকে কলেজ ও কুইনের বাগান। এই বাগানের গেটে আকবর-নির্মিত জলমলের প্রতিমৃত্তিদহ কাল প্রস্তরে নির্মিত হাতী আছে। দেওয়ালীর দময় দিল্লীতে বড় দমারোহ হইয়া থাকে। এই দময়ে প্রত্যেক দোকানদার দোকানঘরগুলি উত্তমরূপে স্থাকিছত করিয়া আলো দেয়, এবং প্রত্যেক ঘরে নৃত্য-গীত হয়। মহাজনেরা এ দময়ে দংবৎসরের টাকা আদায় করে এবং হিন্দুরা লক্ষ্মীপুঞ্চা করিয়া থাকে।

এমন সময় এক ব্যক্তি "চাই দিল্লীকো লাডড়ু" "চাই দিল্লীকো লাডড়ু" বলিয়া দেবগণের নিকট উপস্থিত হইল। তথন ব্রহ্মা কহিলেন, "অনেকদিন অবধি নাম শুনা আছে, কিন্তু কথন থাই নাই।" ইক্র কহিলেন, "যদি ভাল হয়—ছেলেপিলের জন্ম সিকে পাঁচের কিনে নিয়ে ঘাইব। নারায়ণ কহিলেন, "আমিও কিছু নিয়ে গিয়ে শনি-ফনিকে থেতে দেব যে, তাহারা পচ্তাবে না।" বলিয়া, চারি পয়সা করিয়া দ্রচ্জি করিলেন এবং প্রত্যেকে ক্ষীর দিয়া ছাওয়া লাড্ডুতে কামড় মারিয়া থু থু করিয়া কাঠের গুড়া ফেলিয়া ফেলিতে পচ্তাইতে পচ্তাইতে চলিলেন।

কিয়ৎদূরে যাইয়া পিতামহ দেখেন, কতকগুলি মোলা কাছা খুলে ফয়তা দিচে। ইনি আর কথন ফয়তা দেওয়া দেখেন নাই; স্বতরাং হাসিতে হাসিতে কহিলেন "বয়ন! ওরা কি করচে ?"

বরুণ। ঈশ্বরকে ভাকচে ?

ব্ৰহ্মা। কাচা খোলা কেন?

বৰুণ। তানাহলে তিনি সম্ভষ্ট হন না।

এইসময় নারায়ণ বহুণের কাণে কাণে কহিলেন "দিলীর বাঈ ভাল শোনা ছিল; কিন্তু মাগীরা বারাণ্ডায় বদে যে গুডুক তামাক থাচে, দেখে অশ্রদ্ধা হয়ে গেল!"

रहेमत्न याहेक्का रम्वगन रमस्थन, "तुः न्याठाः" "तुः न्याठाः" मस्य विकिट्डेव

ঘন্টা হইতেছে। বরুণ তংশ্রবণে কহিলেন, "নারারণ, শীব্র ব্যাগ্ খুলিয়া টাকা দেও।" কিন্তু তিনি টাকা বাহির করিতে বিশ্ব করার বরুণ বিরক্ত হইয়া কহিলেন "মামি আর পারবো না, তুমি গিয়ে টিকিট কিনিয়া আন।"

"এ ত ভারি শক্ত কথা!" বলিয়া নারায়ণ টিকিট কিনিতে যাইলেন। দেখেন, টিকিট-ঘরের ছারে বছদংখ্যক ম্দলমান দাঁড়াইয়া রহিয়াছে। নারায়ণ, চাচাদিগের মূখের নিকট মৃথ লইয়া গিয়া "গুগো চারিথানি টিকিট দেও" বলিয়া নাকে কাপড় দিয়া "গুয়াক্" "গুয়াক্" করিতে করিতে পলাইয়া আদিলেন। বন্ধা তদ্ধনি নিকটে যাইয়া কহিলেন, "কৃষ্ণ! কি হইয়াছে ?"

নারা। বাবা! রম্থন খেয়ে এমি ঢেঁকুর তুলেছে যে, গাবমি-বমি ক'রে মারা যাই, বোধহয় ইহযুগে আর এ গা-বমি-বমি সারবে না।

বঙ্গণ ভদ্দানে হাস্থ করিতে করিতে যাইয়া, মধ্রা বৃন্দাবন দর্শনাভিলাবে হাটারসের টিকিট লইয়া গাড়িতেউঠিলেন, ট্রেণ হুপা হুপা গুপ্ শব্দে আলিগড়ে ঘাইয়া উপস্থিত হইল।

ইন্দ্র। বরুণ, এ স্থানের নাম কি ?

বরুণ। এ স্থানের নাম আলিগড়। পূর্বে এথানে কোল-নামক অসভ্য জাতিরা বাস করিত। কোলেরা অত্যন্ত ডাকাইত ছিল। রাজা জরাসদ্ধ তাঁহার জামাতা কংসের নিধন-সমাচারে ক্রুদ্ধ হইয়া যথন রুক্ষের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন, সেই সময়ে এই স্থানে শিবির সন্ধিবেশিত করিয়াছিলেন। এথানে অনেক উৎরুষ্ট জট্টালিকা আছে। এথানকার মৃত্তিকার হুর্গ বিখ্যাত। এই কেল্লা ১৮০৩ খ্রীষ্টাব্দে লর্ড লেক অধিকার করেন। অত্যাপি নগরের হুই মাইল দূরে উক্ত হুর্গের ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। পুনরায় টেল ছাড়িয়া হাটারসে উপস্থিত হইল। দেবতারা তথা হুইতে ব্যাঞ্চ-রেলে মথুরায় চলিলেন। টেলের চলন দেখিয়া দেবগণ হাস্ম করিতে লাগিলেন। নারায়ণ কহিলেন, "এ গাড়ি যেরূপ ভাবে যাইতেছে, ছুটে গিয়ে মলমুত্র ত্যাগ করিয়া আসিতে পারা যায়। বরুণ! অস্মান্ম রেলের স্থায় এ গাড়ি ক্রুত্ত গমন করিতে পারে না কেন? এবং কি কারণেই বা ইহার হু'ধারে বেড়া দেওয়া নাই ?"

বরুণ। এ গাড়ির কল ছোট ও দেশীয় চালকে চালায় বলিয়া তাদৃশ ফ্রুন্ড গমন করিতে পারে না। ইহার গমন এত ধীর যে, ছুই হাত দুরে ট্রেণ থাকিতে গো-শকট অনান্নাদেই রাস্তা অভিক্রম করিয়া যাইতে পারে; স্থতরাং বেডার কোন আবশ্যক হয় না।

যাহা হোক, টেণ গচ্ছেন্দ্রগমনে ঘাইয়। মথুরায় উপস্থিত হইল। গেটে টিকিট দিয়া দেবগণ যেমন ফটকের বাহির হয়েছেন, অমনি বাঁকে বাঁকে চোবে পাণ্ডারা আসিয়া তাঁহাদিগকে মোমাছির মত ছাাকা-বাঁকা করিয়া ধরিল এক "বাবু আমার সঙ্গে আস্থন, আমার সঙ্গে আস্থন" বলিয়া টানাটানি আরম্ভ করিল। দেবগণ কাহার ঘজমান এই কথা লইয়া পাণ্ডাদের মধ্যে মহা গগুগোল বাধিল; তথন একজন কহিল, "বাবু, আপনাদিগের নিবাস, আর পিতার নাম ।" গৃষ্টিকর্তা ভাবিয়া কহিলেন "আমাদের নিবাস শৃত্তে, পিতার নাম ঘণানাম চক্র!" দে ব্যক্তি কহিল, "হা, হা, একসময়ে ঘণানাম চক্র শৃত্ত হইতে বুলাবন দেখিতে আসিয়াছিলেন। আমি তথন ছোট ছিলাম, আমার ঠাকুর তাঁহাকে দেখেন, এই থাতাতে লেখা মাছে" বলিয়া একথানি বছকালের জীর্ণ থাতা বাহির করিল এবং বৃদ্ধ পিতামহের হাত ধরিয়া হিড়হিড় করিয়া টানিয়া লইয়া চলিল; দেবগণ অগত্যা পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। পোলের উপর হইতে দেবগণ মথ্রার দৃষ্ট দেখিয়া কহিলেন, "আহা! নয়ন ও মন চরিতার্থ হইল।"

মথুরা

মথুরায় প্রবেশ করিলে বরুণ কহিলেন, "দেখুন পিতামহ! পূর্বে এস্থানে অত্যন্ত বন ছিল, তথন দৈত্যেরা এথানে রাজত্ব করিত। উহারা রামচন্দ্র এক লক্ষণের সমকালীন। উহাদের পর রাজা কংস এবং শ্রীকৃষ্ণ এথানে রাজ্য করেন।"

বন্ধা। বৃক্ষ-লতা-পূর্ণ সন্মুখন্থ ও ঢিপিটি কি ?

বরুণ। মাটির পাহাড়। এথানে ওপ্রকার মাটির পাহাড়ের অসম্ভাব নাই। যেটি দেখিতেছেন, উহাকে কংসটোলা কহে। উহারই উপর শ্রীকৃষ্ণ কংসকে বিনাশ করেন" বলিয়া সকলে অগ্রসর হইতে লাগিলেন।

কিছু দ্র ঘাইয়া ইক্স কহিলেন, "বরুণ! ও মন্দির এবং পুষ্করিণী কাহার ? বরুণ। মন্দিরটি দেবকীর কারাগার। কংস নারদমূখে দেবকীর অপ্তম-গর্ভের সস্তানকর্তৃক নিহত হইবে শুনিয়া এইস্থানে বস্থদেব ও দেবকীর বক্ষে

দেবগণের মর্ত্তো আগমন

পাষাণ চাপা দিয়া রুদ্ধ করিয়া রাখিয়াছিল। ঐ যে স্থুপাকার প্রস্তর দেখিতেছেন, ঐ স্থানে কারাগার ছিল; মুসলমানেরা তাহা ভাঙ্গিয়া ঐ মসজিদটি নির্মাণ করিয়া রাখিয়াছে। যে পু্দ্ধরিণীটি দেখিতেছেন, ইহাতে দেবকী স্তিকা-স্থান করিয়াছিলেন। পু্দ্ধরিণীটি গোয়ালিয়রের মহারাজ্ঞ যত্ন করিয়া বাধাইয়া দিয়াছেন। ঐ ভাঙ্গা ঘরে দেবকী ও শ্রীক্ষয়ের প্রতিমৃত্তি আছে।

ইন্দ্র। দৈভোৱা সকলই পারে।

ব্রহ্ম। এ তোমার অক্সায় কথা, কেন, দেবতারাই কি সকল পারে না? তুমি বৃত্তসংহার-সময়ে কি কারণে নিরপরাধী দধীচি-মূনির অন্থি লইলে? অতএব কংস নিজের প্রাণরক্ষার জন্ত যে কাজ করিয়াছিল, তাহাতে ভাহাকে দোষ দেওয়া অক্সায়। এক্ষণে বেলা হইয়াছে, চল স্নান করে আহারের উত্যোগ করা যাক। বলিয়া, সকলে যমুনাতে স্নান করিতে উপস্থিত হইলেন।

বরুণ। এই যমুনা পার হয়ে বস্থাদেব গোকুলে শ্রীকৃষ্ণকে রেখে আদেন।

বন্ধা। আহা ! কত উত্তম উত্তম বাঁধাৰাট উভয়তীরে বহিয়াছে ।

বরুণ। ঐ যে পরপারে ঘাট দেখিতেছেন, ঐ ঘাটে পৃতনাকে দক্ষ করা হয়। এই পৃতনা-রাক্ষসী শ্রীক্লফের নিধন জন্ম স্তনে বিধ মিশ্রিত করিয়া বৃন্দাবনে এসেছিল। শ্রীকৃষ্ণ এমন জোরে তাহার স্তন টানেন যে, তাহাতেই তাহার মৃত্যু ঘটে। এই ঘাটকে বিশ্রামঘাট কহে। কৃষ্ণ ও বলরাম কংসকে নিধন করিয়া এই ঘাটে বিশ্রাম করিয়াছিলেন। সন্ধ্যার সময় ব্রজবাসীরা আসিয়া যথন যম্নাদেবীকে আরতি করে, তথন ঘাটের বড় চমৎকার শোভা হয়।

নারা। **জলে যে** কচ্ছপ, সান করি কিরপে ? গুনেছি কাছিমে কামড়ারে মেঘ না ভাকলে ছাডে না।

ইন্দ্র। তৃমি নির্কিছে স্নান কর; যদিই কাছিমে ধরে, আমি মুল্লুকের মেঘ-সকলকে ডেকে দেব।

নারা। তারপর রক্ত-ছোটা জলুনীর কি?

ইন্দ্র। উপরে বিস্তর পাথুরে কয়লা পড়ে আছে—ঘষে দিলেই সেরে যাবে। আহা । এত কাছিম স্বর্গে থাকলে বুনোপাড়ার লোক থেয়ে ভূট করতো।

বঞ্গ। এখানেও কাছিম-খেগো বিস্তর আছে, কেবল তীর্থস্থান বলে জীব হত্যা করতে পায় না। ভাল, পিতামহ! বুন্দাবনে এত কাছিম কেন? ক্রনা। তীর্থ করিবার অভিপ্রায়ে এখানে এসে যাহারা পাপ করে, ভাহারাই কচ্চপ্রোনি প্রাথ হয়।

দেবগণ গামছায় করিয়া জল গইয়া যোগে যোগে স্থান করিলেন এবং আহারাদি করিয়া অপরাহে একাযোগে বৃন্দাবনে চলিলেন, দেবগণের একাও যেমন সবেগে বৃন্দাবন অভিমূথে ছুটিল, ৮০।২০ জন ভিক্ষুক বালকও পশ্চাৎ পশ্চাৎ শবাব্মহাশয় একটি পয়দা" "কর্জাবাবু একটি পয়দা" বলিয়া চীৎকার করিতে করিতে ছুটিল। ভাহারা বৃন্দাবনের অর্দ্ধেক রাস্তা পর্যান্ত যাইলে পিতামহ কহিলেন, "কৃষ্ণ। ছু'চারটি পয়দা দেও।"

নারা। দেখা যাক্ না – বেটারা কতদূর দৌড়িতে পারে ?

ব্রদা। ছি! তুমি এমন নিষ্ঠ্য হইতেছ কেন? যদি ছুটিতে ছুটিতে মারা পড়ে? এ পাপের প্রায়শ্চিত ভোমাকেই ভোগ করিতে হইবে। দ্র হইতে তাঁহারা শেঠদের ঠাকুরবাডির সোনার ভালগাছ দেখিতে পাইলেন।

ব্হনা। বৃহণ । ও তালগাছ কাহাদের ?

রন্দাবন

দেবতারা বৃন্দাবনে উপস্থিত হইয়া গোবিন্দজীর মন্দিরের সন্নিকটস্থ চৈতক্রদাস বাবাজীর কুঞ্জে বাসা লইলেন। চৈতক্রদাস বাবাজীর বয়স ৭০।৭৫ হইবে, তাঁহার আজাহলম্বিত শাশ্রু শণের ক্রায় ধপধণে সাদান বাবাজী প্রায়ই ৬০।৭০ জন দেবাদাসী লইয়া বিরাজ করেন। দেবগণ তাঁহার সহিত আলাপ করিয়া বিশেষ অসম্ভই হইলেন। কারণ, দে বৈষ্ণব অথচ ভাগবতের কোন বিষয়ই জানে না; কথাবার্ত্ত। এত খারাপ যে, শুনিলেই বোধহয় এ ব্যক্তি ইত্তর-জাতীয় দম্য ছিল, রাজদণ্ডভয়ে বৃদ্দাবনে আসিয়া ভেক লইয়া ছন্মবেশে আছে। দেবরাজ কহিলেন, "বাবাজীর চৈতক্রদেবের কথা কিছু জানা আছে?"

"জানি বই কি" বলিয়া বাবাজী কহিল, "চৈতন্তদেব শচী মায়ের ব্যাটা। তিনি যখন সন্নাসী হয়ে লবধীপ হতে পেলয়ে আসেন, চাকদার ঘাটে একজন মালোর কাছ হতে চাটি মচ্চ চেয়েছিলেন, কিন্তু সে তা দেয়নি, সেই পাপে যথন আত্তিরে বেঁউতি জাল পাত্তে যায়, কুমীরে ধরে থেয়েলো।"

দেবগণ ইহার পর নগরভ্রমণে বাহির হইলেন এবং কহিলেন, "বরুণ! ও চ্ছাবিহীন মন্দিরটি কাহার ?"

বরুণ। গোবিস্পার পুরাতন মন্দির। ইহা নগরের মধ্যে সকল মন্দির অপেক্ষা উচ্চ। দিল্লী হইতে ইহার চূড়া দেখা যাইত বলিয়া সমাট আওরঙ্গজেব ভাঙ্গিয়া দেন। একণে বিগ্রাহ ওদিকের ঐ নৃতন মন্দিরে আছেন।

ব্রহ্ম। আহা কি অত্যাচার ! যবনেরা প্রায় সর্বত্রই দৌরাত্ম্য করিয়াছে। যবনেরা আর কিছুদিন ভারতবর্ষে আধিপত্য কল্লে যথার্থই হিন্দুর নাম পর্যান্ত লোপ পাইত।

দেবগণ ইহার দ্বারে । তে করিয়া ভেট দিয়া বাটির মধ্যে প্রবেশ করিয়া দেখেন, গোবিন্দন্ধী রাধা ও ললিতার সহিত মন্দিরে বিরাজ করিতেছেন। ইনি দিবসের এক-এক ভাগে এক-এক বেশে স্বস্থিত হন। বংশীটী সকল সময়েই হাতে থাকে।

বরুণ। এই মৃর্তি মাম্দের ভয়ে গর্ভের মধ্যে লুকায়িত ছিলেন। বলরাম আচার্য্য বাহির করেন। পরিশেষে অনেক উপদ্রব সহু করিয়াও আওরঙ্গঞ্জেরের ভয়ে ঘারকায় পলান। তথায় অত্যাপি ঘারকানাথ নামে বিগ্রহ আছেন। তাঁহার মলিরকে মানমন্দির কহে। উহা পৃথিবার মধ্যে বৃহৎ ও বিখ্যাত। গোবিল্দঙ্গী অত্যাপি জয়প্রের মহারাজের তত্বাবধানে আছেন। শ্রীকৃষ্ণ অত্যস্ত মাথন ভালবাসিতেন, এমন কি সময়ে সময়ে বেদালি হইতে চুরি করিয়া খাইতেন বলিয়া ইহার সেবায় অধিক পরিমাণে মাথন দেওয়া হয়। ইনি যত্বংশের পৃর্বপ্রুষ বলিয়া বাজপুতেরা অত্যন্ত ভক্তি করে। জয়পুরের রাজা ইহার দেবার জন্ত বুন্দাবনের এক-তৃতীয়াংশ দান করিয়াছেন। ইহার ভক্তেরা বৈরাসী।

ইন্দ্র। বৈরাগীরা কি প্রকার ?

বরুণ। উহাদের মাথা ওলের স্থায় কামান, মধ্যন্থলে ওরম্জের বোঁটার স্থায় চৈতন, হাতে কুড়োজালি এবং সর্ব্বাঙ্গে হরিনামের তিলক, পরিধান কোপীন, গলায় হরিনামের মালা। বলিতে বলিতে সেই স্থান দিয়া কতকগুলি বৈরাগী "জয় রাধা" শব্দ করিয়া চলিয়া গেল। দেবগণ ভাহাদিগকে দেখিয়া হাস্থ করিতে লাগিলেন। ক্রমে সন্ধ্যা হইল। দেবগণ আর নগরভ্রমণে বাহির হইলেন না। তাঁহারা বাসায় বসিয়া অনেক স্থ-ছু:থের কথা আরম্ভ করিলেন। এই সময়ে পদ্মযোনি আফিংয়ের কোটা বাহির করিয়া তাহা হইতে কিঞ্চিনায় শুনেছি আফিং দিয়া নরম করিয়া গুলি পাকাইতে পাকাইতে কহিলেন, "পাটনায় শুনেছি আফিং দস্তা, যেথান হতে কিছু কিনে নিতে হবে" বলিয়া টাক্রায় কেলিয়া দিয়া কোঁত করে গিলে ফেলেলন এবং কহিলেন, "দেখ কৃষ্ণ! এত ছুধ খাচিচ, কিন্ধ মঙ্গলার (ব্রহ্মার গাই-গরুর নাম) ছুধের মত মিষ্ট লাগে না। আজকাল সে আড়াই সের করে ছুধ দিচেচ।"

नाता। आभारक य अक्टो वाङ्कत प्रत्वन वरनिहित्नन ?

ব্রহ্ম। হা, দেব—কিন্তু এবার নর, এবারকারটা ভরণীকে দিতে হবে, সে অনেক দিন প্যান্ত চাচেচ।

ক্রমে নানা কথায় রাত কাটিল। প্রাতে উঠিয়া দেখেন, একটি ছঃখিনী বাঙ্গালী-রমণী আসিয়া তাঁহাদের ঘর-মার পরিষ্কার করিয়া দিতেছে। পিতামহ তাহাকে দেখিয়া কহিলেন, "মা, তুমি কে? আর কি কারণেই বা আমাদের ঘর-মার পরিষ্কার করিয়া দিতেছ ?"

স্ত্রীলোক। বাবা, আমি ছৃ:খিনী বঙ্গ রমণী। একসময় আমার স্থামী, পূত্র, বিষয়, বিভব সকলই ছিল; কিন্তু বিধাতা আমার সহিত বাদ সাধিল; স্থামী-পূত্র সব হারালাম, জ্ঞাতিতে বিষয় কাড়িয়া লইল। একণে আমি বুন্দাবনে বাস করিতেছি। যেকোন ভদ্রলোক এখানে তীর্থদর্শনে আসেন, তাঁহার কাজকর্ম করিয়া দিই এবং তাঁহারা স্বেচ্ছাপূক্র ক যা ছুই-এক পয়সা দেন, তাহাতেই জীবিকা নিকর্বাহ করি।

এই সময় একজন বাবাজী উচ্চৈঃম্বরে কাঁদিতে কাঁদিতে আসিয়া দেবগণের ক্ঞ্জমামী বাবাজীকে কহিল,—"বাবাজী! শীপ্র উঠে বাহিরে এস, আমার সর্ব্বনাশ
হয়েছে!" চৈতক্সদাস বাবাজী তথপ্রবণে বাহিরে আসিয়া সবিম্ময়ে কহিল, "কি
হয়েছে?"

১ম। কলিকাতা হইতে কতকগুলো ছোড়া যাত্রী এসেছিল জান ?

२ ग्रा कानि।

১ম। (ক্রন্দন করিয়া) আমার ছোট দেবাদাসীকে নিয়ে পালিয়েছে।

২য়। গোবিন্দ। এখন করতে হবে কি?

দেবগণের মর্ত্ত্যে আগমন

১য়। এখনও বেশী দুর যায় নাই, চল, দলবল নিয়ে ছিনিয়ে আনি।

২য়। গোবিন্দের ইচ্ছা যাহা তা ঘটিয়াছে, আমি ত আর যাইবার আবশুক দেখি না।

প্রথম তৎশ্বনে নিরস্ত হইল বটে, কিন্ত ছোট সেবাদাণীর রূপ, গুণ ও বয়স যত মনে হইতে লাগিল তত ক্রন্সন করিয়া মাটি ভিজাইতে লাগিল।

দেবগণ যম্নাতে স্নান করিয়া নগরভ্রমণে চলিলেন। চৈত্তাদাস বাবাজীর দেবাদাসীর দলও ভিকায় বাহির হইল।

ব্রহা। বুনাবনে এত মন্দির কাহার ?

বরুণ। এথানে জয়পুর, সিদ্ধিয়া, হোলকার এবং বর্দ্ধমান প্রভৃতি স্থানের মহারাজেরা এবং অনেক জমিদার মন্দির প্রতিষ্ঠা করিয়াছেন। প্রত্যেক দেবালয়ে একশত টাকা হইতে দশ টাকা পর্যান্ত প্রত্যেহিক পূজার বরাদ আছে। অনেক যাত্রী এখানে আজীবন প্রদাদ থাইয়া কাটায়। ক্রমে সকলে গোপীনাথের মন্দিরের নিকট যাইয়া ত্বারে ॥ আনা করিয়া ভেট দিয়া বাটির মধ্যে প্রবেশ করিলেন।

বরুণ। শ্রীকৃষ্ণ গোপীদিগের কর্তা ছিলেন বলিয়া তাঁহার নাম গোপীনাথ হয়। তিনি যে বেশে গোঠে যাইয়া কালিন্দীতীরন্থ বনে বনে শ্রীরাধিকার হাত ধরিয়া পরিভ্রমণ করিতেন, এ মন্দিরে সেই প্রতিমৃত্তি আছে। কালিন্দীতীরন্থ দেই বন অভাপি বর্ত্তমান আছে। ছঃথের বিষয়—বংশী নীরব।

দেবতারা গোপীনাথ দেখিয়া কেশি-ঘাটে ঘাইয়া উপস্থিত হইলেন।

বরুণ। শ্রীক্লফ এই ঘাটে কেশি-নামক দৈত্যকে সংহার করেন বলিয়া ইহার কেশি-ঘাট নাম হইয়াছে। এই ঘাটেই তিনি থেয়া দিতেন। এজস্ত অভাপি একথানি নৌকা ঘাটে বাধা রহিয়াছে।

हेस । नारायन वृक्तावरन कन्नश्रहन करत व्यत्नक व्यताहे व्यत्नह्न ।

বৰুণ। ওঁয়ার দোষ নাই, উনি রাথালদের অসৎসঙ্গে মিশেই থারাপ হয়ে যান; নচেৎ ওঁয়ার বৃদ্ধিগুদ্ধি বেশ ছিল। এখানকার মত গ্রামে গ্রোমে বিভালয় থাকলে বিলক্ষণ বিভা শিক্ষা করে মথ্রায় রাজত্ব করতে পারতেন। যাক, গত বিষয়ের জন্ম অফুতাপ বৃথা। ওদিকে যে ঘাট দেখিতেছেন, ঐ ঘাটে গ্রিক্ষ বকাস্থ্যকে বধ করেন, আর এই বৃক্ষটিকে বস্ত্রহেণের বৃক্ষ কহে।

ইন্দ্র। খাপরের গাছ এক্ষণেও যেরূপ ছোট, তথন বোধ করি অভ্র মাত্র চিল।

ব্রহ্মা। গাছটি বেঁটেও হতে পারে।

বরুণ। আছে, আসল গাছটি নাই এটি নকল বৃক্ষ। প্রসা উপার্জ্জনের জন্ম পাপোরা এইটিকে আসল বলিয়া ঘাত্রিগণের নিকট হইতে প্রসা লয়।

ব্রনা। বস্ত্রহরণ কি ?

নারায়ণ বরুণকে চক্ষম্বারা ইঙ্গিত করিয়া বলিতে বারণ করিলেন।

বক্তণ। ইনি ঠিক স্নানের সময় এই বৃক্ষে উঠিয়া পাতার মধ্যে ল্কাইয়া থাকিতেন, গোপীর। আসিয়া যেমন উলঙ্গ হয়ে ঘাটের ধাপে বস্তুগুলি * রাথিয়া জ্বলে নামিত, অমি ইনি ধীরে ধীরে নামিয়া সমস্ত কাপড় লইয়া গাছে উঠিতেন এবং প্রত্যেক শাথায়-প্রশাথায় বস্তুগুলি ঝুলাইয়া বংশীধ্বনিপূর্বক নিজের বাহাত্বরি জ্বানাইতেন। পরিশেষে মাগীরা অনেক কাকৃতি মিনতি করিলে বস্ত্র দিয়ে হাসতে হাসতে ঘরে যেতেন। ওদিকে কালিদহ দেখন। ঐ ঘাটে শ্রীক্রম্ফ কালিয়-সর্পকে নত্ত করিয়াছিলেন। ঐ যে কদম্বগাছ দেখিতেছেন, উহার নাম কালিকদ্ম। উহারই উপর হইতে তিনি জলে ঝাঁপ দিয়া সর্পকে সংহার করেন। এখানে বংসর বংসর একটি করিয়া মেলা হয়, সেই সময়ে অনেক যাত্রী আসিয়া মেলাতে যোগ দিয়া থাকে।

পরে সকলে যাইতে যাইতে এক স্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন "পিতামহ! আপনার শারণ থাকিতে পারে, একসমগ্র আপনি শ্রীক্ষণ্ডের সহিত কৌতু করিবার অভিপ্রায়ে পশ্বিবেশে আসিয়া এই স্থান হইতে কতকগুলি পারু, বাহুর এবং বালককে হরণ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণ তদ্বর্গনে ঠিক সেইপ্রকার গারু, বাছুর এবং বালক স্থান্ট করিলে আপনি যাহা যাহা লইয়া যান, সেই সমস্তই প্রত্যাপণ করেন। এই স্থানের নাম তদবধি ব্রহ্মকৃত হইয়াছে। এখানে হরহরির মৃত্তির ভায়ে প্রতিমৃত্তি আছে, তাহাকে লোকে গোপেশ্বর বলে। বিখ্যাত হরিদাস গোস্থামীর সমান্ধ ও সমাধিস্থানও এই স্থানে। একসমগ্রে সম্বাট্ আকবর নোকাযোগে যম্না দিয়া যাইতে যাইতে গোস্থামীর সঙ্গীত শ্রবণ করিয়া মোহিত হন এবং গুপ্তবেশে যাইয়া আত্মপ্রকাশপূর্বকে তাঁহাকে জনেক টাকা কড়ির

অভাপি ব্রজ্বাসিনীরা ইক্সপে স্থান করিয়া থাকে।

দেবগণের মর্ছ্যে আগমন

প্রালোভন দেখাইয়া দিল্লীতে যাইতে কহেন। তিনি অর্থ যে অকিঞ্চিৎকর বন্ধ, তাহা বিশেষরূপে বুঝাইয়া পাটনা-নিবাসী তানসান নামক ১৯।২০ বৎসরের নিজ শিশুকে সম্রাটসহ পাঠাইয়া দেন। তানসান দিল্লীতে ঘাইয়া মৃসলমানধর্ম গ্রহণ করেন।

ইহার পর সকলে পুলিনে ঘাইয়া উপস্থিত হইলে পদ্মযোনি জিজ্ঞাসা করিলেন, "শ্রীকৃষ্ণ এখানে কি লীলা থেলেন ?"

বরুণ। এই স্থানে তিনি গোপীদিগের সহিত কেলি করিতেন। এথানে দালাবাব্র ক্বত এক ক্রফম্র্তি আছে। এই লালাবাব্ শেষ-দশাতে সংসারধর্ম পরিতাগে করিয়া এখানে আসিয়া বৈষ্ণব চইয়াচিলেন।

ব্ৰহ্ম। লালাবাব বৈষ্ণব হন কেন?

বরুণ। কথিত আছে এক ধীবরপত্মী মংস্য বিক্রয়ের টাকা চাহিতে আসিয়। কছে "বেলা পোল—পারে যাব কথন ?" এই কথা শ্রবণে লালাবাবুর মনে উদয় হইল—"বেলা অর্থাৎ জীবন প্রায় গত হইল, পারে যাব অর্থাৎ কথন এ হস্তর ভবনদী কি প্রকারে পার হব ?" এই ভাবিয়া সংসারে তাঁহার বৈরাশ্য হয়। তিনি বৈশ্ববধর্ম গ্রহণ করেন।

ব্রন্ধা। দেই মহাপুরুষ এথানে আসিয়া কি কি সৎকার্য্য করিয়াছিলেন ?

এই কথাতে বরুণ দেবগণকে লইয়া লালাবাবুর কুঞ্জের দ্বারে উপস্থিত হইয়া দেখেন, বিস্তর লোক থাতাপত্র লইয়া হিদাব করিতেছে। দেবতারা এক-এক টাকা ভেট দিলে একজন কেরাণী থাতাতে তাঁহাদের নাম ও কুঞ্জের ঠিকানা লিখিয়া লইয়া, কত দিন বুন্দাবনে আছেন জিজ্ঞাসা করিয়া লইলেন।

বন্ধা। বৰুণ। তুমি লালাবাবুর বিষয় আমাকে বল।

বরুণ। ইনি মুরশীদাবাদ জেলার অন্তর্গত জেমোকাঁদি-নামক স্থানে জন্মপ্রাহণ করেন; জাতিতে কারস্থ। গবর্গর হেষ্টিং সাহেবর দেওয়ান গঙ্গাগোবিন্দ
সিংহের ইনি পৌজ। ইহার প্রকৃত নাম দেওয়ান রুক্ষচন্দ্র সিংহ। ইনি কিছু
সময়ের জন্ম কটক ও বর্জমানের কালেক্টরের দেওয়ানী করিয়াছিলেন। লালাবার যৌবনকালেই সংসার হইতে অবসর লইয়া বৃন্দাবনে যাইয়া বাস করেন। ঐ
স্থানে মন্দির ও রাধা-কান্থ নামক সরোবর প্রতিষ্ঠা করেন।

े हेशत अब दिन्यान ठीकूत्रवाष्ट्रिय मध्या श्रादम कविदन वक्ष्म कहिएनन, "नानावान्

ঐ কৃষ্ণমৃষ্টি প্রতিষ্ঠা করিয়া উহার নামে চল্লিশহাজার টাকা আয়ের বিষয় করিয়া দেন। দেব-সেবার বরাদ প্রত্যহ একশত টাকা। প্রতিদিন এখানে পাঁচশত লোক প্রদাদ খাইয়া থাকে। পনর দিনের বেশী একজনকে আহার দেওয়া হয় না। লালাবাবু স্বয়ং ছারে ছারে ভিক্ষা করিয়া যাহা পাইতেন ভাহাই আহার করিতেন। ব্রজমায়ীরা তাঁহাকে ভিক্ষা দিবার জন্ম ফটি প্রস্তুত করিয়া রাখিত। সেই হতে এখানে লালাবাবুর ফটি নামে একপ্রকার ফটির নাম হইয়াছে।

বন্ধা। আহা ! লালাবাবু কি মহাপুরুষই ছিলেন, তাঁহার বিষয় আরো বল ।

বরুণ। শেষ-দশাতে তিনি গোবর্দ্ধনগিরির গুহায় বাস করেন। ঐ স্থানেই তাঁহার মৃত্যু হয়। তথায় লালাবাব্র কুঞ্জ আছে। কুঞ্জের সন্নিকটে তিনি জায়েন-মন্দিরনামক একটি উৎকুষ্ট মন্দির প্রতিষ্ঠা করেন, মন্দিরের মধ্যে রংজী-নামক প্রতিমৃত্তি আছে। এই কথা বলিয়া সকলে নিধুবনদর্শনে গমন করিলেন।

নিধুবন উপস্থিত হইয়া ইন্দ্র কহিলেন, "একি সেই নিধুবন ? আমরা দোলের সময় যে গান করি—

> 'আজ হোলি খেলবো শ্রাম তোমার দনে। একলা পেয়েছি তোমায় নিধ্বনে।'

এ নিধুবন কি পেই নিধুবন ?"

বরুণ। হাঁ ভাই! এই বনে আদিয়া শ্রীকৃষ্ণ বন্দুল তুলে মালা গেঁখে নিজ গলে পরিধান করিয়া কদম্পাছে উঠে পা দোলাইতে দোলাইতে বংশীধনি করিতেন, অমনি ইন্ধিত অনুসারে ব্রজগোপীরা জল লইবার ছল করিয়া আদিয়া জাঁহার দহিত দাক্ষাং করিয়া যাইতেন। এই বনেই তিনি রাধিকাকে রাজা দাজাইয়া স্বয়ং কোটাল দাজেন। এ যে পুক্রিণী দেখিতেছ, উহাকে ললিতাকুণ্ড কহে।

এই সময়ে কতকগুলি বানর আদিয়া দেবগণের হস্ত হইতে সঙ্গোরে গুড়গুড়ির নলগুলি লইয়া নিকটম্ব একটি বটবৃক্ষে উঠিয়া বদিল। পিতামহ "তু" শব্দে কুকুর ডাক ডাকিয়া তাহাদিগকে মারিতে উচ্চত হইলে বানরগণ রাগে নলগুলি খণ্ড খণ্ড করিয়া তলায় ফেলিয়া দিয়া দাঁত খিচাইতে লাগিল।

দেবগণের মর্ত্তো আগমন

ব্ৰহ্মা। আহা! এমন নলগুলি একেবারে নষ্ট করে দিলে; বেঁধে ছেনে ফে কাল চালাব, সে পথও রাখেনি। বাড়ি গিয়ে ফরসিতে লাগিয়ে যদি একছিলেম মিঠেকড়া তামাক খেতে পেতেম, মনে এত আপসোস হতো না। কেনই বা গডাগড়া কিনিবার জন্ম এগুলো হাতে করে এনেছিলাম!

বরুণ। ওদের মারতে গিয়া রাগনে অস্তায় হয়েছে, কিছু থাবার দিলে আাননারাই দিয়ে যেতো। বৃন্দাধনে বানরের অত্যন্ত উপত্রব। মাধ্যকী নিন্ধিয়া এই সমস্ত বানরের সেবার জন্ম অনেক টাকা জমা দিয়ে গিয়াছেন। এথানে কেছ্ বানরের প্রতি অত্যাচার করে না।

ইন্দ্র। তোমার মূথে শুনেছি, ইংরাজের। অত্যন্ত শিকারপ্রিয় , কিন্ধু তাঁহার। নোধহয় তীথের বানর বলিয়া এগুলোকে হতা। করেন না।

ব্রন্ধা। বানরের মাংস থায় না, কি করতে মারবে १

বক্ষণ। আজেনা, পূর্বে মথ্রা হইতে পালে পালে রাজপুক্ষেরা এখানে আদিয়া বানর, হরিণ এবং মধুর শিকার করিতেন, রাজা রাধাকান্ত দেব বাহাত্র দরখান্ত করিয়া বানর মারা রহিত করেন।

ব্ৰহ্মা। সেই মহাপুৰুষ কে ?

বৰুণ। বিখ্যাত শব্দকল্পজ্জম-লেখক। তাঁহারও এথানে মন্দির ইত্যাদি আছে।

ইন্দ্র। বরুণ! ওদিকে যে প্রকাণ্ড মন্দির দেখা যাচেছ, উহা কাহার প্রতিষ্ঠিত ?

বরুণ। ভরতপুরের মহারাজার। ঐ মন্দির নগরের মধ্যে উৎকৃষ্ট। মন্দিরের সম্লিকটে রূপ-গোস্বামীর আশ্রম আছে।

ইন্দ্র। মন্দিরমধ্যে কি প্রতিমৃত্তি আছে ?

বরুণ। গোবিন্দমহলে গোবিন্দ আছেন। ইনি বনমধ্যে শ্রুনায়িত ছিলেন। গাভীসকল প্রত্যহ যাইয়া তৃগ্ধ থাওয়াইয়া আসিত। পরিশেষে রূপ-সনাতন খপ্রে দেখিয়া ঠাকুর বাহির করেন।

এথান হইতে দেবগণ মদনমোহন দেখিতে যান এবং তথায় উপস্থিত হইয়াবকণ কহেন, "কুৰা এই মূৰ্ত্তি পূজা করিত, মধ্রা ধ্বংস হইলে মূর্ত্তিও অদুখা হন। রূপ-সনাতন ইহাকে এক চোবেনীর গৃহ হইতে বাহির করেন। চোবেনী খেলনা ভাবিয়া তাহার ছেলেকে খেলা করিতে দিয়াছিল। নৌকা ডাঙ্গায় আটকাইলে মদনমোহনের পূজা মানিলে জলে ভাদে, এজন্ত সদাগরদিগেল ছারা ইহার এই মন্দির, অতিথিশালা এবং মথেষ্ট বিষয় হইয়াছে।"

ব্রন্ধা। রূপ-সনাতন কে?

বরুণ। রূপ এবং সনাতন তুই ভাই পূর্বে মুসলমান ছিলেন। পরে চৈতগুদেব কর্ত্বক বৈক্ষবধর্মে দীক্ষিত হইয়া রূপ-গোস্বামী উপাধি প্রাপ্ত হন। বৃন্দাবন মধ্যে ইচাদের সমাজ বৃহৎ এবং বিখ্যাত। সমাজের সন্নিকটম্ব তেঁতুস্তলায় অভাপি হৈত্যাদেবের পদ-চিহ্ন দেখিতে পাওয়া যায়।

ব্রহ্ম। রূপ-গোস্বামীর সংসারে বিরাগ হইবার কারণ কি ?

বরুণ। কথিও আছে—রূপ নবাব সরকারে কর্ম করিতেন। একদিন বর্ধাকালের অন্ধকার রন্ধনীতে তাঁহার প্রভু তাঁহাকে ডাকিয়া পাঠান। জলে ভিজিতে
ভিজিতে কাদার উপর দিয়া যথন তিনি নবাব-সন্ধিধনে গমন করেন, এক মেথরানী
কৃটিরের মধ্যে মেথরকে জিজ্ঞাসা করিল, "এ অন্ধকারে কাদা ভেক্নে কে যায় ?"
মেথর কহিল, "কুকুর।" মেথরানী কহিল "না, কুকুর এ অন্ধকারে বাহির হবে না,
এ নি:সন্দেহ চাকর। কারণ কুকুরেরও একট্ স্বাধীনতা আছে। তাহারা
স্বেচ্ছামত অনেক কাজ করিতে পারে, কিন্তু তুর্তাগা চাকরের ভাগ্যে তা হবার যো
নাই।" এই কথা শ্রবণে রূপ-গোস্বামী আপনাকে ধিকার দিয়া ও কুকুরেরও অধম
জানিয়া সংসার পরিত্যাগপুর্বক বৈষ্ণব হন।

দেবগণ এম্বান হইতে নিকুঞ্জবন-দর্শনে গমন করেন এবং উপস্থিত হইয়া বরুণ কহেন, "এই নিকুঞ্জবনে শ্রীকৃষ্ণ রাধিকাকে বামে বসাইয়া মনের হরিষে গান গাইতেন।"

ব্রদা। ও ছোট ঘরটি কি ? আর উহার মধ্যে থাট-পালক কেন ?

বরুণ। এই থাটে প্রতিদিন সন্ধ্যার সময় পূপশ্যা করিয়া রাথা হয় এবং প্রাতে দেখিয়া বোধ হয় যেন কোন ব্যক্তি শয়ন করিয়াছিল। কেন এমন হয়, কেহ রঙ্গনীতে আসিয়া দেখিয়া যাইতে সাহস করে না। একজন চোবে দেখিবার জন্ম একরাত্তি এখানে বাস করিয়াছিল; কিন্তু প্রাতে দেখা যায়, সে বোবা হইয়া বাক্যরহিত হইয়াছে।

এই সময়ে দেবগণ "দাহেব আদ্তে" "দাহেব আদ্তে" শুনিয়া, পথ ছাড়িয়া

দেবগণের মর্ছ্যে আগমন

পার্ছে গিয়া দাঁড়াইলেন। বরংবার সাহেবের মুখের দিকে এবং গাছের দিকে চাহিতে লাগিলেন। সাহেব্নিকটে আসিয়া "বাঙ্গালী—টোম্রা কি দেখিতেছে" বিদ্যা চলিয়া গেল।

ইন্দ্র। বাঃ! সাহেব ত বেশ বাঙ্গালা কথা বলে, যেন ময়নাপাখি কপচে

বরুণ ৷ ঠাকুরদা, আপনি অত গাছের দিকে তাকাতে লাগলেন কেন ?

ব্রদা। পাথরের মত ছাল, ওটা কি-তাই, দেথছিলাম।

বক্ষণ। "এইটি একটি নৃতন রকমের বছকালের পুরাতন বৃক্ষ।" এই বলিয়া সকলে তথা হইতে বন্ধবিহারী দেখিতে যান এবং উপস্থিত হইয়া বক্ষণ কহেন, "ইনিই বন্ধবিহারী, এই মূর্ত্তি বৃন্ধাবনের সকল মূর্ত্তি অপেক্ষা বৃহৎ ব্রন্ধবাদী দিগের ইনিই উপাশ্য দেবতা।"

ইন্দ্র। ইহার বামে রাধা নাই কেন । কৃষ্ণ ত তিলার্দ্ধমাত্র রাধিকাকে ছেড়ে থাকতে পারতেন না।

বরুণ। কথিত আছে—ব্রজবাদীরা ইহার বামে এ৪ বার রাধিকা দিয়াছিল, কিন্তু ইনি লজ্জায় টেনে ফেলে দেন। অনেকে বলে "ইনি রজনীতে প্রকৃত্ত রাধিকার সহিত বিহার করিতেন বলিয়া কৃত্রিম রাধিকা বামে লয়েন না।" প্রাতে নয়টার কম ইহার নিজাভঙ্গ হয় না, স্বতরাং তৎপূর্বেম মিদিরের দ্বারও থোলা হয় না। কাকের ডাকে পাছে নিজা ভঙ্গ হয়, এই আশব্রায় কাকগণ সন্ধ্যার পূবের বুদাবন ছেডে মথুরায় ঘাইয়া আশ্রেয় লয়। ব্রজবাদীরা প্রত্যেহ সন্ধ্যার সময় আদিয়া ইহাকে আরতি করিয়া থাকে।

এখান হইতে দেবতারা রাধারমণ দেখিতে যান। ইনি শালগ্রামশিলা; গোপাল ভট্ট ইহার পূজা করিতেন। এক্ষণে প্রতিমূর্তি নির্মাণ করিয়া তমধ্যে ঐ শালগ্রাম রাখা হইয়াছে। তথা হইতে সকলে গোবর্দ্ধন পর্বতে যাইয়া উপস্থিত হন এবং ব্রদ্ধা কহেন "এই স্থানে কি লালুবাবু শেষ দশাতে আসিয়া ৰাস করেন?"

বঞ্গ। আজে হাঁ। এই শ্বানে তিনি বাস করেন এবং এই স্থানেই হঠাৎ পতিত হইয়া তাঁহার অপমৃত্যু ঘটে।

বন্ধা। কেন? কেন? অমন মহাপুরুবের ভাগ্যে অপমৃত্য!

বরুণ। কারণ এই তিনি বৈষ্ণব হইয়া নৌকাযোগে (তথন রেল ছিল না) বুন্দাবনে আসেন, পথিমধ্যে কাশীর ঘাটে উপস্থিত হইয়া নৌকার প্রদা ফেলে দিতে আজ্ঞাদেন।

रेखा। পরদা ফেলে দিবার আজ্ঞা দেন কেন ?

বরুণ। তিনি বৈষ্ণব, শৈব তীর্থস্থান দেখবেন! এ কি কখন হতে। পারে ?

ব্রহ্মা। ঐ ত বাঙ্গালীর দোষ। ঈশ্বর ভেবে উপাদনা করিতেও দলা-দলি করিয়া পাপ করিয়া বসে। ঈশ্বর কি ভিন্ন? দেশভেদে, কালভেদে তিনি ভিন্ন ভিন্ন আঞ্বতি ধরিলেও মূলে সেই এক মাত্র।

বক্ষণ। গোবর্দ্ধনপর্বত সম্বন্ধে লোকে বলে, "হস্তমান যথন বিশল্যকরণীসহ সক্ষমাদন-পর্বত প্রন্ধে লইয়া লক্ষণকে বাঁচাইতে যান, ভরতের বাঁটুলঘাতে এই স্থানে পতিত হইয়াছিলেন। পর্বতের যে একটু দামান্ত অংশ অন্ধকারে দেখতে না পাওয়ায় কেলিয়া যান, তাহাকেই গোবর্দ্ধনগিরি কহে।" আবার অনেকে এরূপ বলে, "এক সময়ে দেবরাজ অনবরত জল চালিয়া।বৃন্দাবন ধ্বংস করিবার চেষ্টা করিলে শ্রীকৃষ্ণ এই পর্বত ছাতার ন্তায় কনিষ্ঠান্থ্লিতে ধারণ করিয়া বৃন্দাবন-বাসীদিগকে রক্ষা করিয়াছিলেন।" পর্বতের উপর গোবর্দ্ধনদেবের প্রতিষ্ঠি আছে।

ব্রনা। ঐ মূর্তি কি প্রকার ?

বরুণ। উহা শ্রীক্ষকের বাল্যকালের গোপালমূর্ত্তি। তিনি উলঙ্গ হয়ে হাঁটু পেতে নাডু থাচ্ছেন। বল্পভ-আচার্য্য এই মূর্ত্তি স্থাপন করেন। গোবর্দ্ধনদেব মামুদের ভয়ে এই পর্বতে পলাইয়া আসেন। এথানে কার্ত্তিক মাসে একটি করিয়া মেলা হয়, মেলার সময় অনেক ঘাত্রী আসিয়া থাকে।

এ স্থান হইতে দেবগণ বৃকভামুপর্বত দেখিতে যান। এই পর্বতে রাধিকার পিতা বৃষভামু বাদ করিতেন। পর্বতের উপরে ও নীচে অনেকগুলি প্রতিমৃতি আছে। তথা হইতে সকলে বাদায় ফিরিয়া যাইয়া শয়ন করিলেন এবং নানাপ্রকার কথোপকখন চলিতে লাগিল।

বরুণ। এ স্থানে পূর্বের অত্যন্ত বন ছিল। বৃন্দা নামে এক চ্ন্চরিত্রা স্ত্রীলোক গ্রামের যত মেয়েছেলেকে এনে এনে এই বনে ছুটাছুটি করিয়া

দেকগণের মর্ভো আগমন

বেড়াইত। তাহারই নাম অমুসারে এই স্থানকে বৃন্দার বন বা বৃন্দাবন কহে। সেই আমাদের নারায়ণকেও খারাপ করে।

নারা। বরুণ, চুপ কর ভাই। তোমার মুখে কি অক্ত কথা নাই ?

বরুণ। ঐ খ্রীলোকদিগের সংখ্যা ১০৮ জন। তন্মধ্যে ললিতা, বিশাখা, চন্দ্রাবলা প্রভৃতি অষ্ট্রসখী প্রধান। ঐ অষ্ট্রসখীর মধ্যে এক মাগী ভৃতৃড়ে কালো ছিল, তাহার গাত্তের বর্ণ ক্লেফর ক্যায় বলিয়া খ্যামা সখী নাম হয়। চন্দ্রাবলী সকলের অপেকা কিছু স্বন্দরী ছিল, ক্লম্ভ অনেক সময়ে রাধিকাকে ফাঁকি দিয়া ভাহার সহিত বিহার করিতেন।

কোন কোন দিন চন্দ্রাবলীর কুঞ্চে নিশা প্রভাত করিয়া আসিয়া রাধিকার কাছে নারায়ণের আর তিরস্কারের পরিসীমা থাকিত না। তিনি যত গাত্তের ঝাল আকথা কুকথার বারা প্রকাশ করিয়া ঘোমটা টেনে মানে বসতেন।

ইন্দ্র। মানে বসতেন ? ন্যারপর—

বঙ্গণ। শ্রীক্লফ বেগতিক দেখে পরিশেষে বৃন্দার কাছে পরামর্শ নিতেন। সে মাগী পায়ে ধরতে শিথিয়ে দিত। তাতেও মান না ভাঙ্গিলে নারায়ণ মনের ছাথে কথন বলতেন, "সয়াাসী হয়ে কাশী যাব।" কথন বলতেন "বৈষ্ণব হ'য়ে ছারে ছারে ফিরবো।" এই প্রকারে তিনি বিদেশিনী প্রভৃতি যা হউক একটা সেজে এলেই বৃন্দা মধ্যন্থ হইয়া বিবাদ ভঞ্জনপূর্বক মিলন করিয়া দিত। বলিতে কি, মাগীগুলো ওঁকে নিয়ে অনেক রঙ্গই করিত—কথন কথন পাঁচ-সাতটা একত্র হয়ে হাতী সেজে পৃষ্ঠে লইয়া বনে বনে ফিরতো। কথন বা গাছে তুলে দোলন ও ঝুলন খাওয়াতো, সেজক্য অভাপি দোল ও ঝুলনযাত্রা প্রচলিত আছে।

এইসময়ে চৈতক্সদাস বাবাজীর কয়েকজন সেবাদাসী আসিয়া ভাকিল— "ওগো তোমরা এস।"

নারা। কোথায় যাব ?
সেবাদা। রাত হয়েছে, শোবে না ?
ইক্রা কেন, আমার ত শুয়ে আছি।
সেবাদা। বৃন্দাবনে কি একলা শুতে আছে ?
ইক্রা কেন, আমরা ত চারিজন আছি।

সেবাদা। ও মা! মিন্সেরা বলে কি—বৃন্দাবনে কি যুগলব্ধণ না হয়ে রাত্রি বাদ করতে আছে। ওতে যে পাপ হয়। বাহিব হয়ে এদ।

ইক্র। তোমরা চলে যাও, আমাদের না হয় পাপ হবে। কি সর্বনাশ।

বৰুণ। এই কি তীর্থস্থান ?—এই কি তীর্থস্থানের ব্যবহার ? ধিকৃ! ইহার। কি এই মন্দ অভিপ্রায়ের জন্মই বৈষ্ণবী হয়েছে! ধর্মের জন্ম নহে ?

এই সময়ে চৈত্ত্ত্ত্বাস বাবাজী আসিয়া কাহল, "কুষ্ণ তোমাদের মঙ্গল করুন, বলি বাবাজী।"

ইন্দ্ৰ। কি বাবাজী গ

চৈতন্ত। আমার দেবাদাসীদিগকে বঞ্চিত করে ফিরাইয়াছেন কেন? তারা অত্যস্ত ছঃথ করছে। এখানকার যাহা ধর্ম, তাহা রক্ষা করুন; নচেৎ যে অধর্ম হবে।

ইক্র। তোমার ধর্ম তুমি কর, আমাদের অধর্মই ভাল।

তৈতন্ত্রদাস চলিয়া গেলে দেবগণের এই সম্বন্ধে অনেক কথোপকথন হয়।
প্রাতে সকলে কাম্যবন দেখিতে যান। তথায় সকলে উপস্থিত হইলে বরুণ
কহিলেন, "পিতামহ! এইস্থানে এজা যুধিষ্ঠির পাশাখেলায় সর্বস্বান্ত হওয়ার
পর বাস করিয়াছিলেন। এইস্থানেই তাঁহার শ্রীক্লব্রুর সহিত সাক্ষাৎ হয়।"
এই বলিয়া সকলে নন্দন্ত্রন দেখিতে চলিলেন।

বন্ধা। নন্দনবনে কি হইয়াছিল ?

বরুণ। এই নন্দনবনে শ্রীক্লফ কংসের ভয়ে লুক্কায়িত ছিলেন। এথানে নন্দ যশোদার প্রতিমূর্ত্তি আছে। যে বেসালি হইতে শ্রীক্লফ ননী চুরি করিয়া থাইতেন, সেই বেসালি এবং তাঁহার মস্তকের চূড়া ও পীতধড়াও অভাপি বর্ত্তমান আছে।

ইন্দ্র। ওদিকে ও দ্বীপের আকারে কি ?

বরুণ। ঐ গোকুল। গোকুলে শ্রীক্লফ কংসের ভয়ে লুকায়িত ছিলেন।
ওথানে একটি-গৃহে তাঁহার বাল্যকালের থেলিবার দ্রব্যসামগ্রী, অপর গৃহে
বস্থদেব ও দেবকীর প্রতিমূর্ত্তি আছে। মুস্পমানাদগের ভয়ে গোকুলনাথ ঐ
স্থানে লুকায়িত থাকেন, বল্পভ-আচার্য্য বাহির করেন। সমাট্ সাওরংজেবের

সময়ে গোকুলনাথ পুনরায় ও-স্থান হইতে পলাইয়াছেন, এক্ষণে ক্লিম প্রতিমৃষ্টি আছে।

ব্রহ্মা। বন্দাবনের স্থল ব্রহান্ত সংক্ষেপে বল।

वक्र। वृन्मावत्न स्मवामामीमश् चात्मक वावाकी वाम करव्रन। यु अवद ময়দার এথানে বেশী আমদানী। এথানে প্রায় ছয়-সাতহাজার ঘর ব্রজ্ঞবাসী আছে। তর্মধ্য ছুইশত খর পাগু। ব্রন্ধবাদীরা মাটির ঘরে বাদ করে। ভাহাদের মধ্যে বিতাশিক্ষার আলোচনা নাই। ব্রজবাদীদিগকে দোবে এক মথুরাবাদীদিগকে চোবে কহে। ইহারা বড় নরমপ্রকৃতির লোক। এথানে অনেক বাঙ্গানী আসিয়। বৈরাগী হয়ে বাস করিতেছে। বঙ্গদেশের মহাবংশসম্ভত ষনেক স্ত্রীলোককেও এথানে দেখিতে পাওয়া যায়। তাঁহারা পতিপুত্রবিহীনা হইয়া সংসারস্থথে জনাঞ্চলি দিয়া বুন্দাবনে আদিয়া বাস করিতেছেন। অনেক দুশুরিত্রা রমণীও স্বদেশে লোকলজ্জার ভয়ে বুন্দাবনে আদিয়া বদতি করে। সর্বাঞ্চে হরিনামের ছাপ ইত্যাদিতে তাহাদের বেশ এত পরিবর্তিত হইয়াছে যে, হঠাৎ দেখিলে চিনিতে পারা যায় না। যমনার উপর দয়ানন্দ-ঠাকরের বাডী আচে। এখানে অনেকগুলি কুও আছে। যথা-বাধাকুও, ভামকুও, ললিতাকুও ইত্যাদি। শ্রামকুণ্ডের দল্লিহিত পাহাড়ের যে গুহায় বিদিয়া ক্লফ্লাদ হৈত্ত্মচরিতামূত লেখেন, তাহাও অভাপি বর্ত্তমান আছে। এখানে পাঁচটি বুক আছে। ইহাদিগকে লোকে পঞ্চপাণ্ডব পাঁচ-ভ্রাতা কহে। বুন্দাবনে অনেকগুলি কুঞ্চ আছে। যাত্তিগণ চাকা ষ্মা দিলে এইদকল কুঞ্চে যাবজ্জীবন থাইতে পায়।

ইহার পর দেবগণ একটি বাজারে খাইয়া দেখেন, খেলনার দোকানই অধিক। প্রত্যেক দোকানেই প্রায় রাধাক্কফের প্রতিমূর্ত্তি, নামাবলী, তিলকমাটি, মালা ইত্যাদি বিক্রয় হইতেছে। নিকুঞ্জবন ইত্যাদির পটও বিস্তর বিক্রয় হইয়া থাকে। বন্ধা প্রতিম্পান করিয়া গাত্রে দিবার জন্ম একখানি নামাবলি খরিদ করিলেন।

বেলা একটার সময় দেবতারা বাসায় আসিয়া দেখেন, চৈতগ্যদাস বাবান্ধী তথনও শয়া ছাড়িয়া উঠে নাই। সে থাটিয়াতে শয়ন করিয়াই আছে। সেবা-দাসীরা ভিক্ষা করিয়া আসিয়া তাহাকে ভূলিল এবং কেহ পদসেরা করিতে ও কেহ তৈল মাখাইতে লাগিল। কেহ বা তামাক সাজিয়া দিল এবং ছই-একজন রাঁধিতে গেল। অন্ধ-ব্যঞ্জন প্রস্তুত্ত হইলে সেবাদাসীরা তাহাকে আহার করাইয়া সেই পাতে প্রসাদ থাইতে লাগিল। চৈতগ্রদাসের স্থা দেখিয়া নারায়ণ মনে মনে শ্বির

করিলেন, আর অর্গে ঘাইবেন না, ভেক সইয়া কতকগুলি সেবাদাসী রাথিবেন একং অভঃপর বন্দাবনেই বাস করিবেন।

'হরি বল গাঁটারি তোল' বলিয়া যথন দেবগণ নিজ নিজ পোঁটলা পুঁটলি লইয়া যাত্রা করেন, নারায়ণ আর উঠেন না। তথন ইক্র কহিলেন, "নারায়ণ। ভাই উঠ, চল আমরা কলিকাতায় গমন করি। তুমি অমন বিমর্ধভাবে বসলে কেন? বরুণ তোমার সম্বন্ধে অনেক কথা বলায় কি অভিমান করেছো?"

বরুণ। বিষ্ণু! তুমি কি আমার উপর রাগ করলে ?

নারা। দেবরাজ! আমি মর্গে যাইব না।

हेन । किन ! किन ! नावायन, चर्ज घाहेरव ना किन १

নারা। কি অথে আর যাইব ভাই! আমি দেখচি অর্গে আর কোন স্থবই
নাই। প্রথমতঃ পেটের ভাবনা ভেবেই অন্থির। যদিচ দমস্ত দিন থেটেখুটে
মাধায় মোট করে ছ্-এক প্রদা এনে দিই, তাতেও নিস্তার নাই—মাগীগুলো
দমস্ত দিনই পরস্পরে বিবাদবিদংবাদ মারামারি চেঁচামেচি করেই কাটাচেচ;
বলতে কি, আমার বাড়ি যেন অমরাবতীর হাট। এর উপর পারিজাত চাই,
এ চাই, ও চাই ফরমাদ করে। বন্ধবিচ্ছেদ ও গৃহবিচ্ছেদ ঘটাবারও বিধিমত
প্রকারে চেটা পার। অত এব দেইদব ছংখ হতে এড়াতে আমি প্রতিজ্ঞা করেছি
— ভে দধারী বৈক্ষব হব।

ব্রহ্মা। দেখ ভাই! দেবই হউক বা গদ্ধর্মই হউক, আর নরই হউক বা কিম্নরই হউক, বছ-বিবাহ দোষের আকর। বছ-স্ত্রীর যে ব্যক্তি পাণিগ্রহণ করে তার স্বর্গমন্ত্রপাতাল কোন স্থানেই স্থথ নাই। অতএব তুমি বহু-বিবাহ করে নিজের স্থথ নিজে নট করেছ, এক্ষণে সে জন্ম পরিতাপ করা অন্যায়। তুমি নিজের ক্কর্মের জন্ম পরিতাপ কর এবং বিবাহিত পত্নীগণকে স্থী করিবার চেটা পাও, নচেৎ ইহকাল পরকাল অধর্ম হবে।

ইক্স। নারায়ণ! তোমার ছঃথ আর কদিন? লন্মী শুনেছি যথাসর্বস্ব তোমাকে উইল করে দেবেন।

নারা। তাঁর আর আছে কি? লোকে বলে তিনি সপত্নীগণের উপর রাগ করে যা কিছু আছে মর্স্ত্যলোকের রূপণ ধনীদের বিতরণ করেছেন।

বরুণ। যা হোক ভাই! সংসারধর্ম করতে হলেই সকলপ্রকার হুণহু:খ

দেবগণের মর্ভো আগমন

সন্থ করতে হয়; অভএব সে জন্ত ভোমার অভিমান করা অন্তায়। একণে গাতোখান কর, টেণ মিস হলে আর আগ্রায় যাওয়া হবে না।

এই কথাতে নারায়ণ দীর্ঘনিশাস পরিত্যাগপূর্বক ব্যাগ হস্তে লইয়া গাত্রোখান করিলেন এবং দকলে একাযোগে বৃন্দাবন হইতে মথ্রা ঠেশনে ঘাইয়া টুগুলার টিকিট লইয়া টেণে উঠিলেন, টেণ ছপাছপ শব্দে ক্রন্তবেগে ছুটিতে লাগিল।

ব্রহ্মা। বাঃ! এ গাড়িগুলি যেমন দেখতে স্থন্দর, তেমনি পরিকার-পরিচ্ছন্ন এবং ক্রতগামী। এ কোন্দলের বরুণ ?

বৰুণ। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী-নামক এক দলের। ইহাদের লাইন অস্তান্ত দল অপেকা অনেক দ্ব বিস্তৃত এবং ইহাদের অধীনে অনেক লোকজনও থাটিতেছে ও কল-কার্থানা চলিতেছে।

দেবগণ গাড়ির চতুর্দ্ধিকে চাহিয়া দেখেন—বাঙ্গালা, ইংরাজী ও হিন্দি বড় বড় অক্ষরে লেখা রহিয়াছে—'প্রভ্যেক বেঞ্চে পাচজনের বেশী বসিতে পারিবে না।' তদ্দর্শনে তাঁহারা কোম্পানীকে যথেষ্ট প্রশংসা করিতে লাগিলেন এবং মনে মনে ভাবিলেন, কলিকাতা পর্যন্ত আরামে যাইতে পারিবেন। ক্রমে ট্রেণ টুঙলায় আসিয়া পঁছছিল, দেবগণ অল্পসময় তথায় থাকিলেন। তাঁহারা দেখিলেন এখানে ক্রেক্ষন বাঙ্গালী-বাবু থাকায় রিভিক্লোব প্রভৃতি প্রতিষ্ঠিত হইয়াছে। তাঁহারা অল্পসময়ের মধ্যে টুঙলা দেখিয়া তথা হইতে ব্রাঞ্চ রেলে আগ্রায় চলিলেন।

ৰাগ্ৰা

দেবগণ টেশন হইতে বাহির হইবামাত ব্রহ্মা কহিলেন, "উ: বাবা! বরুণ! প্রটা কি গ্রাম—যার অত বড় লম্বা চওড়া প্রাচীর, আর তার গাঁয়ে ফুটো ফুটো গুঁ

বরুণ। উহা **আগ্রা ফো**র্ট। এই নগর আকবর বাদশার রাজ্পানী ছিল বলিয়া আগ্রা নাম হইয়াছে।

ইন্দ্র। বেলা হয়েছে, চল আমরা অগ্রেশ্বান আহার করি, পরে প্রাণ ভরে আগ্রা দেখা যাবে। আহা! আহারটা প্রত্যন্ত না থাকতো!

নারা। এ সমস্ত দেখলে আর ক্ষা থাকে না। কেউ আমাদের জন্ম অন্ন-ব্যক্ষন প্রস্তুত করে রাখতো, তা হলে চট করে চারটি খেরে নিয়ে সমস্ত দিন টো টো করে দেখে বেড়াতাম। বরুণ। ইংরাজ রাজ্যে তৈয়ারি অন্নও পাওয়া যায়। যেয়ানে প্রস্তুত হয়, তাহাকে হোটেল বলে। হোটেলে চারি পয়সা দিলে মোটাম্টি এবং ছুই আনা দিলে ভালরপ আহার দেয়। সেখানে শয়নেরও উত্তম বন্দোবস্ত আছে।

বন্ধা। বাঁধে কারা?

বঞ্গ। বান্ধণে, মাইনে-করা ভাল পাচক-বান্ধণ আছে।

নারা। এখন হতে আমরা হোটেলেই আহার করবো, নচেৎ প্রভাহ আর হাত প্রডিয়ে রেঁধে থাওয়া যায় না।

দেবগণ স্থান করিতে যম্নাতে চলিলেন। তথায় উপস্থিত হইলে বরুণ কহিলেন "পিতামহ! এই যম্না-তীরস্থ বাল্কার উপর ব্যাদদেব জন্মগ্রহণ করেছিলেন।"

নারা। আহা। কি চমৎকার সেতৃই প্রস্তুত করেছে। বরুণ। পরপারে যে উন্থান দেখা যাচ্ছে, উহার নাম কি ?

বরুণ। উহা সম্রাট আকবরের ক্বত এম্দাদ্ উন্থান। ঐ স্থানে রামবাগ নামক তাঁহার একটি অত্যুৎকৃষ্ট বৈঠকথানাও আছে।

দেবগণ স্নান করিয়া আহ্নিক করিতেছেন, এমন সময়ে এক অবগুঠনাবৃত স্ত্রীলোক আদিয়া ব্রহ্মার চরণে প্রণামপূর্বক রোদন করিতে লাগিল।

ব্ৰদা। হঃথিনি। তুমি কে?

খীম্ত্তি কহিল, "বিধাতা! আর আমাকে চিন্তে পারবে কেন? ধাতা, স্তিকা-ঘরে কি আমার ভাগ্যে এত কইও লিখতে আছে? উদ্ধার কর। আমি আমার কপালের লিখন জলে ধুয়ে আসি, আর এক কলম ভাল করে লিখে দাও। আর সহা হয় না—ওমা! প্রাণ যায়।"

ব্রহ্মা। কে, যমুনা! ভগিনি! ভোমার আজ এ অবস্থা কেন? দিদি, ভোমার হুংথ দেখে যে আমার প্রাণ কেটে যাচেচ!

যম্না। বিধে ! তোমার মহয়েরা আমার কি ছর্দশা করেছে দেখ। তাহারা আমাকে এলাহাবাদ প্রভৃতি স্থানে এমন করে বেঁধেছে যে, আর আমার পাশ ফিরে শোবার ক্ষয়তা নাই। আমি বন্ধনদশাতে অন্থির হয়ে, রাতদিন কেবল কেঁদে কেঁদে চক্ষের জলে জলবৃদ্ধি করচি। ও মা ! প্রাণ যায়, আর সহু হয় না।

দেবগণের মর্জ্যে আগমন

ব্ৰহ্মা। যমুনে! মহাপ্ৰালয় পৰ্য্যন্ত তোমাকে এই অবস্থায় থাকতে হবে। ভূমি এতকণ ছিলে কোথায় ?

যম্না। এলাহাবাদ হইতে সম্প্রতি এথানে এসে পোলের (ব্রিজের) তলায় একটি গহবর প্রস্তুত করেছি। তথায় বসে রাতদিন কেবল কাঁদি। কোন স্থানটা ভগ্ন হলে আমাকে আঘাত সহু করতে হবে, এই ভেবে আমার চোথে ঘুম, পেটে ভাত নাই!

ব্রহ্মা। দেখ দিদি! তোমার দাদা শমন আমার মনুয়গণের উপর বছ জত্যাচার করেন, সেইজগুই তাদের দারা তোমার এ অবস্থা ঘটেছে। যমের অবিচারে মনে বড় কট্ট হয়, তিনি পিতামাতার ক্রোড় হইতে তাহাদের সর্কষ্ষণ—একমাত্র পুত্রকে হরণ করেন। সংসারের যেটি সর্কোৎক্রট, অগ্রেই যেন তাঁহার চোক দেই দিকেই ঘুরে বেড়ায়। তিনি যাহাকে অনেকগুলি পরিবার প্রতিপালন করতে দেখেন, সর্কাত্রে তাহাকেই নিয়ে নিশ্চিত হন। অনেক শিশুসন্তানের পিতামাতার মধ্য হইতে পিতাকে অগ্রে লইয়া আমোদ দেখেন। দম্পতী, যাহারা পরস্পরে তিলেক বিচ্ছেদ হলে একযুগ ভাবে, যাহারা রাতদিন উভয়ের উভয়ের ম্থাবলোকন করিয়াও তৃপ্ত হয় না, এমন অক্রত্রিম প্রেমবন্ধন তিনি নিজ ক্ঠারাঘাতে ছেদন করিয়া উভয়ের মধ্যে চির্বাছেদ ঘটান। অতএব ভগিনি, সেই মনুয়াজাতি তোমার দাদার অবিচার ও অত্যাচার সহু করিতে না পেরেই তোমার এ গুর্দশা করেছে।

ইন্দ্র। যমের অবিচারে যমুনার বন্ধন, এ কিরূপ বিচার ?

वक्न। होता भक्क जनवास किनात वक्कन यक्कन विहाद इसिंहन।

দেবগণ ইহার পর হোটেলে চলিলেন। যম্নাও কাঁদিতে কাঁদিতে জলমধ্যে প্রবেশ করিয়া নিজ গছররে আশ্রয় লইলেন। দেবতারা হোটেলে প্রবেশ করিবামাত্র একটি বাঙ্গালীবাবু ক্রভপদে আসিয়া পিতামহের হাত ধরিয়া বাহিরে আনিলেন; তাহা দেখিয়া অপর দেবগণ সঙ্গে আদিলেন।

বন্ধা। আপনি আমার হাত ধরে বাহিরে আনলেন কেন?

বাঙ্গালী। কচ্ছেন কি মশাইরা । হোটেলে কি ভদ্রগোক আহার করে । ও পাচকেরা যে ক্লেছে। হিন্দুলাতির জাতি নই করিবার জন্ম গলায় পৈতা দিয়া। ঐপ্রকার আহ্বা সেকে আছে। আপনারা কালীবাড়ীতে চলুন।

ব্ৰহ্ম। বালীবাড়ী কি ?

বাঙ্গালী। পশ্চিমে ম্দলমানেরা এইপ্রকার অভ্যাচার করে বলিয়া হিন্দ্রা চাঁদা ছারা অর্থ সংগ্রহ করিয়া স্থানে স্থানে এক একটি প্রতিম্র্তিনহ কালীবাড়ী নির্মাণ করিয়াছেন। তথায় ভাল ব্রাহ্মণরারা মহামায়ার ভোগের জন্ত রন্ধনাদি হয়, এবং ঐ প্রদাদ যাত্রীদিগকে মাহার করিতে দেওয়া হইয়া থাকে।

দেবগণ কালীবাড়ীতে আদরের সহিত বাসস্থান পাইলেন। তাঁহারা আহারাদি করিয়া অপরাহে নগর ভ্রমণে বহির্গত হইয়া সর্বপ্রথমে ফোর্টের (কেল্লার) নিকট উপস্থিত হইলেন।

বরুণ। দেখুন পিতামহ। ইহারই নাম আগ্রা ফোর্ট। কেলায় প্রবেশ করিবার এই যে দরজা দেখিতেছেন, ইহার নাম দর্শন-দরজা। এই দর্শন-দরজা ইইতে বেগমেরা মল্লযুদ্ধ ইত্যাদি দেখিতেন।

বন্ধা। দরজার থিলানগুলি তো বড়ই চমৎকার!

বঞ্গ। ইহা প্রায় তিনহাঙ্গার বংসরের, কিন্তু অভাপি দেখিলে ন্তন বোধ হয়।

দকলে প্রবেশ করিয়া ছুর্গের মধ্যে যাইতেছেন, এমন সময়ে ব্রহ্মা কহিলেন "বাঃ! এমন চমৎকার গেট তো কোথাও দেখি নাই। ইহার খিলানও চমৎকার। এ গেটের নাম কি বরুণ?"

বরুণ। ইহার নাম বোখারা-গেট। এক্ষণে ইহাকে 'ওমরাও সিংকা ফটক' কহে।

ইন্দ্র। ভিতরে তো উত্তম উত্তম বাড়ী রহিয়াছে! ও ছাদে কি হইত বঞ্চ । বফ্রণ। উহা সম্রাটের নহবতথানা। ঐ স্থানে দিবসের প্রত্যেক সময়ে, প্রত্যেক স্থরে নহবত বাজিত। নদীর দিকে ঐ যে শেতপাণরের অসংখ্য থিলানবিশেব স্থানটি দেখিতেছেন, উহার নাম দেওয়ানী থাস। ঐ স্থানে বসিয়া আকবর বাদশা বঙ্গ বিহার ও কাশ্মীর আক্রমণের মতলব স্থির করিতেন। সাজাহান বাদশা শেষ দশাতে ঐ স্থানেই কারাক্রদ্ধ থাকেন। ঐ স্থানে কাল মার্ক্ষেল প্রস্তরের একথানি সিংহাসন আছে। উহা ১২ ফুট চৌড়া এবং ফুই ফুট উচ্চ। ঐ সিংহাসনে বসিয়া আকবর বাদশা গ্রীম্মকালে বায়ু সেবন করিতেন।

দেবগণের মর্জ্যে আগমন

নারা। আহা! এরাই যথার্থ স্থভোগ করেছে। আমরা দেবতা হয়ে কি করেছি।

সকলে শীষমহলের নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন, "দেখুন পিতামহ! এই স্থানকে শীষমহল কহে। এম্বানের প্রাচীর কাচের।"

ইন্দ্ৰ। এথানে কি হইত ?

বরুণ। এই গৃহে বেগমেরা মান করিতেন। ম্লানের পর এলোচ্লে, ভিজে কাপড়ে স্ত্রীলোকদিগকে বড় স্থন্দর দেখায়। এজন্ত সম্রাটেরা দেখিবেন বলিয়া গৃহের প্রাচীর কাচের করিয়াছিলেন।

নারা। স্থাত মন্দ নহে! নানা রক্ষের ক্ষুত্ত ক্ষুত্ত পাথর দিয়া সাজান এটিকি? আহা!এমন ফুন্দর পাথর তোকখন চক্ষে দেখি নাই।

বরুণ। উহা একটি কবর। ওদিকে সম্রাটের অন্সরের বাগান দেখুন। ঐ বাগানে এমন স্থন্দর স্থনর পূষ্পা আছে, যাহা দেবভারা কথন চক্ষে দেখেন নাই।

এইস্থান হইতে দেবগণ দেওয়ানথানা দেখিতে চলিলেন। যাইবার সময় বঙ্গণ কহিলেন, "দেখুন ঠাকুরদাদা! এই যে স্থড়ন্দ দেখিতেছেন, লোকে বলে ইহার ভিতর দিয়া আগ্রা হইতে দিল্লী পর্যান্ত পাওয়া যায়।"

বন্ধা। উঃ! অন্তত ক্মতা!

ক্রমে দেবতারা দেওরানখানার উপস্থিত হইয়া প্রকাণ্ড দালান দেখিরা অত্যন্ত আশ্চর্য্য হইলেন। বরুণ বহিলেন, "এই দালান লম্বায় ১৮০ ফিট এবং প্রস্থে ৬০ ফিট। এই দালানে একখানি সিংহাসন ছিল, তাহাতে বসিয়া আকবর প্রত্যহ দরবার করিতেন। সোমনাথদেবের বিখ্যাত চন্দনকাঠের দরজা দম্মারা হরণ করিয়া আনিয়া ঐ স্থানে রাখিয়াছিল।"

ব্রহ্মা। আহা! ঐ দরজার জন্ত সদাশিব অভাপি মধ্যে মধ্যে আমার কাছে তুঃখপ্রকাশ করিয়া থাকেন।

বরুণ। ওদিকে দেখুন মতি-মসজিদ। ভাল ভাল খেতপাথর মতির সহিত মিলাইয়া ঐ মসজিদ প্রস্তুত হয়। এ কারণ মতি-মসজিদ নাম হইয়াছে। মতি-মসজিদের নিকট সকলে উপস্থিত হুইলে ব্রহ্মা কহিলেন, "আহা! মতি-মসজিদই বটে।"

বক্ষণ। এই মদজিদে ৪০ ফিট পরিধি-বিশিষ্ট একখানি মাত্র শেতপাথরের সিংহাসন ছিল। তাহাতে উপবেশন করিয়া আকবর বাদশা প্রত্যন্ত স্থান করিতেন। সিংহাসনখানি এত স্থন্দর যে, রাজপ্রতিনিধি লর্ড হেটিংল দেখিরা চমৎকৃত হয়েন এবং চতুর্থ জর্জ্জকে উপঢোকন দিবার জন্ম বিলাতে প্রেরণ করেন।

ইক্র। কার ধন কে কাকে উপঢ়োকন দেয়। এথানে আর কি আছে ?

বরুণ। এক্ষণে আর কিছু নাই। তবে একসময় জাহাঙ্গীরের বিখ্যাত পানপাত্র এইস্থানে ছিল। উহা অতি চমৎকার বহুমূল্য মণি-মূক্তারছারা স্থসজ্জিত করা ছিল। পানপাত্রটি ইংরাজ রাজপুরুষেরা কলিকাতা মিউজিয়ামে লইয়া গিয়া রাখিয়াছেন। এখানে একটি বৃহৎ কামান ছিল। লোকে বলে উহা মহাভারতের বীরপুরুষগণের। সে কামানটিও বিলাতে প্রেরিত হইয়াছে।

ইন্দ্র। তুই একটা দ্রব্য দেখে বিদাতের লোকের কি কোতৃহল চরিভার্থ হবে ? এই মতি-মদজিদটি ঘদি দমগ্র পাঠান হইত, তাহা হইলে তাঁহারা চমৎকৃত হইতেন এবং ভারতবাদীদিগের কারিগরি ও বুদ্ধিবুদ্ধিরও কিছু পরিচয় পাইতেন।

বরুণ। তাহার যে যো নাই। নচেৎ রাজপুরুবেরা সমস্ত আগ্রাকে ইংলওে উঠাইয়া লইয়া যাইতেন।

ইহার পর দেবগণ বাসায় প্রত্যাগমন করেন। আসিবার সময় বরুণ কহিলেন, "দেখুন পিতামহ! কেলার ঐ ঘে স্থানটা দেখা যাচে, ঐ স্থানের উপর হইতে নীচে একটি ভয়ানক গহরর গিয়াছে। গহররের তলা যে কোথায়, অভাপি তাহা স্থির হয় নাই। কোন ব্যক্তি হত্যাপরাধে অপরাধী হইলে সমাটেরা ভাহাকে ঐ গহররের মধ্যে নিক্ষেপ করিতেন।"

ইহার পর দেবগণ বাসায় আসিরা শয়ন করিলেন। শয়ন করিয়া তাঁহাদিগের সাংসারিক অনেক কথোপকথন হইতে লাগিল। ত্রন্ধা কহিলেন, "কুবাণ বেটাকে থন্দগুলো ক্ষেতে ছড়ায়ে দিতে বলে এসেছি—দেয় তো ভাল—নচেৎ অনেক ক্ষতি হইবে। মর্ভ্য হতে ফিরে গিয়ে চণ্ডীমণ্ডপথান উচু করে ছাওয়াব মনে করেছি, কিছু উলুর যে দর—কি করি কিছু ছির করতে পার্গচিনে।" তাঁহাদের বাসায় সন্নিকটে সেই দিন এক মৃসলমানের বাড়িতে বে ছিল, বাছ্যকরেরা সমস্ত রাজি এক-বেবে বাজাইরা দেবগণকে বড় বিরক্ত করিতে লাগিল।

দেবগণের মর্ত্তো আগমন

নারা। বেটার ঢুলির যত আবদার আমাদের কাছে। বে কি পূজার সময়!
নবাবপুত্রদের তেল দেও, জলখাবার দেও, বকশিশ দেও কিন্তু ঢোলে আর কাঠি
পড়েনা। জব্দ বেটারা মূদলমানের কাছে। বাপ্! একঘেরে বাজিয়ে মাধা
পথম করে দিলে।

পরদিন প্রাতে সকলে বিখ্যাত ভাজমহল দেখিতে চলিলেন। নিকটে উপস্থিত হইয়া ব্রহ্মা কহিলেন, "বঙ্কণ! এ কি! আমার ইচ্ছা হচ্চে, চতুমুর্থ এবং অষ্ট-চন্দ্ বাহির করিয়া কেবল দেখি।" ইন্দ্র কহিলেন, "আমারও ইচ্ছা আজ সহত্র-লোচন বাহির করি, কিন্তু কি জানি পাছে নৃতন জানোয়ার ভেবে চিড়িয়াখানায় আটক করে।" নারায়ণ কহিলেন, "যে এই ভাজ প্রস্তুত করেছে, সে আমাদের বিশ্বকশার বাবার বাবা।"

বরুণ। ইহার পাঁচটা চূড়া দেখুন কত উচ্চ। তাক্স যম্নার উপর অবস্থিত।
এ কারণ নোকা হইতে দেখিতে বড় স্থানর দেখায়। ইহার তুল্য উচ্চ মসজিদ
পৃথিবীতে আর নাই। বাইশহাজার লোক বাইশবংসরে ইহা নির্মাণ করে।
আগ্রা ভাজমহলের জন্ম বিখ্যাত।

বন্ধা। দেয়ালে যে বৃক্ষলতা এবং ফলপুষ্পদকল বহিয়াছে, প্রথমে দত্য বলিয়া শামার ভাম হইয়াছিল।

বরুণ। একসময়ে এইসমস্ত বৃক্ষলতা ও ফলপুষ্প হীরা ও মণিম্কাদারা স্থাক্ষিত ছিল। মহারাষ্ট্রীয় দহারা দেইসমস্ত হীরা ও মণিম্কা প্রাচীর হইতে উঠাইয়া লইয়া গিয়াছে।

সকলে মদজিদ-মধ্যে প্রবেশ করিয়া আকর্ষ্যের সহিত চারিদিকে চাহিতে লাগিলেন এবং একটি কবর দেখিয়া ইন্দ্র কহিলেন, "বরুণ! এ ম্থানটি কি ?"

বঞ্প। ইহাকে মমতাজমহল কহে। এই স্থানে জাহাঙ্গীর বাদশাকে করর জেওয়া হয়।

ব্রহ্মা। ওদিকে যে কবর দেখা যাচেচ, উহা কাহার, এবং ভাজমহল নির্মাণের কারণ কি গ

বরুণ। ওদিকের কবরটি সাজাহানের প্রিয় বেগম মমতাজের। একদা তিনি সম্রাটের সহিত তাস খেলিতে খেলিতে কহেন, "নাখ! আমি মলে তৃমি কি করবে । তাহাতে সমাট প্রত্যুক্তর দেন, "প্রিয়ে! তোমাকে এমন স্থানে কবর দেব যে, পৃথিবীর মধ্যে সেই স্থান সকলেই জানিবে" বলিয়া তাজমহল নির্মাণ করাইতে আরম্ভ করান। ইহার নির্মাণনময়ে অনেক রাজা সাহায্য করিয়াছিলেন। জ্বয়পুরের রাজা অনেক উৎক্লষ্ট প্রস্তর দেন। সে সমস্ত ৮০ জোশ রাস্তা হইতে গাড়ি করিয়া আনা হয়।

নারা। ইহার ভিতর আর কি আছে ?

বরুণ। সুরস্থাহানের কস্তা আব্দব জা—খাঁহার দহিত সাজাহান বাদশার বিবাহ হয়, তাঁহাকেও এইস্থানে কবর দেয়। তাজের সংলয় উত্তান বড় চমৎকার। বাগানের মধ্যে যাইবার রাস্তার উভয়দিকে উৎকৃষ্ট উৎকৃষ্ট ৮৩ট জলের ফোয়ারা আছে। ইহার প্রাদিকে অনেকগুলি মদজিদ এবং অপর দিকে অনেক ধ্বংসাবশেষ মট্টালিকার প্রাচীর ইত্যাদি দেখিতে পাওয়া যায়। এখানে একটি মার্কেল প্রস্তরে নির্ম্মিত দেতু আছে। ঐ দেতু আরম্ভ হইলে সম্রাট্ দাজাহান ও তাঁহার কোন কোন পুত্রের মধ্যে মুদ্ধ আরম্ভ হয়। এ কারণ নির্ম্মাণকাণ্য স্থগিত থাকে।

ব্রমা। প্রকৃত আগ্রা কোন স্থানের নাম ?

বরুণ। 'আগ্রা যমূনার উভয় তীরে অবস্থিত। আগ্রার চক বড় চমৎকার' বলিয়া সকলে চক দেখিতে চলিলেন। যাইবার পূর্বে তাঁহারা 'শীষমহল' দিয়া ঘুরিয়া গেলেন। কাচ-নির্মিত প্রাসাদ দেখিয়া দেবগণ আবাক হইলেন।

চকে উপস্থিত হইর। তাঁহার। অসংখ্য মণি-মুক্তার দোকান এবং নানাপ্রকার দ্রব্যসামগ্রী দেখিয়া অত্যন্ত আহলাদিত হইলেন। দেবরাজ নিজ পোঁত্তের বিবাহের সময় জুরুনীতে দিবেন বলিয়া পাঁচটাকা মূল্যের প্রস্তরনির্দ্মিত একটি ভাজমহল থরিদ করিলেন। ব্রহ্মার গুড়গুড়ির নলগুলি ইতিপূর্ব্বে বানরে নষ্ট করায় আগ্রায় পুনরায় থরিদ করিলেন এবং পূজা করিবার সময় বসিবেন ভাবিয়া এবংখানি আসনও লইলেন। নারায়ণ কয়েকথানি শতরঞ্চ ও গালচে থরিদ করিয়া লইয়া সকলে ষ্টেশনের অভিমুখে চলিলেন।

বরুণ। গ্রীমকালে আগ্রায় অত্যন্ত গ্রীম হয়, এমন কি 'লু' চলে। ইহা একটি জেলা; এজন্য এখানে কালেক্টরি, ফোজদারী, জজ আদালত প্রভৃতি যাহা যাহা জেলাতে থাকা আবশ্যক, সকলই আছে। আগ্রার কলেজ বড় বিখ্যাত। এই কলেজ হইতে বংসর বংসর অনেক ছাত্র বিশ্ববিভালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকে।

দেবগণের মর্ছ্যে আগমন

দেবগণ ঔেশনে যাইয়া কানপুরের টিকিট লইয়া টেপে উঠিলেন। টেপ হুপা-হুপ শব্দে যথাসময়ে কানপুরে প্রহাইয়া দিল।

কানপুর

ষ্টেশন হইতে বাহির হইয়া দেবগণ একাগাড়ি ভাড়া করিলেন এবং সকলে তাহাতে আবোহণ করিয়া প্রশস্ত রাজবত্মের মধ্য দিয়া অসংখ্য উত্থান এবং বাঙ্গলা দেখিতে দেখিতে নগরমধ্যে প্রবেশ করিলেন। একটি দোকানে বাসা শ্বির হইল, তথার কিয়ৎক্ষণ বিশ্রামের পর সকলে স্নানার্থ সতীচোড়ার ঘাটে যাইয়া উপন্থিত হইলা একা কহিলেন, "বরুণ! এ ঘাটের নাম সতীচোড়ার ধাট হইল কেন ৮"

বৰুণ। পূৰ্বে এই ঘাটে অনেক সভী মৃতপভিসহ সহমৃতা হইতেন, এইজঞ্চ ইহার নাম সভীচোডার ঘাট হইয়াছে।

ব্রনা। সহমৃতা হইতেন কেন ?

বৰূপ। ভারতের অনেক স্থানে স্বামীর মৃত্যু হইলে স্বীলোকেরা আর বিবাহ করিতে পারে না, তাহাদিগকে আজীবন পতিবিরহানলে দগ্ধ হইতে হয়। এ কারণ সভীরা নিজে নিজেই মৃতপতিকে কোলে লইয়া প্রজ্জনিত চিতা-রোহণপূর্কক প্রাণপরিত্যাগ করিয়া চিরকাল দগ্ধ হওয়ার হাত হইতে নিস্তার পাইতেন।

বন্ধা। আহা! আমার সোনার ভারত সতীত্বের আকর। বরুণ। কলিতেও কি এমন সতী আছে? অতাপি কি সতীরা পতিবিরহ-অনলে প্রাণ পরিত্যাগ করেন?

বহুণ। অনেক দিন পর্যান্ত ঐ সহমরণ-প্রথা প্রচলিত ছিল, পরে ইংরাঞ্চ রাজপ্রতিনিধি লর্ড বেণ্টির ঐ ভয়ানক হত্যাকাণ্ড রহিত করেন।

ব্ৰহ্মা। ভয়ানক হত্যাকাণ্ড কিসে?

বরুণ। ইদানীস্থন স্ত্রীলোকেরা অভি-অন্নবন্ধদে বিধবা হইতে লাগিল, এবং তাহাদের আত্মীয়-স্থানও অভ্যন্ত অক্সায় আচরণপূর্ব্বক তাহাদিগকে দশ্ধ করিতে লাগিলেন দেখিয়া গবর্ণরের সরলহাদয়ে দয়ার উদ্রেক হওয়াতে তিনি সভীদাহ নিবারণ করেন।

ব্রহ্মা। এ কান্ধটি ওও কান্ধ স্বীকার করি, কিন্তু ধর্মশিকার অভাব হইলে ইহাতে ব্যভিচার-দোবের বৃদ্ধি হইতে পারে। ঘাটে এ মন্দির্টি কিসের ?

বরুণ। মাকাল ঠাকুরের।

ব্ৰহ্ম। মাকাল ঠাকুর কি ?

ইন্দ্র। ঠাকুরদাদা। আজু মর্ক্তো এসে সব ভলে গেলেন।

বঙ্গণ। হাঁ, উনি এক্ষণে কলিকাতার স্থাকাবার সেচ্ছেছেন।

নারা। সে কি রকম ?

বঙ্গণ। কলিকাতার অনেক বাবু পদ্ধীগ্রামের দব জানেন অথচ মধ্যে মধ্যে দ্বানবিশেবে স্থাকা দেজে ধানগাছ দেখে জিজ্ঞাসা করেন 'এ দব কিলের গাছ।' তাহাতে যদি কেহ উত্তর দেয় 'যে ধানের চাউদ খেরে এত বড় হরেছ, এ দেই ধানগাছ।' অমনি হেদে বলেন, "ঠাট্টা কর কেন ভাই, ধানগাছ কি চিনিনে—তার মস্ত মস্ত গাছ, রাঙ্গা রাঙ্গা ফুল। গাছের গুঁড়িতে তক্তা হয়।" তেমনি ঠাকুর-দা আমার চিরদিন মাকাল ঠাকুর মংস্কজীবীদের উপাস্থ দেবতা জেনেও জিজ্ঞাসা করছেন, মাকাল ঠাকুর কে ?

বন্ধা। মকক্ গে, আমার ভূল হয়েছে। ওদিকের ওঘাটের নাম কি ?
বক্ষণ। উহা বিহারীলালের ঘাট। ঐ ঘাটে অনেকগুলি দেবমন্দির আছে।
লকলে-মান আফিক সমাপনাস্তে বাসায় আসিতেছেন, এমন সময়ে নারায়ণ
একটি গৃহে ছুর্গার প্রতিমৃত্তি দেখিয়া কহিলেন, "বরুণ! কানপুরেও বাঙ্গালী
আছে ?"

वक्र । क्यन करत्र कानल ?

নারা। ঐ দেখ।

বরুণ। ঐ মূর্ছি যে বাঙ্গালীর প্রতিষ্ঠিত, নিশ্চয় কি ? হিন্দুখানে কি হিন্দু নাই, না হিন্দুখানীরা দেবদেবীর প্রতিমৃত্তি পূজা করে না ?

নারা। হিন্দুখানে হিন্দু আছে স্বীকার করি এবং হিন্দুখানীরা দেবদেবীর প্রতিমূর্ত্তি পূজা করে সত্য; কিন্তু পরিষার গঠন বাঙ্গালী ভিন্ন অপরের ঘারা হওয়া অসম্ভব। আমাকে এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত নিয়ে চল, প্রতিমূর্ত্তি দেখে কোঁণায় বাঙালী আছে বলে দিব।

বঞ্গ। তুমি যা বলচো সভা। ইহা একটি কলিকাভার বাবুর

দেবগণের মর্জ্যে আগমন

প্রতিষ্ঠিত। তিনি কলিকাতা হইতে কারিগর আনাইয়া এই মূর্ত্তি নির্মাণ করাইয়াছিলেন।

ইহার পর দেবগণ বাদায় আদিয়া উচ্ছে আলু ভাতে ভাত এবং বৃটের ডাল রাঁধিয়া আহার করেন এবং আহারান্তে কিঞ্চিৎ বিশ্রাম করিয়া দকলে নগর-ভ্রমণে বহির্গত হন। পথে যাইতে যাইতে বরুণ কহিলেন "পিতামহ! ওটা কি বলুন দেখি?"

ব্রহ্মা। বলতে পারি নে।

বকা। কট্লিথার থাল (লাহোর)। উহা বিজ্ঞানবিদ কট্লি খনন কলাইয়া হরিবার হইতে কানপুর পর্যন্ত আনিয়াছিলেন। কেন, ঝরণ নাই? হরিবার তো আপনাকে দেখাইয়াছি।

ব্ৰহ্মা 'হাা হাা—বিশ্বত হইয়াছিলাম।' এই কথা বলিয়া দকলে ময়দার কলম্বরের নিকট যাইয়া উপস্থিত হইলেন।

ইন্দ্র। ঠাকুরদা। মর্ক্তো এসে যা দেখছেন, যা শুনচেন, তাতেই আশ্চর্যা হচ্চেন। বুড়ো হয়ে উহার বৃদ্ধিল্রংশ হইয়াছে, নচেৎ স্বয়ং এই বিশ্বসংসার স্কৃষ্টি করিয়া মহস্তাক্তত সামান্ত সামান্ত কল-কারথানা দেখে এত বিশ্বিত হইবেন কেন?

বন্ধা। এ ভাষার অস্থায় কথা ভাই! বিবেচনা কর, এক ব্যক্তি একটি বাগান নির্মাণ করিয়া ভাহাতে নানাবিধ ফলফুলের গাছ স্বহস্তে রোপণ করিল। কালক্রমে বৃক্ষগুলি বৃহৎ হইলে চারিদিক হইতে নানাবিধ কীটপভঙ্গ এবং পশুপক্ষী আসিয়া আশ্রয় লইতে লাগিল, মধুমক্ষিকারা ক্ষুম্র ক্ষুম্র গাছে মোচাক এবং বাবুইপক্ষীতে ভালগাছে ক্লায় নির্মাণ করিল। এখন বাগানের মালিক কি স্বহস্তে নির্মিত বাগান বলিয়া মোচাক দেখিয়া আশুর্ম্যান্থিত হইবে না? না—বাবুইপক্ষীর বাসা দেখিয়া বাহবা দিবে না? যাহা হউক্, কলমরে স্থনেকগুলি লোক প্রতিপালন হইতেছে।

বরুণ। অনেকগুলি লোক প্রতিপালন হচ্চে সত্যা, কিছু অনেক ময়দা-বিক্রেতার অন্ন মারা গিয়েছে।

ইন্দ্র। কেন?

বঙ্গণ। কলের ময়দা একে পরিষার, তাহাতে সন্তা।

ইন্দ্র। আমরা অতঃপর ক্রিয়াকর্ম উপলক্ষে করের ময়দা ব্যবহার করিব এবং অর্গেও ২।১টি ময়দার কল বসাইব।

এখান হইতে দেবতার। হত্যাগৃহ, হত্যাকৃপ দেখিতে চলিলেন। দারের নিকট উপস্থিত হইলে পাহারাওয়ালা কহিল, "হিন্দুমানীর ভিতরে যাওয়া নিষেধ।"

वक्षा वामवा हिन्दुहानी नहि।

নারা। বরুণ ! হিন্দুখানীরা ঘাইতে পায় না কেন ?

বরুণ। হিন্দু সানীরাই ঐ ভয়ানক হত্যা করিয়াছিল।

পাহা। আপনারা ছাতা, ছড়ি, জুতা এইস্থানে রাথিয়া ভিতরে প্রবেশ কক্ষন; কিন্তু সাবধান! ঘাড় হেঁট করিয়া যাইবেন, গান করিবেন না কিংবা শিস্দিবেন না।

দেবগণ গেটের নিকট ছাতা প্রভৃতি রাধিয়া ভিতরে প্রবেশ করিলেন। যাইতে যাইতে ত্রন্ধা কহিলেন, "বঙ্গণ! দেখ স্বামাতে কি ছংথের চিহ্ন প্রকাশ পাচ্চে?"

বঞ্চ। স্থলবিশেষে যদি প্রকাশ পায় ক্ষতি নাই।

সবলে ভিতরে প্রবেশ করিলে বরুণ কহিলেন, "দেখুন পিতামহ। ঐ সেই ভয়ানক হত্যাগৃহ। ঐ গৃহে সিপাহীরা ২৬০ জন ইংরাজকে প্রহারে জর্জারিত করিয়া অর্জারীবিতাবস্থায় ঐ কৃপে নিক্ষেপ করিয়াছিল। হত্যাকাণ্ডের পর গৃহে এক ইঞ্চি পরিমাণ রক্ত জমিয়াছিল। গৃহের প্রাচীর ইত্যাদিতে যে রক্তের দাগ দেখিতেছেন, উহা সেই সময়ের; কিন্তু এমন যত্ম করিয়া রাখিয়াছে যে, দেখিলে বোধহয় হত্যাকাণ্ড এই কডক্ষণ সমাপ্ত হইয়াছে। আহা! ছ্রাচারদিগের অত্যাচার অত্যাপি শারণ হইলে সর্কাশরীর রোমাঞ্চিত হইতে থাকে। তাহারা পিতামাতার ক্রোড় হইতে বলপূর্কক পুত্র কাড়িয়া লইয়া শৃল্যে নিক্ষেপপূর্কক তরবারিলারা থণ্ড থণ্ড করিয়াছিল। পতির হন্তপদ বন্ধন করিয়া তৎসন্মুথে অগ্রে স্ত্রীর স্তন, পরে নাসিকাকর্ণ ছেদনপূর্কক জীবিতাবস্থায় কৃপে নিক্ষেপ করিয়া পরে স্বামীকে নানারপ উৎপীড়িত করিয়া হত্যা করিয়াছিল, ছোট ছোট ছেলেমেয়েগুলিকে পেরেকের দারা দেওয়ালে সংলগ্ধ করিয়া শৈশাচিক হাস্যে গৃহপূর্ণ করিয়াছিল। আনক ইংরাজকে 'ভোমরা নিকিম্বে পলায়ন কর' এই আখাস দিয়া নৌকায়

দেবগণের মর্জো আগমন

উঠাইয়া, পরে তাহারা ভাগীরখীর মধ্যন্থলে উপস্থিত হইলে গোলার দারা তরীসহ আরোহীদিগকে জলমগ্ন করিয়া করতালি দিতে দিতে নৃত্য করিয়াছিল।

ব্রন্ধা। কি অত্যাচার ! কি পৈশাচিক কাও ! ভাল—ইংরাজ রাজপুরুষদিগের এমন কি অপরাধ হইমাছিল যে. দিপাহীরা হঠাৎ কেপে উঠে ?

বরুণ। অপরাধ এই, রাজপুরুষেরা কিছু পরিকার ও পরিচ্ছর থাকিতে ভালবাদেন, এজন্ত একসময় সিপাহীদিগের মালকোঁচা ছাড়াইয়া জামা এবং টুপি ব্যবহার করান। তাহাতে তাহারা সমত হয় বটে, কিন্তু মনে মনে 'আমাদিগকে সাহেব সাজাইয়া পরে কানে মন্ত্র প্রদানপূর্বক খ্রীষ্টান করিবে' ভাবিয়া অসম্ভোষ প্রকাশ ও পরম্পরে কুমন্ত্রণা করিতে থাকে। ইতিমধ্যে ইংরাজেরা কাগজের টোটা উঠাইয়া দিয়া চামড়ার টোটা প্রচলিত করেন; উহা দাঁত দিয়া কাটিয়া বন্দুকে প্রিবার বড় স্থবিধা হয়। বর্ত্তমান টোটা প্রচলিত হইলে সিপাহীরা পরম্পরে কহিল, "দেখ ভাই! এই টোটা একে চামের—তাহাতে সাবার চরবি লাগান। অভএব ধর্ম আর থাকে না; এক্ষণে এদ —হয় ধর্ম রক্ষা, না হয় প্রাণ পরিত্যাগ করি" বলিয়া হিমালয় হইতে কুমারিকা পর্যান্ত যত সেপাই ক্ষেপে ওঠে এবং অজন্ম ইংরাজ বধ করিতে থাকে।

ইন্দ্র। আহা । এমন নিষ্ঠুর কাণ্ডও করে !

নারা। সিপাহীদিগের দলের প্রধান ছিল কে? অর্থাৎ কাহার অহমতি অফুসারে তাহারা কাজ করিত ?

বঙ্গণ। নানাসাহেব-নামক এক ব্যক্তি কানপুরের সন্নিকটস্থ বিথ্ব-নামক স্থানে বাস করিত। গবর্গমেন্ট তাহার পেন্সন বন্ধ করায় অনেক দিন পর্যন্ত সেইরাজজাতির উপর অসম্ভই থাকে। পরে সিপাহী-বিজ্ঞাহ আরম্ভ হইলে ইংরাজদিগকে জব্দ করিবার এই উপযুক্ত সময় ভাবিয়া তাঁহাদের নিকটে যাইয়া কহে, "আমাকে যদি গোলা-গুলি ও বারুদ প্রাদান করেন, বিজ্ঞোহানল নির্বাণ করিয়া দিতে পারি।" ইংরাজেরা ভাহার কথার বিশাস করিয়া বারুদের গুদাম প্রদান করিলে ত্রাত্মা কতক অগ্নিন্ধারা নই করিয়া অবশিষ্ট দিপাহীদিগকে দিয়া ভাহাদের দলে প্রবেশ পূর্বক অজ্ঞ ইংরাজদিগকে হত্যা করিতে লাগিল।

ত্রন্ধা। পরিশেবে নানাসাহেব ও সিপাহীদিগের কি অবস্থা ঘটে ?

বৰুণ। ইংরাজেরা সিপাহীদিগকে ধরে এনে ক্রমান্তরে তোপে উড়াইয়া দিতে

থাকেন। নানাসাহেব এই গোলযোগের সময় একদিকে পলায়, অতাপি তাহাকে পাওয়া যায় নাই। নানাসাহেবের উপর ইংরাঞ্চদিগের এমনি ক্রোধ হয় যে, যুদ্ধের শান্তির পরেও যে যাহাকে নানাসাহেব বলিয়া ধরিয়া আনিয়া দেয়—দেখা নাই শুনা নাই, তৎক্ষণাৎ তাহার প্রাণ যায়। যে কৃপে ইংরাঞ্চদিগকে হতা করিয়া দিপাহীরা নিক্ষেপ করে, কতকগুলি প্রতিম্তিসহ ঐ দেখুন, সেই কৃপ বর্তুমান। কৃপটি রাজপুক্ষযেরা যত্নের সহিত বাঁধাইরা রাথিয়াছেন।

নারা। আহা, যত্নের সামগ্রী বটে!

ব্রহ্মা। আচ্ছা, ঐ অ্কায় হত্যা কি নান। সাহেবের **অভিম**তে হইয়াছিল ?

বঙ্গণ। আজে হাঁা! যে সমস্ত বালালী এখানে বিষয় কর্ম উপলক্ষে আসিয়া বাস করিতেছিল, নানা সাহেব তাহাদিগকে মেচ্ছের দাস বালিয়া কাহারও নাক কান, কাহারও হাত পা কাটিয়া দিতে ছকুম দেয়।

ইন্দ্র। আহা ! ও বেচারাদের প্রতি অত্যাচার কেন ? ওরা সাতেও নাই, পাঁচেও নাই, কেবল পেটের জন্ম দাসত্ত করে।

বরুণ। যা বল্পে সত্য; কিন্তু অনেক ঝোঁক ওদেরই পোহাতে হয়, কারণ এ দিকে ত অনেকের হাত কান গেল, আবার বাড়ী গিয়ে দেখে কুটনা কুটে থাবার পথও বন্ধ হইয়াছে; কারণ ইংর জেরা ভবিশ্বৎ-বিদ্রোহ-ভয়ে বাঙালীর ঘরের অস্ত্র (থন্তা, কুডুল, বঁটি) কাড়িয়া লইতেছেন।

ব্রহ্মা। এখানে ত আবার অনেক বাঙালী এসে ছুটেছে দেখ্চি। ওদের কি প্রাণের উপর দয়া মায়া নাই? এ পোড়া চাকরী আবার কেন? এর চেয়ে দেশে বদে চাৰ করে থায় না কেন?

বরুণ। চাকরীর যে মধুর রদ, তাহা বাঙ্গালীরাই আস্বাদন করেছে। ওরা সে তার আর ভ্লবে না, ভ্লতেও পারবে না। সেই জ্লুই ব্যবদা বাণিজ্য ছেড়ে এত দ্রদেশে আদিয়া মুনীবের পাত্কাঘাতে ছপ্তিলাভ করিতেছে। আবার তাও বলি, ব্যবদা-বাণিজ্য করেই বা কি নিয়ে, দেশে আছে কি ?

ইহার পর দেবতারা কাণ্টন্মেণ্ট ব্যারাক, অসংখ্য বাগান ও বাঙ্গলা এবং গবর্ণমেণ্টের আফিস আদালত সকল দেখিয়া বাজারে আসিয়া উপস্থিত হইলেন। তথায় নারায়ণ নিজের বিনামা জোড়াটি ছিঁড়ে যাওয়ায় এক জোড়া জুতা খরিদ

দেবগণের মর্ত্তো আগমন

করিলেন এবং দেবরাজ একটি পোর্টমেণ্ট কিনিয়া লইলেন। * ষ্টেশনে যাইয়া সকলে তামাক থাইতেছেন, এমন সময় এক জন কায়স্থ যাত্রী পদ্মযোনির হস্ত হইতে ছঁকা লইবার জন্ত হস্ত বাড়াইল। তাহা দেখিয়া ব্রহ্মা কহিলেন, "তুমি কি শুদ্র ?"

কায়স্থ। আজে, পাঁচ জনে জুটে আমাদিগকে শুদ্র করিয়াছিল, সম্প্রতি আমাদের ব্রাহ্মণ হইবার উদেখাগ হইতেছে। অনেক কাগজপত্তে আমরা ব্রাহ্মণ ছিলাম প্রমাণ হওয়ায় কলিকাতা অঞ্চলের কায়ম্বেরা পৈতা লইবার জন্ম হাত ধুয়ে ব'সেছে।প

ব্ৰহ্মা। এ বলে কি ? য়াঁ।—কলিতে নীচ উচ্চ হবে; এ কি তাহারই পূৰ্বে লক্ষণ ?

কায়স্থ। আজে, না। অকাট্য প্রমাণের দ্বারা প্রমাণিত হইয়াছে, যেমন অক্সান্ত জাতি ব্রহ্মার অঙ্গ প্রত্যঙ্গ হইতে উৎপন্ন হয়, তেমনি কায়দ্বেরা তাঁহার কায়া হইতে উৎপন্ন হইয়াছে।

নারা। এ মন্দ নয় ! ভাল—তা হলে তো মুচিরে মুখ হতে, হাড়িরা হাড় হতে চাষারা চামড়া হতে এবং মুদলমানেরা মন্তক হতে উৎপন্ন হয়েছি বলে পৈতা নিয়ে কাড়াকাড়ি করবে ?

বরুণ। আহা! পৈতা নিয়ে ওরা যদি সম্ভষ্ট থাকে লউক, কিন্তু সে পৈতায় কাজ হবে কি ? কেউ ওদের দেখে প্রণামও করিবে না, পাতের প্রসাদও থাবে না; ঢাকের বাঁয়া থাকা না থাকা সমান। বেহার অঞ্চলে য়ে, সকল জাতিরই গলায় পৈতা, তাতে এসে যায় কি ? ফল কথা, রাজা হিন্দুধর্মাবলম্বী হ'লে এ সব অত্যাচার ঘটতো না। রাজা অন্তর্ধর্মাবলম্বী হওয়াতে যার মনে যা উদয় হ'চেচ, সে তাই করচে! বলতে কি হিন্দুধর্মটাকে নাস্তানাবুদ করে তুলেছে।

ব্ৰহ্মা। যা বল্লে সভ্য—কিন্তু এমনি করে ছঁকো টেনে ভো লোকের জাভ খাবে ? আ মর! সাহস কম নয়! ভোরা বামূন ছিলি বলে কোন মুর্থ ?

কায়হ। আজে—ভাল ভাল পণ্ডিতেরা ব্যবস্থা দিয়াছেন।

ব্ৰহ্মা। ভোৱা নি:দন্দেহ ঘূৰ থাইয়েছিস ? যে ঘূৰ থায়, সে কি পণ্ডিত ?

^{*} কানপুরের চামের জব্যাদি বড় বিখ্যাত।

[†] বে সমন্ন কান্নস্থের। প্রথম পৈতা লইবার জস্ম উদ্যোগ করেন, তথনই বোধ হর দেবগণ কানপুরে। সে উদেবাগ একণে কার্য্যে পরিণত হইতেছে, তবে কান্নস্থের। এখন ব্রাহ্মণডের দাবি না করিয়া ক্ষত্রিয়ন্ত্রে দাবি করিতেছেন।

বৰুণ। ঠাকুরণা, যা বল্লেন সত্য , উহারা নি:সন্দেহ ব্রাহ্মণ পণ্ডিতকে টাকা খাইয়েছে। কারণ, আমি বেশ জানি—আজকাল মর্জ্যে টাকায় না হয় এমন কাজ নাই।

ক্রমে টিকিট দিবার ঘণ্টা দিল। দেবগণ ব্যস্তসমস্ত হইয়া গাজোখান করিলেন।
তথন ব্রহ্মা কায়স্থ-যাজ্রীকে কহিলেন, "দেথ বাপু, তুমি আমার বাক্য ব্রহ্মার বেদবাক্য বিবেচনা করিয়া ঘেথানে যত কায়স্থ দেখিবে বিলিও—কানপুরে এক বুড়ো
বামুন বলে গেল 'কায়স্থেয়া বর্ণসন্ধর শৃদ্র। অতএব এ বিষয়ে বেশী প্রমাণ দিবার
আবশ্যক করে না।" এই বলিয়া সকলে ষ্টেশনের মধ্যে প্রবেশ করিলেন এবং
লক্ষ্মোয়ের টিকিট লইয়া গাড়ীতে উঠিয়া বিশিলেন। টেন নিন্দিষ্ট সময়ে তাঁহাদিগকে
লক্ষ্মোয়ে প্রস্তিছাইয়া দিয়া চলিয়া গেল। *

লক্ষে

নগরে প্রবেশ করিয়া ইন্দ্র কহিলেন, "বাঃ! কোথা হতে এসে আমরা অমরা-বতীতে উপস্থিত হইলাম। এথানে রেলের রাস্তাই বা এর মধ্যে কে করিস একং মর্ত্ত্যলোকের এত পুশারথই বা কোথা হইতে জুটিল।"

বক্ষণ হাস্তপূর্বক কহিলেন, "ইন্দ্র! নগর দেখে তোমার ভ্রম হইতেছে, এ অমরাবতী নহে। এ স্থানের নাম লক্ষ্রে! রাজা শ্রীরামচন্দ্রের ভ্রাতা লক্ষ্য এই নগর নির্মাণ করেন বলিয়া ইহার নাম লক্ষ্নে হইয়াছে।" এই বলিয়া সকলে লাইনের উপরিস্থ পোল পার হইয়া একা গাড়ীতে আরোহণ করিলেন এবং চতুর্দ্দিকে একদৃষ্টে চাহিতে চাহিতে জন্মগঞ্জের মধ্যে যাইয়া উপস্থিত হইলেন।

ইন্দ্র। বরুণ! রাস্তার উভয় পার্ষে এই যে উত্তম উত্তম অসংখ্য অট্টালিকা দেখা যাচেচ, এ স্থানের নাম কি ?

বরুণ। ইহাবীর বিজয়সিংহ নামক রাজার রাজবাটি। এ স্থানের নাম জয়গঞ্জ।

ক্রমে সকলে যাইয়া আজিমাবাদের বাজারে উপস্থিত হইলেন। অসংখ্য উত্তম উত্তম থাগুদ্রব্যের দোকান দেখিয়া দেবতাদের মূথে লাল পড়িতে লাগিল। পিতামহ বন্ধা সকলের অত্যে "কুধা পেয়েছে" বলিয়া ধুয়া ধরিলেন। দেবগণ গাড়োয়ানদিগকে

এই স্থান দিয়া আউদ এও রোহিলথও রেলওয়ে গিয়াছে।

ক্ষেবগণের মর্ছো আগমন

বিদায় দিয়া একটি দোকানে গিয়া বসিলেন। পশ্চিমে স্বভাবতঃ অত্যন্ত শীত; সে দিন আরো শীত বোধ হওয়ায় তাঁহারা আর স্নান করিলেন না, কাপড় ছাড়িয়া সন্ধ্যা আহ্নিক সারিলেন এবং জলযোগে বসিয়া গেলেন। যথা সময়ে আহারাদি সমাপ্ত হইলে সকলে যাইয়া কেশববাগের সন্ধিকটে উপস্থিত হইলেন।

নারা। বরুণ। একটা গ্রামকে গ্রাম এই যে স্বান্তালেলী দেখা যাচেচ, ইহা কি ?

বরুণ। ইহার নাম কেশববাগ। ইহার মধ্যে নবাব ওয়ান্ধাদ আলি শার বাহানোটি অন্দর মহল আছে, ইহাতে তাঁহার বেগমেরা বাদ করিত।

ইন্দ্র। এত বেগম।

বরুণ। "নবাব কলিযুগের মুসলমান রুম্ঞ ছিলেন। তিনি আমাদের দেশী কৃষ্ণের উপাখ্যান শুনিয়া ঠিক সেই মত কাজ করিতেন। কেশববাগের মধ্যে কুঞ্জবন, নিকুঞ্জবন, বস্ত্রহরণ-বৃক্ষ ইত্যাদি সকলই আছে।" এই বলিয়া সকলে পশ্চিম দিকের গেট দিয়া প্রবেশ করিলেন।

ব্রহ্মা। যে নবাব এরপ ইন্দ্রিয়পরায়ণ, তাঁহার রাজকার্য্য চলতো কিরপে?

বঙ্গণ। পাঁচ জনে গোলে হরিবোল দিয়ে ভূতের বাপের প্রাদ্ধ করিত।
নবাবের খন্তর ইহাদের মধ্যে সর্ব্বেসর্বা, ছিল। ঐ ত্রাত্মা নিজে সিংহাসনে
বিদিবার অভিপ্রায়ে নবাবের চরিত্র সম্বন্ধে গবর্ণরকে পত্ত লেখে। তথন লর্ড
ডেলহাউসি গবর্ণর ছিলেন। তিনি পত্রপাঠ লক্ষ্ণে আসিয়া কোশলে নবাবকে
কলিকাতায় ধরিয়া লইয়া যান এবং রাজকার্যা নিজ হস্তে লন। নবাব
"মৃচীখোলার নবাব" নামে প্রসিদ্ধ হইয়া অত্যাপি কলিকাতায় বাস করিতেছেন। *
রাজ্যধন সর্ব্বস্থ খৃইয়ে আজ কাল তাঁর চিড়িয়াখানার বড় সক হইয়াছে, রাত দিন
পত্ত পক্ষী নিয়েই আছেন। ইংরাজ গবর্ণমেন্ট তাঁহাকে বাংসরিক কয়েক লক্ষ্ণ
টাকা বৃত্তি দিয়া থাকেন। তাঁহার খামখেয়ালী ও নির্ব্বান্ধতার অনেক কথা
প্রচলিত আছে। একবার এক জন ভূত্য তাঁহার বৈঠকথানায় কাচের ঝাড়গুলি
পরিছার করিতেছিল, তাহার হাত লাগিয়া ঝাড়ের একটি কলম থিসিয়া মেজের
উপর পড়ে, তাহাতে টুন্ করিয়া একটি মৃত্ব ধ্বনি হয়। নবাব সেই শব্দ শুনিয়া

ইংরাঞ্জি ১৮৮৭ সালে হতভাগ্য নবাবের মৃত্যু হইয়াছে।

বলিলেন, "বেশ মিষ্ট আওয়াজ ত।" এই বলিয়া তিনি দেই ব**ছমূল্য সমস্ত** ঝাড়গুলি ভাঙ্গিয়া ফেলিতে আদেশ করিলেন, ও দেই ঝাড় ভাঙ্গার শব্দ গুনিয়া হাস্ত করিতে লাগিলেন।

একদিন সন্ধার সময় শৃগালের তাক শুনিয়া কর্মচারীকে জিজ্ঞাসা করিলেন, "শৃগালেরা কাঁদে কেন ?" ধূর্ত্ত কর্মচারী বলিল, "শীতকালে গায়ের কাপড় অভাবে শীতে কট বোধ হওয়াতে উহারা কাঁদিতেছে।" তৎক্ষণাৎ নবাব তাহাদের প্রত্যেককে একথানা করিয়া শাল দিবার জ্বন্ত হুকুম দিলেন। কর্মচারীরা শালের মূল্য পরস্পবে ভাগ করিয়া লইল। পরদিন সন্ধ্যার সময় শৃগালগণ যথারীতি চীৎকার করিলে নবাব পুনরায় জিজ্ঞাসা করিলেন, "শৃগালেরা আবার কাঁদে কেন ?" কর্মচারী উত্তর করিল "উহারা শাল পাইয়া মহানন্দে নবাবের শ্বতিবাদ করিতেছে।"

ইন্দ্র। এক্ষণে কেশববাগে আছে কে ?

বরুণ। নবাবের ছুই এক জন জ্ঞাতি কুটম্ব বাস করিতেছেন।

নারা। মধ্যন্থলে ঐ ক্ষ্মু বাঁধা পুষ্ণবিনীটি কি,—যাহার উপর একটি সেতৃ দেখা যাইতেছে ?

বঞ্চ। দোলের সময়ে নবাব ঐ সরোবর ভাল গোলাপজ্ব দারা পরিপূর্ণ করিয়া তাহাতে বস্তা বস্তা আবীর ঢালিতেন এবং পিচকারী করিয়া লইয়া বেগম-দিগের গাত্রে দিতেন। বেগমেরাও পরম্পর পরস্পরের গাত্রে এবং নবাবের গাত্রে পিচকারি দিয়া লালে লাল করিত। এই আমোদের সময়ে নবাব কথন বা নিজে ছুটে গিয়ে সেত্র উপর হ'তে ডিগবাঙ্গী থেয়ে জলে পড়িতেন এবং আবার ছুটে এসে ছোট ছোট বেগমগুলোকে পাঁজা ক'রে নিয়ে জলে ফেলে দিয়ে করতালি দিতেন।

নারা। নবাব লোকটা ত খুব রসিক ছিল !

ইন্দ্র ! আচ্ছা এগুলো কি,—এই থামের উপর খিলান করা ?

বরুণ। "ইহার কোনটির মধ্যে নবাব কখন ফকির সেচ্ছে পীরের গান করিতেন। কোনটিতে কখন বৈরাগী সেচ্ছে খঞ্চনী হাতে ক'রে এসে নেচে নেচে বাউলের গান বেগমদিগকে শুনাইতেন। বেগমেরা তাহাকে প্রদক্ষিণ পূর্বক হেসে হেসে মরতো। এই কেশববাগের মধ্যে জন্মপুরের খেত পাথরে নির্মিত তিনটি দেবগণের মর্ত্ত্যে আগমন

গৃহ আছে। মাটির তলায় এখানে অনেকগুলি ঘর দেখিতে পাওয়া যায়, উহাতে নবাব গ্রীম্মকালে বাদ করিতেন। এই কেশববাগের চারিটি গেট।" এই বলিয়া দকলে উত্তর দিকের গেট দিয়া বাহির হইলেন।

ব্রহ্মা। বরুণ! বরুণ! ঐ অভ্যুচ্চ রথের স্থায় ওটা কি,—যার মস্তকে একটা মস্ত ছাতা?

বরুণ। মদ্ধিদের মন্তকে ছাতা থাকার উহার নাম ছত্ত-মদ্জিদ হইরাছে। ঐ প্রকাণ্ড ছাতাটি এক সময় স্বর্ণের ছিল। তখন উহার ঝালর মণি ম্কার দ্বারা শোভিত হইত। এক্ষণে যে ছাতা দেখিতেছেন, উহা গিলটির। ঐ মস্জিদ সর্বসমেত পাঁচতালা, তন্মধ্যে একতালা মাটির মধ্যে আছে।

ইন্দ্র। ছত্ত-মস্প্রিদের দক্ষিণ দিকে ও একতালা বাডীটি কি ।

বরুণ। উহার নাম মতিমহল। উপকথায় যে শুনা ছিল "সোণার গাছে হীরের ফল" তাহা নবাব নির্মাণ করিয়া ঐ বাড়ীতে রাথিয়াছিলেন। অসংখ্য ফুল্ড উবে ঐ সমস্ত বৃক্ষগুলি থাকিত। কোনটির রপার ডাল, সোণার পাতা, হীরের ফল। কোনটির বা সোণার ডাল, রপার পাতা, মুক্তার ফল ইত্যাদি। অসংখ্য মালী বেতন করা ছিল, তাহারা বৃক্ষগুলিকে তাজা রাথিবার জন্ম দেলল বিকাল নিয়মিতরূপে প্রত্যেক বৃক্ষে গোলাপজল সেচন করিত এবং শাখা প্রশাখায় ফলে-ফলে ভাল আতর মাখাইত।

় এথান হইতে দেবতারা বেলিগার্ড নামক স্থানে যাইলেন। তথায় উপস্থিত হইয়া নারায়ণ কহিলেন, "বরুণ! এ স্থানের নাম কি । আর প্রাচীরে এ সমস্ত দাগ কিসের ।"

বরুণ। "এ স্থানের নাম বেণিগার্ড। এখানে দেপাই মিউটিনির সময় ইংরাজদিগের সহিত দেপাইদিগের একটি যুদ্ধ হইয়াছিল। প্রাচীর ইত্যাদিতে যে দাগ দেখিতেছ, উহা সেই যুদ্ধের গোলার দাগ। আর ঐ যে কতকগুলি করর দেখিতেছ, উহাতে হেন্রি লরে প্রভৃতি বিখ্যাত রাজপুরুষগণ (যাহারা ঐ সময়ে হত হন) চিরনিপ্রায় অভিভৃত আছেন। লক্ষে নগরে আলমবাগ ও সেকেক্সাবাগ নামক আর ঘটি যুদ্ধ ক্ষেত্র আছে।" এই বলিয়া, সকলে পোল পার হইয়াবাদসাবাগে যাইয়া উপস্থিত হইলেন।

বৰুণ। উহা নবাবের স্নানাগার। ঐ স্নানাগারে ফোয়ারার ছারা নদী

হইতে দল আসিত। ওদিকে দেখুন রোসেন-উদ্দোলার কুঠি ছিল। উহা নগরের মধ্যে একটি উৎক্রষ্ট বাড়ী। এক্ষণে ঐ স্থানে গবর্গনেন্টের কয়েকটি আফিন হইয়াছে। নদীর তীরে যে ঐ একটি মদজিদ দেখা যাইতেছে, উহাও নবাবের ক্বত। সম্প্রতি উহা সাহেবদিগের সভাগৃহ ইত্যাদিতে পরিণত হইয়াছে।

বন্ধা। আচ্ছা—ওদিকের ও বাগানটি কাহার ? এমন বৃহৎ বাগান তো কথন চোথে দেখি নাই! ভিতরে যেতে দেবে কি ।

"চলুন যাই" বলিয়া বঞ্চণ সকলকে লইয়া উন্থান মধ্যে প্রবেশ করিলেন এবং কহিলেন "এ উন্থানটিও নবাবের । নবাব স্বভাবতঃ বড় সৌখীন লোক ছিলেন । এজন্য যেখানে যত উৎকৃষ্ট ফল ফুলের গাছ দেখিতেন, এখানে এনে রোপণ করিতেন । এই বাগানে এমন উৎকৃষ্ট আমর্ক আছে—যাহা স্বর্গেও নাই । বাগানটি এক্ষণে কপুরতলার মহারাজার অধিকারে আছে ।"

এখান হইতে দেবগণ গাজিউদ্দিন হাইদারের কবর দেখিতে যান। ঐ স্থানে অনেকগুলি নবাব ও বেগমের প্রতিমৃত্তি এবং অপরাপর অনেক দেখিবার যোগ্য আশ্চর্য্য অব্য আছে। বাসায় আদিয়া সকলে গল্প করিতেছেন, এমন সময়ে দেখেন, রাস্তা দিয়া অসংখ্য লোক যাইতেছে। কারণ অস্ত্রসন্ধানে জানিলেন, একজন ধনী মাড়োয়ারীর পুত্তের বিবাহ উপলক্ষে তথায় ভাল বাই, স্বরদাপ অন্ধের সেতার বান্ত, এবং কালকা ও কেদারের নৃত্য গীত হইবে। তথন নারায়ণ কহিলেন "বঙ্গণ! চল ভাই—বাইনাচ দেখে আসি। লক্ষেএর বাই বড় বিখ্যাত। অতএব লক্ষে এনে বাইনাচ না দেখলে দেখলাম কি।"

তাঁহার কথায় দকলে দশত হইলেন এবং গাত্রোখান করিয়া নৃত্যগীত দেখিতে চলিলেন। যাইয়া দেখেন মেনকা, উর্বাণী ও তিলোন্তমা দদৃশ এক যুবতী দাঁড়াইয়া কোকিলকঠে গান করিতেছেন। খরে ও রূপে দেবগণের মাথা ঘ্রিয়া গেল। তাঁহারা অবাক হইয়া গালে হাত দিয়া বদিয়া পড়িলেন এবং মনে মনে ভাবিতে লাগিলেন, "অমরাবতীতে মেনকা প্রভৃতিকে অধিতীয়া স্কর্মরী ভেবে আমরা গর্ম করিতাম; কিন্তু মর্জ্যেও দেখিতেছি তাহাদের ক্যায় স্কর্মী আছে।"

ক্রমে বাইনাচ থামিল। তথন স্থরদাস সেতারায় ঝন্ধার দিয়া বাছ আরম্ভ করিল। সে ব্যক্তি ঐ এক যন্ত্রের সাহায্যে বেহালা প্রভৃতির বোল বাহির করিলে

দেবগণের মর্ত্তো আগমন

দর্শকগণ ও দেবগণও আশ্চর্যান্থিত হইলেন। তাহার পর কালকা ও কেদার নৃত্য গীত আরম্ভ করিল। ইহারাও বিখ্যাত নাচিয়ে গাইয়ে। ক্রমে সঙ্গীতসভা ভঙ্গ হইলে দেবতারা বাসায় প্রত্যাগমন করিলেন, আসিতে আসিতে দেবরাজ কহিলেন "আমার একান্ত সাধ, ঐ কয় ব্যক্তিকে স্বর্গে লইয়া যাই। কারণ, আমরা যেখানে সেখানে যাইয়া সঙ্গীতাদি শুনিতে পারি, পরাধীন দেবীয়া ত আর তা পারেন না। যে দিন সঙ্গীত হইবে, আমি পান্ধী পাঠাইয়া বৈকুঠ প্রভৃতি হইতে দেবীগণকে আনাইব। বরুণ, বল দেখি—এদের লইয়া যাইতে কি খরচা পড়ে গ"

বন্ধা। ওসব কাজে আমি বড় চটা। সামান্ত আমোদে অর্থব্যর কেন বল দেখি? বরং ঐ টাকাতে দশজন গরীবকে প্রতিপালন কর, দেশের যাতে উন্নতি হয় তাহার চেষ্টা দেখ। যে দেশে যাত্রা, থিয়েটার, বাইনাচের বেশী প্রাত্ত্র্ভাব, দেশে ত উৎদন্ন যেতে বসেছে। দেখ, মর্ত্ত্যলোকে রাজা, প্রজা, গাইয়ে, বাজিয়ে কেহই চিবদিন থাকিবে না, সময়ে সকলকেই মরিতে হইবে। ইহারা অর্গে যাইলে ত স্কলত মূল্যে ও অল্পব্যয়ে নৃত্যু গীত শুনিতে পাইবে।

ইস্ত্র। সত্য ; কিন্তু ইহারা পাপ পুণ্যের ফলাফল জন্ম স্বর্গে যাইবে কি নরকে যাইবে, তাহার নিশ্চয় কি ?

পরদিন প্রাতে দেবগণ বারাণসীবাগ দেখিতে চলিলেন। ঐ স্থানে একটি উৎকৃষ্ট খেত পাথরের রাস্তা আছে। রাস্তার উপর জুতা পায়ে দিয়া যাইতে মায়া হয়। দেবতারা বিশ্বিত হইয়া যাইতে যাইতে একটি উৎকৃষ্ট বাড়ী দেখিয়া অধিকতর বিশ্বিত হইলেন। তথন বরুণ কহিলেন, "পিতামহ! এই বাড়ীটি নির্মাণ করিতে ত্রিশ ক্রোর টাকা বায় হইয়াছিল।" ক্রমে সকলে ভিতরে প্রবেশ করিয়া নানাপ্রকার প্রতিমৃত্তি ও বৃক্ষ লতা দেখিয়া আশ্চর্যায়িত হইলেন এবং প্রত্যেকে নানাপ্রকার প্রশের বীজ অপহরণ করিতে লাগিলেন।*

বারাণদীবাগ হইতে দকলে এক দিকে যাইতেছেন, এমন সময়ে নারায়ণ একস্থানে উপস্থিত হইয়া কহিলেন, "বরুণ! সম্মুখে ঐ প্রকাণ্ড বাডীটী কি ?"

বরুণ। উহা লামার্টিন কলেজ। ঐ কলেজে ইংরাজ-বালকেরা বিভা শিক্ষা

^{*} চুরি করা মহাপাপ; কিন্ত ঋষিগণ কছেন, "দেবতার পূঞার্থে পূষ্প অপহরণে পাপ নাই।" যদি বলেন "দেবগণের আবার দেবপূ**লা কি** ?" তা নর, তাহারাও পরস্পর পরস্পরের পঞা করিয়া থাকেন।

করে। বাড়ীটি সাত তালা। প্রত্যেক তালার ছাদ থিলানের উপর। এই বাড়ীতে নবাবের মাদ্রাসা ছিল।

নারা। ভারতবাসীদিগের ছেলেরা লেখাপড়া শিখে না?

বঙ্গণ। তাহাদের জন্য এখানে একটি কলেন্ধ আছে। তাহাকে লক্ষ্ণে ক্যানিং কলেন্দ্র বলে। সে বাড়ীও বেশ। এই কলেন্দ্র প্রধানতঃ রাজা দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়ের যত্নেই স্থাপিত হয়! বাটীর সম্মুখে ছটি বড় চমংকার কবর আছে।

ব্রহা। রাজা দক্ষিণারঞ্জন কে?

বরুণ। ইনি একজন বাঙ্গালী কুলীন ব্রান্ধণের সস্তান। ইহার পিতা কলিকাতায় এক ধনী পিরালীর গৃহে বিবাহ করিয়া শশুরালয়েই বাস করিতেন। দক্ষিণারঞ্জন অতি অপুরুষ, এবং তাঁহার বৃদ্ধিও অতি প্রথর। তিনি কলিকাতার হিন্দু কলেজে প্রবিষ্ট হইয়া শীঘ্রই একজন বৃদ্ধিমান্ ছাত্র বলিয়া পরিগণিত হন। সে সময়ে হিন্দু কলেজে ভিরোজিওর নামক একজন ফিরিঙ্গী যুবক অধ্যাপক ছিলেন। দেরূপ অসাধারণ মনস্বী সংসারে অতি বিরল। দক্ষিণারঞ্জন ভিরোজিওর প্রিয়তম ছাত্র ছিলেন। কিন্তু যৌবনের সঙ্গে তাঁহার চরিত্র উচ্ছুগ্রল হইয়া পড়িল, তিনি ঘোর স্বরাপায়ী হইয়া উঠিলেন। শেষে তাঁহার চরিত্র এতদ্ব কল্যিত হইল যে, তাঁহার আত্মীয়েরা ঔষধ থাওয়াইয়া অজ্ঞান করিয়া তাঁহাকে কাশীতে পাঠাইলেন। কাশী হইতে ফিরিয়া ফিরিয়া গিয়া ভিনি আবার মতপানাদি আরম্ভ করিলেন।

ইহার কিছুকাল পরে বর্দ্ধমানের বিধবা রাণী বসস্তকুমারীর সহিত তাঁহার পরিচয় হয়। তিনি বসস্তকুমারীর দেওয়ান হইলেন। পরিচয় ক্রমে অবৈধ প্রণয়ে পরিণত হইল। এক দিন স্থযোগ পাইয়া দক্ষিণারঞ্জন রাণীকে লইয়া কলিকাতাভিম্থে পলায়ন করিলেন। রাজভবনে এ সংবাদ প্রচারিত হইবামাত্র পলাতকগণকে ধরিবার জন্ম অখারোহী সৈনিক সকল প্রেরিত হইল। তাহারা উভয়কে ধরিল ও দক্ষিণারঞ্জনকে হত্যা করিতে উন্ধত হইল। এমন সময়ে কয়েক জন ইংরাজ দেখানে আসিয়া পড়ায় তাঁহার প্রাণরক্ষা হইল। রাণী বসস্তকুমারী প্রবায় বর্দ্ধমানে আনীতা হইলেন। কিন্তু ইহার অল্প দিন পরেই তিনি আবার স্বীয় প্রণয়ীর সহিত মিলিত হইলেন। প্রাণের ও লোকলজ্জার ভয়ে দক্ষিণারঞ্জন রাণীকে লইয়া লক্ষ্পে নগরে আসিয়া বাস করিলেন। অসাধারণ বৃদ্ধি প্রভাবে তিনি শীন্তই লক্ষ্পে নগরে প্রতিপত্তি লাভ করিলেন। এমন কি, লক্ষ্পেএর তালুক-

দেবগণের মর্ভ্যে আগমন

দারেরা তাঁহারই পরামর্শ-অন্নপারে চলিয়া থাকেন। ১৮৫৭ খুষ্টাব্বে সিপাহী বিলোহের সময় দক্ষিণারঞ্জন ইংরাজদিগের অনেক সাহায্য করিয়াছিলেন। এইজন্ত বড় লাট লর্ড ক্যানিং তাঁহাকে একটি জাইগীর ও রাজা উপাধি প্রদান করেন। রাজা দক্ষিণারঞ্জনের ছারা অনেক হিতকর কার্য্য সাধিত হইয়াছে। *

এমন সময়ে পশ্চাদিকে গাড়ীর শব্দ শুনিয়া দেবগণ রাস্তার এক পার্থে সরিয়া দাঁড়াইলেন। একথানি যুড়ী তাঁহাদের নিকট দিয়া চলিয়া গেল। গাড়ীতে ছই-ছলন ম ত্র লোক পাশাপাশি বসিয়াছিলেন। বৰুণ কহিলেন, "পিতামহ, আমি যে রাজা দক্ষিণারঞ্জনের কথা বলিতেছিলাম, গাড়ীতে ঐ যে উফীষধারী ব্যক্তিকে দেখিলেন, উনিই তিনি।"

ইন্র। ঠিক্! রাণী ভুলাইবারই রূপ বটে!

বরুণ। আর উহারই দক্ষিণভাগে উপবিষ্ট যে ব্যক্তিকে দেখিলেন, উহার নাম রাজকুমার সর্বাধিকারী। উনি ক্যানিং কলেজের একজন অধ্যাপক। ইংরাজী, সংস্কৃত প্রভৃতি ভাষায় ও ইভিহাস, গণিত প্রভৃতি নানা শাস্ত্রে উহার প্রগাঢ় পাণ্ডিতা আছে। কলিকাতার সংস্কৃত কলেজে ব্রাহ্মণ-বৈছেতর জাতির ছাত্রেরা প্রবেশাধিকার পাইলে, উনিই উক্ত কলেজের প্রথম কায়স্থ ছাত্র। স্বীয় প্রতিভাবলে উনি কলেজের ছাত্রগণের শীর্ষস্থান অধিকার করিয়াছিলেন। উহার গুণে মৃশ্ব হইয়া রাজা দক্ষিণারঞ্জন উহাকে লক্ষ্ণোএ আনিয়া বাস করান। এথানে উহারও যথেষ্ট সম্মান আছে। শ

ক্রমে দেবগণ চকে যাইয়া উপস্থিত হইলেন। চক দেখিয়া স্ষ্টেকর্তার মৃথ হইতে "এটা কি, ওটা কি" বোল বন্ধ হয়ে গেল। নারায়ণ এবং ইন্দ্র প্রশ্ন জিজ্ঞাসা করিতে নিশ্বত হইয়া কেবল একদৃষ্টে চাহিতে লাগিলেন।

ব্রহ্মা। বরুণ! পথে তামাক থাইবার জন্ত গোটাকত মাটির নল লাগান

^{*} ১৮৮৭ দালে ইহার মৃত্যু হইয়াছ।

[†] ইনি পরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ঠাকুর আইনের অধ্যাপক হইয়া কলিকাতায় আদেন, আর লক্ষোঁএ খিরিয়া যান নাই। রায় বাহাছের কৃষ্ণদাদ পালের মৃত্যুর পর ইনি হিন্দু পেট্টিয়ট কাগজের সম্পাদক ও ব্রিটিশ ইণ্ডিয়ান্ এদোসিয়েশনের সেক্রেটারি হন। ইহার গুণের পুরস্কারস্বরূপ গ্রণমেন্ট ইংহাকে রায় বাহাছের উপাধি প্রদান করেন। ১৯১১ প্রস্তাকে ইহার মুত্যু হইয়াছে।

গুড়গুড়ি (মাদারিয়া) কিন্লে হয় না? কারণ কলিছঁকাটা যদি হারায়, বড় কটবোধ হইবে। এ তুই চারিটা যাইলে তুঃখ নাই।

বক্ষণ এ কথায় সম্মত হইলেন এবং একটি পয়সা গুড়গুড়ি মায় কলকে এবং জলখাবারের জন্ম চারি কড়া কড়িও প্রাপ্ত হইলেন। এই সময়ে একজন পান-বিক্রেতা দেবগণকে কহিল "বাবু! পান খাবেন না? বড় চমংকার খিলি, এক টাকার লউন। লক্ষ্ণে এনে পানের খিলি না খেলে খেলেন কি ?"

ব্রহ্মা। এক টাকার খিলি কি কর্বো? আমাদের কি ছেলে মেয়ের বে যে এত খিলির দরকার ?

দোকা। এত কই বাবু! বেশী তোনয়, টাকায় ছটো। বন্ধা। উ: বাবা। টাকায় ছটো।

এমন সময়ে কতকগুলি বেশা আসিয়া দেবগণের হাত ধরিল এবং গান শুনিবার জন্ম টানাটানি আরম্ভ করিল। দেবতারা "আ মবৃ! হাত ছাড্!" "আ মবৃ! হাত ছাড্!" বলিয়া সরিয়া যাইতে লাগিলেন। এই সময়ে গুলির আড়োর কর্তারা হেঁড়ে-গলায় "বাবু চণ্ডু, চরস, গাঁজা, গুলি যা ইচ্ছা এক এক টান টেনে গান শুনতে যাবেন" বলিয়া চীৎকার আরম্ভ করিল।

দেবগণ বেগতিক দেখিয়া জ্রুত্পদে চক হইতে পলাইয়া ভৈরবনাথের মন্দিরের নিকটে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ! মন্দিরের নিকট একটি ক্ষুদ্রাবয়ব খেত অশ্বর্থগাছ দেখুন। ইহা যে কতকালের, তাহা স্থির হয় না।"

ব্রহ্মা। ভাই, যেথানে বেশ্চাতে এলে হাত ধরে, সে স্থানে ক্ষণকাল থাকা মহাপাপ। আর আমাদের এথানে থাকিবার আবশুক করে না, চল অছ্চই বারাণদী যাত্রা করি।

বরুণ। ঠাকুরদা! আপনি একবার হাত ধরাতে এত ত্থে কর্চেন, আজ এ ঘটনা বাঙ্গালী নব্য বাব্দিগের মধ্যে হইলে কত আমোদই হইত।

ক্রমে সকলে ষ্টেশনে ঘাইয়া বারাণদীর টিকিট লইয়া টেণের অপেক্ষা করিতে লাগিলেন। বরুণ কহিলেন, "পিতামহ! এই নগরে দাতাইশরকম আশ্চর্যা জিনিদ দেখিবার আছে। এখানকার পানীফল ও তরমুজ বড় বিখ্যাত। চকের দারিকটে অনেক ধনী দদাগর বাদ করেন। লক্ষ্ণোএর লোকেরা বড় খর্চে। আগা মীরের দেউড়ি বড় উৎকৃষ্ট, এমন বাড়ী লক্ষ্ণোএ দ্বিতীয় নাই। লক্ষ্ণো-ঠংরি নামক

যে গান আছে, তাহার প্রথমে এই ছানে স্পষ্ট হয়। আহা! ঠাকুরদা। নৈমিষারণ্য দেখে এলে হতো।"

ব্ৰমা। কোথায় দে স্থান?

বৰুণ। এই লক্ষোএর পর গোটাকতক টেশন উন্ধান যাইয়া শাণ্ডিলা নামক স্থানে নামিতে হয়, তথা হইতে নৈমিধারণ্য অন্যন ১৫ কোশ পথ হইবে। টেশনে ডুলীর অভাব নাই।

ব্রহ্মা। না ভাই, আর কাজ নাই, তবে কলিকাতার যাইবার পথে হইলে যাহা হয় করা যাইত। বাড়ী ছেড়ে যেমন কথন প্রবাদে আদি নাই, তেমনি প্রাণটা যেন হাপো হাপো করিতেছে, এখন ভালর ভালর কলিকাতা দেখে শীঘ্র শীঘ্র ফিরিতে পারলে বাঁচি!

ইন্দ্র। নৈমিষারণ্যে আছে কি ?

বরুণ। তথায় দধীচি মৃনির আশ্রম আছে। বৃত্তসংহারসময়ে তৃমি দেবগণসহ তাঁহার নিকটে যাইয়া বজ্র-নির্মাণ জন্ম অস্থি প্রার্থনা করিলে মৃনিবর বলেন, "দেবরাজ! আমি নিজ অস্থি তোমাকে প্রদান করিব প্রতিজ্ঞা করিতেছি; কিন্তু কিছুদিনের জন্ম অবদান কর, আমি একবার তীর্থ পর্যাটন করিয়া আদি। কারণ অন্তাপি আমার তীর্থ পর্যাটন করিয়া করিব প্রতাপি আমার তীর্থ পর্যাটন করিয়া লিম । করিব অন্তাপি আমার তীর্থ পর্যাটন করিয়া লিম । আমি পৃথিবীর যাবতীয় তীর্থকে এই স্থানে আনাইয়া দেখাইতেছি। দেই জন্ম এক সময়ে যাবতীয় তীর্থকে এই স্থানে আনাইয়া দেখাইতেছি। দেই জন্ম এক সময়ে যাবতীয় তীর্থ নৈমিষারণ্যে দেখা দিয়াছিল। তন্তিয় সেখানে একটি কুণ্ডও আছে। উহাকে পূর্বের ক্রমকুণ্ড কহিত। শ্রীরামচন্দ্র রাবণবধজনিত ব্রহ্মহত্যা-পাপে লিপ্ত হইলে তাঁহার হন্তের দাগ কিছুতেই উঠে নাই, ঐ কুণ্ডে প্রক্রালন করায় উঠিয়া যাওয়াতে তিনি কুণ্ডের নাম পাপ-হরণ-কুণ্ড দিয়া, এই বর দেন — অতঃপর যে কোন পাপী এই কুণ্ডে স্নান করিবে, তাহার সর্বপাপ মোচন হইবে। ঐ নৈমিষারণ্যে গরুড় গল্প-কচ্ছপকে লইয়া গিয়া ভক্ষণ করিয়াছিল। তন্তিয় ঐ ছানে ললিতাদেবীর প্রতিমৃত্তি আছে। অনেকে বলে—উহা বায়ায় পীঠম্বানের মধ্যে একটি পীঠম্বান।

ক্রমে ট্রেন আসিয়া উপস্থিত হইল। দেবগণ যাইয়া উঠিয়া বসিলেন। ট্রেন স্থপান্থপ শব্দে অযোধ্যায় আসিয়া যাত্রীর জন্ম থামিয়া রহিল। ব্ৰহ্মা। বৰুণ। এ কোন ষ্টেশন ?

বরুণ। এ স্থানের নাম অংযাধ্যা। ভগীরথ এবং শ্রীরামচন্দ্র এই স্থানে রাজ্য করিয়াচিলেন।

ব্ৰহা। এখানে নামিলে হইত না ?

বরুণ। আজে, এথানে দেখিবার মত কিছুই নাই । কেবল দশরথের বাটীতে একটি বেদী আছে। লোকে বলে—ঐ বেদীর উপর রামচন্দ্র জন্মগ্রহণ করিয়াছিলেন। অত্যাপি যাত্রীরা যাইয়া বেদী প্রদক্ষিণ করিয়া থাকে। বেদীর নিকটে এক যোডা জাঁতাও একটি উনান আছে। অনেকে বলে—রামচন্দ্র পীতাকে বিবাহ করিয়া আনিলে যে বোভাতের যক্ত হয়, তাহাতে ঐ উনানে রা**য়া** এবং ঐ জাতায় ডাইল ভাঙ্গা হইয়াছিল। এখানে রামের অপেকা হতুমানের বেশী সমাদর। একটি উৎকৃষ্ট মন্দিরে হতুমানজী আছেন। মন্দিরের মধ্যে একটি ভাল চাঁদোয়া ও উৎক্লষ্ট ছাতা আছে। পশ্চান্তাগের একটি গৃহে রাম, লক্ষাণ, ভরত, শত্রুত্ব এবং সীতার প্রতিমৃত্তি আছে। কিন্তু যাত্রীদিগের নিকট তাঁহাদের তাদৃশ সমাদর নাই। বশিষ্ঠাশ্রমে ভগবতীর প্রতিমৃত্তি আছে এবং একটি কুপও দেখিতে পাওয়া যায়। ঐ কুপের নিকট শ্রীরামচন্দ্র বাল্যকালে প্রাতৃগণসহ ক্রীড়া করিতেন এবং কথন কথন জলে লাফাইয়া পড়িতেন। সর্যু নদীতে রাম-ঘাট ও স্বর্গঘাট নামে ছুটি উৎকুষ্ট ঘাট আছে। রামঘাটের সদশ ঘাট আর পৃথিবীতে আছে কি না সন্দেহ। প্রাতঃকালে ও সন্ধ্যাকালে যথন রামায়ত বৈষ্ণবৰ্গণ এই ঘাটে বৃদিয়া মধুর রাম-নাম উচ্চারণপূর্বক স্তোত্ত পাঠ করে, শুনিলে মনে এক আশর্ষ্য ভাবের উদয় হয়। এথানকার মোহান্ত প্রকৃত সাধু এবং সিন্ধ-পুরুষ। যত অতিথি উপস্থিত হউক, তিনি কাহাকেও বিমুখ করেন না। নগর-বানীরা প্রত্যহ সন্ধ্যার সময় গৃহে ধুণ-দীপ জাণিয়া যথন রাম বাম শব্দের দহিত শঙ্খঘণ্টার শব্দ করে, তথন মন বড় প্রফুল্ল হয় এবং পূর্ব্ব অযোধ্যার সেই সমস্ত ভাব যেন চক্ষের উপর আসিয়া নৃত্য করিতে থাকে। এথানকার রাস্তাঘাট বড় উত্তম। नगत्रवामी मिरगत मरक्षा तामाग्रक देवकः तत्र मरकाहि दिनी !

পুনরায় ট্রেণ ছাড়িল এবং সিকরোল ষ্টেশনে আসিয়া উপস্থিত হইল। ক

অবোধ্যার এক শিব এবং কালীমূর্ত্তি আছে। অনেকে বলে রাজা দশরণ উহা প্রতিষ্ঠাকরেন। † আমরা বে সময়ের কথা বলিতেছি, তথন বারানসীতে ষ্টেশন হয় নাই।

টেশনের বাহিরে আদিয়া দেবগণ যে দিকে চাহেন, দেখেন একটি মেম ও একটি সাহেব জোড়ে পরিভ্রমণ করিতেছে। মেম নাকি-স্থরে মিহি-গলায় সাহেবকে মনের কথা বাক্ত করিতেছেন, সাহেব চুক্ষট টানিতে টানিতে ভারি গলায় মেমের কথার উত্তর দিতেছেন। তাঁহাদের গায়ের বোটকা গল্পের সহিত চুক্ষটের গন্ধ মিশ্রিত হইয়া এক মভিনব ন্তন গন্ধ বাহির হইতেছে। কোন স্থানে কভিপয় ইংরাজ বালক ও বালিকা ছুটিতেছে, বসিতেছে, কেহ বা মস্তকের টুপী দ্রে নিক্ষেপ করিয়া "হো" "বো" শন্ধে হাসিতে হাসিতে গোড়িয়া গিয়া কুড়াইয়া আনিতেছে।

ইন্দ্র কহিলেন, "আহা! যেন মল্লিকাফুলের বাগান। এ স্থানের নাম কি বরুণ?"

বরুণ এ স্থানের নাম দিকরোল। এখানে ইংরাজেরা বাদ করে।

এই সময়ে দেবগণকে দেখিতে পাইয়া কয়েকখানি গাড়ি ও কতিপয় গঙ্গাপুত্র ও যাত্রাওয়ালা ছুটিয়া আসিল। পিতামহ তাহাদিগের পরিচয় জিজ্ঞাসা করিলে গঙ্গাপুত্র কহিল, "আমি গঙ্গাপুত্র, আমার কাজ গঙ্গান্ধান সময়ে মন্ত্র পড়ান, আমি মন্ত্র না পড়াইলে লোকের স্নান সিদ্ধ হয় না।" যাত্রাওয়ালা কহিল, "থামার কাজ যাত্রীদিগকে দেবালয় সকল দর্শন করাইয়া আনা।"

শুনিয়া নারায়ণ ইন্দ্রের কাণে কাণে বলিলেন, "দাদা মহাশয় এখানে অনেক-শুলি "ভূঁইফোড়" দৌহিত্তের মূখ দেখে "দৌহিত্তজ লোকে" যাবার পথ পরিষ্কার করিলেন।

অতঃপর দেবগণ একখানি ঘোড়ার গাড়ী ভাড়া করিয়া উভয় দিকের দরজা খুলিয়া দেখিতে দেখিতে চলিলেন। নারায়ণ এই সময় দ্বে একটি বহুচ্ড়াবিশিষ্ট বাড়ী দেখিয়া বক্লকে জিজ্ঞাদা করিলেন, "বক্লণ! ওটা কি ?"

বৰুণ। উহা দিকরোল কলেজ। কলেজের বাড়ীটি বড় চমংকার ! কলেজের নিকটম্ব প্রাঙ্গণে একটি ক্ষুপ্র পুষ্করিণী আছে এবং দর্শকদিগের কোতৃহল বৃদ্ধির জন্ম জলে ঘটি কুন্তীর পোষা হইয়াছে। কলেজের মধ্যে একটি উক্ত ই পুস্তকালয় আছে। পুস্তকালয়ে ইংরাজী অপেক্ষা সংস্কৃত পুস্তকের ভাগ বেশী। এই স্থানে কর্ণেল উইলফোর্ডের কবর আছে। ইনি একজন বিখ্যাত শৃংস্কৃতক্ত ছিলেন। ক্রমে দেবগণের গাড়ী সদর রাস্তা পরিত্যাগ করিয়া গলি ঘুঁজির মধ্য দিয়া মণিকর্ণিকার ঘাটে যাইয়া উপস্থিত হইল। নারায়ণ বৃদ্ধ পিতামহের হাত ধরিয়া জলের নিকট লইয়া যাইলেন। তিনি উপস্থিত হইয়া কয়েক বিন্দু জল লইয়া মস্তকে স্পর্শ করিলেন এবং "আঃ! চরিতার্থ হইলাম" বলিয়া, "স্বরধুনি, এস মা! কমগুলুতে এস মা!" বলিয়া রোদন করিতে লাগিলেন এবং তাঁহার ঘন ঘন মোহ উপস্থিত হইতে লাগিল।

বরুণ। আপনি করেন কি ? মর্ত্তো এদে কি পাগল হইলেন ?

ব্রহ্ম। বরুণ, দাদা—সত্য বল, মাকে এত ডাকছি দেখা দিচ্চেন না কেন? তাঁর ত কোন অমঙ্গল ঘটে নাই ?

বরুণ। গঙ্গার আবার অমঙ্গল কি. তাঁর কি কিছু অমঙ্গল আছে ?

ব্রন্ধা। জানি কি ভাই, মর্জ্যে এসে স্থানে স্থানে যে জলের কল, স্থলের কল দেখতে পাচিচ, মাকে আমার পাছে কোন কলঘরেতে জুড়ে থাকে। ভগীরথের অক্সায় দেখ, গঙ্গাকে আমার পৃথিবীতে এনে দেশময় ছড়িয়ে রেখেচে, এ স্থানে রাখলেও খু জে পেতাম।

বরুণ। আপনার কোন ভয় নাই— যেখানে পারি গঙ্গার সহিত দাক্ষাৎ করিয়ে দিব।

ব্রহ্মাকে ঘন ঘন মৃচ্ছ যিইতে দেখিয়া বাঙ্গালী খ্রীলোকেরা নিকটে ছুটিয়া আসিল। একজন কহিল "নিন্দে পাগল।" অপরা কহিল "ন্লো ভা নয়, বয়েদ হওয়ায় মিন্দের ভীমরতি হয়েচে"। আর একজন কহিল "মিন্দে নিঃসন্দেহ বাঙ্গাল। বাঙ্গাল না হ'লে কি গঙ্গা বলে হাপুশ নয়নে কেঁদে মরে।"

দেবগণ ইহার পর জলে নামিলেন। তাঁহারা এক গলা জলে দাড়াইয়া আছেন, গঙ্গাপুত্র আর মন্ত্র পড়ায় না; কেবল দক্ষিণার জন্ত দর কসাকসি করিতে লাগিল। শেষে নারায়ণ অত্যন্ত বিরক্ত হইয়া কহিলেন "দেখ, একটি করে আদলা পাবে—ইচ্ছা হয় মন্ত্র পড়াও নচেৎ এই আমি ডুব দিয়া ফেলাম।" বলিয়া ভুশ করে ডুব দিলেন। গঙ্গাপুত্র দেখিল, একটা লোক হাতছাড়া হইল, অতএব বিলম্ব করা উচিত নহে, যা পাই তাই লাভ, ভাবিয়া মন্ত্র পড়াইতে লাগিল।

মান সমাপনাস্তে ইক্স বলিলেন "পিতামহ! এ স্থানের নাম মণিকর্ণিক। ইইল কেন?"

দেবগণের মর্ছ্যে আগমন

ব্রহ্মা। এক সময় বিষ্ণু চক্র ধারা এক পুরুরিণী খনন করিয়া তাহা নিজে গাত্রের স্বেদে পরিপূর্ণ করেন এবং তীরে বিসিয়া পাঁচ-সহস্ত্র-বৎসর শিবের আরাধনা করিতে থাকেন। নারায়ণের ঘোরতর তপস্থা দেখিয়া মহাদেবের শিরঃকম্প হওয়ার তাঁহার কর্ণ হইতে কর্ণভূষণ খদিয়া পড়ে বলিয়া এই হানের নাম মণিকণিকা হইয়াছে। চক্র ধারা এই সরোবর খনন করা হয় বলিয়া ইহাকে চক্রতীর্থও কহে। শিব নারায়ণকে বর দিতে চাহিলে তিনি এই বর প্রার্থনা করেন, যে ব্যক্তি এই স্থানে মরিবে, মৃত্যুর পর সে ঘেন বৈকুঠে ঘাইয়া বাস করে। এই ঘটনার পর গঙ্গা মর্জ্যে আসিয়া মণিকর্ণিকার সহিত মিলিত হওয়ায় ইহা মহাতীর্থ হইয়াছে। এই ছানেই রাজা হরিশ্চক্র শব আগলাইতেন।

বরুণ। আজ্ঞে এই ঘাটই হচে কাশীর মড়াঘাট। এথানে অন্তাপিও প্রতিদিন কত শবদাহ হয়, তাহার সংখ্যা নাই। আপনি যে চক্রতীর্থের কথা কহিলেন, সে স্থান ওদিকে দেখুন লোহ রেল দ্বারা পরিবেইন করা রহিয়াছে।

স্থানান্তে দেবতার। উপরে উঠিতেছেন, এমন সময়ে ব্রহ্মা বাঁশের দ্বারা একটি মৃত ব্যক্তির মস্তক ফাটাইতে দেখিয়া নারায়ণকে কহিলেন "নারায়ণ! স্থামার মামুষের শেষ দশা দেখ! আহা! মহুয়াগণ ঐ শরীর রক্ষার জন্ম কত চেটা পায়, সকল দ্রব্যই 'আমার আমার' বলিয়া কত যত্ন করে, একদিনও শেধের এই দশা মনে ভাবে না।"

উপরে উঠিয়া দেবরাজ কহিলেন "দেখুন পিতামহ। বেলা হইয়াছে, এই স্থানে কিছু জলযোগ না করিয়া নগরে প্রবেশ করা উচিত নহে।"

ব্রদ্ম। আমি ভাই অন্থ কিছু আহার করিব না; কারণ তীর্থস্থানে আদিয়া প্রথম দিবদ উপবাদ করিয়া থাকা বিধি।

নারা। তবে আমরাও আজ কিছু আহার কবিব না, উপবাদ করিয়া বহিলাম।

ব্রহ্মা। না, না, তোমরা উপবাস করবে কেন? ছেলেমামূষ; তা হ'লে কট হবে। এক কাজ কর, কিঞ্চিৎ চিনি কিনে এক এক বাটি সরবৎ করে থাও; কারণ সমস্ত রাত্তি টেনে এসে শরীরটে ক'সে রয়েছে।

ইন্দ্র। আজ্ঞে না, প্রথমে চেষ্টা করি, তার পর শেষে যা হয় হবে। এক্ষণে কাশী আসিয়া যাহা যাহা আবশ্রক, করিতে আজ্ঞা করুন। বন্ধা। কাশী আসিয়া অথ্যে কুমারী ভোজন করান কর্তব্য। কিন্তু অপরিচিত স্থানে আমরা কুমারী অধ্যেধ করিয়া কোথায় পাইব ?

যাত্রাওয়ালা নিকটে ছিল, কহিল "আপনারা আমার সঙ্গে আহ্বন আমি কুমারী সংগ্রহ করিয়া দিতেছি।" দেবগণ ভাহার পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। যাইতে যাইতে ইন্দ্র কহিলেন "পিভামহ! কাশী আদিয়া অগ্রে কুমারী ভোজন করান উচিত কেন?"

ব্ৰহ্মা। এক সময় দেবাদিদেব মহাদেব ৬০ হাজার বৎদর জন্ম কুশৰীপস্থিত মন্দর-পর্বতে যাইয়া অবস্থিতি করেন। ঐ সময়ে কাশীতে রাজা না থাকায় অতান্ত অমঙ্গল ঘটিতে থাকে। তথন দিবোদাস সংসার পরিত্যাগ করিয়া কাশীবাসী হইয়াছিলেন। প্রজারা তাঁহাকে উপযুক্ত দেখিয়া রাজা করে। ওদিকে ৬০ হাজার বৎসর গত হইলে সদাশিব আনন্দকানন (কাশী) বিরহে অত্যন্ত কাতর হইলেন , কিন্তু রাজ্যের এমনি লোভ, দিবোদাস তাঁহাকে সিংহাসন ছাড়িয়া হইতে বিদায় করিতে পারেন না. অতএব তিনি অনেক বিবেচনার পর চৌষটি যোগিনীকে এই আজ্ঞা করিলেন "তোমরা কুমারী বেশে কাশী ঘাইয়া গোপনে দিবোদাদের পাপ অফুসন্ধান কর।" যোগিনীগণ কুমারী বেশে কাশী আসিয়া ধরে ঘরে অমুসন্ধান করিতে লাগিলেন, কিন্তু কুত্তাপি পাপের কোন দন্ধান পাইলেন না। এই প্রকারে অধিক দিন কাশীতে থাকায় তাঁহাদের মায়া বসিয়া যায় ও এই স্থানেই বাস করিতে থাকেন। ওদিকে শিব বিবিধ উপায়ে কাশী প্রাপ্ত হইয়া যথন নগরে প্রবেশ করেন, যোগিনীগণ যাইয়া তাঁহার চরণধারণ পূর্বক লজ্জায় অবনত-মন্তকে রোদন করিতে লাগিলেন। সদাশিব হাস্ত করিয়া কহিলেন "তোমাদের ভয় নাই, তোমরা আমার কাজে অঞ্চতকার্য্য হইয়াও যথন অক্তরে না পলাইয়া আমার প্রিয় কাশীতেই বাদ করিতেছ, তখন দম্ভোবের দহিত এই বর দিতেছি যে, অতঃপর যে কোন ঘাত্রী কাশীতে আসিবে অগ্রে তোমাদের উদ্দেশে কুমারী ভোজন করাইবে। কুমারী ভোজন না করাইলে আমি তাহার পূজা গ্রহণ করিব না।"

দেবগণ যাত্রাওরালার সাহায্যে কয়েকটি কুমারী পাইরা তাঁহাদিগকে ভোজন করাইলেন। বলা আবশুক, যাত্রাওরালা কুমারীর সংখ্যা অরু পাওয়ার দেবগণের মর্ত্তো আগমন

কয়েকটি কুমারকে ভেজাল দিয়াছিল। দেবগণ সেটা আর ধরিতে পারেন নাই।

কুমারী ভোজন শেষ হইলে ব্রহ্মা কহিলেন "চল আমরা চুণ্ডিরাজ গণেশের পূজা করিয়া আদি! তাঁহার পূজা না করিয়া বিশেশর দর্শন করা উচিত নহে," বলিয়া সকলে দেই দিকে চলিলেন।

ইন্দ্র। পিতামহ! চুণ্ডিরাজ গণেশের পূজানা করিয়া বিশেশর দর্শন করা উচিত নহে কেন ?

ব্রন্ধা। দিবোদাদের পাপ অয়েষণ জন্ম শিব গণেশকেও গণক সেজে ঘরে ঘরে অয়েষণ করিতে পাঠাইয়াছিলেন। তিনিও পাপের কোন অম্পন্ধান পান নাই। বরং অধিক দিন কাশীতে বাস করিয়া মায়া বসিয়া যায় ও আসল কাজ বিশ্বত হন। মহাদেব বিবিধ উপায়ে কাশী প্রাপ্ত হইয়া প্রবেশ করিয়া দেখেন, গণেশ ঘর ছার বেঁধে বসে বসে, লাডু থাচেন। তিনি তদ্দর্শনে হাশ্মপূর্বক কহেন "দেখ গণেশ। তুমি আমার কার্য্যে অপারক হইয়াও যথন অম্বন্ধ না পলাইয়া আমার প্রিয় কাশীতেই আছ, তথন এই বর দিতেছি যে, অতংপর যে কোন যাত্রী কাশীতে আদিবে অত্যে তোমাকে তিলের লাডু দিয়া পূজা করিবে। তোমার পূজা না করিলে আমি তাহার পূজা গ্রহণ করিব না।"

দেবগণ একটি গলির প্রবেশম্থে চুণ্ডি গণেশের দেখা পাইলেন এবং তাঁহারা পূজা করিয়া, "বাোম হর হর' শব্দ করিতে করিতে বিবেশরের বাটিতে ঘাইয়া উপস্থিত হইলেন। এই সময়ে শিব সন্মাসিবেশে সন্মাসিদলে মিশিয়া গাঁজা থাইতেছিলেন। দেবগণকে দেখিয়া সদম্বমে গাজোখান করিয়া নিকটে জাসিলেন এবং পিতামহের হস্ত ধরিয়া দেবগণসহ পরম আহলাদে মন্দির মধ্যে প্রবেশ করিলেন। তথা হইতে স্বড়ঙ্গ-পথে প্রবেশ করিয়া এক আশ্ব্য বৈঠকখানা-গৃহে সকলকে লইয়া যাইলেন। এদিকে যাজাওয়ালা, ইহারা কোথায় গেলেন, না জানিতে পারায় খুঁজে খুঁজে হার্রাণ হইতে লাগিল।

নারা। মেঙ্গদা, আপনি তথন মর্ত্যে আসিতে চান নাই,—এই ত এসেছেন!

শিব। কাশী কি ভাই মৰ্জ্য ? আমি ত এখানে অষ্টপ্ৰহরই আছি ! আমার

মামশা, মকদমা, বিষয়, আশর সবই ত ভাই কাশী নিরে। কাশীই তআমার বাহার-বন্দর তালুক, এ ছেড়ে কি এক মুহূর্ড থাকতে পারি ?

বন্ধা। উপরে তোমার মন্দির ও প্রতিম্র্তি, নিমে মাটির মধ্যে তোমার বাস, এর কারণ কি ?

শিব। জানি কি দাদা, যে লাল, কাল, হরেক রকমের রাজা হচ্চে—কোন
দিন কোন বেটা এসে যদি মন্দিরটে তোপে উড়িয়ে দেয়, শেষকালে কি
অপমৃত্যুতে মরবো। একবার এক মৃদলমান বাদদার * হাত হতে জ্ঞানবাপী
দিয়ে পালিয়ে বাঁচি। শেষে অনেক বিবেচনার পর বিশ্বকর্মার ছারা মন্দিরের
তলায় এই বাড়ীটি তৈয়ার করিয়া স্ত্রী-পুরুষে বাদ করিভেছি। উপরে
আমাদের ঠাট ছুখানি আছে মাত্র। এখন মনে ভাবি, আহা! আগে এ
বৃদ্ধি জোগালে সোমতীর্থে অত আঘাত পেতেও হত না এবং অনর্থক অত
ডাক্কার থরচও লাগতো না। বলতে কি আমি সেখানে ধনে প্রাণে মারা
গিয়াছিলাম শ। আপনারা বস্থন—আমি বাটির মধ্যে চাটি ভাত চাপিয়ে
দিতে বলে আদি। ও বেলার তরকারী রায়া আছে; ভাত হতে আর কতক্ষণ
লাগবে।

বঙ্গণ। আজে, আমরা কিছু আহার করব না।

শিব। সে কি ! অমি শুধু উপোষ করবে, কি ঞিৎ জলযোগ ?

ব্রনা। কিছু না; তীর্থের ধর্ম যা, তা না রাখলে চলবে কেন ?

ভূত্যকে তামাক ও পা ধোবার জন দিতে আজ্ঞা দিয়া সদাশিব নারায়ণের হস্ত ধারণ পূর্বক অন্দরে প্রবেশ করিলেন। এবং "গিন্নি কোথায় গেলে গো" বলিয়া চাৎকার করিতে লাগিলেন। অন্নপূর্ণা আধবোমটা দিয়া উপস্থিত হুইলে "কে আদিয়াছে দেখ!" বলিয়া বাহিরবাটতে প্রস্থান করিলেন।

ভগবতী নারায়ণকে একথানি পিঁড়ে পাতিয়া বসিতে দিলেন এবং নিজে ধরাসনে উপবেশন করিয়া কহিলেন "এত কাহিল যে! অস্থ্থ-বিস্থু হয়নি ত?"

^{*} আওরক্তেব। † মাম্দ ছাদশ বারের ভারত আক্রমণে দেবম্ভিসহ সোমনাথের মন্দিরের সৌন্দর্যা নতু করেন।

ফেবগণের মর্ভ্যে আগমন

নারা। মধ্যে পেটের অক্থ হয়, কবার ভেদ বমীও হয়েছিল, রাজু কবিরাজ কি একটা ঔষধ দিয়ে আরোগা করেন।

স্বন্ধপূর্ণা। স্থামি রোচ্ছ রোচ্ছ ওঁর কাছে গল্প করি, কোলকেতা হতে কত লোক স্থাসে, ঠাকুরপো একবার স্থাসেন না কেন ? এলে কিসে ?

নারা। কলের গাড়িতে।

আন্নপূর্ণা। আহা! কি কলই তৈয়ের করেচে, কিছুই করতে হয় না—টিকিট কিনে উঠতে পাল্লেই পৌছে দিয়ে যায়। দিন দিন কত রকমের লোকই ভাই দেখা দিচে। আবার ত্মল কলেজের ছেলেগুলো পরীক্ষের ভয়ে, কি মা বাপের সঙ্গে ঋগড়া করে বাস্ক ভেঙ্গে টাকা নিয়ে পালিয়ে আসতে আরম্ভ করেচে। ভোমার দাদা যখন খবরের কাগজ পড়েন—"আমার ছোট ভাই, রং কাল, মাখায় টাক আছে, ভোত্লা কথা কয়, বয়ল ১৮।১৯, বেটে খাট মামুবটি, অমুক রাত্রে নিক্ষেশ হ'য়েচে, কেউ ধরে দিভে পারলে ৫০ টাকা পারিভোষিক দেব।" ভনে আর কাপড় মূথে দিয়ে হেলে হেলে,বাঁচিনে। বউদের আনলে না কেন ?

নারা। নিজের আসতেই প্রাণ ওষ্ঠাগত, ট্রেণে কি স্ত্রীলোক আনা যায়? বাবা। যে ভিড।

আরপূর্ণা। তোমাদের ছজনেরই ঐ এক বোল। কেন এদিকে ত বড় ভিড় নেই; ভিড় বটে কলকেতার পথে। তা ভিড় হ'লেই বা ক্ষতি কি? কোলকেতার যে কত বাবু সোমন্ত সোমন্ত বো সঙ্গে করে কাশী আ্থাসেন। আহা! আনতে হয়। ভাল ঠাকুরপো! তুমি যে ভিড়ের কথা বোলচো, কিন্তু মনে কর, কোলকেতার যদি তোমার চাকরি হত, বউ ফেলে কেমন করে থাকতে?

নারা। সে কথা আমি বলতে পারিনে। কিন্তু তুমি যে কোলকেতার লোকের কথা বলচো, বোধ হয় তাঁহাদের বুকের পাটা দেবভাদের অপেক্ষা শক্ত, দেই জম্মই ট্রেণে পরিবার আনতে সাহস হয়। কৈ—তুমি কথন কলের গাড়িতে উঠেছ ?

অন্নপূর্ণা। তোমার দাদা কি তেমনি যে, রেল গাড়িতে উঠতে দেবেন ? প্রাহণের দিন প্রায়াগে গঙ্গামান করতে যাব বলে কত সাধ্যি সাধনা করলাম, কিছতেই বিদায় দিলেন না! नावा। करनव गाफिछ एम्पनि ?

অন্নপূর্ণ। একদিন উনি বাড়া ছিলেন না, লুকিরে গিয়ে দেখে এসেছি। তু মিলে গোরা গাড়িথানাকে যেন নক্ষরবেগে ছুটিয়ে নিয়ে গেল। তুমি বোসো, জলথাবার আনি।

নারা। আজ আর কিছু ধাব না, তীর্বে এনে প্রথম দিন উপবাস করতে হয়।

অন্নপূর্ণা। ওমা, কেন! তুমি ছেলে মাছ্য, তিনবার থাবার বয়েন, তোমার আবার উপবাদ কেন? তাই ত বলি, মুখ-থানি ঘেন শুক্ল শুক্ল দেখাচে। তোমার সঙ্গে আর কে এনেছে?

भावा। वर्षमा, त्मवदाक ७ वक्न ।

অন্নপূর্ণা। বরুণ ত এইখানে (মর্স্তো) চাকরি করেন। এখন কি তাঁর ছুটি? নারা। এখন ছুটি বটে; কিছু আজ কাল উহার ছুটির কোন স্থিরতা নাই; মেলেরিয়া জ্বর হয়ে পর্যান্ত যথন তখন বিদায় নিয়ে স্থর্গে যান।

অন্নপূর্ণা। ঐ জন্তে দময়ে জন না হওরায় ধানটানগুলো ভালরূপ জনায় না বটে! আচ্ছা দেবরাজ যে কোলকেতায় চল্লেন, উনি কি বিষয়-আশয়গুলো উইল করে এলেন?

নারা। উইল করবেন কেন?

অন্নপূর্ণা। শুনেছি রাজ রাজরারা কোলকে তায় যাবার আগে, যদি আর না ফেরেন ভেবে, উইল করে থাকেন ?

নারা। দেখানে গেলে আর ফিরবেন না কেন।

অন্নপূৰ্ণা ধর্ম জানেন!

নারা। বড়দা আজ বড়ড জালাতন করে মেরেছেন। ঘাটে এসেই "হুরধুনী" "হুরধুনী" শব্দে কাঁদতে আরম্ভ করলেন, দেশের মাগীগুলো তামাদা দেখতে ছুটে এল, আমরা ত আর লজ্জায় বাঁচিনে!

অন্নপূর্ণ। স্থবির কথা ভাই বলো না। বলাম, আগে আমাদের ছ'-সতীনে ঝগড়া হত, এখন বয়স হরেচে, এখন ও আর সে দব ভাল দেখায় না, আয় বোন তৃষ্ণনে ভাব করে মিলে মিশে থাকি। প্রত্যাহ আমাকে ছঞ্জিশ জেডের জন্ম রাধিতে হয়, একা আর পেরে উঠিনে। তুই খাকলে, হলো তুই

দেবগণের মর্ছ্যে আগমন

একদিন রাঁধলি, আমি এক দিন রাঁধলুম—তা তো গায়ে লাগে না। তা ভাই—
কিছুতেই শুনলে না, অহমারে উত্তরবাহিনী হয়ে চলে গেল *। যেমন কথা
শোনেননি, তেমনি এখন মরছেন, ইংরাজেরা জাহাজ আর ষ্টীমার বহিয়ে বহিয়ে
কোমর ভেকে দিচেচ।

"তুমি বোসো আমি বাহির হতে আসি—কারণ বড়দা প্রভৃতি রয়েছেন" বিলিয়া নারায়ণ বহিবাটীতে প্রস্থান করিলেন। জয়া আসিয়া কহিল, "মা, ও বাব্টি কে?" অন্নপূর্ণা কহিল "মর, সব ভূলে গেলি? উনি যে আমার দেওর নারায়ণ!" জয়া কহিল "বয়েস হয়েছে, আর চোকে কাণে ভাল দেখতে ভানতে পাইনে।"

বহির্বাটিতে উপস্থিত হইয়া নারায়ণ দেখেন, ব্রহ্মা তাকিয়া ঠেশ দিয়া বদিয়া আছেন। দেবরাজ আলবোলায় ধুমপান করিতেছেন। সদাশিব ভূঁড়ি উচ করে পায়চারি করিতে করিতে বলিতেছেন, "ভাল ভেবে কাশী নির্মাণ করলেম—কপালক্রমে মন্দ হল! তথন ভেবেছিলাম, কাশীই ১'ল মর্ড্রো আমার ফরাসভাঙ্গা অর্থাৎ কেহ কথন পাপ করে এথানে পালিয়ে এলে छेकात्र रत । এथन प्रथिकि—रात्र माँ फिरायर का का नमानी भारत । कि সর্বনেশে কলের গাড়িই সৃষ্টি হল! রাত দিন কামাই নেই, ফোঁস ফোঁস শব্দ করে যত বাজ্যের পাপিষ্ঠগুলোকে নামিয়ে দিয়ে যাচে। ঐ লক্ষীছাড়া গাড়ির জন্ম ফরদা কাণ্ড পরে বাহিরে যাবার যো নাই, পাথুরে কয়লার ধোঁয়ায় এক দিনেতেই ময়লা হয়। পূর্বের রোলার রাস্তা একদিকে ছিল, আজ কাল আবার হুই দিক দিয়ে সর্পের মত এঁকে বেঁকে এদে কাশীকে খেন গ্রাস করতে বসেছে। পূর্বে এখানে যি ময়দা বিলক্ষণ সন্তা ছিল। ঐ হওভাগা গাড়ি এখানকার তা ওখানে, ওথানকার তা এখানে এনে সকল দ্রব্যেই যেন আগুন লাগিয়ে দিয়েছে। আমার কাশীতে চোর, ছ্যাচোড়, বদমায়েস এত স্কুটেছে যে. রাত্রিতে নির্বিল্পে কাহারো ঘুমাবার যো নাই। নগর, মহলে মহলে বিভাগ করা রন্ধনীতে প্রত্যেক মহলের ঘার বন্ধ থাকে; তথাপি ভার মধ্যে চুরি, াহত্যা, প্রাণিহত্যা কাশীতে প্রত্যহ যে কত ঘটচে, তার আর সংখ্যা নাই। সংপাত্তে অন্নদান শাল্পসমত; কিছ আমার ভাগ্যে অসং পাত্রই ভূটছে। যত

^{*} কাশীতে পঙ্গা উত্তরবাহিনী।

বেটা মায়ে-তাড়ানে। বাপে-খেদানো গুলিখোর গেঁজেল দণ্ডী সেজে দিন দিন এসে খালা খালা ভাত মেরে যাচে।"

বন্ধা। কত লোক প্রতাহ খার ?

শিব। তার ঠিক নাই, এখানে এলে ত আর ফিরাব না; ঐ জ্ঞাই কাশী নির্মাণ করা। তবে রেঁধে রেঁধে মাগী না একটা রোগ করে বদে।

এই সময় পার্শের ঘরের ছারে ঈবৎ আঘাতের শব্দ হইল। শিব ক্রত যাইয়া জানিয়া আসিলেন—অন্নপূর্ণা এক্ষার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছেন। তিনি প্রত্যাগমন করিয়া কহিলেন, "বড়দা, একবার ঘরের ভিতর যান।" ব্রন্ধা তৎশ্রবণে গৃহমধ্যে প্রবেশ করিবা মাত্র অন্নপূর্ণা গাষ্টাঙ্গে প্রণাম করিয়া কহিলেন, "বাবা! কেমন আছ, মাকে সঙ্গে করে আন্লেনা কেন? তাঁর ব্য়েস হয়েছে—এখন তীর্থধর্ম না করলে করবেন কবে।"*

ব্রহ্মা। তাঁর একান্ত আসিবার ইচ্ছা ছিল—কিন্ত বাড়ীতে লোকজন না থাকায় সাঁজ শল্তে কে দেয় ভেবে আন্তে পারলেম না। মনে মনে ছির করেছি গলাকে এবার নিয়ে যাব।

আর। "উচিত। যুবতী মেয়ে পথে ঘাটে ছুটোছুটি করে বেডার, সেট আর ভাল দেখার না।" কিরৎক্ষণ এইরূপ কথাবার্ডার পর অরপূর্ণা প্রস্থান করিলেন, ব্রহ্মাও বৈঠকথানা-গৃহে আসিয়া উপস্থিত হইলেন। ক্রমে নানা কথার রজনী অধিক হইলে দেবতারা শয়ন করিলেন ও সদাশিব অন্দরে চলিয়া গেলেন।

প্রাতে অরপূর্ণ। উঠিয়। নারায়ণকে ডাকিয়া কহিলেন, "ঠাকুরণো! তোমরা কাল উপবাদ করে আছ—আজ আর ঘাটে গিয়ে স্নান করে কাজ নাই। বি কুয়া থেকে জল তুলে দিক, বাটিতে স্নান কর। ঘরে মাগুর মাছ জিয়ানো আছে—মামি কাপড় ছেড়ে ঝোল ভাত চাপিয়ে দিই।"

ব্ৰহ্মা ও নারায়ণ একথায় সন্মত হইলেন, কিন্তু বৰুণ ও ইক্স সন্মত হইলেন না। তাঁহারা তেল মেথে গামছা কাঁথে ফেলে রাজরাজেশরীঘাটে স্নান করিতে চলিলেন। যাইতে যাইতে ইক্স কহিলেন "বৰুণ! মন্দিরের মধ্যে ও মূর্ত্তি কি? স্থবর্ণময় মূথে যেরূপ ঘূর্ণিত গোঁপ শোভা পাইতেছে—দেখিলে ত ইহাকে ঘারবান্ বলে বোধ হয়।"

দপরীর পিতা, এই জন্তই বোধ হয় অয়পূর্ণা ত্রয়াকে পিতৃদঘোধন করিলেন।

দেবগণের মর্ভো আগমন

বরুণ। ইনি কালভৈরব। ইনি কাশীর কোভোয়াল।

ইন্দ্র। কালভৈরবের উৎপত্তির কারণ কি 🕈

বরণ। এক সময় 'অব্যয় কে' এই কথা লইয়া ব্রহ্মা ও নারায়ণে অত্যন্ত বিবাদ হয়। বিবাদস্থলে মূর্ত্তিমান চারি বেদ উপস্থিত হইয়া বলেন 'মহাদেব অব্যয়!' কিন্তু ভথাপি তাঁহারা বিবাদ করিতে থাকেন। তথন পাতাল হইতে এক জ্যোতিঃ উত্থিত হইল। জ্যোতির্মধ্যে শ্লপাণি রুক্তকে 'দেখিয়া ব্রহ্মা কহিলেন "রুক্ত! আমি তোমার পিতা—আমাকে প্রণাম কর।" রুক্তদেব এই কথা শুনিয়া কুপিত হইলে তাঁহার ললাট হইতে এক জ্যানক পূরুষ বাহির হন তিনিই কালভৈরব। ঐ কালভৈরর রুক্তের আজ্ঞায় ব্রহ্মার উর্দ্ধদিকের এক মন্তক ছেদন করিলেন। তথন ব্রহ্মা ও নারায়ণ রুক্তের স্তব দ্বারা তাঁহাকে শাস্ত করিয়া নিজে নিজে বিবাদ হইতে ক্ষান্ত হইলেন। এ দিকে ব্রহ্মার ছিন্ন মন্তক আর রুদ্রের হন্ত হইতে শ্বলিত হইল না। তিনি নানাতীর্থ পরিভ্রমণ করিয়া পরিশেষে কাশীতে প্রবেশ করিলে ছিন্ন হন্ত মন্তক হইতে শ্বলিত হইয়া পড়ে। কালভৈরবে তদ্ধ্রে বলিল 'আহা! কাশী কি মহাতীর্থ! আমি জ্যোবধি এই কাশীর প্রতিহারী রহিলাম।" এ জন্ত যাত্রিগণ এখানে আসিয়া অপ্রে কালভিত্রবের পূঞ্চা করে। ইহাকে সম্ভর্ত না রাখিলে কাশীবাসের বিন্ন ঘটে।

ইন্দ্র। বরুণ । কাশী-নির্মাণের কারণ কি ?

বরুণ। নারারণ মহাপ্রলয়ের পর বটপত্তে শয়ন করিয়া জলে ভাসিতে থাকেন। ভাসিতে ভাসিতে তাঁহার পুনরায় পৃথিবী নির্মাণের অভিলাষ হইলে দক্ষিণ অক্স হইতে শিব এবং বাম অক্স হইতে অয়পূর্ণা আবিভূতা হইলেন। উভয়ে আবিভূতি হইয়া মনে মনে স্থির করিলেন—এমন স্থান নির্মাণ করিয়া বাস করিব, যাহাতে সমস্ত পশু, পক্ষী, কীট, পতক্ষ প্রভৃতি জন্তগণ যে কোন প্রকার পাপে পাপী হউক—মৃত্যু হইলে মৃক্তিলাভ করিবে। তাঁহারা এই মনস্থ করিয়া এই পঞ্জোশী কাশী নির্মাণ করেন।

এই স্থান হইতে যাইয়া উভয়ে স্থান আহ্নিক সমাপনাস্তে বাসায় আসিয়া উপন্থিত হইলেন। উপন্থিত হইরামাত্র নারায়ণ কহিলেন, "এত বিলম্ব ? এদিকে যে ভাত শুকিয়ে চা'ল হয়ে গেল।" ইহার পর দেবগণ আহারাদি করিলে বিশেশর ও অন্নপূর্ণা স্ব স্থামন্দিরে প্রস্থান করিলেন। ব্রহ্মা। তোমারা আর দিবদে নিক্রা যেও না। দিবানিক্রা বড় দোব, উহাতে আয়ুঃ কয় করে।

বন্ধার কথায় সকলে সন্মত হুইলেন, এবং কি উপায়ে দিন কাটাইবেন, তাহার চেটা দেখিতে লাগিলেন। চঞ্চল-স্বভাব নারায়ণ একবার যাইয়া শিবের ডুগড়গাঁটী বাজান, কথন বা শিক্ষেটা লইয়া ফুঁদেন, এক একবার তানপ্রাটা হাতে নিয়ে কটাকট শব্দে কাণ মলিতে থাকেন। শীতকালের বেলা দেখিতে দেখিতে যায়। ক্রমে শিবের বৈঠকথানাম্থ ঘড়ীতে টং টং শব্দে তিনটা বাজিল। দেবতারা অমি শীতবন্ত গাত্রে দিয়া পরিচিত স্বড়ঙ্গপথে বিশেশবের মন্দিরে উঠিলেন। উপস্থিত হইয়া দেখেন, অসংখ্য যাত্রী "ব্যোম" "ব্যোম" "হর হব" শব্দে মন্দির ফাটাইতেছে।

বঙ্গণ কহিলেন, "পিতামহ! সম্মুখে দেখুন নাট-মন্দির। রাজি চারিটা হইতে সমস্ক দিন ও রাজি ১০টা পর্যন্ত অবিপ্রান্ত লোকে বিশ্বের দর্শন করিতে আসে। ইহার আরতির সময়ের দৃষ্ঠা বড় চমংকার! দেই সময় গা৮ জন রাজ্মণ— ক্রন্তাক্ষমালা গলে—প্রত্যেকেই হস্তে এক একটি পঞ্চপ্রদীপ লইয়া স্তোজ পাঠ করিতে করিতে আরতি করিতে থাকে এবং কতকগুলি লোক শিক্ষে ভয়ুরের তালে গালবাদ্ধ করিয়া তালে তালে নাচিতে থাকে। ইহার মন্দিরের উপরিভাগটা স্থবর্ণাচ্ছাদিত। ওদিকে দেখুন শিবের কাছারিঘর, ঐ ঘরে রাশি রাশি শিব ছড়ান আছে। দুরে দেখুন বিশেশরের পুরাতন মন্দিরের ভয়াবস্থা। উহা ছরাত্মা আওরঙ্গন্ধেব ভাকিয়া দিয়াছিল।

ইন্দ্র। মুদলমানদের কি এখানেও দৌরাত্মা ছিল ?

বৰুণ। অত্যন্ত। পূৰ্বে এই কাশীতে ১০।১২ হাজার হিন্দু দেবমূর্ত্তি ছিল, আওরক্ষজেব কর্ত্বক নট হইয়াছে। এক্ষণে ১০।১২ শত আছে কিনা সন্দেহ। বৰুণ এখান হইতে দেবগণকে জ্ঞানবাপী দেখাইতে লইয়া গোলেন এবং তথায় উপস্থিত হুইয়া বলিলেন, "পিতামহ। এই দেখন প্রাচীরবৃষ্টিত জ্ঞানবাপী।"

ইন্দ্র। জ্ঞানবাপী কি ?

বৰুণ। নন্দী ভূঙ্গীকত একটি পৰিত্র কুণ। বাপীর তলায় যাইবার নিঁ জি আছে। ইহার তলা গঞ্চার সহিত সংলগ্ন। ঐ স্থানে শিবের অন্থচর নন্দীর প্রতিমূর্ত্তি আছে। সম্পূথেই দেখ প্রকাণ্ড প্রস্তারময় বৃব স্থাপিত বৃহিন্নাছে। ছ্রাছ্মা আওরক্জেক যখন অত্যাচার করে, সদাশিব এই বাপী দিয়া পলাইয়া নিস্তার পান। বিপদ্বের

দেবগণের মর্ভ্যে আগমন

সময় তাঁহার সেই উপস্থিত জ্ঞান হওয়ায় ইহার নাম জ্ঞানবাপী হইরাছে। আহা। যতক্ষণ মন্দির ভয় করে, তিনি এই অন্ধকার বাপী হইতে সন্দলনয়নে যে ভাবে উকি মারিয়া দেখিয়াছিলেন, অভাপি আমার মনে হলে কারা আসে।

ব্রহ্মা। বরুণ ! চুপ কর ভাই। ভক্ত বঙ্গবাসীরা এ কথা শুন্লে হেসে বল্বে— আমরাও যেমন পালোয়ান, আমাদের দেবতারাও ততোধিক। ফলতঃ তুমি বাপীর উৎপত্তি যাহা কহিলে—তাহা নহে।

বৰুণ। তবে কি १

ব্রহ্মা। এক সময়ে দেবগণ ও গণপতি কাশীতে আসিয়া দেখিলেন, বিখেশরকে স্থান করাইবার জন্ত কোন জলাশয় নাই। গজানন তদ্ধে অত্যন্ত তৃঃখিত হইয়া নিজ ত্রিশূল ঘারা এক কৃপ খনন করিয়া সেই জলে শিবকে স্থান করান। মহাদেব ইহাতে সম্ভই হইয়া বর দিতে চাহিলে গজানন এই বর লন যে, এই কুণ্ড যেন অভ হইতে স্ক্তীর্থাপেক্ষা শ্রেষ্ঠ হয়। শিব "তথাস্ত" বলিয়া কুপের নাম "জ্ঞানবাপী" রাখিলেন এবং বলিলেন, "এই বাপীর সেবা করিলে লোকে.দিব্যক্ষান প্রাপ্ত হইয়া স্থাব্যিহণ করিবে।"

নারায়ণ। বরুণ! জ্ঞানবাপী হইতে যে দুর্গন্ধ বাহির হইতেছে— মেজদা আমার কেমন করে লুকিয়েছিলেন তাই ভাব্ছি, চল ভাই, এথান হইতে পালাই, নচেৎ আমার বমি হবে।

ব্ৰহ্মা। কৃষণা তুই হলি কি ? ও কথা কি বল্তে আছে ? আহা। এমন তীৰ্থ জগতে নাই।

এখান হইতে দেবতারা অন্নপূর্ণার মন্দিরে যাইরা উপস্থিত হইলেন এবং খেত ও কৃষ্ণবর্গ প্রস্তুর নির্মিত মেঞ্চে ও শিক্তলাচ্ছাদিত ঘরের প্রতি আশ্চর্যা হইরা চাহিতে লাগিলেন। দেখেন—নাটমন্দিরের স্তম্ভগুলি অতিশয় স্থচিত্রিত। দালানে বিসিয়া অসংখ্য উর্দ্ধবাছ, একবাছ পরমহংস স্থমধুর স্বরে বেদপাঠ করিতেছেন। গৃহমধ্যে বিভূজা অন্নপূর্ণা বিসিয়া আছেন। দেবীর সর্বাক্ত বন্ধাচ্ছাদিত, কেবল স্থবর্ণময় মুখখানি খোলা। তাহার এক হাতে হাতা—অপর হাতে থালা। প্রতিমূর্ত্তি প্রস্তরনির্মিত। গৃহমধ্যে অন্ধকার নিবন্ধন হউক বা যে কারণেই হউক দিবারাত্রি একটি শ্বত-প্রদীপ অলিতেছে। ছারদেশে একটি পরদা মুলান।

ইন্দ্র। আমি দেখে বড় সম্ভট হইলাম যে, অন্নপূর্ণাকে আবক্ষতে রাখিয়াছে।

আমার বিবেচনার দেবীর সর্বাঙ্গ যেমন বস্তাচ্ছাদিত, তেমনি মাধার একটু ঘোষ্টা টানা থাকা উচিত ছিল। হিঁত্র দেবী, একটু লক্ষা সরম না থাকা বড় অক্সায়। ভাল বঞ্গ। হাতে হাতা ও থালা ধারণের কারণ কি ?

বরুণ। অনেকে বলে— শিবের একদিন অন্ন ছিল না। ঐ দিন তিনি ভিক্ষা করিতে যাইয়াও কিছু না পাওয়ায় ক্ষ্ধান্ন অত্যন্ত কাতর হইয়া ভগবতীর নিকট কাঁদিতে থাকেন। স্বামীর কষ্ট দেখিয়া দেবীর ছঃথ হওয়ায় তিনি মনে মনে প্রতিজ্ঞা করিলেন "যেমন আমার স্বামী আজ চারিটি ভাতের জন্য কাতর হইলেন, তেমনি আমি যাইয়া অন্নপ্র্ণারূপে ছত্তিশ বর্ণের অন্ন যোগাইব" বলিয়া, এইরূপ ধারণ করিয়া এখানে বিরাজ করিতেচেন।

এখান হইতে দেবতারা জিলোচন দেখিতে যান। ইনি একটি তাম্রপজার্ত গহররমধ্যে বিরাজ করিতেছেন। মন্দিরের চতুর্দিকে কৃত্র ও বৃহৎ অনেকগুলি শিব আছে। তৎপরে তাঁহারা সঙ্কটা-দেবীকে দর্শন করিলেন। বরুণ কহিলেন "দেখুন পিতামহ! কাশীবাসীরা সঙ্কটে পতিত হইলে এই দেবীর পূজা মানিয়া থাকে। মন্দিরের চারিদিকে অনেক কৃত্র কৃত্র ঘর আছে, তাহাতে অনেক ব্রাহ্মণাদি বসিয়া জপ ধ্যান ও স্তোজ্রপাঠ করিয়া থাকে। পিত্তলনির্দ্ধিত ঐ যে রেলিং দেখিছেন, উহা অতিক্রম করিয়া তবে দেবীকে দর্শন করিতে যাইতে হয়।"

দেবগণ এখান হইতে কিছু দ্রে যাইয়া দেখেন, কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র বালক ধ্লায় উপবেশন করিয়া অফ্টস্বরে "মা! বাবা কই ? সকলেরই বাবা আছে— আমাদের বাবা কই ?" বলিয়া রোদন করিতেছে! কতিপয় অল্পরয়ন্ধা স্ত্রী অতি দীনবেশে রুক্ষকেশে নিকটে দাঁড়াইয়া সজ্বনয়নে বালকগণের মুখের দিকে চাহিতেছে।

ইন্দ্র। বরুণ, ইহারা কে १

वक्रव। इःथिनी वक्रविधवा।

ইন্দ্র এ অবস্থা কেন ?

বৰুণ। ইহারা বিবাহের বর্ষে বা তাহার ছই এক বর্ষ পরে বিধবা হয়।
কিন্তু বঙ্গে বিধবা-বিবাহ প্রচলিত না থাকায় ইহারা স্বামি-সহবাসস্থা বঞ্চিত
হইয়া এবং সংযম-শিক্ষার অভাবে রিপুদ্মনে অসমর্থতা হেতু পরপুক্ষসহবাসে
গর্ভবতী হয়। ইহাদের মাতাপিতা লোকাপবাদভয়ে এবং জ্রণহত্যা মহাপাপ বোধে

তীর্থযাঞ্জাচ্ছলে আসিরা ইছাদিগকে এই বারাণসী-তীর্থে বনবাস দির। গিয়াছেন। কাহারও কাহারও পিতা মাতা কখন কখন কিছু খরচ পাঠান, কাহারও বা পাঠান না। এজন্ম ইহারা ভিক্ষা করিয়া বহু ক্লেশে জীবন ধারণ করিতেছে। ধূলার বিসিয়া ঐ যে বালকগণ "পিতা কই" "পিতা কই" বলিয়া রোদন করিতেছে, উহারা উহাদের বৈধব্য অবস্থার পুত্র।

বন্ধা। কি পরিতাপ! এ কঠিন নিয়ম বঙ্গে কে প্রচলিত করে?

বক্ষণ। আপনার পুত্র মন্থ। তিনিই ভারতের আইনকর্তা ছিলেন। বাঙ্গালীরা প্রাণান্তে মন্থর নিয়ম লঙ্খন করিতে চাহে না—ও চাহিবে না। যত্তাপি কোন মহাত্মা ঐ নিয়ম লঙ্খন করেন—কি করিতে চাহেন; তাহা হইলে বাঙ্গালীরা তাঁহাকে নান্তিক বলিয়া উপহাস করে, তাঁহার সহিত আহারাদি করে না, বরং সমাজচ্যুত করে এবং নানা প্রকারে অনিষ্ট করিবার চেষ্টা পায়।

ব্রহ্মা। মহু আমার অত্যন্ত বৃদ্ধিমান ছিলেন। ভাল বরুণ, আমার মাহুষেরা কি মহুর নিয়ম মত দকল কাজ করে ?

বরুণ। তা করিলে ভারতে এত অন্থায় হইবে কেন? মন্থ ব্রহ্মচর্য্য, সংযম-শিক্ষা প্রভৃতি বিষয়ে যে সকল অমূল্য উপদেশ দিয়া গিয়াছেন সে সকল পালন করিবার দিকে যত্ন নাই, কেবল বিধবা-বিবাহের নিয়মটি শক্ত করে ধরে বদে আছে।

ইন্দ্র। বিধবাদিগকে এখন কি নিয়ম অমুসারে চলিতে হয় ?

বরুণ। তাহাদিগকে এক সন্ধ্যা নিরামিষ ভোজন করিতে হয়। একাদশীর দিন নিরম্ব উপবাস করান হইয়া থাকে। আমি অনেক সময়ে স্বচক্ষে দেখিয়াছি, কত বালিকা একাদশীর দিন পিপাসায় "প্রাণ যায়" "প্রাণ যায়" বলিয়া রোদন করিতেছে, তথাপি জল দেওয়া হইতেছে না।

ব্রহ্মা। উ:! পিতা মাতা তাঁহাদিগের আদরের ধন, যত্নের সামগ্রীর এই কট কোন প্রাণে সহ্থ করেন ?

বৰুণ। তাঁহারা কি করিবেন? সমাজে থাকিতে হইলে সমাজের নিয়ম মানিয়া চলিতে হইবে। অভএব অন্তরের কটে দক্ষ হইয়া অজস্ম অঞ্চণাত করিতে থাকেন।

ইন্দ্র। কলিতে এত অল্প বয়সে বিধবা হইবার কারণ কি ? আর মন্থই বা এমন নিরম প্রচলিত করিলেন কেন ? বঞ্চণ। মহুর দোব নাই, জিনি ভাল ভেবে নিয়ম করেছিলেন; কিন্তু কপালক্রমে মন্দ হয়ে পড়েছে। তিনি জখন কি জানিতেন যে—যালালীরা পঞ্চমবর্ষীরা
বালিকার সহিত ঘাদশবর্ষীয় বালকের বিবাহ দিয়া গোরীদানের ফললাভ করবে?
তিনি কি তখন জানিতেন—বালালীরা রাশিগণ না দেখিয়া পুত্র কন্তার বিবাহ
দিয়া নিজের মন্তকে নিজে কুঠারাঘাত করিতে উন্তত হইবে? তিনি
তখন কি জানিতেন—বার-তিথি না দেখিয়া বাঙালীবালকগণ অসময়ে অপরিমিত
বিহার করিয়া নিজের মৃত্যু নিজে ভাকিয়া আনিবে? তিনি তখন কি জানিতেন
—অপক-বীজোৎপন্ন বালকগণ অসময়ে পিতা মাতাকে কাঁদাইয়া ঘাইবে? স্থতরাং
তিনি তখন জানিতেন না যে, অন্নবয়ন্ধা বিধবাদিগের অশ্রুপাতে ও উঞ্চনিশালে
বঙ্গ ছারখার হইবে।

দেবগণ ত্থে করিতে করিতে বাসায় চলিলেন। কিছু দ্রে যাইয়া তাঁহারা রমণীকণ্ঠ-নিংসত স্বমধ্র সঙ্গীতধ্বনি শুনিতে পাইয়া দবিশ্বরে চারিদিকে চাহিতে লাগিলেন। দেখেন—এক বিতল গৃহে এক যুবতী বিবিধ বেশভ্ষায় বিভূষিতা হইয়া তালে তালে থেমটা নাচিতেছে। বাতায়নপথ মৃক্ত থাকাতে তাঁহারা আরো দেখিলেন—কয়েকটি যুবা বসিয়া গ্লাস গ্লাস কি পান করিতেছে। পান সমাপনাক্ষে তাঁহাদের মধ্যে একজন ভূগিতে ধীরে ধীরে ঘা দিতে লাগিল। তথন যুবতী তালে তালে নৃত্য আরম্ভ করিয়া এই গানটি ধরিল।

যথন এইছি কাশী বারাণসী ভয় কি করি আর।
তোমারে দেখিয়ে কলা ওরে শমন হব ভবপার।
থোলো থোলো রাণ্ডি থোলো, আমাদের আর কি ভয় বলো,
আছে ভোলা ভূগিয়ে হব ভবনদী পার।
"বোবো ব্যোম" "বোবো ব্যোম" "বোবো ব্যোম" দিতে থাক তাল!
মেতে ছিলেন স্বয়ং তিনি কুচ্নী পাড়ায় একপ্রকার।

দেবগণ একদৃষ্টে চাহিতে লাগিলেন। ব্রহ্মা বলিলেন, "বরুণ! তুমি বলেছিলে বাঙ্গালী স্ত্রীলোকেরা বিলক্ষণ লজ্জাশীলা। ঐ যুবতীও বাঙ্গালী, কিন্তু উহার লজ্জা সরম কই ? ও যেরূপ নীলাম্বরী পরে দিগম্বরী সেজে থেমটা নাচেচ, দেখে ত বোধ হয় না যে, কম্মিনকালেও লজ্জা সরম ছিল।

বৰুণ। আজে, ঐ স্ত্রীলোক বাঙ্গালী বটে, কিন্তু একণে বেশ্রামভাবের প্রাপ্ত

দেবগণের মর্ত্ত্যে আগমন

এই সময় দানী আসিয়া এক ঠোকা পুরী, কচুরী, মোহনভোগ অমপূর্ণার হস্তে দিল। দেবী নিজ অঞ্চলে একথানি রেকাবীর জল মৃছিয়া নালায়ণকে 'থাও' 'থাও' বলিয়া এক এক থানি দিতে লাগিলেন। নারায়ণ 'এত কেন, 'এত কেন' বলেন অথচ থাইতেও ছাড়েন না। দাসী পুনরায় আসিয়া একটি ছিবের করে পাণ ও ফরসীতে তামাক সাজিয়া দিয়া গেল। নারায়ণ গালে পানটি দিয়া তামাক টানিতে টানিতে কহিলেন, "বৌ, দাদার মন্দিরটি কি বিশ্বকর্মা মিস্তির হাতে গাঁথা।"

আর। না ভাই, ওটা ওঁকে অহল্যাবাঈ করে দেয়।

নারা। সোণা তো বড কম দেয়নি। অর্দ্ধেকটা সোণার পাতে মোডা।

অন্ন। গোণা দিয়ে মুড়ে দের ঐ সিং—মর, মিন্সের নামও মনে আসে না। খুব নড়াই করতে পারতো, যাকে ইংরান্সেরাও ভয় করতো। নামটি কি ভাল,—
রণজ্বিং।

নারা। লোকে বলে-বিশেশরের মন্দির বিশ্বকর্মার রুত।

অন্ন। যারা জানে না, তারাই ঐ কথা বলে। ঠাকুরপো! আজ ভাই তোমার বাঁশীর গান ভানবো।

নারা। ও বোঁ! বাঁশী বাজান ছেড়ে দিইটি। ডাব্রুনরেরা বলে 'ওতে দাঁত পড়ে যার, যন্ধারোগ জন্মার, আর শিরঃপীড়ার স্পষ্ট হয়। আজকাল বেহান। শিখতে আরম্ভ করেছি। তোমার যদি নিতান্তই শোনবার দথ হয়ে থাকে, না হয় বলো, দাদার শিক্ষেটা এনে ফু দিই।

আর। ক্ষান্ত হও ভাই, ঐ শিক্ষের শবে আমাকে অন্থির করে তুলেছে। আজকাল আবার কি বোল ধরেছেন, জান ?—বলেন 'পয়সা দেও, রবরের একটা তুবড়ী কিনবে।।'

নারা। তুবড়ী কি?

আয়। ঐ যে দাপুড়েরা 'পৌ' 'পৌ' শব্দে বাজিয়ে বেড়ায়। ঠাকুরপো, ভূমি হিং থাও গ

নারা। কেন বল দেখি?

অর। বরে চাট থাড়িন্ত্রি ছিল, হিং ফোড়ন দিয়ে একটু ভূনী খিচুড়ী রেঁধে দিতাম। নারা। না বৌ, আমি হিং খাইনে। একে হুর্গন্ধ তাতে অত্যন্ত গ্রম।

আন। তৃমি তুর্গদ্ধ বলে একটু হিং খাও না; কিন্তু এখনকার বার্রা পৌরাজ রহুন থেয়ে ভূট কলে। বার্রা স্থ করে পৌরাজের নাম রেথেছেন 'গ্রম মসলা।'

নারা। মাগীরাও বোধ হয় পেঁরাজ থেতে শিথেছে ?

অন্ন। কেন?

নারা। না হলে মিশেদের এমন কি সাহস ? ওর গদ্ধে ত ভূত পালায়। বৌ, একটি বড় কৌভূক দেখলাম—তোমার সপত্নী গঙ্গা প্রায়ই একপার না একপার ভেঙ্কে থাকেন। বিশেষতঃ যে পারে জল অধিক, সেই পারেই তাঁর উপদ্রব বেশী। কিন্তু কাশীতে তাঁর সে উপদ্রব নাই; থাকলে এতদিন ভোমার সোণার কাশীর অর্দ্ধেক আনদাজ উদরম্ব করে বসতেন।

অন্ন। কাশী না ভাঙ্গার একটি কারণ আছে। যথন গঞ্চা এইখান
দিয়ে যায়, ভোমার দাদাকে দেখে আহলাদে গদগদ হয়ে কল কল শব্দে
হাস্তে হাসতে আসে। ভোমার দাদা দেখুতে পেয়ে ছুটে গিয়ে বল্লেন
"থবর্দ্দার! এখানে এসো না। তৃমি এলে আমার সোণার কাশী ভেঙ্গে
চূরে নই হবে, সহু করতে পারবো না। তাতে কালামুখী এই সভ্য
করে—"একবার ভোমায় দেখেই আমি এখান হতে বিদায় হব। প্রভিজ্ঞা
করচি, কাশীর কোন অনিষ্ট করবো না।" *

নারা। বৌ, কাশীর কোন জিনিস ভাল ?

অর। কেন কাশীর চিনি, পেয়ারা, বারাণদী শাড়ী,—একি কথন শোন নাই ? বউদের জন্তে কিছু কাপড় কিনে নিয়ে যাও, ছেলে মেয়ের বেতে, হলো পূজোটুজোর সময়ে, পোরে বরণ করবেন।

নারা। এক আধ থানা হলে নিয়ে যেতাম, জান ত বিশ বস্তা নিয়ে গেলেও কুলিয়ে উঠতে পারব না।

অর। এ আমি রামা চাপাই, তুমি ভাই কাছে বোলে গল্প কর! আমি তোমার মুখে গল্প শুনতে বড় ভালবাদি।

"আমি চট্ করে একবার বাহির হতে আদি।" বলিয়া নারায়ণ প্রায়ন করিলেন। তিনি বহিকীটোটো উপছিত হইয়া দেখেন, সদাশিব

পদার স্রোতে কাশীর দিক্ ভালে না।

দেবগণের মর্ছ্যে আগমন

তাকিয়া ঠেশ দিয়া উপবেশন পূর্বক গল্প করিতেছেন। তিনি নারায়ণকে দেথিয়া কহিলেন "নারায়ণ! হিম লাগাচ্চ কেন? কাহিল শরীর, ঘরের ভিতর এদ, ভাল হয়ে বোদো; আর মাণাটা খুলে রেখো না, টুপী থাকে ত মাধায় দাও। দেখন বড়দাদা, আমার কাশীতে—আমার সোণার কাণীতে আর আছে কি?—যে কাশীতে বোদে কপিল দাংখ্যদর্শন লেখেন, যে কাশীতে বোসে গোভম ক্যায়শাস্ত্র লেখেন, যে কাশী পাণিনি-ব্যাকরণ জন্ম চিরপ্রসিদ্ধ, সেই কাশীতে এখন কি না কতকগুলো ছুপাতা উন্টানো, নয় ত বর্ণজ্ঞানহীন স্থায়বত্ব, বিস্থাবত্ব, শিরোরত্ব প্রভৃতি চৈতনধারী মহাত্মারা টোল থুলে দোকান পেতে, বসে আছেন। যে দব বিভাবৃদ্ধি। কোন দিন বাহর হরি বিভিন্ন ভেবে হরিসভা খুলে বিভার পরিচয় দেন। * দেখ দেবরাজ! এই কাশীতেই মহারাজ হরিশ্চক্র দর্ববাস্ত হয়ে বাদ করে-ছিলেন; এই কাশীতেই তুলদীদাদের আশ্রম এবং রামানন্দের মঠ ছিল। এখন দেই কাশীতে আছে কিনা কতকগুলো বেশ্যা এবং লম্পট। এখন भिष्ठ कामी कि ना वाञ्चाली वालविधवामित्शव **आश्वा**यान। यञ्च करत कानी নির্মাণ করলাম—ভূমিকপ্প হতে রক্ষার জন্ত ত্রিশূলের উপর কাশীকে স্থাপন করনাম, এখন কি না পাপের ভরে মাদে ৩২ বার কাশীতে ভূমিকম্প হচ্চে। এক একবার এমনি রাগ ধরেও হঃথ হয় যে, কাশী ভেঙ্গে গোল্লায় দিয়ে নিশ্চিম্ভ হই; কাশী অগ্নি ছারা ধ্বংস করে ভিখারী শঙ্কর আবার ভিকা করে থাই; শুলানবাদী শিব আবার শুশানে গিয়ে আশ্রম লই। বরুণ! এ কি কম ছঃখ-পাপীর সংখ্যা বৃদ্ধি দেখে কাল-ভৈরব প্রহরীর কার্য্য পরিত্যাগ করেছে! কলিও আমার দঙ্গে কোঁতুক আরম্ভ করছে! এক একবার গোপনে এসে সে ইহার ভিত্তিস্বরূপ ত্রিশূল গাছটা ধরে এমনি সজোরে নাড়া দেয় যে, বোধ হয় কাশীটে বৃঝি উন্টে পড়্ল! আমি কাশীবাসীদিগের স্থথ অচ্ছন্দতার জন্ত সকলই করেছিলাম; দেখ্লাম কতকগুলো পাঁঠা মদের মুখে পাঁঠার মাংস ভাল-বাদে, কিন্তু কাশীতে ত ওকর্ম হবার যো নাই, দেখে কাশীর বাহিরে ছুর্গাবাড়ী করে দিলাম, সেইখানে কেটেকুটে খার।"

কাশাতে একণে হরিসভাও প্রতিষ্ঠিত হইয়াছে।

সদাশিবের এইপ্রকার ত্বংশ শুনিতে শুনিতে দেবগণের সেরাত্রি অভিবাহিত হইল। প্রাতে উঠিয়া তাঁহারা পুনরায় নগর অমণে বাহির হইলেন। যাইতে যাইতে বরুণ কহিলেন, "পিতামহ! দশুপাণীশ্বর নামক শিবলিঙ্গ দেখুন।" বন্ধা। ই হার উৎপত্তির কারণ বল।

বরুণ। এক যক্ষের শিব-মারাধনার একটি পুত্র হয়। বালকটি বাল্যাবস্থার হতেই অত্যন্ত শিভভক্ত ছিল। সে লেখাপড়ার মন না দিয়া রাত দিন এক মনে শিবেরই ধ্যান করিত। তাহাতে যক্ষ রাগান্বিত হইরা নিজ পুত্রকে গৃহ হইতে বহিন্ধত করিয়া দেয়। বালক কাঁদিতে কাঁদিতে কাশীতে আসিয়া এই লিক্ষ স্থাপনা পুর্বক আরাধন। করিতে থাকে। পরিশেষে শিব দেখা দিয়া এই বর দেন—"অত্যাবধি তোমার নাম দণ্ডপাণি হইল। লোকের মৃত্যু হইলে তুমি আমার নিকট লইয়া যাইবে, আমি উদ্ধার করিব। এই দণ্ডগাছটি দিতেছি গ্রহণ কর, অহঙ্কারী ব্যক্তিদিগকে এই দণ্ড বারা আঘাত করিয়া কাশী হইতে তাড়াইয়া দিবে এবং জ্ঞানীদিগকে যত্নের সহিত কাশীতে রাখিবে। কেহ অগ্রে তোমার পূজা না করিলে তাহার পূজা আমি গ্রহণ করিব না। তোমার প্রতিষ্ঠিত এই শিবের নাম অত্য হইতে দণ্ডণাণীখর হইল।"

ইন্দ্র। কই এখন ত আর দগুণাণি পাপীদিগকে তাড়াইতে পারেন না!

বরুণ। কলির শাসনে কি কাহারো কিছু করিবার যো আছে? থেমন ইংরাজ শাসনে কোন রাজা রাজড়ার ট্যা ফোঁ করিবার যো নাই, তেম্নি কলির শাসনেও কোন দেবতার মাথা তুলিবার ক্ষমতা নাই।

নারা। বাপ! কেবল শিবমৃত্তি, অক্ত দেবতার এখানে কোঙ্কে পাবার যো নাই।

বরুণ। এ তোমার অস্থায় কথা। বৃন্দাবনে বটে অস্থ্য দেবতার কোৰে পাবার যো নাই; এথানে ও কথা বলা শোভা পায় না। কারণ, এই কাশীতে তুর্গা, গণেশ, পরেশনাথ, আদিকেশব প্রভৃতি তেজিশ কোটা দেবতার প্রতিমৃতি আছে।

দেবগণ অসংখ্য অট্টালিকা, দোকান, বাজার হাট দেখিতে দেখিতে রাস্তা দিয়া চলিলেন। তথন সূর্যদেব সম্পূর্ণভাবে কানীতে দেখা দেন নাই। কেবল তিনি পূর্ব দিক হুইতে উকি মারিতেছিলেন। তাঁহার মুখের জ্যোতি ঈবংমাত্র নগরে

দেবগণের মর্ত্তো আগমন

দেখা দিতেছিল। দোকানদারগণ দোকানদার পরিকার করিয়া ধুনা দিতেছিল এবং গঙ্গাজল ছিটাইতেছিল। কতকগুলি স্ত্রীলোক ঘোমটা দিয়া গঙ্গাসানে যাইতেছিল। তৎপশ্চাৎ পশ্চাৎ কতিপয় সয়্যাসী—উলঙ্গ ভশ্মমাখা চিমটা হাতে "বোম হর হর" শব্দে চলিতেছিল। গেরুয়া-বদন-ধারী জীর্ণ-শীর্ণ কলেবর, গঞ্জিক। সেবনে রক্তচক্ষ্ কতকগুলি দণ্ডী ইহার পরক্ষণেই স্নানে বাহির হইল। উর্দ্ধবাছ, একবাছ, বামন, থঞ্জ, কাণা ক্রমে চতুর্দ্দিক হইতে দেখা দিতে লাগিল। পরিশেষে একদল যুবা ভিক্ষক দলবদ্ধ হইয়া উপস্থিত হইল।

ইন্দ্র। বরুণ । এই যুবা ব্যক্তিরা ভিক্ষা করে কেন ? ভিক্ষা অপেক্ষা ইহাদের ত পরিশ্রম দারা জীবিকা নির্বাহ করা ভাল ! লোকে এমন অসৎপাত্তে কি কারণে ভিক্ষা দেয় ? ইহাতে ত পুণ্য নাই, বরং পাপই হইয়া থাকে। ভিক্ষার পাত্ত অন্ধ, বৃদ্ধ ও বালক, তাহাদের ত কাশীতে অসম্ভাব নাই।

বন্ধণ। লোকে কেন ভিক্ষা দেয় তাহা আমি বলতে পারি না। কিন্তু বাঙ্গালী শিক্ষিত যুবকেরা এ বিষয়ে বড় পটুতা লাভ করিয়াছে। তাহারা অন্ধকেও বলে "তো বেটার বল আছে থেটে থেগে," বৃদ্ধা এবং বালককেও বলে "তো বেটার বল আছে থেটে থেগে", আর যুবাকে ত বলবেই।

नाता। वक्रन, अमित्क अ किरमत मिनत ?

বরুণ। ঐ দেখ, তুমি বল্ছিলে কাশীতে কেবল শিব, অন্ত দেবতার কোঙ্কে পাবার যো নাই; কিন্তু ঐ মন্দিরে তুমিই আছ।

रेख। हेनि चाह्न कि कात्रल?

বরুণ ! যথন গণেশ প্রভৃতি দেবগণ দিবোদাসকে কাশী হইতে তাড়াইতে অসমর্থ হন, তথন শিব নারায়ণের নিকট কাশী-বিরহে কাঁদিতে লাগিলেন । নারায়ণ তদর্শনে শিবকে অভয় দিয়া লক্ষ্মীসহ কাশীতে আসেন এবং ঐ মন্দিরে আদি-কেশব ও কমলা দেবীর মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া প্রত্যেক ঘরে ঘরে স্বী পুরুষে বোজমত প্রচার করিতে থাকেন । বোজমত প্রচার হইলে লোক নাস্তিকতা প্রাপ্ত হুইলে এবং স্বীপুরুষের মধ্যে ব্যভিচার-পাপ ঘটিতে লাগিল । দিবোদাস তদর্শনে নারায়ণের স্তব আরম্ভ করিলে তিনি আসিয়া দেখা দিলেন । দিবোদাস নারায়ণকে কহিলেন "ঠাকুর ! কি পাপে আমার কাশীতে ব্যভিচারদোৰ ঘটিতেছে ?" নারায়ণ কহিলেন "তুমি শিবের কাশী শিবকে না দিয়া যে অধর্ম করিয়াছ, ইহা

শেই পাপের ফল। অতএব এক্ষণে এক শিবমূর্ত্তি স্থাপিত করিয়া শিবের কাশী শিবকে প্রত্যাপণ পূর্বক পাপ হইতে মৃক্ত হও।" দিবোদাস তৎশ্রবণে "যে আজে" বলিয়া ভূপালেশর নামক এক শিব প্রতিষ্ঠা করিয়া কাশী পরিত্যাগ পূর্বক প্রস্থান করেন। সেই আদি-কেশবের প্রতিমৃত্তি অভাপি ঐ মন্দিরের মধ্যে আছে।

দেবগণ এথান হইতে কিছু দ্রে যাইয়া দেখেন, এক ব্যক্তি রাস্তার ধারে বসিয়া "দোহাই বাবা, কাণাকে একটা পয়সা দে বাবা, আমি চারিদিন খেতে পাইনি বাবা" বলিয়া চীৎকার করিতেচে।

ব্রহ্মার দয়ার উদ্রেক হওয়ায় নারায়ণকে কহিলেন "কাণাকে একটি পয়সা দেও।" নারায়ণ পকেট হইতে বাহির করিয়া পয়সা দিতে উত্তত হইলে, বরুণ কহিলেন "কর কি? ও কাণা নয়; ঐপ্রকার মিথা। জুয়াচুরি করিয়া রোজগার করে।"

কাণা। নাবাবা, আমি সত্যি সত্যি কাণা। পয়সাটা দে বাবা, আমি সত্যি সত্যি কাণা।

নারায়ণ কহিলেন "দেখি, তুই তাকা দেখি, কাণা কি নাদেখি।" কাণা তথ্যবেশে নয়ন উন্মীলন করিল। নারায়ণ কহিলেন "এ বেটা জুয়াচোরই বটে! তুই কাণা কই রে? ঐ ত তোর চোকের তারা, পুতুল দেখা যাচে।" তথন সে ব্যক্তি ফিক্ ফিক্ করে হেদে পলাইল। যাইবার সময় বলিল "এ ব্যাটা। আছো ঝায় বটে।"

দেবতারা অবাক্। "য়াঁএ কি! কাশীতে কি এইপ্রকার বদমায়েসদিগের আশ্রম।"

वक्रव। विजासर ! दक्षावनात्थव सन्तिव त्रथून।

ব্রহ্মা। কেদারনাথের উৎপত্তির কারণ বল।

বক্লণ। এক থিচুড়ি-থেকো বামূন অত্যন্ত থিচুড়ি ভালবাসিত। এমন কি, প্রভাহ তাহার থিচুড়ী না হলে আহার হইত না। লোকটা সিন্ধপুরুষ ছিল। কেদারনাথের প্রতিও তাহার আন্তরিক ভক্তি ছিল। সে প্রতাহ থিচুড়ি রেঁথে এখান হইতে কেদারনাথ তীর্থে যাইয়া নিবেদন করিয়া দিয়া তবে আহার করিত। একদিন অত্থ বোধ হওয়ায় কিছু আহার করিল না, পরে অপরাত্নে ক্ষার উদ্রেক হুইলে চাটি চালে ভেলে চাপাইয়া দেয় এবং সিদ্ধ হুইলে পাতে ঢালিয়া কাঁদিতে

দেবগণের মর্ডো আগমন

কাঁদিতে বলে, "প্রভা কেদারনাথ অবেলায় ভোমার নিকট যাইয়া যে নিবেদন করা হইল না; ঠাকুর! এক্ষণে কি করে ইহা আহার করি?" এই প্রকারে চক্ষ্ মৃদিয়া কাঁদিতেছিল, হঠাৎ চক্ষ্ মেলে দেখে—খিচুড়ি জোমে পাণর হচ্ছে। তথন "হায়! এ কি হ'লো" বলিয়া চীৎকার করিতে আরম্ভ করিল। এই সময় দৈববাণী হইল "আমি তোমার থিচুড়িতে আবিভূতি হইয়াছি, এজ্যা উহা জমিয়া পাথর হইতেছে; অ্যাবধি আর ভোমাকে কেদারনাথ তীর্থে ঘাইতে হইবে না; এই পাণরের মধ্যেই আমি রহিলাম।"

এখান হইতে দেবগণ একটি বাজারের মধ্যে উপস্থিত হইলেন এবং উভয় দিকের দোকানসমূহে ভূপাকার বারাণসী শাড়ী, বিবিধবর্ণের ধৃতি, উড়ানী, শাল, ফুলকাটা সতরঞ্চ, গালিচা, আসন, ঘটী, বাটী, হাতির দাঁতের চিরুণী দেখিতে দেখিতে চলিলেন। ব্রহ্মা একটি দোকান হইতে শালপাতে মোড়া এক ঠোলা নশু কিনিয়া লইলেন এবং ভাল কি না পরীক্ষার জন্ম একটু লইয়া নাসিকায় দিলেন। নারায়ণ কহিলেন "দেখি, আমাকে একটু দিন।" দেখা দেখি দেবরাজেরও ইচ্ছা হইল। তথন প্রত্যেকে নশু নাকে দিয়া "হিঁচ দূর যা!" "হিঁচ দূর যা" করিয়া হাঁচতে হাঁচতে রাস্তা দিয়া চলিলেন।

এক স্থানে উপস্থিত হইয়া ইন্দ্র কহিলেন "বরুণ, এ মন্দিরে কি প্রতিমৃঠি আছে ?"

বরুণ। জ্যেষ্ঠের্যর শিব এবং জ্যৈষ্ঠা গৌরী নামে ভগবতীর প্রতিমৃষ্টি আছে।

ব্রহ্মা। এ মূর্ত্তি কে স্থাপিত করে ?

বরুণ। দিবোদাদকে কাশী হইতে বিদায় করিয়া শিবের প্রত্যাগমন-সময়ে তাঁহাকে দাদর সম্ভাবণ করিবার জন্ত নারায়ণ এই স্থানে দাঁড়াইয়া। অপেক্ষা করিয়াছিলেন এবং এই স্থানেই তাঁহাদের পরস্পর সাক্ষাৎ হইয়াছিল। এই ঘটনা শ্বরণ হইবার জন্ত নারায়ণ স্বয়ং এই শিব ও ভগবতীর মৃত্তি সংস্থাপিত করেন।

ইন্দ্র। কাশীতে আর কি আছে?

বরুণ। আছে বিস্তর; যদি কিছুদিন বাস করিতে পার, আমি একে একে সমস্তই দেখাতে পারি।

বন্ধা। না, আর কাজ নাই।বহুণ, শীঘ্র শীঘ্র কলিকাতায় নিয়ে চল ভাই, গঙ্গা দর্শন করে চরিতার্থ হই। আহা! মাকে হাবড়ার নিকটে বেঁথেছে শুনে পর্যান্ত আমাতে আর আমি নাই!

"তবে চল্ন, বস্তাদি লইয়া বিদায় হয়ে আদি" বলিয়া বরুণ দৈবগণের দঙ্গে বাসায় চলিলেন এবং ঘাইতে যাইতে এক স্থানে উপস্থিত হইয়া কহিলেন— "দেববাজ, বীরেশবের মন্দির দেখ।"

ইন্দ্র। এ শিব কে প্রতিষ্ঠা করে ?

বরুণ। এক রাজপুত্র গণ্ডে জন্মে বলিয়া রাজা গণৎকারদিগের পরামর্শে পুত্রটিকে তুর্গাদেবীর নিকট ফেলিয়া দিয়া যান। দেবীর জাকিনী যোগিনীগণ ঐ সন্তানটিকে লালন পালন করিয়া মাহ্ব করে। বালকটির জ্ঞানের উদ্রেক হইলে নিজ পিতা মাতার অন্বেবণে বাহির হয়, কিন্তু কুত্রাপি সন্ধান পায় না। তথন সে একমনে এক ধ্যানে শিবের আরাধনা করিতে থাকে। শিব সন্তুষ্ট হইয়া এই বর প্রদান করেন যে, অন্ত হইতে তোমার নাম বীর এবং তোমার প্রতিষ্ঠিত শিবের নাম বীরেশ্বর হইল। অপুত্রক ব্যক্তি এই শিবের পূজা করিলে পুত্রম্থ দেখিবে।

দেবগণ বাসায় গিয়া দেখেন, সদাশিব চাকরের নিকট বাজারের হিসাব নিচ্চেন এবং 'কালকের যে পয়সা ছটো তোর কাছে জমা ছিল, তা কি করলি' বলিয়া ভূত্যটীকে ধমকাইতেছেন। ভাহা দেখিয়া দেবরাজ চুপি চুপি বক্লকে বলিলেন "সদাশিব এখন আর আমাদের সে ভোলানাথ নহেন; কাশীর জমিদারী পাইয়া অবধি থুব সেয়ানা হইয়াছেন।"

বঞ্গ। লোকে ঠেকে শিথে; উহাকে ঠকাইতে ত কেউ কণ্ডর করে নাই।

দেবগণ উপস্থিত হইলে নারায়ণ কহিলেন 'মেজদা, ভাতের দেরী কত ?' ''একটু বিলম্ব আছে। ভোমরা ততক্ষণ স্থান করে জলটল থাও না" বলিয়া সদাশিব ভৃত্যকে 'দে রে, বাবুদের তেল এনে দে।'

নারা। **খ**লটল খেতে খার বিলম্ব লয় না, চাটি ভাত পেলেই খেয়ে এখান হতে প্রস্থান করি।

শিব। বিশক্ষণ, এর মধ্যে কি যেতে দিতে পারি! তোমরা এসে অবধি

দেবগণের মর্জ্যে আগমন

এক দিন ভাল করে থাওয়ান হল না। আমি পোলাও থাওয়াব ভেবে রোজ রোজ চাকরকে বাজারে পাঠাচিচ; কিন্তু এমন ত্রদৃষ্ট, এ পর্য্যন্ত একটি ভাল মাছ মিলিল না।

ব্রহ্মা। না ভাই, তথন কৈলাদে গিয়ে একদিন ভাল করে থাইও।
আপাততঃ বিদায় দাও, সম্বর একবার কলিকাতা হতে ফিরে আসি। বাড়িতে
কোন অভিভাবক না থাকায় এক একবার এম্নি মনে হচ্চে যে, দূর কর,
এইথান হতেই ফিরে যাই।

শিব। "আহা! বাড়ী থেকে কথন প্রবাদে আসা অভ্যাস নাই বলিয়াই মনটা এত থারাপ হয়েচে, তা ভাড়াভাড়ি কি ? এ পারে ভা রাভ দিনই গাড়ী চলচে। একটু বিশ্রাম কন্ধন, অপরাহ্নে আপনাদিগকে আমি ট্রেণে তুলে দিয়ে আসবো" বলিয়া সদাশিব ভূত্যকে কহিলেন "দেখ দেওয়ানজীকে বলে আয়—সম্বর যেন একখান পারমিশন লেটার ষ্টেশনে সই করতে পাঠান।"

নারায়ণ। পার্মিশন লেটার কি?

শিব। ট্রেন টাইমের সময় যাত্রী ব্যতীত অপরকে ষ্টেশনে এটেও করিতে দেয় না; সে জন্ম অপর কেহ সে সময়ে ষ্টেশনে যাইতে ইচ্ছা করিলে তৎপূর্ব্বে একথানি ছাড়-পত্র স্বাক্ষর করাইয়া লইতে হয়।

नाता। जाभनि य क्याँगे कथा वस्त्रन. এत ममखरे रेश्ताकी।

শিব। কি করবো ভাই, আজকাল যে বাঙ্গালা ভাষা, যাবনিক ভাষা পরিত্যাগ করিয়া ইংরাজী ভাষাতে নিজ কলেবর পুষ্টি করিভেছে। বাঙ্গালা ভাষায় যে পনর ভাগ ইংরেজী প্রবেশ করেছে।

নারা। আপনাকে এ দব শেখালে কে?

শিব। শেখাবে আর কে? শুনে শুনেই শিখতে হয়েচে। আঞ্চকাল মাগীরা পর্যন্ত ইংরাজী শিখেছে। বিশেষতঃ আমাকে শিখিবার জ্বন্তে তো কোন কট পেতে হয় না; মন্দিরে বসেই অনেক শিখতে পাই। বাঙ্গালা হতে বাবুরা এসে সপাত্কা মন্দিরে উঠে পরস্পর যে কথাবার্ত্তা কয়, সেইগুলি শুনি। কেউ বলেন "উঃ! দৌন জানিতে হোল নাইট কি কটই হয়েছে।" কেউ বলেন "আজ আমরা এই স্থানে রেট্ট নিয়ে নেকট মরণিও আপে যাব।" আবার কেউ বা বলেন "ভাগগি ওয়াইফকে সঙ্গে আনি নি. তা হলে তার বড় টাবল হতো।"

আবার হয় তো আর একজন বল্পেন "ওয়াইফকে প্রোগন্তান্ট দেখে এসেচি, সন্ হলো কি ভটার হলো টের পেলাম না।"

ক্রমে দেবগণ আহারাদি করিয়া অপরাত্নে বিদায়ের সাজ পোবাক করিতে লাগিলেন। সদাশিব এই সময় প্রত্যেকের জন্ম এক এক জোড়া ধৃতি উড়ানী এনে নারায়ণের হস্তে দিলেন। নারায়ণ, আবার কাপড় কেন? আবার কাপড় কেন? আবার কাপড় কেন? বলিয়া ব্যাগের মধ্যে পুরিয়া রাখিলেন এবং ব্যাগ বন্ধ করিয়া অন্নপূর্ণার নিকট গমন ও সাষ্টাঙ্গে প্রণাম পূর্বক কহিলেন বৌ, তবে চল্লাম।

অন্ন। সে কি ঠাকুরপো! এ আসার চেয়ে ত না আসাই ভাল ছিল; এমন মায়া বাড়াতে তৌমায় কে শেখালে ?

নারা। কি করি বৌ, কেবল বড়দার জন্মেই আমাকে যেতে হচেচ, নচেৎ আর কিছু দিন থাকবার ইচ্ছা ছিল।

वा वा वि प्रथा १ (व ?

নারা। হবে বি কৈ ! কৈলাসে যাব। কিছুদিন পরে কঙ্কি অবতার হব।

অন্ন। দেখ এই পাঁচটি টাকা তোমার বড়দাদাকে দিয়ে বোলো—"বো তাঁর

মাকে মাছ খেতে দিয়েছেন। কোলকাতায় গিয়ে খুব দাবধানে থেকো।"

নারায়ণ বহির্কাটিতে উপস্থিত হইলে দেবতারা "ব্যোম হর হর" শব্দ করিয়া যাত্রা করিলেন। যাইতে যাইতে এক স্থানে উপস্থিত হইয়া ইন্দ্র কহিলেন, "বরুণ, সমূখস্থ ও শিব এবং কুণ্ডের নাম কি ?"

বরুণ। ঐ শিবের নাম অগস্তোশর এবং কুণ্ডের নাম অগস্তাকুণ্ড। এই কুণ্ডে স্নান করিয়া শিবপূজা করিলে সর্ব্বপাপ হইতে বিমুক্ত হওয়া যায়!

এই সময় রাস্তা দিয়া তৈলঙ্কস্বামীকে যাইতে দেখিয়া ইন্দ্র কহিলেন, "ও লোকটা কে গেল ?"

বরুণ। উহার নাম তৈলঙ্গখামী। উহার অনেকগুলি অমাম্বিক ক্ষমতা আছে। তদ্তির উহার অনেকটা ব্রহ্মজ্ঞানও লাভ হইরাছে। কণিত আছে যে, দিপাহী বিদ্রোহের সময়ে একজন ইংরাজ রাজপুরুষ কাশীর সমস্ত উলঙ্গ সর্যাসীকে বিল্রোহী সন্দেহ করিয়া তাঁহাদের উপর যৎপরোনাস্তি অত্যাচার করিতে থাকেন। সেই ভয়ে অনেক সর্যাসীই কাপড় পরিয়া আত্মরক্ষা করেন। তৈলঙ্গ স্বামী আত্মরক্ষার কোন উপায় করিলেন না। তাঁহাকে উপর্যুপরি কয়েক দিবস

দেবগণের মর্ছ্যে আগমন

অনাহারে কারাক্রদ্ধ করিয়া রাখা হয়। কিন্তু তিনি স্বীয় অমাছ্যিক শক্তিবলে আপনার উদ্ধার সাধন করিয়াছিলেন। তাহা দেখিয়া উক্ত ইংরাজ রাজপুরুষ বিশ্বিত হন ও তদবধি তাঁহার প্রতি আর কোন অত্যাচার করেন নাই। দেবরাজ! ওদিকে দেখ পিশাচমোহন তীর্থ। ঐ তীর্থে অগ্রাহয়ণ মাসের গুক্ত-চতুর্দ্দশীতে স্থান করিলে দর্মপাপ হইতে মৃক্তিলাভ হয়। এক ব্রাহ্মণ দানগ্রহণে পিশাচদেহ প্রাপ্ত হয়, পরে সে এই স্থানে স্থান করিয়া মৃক্তিলাভ করে বলিয়া ইহার নাম পিশাচমোহন তীর্থ হইয়াছে।

দেবতারা ঘাটে যাইয়া একথানি নোকা ভাড়া করিলেন এবং কাশীর অপূর্ব্ব শোভা দেখিতে দেখিতে রাজঘাটে যাইয়া উপন্থিত হইলেন। সকলে ঘাটের উপর উঠিলে ইন্দ্র কহিলেন "বরুণ, এই স্থান এবং এই বোট-নির্মিত ঘাটের নাম কি ?"

বৰুণ। ঘাটের নাম রাজঘাট, এই ঘাটে রেলের লোক পার হইয়া থাকে। গঙ্গার অপর পারে ব্যাসকাশী। ব্যাস, শিবের উপর রাগ করিয়া ঐ কাশী নির্মাণ করেন; কিন্তু তাঁহার উদ্দেশ্য সিদ্ধ হয় নাই।

ইক্স। ব্যাস কি উদ্দেশ্যে ঐ কাশী নির্মাণ করেন এবং কি জন্মই বা তাঁহার উদ্দেশ্য বিফল হয় ?

বৰুণ। ব্যাস প্রতিজ্ঞা করেন—শিবের কাশীতে পাপীরা আদিয়া বাস করিয়া যদি আর পাপ না করে, তবেই মৃত্যু হইলে মৃক্তিলাভংকরিবে। কিন্তু যদি কাশীবাসী হইয়া পাপ করে, দে পাপের আর মৃক্তিলাভংকরিবে। কিন্তু যদি কাশীবাসী হইয়া পাপ করে, দে পাপের আর মৃক্তিলাভংকরিবে। অতএব আমি এমন কাশী নির্মাণ করিব, তাহাতে লোকে পাপ করিয়া আসিয়া যদি বাস করে কিংবা বাস করিয়াও যদি পাপ করে, হেলায় উদ্ধার হইবে। অরপূর্ণা ভাবিলেন, এ বিপদ মন্দ নয়! যদি ব্যাস প্রকৃতই ওরূপ কাশী নির্মাণ করেন, তাহা হইলে তাঁহার সোনার কাশীবন হইয়া যাইবে। অতএব দেবী অনেক ভাবিয়া চিন্তিয়া এক বৃদ্ধার বেশ ধারণ পূর্বক যিইহন্তে ধীরে ধীরে ব্যাসের সন্ধিকটে উপন্থিত হইয়া কহিলেন "বাবা, তোমার কি হচ্চে বাবা ?" ব্যাস কহিলেন "বৃড়ী, আমি এমন কাশী নির্মাণ করচি যে, এথানে যে সে পাপী আসিয়া মন্দক কিংবা বাস করিয়া যে যেরপ পাপ করুক, মৃত্যু হইলেই মৃক্ত হইবে।" ভাল ভাল।বিলিয়া অরপূর্ণা করেক পদ প্রস্থান করিলেন এবং তৎক্ষণাৎ প্রত্যাগমন করিয়া কহিলেন "এখানে

মলে কি হবে বজে বাবা? আমি কাণে কিছু কম শুনি, আবার বল।" ব্যাদদেব চীৎকার শব্দে কহিলেন "এথানে যে সে পাপী আদিয়া বাদ কক্ষক কিংবা বাদ করিয়া যে যেরূপ পাপ কক্ষক, মৃত্যু হইলে হেলায় মৃক্তিলাভ করিবে।" অন্নপূর্ণা আবার ক্ষেকপদ প্রস্থান করিয়া পুনরায় প্রত্যাগমন করিলেন এবং কহিলেন "ও বাবা! ভাল বুঝতে পাল্লেম না, মলে কি হবে বলে!" তথন ব্যাস বিরক্ত হইয়া চীৎকার শব্দে কহিলেন "গাধা হবে,—এখানে মলে লোকে গাধা হবে।" দেবী তৎশ্রবণে হাস্থাপূর্বক "তথাস্ত" বলিয়া অন্তর্হিতা হইলেন। ব্যাসও "হায়! কি করলাম" বলিয়া, অন্থতাপ করিতে করিতে প্রস্থান করিলেন।

নারা। দাদার চাইতে বৌ মজবুত! বলতে কি, বৌ দাদাকে চালিয়ে নিয়ে বেডাচ্চেন।

ইন্দ্র। কথাতেই তো আছে—স্বামী হাবা-গোবা হলে বৌ সেয়ানচত্র হয়। মহেশ্বরী মহেশ্বকে এখন অনেকটা মাত্র্ব করে তুলেছেন। বরুণ! দূরে যে অট্টালিকাশ্রেণী দেখা যাচেচ ও স্থানের নাম কি ?

বহৃণ। রামনগর, উহাও ব্যাসকাশীর মধ্যে। কাশীর রাজা রামনগরে বাস করিয়া থাকেন। রামনগরে রামনবমীর সময় বেশ সমারোহের সহিত রামলীলা হুইয়া থাকে। তথন বাজী এবং রোসনাইয়ে অনেক টাকার শ্রাদ্ধ হয়।

নারা। বরুণ, তুমি বল্লে "ব্যাসকাশীতে মৃত্যু হইলে গাধা হয়।" কিন্তু রামনগরে যেরূপ ঘন ঘন বসতি দেখা যাচে, ধোপাদের ত গাধার অপ্রত্ত্ব থাক্বে না!

বৰুণ। মৃত্যুর পূর্বেক কাশীতে নিয়ে পালায়, ওখানে মরতে দেয় না।

ইন্দ্র। চল একবার রামনগর দেখে আমি।

বন্ধা। এখন না, চল আগে কলিকাতা দেখে আসি।

নারা। না! এঁকে নিয়ে বড় স্থবিধা হল না, কলিকাতা কলিকাতা করে বড় বিরক্ত করতে লাগলেন।

বরুণ। উহার কথা ছেড়ে দেও। উহার জন্মে বৃন্দাবনে আমি শেঠেদের কীর্ত্তি দেখাতে ভূলে গেলাম। যে শেঠদের নিয়ে বৃন্দাবন, তাঁহাদের নাম প্র্যান্ত তথায় আমার উল্লেখ করা হয় নাই।

वका। यात्रत त्मानात्र जानशाह? तृन्मावरन जात्रत व्यात्र कि व्याह् ?

আমি ভাই, বৈষ্ণবী মাগীরা বিরক্ত করায় সত্ত্র পালিয়ে এলাম। তুমি

বরুণ। তখন সন্ধ্যা হওয়ায় দেবালয় প্রভৃতি দেখান হয় নাই। তাঁহাদের দেবমন্দিরে স্বর্ণের হস্তী, অর ইত্যাদির প্রতিমৃত্তি বিরাজ করিতেছে। মন্দিরের সায়িকটে স্থবিস্তৃত গৃহ। প্রাচীরের চারি কোণে চারিটি প্রস্তরনির্মিত গরুড়ের প্রতিমৃত্তি আছে। পুশোভান, পুন্ধরিণী ও কুত্রিম প্রস্রবণ বারা ঐ গৃহটির শোভা আরো বৃদ্ধি করা হইয়াছে। গৃহমধ্যে কাকাতৃয়া, হীয়ামন প্রভৃতি নানা বর্ণের নানা পক্ষী এবং নেপাল প্রভৃতি স্থানের মহিষাদি জন্ত সকল আনিয়াঃ পোষা হইয়াছে। দেবালয় প্রস্তুত করিতে শেঠদিগের বিপুল অর্থবায় হইয়াছিল। লক্ষোনিবাসী সা-বিহারিলালেরও বুন্দাবনে অনেক কীত্তি আছে। রাধারমণের মন্দিরটি তাহার সাক্ষান্ধন।

ব্রহ্মা। "আহা! শেঠ মহাত্মাগিগের কীর্ত্তিকলাপ না দেখায় মনে বড় কট হইতেছে। তুমি কাশীর স্থল বৃত্তাস্ত বর্ণন কর" বলিয়া দেবগণ সহ টেশন অভিমুখে চলিলেন।

বৰুণ। বারাণসী কলেন্দ্রে সংস্কৃত ভাষার বিশেষ আলোচনা আছে। তত্ত্বসূত্র একটি সংস্কৃত বিভাগ আছে। এই বিভাগের ব্যন্ন রামনগরের রাজা বির্বাহ করিয়া থাকেন। কলেন্দ্র হইতে কিছু দ্বে একটি প্রস্তরনির্দ্মিত প্রকাণ্ড স্তম্ভ আছে। উহা দার্ঘে ব্রিল হাত এবং প্রম্থে পাঁচ হাত হইবে। স্তম্ভটি গাজিপুর জেলার কোন স্থানে প্রাপ্ত হওয়া যায়। উহার গাত্তের লেখা পড়িবার যোনাই বলিয়া, কোন রাজার সময়ের ভাহা ছির হর না। কাশীতে ভারতের সকল প্রদেশেরই লোক আসিরা বাস করিতেছে। বাঙ্গালীটোলায় বাঙ্গালীদিগের বাস। উহাদের মধ্যে সাধু, অসাধু, মাতাল একং লম্পট বিস্তব্ত আছে। কেশেল নামক এক সম্প্রদায় বাঙ্গালী ব্রাহ্মণ এখানে বাস করে। উহারা ব্যভিচারদোষাসক্ত ব্রাহ্মণদিগের দ্বারা উৎপন্ন, এজন্ম উহারা সমাজচ্যুত হইয়া আছে। কাশীতে বেদ, বেদাস্ত, বিজ্ঞান, দর্শন ও পুরাণাদিবিং পণ্ডিত অনেক আছেন। এখানে অন্যন ভিন চারি শত দণ্ডী, মোহাস্ত, সম্মাসী, অবধৃত, পরমহংস এবং পরিব্রাহ্মক বাস করিয়া থাকেন। কাশীবাসী দণ্ডীদিগের মধ্যে অসচরিত্র ও ভণ্ড অনেক আছে। এইস্থানে অনেক অম্বসত্ত দেখিতে পাওয়া

যায়, যায়, তাহাতে ধনিগণ অন্নপূর্ণার নাম রক্ষার্থ অকাতরে অন্নদান করিয়া।
থাকেন; স্বতরাং কেহ কখন অভ্ক থাকে না। গলি ঘুঁজিতে অনেক শিবকে
অভ্ক থাকিতে হয়। এমন কি, তাঁহাদের মন্তকে দিনান্তে এক বিন্দুক্ষল পড়ে
কি না সন্দেহ। তবে মধ্যে মধ্যে শৃগাল কুকুরগণের দ্য়ার উদ্রেক হওয়ায়
সানকার্য্য সমাধা হইয়া থাকে।

ব্রহ্মা। দেখ় কাশী এসে পাপ করে ফাঁকি দিয়ে শিব হওয়া নয়। তার-পর বল।

বরুণ। প্রাংতকাল ও সন্ধ্যার সময় প্রায় প্রত্যেক দেবালয়ে নহবৎ বাজিয়া থাকে। এথানে যে সমস্ত চ্ইলোক বাস করে, তাহাদিগকে গুণা কহে। গুণারা দিবসেও হত্যা করিতে ক্ষান্ত নহে। উহাদিগকে অর্থ দিয়া আদেশ করিলে অপরের প্রাণনাশ পর্যন্ত করিয়া থাকে। ম্যাজিট্রেট গবিন্দ সাহেবের দারা ইহাদের দোরাত্যা কমিয়াছে। এথানে প্রসিদ্ধ মানমন্দির আছে। উহাতে সে সকল যন্ত্র প্রতিষ্ঠিত হইয়াছিল, তন্ধারা জ্যোতির্বিদগণ আকাশস্থ গ্রহ নক্ষরাদির গণনা অতি সহজেই করিতে পারিতেন। কিন্তু যেগুলিব হন্যোগ্য, তৎসমৃদ্যুই বিলাতে প্রেরিত হইয়াছে। পুরাকালে হিন্দুরা জ্যোতির্বিত্যা বিষয়ে যে কতদ্ব উন্নতিলাভ করিয়াছিলেন, মানমন্দিরই তাহার প্রমাণ। জয়পুরের মহারাজ মানসিংহ একজন জ্যোতির্বিদ ছিলেন, তিনিই ইহা মনোমত করিয়া নির্মাণ করাইয়াছিলেন।

ব্রহ্মা। কাশীর প্রধান প্রধান লোকের জীবনচরিত বল।

বরুণ। পণ্ডিত বাপ্দেব শাস্ত্রী সি, আই, ই, একজন প্রধান লোক। ইনি ১৮২১ সালে পুনায় জন্মগ্রহণ করেন। ইনি বাল্যাবন্ধায় বেদশিক্ষা করেন এবং ১৩ বৎসর বয়ংক্রমকালে সংস্কৃত শিক্ষা করিতে আরম্ভ করেন ও সংস্কৃত ভাষায় বিলক্ষণ পারদর্শিতা লাভ করিলে বারাণদীর সংস্কৃত কলেজের অধ্যাপক নিযুক্ত হন। ১৮৫৩ সালে ইনি হিন্দীভাষায় বীজগণিত পুন্তক প্রণয়ন করিলে ওদানিস্তন লেন্টেনান্ট গবর্ণর ইঁহাকে ছুই হাজার টাকার খেলাত প্রদান করেন। ইনি আরো অনেক পুন্তক প্রণয়ন করিয়াছিলেন। ইহার প্রণীত বীজগণিত দ্বিতীয়ভাগ প্রচারিত হুইলে এলাহাবাদের দরবারে হাজার টাকা নগদ ও একজোড়া শাল পারিতোষিক প্রাপ্ত হন।

দেবগণের মর্ডো আগমন

এখানকার মিত্রপরিবারও প্রানিদ্ধ। ইহারা কলিকাতার কুমারট্লির মিত্র-বংশোন্তব। অনেন্দমর মিত্র পারিবারিক বিবাদ বশতঃ বারাণদীর মধ্যন্থ চৌথামা নামক স্থানে আসিরা বাস করেন। ইনি রাজসাহীর কালেক্টরীর দেওয়ান থাকার অনেক টাকা উপার্জ্জন করিয়াছিলেন। এবং কাশীতে মহারোহে দোল তুর্গোৎসব করিতেন। ইহার পুত্রের নাম রাজেন্দ্র মিত্র। ইনি রাজহাট হইতে বারাণদী পর্যান্ত সাড়ে আট বিঘা জমি গ্রাণ্ডট্রান্ধ রোজ নির্মাণার্থ গবর্ণমেন্টকে দান করেন। ইহার দান দর্শনে সম্ভই হইয়া গবর্ণমেন্ট ইহাকে পান্ধি প্রভৃতি সাতটি দ্রবা থেলাত দিয়াছিলেন। ১৮৫৬ সালে ইহার মৃত্যু হয়। ইহার জোর্চপুত্রের নাম গুরুদাস ও কনির্চ পুত্রের নাম বরদাদাস মিত্র। গুরুদাস মিউটিনির সময় গবর্ণমেন্টকে সাহায্য করায় তুই হাজার টাকা থেলাত পান। বরদা বাবুও অত্যন্ত দাতা। ইহারা তুইভাই হাজার টাকা থেলাত পান। বরদা বাবুও অত্যন্ত দাতা। ইহারা তুইভাই হাজার টাকা এলাহাবাদ কলেজে, ছয় হাজার টাকা প্রিজ্ঞ অব্ ওয়েল্সের শুভাগমনের স্মরণার্থে, ৫০০, শত টাকা রাজসাহীর ফেমিন রিলিফ ফণ্ডে এবং অন্যন হাজার টাকা দরিত্রদিগের সাহায্যার্থে দান করিয়াচেন।

রাজা শিবপ্রমাদ সি, এম, আই। ইনি একজন প্রসিদ্ধ লোক। ইহার পিতার নাম গোপীচাঁদ, ইনি মুরশীদাবাদের জগৎ শেঠের বংশীয়। ইনি বেনারম কলেজে বিভা শিক্ষা করেন এবং ১৭ বংসর বয়ঃক্রমকালে ভরতপুরের মহারাজার উকীল নিযুক্ত হন। যখন শিথযুদ্ধ আরম্ভ হয়; রাজা ফিরোজপুরে ফরেন ডিপার্টমেন্টের নায়েব মির মুনদী পদ প্রাপ্ত হন। ইহার পর ইনি সিমলা এক্ষেণীর মির মুনদী পদ প্রাপ্ত হন। ইহার পর ইনি সিমলা এক্ষেণীর মির মুনদী পদ প্রাপ্ত হন। ইহার পর ইনি গভর্গমেন্টের অধীনে জয়েন্ট ইন্স্পেক্টর অব্ পাব্লিক ইন্ট্রাক্সন্ ডিপার্টমেন্টের ইন্স্পেক্টর হন। পরে ইনি ফুল ইন্স্পেক্টর পদ প্রাপ্ত হন। এক্ষণে ৩০ বংসর কর্ম করিয়া বার্ষিক ২০০০ হাজার টাকা পেন্সন্ পাইতেছেন। এবং গবর্গমেন্ট কর্ত্বের রাজা উপাধি প্রাপ্ত হইয়াছেন।

দেবগণ ষ্টেশনে যাইয়া দেখেন দেখেন টিকিট দিবার ঘণ্টা দিতেছে। বঞ্জ কহিলেন "নারায়ণ, ব্যাগ খুলে টাকা দাও, টিকিট কিনে আনি।"

শিব। এ গাড়ী কলিকাভায় যাবে না, তথা হইতে আদিতেছে; এলাহাবাদে যাইবে। বরুণ। দেখ জনার্দ্ধন, আসিবার সময় রাস্তা ভূলে আমি তোমাদের আউড এণ্ড রোহিলখণ্ড রেলওয়ে দিয়া আনিয়াছি; স্থতরাং এলাহাবাদ দেখান হয় নাই। এলাহাবাদে দেখিবার অনেক আছে, ঐ স্থানেই প্রয়াগ নামক মহাতীর্থ। প্রয়াগে ভাগীরথী, যমুনা ও সরস্বতীর সহিত মিলিত হইয়াছেন।

নারা। "প্রয়াগে যাইতে হইবে বৈকি, তুমি এলাহাবাদের টিকিট থরিদ করিয়া আন" বলিয়া নারায়ণ ব্রহ্মাকে কহিলেন "দেখুন পিতামহ, প্রয়াগে যাইলে আমাদের গঙ্গাদর্শন ঘটিতে পারে। কারণ, এই সময় তিনি ঐ স্থানে উপন্থিত থাকিয়া যন্নাও সরস্বতী উভয় স্থীর নিকট স্থাহাথের গল্প করিতে পারেন।"

বন্ধা। চল, না হয় একবার প্রয়াগে যাই।

দেবগণ টিকিট লইয়া অপেক্ষা করিতেছেন, এমন সময় ছপাছপ শব্দে টেণ আসিয়া উপস্থিত হইল। তথন সদাশিব ব্রহ্মাকে প্রণাম করিয়া অপরাপর দেবগণের হস্ত ধারণ পূর্বক শেক্তাণ্ড করিতে লাগিলেন।

সদাশিবকে শেক্ছাণ্ড করিতে দেখিয়া নারায়ণ হাসিতে হাসিতে বলিলেন, "মেন্সদা! আপনি কর্চেন কি? একবার এর হাত ধরে—একবার ওর হাত ধরে নাডা দিচেন কেন?"

বন্ধা। ভায়ার আমার বাতিকের ছিট এখনও একটু একটু আছে।

শিব। নারায়ণ! আমি নাড়া দিচ্ছিনে, এর নাম শেক্ হাণ্ড। গুরুতর লোককে প্রণাম এবং সমবয়য় বা বয়ুবাদ্ধবকে শেক্ হাণ্ড করিয়া বিদায় দেওয়া হচ্চে, ইংরাজী ধরনের আধুনিক সভ্যতার চিহ্ন। এখন যেমন ধোপা, নাপিত, কলু, কামার ইংরাজী শিথে বাবু হচ্চে, তেমি তাহাদের সম্মানের জন্ম শেক হাণ্ড নামক উত্তম চিজ্ও প্রস্তুত হয়েছে। এটি ইংল্ও হইতে আনীত। বাঙ্গালার প্রব্য নহে।

ইন্দ্র। (হাসিতে হাসিতে) আমরাও স্বর্গে শেক ফাণ্ড প্রচলিত করিব।
দেবতারা একে একে ট্রেণে আরোহণ করিলেন। ক্রমে ট্রিং ল্যাটাং টাট্রিং
ল্যাটাং শব্দে ট্রেণের বিদায়স্চক ঘণ্টাধ্বনি হইতে লাগিল। গার্ড সাহেব ষ্টেশনমাষ্টারের সহিত গল্প করিতে করিতে চলিয়া গেলেন। ওদিকে "পোঁ পোঁ" শব্দে
বংশীধ্বনি হইল, অমনি ট্রেণ একবার সজোরে গাঝাড়া দিয়া ধীরে ধীরে চলিতে

আরম্ভ করিল। সদাশিব কিছু দূর পর্যান্ত ট্রেণের সহিত জ্রুতপদে যাইয়া নারায়ণকে

দেবগণের মর্ত্যে আগমন

কহিলেন, "নারায়ণ! কলিকাতায় পছঁছে আমাকে পত্র লিখো।" এই সময় ট্রেণ প্লাটুফরক পার হইয়া "লটাপট" "ঝটাপট" "লটাপট" "ঝটাপট" শব্দে দৌড়াইল।

ক্রমে ট্রেণ মিরজাপুর প্রভৃতি অতিক্রম করিয়া ব্ম উদগার করিতে করিতে ঝন্ ঝন্ ঝনাৎ, ঝন্ ঝন্ ঝনাৎ শব্দ করিতে লাগিল। বরুণ টীৎকার করিয়া বলিলেন, "পিতামহ! উঠে দেখুন, যম্নাব্রিজের উপর গাড়ী এসেছে।" দেবতারা ব্যপ্রতার সহিত ভারের নিকট আসিয়া একদৃষ্টে পোল দেখিতে লাগিলেন। ট্রেণ মন্দগতিতে ব্রিজ অতিক্রম করিয়া পুনরায় ভূপাছপ্ শব্দে ছুটিতে লাগিল। দেবগণ আপন আপন স্থানে শয়ন করিয়া ইংরাজ জাতির ভূষদী প্রশংসা করিতে লাগিলেন।

তুটি টেশন অতিক্রম করিয়া টেণ আবার পূর্ব্বের ন্যায় "ঝন ঝন ঝনাৎ" "ঝন ছন ঝনাৎ" শব্দ করিতে লাগিল। এই সময় যাত্রিগণ একবার সজোরে হরিধ্বনি করিয়া উঠিল। বরুণ বলিলেন, "ঠাকুরদা! উঠে এসে দেখুন, সেটা যম্না বিজ্ঞ নয় এইটে,—আমার তথন ভ্রম হয়েছিল।" দেবগণ সবিশ্বয়ে একদৃষ্টে চাহিতে লাগিলেন এবং মনে মনে ভাবিলেন, "পৃথিবীতে ইহাদের ধারা অসম্ভব কিছুই নাই। বাস্তবিক ইহারা একদিন স্বর্গের দিঁডি প্রস্তুত করিবে।"

নারায়ণ। পূর্বের সে পোলটা কি । সেটাও ত প্রায় এমি বৃহৎ।

বরুণ। সেটাটোন্স্ ব্রিজ। সেটাও যমুনা ব্রিজের মত বৃহৎ বলিয়া অনেক সময়ে লোকের আমার ক্যায় ভ্রম হইয়া থাকে।

এই সময়ে ট্রেণ ধীরে ধীরে ষ্টেশনের মধ্যে প্রবেশ করিল। যাত্রিগণ মনের হরিষে উচ্চরবে ঘনঘন হরিধ্বনি করিতে লাগিল।

নারা। বরুণ! এত ষ্টেশন পার হয়ে এলাম—কোথাও ত এমন হরিধ্বনি তুনি নাই। এলাহাবাদে এত হরিনামের ধুম কেন গ

বরুণ। প্রয়াগের মাঘ-মেলা উপস্থিত, এজন্ত যে সমস্ত যাত্রী তীর্থ দর্শন অভিপ্রায়ে আসিয়াছে, তাহারা অভিলয়িত স্থানে ট্রেণ উপস্থিত হইয়াছে দেখিয়া মনের আনন্দে উচ্চৈঃশ্বরে হরিধানি করিতেছে।

এই কথা শ্রবণে দেবগণেরও মনে আনন্দের উদয় হইল; তাঁহারা যাত্রিগণের সঙ্গে উচ্চৈঃস্বরে "হরি হরি বল" "হরি হরি বল" শব্দ করিয়া ধীরে ধীরে গাড়ী হইতে অবতীর্ণ হইলেন।

এলাহাবাদ

ষ্টেশনের বাহিরে আদিয়া দেবতারা একথানি ঘোড়ার গাড়ী ভাড়া করিয়াগঙ্গা, যমূনা ও দরস্বতী নদীজ্বরের দঙ্গমন্থল অভিমূখে চলিলেন। যাইতে যাইতে ইন্দ্র কহিলেন, "বরুণ। অক্সাক্ত স্থান অপেক্ষা এলাহাবাদে ঘর বাড়ী এত কম কেন ?"

বরুণ। এসাহাবাদে বাড়ী ঘরের সংখ্যা কম, এজন্ত ইহার আর একটি নাম ফকিরাবাদ। এখানকার পল্লীসকল পরস্পর এত দূরে অবস্থিত যে, এক একটিকে এক একটি ভিন্ন ভিন্ন গ্রাম বলিয়া বোধ হয়।

ষ্টেশন হইতে বেণীতীর আড়াই ক্রোশ পথ। ঘোড়ার গাড়ীতে এই সামাস্ত্র পথ অতিক্রম করিতেও দেবগণের অত্যস্ত কইবোধ হইতে লাগিল। ভাগ্যক্রমে গাড়োয়ান লে দিন একটা নৃতন ঘোড়া ছুতিয়াছিল। অনভাাসবশতঃ ঘাইবার সময় কথন সেটা ভইয়া পড়িবার—কথনবা দক্ষিণপশ্চিম দিকের নর্দ্ধমায় গাড়ীসহ দেবগণকে উন্টাইয়া ফেলিবার বিধিমত প্রকারে চেষ্টা পায়। কেবল গাড়ীর পশ্চাৎ-ভাগের ঘেস্তড়ে তাঁহাদের বিপদের কাণ্ডারী হইয়া উদ্ধার করে। সে বেগতিক দেখিলেই ছুটিয়া গিয়া ঘোড়াটাকে উত্তমরূপ প্রহার পূর্বক শিক্ষা দেয় যে—হাজার নষ্টামি কর, এ ভারবহনক্রেশ হতে তোমার নিস্তার নাই। বিধাতা তোমার অদ্ষ্টে ছ্যাকড়াগাড়ী বহন লিখিয়াছেন। অতএব যত দিন জীবিত থাক, একটু একটু দানা জল খেয়ে এই কাজে প্রার্থন্ত হও। কেন আর অনর্থক প্রহার-যম্বণা সহ্য কর। শমন না লওয়া পর্যান্ত তোমাদের নিস্তার নাই।

ক্রমে ক্রমে দেবগণের গাড়ী বেণীতীরের বিবিধ সামগ্রীপূর্ণ চকের মধ্যে প্রবেশ করিল। দেবগণ দেখেন, নাপিডেরা ভাড়-বগলে ছুটাছুটি আরম্ভ করিয়াছে। ব্রহ্মা জিজ্ঞাসা করিলেন, "বরুণ! ওরা কারা? আর এত আনন্দিতই বা কি জন্ত ?"

বরুণ। উহারা প্রয়াপের প্রামাণিক। মাঘ মাদে উহাদের পোয়াবারো, কারণ যাজীদিগের মাণায় ক্ষ্র বুলাইয়া বিলক্ষণ দশ টাকা উপার্জন করিবে। এ বংসর যাজিসংখ্যা বেশী দেখিয়াই উহাদের আনন্দের পরিদীমা নাই।

বেণীঘাটের সন্নিকটে গাড়ী উপস্থিত হইবামাত্র এলাহাবাদের প্রাসিদ্ধ কেল্লা দেবগণের নম্মনপথে পতিত হইল। দেবগান্ত কহিলেন "বরুণ। দেখা যাচ্চে— ওটা কি ?"

দেবগণের মর্ছ্যে আগমন

বরুণ। এলাহাবাদ ফোর্ট কেল্লা। এই ছুর্গ, সিপাহী বিজ্ঞাত্বের সমর ভয়ানক আকার ধারণ করিয়াছিল। ছুর্গটি গঙ্গা এবং যম্নার সন্ধিন্তলে। ইংরাজেরা ইহার বিশেষ প্রশংসা করিয়া থাকেন।

ইন্দ্র। ইহা নির্মাণ করে কে ?

বরুণ। ইহা বছকাল পূর্বে হিন্দুরাঞ্জাদিসের দ্বারা নির্মিত। মধ্যে ধ্বংস হইয়া প্রাচীরমাত্র অবশিষ্ট থাকে, আকবর বাদদা পুনরায় ইহা ন্তন করিয়া নির্মাণ করেন। এলাহাবাদের লোকে বলে—আকবর হিন্দু ছিলেন, শাপে মৃদলমান হয়ে জন্মগ্রহণ করেন।

নারা। তীর্থম্বানে একটা কেল্লা মেরামত করায় কি তিনি হিন্দু হলেন ?

বরুণ। না ভাই, তিনি হিন্দুদিগের মঙ্গলকর অনেক কার্য্য করিয়া ছিলেন ও তাঁহার আদান প্রদান ক্রিয়া কর্ম যাহা কিছু—অধিকাংশই হিন্দুদিগের সহিত হইত। হিন্দুরাজাদিগের হস্তে তিনি বিশ্বাসপূর্বক রাজ্যের অনেকগুলি প্রধান প্রধান কর্ম দিয়াছিলেন। হিন্দু-ম্দলমানকে তিনি কথন ভিন্ন ভাবিয়া পক্ষপাত করিতেন না। রাজা তোজরমল তাঁহার রাজস্বসচিব এবং মানসিংহ তাঁহার সৈত্যাধ্যক্ষ ছিলেন। আকবর জয়পুর-রাজ বিহারী মলের কত্যাকে বিবাহ করিয়াছিলেন, ও রাজা মানসিংহের ভগিণীর সহিত তাঁহার জােষ্ঠ পুত্রের বিবাহ দিয়াছিলেন।

নারায়ণ। আকবর হ'ল মুদলমান—রাঙ্গপুতেরা হিন্দু। হিন্দু ও মুদলমানে বিবাহ হওয়াতে অক্যান্ত রাজারা কোন আপত্তি করিতেন না ?

বরুণ। রাজপুতেরা কন্সাদান করিয়া তাহাকে আর লইয়া আসিতেন না এবং তাহার হাতে থাইতেন না,—স্থুতরাং অক্যাক্স রাজারা আপত্তি করিবেন কেন ?

নারা। আহা। মেয়েগুলার কি কট।

বরুণ। কষ্ট কিলে ?

মারা। কট নর? শশুরালয়ে এলে পৌরাজ রহন দিরে ও ট্কী মাছ ভাজা, কুঁকড়োর ঝোল, সপে বসে সানকিতে করে ভাত থাওয়া—হিন্দুর মেরের কট নর? জুতা পায়ে দিয়ে বেগম সাজা, আঁচল পেতে ওঠা বসা করতে করতে নেমাজ পড়া—হিন্দুর মেরেদের কি কম কট ? ৰক্ষণ। ক্ৰমে সয়ে যায়। দেখুন পিতামহ! ঐ কেলা হিন্দু, মৃস্সমান এবং ইংবাজ তিন জাতির স্বেচ্ছামত নিৰ্মিত হইরাছে। ভারতের কত দেশ কত রাজ্য ধ্বংস হইল, কিন্তু এসাহাবাদের কেলা চিরকাল বর্ত্তমান আছে। কেলার মধ্যে পাতালপুরী। পাতালপুরীতে এক অক্ষরবট ও শিবমূর্ত্তি দেখিতে পাওয়া যায়।

"চল আমরা দেখে আনি" বলিয়া প্রযোনি দেবগণসহ অক্ষরট দেখিতে চলিলেন। যাইবার সময় দেখেন, একজন সাহেব ও তৎপশ্চাৎ কতিপয় বাঙ্গানী রাস্তা দিয়া চলিয়াছে। অসুসন্ধানে জানিলেন, সাহেব একজন পাদরি, আর বাঙ্গালী কয়জন খুইধর্ম অবলম্বন করিয়া অন্ধকার হতে আলোম এসেছে। বাঙ্গালী কয়জনের অর্থাভাবে গাত্তবস্তুগুলি মলিন, শরীরেও তাদৃশ লাবণ্য নাই। প্রত্যেকের কপোলে ছুই চারি গাছি শ্বশ্র বিরাজিত, বগলে বটতলা অঞ্চলে ছাপান চটি চটি পুস্তক; হঠাৎ দেখিলে বোধ হয়, ফেরিওয়ালারা বই ফেরি করিতে বাহির হইয়াছে। পুস্তক অকাতরে বিতরণ করা হচেচ। নারায়ণ ছুটে গিয়া "ওগো আমাকে একথানা বহি দাও" বলিয়া চাহিয়া লইলেন।

বরুণ। ক্বঞা ফেলে দাও, ফেলে দাও; দিয়ে প্রয়াগে মাথা মূড়াও। খুষ্টানী বহি কি বলে ছুলে? জান, দেবতার। যদি জানতে পারেন, তোমাকে গোবর খাইয়ে প্রায়শ্চিত্ত করাবেন।

নারায়ণ। এ কি খুষ্টানী বই ? তা কে জানে! কাল রাত্রে তামাক বাধার কষ্ট হওয়াতেই বইখানা নিয়েছিলুম।

ব্রমা। না, ভূমি ফেলে দাও। বরুণ, ওরা কি গঙ্গাধানে এদেছে ?

বক্লা। আজ্ঞেনা; ঐ কর্তারা মেলার স্থানে প্রায়ই আসিয়া দেখা দেন, এবং হিন্দুধর্মের নিন্দা করে লোকগুলোকে খুষ্টান করবার চেষ্টা পান।

দেবগণ কেলার মধ্যে প্রবেশ করিলে বরুণ কহিলেন, "এই কেলাটি নগর হইতে দ্বস্থ ময়দানে অবস্থিত। তুই নদীর মিলিত কোণে ইহা নির্মিত হইয়াছে। ওদিকে দেখুন—আকবর বাদসার রাজবাটি। এ বাটি হইতে জ্পনে নামিবার সিঁড়ি জ্বজাপি বর্তমান আছে। এ সিঁড়িতে বসিয়া পুর্বে মোগল রমণীগণ স্থান করিতেন।" ইহার পর দেবতারা পাতালপুরা দেখেন। ব্রহ্ম

স্ক্রমবট দেখিয়া বলিলেন, "গাছটি দেখে স্বামার সন্দেহ হচেচ, বোধ হয় ইহার মধ্যে পাণ্ডাদিগের কুয়াচুরি স্বাছে।"

ইন্দ্র। আজে, মর্জ্যের লোক আজকাল থেরপ অর্থলোভী, ধর্মের ভাণ করিয়া প্রতারণা করিবে বিচিত্র কি ?

ইহার পর দেবগণ ভীমের গদা দেখিয়া কেলা হইতে প্রভ্যাগমন প্রকি ত্রিবেণী তীর্থে আসিয়া উপস্থিত হইলেন। দেখেন অসংখ্য নাপিত, গঙ্গাপুত্র, পুরোহিত, বিজ ও ভিক্ক যাত্রীদিগকে যেন পাঁটা ছেঁড়াছিঁড়ি করিতেছে। সকলেই দেখিলেন, পাণ্ডাগণ নিজ নিজ স্থান সকল অংশ করিয়া বসিয়া আছে। প্রভ্যেকের দখলি অংশে বিভিন্ন প্রকার পভাকা উড়িতেছে। দেখিলে বোধ হয় যেন বন্দরে ইংরাজ, ওলন্দাজ ও ফরাসীদিগের বাণিজ্যাভরীতে নিশান উড়িতেছে, কাহারো বা পাণ্ডাদিগের সহিত দক্ষিণা লইয়া বচসাও দেই সঙ্গে হাতাহাতি হইবার যোগাড় হইতেছে, কাহারো বা হাত হইতে ভিক্ষকগণ প্রসা কাডিয়া লইতেছে।

পদ্মযোনি গোলের মধ্য দিয়া জলের নিকট যাইয়া উপস্থিত হইলেন এবং আবার উচ্চরবে "গঙ্গে—পতিতপাবনি, এদ মা, একবার আমার কমগুলুতে এদ মা" বলিয়া রোদন আরম্ভ করিলেন।

বরুণ। করেন কি ? শেষে কি আত্মপ্রকাশ করে বসবেন ? ভয় নাই, আমি যেখানে পারি, তাঁহার দহিত আপনারা সাক্ষাৎ করাইয়া দিব।

নারা। ওঁকে নিয়ে বন্ধ মৃশ্বিল হলো! যে আঁদাড়ে পাঁদাড়ে পুলিস ফিরচে, হয় তোধরে নিয়ে পাগলা গারদে দেবে।

এই সময় নাপিত নিকটে আসিয়া ক্ষ্য চোকাইতে লাগিল। ব্রহ্মা কহিলেন, "তোমরা একে একে মাথার চুলগুলো ফেলে দিয়ে ডুব দিয়ে ফেল।"

নারা। আমি মাথা কামাতে পারবো না।

ব্রহ্ম। কেট ! বলিস কি ? মর্জ্যের ভাব দেখে ওনে কি নাস্তিক হলি ? তীর্থের যা ধর্ম, ভা রাথ।

নারা। আমি পারবো না। আপনি জ্যেষ্ঠ আছেন—আপনি কামালেই আমাদের হল। আমরা বরং দক্ষিণাশ্বরূপ প্রামাণিককে কিছু ধরিয়া দিই।

"या তোমাদের খুসি হয় কর, ক্রমে হিঁছুয়ানি সকলই গেল।" বলিয়া এছা

এলাহাবাদ

কামাইতে বসিলেন। গঙ্গার বিরহে তাঁহার দ্নয়নে ঝরঝর করিয়া জল পড়িডে লাগিল।

এই সময় পূর্ব্বপরিচিত পাদরি সাহেব সদলে পিতামহের নিকটে আসিয়া "বুড়ডা, টুমি গঙ্গা গঙ্গা বলিয়া কাঁদিটেছে। কি পরিটাপ! জল হইয়া কথন ডেখা দিটে পারে ?" বলিয়া চলিয়া গেল।

ইন্দ্র। সাহেব বেশ কপচাইয়া গেল। বরুণ! ঐ কাদায় পড়ে একটা. প্রকাণ্ড মূর্ত্তি কি ? আর কাদাতেই বা পড়ে কেন ?

বৰুন। উহা হন্থমানের প্রতিমূর্ত্তি। বোধ হয়, হন্থমানের মনে মনে অহন্ধার ছিল যে, তাঁহার তুগ্য বীর আর জগতে নাই, তিনি ভিন্ন কাহার সাধ্য এমন চ্জুল্ম সাগর বন্ধন করে! কিন্তু সম্প্রতি যমুনার ব্রিঙ্ক দেখে স্থির করিলেন, "না—আমার বাবাও আছে, অতএব বুগা গর্কজনিত পাপের প্রায়শ্চিত্তের জন্ম প্রয়াগে নাথা মূড়াই।" মাথা মূড়ান শেষ হইলে আবার ভাবিলেন—"কোন মূখে আর এম্থ দেখাইব ? অতএব কাদাতেই পড়ে থাকি।" এজন্ম কাদায় পড়ে আপসোৰ করছেন।

ইন্দ্র। ভিন্ন ভাকারের জল দেখে তো গঙ্গা, যমুনা, এবং সরস্বতীকে বেশ চিনে লওয়া যায়।

এই সময়ে ক্ষুত্র ক্ষুত্র তরণীতে নানারূপ দেবমূর্ত্তি সাজাইয়া পাণ্ডাগণ সন সন বেগে দেবগণের নিকট দাঁড় টানিয়া আসিল এবং কিঞ্চিৎ কিঞ্চিৎ ভিক্ষা প্রার্থনা করিতে লাগিল। নারায়ণ তাহাদিগকে হাঁকাইয়া বিদায় করিলেন।

দেবগণ স্থান সমাপনান্তে তীরে উঠিয়া দেখেন, পূর্ব্ধপরিচিত পাদরি সাহেব বক্তৃতা করিতেছেন, আর দেশের অশিক্ষিত ছোটলোক তাঁহাকে বেষ্টন করিয়া শুনিতেছে। সাহেব বলিতেছেন:—

"হায়, এ অপেক্ষা কি পরিটাপ আছে। যে জল, যে সামান্ত জল, বাঙ্গালী! টোমরা টাহাকেও ডেবটা বলিয়া পূজা করিটেছে, টাহার নিকট মাটা মূডাইটেছে। অটএব টোমরা বড অবিষ্কার ডুর কর, একণে অন্টকার হইটে আলোয় আইস। প্রভূ যীশুর নিকট ক্ষমা চাও, টাহার নিকট পরিটাপ কর, টিনি টোমাভিগকে উড্ডার করিবে।"

নিকটে একজন ৰাজালী যুৱা উপস্থিত ছিল। সে এই সময় ফ্রুতবেগে আসিয়া

দেবগণের মর্ছ্যে আগমন

একজন দেশী খুটানের হাত ধরিয়া কহিল, "দাদা, তোমরা কি আলোয় এসেছ ?" খুটান মাধা নাড়িয়া কহিল, "কিছু কিছু ।"

নারা। সাহেব বেশ বাঙ্গালা বলে, মরে কেবল ত স্থানে ট এবং দ স্থানে ড উচ্চারণ করে।

পাদরি। হে প্রাতৃগণ, ঈশ্বর জগটের প্রটি এমনই প্রেম কড়িলেন যে, টাঁহার একজাট পুট্র যীন্তকে জগটে পাঠাইলেন যে, যে কেহ অত্বটপ্ট হইয়া টাঁহাড় শড়ণ লইবে, সেই নিষ্টাড় পাইবে। যীশু জগটের পাপের জন্ত আপনার প্রাণ ডিলেন, আপনার ড়ক্ট ডিয়া জগতের উড্ডার করিলেন। টোমরা সেই সডাপ্রভ্কে ডাক, টিনি ভিন্ন কেহ টোমাডের পাপ টাপ ডুর কডিতে পাডিবে না। আর ডেখ—

পূর্ব্বোক্ত বঙ্গীয় যুবা এই সময়ে বাধা দিয়া বলিল—"দেখ সাহেব যীশুকে আমি ভক্তি করি, তিনি যথার্থই একজন মহাপুরুষ ছিলেন। কিন্তু তিনি ভিন্ন জীবের মুক্তিদাতা কেহ নাই, এ কথা আমি বিশ্বাস করি না। ঈশ্বরকে যে প্রাণ খুলিয়া ভাকিতে পারিবে, যে যথার্থই তাঁহাকে পাইবার জন্ম ব্যাকুল হইবে, ভগবান্ তাঁহাকেই কোলে তুলিয়া লইবেন। অন্ম সকল কাজ বরাত দিয়া চলিতে পারে, কিন্তু ধর্ম কথনও বরাত দিয়া চলিতে পারে না। যদি পাপের জন্ম প্রকৃত অন্মতাপ উপস্থিত হয়, তাহা হইলে হরি, যীশু, মহম্মদ কাহাকেও ভাকিতে হইবে না, মুক্তি আপনিই হইবে। ঈশ্বকে কি তুমি এমনই পক্ষপাতী মনে কর যে, তিনি বলিয়াছেন, যত বড় ধার্ম্মিকই হওনা কেন, যীশুকে না ভাকিলে আমাকে পাইবে না, বা যত পাপই কর না কেন, যীশুকে ভাকিলেই সকল পাপ দূর হইবে? এ সব মূর্য ভ্লান কথা ছাড়িয়া দাও। সকল ধর্ম্মেরই লক্ষ্য এক; কোন ধর্ম্মের নিন্দা করিও না, ইহা বোধ হয় স্বয়ং যীশুরও অভিপ্রেত নহে। দেখ, হিন্দুধর্ম কত উদার! হিন্দুধর্ম কোন ধর্ম্মের গ্লানি করে না, বরং অন্ত ধর্ম্মের গ্লানি করায় পাপ হয় বিশ্বাছে।

ব্ৰহ্মা। বেশ বলেছ বাবা, বেশ বলেছ।

যাহারা শুনিতেছিল, তাহাদের অনেকেও যুবকের।কথায় সম্ভোষ প্রকাশ করিছে লাগিল। পাদরী সাহেব বেগড়িক বুঝিয়া সদলবলে সেম্থান হইতে প্রম্থান করিলেন। যাইবার সময় বলিয়া গেলেন—"বাঙ্গালী লোক বর চালাক হইটেছে। আমি প্রটোক গ্রাম হইতে মিশনারি স্থলগুলো উঠাইটে লিখিবে।"

দেবতারা সে দিন চকের সন্নিকটছ পদোর মার দোকানে বাসা করিলেন। পদোর মা অর্থাৎ পদ্মলোচনের মা। লোকে পদ্মলোচনের মাকে প্রথমতঃ পদার মা পরিশেষে পদোর মা বলিয়া ভাকিত। পদোর মার একখানি সামায় মৃদিখানার দোকান আছে। দোকানের সমস্ত কার্য্য তাহাকে নিজেই করিতে হয়। পদো ঘোর বাব্; সে রাত্রিদিন আমোদেই আছে, সময়ে চাটি খায় মাত্র। পদোর মার শুণ বিস্তর। সে যাত্রী পেলে মহাখুসি! কাহাকেও কোন কট পাইতে হয় না; নিজের দোকান হইতে চাল, ভাল, তরিতরকারি দিয়েও নিজে বাটনা বেটে, কুটনো কুটে সব ঠিকঠাক করিয়া দেয়, কেবল নামাইয়া খাইতে যা কট; পদোর মার দোষ এই, দে যাত্রীদিগের নিকট প্রথমে কিছু পয়সার কথা বলে না, কিছ শেষে সর্বনাশ করে; — যদি এক ছটাক ঘি দিয়া থাকে, তাহার স্থানে একপোয়া, আর্দ্র সের ভালে এক সের, এই প্রকারে মস্ত একটা ফর্দ্ধ আনিয়া দেয়। পসার বজায় রাথিবার জন্য ঘবভাভার একটি পয়সাও লয় না।

আমাদের দেবতারা পদোর মার দোকানে আহারাদি করিয়া অপরায়ে আলোপীবাগে আলোপীদেবী দর্শনে যাত্রা করিলেন। ত্রিবেণীতীর হইতে এই মন্দির এক মাইল দ্রে অবস্থিত। মন্দিরের সম্মুখে অনেকগুলি বৃহৎ বৃহৎ বৃক্ষ ও শিবমন্দির আছে। তথায় উপস্থিত হইয়া পদ্মযোনি কহিলেন, "আহা! স্থানটিতে এসে মনে যেন এক অভিনব ভাবের উদয় হইল। আলোপী দেবীর উৎপত্তির কারণ কি বঞ্চণ?"

বরুণ। দক্ষালয়ে শিবনিন্দার্শ্রবণে সতী প্রাণত্যাগ করিলে দেবাদিদেব মহাদেব কিপ্তপ্রায় হইয়া সেই মৃত-শরীর মস্তকে বহন করিয়া ত্রিলোক ভ্রমণ করিতে লাগিলেন। নারায়ণ তদ্দর্শনে নিজ চক্র হারা ঐ শব ৫২ থণ্ডে বিভক্ত করেন। দেই ৫২ থণ্ডের এক এক থণ্ড যে যে হানে পতিত হয়—দেবী সেই স্থানে অন্তাপি এক এক মৃত্তিতে বিরাজ করিতেছেন। প্ররাগে তাঁহার দক্ষিণ হস্তের অঙ্গুলি পড়ায় আলোপী-দেবীমৃণ্ডি হইয়াছে।

দেবগণ মন্দির প্রবেশ করিয়া দেখেন, দেবী এক বৃহৎ তাম্র-সিংহাসনের উপর বিরাজ করিতেছেন। মন্দিরের চতুর্দিকে বদিয়া ব্রাহ্মণগণ স্থমধুরশ্বরে বেদপাঠ করিতেছেন।

এমান হইতে দেব ভারা মুধ্য্যে ব্রাহ্মণদিগের পুর্ব্বপুরুষ বিখ্যাত ভরধান্ত আত্রম

দেবগণের মর্ন্ডো আগমন

দেখিতে চলিলেন। রান্তার উভয় পার্বে শ্রেণীবদ্ধ বৃক্ষ থাকায় সদ্ধার পূর্বের বড় শোভা ধারণ করিয়াছিল। যাইয়া দেখেন অনেকগুলি লিবমন্দির রহিয়াছে। তাঁহারা উপস্থিত হইবামাত্র পাণ্ডাদিগের যুবতী কন্তারা পয়সার জন্ত এমন বিরক্ত করিতে লাগিল যে পলাইয়া আসিতে বাধ্য হইলেন। দেবগণ সে রাত্রি পদোর মার দোকানে কম্বল মৃডি দিয়া কাটাইয়া প্রাতে বেণীঘাটে স্নান করিতে চলিলেন।

ঘাটে উপস্থিত হইয়া ব্রহ্মা কহিলেন, "বঞ্প! এই মন্দিরাধিষ্টিত বিষ্ণুম্র্তির নাম কি ?

বরুণ। বিষ্ণুর্টির নাম বেণীমাধব। বেণীমাধবের নাম অফুসারে ঘাটের নাম বেণীমাধবের ঘাট হইয়াছে। শ্রীরামচন্দ্র বনবাদে ঘাইবার সময় এই ঘাটে পার হইয়াছিলেন। পার হইয়া কিছু দূর ঘাইলে গুহক চণ্ডালের সহিত তাঁহার সাক্ষাৎ হয়।

ইন্দ্র। পরপারে ও বাড়ীম্বর কাহার ?

বরুণ। হ্বাচন্দ্র রাজার। লোকে যে কথার বলে "হ্বাচন্দ্র রাজার গ্বাচন্দ্র মন্ত্রী"—সেই হ্বাচন্দ্র রাজা ঐ স্থানে রাজ্য করিন্তেন।

ইন্দ্র। হবাচন্দ্র রাজার রাজ্যশাদন কিরূপ গ

বরুণ। লিখে লও, তোমাদের উপকার দেখতে পারে। হ্বাচন্দ্র দেখিলেন সকল রাজাই দিবসে রাজকার্য্যের আলোচনা করেন এবং বাজারে চাল, ডাল, মৃড়ি, মৃড়কী, গজা মতিচুর ভিন্ন ভিন্ন দরে বিক্রয় হয়। তিনি নিয়ম করিনেন, তাঁহার রাজ্যে রাজকার্য্য প্রভৃতির আলোচনা দিবসে না হইয়া রক্ষনীযোগেই নির্ব্বাহ এবং বাজারের প্রত্যেকে প্রব্য এক দরে ও ওজনে বিক্রয় হইবে। প্রত্যেক প্রজাকে রজনীতে স্নান আহার পূজা আহ্নিক আদি করিতে হইবে। ঐ সময় আলোজেলে বাজার হাট বসিবে, ক্লবকেরা মশাল হাতে করে লাকল চিষবে। দিবসে প্রত্যেকে বার বন্ধ করিয়া নিজা যাইবে ও চৌকিদার চৌকী হাঁকিয়া পথে পথে ফিরিবে।

ইল্র হাস্ত করিয়া কহিলেন, "হ্বাচল্র রাজার রাজকার্য্য পর্যালোচনা মন্দ নয়!"

এখান হইতে দেবগণ রাজা বাস্থকি দেখিতে যান। ইনি একটা বাঁধা ঘাটের উপর মন্দির মধ্যে আছেন। মন্দিরটি বুহদাকার সর্পের ছারা বেষ্টন করা দ্বাদ্ধা বাস্থিকির ঘাট বড় উৎক্রষ্ট ; নগরের মধ্যে এই ঘাটটি প্রধান বলিলেও অত্যক্তি হয় না। এখান হইতে সকলে শিবকোটি দেখেন। কথিও আছে, রামচন্দ্র বন গমন সময়ে এই শিব প্রতিষ্ঠা করিয়া পূদা করিয়াছিলেন। ইহাকে পূদা করিলে কোটি শিবপূদ্ধার ফল প্রাপ্ত হাওয়া যায় বলিরা শিবকোটি নাম হইয়াছে। অবশেষে দেবগণ যম্নার উপরিস্থ লোহনিন্দ্রিত স্থদীর্ঘ সেতু দেখিবারু দত্ত উপন্থিত হইলেন। যথন তাঁহারা পোলের নীচে দাঁড়াইয়া সেতুর গুণাগুণ বর্ণন করিতেছেলেন, তথন উপর দিয়া "স্যাঁৎ স্থাঁ। হুণা ছুণা "স্যাঁৎ স্থানি স্থাৎ ছুণাছূপ" শব্দে একখানি ট্রেন চলিয়া গেল, দেবতারা একদেই চাহিয়া বহিলেন।

বৰুণ। দেখুন পিতামহ, এই লোহনির্মিত সেতৃ তিন ভাগে বিস্তক। উপর দিয়া বাঙ্গীয় শকট যাতায়াত করিতেছে। উহার নিম্নে মন্থয়গণের যাতায়াতের পথ। তাহার নিম্ন দিয়া দল্যান সকল গতায়াত করিয়া থাকে।

নারা। যমুনা যে আগ্রায় পিতামহের নিকট কাদিয়াছিল, তাহার একণে প্रकृष्ट काँमियात्र मिन। कात्रण, रम जिन श्वारन वश्वन-मुमा श्राश्व श्रहेशारह । व्यवस्य क्रिकेट क्रिके আদবের সহিত ভারতে বিচরণ করিয়াছে। ভারতের ইতিহাস যমুনার যেমন জানা আছে, এমন আর কাহারও নাই। যমুনা অনেক যুদ্ধ স্বচক্ষে দেখিয়াছে এবং যুদ্ধের শবও বহন করিয়াছে-এমন কি, এক সময়ে সে বীরপুরুষদিগের রস্ক নিজ গাত্তে মাথিয়া বক্তবর্ণ ধারণ করিয়াছিল। আজ দেখন, সেই যমুনা ভারত-বাদীদিগের দহিত কি হুরবস্থাই প্রাপ্ত হইয়াছে ! এক সময়ে এই যমুনা-জনে ভারত-রমণীগণ নির্ভয়ে অবগাহন করিত। এক সময়ে এই যমুনা পুলিনে ভারত-রমণীগণের চরণনৃপুরের স্থমধুর শব্দ হইত, আজ দেই যমুনা শুক্ষপ্রায় হইয়া মন্দগতিতে বহিতেছে! আজ রেলের চাকায় সেই যমুনার শরীর ক্ষতবিক্ষ হইতেছে ! পিতামহ ! এই ঘমূনাতীরে আমার মধ্রাপুরী ; আমি যথন ! বালস্বভাব প্রায়ুক্ত এইখানে কদমগাছে বসিয়া বাশীর গান করিডাম, সেই সময়ে পাগলিনী যমুনা উজান বহিয়া ভনিতে আসিত। আজ সেই যমুনার ছংখ দেখে আমার ছঃখ ধরে না! ঠাকুরদাদা! যমুনা চিরকাল রাজভোগে থাকিয়া আঞ্ দাসী। যমূনা চিরকাল খাধীনা থাকিয়া আজ পরাধীনা! এ অপেকা আর ছ:থের বিষয় কি আছে ?

দেব গণেরমর্ছো আগমন

দেবগণ এইরপ ত্থে করিতে করিতে বাসায় আদিলেন। তাঁহারা অপরাহে খদক্রবাগ দেখিতে যান। তথায় উপস্থিত হইয়া বরুণ কহিলেন, "পিতামহ! এই উভানটি সম্রাট-পূত্র থসক নির্মাণ করিয়াছিলেন। উভানের চতুর্দিকে যে অত্যুচ্চ প্রাচীর দেখিতেছেন, উহা এলাহাবাদের কেলা নির্মাণ হইলে যে দ্রব্যসামগ্রী অবশিষ্ট থাকে, তাহা দ্বারা নির্মিত।"

দেবগণ একটি বৃহৎ ফটক দিয়া ভিতরে প্রবেশ করিলেন এবং প্রশস্ত ও পরিষ্কৃত রাস্তা দিয়া চলিলেন। যাইতে যাইতে ইন্দ্র কহিলেন, "বরুণ! দেখা যাইতেছে ও ছটো কি শু"

বরুণ। ও ছটি পুরাতন মসজিদ। ওদিকে দেখ—মাটির মধ্যে একটা গৃহ। এই উত্থানে এমন চমৎকার চমৎকার বৃক্ষ লতা আছে যে, আমি তৎসমৃদয়ের নাম জানি না। ওদিকে সবাই; ঐ সরায়ে আসিয়া যাত্রিগণ বাদা করিয়া থাকে। সরায়ের সমিকটে একটি কুপ ও তাহার মধ্যে নামিবার সিঁড়ি আছে।

দেবগণ খসক্ষবাগ হইতে ষ্মা মদ্জিদ দেখিয়া প্রত্যাগমন করিতেছেন, এমন সময় বক্ষণ পথিমধ্যে সেই পূর্ব পরিচিত বাঙ্গালী যুবাকে (যিনি পাদরী সাহেবের সহিত তর্ক করিয়াছিলেন) দেখিতে পান। ব্রহ্মা যুবাকে দেখিয়া জিজ্ঞাদা করিলেন—"তুমি তো বাঙ্গালী দেখিতেছি। তোমার নামটী কি বাবা গ"

যুবা। নিশিকান্ত সেন।

ব্ৰহ্মা। জাতি?

যুবা। বৈহা।

"কুলাঙ্গার! তোর গলায় পৈতা কৈ ?" বলিয়া এন্ধা সঙ্গোরে এমনি একটি ধাকা দিলেন যে, যুবা পড়িতে পড়িতে রহিয়া গেল।

বরুণ। ঠাকুরদা! এত রাগ্লেন কেন? পৈতা উহার কোমরে আছে।

বন্ধা। কেন—ঘুন্দীর অভাবে কি বৈছের পৈতা ব্যবহার ?

বঙ্গণ। আজে, অনেকে বলে বৈশুজাতির গলায় পৈতা ব্যবহার করা উচিন্ত নহে:।

বন্ধা। যারা বলে, ভারা ভান্ত।

ইন্দ্র। বৈজেরা গলায় পৈতা বাবহার করতে পারে ?

ব্ৰহ্ম। পারে না ? বাহ্মণ কর্তৃক শান্তবিধানে বিবাহিত বৈশ্ব পদ্মীতে বে

পুত্র জন্মে, তাহারা অষষ্ঠ, বৈশ্ব জাতি সেই অষষ্ঠ, অতএব গলায় পৈতা ব্যবহার করিতে পারে না?

বরুণ। অনেক ব্রাহ্মণ বলেন, বৈগ্রন্ধাতি গলায় পৈতা রাখিলে ভ্রমবশতঃ তাঁহারা যদি প্রণাম করেন, এজন্ম উহাদের কোমরে পৈতা রাখা উচিত।

বন্ধা। যে বান্ধণ এ কথা বলে, শান্তে তাহার কিছুমাত্ত জ্ঞান নাই। কি আশ্চর্যা! যখন ব্রাক্ষণ, ক্ষত্তিয়, বৈশ্য—তিন বর্ণের পৈতাধারণের অধিকার আছে, তথন পৈতা গলায় দেওয়া দেখেই প্রণাম না করে, অগ্রে পরিচয় লইলেই ত সকল গোল মিটে যায়। শান্তে কি পৈতা গলায় দেখিলেই প্রণাম করিতে হইবে, এমন কোন কথা আছে ?

যুবা। ঠাকুর! আমি প্রায়শ্চিত্ত করে প্রয়াগে মাথা মৃড়িয়ে আবার যদি পৈতা গ্রহণ করি, তাকি হতে পারে না ?

ব্রশা। আচ্ছাতাই করো। তুমি এথানে কর কি ?

যবা। আজ্ঞে, আমি রেলওয়ে অফিসের কেরাণী।

ব্রহ্মা। "না, তোমার প্রায়শ্চিত্ত নাই। কেরাণীগিরি করতে মরতে এসেছ প্রয়াগে? দেশে গিয়ে পাঁচন বেচে থাওগে না । ব্রাহ্মণ ও অপর বর্ণের চিকিৎসার জক্তা ভোমাদিগের স্থিটি। এক্ষণে কি না নিজ ব্যবসা ছেড়ে দাসত্ব করে নরকে যেতে বসেছ । রোগীর মূথে মৃত্যুর পূর্বে যদি একটা লাল বড়ি পড়ে, তা হলেও উদ্ধার হয়, এ জেনেও নিজ ব্যবসা ছেড়ে কি পাপে ভ্বছ—ভাব দেখি । বিলাতের জল থাইয়ে লোকগুলোকে নরকে ফেলার ফল ভোমাদেরই ভূগতে হবে। অচিকিৎসার দক্ষণ মৃত্যুর জবাবদিহি ভোমাদিগকেই যমালয়ে করতে হবে। ধিক ! ভোমাদের বৈছ্ঞজাতিকে ধিক !" বলিয়া, দেবতারা চলিয়া গেলেন। মুবাও অবনতমন্তকে একদিকে প্রস্থান করিল।

দেবতারা পরে এলফ্রেড পার্ক দেখিতে যান। সেথানে গিয়া বরুণ বলিলেন, "ডিউক অব এডিনবরার নাম অনুসারে এই বাগানের নাম এলফ্রেড শার্ক হইয়াছে।"

ইন্দ্র। বাগানটি থসকবাগ অপেক্ষা বৃহৎ। বরুণ! সম্মুথে ওটা কি ? বরুণ। বিশ্রামবেদী। প্রস্তুরনিম্মিত বেদিটি নির্মাণ করিতে নীলকমল,

দেবগণের মর্ত্তো আগমন

মিত্র নামক এক ব্যক্তি অনেক টাকা ব্যয় করেন। ওদিকে দেখ ধর্ণহিলদ মেমোরিয়াল। ঐ গৃহের ভিতরটি বড মনোহর।

ত্রই সময় একটি সাহেব এবং একটি মেম অশারোহণে ভেডান-ভ্রমণে আসিল। দেবতারা আর কথন মেয়ে-মাহ্যবকে ঘোড়ায় চাপিতে দেখেন নাই; হতরাং আশ্চর্যান্থিত হইয়া চাহিতে লাগিলেন। সাহেব বিবি উভয়ে কি কথোপকথন করিয়া তৃত্তনেই অশপুঠে কশাঘাত করিয়া বিদ্যুতের স্থায় অদৃশ্য হইল। তথন পদ্মযোনি উহাদিগকে লক্ষ্য করিয়া বলিতে লাগিলেন, "ধন্ত তোমাদের সাহস, ধন্ত তোমাদের লীলাথেলা! মেয়ে পুরুষ সকলেই সমান! য়ঁটা! ঘোড়ায় পাছে লাখি মারে—এই ভেবে আমরা ঘোড়ার কাছ দিয়ে ইাটনে। 'শতহন্তেন বাজিনঃ' বলিয়া বিধান দিয়া থাকি।"

এথান হইতে দেবগণ হাইকোর্ট, মিয়র্স্ কলেজ প্রভৃতি দেখিয়া বাসায় আসিলেন এবং পদোর মাকে বলিলেন, "পদোর মা, তোমার কত পাওনা হ'ল হিসাব করে লও, আমরা চল্লেম।"

পদোর মা মনে মনে মহা-ছ:খিতা হইল। তাহার মনের ভাব—আর কিছু দিন থাকিলে বেশ দশ টাকা হাত করিত। যাহা হউক, সে তথশ্রবেণ হাতে বহরে খুব লম্বা একটি ফর্দ্ধ আনিয়া দিল,—সেটা পদোর হাতের লেখা। দেবতারা ফর্দ্ধ দেখে অবাক! পদোর মা করলে কি! আগে দর দম্বর ক'রে স্রবাদি না লইয়া তাঁহারা নিজেই বোকা হইয়াছেন। অতএব কথা কহিতে সাহদ হইল না। কেবল বরুণ কহিলেন, "পদোর মা, আর হাতী টাতী আদে?"

পদোর মা। (সক্রোধে) এথানেও লাগ্লে । যার জন্তে দেশ ছেড়ে পালিয়ে এলাম, আবার এথানেও তাই । তোমার কি ক'রেছি বল তো ।

"না পদোর মা, এই নেও, ভোমার টাকা নেও" বলিয়া বঞ্চ টাকাকড়ি চুকাইয়া দিয়া দেবগণ সহ ষ্টেশন অভিমুখে চলিলেন।

যাইতে যাইতে নারায়ণ কহিলেন, "বরুণ! পদোর মাকে হতী আদে কি না দিজ্ঞাদা করায় ও অমন রেগে উঠ্লো কেন?"

বক্রণ। বাল্যকালে পদোর গান-বান্ধনায় বড় স্থ ছিল। উহাদের বাস্থান সোণাথালি। গ্রামের ভন্তবোকেরা এক সময়ে একটা কবির দল করেন। তাঁহাদের দলটি উত্তম হইরাছিল। ঐ দল দেখে পদোও রাজ্যের চোয়াড় একত করে একটি কবির দল করে। বাবুদের সথ ফুরাইলে, দলটি ভাঙ্গিয়া যায়; কিন্তু পদোর দল জীবিত থাকে। এই সময়ে গোবরভাঙ্গার বাবুরা সোণাথালির কবির দল উত্তম হইয়াছে শুনিয়া তাঁহাদের কোন বন্ধুকে অবশ্র অবশ্র ঐ দল পাঠাইতে লিখেন। বন্ধ পত্রপাঠে বিবেচনা করিলেন--বাবদের দল তো ভাঙ্গিয়া গিয়াছে, তবে ৷বোধ হয় পদোর দল পাঠাইতে লিথিয়া থাকিবেন। অতএব তিনি পদোকে সম্মত করিয়া গোবরভাঙ্গায় পত্ত লেখেন। বাবুরা তদম্পারে কয়েকটা হাতী পাঠাইয়া ঘর্ষার ঝাডলর্গন ধারা ভালরূপে সাজাইতে আরম্ভ করেন। এদিকে পদ্মনাথ সবান্ধতে হত্তী আরোহণে গোবরডাঙ্গা অভিমুখে চলিলেন ! দলটি দেখিয়া বাবুদের মনে স্থণা হয়, কিন্তু গুণ থাকিলেও থাকিতে পারে ভাবিয়া বাসা দেন এবং পোলাও কালিয়া গুলো প্রস্তুত হইয়াছে, অনর্থক ফেলা যাবে ভাবিয়া থাইতে দেন। । ছ ছোট-লোক—কথন ভাল দ্রব্য চক্ষে দেখে নাই, অতএব এক একছন গাণ্ডে পিণ্ডে গিলে আর নড়তে পারে না, কিন্তু কি করে – যে জন্মে আসা তা কর তেই হবে ভাবিয়া সকলে কটে স্টে আসরে গিয়ে দেখা দেয়। আসরে উপস্থিত হইয়া দেখে ঝাড লঠনে এলাহি কারখানা করে ফেলেছে! এরা কথন বাতির আলোয় গান করে নাই. স্বতরাং গালে হাত দিয়া ভাব তে লাগুল। ওদিকে ঢ়লীরা এই সময় ঢোলে চাঁটি দিয়া "ঘ^{*}া ঘিচা ঘ^{*}া 'ঘ^{*}া ঘিচা ঘ^{*}া" বাছা আরম্ভ করিল মণ্ডার দলের তথন কোমর বাঁধিয়া উঠিয়া মাটি কাঁপাইয়া তালে তালে নৃত্যু দেখে কে? অনেককণ নৃত্যের পর সকলে মুখোমুখি হয়ে ঠিক ডাকাত পড়ার মত একটা বিদকুটে চীৎকার করে গলা দেধে লয় এবং শ্রেণীবদ্ধ হয়ে এই ভাবে দাঁড়ায়, যেন বন্দকে বারুদ প্রস্তৃতি মন্ত্রদ, এক ফুদ্ধি আগুনের অভাব। এই সময় পদ্মনাথ থাতা হাতে লইয়া সকলের পশ্চান্তাগে আসিয়া বাতির আলোতে ঝাপসা দেখে যেমন বলেছে "আ মলে! দেখতে পাইনে যে" অন্নি দোয়ারেরা গান ভেবে নাচিতে নাচিতে ধরে ফেল্লে — "আ! মলো, দেখতে পাইনে যে।" পদো অমনি বল্লে "মর বেটারা কলি কি ?" দোয়ারেরা চীৎকার করিয়া গাছিল "মর বেটারা কল্লি কি ?" বাবু এই সমস্ত দেখে ভনে একজনকে ধ'রে আগাপাশতলা মারেন। পদো এবং ছই একজন কোন প্রকারে পালিয়ে আসে। পদো বাড়ী এলে গ্রাম ভদ্ধ ছেলে বুড়ে। একত হয়ে কেপাতে থাকে। কেহ বলে 'হাাগা পদোর মা। তোমাদের

দেকগণের মর্ত্তো আগমন

বাড়ীতে নাকি হাতীতে নেদে গিয়েছে ?" কেহ বলে "হাাগা পদোর মা! এবার হয় ত তোমাকেই হাতিতে উঠতে হবে।" এইরপ ব্যঙ্গ করাতে ইহারা ত্যক্ত বিরক্ত হয়ে এক দিন রজনীযোগে বাড়ীঘর ফেলে প্রয়াগে এসে ম্দিখানার দোকান খুলে বাস করিতেছে।

"পদোর জীবনচরিত মন্দ নয়" বলিয়া সকলে ষ্টেশনে যাইয়া দেখেন, টিকিট দিবার বিলম্ব আছে। ব্রহ্মা কহিলেন, "বরুণ, এলাহাবাদের সংক্ষিপ্ত বিবরণ বল।"

বরুণ। এলাহাবাদ অভি প্রাচীনকালের বৃহৎ নগর। এখানে বাদসাহী মণ্ডাই, রাণীমণ্ডাই, কর্পেলগঞ্জ, কীটগঞ্জ, মূটগঞ্জ প্রভৃতি অনেকগুলি পল্লী।আছে। এখানে অনেক বাঙ্গালী বিষয়কর্ম উপলক্ষে আসিয়া বাস করিয়া থাকেন। রাস্তাঘাট বেশ পরিষ্কার ও প্রশস্ত। এখানকার জলবায়ু শোস্থ্যকর। মাঘ্ মেলার সময় এখানে দ্রদেশ হইতে অনেক সাধু মোহাস্ত ও যাত্রী উপস্থিত হইয়া থাকে। এ সময় অনেক রাজা রাজ্ঞা ধনী আসিয়া যোগদান করেন। মেলার সময় প্রবাদি অভ্যন্ত মহার্ঘ হয়।

এই সময় টিকিট দিবার ঘণ্টা দিল। দেবগণ মিরজাপুরের টিকিট লইয়া ট্রেণে উঠিলেন।

মি**র**জাপুর

ষ্টেশনে নামিয়া দেবতারা একটি প্রস্তরনির্মিত কেল্লার নিকট দিয়া।চকের মধ্যে যাইয়া উপস্থিত হইলেন এবং অসংখ্য দোকান দেখিয়া সকলে স্নানার্থ জাহ্নবী অভিমুখে চলিলেন। ভাগীরখীতীরে উপস্থিত হইয়া দেখেন অনেকগুলি প্রস্তর্থানির্মিত বাঁধাঘাট রহিয়াছে। জলে অসংখ্য তরী ভাগিতেছে। তরীগুলির মধ্যে কোনখানির উপর মুদলমান মাজীরা বিদিয়া সান্থিতে ভাত খাইতেছে। কোনখানিতে "কড় কড়" শব্দে পাল তুলিতেছে। কোনখানির অন্ধ-উন্মুক্ত পাল বায়্ভরে লটাপট্ শব্দ করিতেছে। নারায়ণ একদৃষ্টে নোকা দেখেন আর বক্ষণকে জিজ্ঞাসা করেন "এখানি এ আকারের কেন ?" বক্ষণ। "ইহার নাম পলোয়ার, উহার নাম ফুক্নী" ইত্যাদি উল্লেখ করিয়া ব্ঝাইয়া দিতে লাগিলেন।

ব্রহা। নৌকা দেখে আর কি হবে? এস একে একে মান সারিয়া লই!

ইন্দ্র। এখানে এত বাহাত্বরি কাষ্ঠ কেন ?

বঙ্গণ। এ স্থানটি ঐ কাষ্ঠ বিক্রয়ের একটি প্রধান বন্দর। এথানে কাষ্ঠ থরিদ করিলে অস্তান্ত স্থান অপেকা স্থলত মূল্যে পাওয়া যায়।

ইন্দ্র। আমার বৈঠকথানার ছাদ বদলাইতে হইবে—এজন্য ত্ব'একটা কার্চের প্রয়োজন ছিল। এথান হইতে লইয়া যাইবার কি স্থবিধা হইবে না?

সকলে স্নান করিতে জলে নামিবেন, এমন সময়ে বরুণ কহিলেন, "মিরজাপুরে অত্যন্ত চোরের উপদ্রব, অতএব সকলে এক সঙ্গে স্নান না করিয়া এক একজন পাহারা থাকা আবশুক।"

"ঘাটে অপর লোক নাই, একটি করে ড্ব দিতেই কে আর তার ভিতরে চুরি করিবে?" বলিয়া পিতামহ যেমন জলে নামিবেন অমনি দেখেন, নিকটে এক সন্ন্যানী নয়ন মৃত্রিত করিয়া আছেন। তদ্দর্শনে তিনি দেবগণকে সন্ন্যানীর নিকট দ্রব্যাদি রাখিতে আদেশ করিয়া কহিলেন "ঠাকুর! এগুলোর প্রতি একটু নজর রাখিবেন।" সন্ন্যানী ঈষৎ হাস্ত করিয়া ঘাড় নাড়িয়া সম্মতির লক্ষণ প্রকাশ করিলে, দেবতারা নিশ্চিম্ভ মনে জলে নামিয়া গামছার গা মলিতে লাগিলেন। এই স্থযোগে ভণ্ড সন্ন্যানী একটা বৃহৎ পোঁটলা অপহরণ করিয়া পলায়ণ করিল।

দেবতারা ম্বান করিয়া উঠিয়া দেখেন সন্মাসী নাই। তথন অনুসদ্ধানে প্রকাশ হইল—নারায়ণের আগ্রা প্রভৃতি স্থানের ধরিদা গালিচা ছলিচার পৌটলাটি চুরি গিয়াছে।

নারা। বেটা মলো মলো—আমারই মাথায় হাত বুলালে ?

ব্রহ্মা। ব্রুণ! একি ! মুঁটা! সম্যাসী-বেশে চোর ! সাধু-বেশে অসাধু! মামুধকে ত চেনা ভার !

বৰুণ। ভাগগি ক্যাস বাক্ষটা হাত করেনি! তা হলেই কলকেতা যাওয়া ঘুরিয়ে দিত।

এখান হইতে দেবতারা ভোগমায়া দেখিতে গমন করেন। উপস্থিত। ইইয়া দেখেন—মণ্ডা যণ্ডা পাণ্ডারা আদিয়া তাঁহাদিগকে টোপঘেরা করিল। উহাদের

দেবগণের মর্ডো আগমন

আকারপ্রকার যেমন কদর্যা, তেমনি কর্কশ । দেখিলে আত্মাপুরুষ শুকাইয়া যায় । দেবতারা স্থির শিক্ষান্ত করিলেন, এরা বোমবেটে ডাকাত ।

বৰুণ। পিতামহ! ঐ যে পিতলের স্তম্ভ দারা বেষ্টিত দদীর্ণ গৃহমধ্যে দেবীমৃর্টি বিদিয়া আছেন, উনিই ভোগমায়া। মন্দিরের চতুর্দ্দিকে দেখুন, আরেয় অনেক দেবীমৃর্টি রহিয়াছে।

এই সময় পাণ্ডাগণ পয়সার জন্ম অত্যস্ত বিরক্ত করায় দেবতারা আর মন্দির-মধ্যে প্রবেশ করিলেন না। একথানি গাড়ী ভাড়া করিয়া বিদ্ধ্যাচল পর্বতের অধিষ্ঠাত্রী যোগমায়ার (অইভুঞ্জা বা বিদ্ধ্যবাসিনীর) দর্শনে চলিলেন।

দূর হইতে বিদ্ধ্য পর্বত দেখিয়া ব্রহ্মা কহিলেন, "বরুণ! যদি' ঐ পর্বতের উপর যোগমায়া থাকেন, তাহা হইলে না যাইয়া এম্বান হইতে ফিরিলেই ভাল হয়। কারণ, আমার যেরূপ প্রাচীন শরীর কি দাধ্য যে, পাহাড়ে উঠে ঠাকুর দেখি।

বৰুণ। আজে, উপরে উঠিতে কোন কট হইবে না দেবীর একজন ভক্ত অনেক অর্থ ব্যয়ে একটি সিঁডি প্রস্তুত করিয়া দিয়াছেন।

ক্রমে গাড়ী আসিয়া সিঁড়ির সন্নিকটে উপস্থিত হইল। দেবতারা প্রফুল্প মনে হাত ধরাধরি করিয়া ধাপ ভাঙ্গিয়া উপরে উঠিতে লাগিলেন। উঠিয়া দেখেন বৃহৎ বৃহ্ণপ্রেণী, তন্মধ্যে শিবমন্দির। মন্দিরাধ্যক্ষগণের বাসের জন্ত পর্বত-গাত্রে অনেকগুলি গুহা থনন করা রহিয়াছে। স্থানটির চতুন্দিকে বনিয়া সাধুগণ বেদপাঠ করিতেছেন। শৈলশিখরের কিয়দংশে গুহা থনন করিয়া দেবম্র্তি তন্মধ্যে রাখা হইয়াছে। গৃহটি বৃহৎ নহে, অন্যন দশজন মাত্র উপবেশন করিতে পারে। গৃহের তুটি ধার।

ব্রহ্মা। এ মূর্ত্তি প্রতিষ্ঠা করে কে?

বক্লণ। যে সময়ে নারায়ণ দেবকীর অষ্টম গর্ভে জন্ম লয়েন, ঠিক সেই দিন সেই সময়ে মহামায়াও যশোদার গর্ভে জন্মগ্রহণ করেন। নারায়ণ জন্মিবামাত্র বহুদেবের প্রতি দৈববাণী হয়, তুমি এই রজনীতে নিজপুত্রকে যশোদার স্থতিকাগৃহে রাখিয়া তাঁহার ক্সাকে অপহরণ করিয়া আন। বহুদেব দৈববাণী অনুসারে দেবীকে বদল করিয়া আনিয়া নিজ কারাগৃহে রাখিবামাত্র তিনি চীৎকার শব্দে কাঁদিয়া উঠেন। প্রহরিগণ সেই ক্রন্সন শ্রবণে কংসকে সংবাদ দেয় যে. দেবকীর শন্তান হইয়াছে; কিন্তু কংস আসিয়া দেখেন, পুত্র নয়—একটি কন্তা। তথন তিনি মনে মনে কহিলেন "দেবর্ষি নারদ বলিয়াছিলেন, দেবকীর অষ্টম গর্ভের পুত্র আমাকে বিনষ্ট করিবে"; কিন্তু অষ্টম গর্ভে পুত্র না হইয়া কলা হইল। ইহাকে আর অনর্থক হত্যা করিয়া কি হইবে? আবার ভাবিলেন, "শত্রু কিছুই ভাল নহে, নিকাশ করাই কর্তব্য হইতেছে" এই ভাবিয়া তিনি স্তিকাদ্বরে প্রবেশ-পূর্বেক সেই সন্তঃপ্রস্তু কলাকে গ্রহণ করিয়া হত্যাভিলাবে প্রস্তুরের উপর মজোরে নিক্ষেপ করিবামাত্র দেবী হাসিতে হাসিতে শুল্লে অন্তর্হিতা হইলেন। যাইবার সময় তিনি মিরজাপুরে এই মুর্ভিতে বিশ্রাম করিছিলেন।

দেবগণ তথন ভক্তিসহকারে প্রণামপূর্বক গৃহের চতুর্দ্দিকে চাহিতে লাগিলেন। ইক্স কহিলেন, "বরুণ! যোগমায়ার দক্ষিণে ও স্কড়ঙ্গটি কি ?"

বরুণ। পাণ্ডারা বলে—তিনি ঐ স্বরঙ্গ দিয়াই আবিভূ তা হন।

ইন্দ্র। দেবীর গাত্তে একখানি বস্ত্র দেখিতেছি, উহা কি শীতপ্রযুক্ত দেওয়া হইয়াছে ?

বঙ্গণ। কি শীত, কি গ্রীম দকল দময়েই উহার গাত্র বস্ত্রধারা আচ্ছাদিত থাকে। আত্রিগণ আদিয়া একথানি নৃতন বস্ত্র দিলে পাণ্ডাগণ দেইথানি গাত্রে দিয়া ঐ থানি লাভ করে।

"এখনকার পাণ্ডাগণ বড় ভন্ত। ইহাদের তেমন দৌরাত্ম্য দেখিতেছি না" বলিয়া ব্রহ্মা দেবগণসহ সংহারমায়া দেখিতে চলিলেন। এই মহাকালী মূর্ত্তি এম্বান হইতে অন্যন অর্দ্ধ ক্রোশ দূরে উচ্চতর পর্বতে আছেন। প্রায় দেড়শত আন্দান্ত সিঁড়ি অতিক্রম করিয়া তবে উপরে উঠিতে হয়। দেবগণ ক্রমে যাইয়া উপন্থিত হইলেন এবং সংহারমায়ার ভয়ম্ববী মূর্ত্তি সভয়ে দেখিতে লাগিলেন। নারায়ণ কহিলেন, "মুখের হাঁটা দেখ, যেন একটা ছোট খাট পর্বতের গহরর।"

বৰুণ। পিতামহের শারণ থাকিতে পারে— এক সময় শুদ্ধ নিশুদ্ধ দৈত্যে সদলে শর্স মর্ত্য পাতাল অধিকার করিয়া দেবগণের প্রতি অত্যন্ত অত্যাচার আরম্ভ করিলে আমরা ভগবতীর শরণ লই। দেবী আমাদিগকে অভয় দিয়া মোহিনীবেশে শুদ্ধ দৈত্যের উত্যানে আসিয়া দেখা দেন। এই শ্বানে সেই উত্যান ছিল। ধূমলোচনের মুখে সে রূপের কথা শুনিয়া দৈত্যবংশ পভঙ্গবং রূপবহ্নিতে গা ঢালিতে থাকে। যে মূর্জিতে ভগবতী শুদ্ধকে সংহার করেন, এই সংহারমূর্জি সেই মূর্জি।

দেৰগণের মর্ভো আগমন

এই কথা শ্ৰবণে দেবগণের শরীর রোমাঞ্চিত হইল। তাঁহারা দেবীকে ৰারং-ৰার প্রণাম করিয়া স্তব করিতে লাগিলেন।

এখান হইতে বিদায় হইবার সময় পদ্মযোনি মন্দিরের সরিকটে একটি স্থান দেখিয়া বরুণকে জিজ্ঞাসা করিলেন, "বরুণ! এ স্থানটি কি ?"

বক্ষণ। উহা নাথজী নামক এক সাধুর সমাধিস্থান। এই স্থানে অক্যাপি কেহ কেহ বরাহ বলি দিয়া থাকে। উক্ত সাধু যে স্থানে বসিয়া তপস্থা করিতেন, ওদিকে দেখুন সে স্থানও বর্তমান। ঐ স্থানটি ঠিক বিক্রমাদিত্যের বজিশ সিংহা-সনের স্থায়। ঐ স্থানে বসিয়া কেহ কখনও তপস্থা করিতে পারে না। কয়েকজন বসিয়া তপস্থা করিবার চেটা করে, তন্মধ্যে একজন উন্মাদরোগগ্রস্ত হয়, অপরের সাংধাতিক পীড়া জন্মে, আর একজন একটি প্রকাণ্ড সর্প দেখিয়া ভয় পায়।

দেবগণ বিদ্যাচল হইতে নামিয়া ধীরে ধীরে নগরে আমিয়া উপস্থিত হইলেন এবং আহারাদি করিয়া অসংখ্য অট্টালিকা, বান্ধার, হাট দেখিতে দেখিতে সন্ধ্যার পর ষ্টেশনে আসিয়া বাঁকীপুরের টিকিট লইয়া টেণে উঠিলেন। ট্রেণ ছপাছপ শব্দে কয়েকটা ষ্টেশন অতিক্রম করিয়া চুনারে আসিয়া উপস্থিত হইল।

ইন্দ্র। এ ষ্টেশনের নাম কি বরুণ ?

বঞ্চণ। এ স্থানের নাম চুনার। চুনারের কেলা বড় বিখ্যাত। ঐ কেলা।
পাল রাজাদিগের বারা নির্দ্মিত হয়। অনেকের দংশ্লার আছে—ভূতে উহা এক
রাত্রিতে নির্দ্মাণ করিয়াছে। রাজ-প্রতিনিধি লর্ড হৈষ্টিংস্ বারাণসী হইতে হৈত
সিংহের ভয়ে পলাইয়া আসিয়াছিলেন। তিনি যে গৃহে বাস করেন, সে গৃহটিও
অভ্যাপি বর্ত্তমান আছে। এখানে হিন্দুরাজাদিগের বছকালের পুরাতন রাজবাটী
আছে। একটি কৃপও দেখিতে পাওয়া যায়। উহার পরিধি ১৫ ফিট। চুনারের
পাধরবাটী ও তামাক বড় বিখ্যাত।

দ্রেণ ছাড়িল। টেণ মোগলসরাই প্রভৃতি অতিক্রম করিয়া যুমানিয়া ষ্টেশনে উপস্থিত হইলে। বরুণ কহিলেন, "পিতামহ। এই ষ্টেশন হইতে ১৪ মাইল দূরে গাজিপুর নামক একটি উৎরুষ্ট স্থান আছে। ঐ স্থানটি দেখিবার উপযুক্ত বটে। গাজিপুরে অনেকগুলি উন্তম উত্তম বাজার ও ক্যাণ্টন্মেণ্ট আছে এবং ইংরাজ-পটীতে অনেক ইংরাজ বাস করিয়া থাকে। রাজ প্রতিনিধি কর্ণভয়ালিসের ঐ স্থানে মৃত্যু হয়। তাঁহার প্রস্তরনির্দ্ধিত কবর অস্তাপি বর্ত্তমান আছে। গাজিপুরে অনেক

গোলাপ ফুলের বাগান আছে। লোকে কোনলে পুশ্দ হইতে স্থপন্ধ বাহির করির। গোলাপ জল ও গোলাপের আতর প্রস্তুত করে। গাজিপুরের স্থায় গোলাপজন ও আতর পৃথিবীতে কুঞাপি প্রস্তুত হয় না। এখানে চিনির কুঠি আছে।"

ৰন্ধান আলভ আছে, বিশ্ৰাম আছে এবং ক্ধাতৃষ্ণা আছে; কিন্তু বাপীয়া শকটের কোন বালাই নাই। সে অবিশ্ৰান্ত উর্দ্ধানে ছুটিতে লাগিল এবং করেকটা ষ্টেশন পশ্চাতে ফেলিয়া বকুসারে আসিয়া দেখা দিল।

ইন্দ্র। বরুণ, এ স্থন্দর ষ্টেশনটির নাম কি ?

বঙ্গণ। এ স্থানের নাম বক্ষার। বক্ষারের কেলা বড় বিখ্যাত। এম্থানে অনেকগুলি যুদ্ধ হয়। বক্ষারের দিউীয় যুদ্ধে যে সন্ধি হয়, তাহাতে সমাট সা আলম কোরা, এলাহারাদ ও দোরাব, স্থলাউদ্দোলা অযোধ্যা, এবং ইংরাজেরা বঙ্গ, বেহার ও উড়িয়া প্রাপ্ত হন। এখানে নবাব কাসিম আলি থার বাসম্থানের ধ্বংসাবশেষ অভাপি দেখিতে পাওয়া যায়। এই স্থানেই বিশামিজের তপোবন ছিল। শ্রীরামচন্দ্র হরধন্থ ভঙ্গ করিয়া সীতাদেবীর পাণিগ্রহণ করিতে ঘাইবার সময় ঐ ভপোবনে বাস করেন। পরে এখান হইতে মিথিলা যাইবার কালে পথিমধ্যে ছাপরার সন্ধিকটে গোতমের তপোবনে উপস্থিত হইলে উক্ত ঋষিপত্নী অহল্যা তাহার পাদস্পর্শে পাষাণদেহ পরিভাগ করিয়া মন্ত্রাদ্রহ প্রাপ্ত হন।

ব্রহ্মা। গৌতমভার্যার পাষাণী হইবার কারণ কি ?

দেবরাল এই কথা প্রবণে গা টিপিরা এবং চক্ষ্মারা ইন্সিড করিয়া জানাইলেন:
— চেপে যাও। কিন্ধ নারায়ণ বারংবার জেল করিতে লাগিলেন।

ব্ৰহ্মা। বৰুণ। কি কারণে অহল্যা পাষাণী হন ?

বক্ষণ। গোতমভার্য্যা অহল্যা অধিতীয়া স্থন্দরী ছিলেন। আমাদের রাজা-ধিরাজ মহারাজ শ্রীল শ্রী দেইরূপে মুখ হইয়া সামাল্ল প্রাহ্মণ-বেশে গোতম-সন্নিধানে উপস্থিত হইয়া ছাত্র হন এবং গোপনে ঐ সতীকে প্রলোভন দেখাইয়া অসতী কবিবার চেটা পান।

নারায়ণ। তা না হলে গুরুদক্ষিণা দেওয়া হয় কৈ ?

বৰুণ। সভীর মন চঞ্চল করা, সভীকে প্রলোভনে বশ করা দেবের অসাধ্য; অভএব দেবরাজ তাহাতে বিফল মনোরথ হইরা অস্ত উপায় অবলম্বন করিলেন। গোডম প্রতিদিন প্রাভঃমান করেন দেখিয়া তিনি একদিন রজনী থাকিতে আসিয়া

শ্ববির ক্টীরের সন্নিকটে বন ঠাাঞ্চাইতে আরম্ভ করেন। তাহাতে পাখীপক্ষীগুলি প্রাণের ভরে কিচির মিচির শব্দে ডাকিয়া উঠে। শ্ববি কোশা ক্শী হাতে লইয়া রাত্রি নাই ভাবিয়া যেষন গৃহ হইতে বহির্গত হইলেন, দেবরান্ধ অমনি গোতম-বেশ পরিগ্রহ করিয়া গৃহমধ্যে প্রবেশ করিয়া গুরুশযায় দুখল করিলেন।

নারায়ণ। বন ঠাাঙ্গানোর অর্থ কি ?

বরুণ। পাথী ডাকাইরা রাজি নাই জানান হইল। ওদিকে ঋষি জ্যোৎস্না প্রযুক্ত প্রথমে রাড ঠাওরাইতে পারেন নাই। শেষে রজনী আছে দেখিয়া প্রত্যাগমনপূর্বক যথন গৃতে প্রবেশ করিতেছিলেন, দেবরাজ ঠিক দেই সময় তথা হইতে বহির্গত হওয়ার—ধর্মের কেমন আশ্চর্য্য মহিমা! উভয় গৌডমকে জিজ্ঞাসা করিল "তৃই কে?" দেবরাজ উত্তর দিবেন কি—প্রাণের দারে থরথর করিয়া কাঁপিতে লাগিলেন। মহর্ষি শেষে এই অভিস্পাত করিলেন—এই তৃত্তর্মের প্রতিক্ষলম্বরূপ ডোকে সর্ব্ধাকে সহস্রযোনি ধারণ করিতে হইবে। তিনি অহল্যাকেও এই শাপ দেন—অন্ত হইতে পার্যাগদেহ ধারণ কর; যে পর্যান্ত না শ্রীরামচন্দ্রের পদ ডোকে শর্শ করে, সে পর্যান্ত ঐ অবস্থায় তোকে থাকিতে হইবে।

ব্ৰহ্মা। ছি! ছি! যথন দেবতার এই কাজ, তথন আমার মহন্ত্র-গণের অপরাধ কি? আমার মহন্তেরা কোথার আমাদের দেখে সংশিক্ষা পাবে, সন্ত্রপদেশ লাভ করবে,—না এই সব অসৎ দৃষ্টান্ত দেখান হইভেছে। বরুণ। ক্ষান্ত হণ্ড, আর প্রকাশের আবশ্রক নাই! ওসব বিষয় যাহাতে গোপন থাকে, যাহাতে লোকে জানিতে না পারে—এমন করাই উচিত।

বরণ। এ সব ঘটনা মহুরের ঘত অগোচর আছে, কাশীতে যে গানটি ওনেছেন, তাহাতেই প্রকাশ হয়েছে। স্বর্গ, মর্ডা, পাতাদের মন্দ ধবরগুলি মহুস্থাগণকে যেন ভূতে আনিয়া দের। উহাদের ধর্ম-পুস্তকের ছত্তেছত্ত্রে পত্তেপত্তে এই সব বিষয় লিখিত আছে। স্থাখের বিষয়, অনেকে এই সমস্ত ঘটনা কবির কল্পনা মনে করিয়া উপেক্ষা প্রদর্শন করিয়া থাকেন। আবার ছুই একটি দেবতার দোবে অনেক শিক্ষিত সম্প্রণায়ের মনে সমগ্র দেবতার উপর অপ্রস্থা হওয়ায় তাঁহার। সহজাত ব্যাহাধর্ম নামে একপ্রকার ধর্মের স্থাই করিতেছেন।

নসায়ণ। সহজাত বাহ্মধর্ম ?

বরুণ। ইয়া ভাই ! যে বান্ধর্ম ওক, সনাতন, নারদ, বেদব্যাস প্রভৃতি

আজন্ম রেক্সিডাপে দগ্ধ হরে, জনাহার-ত্রত সার করেও লাভ করিতে পারেন নাই, এখনে সেই ত্রাহ্মধর্ম মহুক্সেরা পেটের মধ্যে লাভ করে স্থৃতিকাস্চ্ছে ভূমিষ্ঠ হইতেছেন।

বন্ধা। যাক-ওসৰ কথা যেতে দাও! বকসারে আর কি আছে বল।

বরণ। বকসারের অনতিদ্রে তাড়কা রাক্ষসীর বন ছিল। শ্রীরামচন্দ্র তারকা বধ করিয়া যেখানে তাহার মুর্তদেহ নিক্ষেপ করেন, সেই তাড়কান নালী অগ্নাপি বর্ত্তমান আছে। রামচন্দ্র তারকাবধের পর ভাসীরখীতে স্নান করিয়া বকসারে যে শিবপৃত্বা করেন, সেই রামেশর শিব অন্থাপি এখানে আছেন। কথিত আছে, ঐ শিবের মন্তকে জল দিলে স্নীলোকে সীতা সতীর ক্যার পতি প্রাপ্ত হয়। এখানে গবর্ণমেন্টের একটি বিখ্যাত অশ্বশালা আছে। এ প্রকার অশ্বশালা ভারতে ক্রাপি দেখা যায় না। এই অশ্বালয়ে অশ্ব সকল স্থিশিকত করিয়া দিকে দিকে প্রেরিত হয়। জলসেচন জক্ত অনেক অর্থবায়ে গঙ্গা হইতে একটি প্রকাণ্ড জলপ্রণালী নির্মাণ করা হইয়াছে। প্রতি বৎসরে বকসারে ছটি করিয়া মেলাহয়। একটি ছাতুমেলা, অপরটি থিচুড়িমেলা। প্রথমটি হৈত্রসংক্রান্তিতে, বিতীয়টি মাখী সংক্রান্তিতে হইয়া থাকে। মেলার সময় অনেক যাত্রী আসিয়া ছাতু এবং থিচুড়ি থায়। এখানেও অনেকগুলি বাঙ্গালী আছেন।

পুনরার ট্রেণ ছাড়িল। ট্রেণ কয়েকটা টেশন দ্রভবেশে যাইয়া আর চলিতে পারিল না (disable) ভিলেবল্ হইল। তথন ব্রহ্মা কহিলেন, "বরুণ! আর গাড়ী চলে না কেন?" "দেখি" বলিয়া বরুণ ছারের নিকট যাইয়া কহিলেন, "ঠাক্রদা! কল থারাপ হওয়ায় ট্রেণ থামিয়া গিয়াছে।" তথন দেবগণ সবিশ্বয়ে কহিলেন, "কি হবে! ইয়া বরুণ! না জানি আমাদের এয়ানে কতদিন পচাবে।"

বরুণ। বেশীক্ষণ থাকতে হবে না। খপর পেলেই দোসরা কল ছুটে এসে আমাদের নিরে যাবে। আপনারা ততক্ষণ শোণ-ব্রিচ্ছ দেখুন। এমন চমৎকার ও বুহদাকার সেতু ভারতে আর নাই।

দেবগণ এই কথা শ্রবণে আগ্রহসহকারে খারের নিকট উপস্থিত হইয়া পোল দেখিতে লাগিলেন। তাঁহারা ও অপর যাত্রিগণ সেতু দেখিবেন বলিয়া যেমন

দেবগণের মর্ছ্যে আগমন

গাড়ী ছইতে অবতীর্ণ ছইলেন, অমি শোণ রক্তাক্ত কলেবরে সম্বলনয়নে কল্-কল্ রবে কাঁদিতে কাঁদিতে আসিয়া দেবগণের চরণতলে ধরাস্ ধরাস্ শব্দে মাধা কুটিতে লাগিল।

নারা। নদ, তুমি কে ? ভোমার সর্বশরীরে রক্ত কেন ? *

শোণ। প্রভো! আমি চঃথিত হলাম,—আপনি সর্ব্বজ্ঞ হইয়া আজ আমার ভাগ্যে অজ্ঞ হইলেন? আমাকে কি আপনি জানেন না, না-চিনেন না? এই পাপিষ্ঠের নাম শোণ। লোকে বলে—জগতে স্থথ:ত্ব:থ চিরদিন সমান থাকে না, স্থ-অন্তে তুঃথ এবং তুঃথ অন্তে স্থের উদ্য হয়। কিন্তু আমি দেখছি, ছুর্ভাগা শোণের ভাগ্যে বিধাতা চিরছ:খই লিখিয়াছেন। না হবে কেন? এ হতভাগ্যের জন্ম চিরত্বঃখী বিদ্ধা পর্বতের নয়নজলে। বাবা নিঙ্গ গুরু অগস্ভাের আগমনে যেমন ভুমিষ্ঠ হয়ে প্রণাম করেন, অমি অগস্ত্য কহেন—"বিদ্ধা! আমার প্রত্যাগমন না হওয়া পর্যন্ত ঐ ভাবেই থাক, আর মাথা তুলো না।" এই বলে সেই যে গেলেন আর এলেন না। বাবা আমার ঘাড় ইেট করে থেকে শেষে কাঁদতে লাগলেন, তাঁর সেই নয়ন-জলেই এই অধ্যের জন্ম হয়। পিতা চিরত্বংখী ছিলেন বটে, কিন্তু তিনিও এক সময়ে মাধা তুলেছিলেন। তাঁর মাথা তোলাতেই দেবগণ ভীত হয়ে এ ছর্দশা ঘটান। কিন্ত দেব ! আমার অপরাধ কি ? আমি ত কথনও মাধা তুলি নাই, আমি ত কথনও তৃষ্ণাতুরকে জল দিতে ৰূপণতা প্রকাশ করি নাই; তরে আমার এদশা ঘটে কেন ? আপনার চিরশত্রু জরাসন্ধ আমার তীরে রাজধানী করেছিল বলিয়াই কি এ দশা ঘটিয়াছে ? সেই পাপে কি ছঞিশ জেতে ট্রেণে উঠে আমার বুকের উপর দিয়া যাতাযাত করিতেছে? আপনি জিজ্ঞাসা করিলেন "ডোমার শরীরে বক্ত কেন?" শরীরের আর অপরাধ কি? **অটগ্রহর রেলের চাকায় শরীর কডবিক্ষত হইলে** শরীরের ভিতরে কি আর রস্ক शांक ? जाशनि च हेक्हां विनित्र चादा ऋष हन, जामि जनिक्हां व हैरवाज-चादा कि কারণে রুদ্ধ হই ? বিধাতা ভারতভাগ্যে চিরত্বংথ লিখেছেন লিখুন,— সে চিরদিন পরাধীন থাকে থাকুক, আমরা ভারতের নদী নালা, আমরা কেন কট পাই পুআমরা কেন পরাধীনতা-শৃত্থলে আবদ্ধ হয়ে রাত দিন কেঁদে মরি ? ভারতের নদটি পর্যান্ত কি সাধীনতা হথে বঞ্চিত থাক্বে ? দেব ! ইংরাজেরা আমরা কি ফুর্দশা করেছে

^{*} শোণের বজা রক্তবর্ণ

দেখুন। তাহারা আমাকে বন্ধন করে, আমার শরীর ক্ষতবিক্ষত করেও ক্ষান্ত নহে, আবার কোতুক-কারণ পোলটি পর্যন্ত রক্তবর্ণের করিয়াছে। আমার ভার্গ্যে বিধাতা কতক দেব ও কতক মহয়ভাব সংগঠন করে বাদ সাধিয়াছেন। তিনি যদি আমাকে সমস্ত দেবভাব দিতেন,—এত কট সহ্য করিতাম না। আর যদি সমস্তই মহয়ভাব দিতেন, এতদিন মৃত্যু হইত; সকল হুংখ এড়াইতাম। আপনি তাঁহার দেখা পেলে বলবেন, শোণ তাঁর শ্রীচরণে এমন কি অপরাধ করেছে যে, তার অদ্টে এত হুংখ!

বঙ্গণ। শোণ! তুমি বিধাতাকে দোষী করো না। শোণ! ঐ চেয়ে দেখ—দামাশ্য বেশে বৃদ্ধ বিধাতা তোমার কূলে দণ্ডায়মান। ঐ চেয়ে দেখ—দীন-বেশে স্বর্গের অধিরাদ্ধ উপদ্বিত। আর এই দেখ—আমি তোমাদের অধিপতি স্বয়ং বর্জমান। বৎস! আদ্ধ আমাদের এ অবস্থা কেন? যে ভারত দেবগণের বিলাস-ভবন, যে ভারতে দেবতারা ক্ষণে ক্ষণে আসিয়া রঙ্গ দেখিতেন, যে ভারতে মহর্ষি নারদ ঢেকী আরোহণে অহোরাত্র পরিভ্রমণ করিয়া স্বর্গে টেলিগ্রাফের শ্রায় সংবাদ যোগাইতেন, আদ্ধ সেই ভারতে আমরা কে তৃমি বিবেচনা কর। আদ্ধ আমাদের এ বেশ—এ চোরের শ্রায় বেশ দেখে কি দেবতা বলে বিশ্বাস হয়? শোণ! যে দেবতারা কটাক্ষে সকল করিতে পারেন, আদ্ধ দেখ—সেই দেবতারা প্যাসেঞ্জার টেণে থার্ডক্লাশে কলিকাতা দেখিতে যাইতেছেন। কেন? ইহাদের কি অর্থাভাব, তাই এ ভাবে যাইতেছেন। তা নয়; ফার্ট ক্লাশে ঘাইলে পাছে ইংরাদ্ধের ঘূসি থেতে হয়, এই আশক্ষা।

এই সময় বংশীধ্বনি করিতে করিতে একখানি এঞ্জিন (কল) নৃক্ষজ্ব-বেগে ছুটে আসিতেছে দেখিয়া দেবগণ দ্রুত গিয়া ট্রেণে উঠিলেন। কলখানি উপস্থিত হইয়াই "গপাং" শব্দে ট্রেণ খানাকে গেঁথে নিয়ে "ছপান্ডপ গুপাগুপ" শব্দে ছুটিতে লাগিল।

বরুণ কহিলেন, "ঐ যা! ঠাকুরদাদার তামাক থাবার তোজদান বন্দুক শোণকে দিরে আসতে ভূলে এলাম। বাপ! সমস্ত পথটা কেবল 'তামাক রে, ক্ষেরে, নল রে' করে আলাতন করে মেরেছেন।"

ব্রহ্ম। কেন বরুণ! শোণকে আমার তামাক থাবার যন্ত্রন্ত্রগুলি দিতে চাচ্ছ?

দেবগণের মর্ভ্যে আগমন

বৰুণ। যাচ্চেন কোণায় জানেন না? এ সব সভ্য দেশ, এরা খনখন ভাষাক খেলে বড় চটে।

বন্ধা। দেখ বরুণ! সভ্যেরা আমার ঘনঘন তামাক থাওয়া দেখে চটেন চট্বেন। কি করবো ভাই,—হাত নাই! যথন আমি অহাস্থৃকি করে ও ছাই-ভন্ম স্টি করে ফেলেছি, তথন আমাকে এক ছিলিমের শ্বানে বিশ ছিলিম পোড়াডে ছবে। এতে নিশা হয় নাচার।

ক্রমে ট্রেপ দানাপুর অতিক্রম করিয়া বাঁকীপুরে আদিয়া উপন্থিত হইল।
দেবগণ নামিয়া টেশনের বাহিরে চলিলেন। গেটের বাহিরে গিয়া দেখেন—
অসংখ্য একা এবং বহুসংখ্যক গয়ালী ও চোবে * পাণ্ডারা মাত্রীর জন্ম অপেক্ষা
করিতেছে। গয়ালীদিগের যেমন চেহারা, তেমনি সাজ পোষাক। শীত প্রযুক্ত
প্রত্যেকেরই গাত্রে কম্বল জড়ান, তাহা আবার দৃঢ় করিয়া রাখিবার জন্ম এক একখানি মোটা ময়লা বল্পের ছারা বন্ধন করা। সকলেরই স্কন্ধে এক এক গাছি মোটা
বাঁশের লাঠি। লাঠির অগ্রভাগে এক এক জোড়া ছুই হাত আড়াই হাত আন্দাজ
মহিষ-চর্মনির্মিত নাগরা জ্বা ও তৎসহ এক একটি লোটা (ঘটি) লম্মান ইন্টিয়াছে।
দেবতারা অগ্রে যমদৃত বিবেচনায় ভয় পান; কিছ বরুল বুঝাইয়া দেন, ইংলেন্টই
নাম গয়ালী।

গয়ালী। আমরা গয়ালী গুরুর গো-মাষ্টার।

हेख। कि वल?

বরুণ। বলচে "আমরা গয়ালী গুরুর গোমস্তা। এরা সর্বদা বাঙ্গালায় যায়, তাই বাঙ্গালা কথা শিথে এসেছে।

বন্ধা। এথান[হতে গয়া কডদুর ?

বরুণ। সাড়ে আঠাইশ ক্রোশ রাস্তা হবে। 🕈

বন্ধা। ছি! ছি! যমের বড় অক্যায়। যথন প্রথমে রেলের রাস্তা প্রেক্ত হয়, শমন আমার নিকট গিয়া কাঁদিতে কাঁদিতে কহিল, "পিতামহ! এতদিনের পর আমার সর্বনাশ উপস্থিত। গয়ার রেল হইতেছে, আমার জেলথানা (নরক) আর থাকৈ না! লোকে গদাধরের পাদপাল্ল পিণ্ড

গয়া করিয়া বাজিগণ মধুরা ও বৃন্দাবনে বাইইব, এই আখাসে এখানেও চৌবে
 পাঙারা উপয়িত থাকে।

[†] এক্ষণে গরায় যাতারাতের আরও স্থবিধা হটারাছে।

দিয়া আমার বছকালের করেদীকেও থালাদ করিরা লাইবে, নৃত্তন পাণী আর আমদানী হইবে না। তাহা হইলেই নরক উঠে গেল। নরক গেলে আমার আর থাকল কি? আমি করেদীদিগকে জেলে থাটাইরা বন্ধ বরন, কাঠ কাঠরার কাল এবং কপির চাব প্রভৃতি করাইরা লাই। ঐ সমস্ত প্রবা বিক্রেরে আমার বিলক্ষণ দশ টাকা লাভ থাকে। এমন কি, জেলের থরচ বাছে সংবৎসর আমার বার্যানা, দোল, ছুর্গোৎসব, অতিথিসেবা প্রভৃতি সমস্ত কার্যাই নির্বাহ হয়। ঐ পদ আপনারাই আমাকে দিয়াছিলেন, এক্ষণে যাহাতে থাকে ভাহার উপায় কলন; নচেৎ ফেরার হই।

নারা। আপনি কি করলেন ?

বন্ধা। তুমি ভাই তথন বেমাকে দকে লইয়া ক্ষীবোদ সম্জে বাচ খেলতে গিয়ছিলে। আমি যমের কালা দত্য বিবেচনা করিয়া অনর্থক আর তোমাকে বিরক্ত করিতে গেলেম না। কছিলাম "দেখ শমন! কলিতে ধার্মিক খুব কম আছে। অধার্মিকেরা কিছু গল্পতে গিয়া পিণ্ড দিবে না। অত্রথ তুমি ম্যালেরিয়াকে বাঙ্গালায় পাঠাইয়া এই উপদেশ দেও, সে যেন অধার্মিকের বংশ নির্বাশে করে। তাহা হইলে ভোমার নরক যেমন গুললার তেমনি বহিল। তাহাতে সে আমাকে জিজ্ঞাসা করে "ম্যালেরিয়াকে কি অছিলা করিয়া তথার পাঠাইব।" আমি কহিলাম, "যে রেল হওয়াতে তোমার এত আশলা, সেই রেল রাস্তা প্রেশ্ভত করাতে অনেক পন্নপ্রধালী বন্ধ হইয়াছে, এই মছিলা অবলম্বন কর। "আরো কছিলাম, "ম্যালেরিয়া-রোগাক্রাস্ত ব্যক্তি যে দেশে যাইবে, ম্যালেরিয়া ইচ্ছা করিলে সঙ্গে শঙ্কে যাইয়া তথাকার লোককেও আক্রমণ করিতে পারিবে।"

বরুণ। গিয়ে দেখবেন বাঙ্গাঙ্গা ছারখার! পিতামহ! এ স্থানের নাম বাঁকীপুর। বাঁকীপুর পাটনার সিভিন্ন টেশন। আপনি অগ্রে গয়া করিবেন, না—বাঁকীপুর দেখিবেন?

ব্রহা। ভাই! গয়া অপেকা তীর্থ নাই। পৃথিবীতে যত তীর্থ আছে, দর্বাপেকা গয়াতীর্থ শ্রেষ্ঠ। কারণ, অক্সান্ত তীর্থে যে যে ব্যক্তি গমন কি বাদ করে, দে নিজে উদ্ধার হয়। কিন্তু গয়াতে যে ব্যক্তি গমন দেবগণের মর্ত্তো আগমন

্বিরে, ভাহার পরলোকগত ১৬ কোটি পুরুষ মৃক্ত হন। অভএব অগ্রে আমি গয়া করিব। এখান হইডে কি উপায়ে যাওয়া যায় ?

वन्त्र । चात्क, दोता

চোবে পাণ্ডা। বাবা, রামকিশোন সাড়ে তিন ভাই, ভূলিও মং।

"চল টেণে যাই" বলিয়া দেবগণ টেশনে যাইয়া টেণে আরোহণ করিলেন। টেণ শশুপূর্ণ ক্ষেত্র সকলের মধ্য দিয়া গয়া অভিমূখে ছুটিতে লাগিল। চোবে পাগুরো "বাবা, রামকিশোন সাড়ে তিন ভাই ভুলিও মং।" বলিয়া চিৎকার করিতে লাগিল।

বন্ধা। বৰুণ, ওরাকি বলে?

বরুণ। এ ব্যক্তি বৃশাবনের চোবে পাণ্ডা। ইহারা চারি প্রাতা তন্মধ্য একজনের বিবাহ হয় নাই। যাহার বিবাহ হয় নাই, তাহাকে উহারা অর্দ্ধ গণনা করে এবং ঐমত অংশ দেয়। উহাদের দৃঢ় বিশাস আছে, যাত্তিগণ গয়া প্রভৃতি তীর্থ করিয়া পরিশেষে বৃশাবনে যাইবে; এজন্য চারি প্রাতার মধ্যে তিন জনে ভিন্ন ভানে উপন্থিত থাকিয়া যাত্রীদিগকে এইপ্রকার কহিতেছে। আর একজন মথুরা ষ্টেশনে দাঁড়াইয়া "রামকিশোন সাড়ে তিন ভাই" এই শন্দে বারংবার চিৎকার করিতেছে। যাত্রীরা সেই শন্দ অনুসারে ইহাদের কথা শ্বরণ হওয়ায় তাহাকেই পাণ্ডা নিষ্কু করিয়া থাকে।

ট্রেণ অপরাত্নে গয়া ষ্টেশনে ঘাইয়া উপস্থিত হইল। বরুণ কহিলেন, "গয়াতে চৈত্রমাদে মধ্গয়া ও ভাত্রমাদে সিংহগয়া করিবার জন্ম বিস্তর যাত্রী আদিয়া থাকে।" তাঁহারা গয়ালীদিগের ফস্কুতীরস্থ একটি ভাড়াটে বাটিতে বাদা পাইলেন এবং হবিয়াদি করিয়া রজনীতে লকলে শয়ন করিয়া গয় করিতে লাগিলেন।

ইন্ত্র। বরুণ। গয়ার উৎপত্তির কারণ বল।

বরুণ। ত্রিপুরাস্থরের পুত্র গরাস্থর এক সময়ে ব্রদ্ধার তপস্থা করিয়া অমরত্ব প্রাপ্ত হন। তিনি নিজ পিতার মৃত্যুর প্রতিফল দিবার জন্ত শহরের সহিত যুক্ষাত্রা করিয়া তাঁহাকে পরাস্ত করেন। সদাশিব পরাস্ত হইয়া কোশলে গরাস্থরকে নারায়ণের সহিত যুক্ত করিতে পাঠান। নারায়ণ ছুইবার তাঁছার নিকট পরান্ত হইয়া তাঁছাকে বর দিতে চাইলেন, ইহাতে গয়াহ্বর হাল্ড করিয়া তাঁহাকেও বর দিবেন করেন। হ্বচতুর নায়ায়ণ, গয়াহ্বর বর দিতে চাহিলেন, তাঁহাকে সত্যবদ্ধ করিয়া এই বর লন, "তুমি অহ্যাবধি পৃথিবী পরিত্যাগ পূর্বক পাতালে প্রবেশ করিয়া তথায় বাস করিতে থাক।" গয়াহ্বর এই চান্তুরীতে আবদ্ধ হইয়া নায়ায়ণকে করেন, "তুমিও আমাকে বর দিতে প্রতিশ্রুত হইয়াছ। অতএব এই বর দেও, আমি পাতালে প্রবেশ করিলে তুমি আমার মন্তকের উপর পা দিয়া দাঁড়াইয়া থাকিবে এবং লোকে তোমার সেই শ্রীপাদপদ্মে পিও দিলে তাহার পিতৃপুক্ষণণ উদ্ধার হইয়া বৈকুঠে ঘাইয়া আশ্রুয় প্রাপ্ত হইবে। যে দিন দেখিব কেহ তোর পাদপদ্মে পিও দিলে না, দেই দিন পাতাল ভেদ করিয়া উঠিয়া আবার তোমার সহিত যুদ্ধ করিব।" গয়াক্ষেক্রে গয়াহ্বরের মন্তক, ভাহাজপুরে নাভি এবং শ্রীক্ষেত্রে তাঁহার চরণ আছে; এ জন্তা লোকে ঐ ঐ স্থানেও পিও দান করে।

ইন্দ্র। আচ্ছা বরুণ! গয়াক্ষেত্র জুড়ে বদি গয়াস্থরের মস্তক থাকে ভবে লোকে গদাধরের মন্দিরে পিণ্ড দান করে কেন। রাস্তা ঘাটে যেখানে সেথানে ত পিণ্ড দিলে হতে পারে।

বৰুণ। গদাধরের মন্দিরে পিণ্ড দিতে না যাইলে পাণ্ডাদের ফাঁদে পা পড়ে কৈ ?

ব্ৰহ্মা। দেখ ইন্দ্ৰ! আমার মন্থয়েরা যেমন কথার কথার পাপ করে তেয়ি তাহাদের উদ্ধারের কত সহজ উপায় রহিয়াছে।

বৰুণ। উপায় রয়েছে শত্য, কিন্তু উদ্ধার করে কে ? কুলান্ধার পুত্রেরা এসব মিথা। বলে উড়িয়ে দেয়, কেবল কতকগুলি বিধবা মেয়ের খারা সময়ে সময়ে উপকার হইয়া থাকে।

এই সমরে পাশের ঘর হইতে বামাকঠনিঃস্বত সঙ্গীতধ্বনি দেবগণের কর্ণে প্রবেশ করিল। পিতামহ তথশ্রবণে কহিলেন, "বরুণ। এথানেও আছে ?"

বঞ্গ। কি আছে?

বন্ধা। থারাপ দ্রীলোক।

বরুণ। আপনি থারাপ স্ত্রীলোক বলে ভয়ে আড়ষ্ট হলেন! আজকাল

দেবগণের মর্ভো আগমন

পৃথিবীর সর্বজ্ঞই থারাপ জ্বীলোক দেখিতে পাওয়া যায়। অতএব বেশার নিকট দিয়া ঘাইলে পাপ হয়, যে নগরে বেশা থাকে তথায় বাস করিলে গাপ হয়, এত বিচার করে চলতে হলে আর মর্জ্যে আগমন হয় না।

ব্রহ্ম। স্বর্গে গিয়ে চাস্তায়ণ করবো।

বৰুণ। দেই ভাল।

পরদিন প্রাতে উঠিয়া দেবগণ ফল্পনদীতে স্নান করিতে চলিলেন। ঘাটে নামিয়া দেখেন—স্বসংখ্য নাপিত বদিয়া আছে। ঝুনো নারিকেল, তুল্সী ও তিল এবং যবের ছাতুর দারি দারি দোকান বদিয়াছে। অসংখ্য শ্কর ফল্পতীরে বেড়াইভেছে। উপস্থিত হইয়া ইক্র কহিলেন "বরুণ! ফল্পনদী অন্তঃদলিলা বহিতেছে কেন "

বরুণ। শ্রীরামচন্দ্র বনগমনকালে এই নদীর প্রপারন্থিত বর্তমান সীতাকুণ্ড নামক ছানে সীতাকে রাখিয়া লক্ষ্ণসহ ফল অন্বেষণে গমন করেন। তাঁছাদের অফ্পছিতিকালে রাজা দশরথ আসিয়া সীতার নিকটে পিও চান। সীতা গৃহে কোন দ্রব্যাদি না থাকায় কি দিয়া পিও দিবেন ভাবিয়া অন্থির হইলে মৃত রাজা তাঁহাকে বালির পিও দিতে কহেন। যে স্থান হইতে সীতা বালি লইয়া পিও প্রদান করেন, সেই স্থানকে এক্ষণে সীতাকুও কহে। ঐ সীতাকুওে অভাপি রাম, লক্ষণ ও সীতার প্রতিমূর্ত্তি আছে। রামচন্দ্র লক্ষণসহ প্রত্যাগমন করিলে সীতা এই ঘটনা তাঁহাদিগকে কহেন। কিছু তাঁহাদের মনে বিশ্বাস না হওয়ায় ফল্কনদীকে সাক্ষী মানা হইয়াছিল। ফল্ক মিথ্যা সাক্ষ্য দেওয়াতে অভাপি অন্তঃসলিলা রহিয়াছেন। *

দেবগণ ফল্কনদীতে স্থান করিয়া শ্রাদ্ধ তর্পণ করিতে লাগিলেন। নারায়ণ বালি খনন করিয়া নিমলিখিত মন্ত্রোচ্চারণপূর্বক ডুব দিলেন।

ফন্ধতীর্থে বিষ্ণুন্ধলে করোমি মানমাদৃত: পিতৃণাং বিষ্ণুলোকাকায় ভুক্তিমৃক্তি প্রসিদ্ধরে ইহার পর সকলে তীরে উঠিয়া ভিজে কাপড়ে বসিয়া পিতৃগণের উদ্দেশে

^{*} কথিত আছে—সীতাদেনা বটবৃক্ষ, কল্প নদা, বাক্ষণ এবং তুলসী বৃক্ষকে সাক্ষী মানিয়াছিলেন। ইহাদের মধ্যে বট গাছ ভিন্ন সকলেই, মিথ্যা সাক্ষ্য দেওৱাতে প্রক্ষণ কলির প্রাক্ষণ হন, তুলসীগাছে কুকুর শৃগালে প্রস্রাব পরিত্যাগ করে, কল্প নদী অন্তঃস্পিলা বহিতেছে এবং বটবুক্ষ চারিযুগ যত্তের সহিত পূকা পাইতেছে।

আছ-তর্পণ করিলেন এবং গরালী গুরুকে একটি করিয়া নারিকেল ও একটি করিয়া টাকা দিয়া প্রন্তরনির্মিত বাঁধাঘাট দিয়া উঠিয়া গদাধরের বাটতে উপস্থিত হইরা দেখেন—মাতা গয়ায় আসিয়া প্রেকে শিগু দিতে হইবে ভাবিয়া বাঁধানা পাথরের মেজেয় শরন করিয়া চিৎকার করিতেছেন। প্রা স্থামীকে শিগু দিতে হইবে ভাবিয়া মৃর্জিত হইয়া পড়িয়াছেন। গদাধরের বাড়ীতে যেন শোকের ফোরারা খুলিয়া দিয়াছে।

দেবগণ ছংখিত হইয়া বিষ্ণুমন্দিরে প্রবেশ করিলেন এবং সকলে গদাধরের পদচিহ্ন বেস্টন করিয়া বিসমা প্রোহিতের আদেশমত পিণ্ড দিতে লাগিলেন। এশবে প্রোহিত কহিলেন, আপনারা মনে মনে যাহাকে ইচ্ছা পিণ্ড দিতে পারেন। ভচ্ছা বনারায়ণ নিমলিখিতরূপে পিণ্ড দিতে লাগিলেন। ক

"আমার বংশে যে দকল গোয়ালা বা বৈষ্ণব অথবা রাজপুত বা ব্রাহ্মণ, মংস্ত किংবা বরাহ कि कुर्म প্রভৃতি যে সকল মহাপুরুষের মৃত্যু হইলে গতি হয় নাই, তাঁহাদের জন্ম এই পিণ্ডার্পণ করিলাম। আমার কয়েক অবতারে বন্ধগণের বংশে. আমার বংশে, মাতামহের বংশে, প্রতিবেশীর বংশে এবং গ্রামের লোকের বংশে যাহারা মাতৃগর্ভে থাকিয়াই, অথবা দর্পাঘাতে, চোর ডাকাতের হাতে, জলমগ্ন হয়ে, ঘর চাপা পড়ে. ব্যাদ্র কন্তর্ক. পশুগণের শৃঙ্গে. রুক্ষ হতে পতিত হয়ে, কুকুর मुशालित मः मत्न, व्यायिर किश्वा विष ভाषात. प्रति ও मां ए गलाग्न मिस्त्र, व्यकाल না থেতে পেয়ে অথবা যুদ্ধকেত্রে গিয়ে যদি কেহ প্রাণত্যাগ করে থাকেন, তাঁহাদের উদ্দেশে পিওার্পণ করিলাম। আমার বংশে যদ্ধি কোন স্ত্রীলোক একাদশীর দিন কৃৎপিপাদায় কাতর হয়ে, প্রদব বেদনায় স্থতিকাগৃহে অথবা স্বামীবিয়োগে কাতর হইয়া চিতারোহণে প্রাণত্যাগ করিয়া থাকেন. তাঁহাদের উদ্দেশে পিওদান করিলাম। আমার বংশে ঘদি কেহ নরকে থাকেন, পশুযোনি প্রাপ্ত হইয়া থাকেন অথবা ভূত প্রেত হইয়া পৃথিবীতে পরিভ্রমণ করেন, তাঁহাদের উদ্দেশে পি তার্পণ করিলাম। আমার খন্তরকুলে, গুল-পুরোহিত-কুলে, পাড়ার লোকের কুলে, ্ চাকর চাকরাণীর কুলে, এবং তাঁহাদের ও আমার আত্মীরম্বন্ধন বন্ধু বান্ধব ও গ্রামন্থ कांशाय कुरल यमि त्कर नवरक थात्कन, नकरलव छित्मरण शिष्ठ श्रमान कविलाम ।

[†] গয়ার পিওদানকালে যে "পিত্বোড়নী"ও "মাতৃবোড়নী"র মন্ত্র পাঠ করিতে হয়, তাহাতে নিম্নিধিত ভাবের কথা আছে।

দেবগণের মর্ছ্যে আগমন

আমার যে দকল প্রাডা ভাসিনী কংসকভূকি অসমরে স্তিকাগৃহে প্রাণত্যাগ করিরাছেন, আমার যে দকল গরু কুদাবনের মাঠে, যে দকল বানর লছার সমরক্ষেত্রে, যে দকল বন্ধু কুদক্ষেত্রের ছুক্তর্ম সমরে প্রাণত্যাগ করিয়াছেন, ভাঁহাদের জন্ত শিগুদান করিলাম।

"মা। তোমরা আমাকে গর্ভে ধরে অনেক কট্ট পেরেছ। মাটিতে আঁচল পেতে শুরে দশ মাস পর্যান্ত উপাদের খাতা ফেলে কেবল পোড়া মাটি খেরেছ। মা! প্রদব-বেদনার সময় স্তিকাঘরে কত কষ্ট সহ্য করেছ। প্রসবের পর তিন দিন উপবাস করে তীব্র অগ্নি ছারা নিজ শরীর শোষণ ও কটু প্রব্য পান ভোজন করেছ। মা। তোমরা কোন চর্লভ দ্রবা হস্ত পেয়ে বদনে দেবার উল্পোগ করেছ. এমন সময়ে ছুটে গিয়ে কেড়ে খেইছি, তাতেও সস্তোব দেখিয়েছ, বাল্যাবস্থায় কোলে শয়ন করে কত মলমূত্র পরিত্যাগ করেছি, মৃত্রসিক্ত ও বিষ্ঠালাগা বত্তে কোন কট বোধ না করে, রন্ধনীতে নিজা গিয়েছ। আমার গা তপ্ত ছলে নিজে উপবাস-ক্লেশ সহ্য করে মনের উৎকণ্ঠায় কালাতিপাত করেছ। আমার ক্ষুধা হলে ভোজনপাত্ত ফেলে ছুটে এসে ন্তন দিয়েছ। এ হতভাগার ছাত্ত নিজ প্রাতা কংস কর্ত্ত कार्याक्षक रुख वरक दूर९ निला दहन करत्र । এ रुख्नागा नृत्त्व ও भीजामर বনগমন করিলে অনশনত্রত দার করে দিনবাত্তি কেঁদে কেঁদে চক্ষ হারিয়েছ। মা ! আমি গোকুলে মুচ্ছা গেলে, আত্মবিসৰ্জন দিতেও প্রস্তুত হয়েছিলে। ভোমাদের গুণ অসীম, তোমাদের ত্নেহের অন্ত নাই। তোমাদের ঋণ পুত্র হয়ে পরিশোধ করিবার উপায় নাই। আছ আমি গুরাধামে এসে ভোমাদের উদ্দেশে পিও দিতেছি। হুর্ভাগার দত্ত পিণ্ড গ্রহণ কর।"

ভৎপরে তিনি প্রণম্বিনীগণের পিগুর্গণ করে হস্ত প্রকালন করিবার উদ্যোগ করিতেছেন দেখিয়া বঙ্গণ কহিলেন, "ভাই! আর কিছু পিণ্ড ভোমাকে বাজে শ্বাচ করতে হবে।"

নারা। কাহাদের জন্ত বল ?

বরণ। বন্ধজানী, খ্রীষ্টান, এবং বিলাত-ফেরং দলের জন্ত। ইহারা সকলেই হিঁহুর ছেলে। আমাদের মাছক বা না মাছক—ভূমি হিঁহুর দেবতা, এজন্ত তোমার দয়া করা কর্তব্য। আহা! বন্ধজানীর দল যথন সপ্তাহান্তে একদিন মন্দিরে বসে চকু মৃদে ব্রন্ধের জ্যোতিঃ দেখে প্রেমে গলে কেঁদে সারা হন, দেখে আমার বড় ভাল লাগে। খুটানেরা আলোর যাবেন ভেবে অধর্ম পরিত্যাঞ্চ করে যথন অন্ধলারে হাতড়াতে থাকেন, দেখে আমার আন্ধরিক কট হয়। বিলাত যাইবার পথে কিংবা প্রত্যাগমন করে চুনাগলিতে যথন অন্ধা পান, তাহাদের ভূরবছা দেখে আমার চক্ষে জল আলে।

নারায়ণ এই কথা শ্রবণে উচ্ছিষ্ট পিগুগুলি সংগ্রহ করিয়া নয়টা মালসাং পরিপূর্ণ করিলেন এবং প্রথমতঃ তিনটে উপযুণ্যপরি সাজাইয়া রাজ্মগণের উদ্দেশে সন্মোধন করিয়া কহিলেন "হে রাজ্মগণ! তোমরা সাকার, নিরাকার যে আকারের ঈশর ভাব, আমি তোমাদের গতির জন্ম ভূত তবিয়ৎ ও বর্তমান তিন কালের তিন মালসা পিগু গচ্ছিত রাখিলাম, সকলে লাভভাবে ভাগযোগ করে থেও; দেখো যেন পিগু থেতেও দলাদলি, মারামারি, চেঁচামেচি না হয়। হে হিঁছুর ছেলে খুটানগণ! তোমাদের জন্মও তিন মালসা জমা রাখিলাম; এর জােরে আলাের ম্থ দেখে প্রত্যানি অর্থাৎ যে যােনিতে তোমরা লমণ করচাে তাই থেকে মৃক্ত হবে। হে বিলাতক্ষরত বাঙ্গালী সাহেবগণ! তোমরা বেশ জেনাে, ইংরাজ-মর্গে তোমাদের স্থান হইবে না। কালা বাঙ্গালীর যেরূপ আদর, তোমরা ইংরাজ-নরকেও স্থান পাও কি না সন্দেহ। আমি তোমাদের সন্দাভির জন্ম তিন মালসা পিগু রাখিলাম। তোমরা ভাগাড়েই মর, আর দাতব্য-চিকিৎসালয়েই মর, এর জােরে হিঁছুর স্বর্গই পাবে।" বলিয়া হন্ত প্রক্ষালনপূর্বক দক্ষিণম্থ হয়ে দাঁড়াইয়া এই ময় উচ্চারণ করিলেন—

এব পিণ্ডো মন্না দন্ত-ন্তব হল্তে জনার্দন। গন্নাশীর্বে স্বন্না দেনো মহুং পিণ্ডো মতে মন্নি ॥

ব্ৰহ্মা কহিলেন, "বৰুণ, ! এ মন্দির নির্মাণ করে দেয় কে ?"

বঙ্গণ। ইন্দোরের মহারাণী অহল্যাবান্ধ এই মন্দির নির্মাণ করান।
মন্দিরটি কণ্টিপাথরে নির্মিত। অহল্যাবান্ধ বর্ত্তমান টুকজী হলকারের
পিতামহী। বিজ্ঞান্দিরের ওদিকে যে মন্দিরে দেখা যাচ্ছে, ঐ মন্দিরে খেতপ্রস্তরে-নিমিত অহল্যাবান্ধরের প্রতিষ্ঠি আছে। ঐ সভীকেও লোকে
দেবীর ফ্রার পূজা করিরা থাকে। এই স্থানকেই বৃদ্ধগয়া কহে। স্ববিখ্যাতশাক্যসিংহ এই স্থানেই সাধনা করিরা সিদ্ধ হন।

ক্রেবগণের মর্ভো আগমন

ইন্দ্র। বিকুমন্দিরে আর কোন প্রতিমূর্তি নাই ?

বরুণ। না; কেবল প্রস্তুরে আছিত বিষ্ণুর পদচিক্ আছে। পোকে ঐ পদচিক্ষের উপর পিগুর্পেণ করে। মন্দিরের ওদিকে গদাধরের প্রতিমৃত্তি আছে।

দেবগণ ইহার পর রামশিলা, ব্রহ্মযোনি ইত্যাদি অনেকগুলি কৃত্র কৃত্র পাহাড়ে শিগুদান করিয়া প্রেতশিলা অভিমুখে চলিলেন।

তাঁহারা ঘাইবার সময় দেখেন—একজন বেশা ছুইজন লম্পট সঙ্গে প্রেডিশিলায় ঘাইডেছে। লম্পট-বরের মধ্যে একজন বেশী মাডাল। সে বেশাকে বলিডেছে "বাবা গোলাণ! (বেশার নাম) তুই আমাকে কেমন ভালবাসিদ? আমি ভোকে, ফল্প-ভীরের শৃকরেরা যেমন বিষ্ঠা ভালবাসে ডেমনি ভালবাসি।" বেশা কহিল "ওরে গুরোটা! থাম্ ভোদের জালাতেই প্রেডিশিলায় যাফি।"

ইন্দ্র। বরুণ। ও কি । মাগীকে মিশে ভাকচে বাবা বলে, মাগী উত্তর দিচে গুয়োটা বলে।

ৰহণ। মাভালেরা যাকে ভাকে বাবা বলে।

নারা। মার অপরাধ ?

বৰুণ। এমন ছেলে পেটে ধরেন কেন ?

দেবগণ ক্রমে যাইয়া প্রেভশিলার সন্নিকটে উপস্থিত হুইলেন। বরুণ কহিলেন "এখানে পিও দিলে পূর্ব্বপুরুষগণ প্রেত্ত হুইতে মুক্ত হন।"

এই সময় কতকগুলি বাঙ্গালী খ্রীলোক পরশার গল্প করিতে করিতে প্রেডিশিলার সন্নিকটে আসিয়া উপন্থিত হইল। উহাদের মধ্যে একজন কহিল "বোস দিদি, আমার শশুরের মামাতো ভারের পিসখন্ডরের ভারের নামটি কি তোর মনে আছে? আহা! বড় ছেলে বাপকে ক্তো মারার তিনি আন্ধিং থেয়ে মরেন। শোনা যার মরে ভূত হরে অত্যন্ত উপত্রব কচ্ছেন। যে সব ছেলে! মিন্সের উদ্ধার হ্বার আর উপান্ন নেই, একটি পিণ্ডি দিয়ে গভি করতাম।" আর একজন কহিল "মা গো! গাটা কাঁটা দিয়ে উঠে, কাল রাত্রে স্বপ্নে দেখি—আমার মেজো ননদ—হাতে শাখা, কপালে এক কপাল সিঁদ্র, আমার শিশুরে থোনাথোনা কথান্ন বল্লেন, বৌ এঁসেঁটো বঁদি আমার সাঁদগঁতি করেঁ বেণ্ড, এঁকটা পিণ্ডি দি তে ভূঁলোনা।

জানত আমি আতুঁ ভ্ৰবে মঁবে জৌমাদের বাশবাগানে পেঁছী ইরে আছি।"
আর একটি রমণী কাঁহতে কাঁহতে বলচেন, "গিরি! শান্তিপুরে পুলার
বাধিক আদায় করতে যাবার সময় কামারভেঙ্গীর থালে ভাকাতেরা আমায়
ঠেজিরে মারে, সেই থেকে আমি সেখানে একটা শিমুল গাছে ভূত হরে
আছি। যদি কপালক্রমে গরায় এসেছ, আমার গতি করো, একটা পিণ্ডি
দিতে ভূলো না।" (চক্ষে অঞ্চল দিরা) মোক্ষদা মা! আমি কি কতে গরায়
এলাম? তিনি যে এত করে বললেন, কিছুই কত্তে পেলাম না বাধা পড়ল,
এ লক্ষ্যা আর কোথায় রাখবাে? আমার কি বাছা! তিনি তো পিণ্ডি
থেয়ে অর্গে গিয়ে স্থাী হতেন। আমার কপালে যা আছে হবে—আমি মন্তিক
বা দীর হাঁডি ঠেলে ঠেলেই দিন কাটাব।"

দেবগণ এই কথা শুনিরা অত্যন্ত ছংখিত হইলেন এবং এখান ইইতে সকলে বাদার গেলেন। পরে তিন দিন গরাতে অবন্ধিতি করিয়া সকলে অক্ষরবটের তলা হইতে স্থকল আনিতে চলিলেন। দেবগণ যাইয়া দেখেন, লোকে লোকারণ্য। গরালী শুক্ররা কেহ শিবিকা মধ্যে, কেহ তাম্ব মধ্যে এবং কেহ কেহ বা বৈঠকখানা গৃহে বিরাজ করিতেছেন। যাত্রী স্থীলোকেরা তাঁদের সন্নিকটে করযোড়ে দাঁড়াইয়া বিনীতভাবে পাঁচ দিকা, নয় দিকা এবং কেহ কেহ বার আনা ম্লোর স্থকল চাহিতেছে। "পাঁচ টাকার কম ম্লোর স্থকল নাই" বলিয়া গরালী শুক্ররা প্রত্যেক যাত্রীর হস্ত পূল্যালার বাঁছিয়া ফেলিতে হকুম দিতেছেন। যাত্রীদিগের মধ্যে কেহ দর কমাইবার জন্ত নিজের অবস্থা সবিস্তারে ব্যক্ত করিতেছে। তাহাতে কিছু না হইলে কাঁদিতেছ, অবশেষে কাঁদিয়া কাঁদিয়া কাস্ত হইয়া পারে ধরিতেছে। কিছু "চোরা না শুনে ধর্মের কাহিনী।"

বরুণ। দেখুন পিতামহ! মহর্ষি গোডিম এই বটবুক্ষের তলে বসিয়া ৬০ হান্ধার বৎসর শিবের আরাধনা করেছিলেন।

ইন্দ্র। বরুণ! ঐ নির্দর জন্ধ, যাহাদের পদ ধরিয়া স্ত্রীলোকেরা রোদন করিতেছে, অথচ দ্যা করিতেছে না, উহারা কে ?

वक्रव । উहावाहे भवानी।

ইন্দ্র। গন্নালী দিগের উৎপত্তির কারণ বল।

বৰুণ। এক সময়ে পিভাষত বন্ধা গয়াধামে আসিয়া নিজ পিতৃগণের উদ্দেশে

পিগুর্পণ করেন। পরে তাঁহার প্রত্যাগমন-সময়ে তৎকৃত পার্কণশ্রাদ্ধের রাদ্ধণশ্রমরা কি কাজ করিব, তদাজ্ঞা প্রচার করুন"। প্রজাপতি তৎশ্রবদে কছিলেন, "তোমরা অন্থ হইতে এই গরা তীর্থের রাদ্ধণ হইলে। তীর্থযাত্তিগণ ফুল চন্দন দিয়া তোমাদিগের পাদপদ্ম পূজা না করিলে সফলকাম হইবে না।" দেই সাতজ্ঞন রাদ্ধণ গরালী গুরু নামে প্রসিদ্ধ। বর্ত্তমান কুলাঙ্গারেরা দেই সপ্ত গরালী গুরুর বংশধর।

এই সময়ে এক অন্নবয়স্কা বিধবা আসিয়া গদালী গুৰুর পা প্লান্তে চৌদ্দ আনার স্থান চাহিল। কিন্তু গদালী গুৰু কহিল, "১৪ টাকা ব্যতীত তোমার পিতা মাতাকে অর্গে পাঠাইতে পারি না।" বালিকা কত কাঁদিল, পামে ধরিল; কিন্তু কিছুতেই তাহারা স্বীকার পাইল না।

ব্ৰহ্মা। বঙ্গণ! বালিকা অত কাঁদিতেছে কেন ? ও কেন স্থফল না লইয়া চলিয়া যাইতেছে না ?

বঙ্গণ। আজে, উহাদের মনে দৃঢ় বিশাস আছে—গয়ালী গুৰুকে সম্ভুষ্ট কর্তে না পার্বে গ্রায় আসা রুপা হল, পিতা মাতাকে স্বর্গে পাঠান হল না।

নারা। আহা! পিতামহ কি অভুত জানোয়ারই স্টে করেছেন। আমার আশহা হচ্চে, পাছে আবার এবারকার কুশগুলো চেগে উঠে, ঐ প্রকার না হয়।

ইন্দ্র। আছো, উহাদের এইপ্রকার অভ্যাচারের দক্ষণ রাজা কেন সাজা দেন না ?

বরুণ। ইংরাজরাজের প্রতিজ্ঞা আছে, প্রজার ধর্ম বিষয়ে হস্তার্পণ করিবেন না।

ব্ৰহ্মা। ইহাদের রাজ্য অক্ষয় হউক ! এরণ বিষয়ে হস্তার্পণ করায় আমি ভত দোষ দেখিতেছি না।

এদিকে বালিকা পা ধরিয়াই কাঁদিতেছে। কিছুতেই পাবগুদিগের দ্বার সঞ্চার হইতেছে না। অপরাপর যাত্রিগণ, বিশেষতঃ বালিকার স্থগ্রামবাসী যাত্রিগণ অনেক অন্তন্ম বিনয় করিয়া তাহার অবস্থা বিশেষ করিয়া বলায় ৫ টাকা মূল্যের স্থান্ধল ।

এই সময়ে পূর্ব্বপরিচিত মাতালজের গোলাণী বেখার সহিত আসিরা

উপন্থিত হইল। গোলাপী চরণ পূজান্তে করজোড়ে দগুরমান হইবামাত্র গয়ালীদিগের কর্তৃক তাহার হস্ত পূস্পমালায় বন্ধনদশা প্রাপ্ত হইল। গয়ালী গুফ গোলাপীর গাত্রের স্বর্ণাভরণ দেখিয়া ৫০০ টাকার স্ফল কিনিতে কহিলেন। "অত টাকা কোথায় পাইব" বলিয়া গোলাপী চরণ ধরিয়া রোদন আরম্ভ করিল।

গোলাপীকে পারে ধরিতে দেখিয়া লম্পটেরা মহা ছংখিত। একজন ভেউ-ভেউ করিয়া কাঁদিয়া ফেলিল। অপর একজন কহিল শ্বাবা গোলাপ। পাদ্ছাড়, লক্ষ্মী ধন আমার। পাছাড়, ভোমার কোন পুরুষে কার পারে ধরেছে প্রাকেই ভোমার পারে ধরে।"

মাতাল তিনজন পরামর্শ করিল, "এদ, গোলাপকে তুলে আমরা গুরুজীর পারে ধরে স্থফল আদার করি। কারণ, আমাদের পায়ে ধরা অভ্যাদ আছে।" তাহাদের যে-কথা, সেই কাজ; বেশ্যাটাকে তফাতে টানিয়া রাখিয়া এদে, গয়ালী গুরুর পদ ছইটি দৃঢ়রূপে ধারণ করিয়া "স্থফল দে বাবা! এমন স্থফল দে, যেন-মদের ম্থে ভাল চাট হয়" বলিয়া মাথা কৃটিতে লাগিল। মদের গজে গুরুজীর অরপ্রাশনের অর উঠিবার উপক্রম হইল। তিনি যে পলাইবেন, দে লামর্থাও নাই; তিনজনে শক্ত করিয়া পা ছ্থানি ধরিয়া আছে। তিনি নাদিকায় বস্ত্র দিয়া বেশ্যাকে কহিলেন, "মা! তোমার সন্তানগণকে উঠাইয়া লও, এবং যা খুদি হয় দিয়া স্থফল লইয়া প্রস্থান কর।" বেশ্যা তৎশ্রবে হাসিতে হাসিতে আসিয়া ছই টাকার স্থফল লইল এবং লম্পটত্রয়কে কহিল, "ভোরা ওঠ, আমি স্থফল পেয়েছি।" তাহারা "কই" বলিয়া দেখিতে চাহিল এবং দেখিতে না পাইয়া আবার মাথা কৃটিতে লাগিল। এইবার মাথা কৃটিতে কুটিতে একব্যক্তি গুরুজীর শ্রীপাদপন্মে বমি করিয়া ফেলিল। গুরুজী পলাইবার চেষ্টা পাইলেন, ভ্যাপি তাহারা ছাড়িল না। অবশেষে পুলিদ ডাকিয়া নিয়্বতি লাভ করিলেন।

দেবগণ চাহিয়া দেখেন—পিতামছ নিকটে নাই। তিনি ফ্রন্তপদে একদিকে ছুটিয়া পলাইতেছেন। তদ্ধে তাঁহারাও ক্রন্ত যাইয়া তাঁহাকে ধরিলেন এবং কহিলেন, "ঠাকুরদা! কোথার যাচ্ছেন?"

বন্ধা। ভাই, যেখানে বেখার দান গ্রহণ করিয়া স্থান দেয়, লেখানে এক

দেবগণের মর্ড্যে আগমন

'মুহুর্ত্তও থাকতে নাই। আমি এই দত্তে গন্ধা পরিত্যাগ করিলাম, তোমাদের ইচ্ছা হয় থাক।

দেবগণ তাঁহার কথায় সম্মত হইসা তল্পীতল্পা উঠাইয়া লইলেন। এবং কতকগুলা পাথরবাটি খরিদ করিয়া ষ্টেশনে চলিলেন। যাইতে যাইতে ব্রহ্মা কহিলেন, "বরুণ! গয়ার সংক্ষিপ্ত বিবরণ বল।"

বরুণ। গয়া একটি বছকালের তীর্থস্থান। এখানে প্রায় ছুই হাজার বৎসরের মন্দির আছে। গ্যার তুলা তীর্থ ভারতে আর বিতীয় নাই। এথানে সমস্ত ভারতের যাত্রিগণ পিতৃগণের উদ্দেশে পিওদান করতে আদিয়া থাকে। নগরের মধ্যে প্রকাণ্ড প্রকাণ্ড অনেকগুলি আড্ডা আছে। দেইখানে আদিয়া তাহারা বাসা লয়। গয়ালীরাই গয়ার দর্বময় কর্তা। ইহারা নিভান্ত নির্বোধ, বিভা-শিক্ষা ইহাদের কুষ্ঠিতে লেখা নাই: কিন্তু বিনা পরিশ্রমে যাত্রীদিগকে উৎপীতন করিয়া যথেষ্ট অর্থ সঞ্চয় করিয়া থাকে। প্রভারেক গয়ালীরই হাতী, পান্ধী, ঘোড়া আছে। গয়াতে এত গাড়ীঘোড়া দেখা যায় যে, কলিকাভার দহিত তুলনা করিলে গয়াই প্রধান হইবে। নগরবাসীদিগের সভ্যতার কিছুমাত্র উন্নতি নাই। এই নগরে কোন সভা কিংবা বিছালয় দেখিতে পাওয়া যায় না। এখানে অপরকোন **एव-एवीत पृ**र्छि निर्माण कतिया शृष्ठा कता दश ना । **ला**टकत प्रत्न विश्वाम चारह, य পূজা করিবে সে নির্বাংশ হইবে। গয়া ছই ভাগে বিভক্ত-সেটি গয়া ও সাহেবগঞ। সাহেবগঞ্জে সাহেবরাই বাদ করেন। গয়াতে অনেক ইষ্টক নির্মিত অট্রালিকা আছে : কিন্তু কোনটিরই শ্রীষ্ঠাদ নাই। বিষয়কর্ম উপলক্ষে এথানে প্রায় পাঁচ হাজার বাঙ্গালী বাস করিয়া থাকেন। গয়াতে বৌদ্ধদিগের অনেক কীর্ত্তি আছে। উক্ত ধর্ম-প্রচারক শাক্যসিংহের প্রতিমৃত্তি একটি মন্দিরমধ্যে দেখিতে পাওয়া যায়। গয়ার পাধরবাটি ও তামাক বড বিখ্যাত। একটি পাহাড়ে একটি গহরর আছে; লোকে বলে—ভীমদেন হাঁটু গাড়িয়া বদিয়া পিও দিয়াছিলেন, সেই সময়ে তাঁহার বাম হাঁটু বদিয়া গিয়া ঐ গহরর হয়। আর একম্বানে প্রস্তারের উপর কতকগুলি গরুর পারের চিহ্ন আছে; লোকে বলে—ব্রহ্মা এক সময়ে আসিয়া গয়ায় গোদান করেন, সেই দকল গরুর পদ্চিছ। ইহার পর দেবগণ ট্রেণে উঠিলেন। ট্রেণ যথাসময়ে বাঁকীপুরে নামাইয়া দিল।

বঞ্চণ কহিলেন, "পিতামহ! এ-ছানের নাম বাঁকীপুর। পাটনা, বাঁকীপুর, দানাপুর পরক্ষর সংলগ্ন। এজন্ত এই তিন ছানকে এক নগর বলা ঘাইতে পারে। বাঁকীপুরের পশ্চিম অংশকে দানাপুর এবং পুর্বাংশকে পাটনা কহে। পাটনা তুই খণ্ডে বিভক্ত, ন্তন পাটনা এবং পুরাতন পাটনা। নগরটি অত্যন্ত প্রশন্ত, দৈর্ঘ্যে ঘোল মাইল হইবে; কিন্তু প্রস্থে এক মাইল হইবে কি না সন্দেহ। পুরণাদিতে এই পাটনার বিশেষ উল্লেখ আছে। ইহার প্রাচীন নাম পাটলিপুত্র। পাটলিপুত্র হিন্দু রাজাদিগের রাজধানী ছিল। মগধের রাজারা এই ছানেই রাজ্য করিতেন।"

ইন্দ্র। কোন হিন্দু রাজা এখানে রাজ্য করিয়াছেন ?

বরণ। নন্দ, চক্রগুপ্ত এবং অশোকের এই রাজধানী ছিল। এই স্থানেই স্থানিয় বিখ্যাত নন্দবংশের অভিনয় হয়। এই স্থানেই স্থানিষ্ট স্থানিষ্ট রাজনীতিজ্ঞতার ও অধ্যবসায়শীলতার পরিচয় প্রদান করেন, এবং এই স্থানেই নন্দবংশের অন্থরক মন্ত্রী রাক্ষ্যও একসময়ে চাণক্যের বৃদ্ধির নিকট পরাজ্য স্থীকার করেন।

নারা। কোন চাণক্য ? দাভাকর্ণ নামক পুস্তকে যে চাণক্যের শ্লোক দেখিতে পাওয়া যায়, ইনি কি সেই মহাপুরুষ ?

বরুণ। হাঁ। ভাই, অনেকে বলে ইনিই তিনি! দেখুন পিতামহ, এই পাটনা নগরেই মহাবীর ভীমদেন জরাসজের প্রাণ সংহার করেন। এই স্থানেই বৌদ্ধ-দিগের প্রাত্তাব হয়। মৃসলমানদিগের রাজস্বকালে পাটনা বেহারের রাজধানী ছিল। তথন বেহার প্রদেশের স্ববেদারগণ এই স্থানেই বাস করিতেন। সেই সময় হইতে হিন্দু ও মৃসলমানদিগের রাজস্বকালে পাটনা বেহারের রাজধানী ছিল। সেই সময় হইতে হিন্দু ও মৃসলমান ভাষা এক হইয়া যায়। পাটনার স্বপর নাম আজিমাবাদ হইয়াছে।

দেবতারা কিছুক্ষণ বিশ্রাস করিবার পর নগর ভ্রমণে বহির্গত হইলেন।
এখান হইতে দেবগণ কম্বরবাগ দেখিতে যান। এই উন্থানে ব্যাস্ত, ভয়ুক প্রস্থৃতি কয়েকটি পশু, এবং জ্বাশরে একজাতীয় রক্তবর্ণের সংস্থৃ ভার্সিরা

দেবগণের মর্ত্তো আগমন

বেড়াইতেছে। দেবগণ বাগানটি দেখিয়া বিশেষ আনন্দামূভব করিলেন। এখান হইতে যাইতে যাইতে বন্ধা একস্থানে উপস্থিত হইয়া কহিলেন, "বৰুণ! সন্মুখে ওটা কি 1"

বঙ্গণ। জেলখানা অর্থাৎ ইংরাজ-রাজের ক্বত নরক পাণীরা যেরপ পাণ করে, তাহাদের সেইরূপ দালা এই নরকেই হয়। পাপের তারতম্য অফুসারে কেহ নরকে বদিয়া পাথর ভালিতেছে, কেহ বা চক্ষে ঠুলি দিয়া ঘানিকলে তৈল ৰাহির করিতেছে।

নারা। এথানে একবার, যমালয়ে একবার, ছুইবার করিয়া কি পাপীদিগের মণ্ড হয় ?

বঞ্চণ। না ভাই! এইখানেই পাপ-পুণ্যের সাজা হয়। তবে যাহার। অর্থাদি ঘুদ দিয়া পাপ হইতে এড়াইয়া যায়, তাহাদেরই দণ্ড যমালয়ে হইয়া পাকে। পিতামহ! ওদিকে দেখুন ভাক-বাঞ্চালা। আমাদের মত প্রিক লাহেবরা ঐ স্থানে আসিয়া বাস করে। প্রসা-বায় করিলে ভাহারা উপযুক্ত শ্যা, আহার এবং গৃহাদি প্রাপ্ত হয়।

নারা। বাঙ্গালীদের ডাক-বাঙ্গালা আছে ?

বৰুণ। আছে বই কি! তাহাদের যেমন পোড়া কপাল, তেমনি ডাক-ৰাঙ্গালার নাম হচ্চে হোটেল। খানা—পোড়া ভাত। শ্যাা—ছেড়া চট। ওদিকে ব্যাহ্ব, ঐথানে টাকার বিনিময়ে কাগছ বিলি হয়। সন্মুখে কমিশনারের কাছারি ও ডাক্ষর। আর ওদিকে ঐ অভ্যাচ্চ পোলাদ্র দেখা যাইতেছে।

ব্রহ্মা। উ: গোলাঘরটা তোক্ম উচুনয় । চল দেখে আসি।

দেবতারা গোলাঘরের সন্নিকটে যাইয়া উপস্থিত হইলে বঞ্চণ কহিলেন, "এই গোলাঘরের অপর নাম গাষ্টিক ফলি। বেহার প্রাহেশে বছকাল ব্যাপিয়া ছডিক্ষ হয় বলিয়া শশু সঞ্চয় করিয়া রাখিবার জন্ত গাষ্টিক সাহেব বহু অর্থ ব্যয়ে ১৮৮৩ অব্দে এই গৃহটা নির্মাণ করান। প্রচুর অর্থব্যয়ে নির্মাণ করা হয় অথচ কোন কাজে আসে না, এই জন্ত লোকে ইহাকে গাষ্টিক ফলি অর্থাৎ গাষ্টিকের নির্মান্তিকার নির্মান্তিকার বিশিষ্ট কহিয়া থাকে। ইহা ১১০ ফুট উচ্চ। উপরে উঠিবার জন্ত ১৪০টি থাপ-বিশিষ্ট সি জি আছে। নেপালের রাজমন্ত্রী জন্ত বাহাছের এক সময় অখারোহণে ঐ নিউছি জিয়া উপরে উঠিয়াছিলেন দেখিয়া লোকের চ্নুক্সন্থির হইয়াছিল। অনেকে ঐ

সিঁ জি দিরা উপরে উঠিরা নগরের শোভা সন্দর্শন করিরা থাকে। গৃহমধ্যে যথেষ্ট স্থান আছে। এত শ্বান আছে যে, লক্ষ লক্ষ মণ শশু সঞ্চয় করিরা রাখা যাইতে পারে ?"

ইন্দ্র। একণে ইহার মধ্যে কত মণ আন্দান্ত শতা আছে ?

বরুণ। এক্ষণে আর উহাতে শশুদি থাকে না, ইহা একটি রহশু দেখিবার গৃহ। ইহার মধ্যে একবার কোন কথা কহিলে কিংবা শব্দ করিলে দশবার প্রতিধানি হইয়া থাকে।

"য়া। বল কি !" বলিয়া দেবগণ গৃহমধ্যে প্রবেশ করিলেন এবং নারায়ণ একবার এ-কোণে একবার ও-কোণে ঘাইয়া "ভূ" "ভূ" শব্দে চিৎকার আরম্ভ করিলেন।

দেবগণ ইহার পর কালেক্টরি, গভর্ণমেণ্ট টেলিগ্রাফ আফিন, পুলিদ ও বিলিগার্ড রুম দেখিরা জঙ্গ আফিনের দন্নিকটন্থ বাবাজীদিগের একটি মঠে উপস্থিত হইলেন। বরুণ কহিলেন, "পিতামহ! দেখুন, গৃহমধ্যে কত দেবমূর্ত্তি রহিয়াছে। বংসর বংসর এখান হইতে একখানি রথও চলিয়া থাকে। ওদিকে দেখুন আফিঙ্গের একেণ্ট আফিন।"

ইন্দ্র। এজেণ্ট আফিলে কি কাল হয়।

বক্লণ। ঐ বিধ এদেশে কত প্রস্তুত হই স এবং চীন দেশের সর্বনাশ জন্ত কত প্রেরিত হই রাছে এবং তহবিলেই বা কত মজুত আছে, আর এদেশীরেরাই বা কি পরিমাণে ভক্ষণ করিয়াছে, তাহার আর বারের হিসাব রাখা হয়। এই সময়ে এক বাঙ্গালী বাবুকে বগী হাঁকাইয়া ঘাইতে দেখিয়া নারায়ণ কহিলেন "বরুণ! ও বাবুটি কে ?"

বৰুণ। উনি একজন স্থশিকি ভ কৃতবিভ বাব্। পাটনার সকলেই উহাকে চেনেন। শাশুড়েবাব্বলিলে না চেনে, এমন লোক এথানে থ্ব কম আছে।

ইন্দ্র। শান্তড়েবাবু কি ?

বকণ। বাব্র ত্রিসংসারে কোন ত্রীলোক শভিভাবক ছিল না। এজন্ত পরিবার কিরপে বিদেশে একাকিনা থাকিবেন ভাবিয়া তাহার বিধবা মাতাকে আনিয়া সংসারভুক্ত করেন এবং তাঁহাকে মাভূ সংখাধন করিয়া যথেষ্ট শ্রুণা ভক্তি দেখান। কিছুদিন পরে বিধবা শান্তমী সন্তান প্রদেব করিয়া বসিলেন।

দেবগণের মর্ভ্যে স্বাগমন

বন্ধা। ছি! ছি! পাটনা, তুমি বাঞ্চালীর জন্ত ধ্বংস হতে ব্সেছ!

ইন্দ্র। কুলাঙ্গারেরা বাঙ্গালা পরিত্যাগ করিয়া এখানে আদে কেন ?

বৰুণ। পেটের আলায়।

ব্রনা। যমালয়ে কি এ-সব পাপীর জন্ত কোন নরক আছে ?

"আজ্ঞে না" বলিয়া দেবরাজ নিজ নোটবুকে লিখিয়া লইলেন। এখান হইতে যাইতে যাইতে বৰুণ কহিলেন, "পাটনার অনতিদ্বে হাজিপুর নামক একটি স্থান আছে। গরুড় যে গজকচ্ছপকে লইয়া নৈমিবারণ্যে যাইয়া ভক্ষণ করে, ঐ হাজিপুরের সন্নিকটে সেই গজকচ্ছপের যুদ্ধ হইয়াছিল। একণে ঐ স্থানের নাম হরিহর ছত্ত্র। তথার হরিহর দেবের প্রতিমূর্ত্তি আছে। প্রতি বংসর হরিহর ছত্ত্রে একটি করিয়া মেলা হইয়া থাকে। মেলায় বিস্তর হন্তী, অশ্ব, গাড়ী, ঘোড়া বিক্রয় হয়।"

এই সময় নারায়ণ অদ্বে একটি বৃহদাকার প্রারণী দেখিয়া কহিলেন, "বরুণ এই বৃহৎ পুষ্করিণী কাহার ?"

বরুণ। লোকে উহাকে মাণিকচাঁদের পু্রুরিণী বলিয়া থাকে। উহা যে কতকালের এবং কাহার, স্থামি স্থির বলিতে পারি না।

ক্রমে তাঁহারা দরস্বতী তীরে যাইয়া উপস্থিত হইলেন। সকলে দেখেন
—পৃষ্ণবিণীটির দমস্ত জলই শৈবাল, পানা এবং কল্মীলতাদি দ্বারা আচ্ছাদিত।
চতুম্পার্থে বছকালের বাঁধা ঘাটের ধ্বংদাবশেষ বিশ্বমান রহিয়াছে। পৃষ্ণবিণীতে যে
অতি অল্পমাত্র জল শৈবালাদি হইতে পৃথক হইয়া দেখা দিতেছে, তাহাতে অসংখ্য ভেক শাবকগণসহ সম্ভৱন করিতেছে। কোন স্থানে শৈবালাদির উপরে বিদিয়া
দুই একটি ভেক নির্তীকিচিন্তে প্র্যোর উত্তাপ স্থাথে ভোগ করিতেছিল—
লতাপাতার মধ্য দিয়া স্থদীর্ঘ দর্প ধীরে ধীরে আসিয়া তাহাদিগের পদ ধরিয়া
টানিয়া গ্রাস করিবার উদ্যোগ করিতেছে। ভেক অন্তিমকালে "কাঁয়" "কোঁ"
শব্দে ভাক ছাড়িয়া আত্মরক্ষার সাধ্যমত চেষ্টা পাইয়াও নিক্ষ্প হইতেছে।

নারা। পিতামহের কি অনাস্ষ্টি! ভেক এবং সর্পে যখন খালখাদক সম্বন্ধ, ভাছাদের এরপ একম্বানে বাসের ব্যবস্থা করা কি উচিত হইয়াছে ?

ব্রহ্মা। ভাই ! আমার স্ট বন্ধর মধ্যে কোনটির পহিত কোনটির খাঞ্চ-খাদক সংস্কানর। আমি ভেকদিগকে জগ ও শ্বল উভয় স্থানে বাসের উপযোগী করিয়া সৃষ্টি করিয়াছি এবং সোণা ব্যাং নামক যে ভেক সম্প্রদায় সচরাচর জলে বাস করিতে ভালবাদে, তাহাদিগকে আত্মরক্ষার জন্ম যথেই লক্ষ্ণনশক্তিও প্রদান করিয়াছি; কিন্তু নিজের মৃত্যুর জন্ম যদি সকল ভেকই জলে বাস করে, তাহাতে আমার দোষ কি । দেখ, আমি আমার প্রিয় মন্ম্যুগণকেও নিরাপদ করিয়া সৃষ্টি করি নাই। আমি তাহাদেরও দেহমধ্যে আশীবিষদদৃশ অনেকগুলি বিষাক্ত রিপুপ্রদান করিয়াছি। আমার মাম্বেরা যদি নিজ দোষে সেই রিপুদ্ংশনে প্রাণে মরে, তাহাতে আমার দোষ কি ।

এখান হইতে কিছুদ্র ঘাইয়া বরুণ কহিলেন, "পিতামহ! টেম্পাস মেডিকেস স্থল দেখন।"

ব্ৰহ্ম। ওখানে কি হয় ?

বৰুণ। বেহারবাদীদিগের সম্ভানগণকে ইংরাজী চিকিৎদাশান্ত শিক্ষা দিয়া ভাকার করা হয়।

हैसा। हेरवाकी ठिकिৎमात्र कि এ-दिमीय लाइक कान उनकाव पर्ट ?

বরুব। অস্ত্র চিকিৎসায় উপকার দর্শে বটে, কিন্তু অক্সান্ত রোগে তাদৃশ উপকার দেখা যায় না। তবে ছুই চারিদিনের জন্ত রোগটাকে দমন করিয়া রাথে মাত্র।

ব্রহ্মা। ইহা দেখিয়াও কি ভারতবাদীরা ইংরা**জী** চিকিৎসার **আদর** করে ?

ৰক্ষণ। যথেষ্ট। এত আদর করে যে, বোধ হন্ত্ব সম্বরেই দেশীয় চিকিৎসা-বিদ্যার লোপ হইবে।

ব্রহা। ইংরাজী চিকিৎসার সমাদর করিয়া দেখিতেছি আমার মান্নবেরা অকালে মত্যুকে ভাকিয়া আনিবে।

নারা। বরুণ! ওদিকে ও অত্যুচ্চ বাড়ীটি কি?

বৰুণ। পাটনা কলেজ।

ক্রমে দেবগণ কলেজের সন্নিকটে যাইরা উপস্থিত হইলেন। দেখেন—প্রত্যেক গৃহে বালকগণ শ্রেণীবদ্ধ হইরা বসিয়া অধ্যয়ন করিতেছে। ছই চারিটা হিন্দুরানী বালকের মধ্যে এক একটি বাঙ্গালী বালক বসিয়া আছে। বালকগণের মধ্যস্থলে চেয়ারের উপর হিন্দুরানী শিক্ষ বিরাজমান। ভাছার গাজের চাপকান গাজের

-দেবগণের মর্জ্যে আগমন

সহিত এবং পাজামা পারের সহিত এরপভাবে সংলগ্ন হইরা আছে যে, দেখিলে বোধ হর দরজীতে কাপড় চুরি করিবে এই আশহার গাত্তের মাপ না দিরাই ঐ প্রকার সেলাই করান হইরাছিল অথবা মহাবীর বর্ণের হার স্থপ্রদন্ত বর্ম সহিতই মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হইরাছিলেন।

নারা। বরুণ। বেহারে এত বাসালী কেন?

বরুণ। অনেকের পিতা এখানে বিষয়কর্ম উপলক্ষে বাদ করিতেছেন। আর অনেক ছেলে বিভীয় বিভাগে পাদ হইরা ছাত্তরুত্তি পাইবার আশার আদিয়াছে।

ইশ্র। বাঙ্গালায় কি ছাত্রবৃত্তি নাই ?

বৰুণ। আছে, কিন্তু বেহারবাসীদিগকে উৎসাহ দিবার জন্ম এ-প্রদেশে কিছু বেশী পরিমাণে দেওরা হইয়া থাকে। তৃ:খের বিষয়, বৃত্তিগুলির মধ্যে প্রায় সমস্তই বাজালী বালকগণ লইয়া যায়। *

দেবগণ এখান হইতে এমামবাড়ীর সন্নিকটে উপস্থিত হইলে বক্ষণ কহিলেন. "এই স্থানে মহরমের সময় বড় ধ্মধাম হইয়া থাকে; তখন ম্দলমানেরা "হাসেন হোদেন" শব্দে এমন জোরে বৃক্ চাপড়ায় ও লাঠি ওরোয়াল থেলে যে, দেখিলে অবাক্ হইতে হয়। ওদিকে দেখুন কবরস্থান। ঐ স্থানে অনেকগুলি জলের ফোয়ারা আছে।" এই বলিয়া সকলে গুলজারবাগে ঘাইয়া যে দিকে চাহেন, দেখেন— শত শত লোক কাঠের বালু প্রস্তুত করিতেছে।

বন্ধা। বৰুণ! এই সমস্ত কাঠের বাক্সে কি হইবে ?

বরুণ। চীনদেশের সর্বনাশের জন্ত ইহার মধ্যে আফিং চালান হইবে। পিডামহ, আপনি বেছে বেছে এমন প্রবাণ্ড স্পষ্টি করেছিলেন।

ব্ৰহ্মা। ওদিকে ঐ বছদ্ববিস্তৃত একতালা কোঠায় কি হয়? আর উহাতে অভ শাত্রী পাহারাই বা কেন ?

বৰুণ। ঐ হচ্চে আফিংরের গুদাম। এথানেই মাল আমদানী হরে জমে। চনুন, ভিতরে প্রবেশ করিয়া দেখাইয়া আনি।

দেবগণ গুদামন্বে প্রবেশ করিয়া চাহিয়া দেখেন---কটিরায় ভাল ভাল আবিং

अक्ष्य वृक्षिक्षीं नृजन निव्यत्र विकाश कवित्रा निवाब वत्नावक इहेब्राष्ट ।

নাজান রহিরাছে। একটি গৃহে বাস্পযোগে একথানি করাতকল ঘ্রিরা খান্ খান শব্দে পুরু পুরু কাঠগুলি নিমেব মধ্যে চিরিয়া তক্তা প্রস্তুত করিয়া দিতেছে।

ব্রহ্মা। বরুণ! এক ব্যক্তি অপর ব্যক্তির প্রাণ নষ্ট করিলে ইংরাজ-রাজ কি মণ্ড করেন ?

বৰুণ। ভাহার ফাসী হয়।

ব্ৰহ্মা। বিষ খাওয়াইয়া মারিলে ?

বৰুণ। ভাহাতেও ফাসী হয়।

বন্ধা। তবে নিজ হস্তে কি বলে প্রজাকে বিষ খাওয়াচেন ?

বৰুণ। এতে আয় বিস্তৱ।

ব্রমা। ছি! আর কি অস্ত উপারে হইতে পারে না? প্রজার উপকারার্থ না হয় এ আয় পরিত্যাগই করলেন! দেখ, প্রজার হিত করাই রাজার প্রধান ধর্ম। ইংরাজরাজ বিধিমত প্রকারে প্রজার হিত করছেন সত্য, কিন্তু এ-কাজটি ডো ভাই হিতের কাজ নয়।*

নারা। আপনি সমস্ত পথ বলে এসেছেন—পাটনায় আফিং দস্তা; কিছু বেশী করে লউন।

বরুণ। চারি ভরির বেশী তো বিনা লাইদেন্সে বিক্রয় করিবে না।

ইন্দ্র। আঁগা এণিকে তোভাল।

ব্রহ্মা। ভাল কিসে? প্রত্যন্থ যদি এক ব্যক্তি চারি ভরি করে কিনে খার, রাজার কি তাতে কোন বারণ আছে ?

নারা। পিতামহ। এ ছাই আফিং কেন সৃষ্টি করেছিলেন ?

ব্রসা। আমি আফিং সৃষ্টি করি নাই, তবে আফিংরের বৃক্ষের সৃষ্টি করিয়াছি বটে। তথন কি জানিতাম যে, আমার মহয়েরা পরিশ্রম করিয়া কোন্ বৃক্ষের মূলের আঠার বিবাক্ত আফিং প্রস্তুত হয় আবিকার করিবে ও সেই বিধ বেশী মাজায় খাইয়া উৎসন্ন ঘাইবে? এরপ জানিলে আমি কখনই অহিফেনের বৃক্ষের সৃষ্টি করিতাম না।

এখান হইতে দেবভার। পাটন-দেবীর মন্দির দেখিতে চলিলেন। ইনি

এক্ষণে গ্রন্মেন্ট ভারত্বর্বে আবিষের চাব সংবত করিবার আদেশ করিরাছেন।

দেবগণের মর্ছ্যে আগমন

কালীমৃত্তি,—নামান্ত একটি মন্দিরমধ্যে আছেন। বরুণ কছিলেন, "পিতামহ! ইহারই নাম হইতে পাটনা নাম হইয়াছে। বেভিয়ার মহারাজ এই বাঞ্চি প্রস্তুকরিয়া দিয়াছেন।"

रेखा वक्रणा अहा कि १

বৰুণ। এমামবাডী।

নারা। কত এমামবাড়ী ?

वक्र । भूमनभान भरूत, विभी अभाभवाष्ट्री रहेरव ना ?

এই সময় এক বৃদ্ধ মুসলমান যষ্টিহন্তে কাঁপিতে কাঁপিতে আসিয়া ব্ৰহ্মাকে কহিল "চাচা। দেলাম গো।"

ব্ৰহ্মা। কে তৃমি ?

মৃদলমান। আছে, তুমিও যে, আমিও দে। তুমি হি'ছর দেবতা ব্রহ্মা, আমি মুদলমান-দেবতা পীর পয়গম্ব।

নারা। ভোমার এ-দশা কেন?

পরগম্বর। তোমাদেরও যেই দশা, আমারও সেই দশা। দেখ, তোমরা এক সময় এই পাটনায় কত সমাদরের সহিত পূজা পাইয়াছ, আর আজ সামান্ত বেশে পাটনার রাস্তায় রাস্তায় ফ্যা ফ্যা করে ঘুরে বেড়াচছ। আমিও একদিন এখানে যথেষ্ট পূজা পেয়েছি। আর আজ সামান্ত বেশে কবর হাতড়ে বেড়াচিচ। তবে তোমাদের অপেকা আমি অনেকটা স্থা। কারণ তুমি তোমাদের নন্দ, চন্দ্রগ্রন্থ প্রভৃতি যে কোথায় হ'ল আর কোন্ স্থানেই বা মোলো তার কোন চিহ্নও দেখিতে পাইতেছ না; আমি কবর হাতড়ে তবু জানতে পাচিছ "অমৃক, অমৃক কবরে চিরনিলায় অভিভৃত আছেন।"

নারা। পরগম্বর, সুথী কে ?

পরগ। যীও।

ব্ৰহ্মা। দেখ প্ৰগদ্ধ ! অপ্ৰের স্থুখ দেখে ভোষার ছু:খ করা উচিত নছে। দেব দানৰ সহয় প্রভৃতি কেছই চির-স্থুখ ভোগ করিতে পায় না। আমাদের স্থেব দিন অভীত হইরা আজ যীশুর স্থেব দিন উপস্থিত। তাহার স্থুখ দেখে ছু:খ করা দেবোচিত কার্য নহে।

এখান হইতে দেবগণ একটি চকের মধ্যে ঘাইয়া দেখেন—প্রত্যেক দোকানেই

কাঠের খেলনা ও কোঁচা প্রান্তত হইরা বিক্রের হইন্ডেছে। তাঁহারা এবটি দাতব্য চিকিৎলালরের সন্নিকটন্থ গির্জ্জার নিকট উপন্থিত হইলেন এবং তথা হইন্ডে সকলে রামনারারণের কেলা দেখিতে চলিলেন। তথার উপন্থিত হইরা বরুণ কহিলেন "দেখ দেবরাজ! ইহাকেই লোকে রামনারারণের কেলা কহে। এই কেলা-মধ্যে এক সমরে নবাব মিরকাসিমের আজ্ঞার সমরু কর্তৃক ১৫০ জন ইংরাজ হত্যা হইরাছিল। এনান হইতে প্রায় অর্ধ ক্রোল দ্বে ইংরাজদিগের প্রাতন কবর-দান। এ স্থানে সাদা ও কাল পাথরে নিন্মিত ১৩০ ফুট উচ্চ একটি স্তম্ভ আছে।"

এখান হইতে সকলে মাক্রগঞ্জের মধ্যে গিয়া দেখেন নানাম্থান হইতে নানাপ্রকার নিম্ন বোঝাই গো-শকট সকল আসিয়া উপন্থিত হইতেছে। প্রত্যেক দোকানঘরে লবণ, ছোলা, মসিনা এবং জনার পর্বতাকারে সাজান বহিয়াছে। বক্রণ কহিলেন, "পিতামহ! এই ম্বানের নাম মাক্রগঞ্জ। পাটনার মধ্যে মাক্রগঞ্জই প্রসিদ্ধ বাণিজ্যের স্থান।"

ইন্দ্ৰ। বৰুণ! পাটনার যাবতীয় গৃহই প্রায় কার্চ নিম্মিত কেন? আর কি কারণেই বা গৃহাদিতে গ্রাক্ষাদি দৃষ্ট হুইতেছে না?

বরূপ। এখানে কার্চ খুব সন্তা, এজন্ত প্রত্যেক বাড়িই কার্চে নির্মিত। বেহারবাসীরা গৃহে জানালাদি রাখে না। কিসে স্বাস্থারক্ষা হয়, ইহারা তাহা জানে না। ইহারা মিউনিসিপাল ট্যাক্স দেয়, অথচ ট্যাক্স কেন দেওয়া হয়, তার অর্থ পর্যন্ত অবগত নহে। আমি আপনাদিগকে পাটনার কোন গলির মধ্যে লইয়া ঘাইতে সাহস করিডেছি না; কি জানি পাছে পচা গদ্ধে বমী করিয়া বসেন। পাটনার লোক এমন তুর্বল যে, মিউনিসিপ্যালিটির নিকট নিজ ছংথ জানাইয়া সে ছংখ দূর করিয়া লইবারও চেটা করে না।

এথান হইতে কিছু দ্রে যাইয়া ইন্দ্র কহিলেন "বরুণ! ুসমূধে ও মন্দিরটি কি "

বরুণ। উহার নাম হরমন্দির। এই মন্দিরটি রণজিৎ সিংহ নির্মাণ করান।

মন্দিরমধ্যে শুরুগোবিন্দের পাতৃকা ও গ্রন্থ আছে। তাঁহার ভক্তমাত্রেই সেই গ্রন্থ
পাঠে অধিকারী।

हेक। खक्राविक कि?

্বকণ। ইনি শিখ্যিপের একজন গুরু। শিথের। তাঁহার নিকটে ধর্মোপদেশ

দেবগণের মর্ভ্যে আগমন

ও তৎদহ যুদ্ধবিদ্যা শিক্ষা করে। গুরুগোবিন্দ পাটনা নগরেই জন্মগ্রহণ করেন। তাঁহার ইচ্ছা ছিল, মুদলমানধর্মেঃ উচ্ছেদ করিবেন।

এথান হইতে দেবগণ ষ্টেশনে যাইয়া উপস্থিত হইলে বৰুণ কহিলেন "পিডামহ! দানাপুর দেখিবেন কি ?"

বন্ধা। দেখানে কি আছে?

বৰুণ। দানাপুরেই ইংরাজদিগের দৈক্তশালা। তথাকার বারিক বড় বিখ্যাত। ঐ স্থানে অনেক চামার বাস করে। ভাহারা "দানাপুরে জুভা" নামে একপ্রকার জুভা প্রস্তুত করে।

বন্ধা। না ভাই, কলিকাভার নিরে চল।

নারা। বরুণ। এবার আমরা কোণার গিরা বিশ্রাম লইব ?

বৰুণ। জামালপুরে। ঐ স্থানে রেলওয়ের অনেকগুলি আফিস আছে।

এই সমরে টিকিট দিবার ঘণ্টা দেওয়ায় দেবতারা যাইয়া টিকিট লইলেন ও একখানি টেণে উঠিয়া বসিলেন। টেণ হণ্ হণ্ শব্দে ছটিতে লাগিল।

ইন্দ্ৰ। বৰুণ! পাটনার কোন দ্রব্য ভাল?

বৰুণ। পাটনার কুল ও দাড়িম বড় বিখ্যাত।

এদিকে ট্রেণ করেকটা ষ্টেশন অভিক্রম করিয়া বাড়ে আদিয়া উপস্থিত হইন। ব্রহ্মা কহিলেন "বরুণ! এ-ফুন্দর ষ্টেশনটির নাম কি ?"

বরুণ। এ শ্বানের নাম বাড়। বাড় একটি বিখ্যাত বাণিজ্যের শ্বান। এখানে অসংখ্য চামেলি ও বেল ফুলের বাগান আছে। এইখানেই বিখ্যাত ফুলের তৈল প্রস্তুত হইরা থাকে। এই শ্বানের দীমা হইতে ত্রিহুত রাজ্য আরম্ভ হইরাছে। ঐ ত্রিহুত রাজ্যের প্রাচীন নাম মিথিলা। মিথিলার জনক রাজার রাজধানী ছিল। অভালি প্রতিবংশর রামনব্যীতে তথার একটি করিয়া মেলা হইরা থাকে।

ইন্দ্র। মিথিলা এখান হইতে কডদুর হইবে ?

বরুণ। বাড়ঘাট টেশন হইতে পঞ্চাশ মাইল দ্বে মজ্যফরপুর। মজ্যফরপুর ছইতে মিধিলা চারি পাঁচ দিনের রাজা।

নারা। বরুণ ! জামানপুর আর কতদ্র ? গাড়ীখানাকে হাঁকিরে নিরে যাজে না কেন ?

এদিকে ট্রেণ "হুপার্ণ" শব্দে বাড় পরিভ্যাস করিয়া মোকামা ট্রেশনে আসিরা

द्धेभन्नि इहेन। एरवभन कर्जनाहेन भविछाभ कविन्ना मुन नाहेरन चानिरवन, একজে লে ট্রেণ পরিভাগ করিরা অপর ট্রেণে উঠিরা বসিলেন। তাঁহারা ষে কাষরায় বদিয়াছিলেন, তাহাতে তথন দর্বত্ত বারোজন লোক ছিল। একটি বাঙ্গালীবাবুও ইহাঁদের সহিত ছিলেন। বাবুটি পাছে অপর লোক ঐ গাড়িতে উঠে এই আশস্কান্ত বারের নিকট দাঁড়াইনা "বান নাই, স্থান নাই" বলিয়া অপর যাত্রীদিগকে বিমুধ করিতেছিলেন। ক্রমে এক ঝাঁক বেহারবাসী গাত্তের বোটকা গন্ধ বাহির করিয়া কোলাহল করিতে করিতে 🗬 ভারের নিকট আসিরা উপন্থিত হটল। তাহাহিগের এক জনের **হঙ্গে এ**ক একটি তিন চারি মণ আন্দান্ত পৌটলা। টেণে উঠিবার সময় বেহারবাদী দিপের সহিত মেবের পালের অনেকটা সোণাদৃত দেখিতে পাওয়া যায়। মেবের পাল ষেমন নদী পার হইবার সময় তীরে আসিয়া চিৎকার করিতে থাকে. প্রাণান্তেও জলে নামে না. পরিশেবে একটার কাণ ধরিয়া জলে নামাইয়া দিলে দলকে দল আপনা হইতে নামিরা পড়ে। ইহাদের অনেকটা ওদ্রপ অবস্থা ঘটে। গাড়িতে স্থান থাক বা না থাক, দলের মধ্যে একজন যে গাড়িতে উঠিবে. পালেপালে দেই গাড়িতে উঠিয়া স্থানাভাবে দাঁড়াইয়া থাকিবে. তথাপি ব্যস্ত গাড়িতে ঘাইবে না। কোন ব্যক্তি কোন খানে ঘাইবার সময় বোধ হয় যেন পাঁচধানি গ্রামের লোককে নিয়ন্ত্রণ করিয়া জ্বটাইয়া আনিয়াছে। তুর্ভাগ্যক্রমে সমস্ত ঝাঁকটা আমাদের দেবগণের কামরার নিকট আসিয়া উপস্থিত হইল এবং যে-বাবু ঘারের নিকট দাঁড়াইয়া লোক উঠিতে বাধা দিতেছিলেন. ভাঁহার খালি স্থানটি দেখিয়া এক ব্যক্তি দাঁড়াইয়া বহিল; স্বভরাং সমস্ত দলটা कांछाहेब। कांनाहन कविएछ नांत्रिन। शानस्थात्र स्विधा गार्छ मारहर निकरि আসিয়া কচিলেন "এখানে কি ?" তাহারা কহিল "ভিতরে স্থান আছে উঠিতে ছিতেছে না। তৎশ্রবণে সাহেব সন্ধোরে পাড়ির ছার উদ্যাটন করিয়া ভাহাদিগকে উঠিতে কহিলেন। অর্থেক আন্দান্ধ উঠিয়া গায় গায় হইয়া যথন খানাভাবে আহি আহি শস্ত্র করিতে লাগিল, অধন দাহেব অবশিষ্টগুলাকে রুলপেটা করিয়া তন্মধ্যে প্রবেশ করাইরা চবি বন্ধ করিয়া দিয়া চলিয়া গেলেন। ষাইবার সময় বান্দালীবাৰু কাতৰ খবে কছিলেন "দাছেব! কলে কি?" দাছেৰ ভত্তত্তে কহিলেন, "হাউ ব্লাভি নিগার, গোল মৎ করিও।"

দেবতাদের মর্ভো আগমন

বরুণ চাহিরা দেখিলেন, বৃদ্ধ পিভারহ লোকের ভিড়ে কোণ-ঠাসা হইরা দম আটকাইরা মারা বাইবার মত হইরাছেন, কথা কহিতে পারিভেছেন না। তথন দেবতারা নিজ নিজ হান ছাড়িরা দাঁজাইরা তাঁহাকে স্থান করিরা দিলেন এবং মনে মনে ভাবিতে লাগিলেন, "হার! এই বিশ্বহারাও বাঁহার স্ফট, বাঁহার আদেশে রবি শনী উদয় ও অস্তে বাইভেছে, যিনি কটাক্ষে সকল করিতে পারেন, আজ রেলগাড়িতে তাঁহার কি ফুর্দ্দশা! ট্রেণে দেখচি ভন্ত, বাজা, প্রজা, মর, অমর সকলেরই এক দশা!"

বন্ধা। বৰুণ। ইহাদের গাজে এমন ছুৰ্গন্ধ কেন।

বরুণ। উহারা যে বস্ত্র পরিধান করে, তাহা না মরিলে পরিভ্যাগ করে না; বস্ত্রখানি জলে ভিজিলে পাছে শীঘ্র ছিন্ন হর, দেই আশ্বার সহজে জলাভিবিক্ত হইতে দের না। এত যত্ত্বেও যদি ছিন্ন হর, তাহাতে পিরাণ সেলাই করে। তাহা ছিন্ন হইলে তালিরূপে কাঁথাতে উঠে। সেই কাঁথা ধুকড়ি সঙ্গে এনেছে। ও গন্ধ কি সহজে যার?

ব্রহ্মা। জামালপুর জার কতদ্র ? শীব্র নামতে পারিলে বাঁচি, গজে জামার প্রাণ যায়।

ঐ কথা বয়েকটি তিনি এমন খরে বলিয়াছিলেন, ভনিলে বক্ষ বিদীর্ণ হয়।
হায়! আজ আমি এই সমস্ত কথা প্রচার করিতে বসিয়াছি। এই অপরাধে
না জানি লোকে আমাকে কত ব্যক্ষ করিতেছেন। হয় তো আমি দেবগণের
অবমাননা করিতেছি বলিয়া কত হিন্দুসন্তান আক্ষেপ করিতেছেন। কেহ
কেহ আমাকে নান্তিক মনে করিয়া কত তিরস্কার করিতেছেন ও ধিকার
দিতেছেন। কিন্তু আমার বিবেচনার অগ্রে শনিদেবকে তিরস্কার ও ধিকার
দেওয়া উচিত। আজি শনি যদি ভারতের এ-অবয়া না করিতেন, আজি
শনি যদি আমার য়ন্তে চাপিয়া না বসিতেন, কে দেবগণকে মর্ড্যে আসিতে
দেখিতে পাইত ? আর এক কথা, বিধাতারও এ-বিষয়ে কিছু দোর আছে,—
তিনি সকলের ভাগাই লিখিয়া থাকেন। স্কতরাং নিজভাগ্যে ও ভারতভাগ্যে
বাহা লিখিয়াছেন, অন্ত তাহারই অভিনয় হইতেছে; আমাদের লেখা উপলক্ষমাত্র। দেবগণকে স্পোল ইেবে আনিয়া প্রিলেণ ঘাটে ভূলিয়া তোপধ্বনি
করিলে এবং কলিকাতা মহানগরী এই উপলক্ষে আলোক্ষালার বিভূষিত

করিলে তবে দেবগণের সম্মান করা হইত। কিন্তু আমাদের স্পোল কৈ ? তোপ কৈ ? দেবতাদিগের কুদৃষ্টিতে আমাদের পাথুরে বন্দৃক পর্যন্ত ব্যবহার করিবার জো নাই; গৃহে ব্যান্ত প্রবেশ করিয়া ধরে ধরে থাইলেও আত্মরক্ষার জন্ত আমরা অন্ত ব্যবহারে অধিকারী নহি! এ-হেন দেবতাদিগকে আমরা প্যানেঞ্চার টেনে থার্ড ক্লানে আনিব না তো কি করিব ?

ব্রন্ধা। বরুণ! আমি পূর্বে এই টেপের যথেই প্রশংসা করিয়ছি; কিন্ত এ কি! যদি আরোহীদিগকে এমন কইতোগ করিতে হ্র, তবে প্রত্যেক কামরায় হিন্দি, বাঙ্গালা, ইংরাজীতে লেখা ও কাগজগুলো লটকাইয়া দিবার আবশুকতা কি?

বঞ্গ। আপনার কথা সভ্য, কিন্তু আমি এ-বিষয়ের জন্ত 'রেলওয়ে কুর্ভ্-পক্ষদিগের কোন দোষ দেখিতেছি না। এ-সমস্ত অবিচার ষ্টেশনের 'কর্তাদিগেরই ছারা ঘটিয়া থাকে।

অতি প্রত্যুবে ট্রেণ জাষালপুর টেশনে আদিয়া উপস্থিত হইল। দেবগণ দেখিলেন—শ্রেণীবদ্ধ হইয়া আলো জনিতেছে এবং "চং চং" শদে দণ্টা বাজিতেছে। তদ্পুটে তাঁহারা তাঁহাদের ওভাগমন জন্ম মন্ন্স-আরতি হইতেছে ভাবিয়া আহলাদ করিতে লাগিলেন।

দেবতারা টিকিট দিয়া গেটের বাহির হইন্ডেছেন, এমন সময়ে একটি গোর-বর্ণের ছিপছিপে বালক জ্রুত্পদে গিয়া ব্রহ্মার হস্ত ধারণ করিয়া কহিল "কর্জা জ্বেঠা! আমিও এসেছি।"

ব্ৰহ্মা। কেরে, উপশনি! তুই এখানে কেন? তোর বাবা শনি এখন কোণায়?

উপ। দ্বেঠা মহাশয়! আমি এথানে চাকরী করবো। বাবা গবর্ণমেন্ট আফিসে কর্ম করচেন।

বন্ধা। তুই বলিদ কি? এই পাহাড়ে দেশে এনেছিদ চাকরী করতে! কেন, খর্মে কি একটু কাজকর্ম জোটে না? এর চেরে যে দেশে পাঁচটাকা মাইনের প্যায়হাগিরি ভাল!

উপ। বাবা বজেন "বাঙ্গালীয়া ষেমন ব্যবদা বাণিচ্চা হেড়ে চাক্রী চাক্রী করে উন্মন্ত হয়েচে, চল তেমনি আমরা বাণ-বেটার সিরে চাক্রীর বাজারে

ছেবগণের মর্ছ্যে আগমন

শুভদৃষ্টি দিয়ে আসিগে। আমি বুড়ো মাহ্মব, গবর্ণমেণ্ট আফিসগুলি বাতীত পেরে উঠব না। তুই বাবা একবার রেলওয়েতে কটাক্ষপাত করে আয়, শুনেছি জামার-পুরে অনেক রেলওয়ে কেরাণী আছে, তাদের বহু হুখ; বৎসরে তুইবার মাইনে বাড়ে এবং যাতায়াতের পাশ পায়। তুই সেখানে গিয়ে একবার বাজারটা গরম করে দিয়ে আয়। তাহাদের হুথের পথে কন্টক ফেল।

ব্ৰহ্মা। বৰুণ! উপ বলে কি?

বঙ্গণ। শনি বা কোন চালাক । এথানকার বড়বাবুরা তাঁর চেরে বেশী চালাক—তাঁকে টাঁাকে গুঁজে নশু করতে পারেন। বাবা । রেলওয়ের বড়-কাবুছের কাছে এসেছ দাঁত ফুটাতে ?

জামালপুর

দেবগণ গেট দিয়া বাহির হইয়া ষ্টেশনের শুদামধরে কিছু সমরের জন্ত উপবেশন করিলেন এবং বরুণ ও নারায়ণ বাসার অক্সম্বানে চলিলেন।

নারায়ণ ও বরুণকে বিদায় দিয়া দেবগণ বসিয়া গল্প করিতেছেন, এমন সময়ে রেলগুরে ওয়ার্কসপের (কারথানার) ভোমা বিকটাকার শব্দে চিৎকার করিয়া উঠিল। সেই শব্দ শ্রুবণে আমাদের পিতামহ লাফাইয়া উঠিলেন এবং দেবরাজকে কহিলেন, "সারলে; ইন্দ্র! দেখছো কি? দফা সারলে! এতদিনে হাতে দড়ি পড়লো। জানি, ও ছোড়া খুনে—ওর কি দিখিদিক জ্ঞান আছে?"

हेखा । ও किस्मत मस ठाकृतमा ?

ব্রহ্মা। বুরতে পারছো না? কৃষ্ণ পাঞ্চন্ত শাঁক বাজাচ্চে। এখনি পুলিদের লোক ছটে এসে সকলকে বেঁখে নিয়ে যাবে।

এই সময় বরুণ ও নারায়ণ আসিয়া উপস্থিত হইলেন। নারায়ণ হাগিতে হাসিতে কহিলেন, "ঠাকুরদা! উত্তম বাসা হয়েছে, সা-ফ্রেণ্ডের দোতালা।"

ব্ৰাহ্মা। এ কি ভোমার কুদক্ষেত্র ?

नावा। श्ख्यक् कि?

বন্ধা। তৃষি কি বলে ইংরাজ-রাজ্যে এনে পাঞ্চন্ত শাক বাজালে ? চেয়ে বেথ দেখি। রাজা দিয়ে কড লোক ছুটচে। এখনি পুলিশ এনে বেঁথে নিয়ে গোলে কে আয়াছের বন্ধা করবে ? বৰুণ ৷ ঠাকুবছা ৷ স্বৰ্গীয় বালকগণ সচবাচর করতালি দিয়া যে হেঁরালিং বলে, তাও কি আপনি কখনও শোনেন নাই ?

ব্ৰহ্মা। কোন হেঁয়ালি ?

বঙ্গণ ঐ যে—

"শব্দ হইল পরে ধরে রাখা দায়, দেশী বিলাজীর পাল ঝাঁকে ঝাঁকে যায়। কছেন কবি কালিদাদ ওরে ভাই কেশে, বল দেখি এমন জন্ধ আছে কোন দেশে ?"

ব্ৰহ্মা। অৰ্থ হল কি?

বক্লণ। অর্থাৎ ওয়ার্কদপের ভোমা। ঐ ওয়ার্কদপে দেশী ও বিলাতী উভয়প্রকার লোক কর্ম করে।

বন্ধা। ঠিক; দে জন্ধ এই জামালপুরে আছে বটে! ভাল, যথন লোকগুলো।
ছুটে যায়, কতকগুলো বাঙ্গালী দেখলাম—পাণ চিবাইতে চিবাইতে ছুটে গেল;
ওরা কে!—

বরুণ। ওরা ওয়ার্কসপের কেরাণী।

নারা। এত প্রত্যুষে পাণ চিবাচ্চে কেন?

বরুণ। আহার হয়েছে-পাণ চিবাবে না ?

নারা। এত শীতে এবং এত প্রাতে পেটে ভাত যায় ?

বঙ্গণ। না গেলে চলে কৈ? ওদের ঘূর্দশার কথা ভাই বলো না! রাজি তিনটার সময় উঠে "চাপাও চাপাও" শব্দে পরিবারের ঘূম ভালাইয়া দেন। তারপর, ঘূ-এক ঘটা কৃপঙ্গল মাথার দিয়ে "ভাত আন, শীদ্র ভাত আন, বেলা হল" বলে চিৎকার আরম্ভ করেন। গৃহিণী গরন ভাত, তরকারি এবং গরম ভালের বাটা কোলে দিয়ে যান। বাবুদের বেলা হইবার ভয়ে ঠাণ্ডা করিয়া খাইবার অবসর হয় না; গরম গরম মুখে দিতে থাকেন। হয় তো দিবামাক্র টাক্ট্যাক শব্দে জিহবা দক্ষ হইতে থাকে; অন্নি চাপান্ন রহম মুখতে কিরে সেইগুলো কোঁৎ কোঁৎ শব্দে গিলতে থাকেন। এদিকে গৃহিণী গরম ঘূখের বাটা নিকটে এনে অঞ্চলের বাতাস দিয়ে তাহা শীতল করিবার চেটা পান। কোন কোনদিন এমনও হয়, বাবুর অর্জেক আন্দান্ধ ভোক্বন না ইইতে ওয়ার্কসপের

দ্বেরগণের মর্ছ্যে আগমন

ভোমা বাবে। অন্নি কর্ত্তা ভাতের থালা ফেলিয়া লাফাইয়া উঠে কছেন "প্রিয়ে! এই রইল তোমার ত্থ, আমার ভাগ্যে থাওয়া হলো না।" বলে চোথেম্থে একটু জল দিয়ে ও একটা কুল্কুচো করে, পাণ একটা গালে ফেলে দে ছুট!

हेक। वाहा! इस थ्या ना या ध्याय गृहिनीत टा तक इःथ इय !

বঙ্গণ। ছংখ বলে ছংখ! মাগী সমস্ত দিনটে পথে পথে দাপাদাপি করে বেড়ায়, আর লোক ভেকে বলে "আহা! ছ্ধটুকু খেয়ে গেল না," "আহা! ছ্ধটুকু খেয়ে গেল না গা!"

বন্ধা। এত কটেও যদি বেলাহয়, তাহলে কি হয় ?

বরুণ। ধারের কাছে হাজিরার সময় লিখিবার জন্ম নল, নীল, গয়, গবাক্ষের ক্সায় চারিজন আছেন। তাঁহারা একটু চিরকুট কাগজে বড়বাবুদের লিখে পাঠান; বড়বাবুরা এদে মুখ খিচাইতে আরম্ভ করেন।

বন্ধা। বল, তারপর কি প্রকারে দিন যায় ?

বৰুণ। কাজকর্ম করতে যদি ভূলচুক হয়, সাহেব এসে নিগ্রহ করেন। আর যদি সেদিন কপাল পোড়ে—ছু'এক রোজের বেতনও কাটা যায়। নিতাস্তই যদি কপাল ফাটে কর্মটিতে জল দিয়া নিশ্চিম্ভ হয়ে বাসায় আসেন।

ইন্দ্র। দিনটে যদি নির্বিছে কেটে যায়, এসে ছধ থেতে পান তো?

বৰুণ। তাহারও স্থিরতা নাই; হয় তো বাসায় এসে দেখেন, পরিবার কাঠে ছ্র্লাড়ে পড়ে চক্ষ্ণাল করে বসে আছেন। বাবু বাসায় এসে জ্বতা খুলে যেমন পা ধোবার উদ্যোগ করেন, অগ্নি স্থমধুর স্বরে মিঠে গলায় হয় তো বলে উঠেন "পোড়াকপালে! পা ধোবে কি? আগে বাজার থেকে শুক্লো কাঠ কিনে আন—নচেৎ ভাতের তলো তোমার মাধায় ভাংবো।" বাবু ভয়ে শুক্লো মুখে আবার স্থান্থে দিয়ে টিমাতে টিমাতে শুক্লো কাঠ কিনতে যান।

নারা। আমি দেখচি-রাতটে ঘূমিয়ে যা স্থপ পায়।

বৰুণ। তাতেই বা হুখ কৈ ? ঐ ভোমা বান্ধলো— ঐ ভোমা বান্ধলো ভেবে বাত্তে ঘুমের ধোরে চমকে চমকে উঠে।

ব্রহ্মা। উপ! তুই এত সকালে থেয়ে, এত কট্ট সহা করে ভোমার চাকরি করতে পারবি ?

এখান হইতে দেবগণ ব্যাগ হস্তে করিয়া বাদাভিদ্ধে চলিলেন। যাইতে

যাইতে সকলে দেখেন—প্রায় অর্দ্ধ ক্রোশ আন্দান্ধ একটি ছান লোহরেল ছারা পরিবেইন করা রহিয়াছে। তাহার মধ্যে অনেকগুলি অট্টালিকা শ্রেণী; অটালিকা শ্রেণীর মধ্যে গগনস্পর্শী এক একটি ইইকনির্মিত চিমনী দিয়া অনর্গন ধ্ম নির্মাত হইয়া স্থানটিকে অন্ধকার করিয়া রাখিয়াছে। উপ একদৃষ্টে হা করিয়া যেমন দেই দিকে চাহিতেছিল, অমি পাধ্রে কয়লার কুঁচো আনিয়া তাহার চক্ষের মধ্যে প্রবেশ করিল। সে ক্রুতগতি ব্যাগ ফেলিয়া হস্তে চক্ষু রগড়াইতে লাগিল।

नाता। वक्षाः এ-श्रानिष्ठे कि?

বঙ্গণ। রেলওয়ে ওয়ার্কদপ। এই ওয়ার্কদপে হান্ধার হান্ধার লোক প্রতিদিন প্রতিপালিত হইতেছে। ওয়ার্কদপের মধ্যে নানাপ্রকার আশ্চর্য্য কল চলিতেছে।

নারা। ওয়ার্কসপ দেখতে পাওয়া যায় না?

वकः । यात्र ; जामि এकिन मकन्तक नहेशा शिक्षा त्रथाहेशा जानिव ।

ক্রমে সকলে যাইয়া সা-ক্রেণ্ড কোম্পানীর দোকানের নিকট উপস্থিত হইলেন। দেবগণ দেখেন — দোকান ঘরে বসিয়া কতকগুলি সাহেব "ফটাস ফটাস্" শব্দে বোতলের কর্ক খূলিয়া লেমনেড পান করিতেছেন। পথে রামচন্দ্র বিভাবাগীশ বিস্কৃটের বান্ধ্র হাতে করিয়া উমেশ কেরাণীর সহিত গল্প করিতেছেন এবং কহিতেছেন—তাঁহার মুখে কোন দ্রব্যাদি ভাল না লাগায় রেলওয়ে ডাক্রারের। বিলাতী বিস্কৃট ভোজনের ব্যবস্থা দিয়াচেন।

উপবীতধারী বিভাবাগীশ হিন্দুসমাজে থাকিয়া অথাত ভোজনেও সমাজ-মধ্যে স্থান পাইতেছেন দেখিয়া দেবগণ অবাক্ হইলেন। তথন ব্রহ্মা কহিলেন "বঙ্গণ! এ কি! শিক্ষিত-সম্প্রদায়ের বিশেষতঃ বিভাবাগীশ ও ভায়রত্ব প্রভৃতির যখন এই কাজ, তথন না জানি আমার অশিক্ষিত হিন্দুসন্তানেরা কি না করিতেছে! আমি দেখিতেছি, আমার স্ঠি রাথিবার আর আবশ্রকতা নাই। চল—মর্গে গিয়া ইহার প্রতিবিধান করি।"

ইন্দ্র। এ দোকান কাহার?

বঙ্গণ। কলিকাতার প্রসিদ্ধ গোরমোহন দা নামক এক ব্যক্তির। গোরমোহন দার নিচ্চ কলিকাতার এবং অক্সান্ত স্থানে অনেকগুলি দোকান আছে। জামালপুরে এই দোকানটি ভিন্ন তাঁহার কতকগুলি ভাড়াটে বাটী আছে। তন্মধ্যে ১একটি বাটীর দোতলা আমরা বাদের জন্ত ভাড়া করেছি।

দেবগণের মর্ছ্যে আগমন

নারা। দোকানঘরের পশ্চিমদিকের ও ঘরটি কি ? আর উহার ভিতরে ওপ্রকার শব্দ হইতেচে কেন ?

বরুণ। ঐ গৃহে পবিত্র সীতাকুণ্ডের জলে খেতখাল-বিরাজিত চাচাদের খারা কলে লেমনেড ও সোডাওয়াটার প্রস্তুত হইতেছে।

ব্রহ্মা। থায় কারা?

वक्र । है : वाक्र वाक्रानी - य शाय महे थाय ।

উপ। বৰুণ কাকা। আমি খাব।

বন্ধা। চুপ! নচ্ছার, পাজি। বরুণ! লেমনেডের গুণ কি এবং মূল্য কত ?

বরুণ। গুণ—শরীর শীতল করে। বাঙ্গালী বাবুরা আচার ব্যবহার—সকল রকমেই ইংরাজের নকল করেন। ইসপগুল—মিছরির পোনা—বাতাসার জল — এ-সবের আর কেহ নাম করে না। তৃ-আনা চার আনা দিয়ে—ঐ সব মেচ্ছের জলগুলো থায়!

ব্রহ্মা। দেখ বরুণ ! আমার বাঙ্গালীদের সন্থরেই পতন হবে। ইহারা যেরূপ বিলাসপ্রিয় হইয়াছে, তাহাতে আমি নিশ্চর বলিতেছি, সন্থরেই ইহাদের পতন হইবে। নচেৎ এক পয়সার ভাব পাঁকে পুঁতে রেখে খেয়ে ধাত ঠাগু করিবার যে পদ্ধতি আছে, তৎপরিবর্জে ছই আনা চার আনা ব্যয়ে যাবনিক জলপানে অগ্রসর হইবে কেন? আমি দেখিতেছি, আমার বাঙ্গালীদিগের সকল বিষয়েই পরিবর্জন ঘটিয়াছে। তারা নাগরা জ্তা পরিত্যাগ করে বৃট, দেশী ধৃতি পরিত্যাগ করে বিলাতী, এবং বালাপোসের পরিবর্জে শাল জামিয়ার গায়ে দিতে শিখেছে। যে জাতি অল্প আয়ে এত বাবু হয়, তাদের যে শীদ্র পতন হবে, তা কি তৃমি স্বীকার কর না? অতীতকালের পরিচ্ছদাদি অপেক্ষা বর্জমান সময়ের পরিচ্ছেদগুলিতে স্বল্প ব্যরে বাবু সাজাইতে পারে স্বীকার করি, কিন্তু ভাই কদিন যায়? অতএব ইহারা যাহা উপার্জন করে, তৎসমৃদয় যদি সাজ পোষাকে পর্যবসিত হয়, ভবিশ্বতের জন্ম সঞ্চয় থাকে কি?

বৰুণ। উহারা বলে, ঘরে থাই না খাই, তা তো কেউ দেখতে যাচেচ না। কিছু সাজ পোবাকটা সকলেই দেখে থাকে।

নারা। উৎসন্ন যাক!

বঞ্চণ। দেখুন পিতামহ! হিদাবী লোক ইংরাজেরা। ষাহাদের রাজনী থাকে, তাহাদের ঐরপই হয়। বলবো কি—কি রাজা, কি ভিক্ক — সকলেরই পোষাক একরণ। পোষাকদৃষ্টে কে রাজা, কে চামার কাহার দাধ্য চিনে লয়! আবার মাগীগুলোও তেয়ি, কতকগুলো কাকের পালক, বকের পালক মাজায় গুঁজে দিব্য হেদে থেলে বেড়াচেচ। আর আমাদের এঁদের দেখবেন একটু পরেই ১৫ টাকা বেতনের কেরাণীরা দিব্য চ্যেন ঝুলিয়ে কেরাণীগিরি করতে যাবে। তাঁদের পরিবারদেরও প্রতি বংসর ১০।১৫ ভবি গয়নার বায়না আছে।

এই সময়ে আট্টান্ন-আঞ্চিদে-যাওয়া কেরাণীবাব্রা পক্ষপালের মত রাস্তান্ধ আসিয়া উপস্থিত হইল। দেবতারা একপার্খে সরিয়া দাড়াইলেন এবং নারান্ত্রণ কহিলেন "উ: বাবা! এ যে পালকে পাল রে!"

ব্রহ্মা। বরুণ! এই পর্বতের মধ্যে জামালপুর। এখানে দন্ধান পেয়ে এত বাঙ্গালী কোথা হতে জুটল ?

বঙ্কা। আজে, আজকাল প্রায় দকল বাঙ্গালীরই লক্ষ্য এক চাকরী। আহ্মণ বেদপাঠ ছেড়ে, বৈছা চিকিৎদা-ব্যবদা ছেড়ে, কুম্বকার ও স্বর্ণকার হাঁড়িপেটা ও গহনা ছেডে, নাপিত ও মংস্ক্রীবী ক্ষুর বুলান ও ক্ষ্যাপলা ফেলা ছেড়ে, ধোপা কাপড় কাঁচা ছেড়ে এই চাকরীর জন্ম লালায়িত। অতএব উহারা চাকরির গব্ধে যে জামালপুরে আদিবে, তাহা আর আশ্রুষ্য কি ?

ব্রহ্ম। দেখ বরুণ! আমার বাঙ্গালীদিগের এই আর একটি অবনতির কারণ। সকলে নিজ নিজ ব্যবসায় পরিত্যাগ করায় দেশে স্বাধীন ব্যবসায়ের লোপ হইতেছে। অপর দিকে, রাজাও সকলকে যে মনের মত চাকরী দিতে পারিতেছেন এমন বোধ হয় না। কিন্তু তুমি দেখিবে, এমন এক সময় উপন্থিত হইবে, যে সময়ে লোকে সামান্ত চাকরীৰ জন্ত "হায়! হায়!" করিয়া বেড়াইবে এবং হাড়ী কলসী প্রভৃতি প্রত্যেক ক্রব্যের জন্ত অপর দেশের মুখাপেক্ষী হইয়া থাকিবে। রাজার মনোযোগ ভিন্ন এ-বিষয়ের উপায়ান্তর নাই। যাহা হউক, আমি ছংখিত হইলাম যে, আমার বাঙ্গালীরা পূর্বাপেক্ষা বিভাশিক্ষা বিষয়ে উন্নতি লাভ করিয়াও নিজের এবং দেশের কিনে হিত হয়, তা বৃরিতেছে না।

নারা। আমার বোধ হয় বড়বাব্রা মনে করলে এ-বিবয়ের অনেক স্থবিধা করতে পারেন। বঙ্গণ। আট্টার বাবুদের বড়বাবু আছে ?

মেবগণের মর্ভ্যে আগমন

বৰুণ। আছে।

নারা। তাঁরা কেমন १

বৰুণ। এক ভন্ম আর ছাই-দোবল্প কম কার।

নারা। বল না কেন, তাঁরা কেমন ?

বরুণ। পরে হবে। দাঁড়াও ভাই, আগে দ্বামালপুর হতে পালাই। কি, দ্বানি বলে কি শেষে গো-হাড় পাটথেল থেয়ে মরবো।

দেবগণ সিঁড়ি ভাঙ্গিয়া দোতলায় গিয়া উঠিলেন এবং ছাদ হইতে জামালপুরের পর্বতশ্রেণী দেখিয়া আনন্দাস্থভব করিতে লাগিলেন। উপ কাণ পাতিয়া ওয়ার্ক-সপের "ঝ্যাঝ্য" লোহা পিটান শব্দ শুনিতে লাগিল।

তাঁহারা সেদিন আহারাদি করিয়া কিঞ্চিৎ বিশ্রাম লওয়ার পর জামালপুর ভ্রমণে বহির্গত হইলেন এবং সন্ধ্যার কিছু পর্বের সাহেব-পাড়ার মধ্যে আসিয়া উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া দেখেন – স্থানটি যেন অমরাবতী। প্রত্যেকে . রেলওয়ে প্রদন্ত এক একটি বাড়ীতে বাসা পাইয়াছেন, এবং মনের সাধে গৃহগুলি স্থসঞ্জিত করিয়া মেমের সহিত যুগলবেশে উপবেশন করিয়া হাস্থ-পরিহাস করিতেছেন। মেমসাহেব কহিতেছেন "দেখ ডিয়ার টম, তোমার হাতে পড়ে যে টানাপাথার বাতাস থাব, টমটম হাঁকাব, এ আশা আমি একদিনও করি নাই! আমার স্থির বিশ্বাস ছিল যে, আয়াগিরি করেই জীবন যাবে।" সাহেব বলিতেছেন শ্মাইভিয়ার মেরি. পেরিক্লিডের হাতে পড়লে তোমার দশা কি হইত ? সে তো তোমাকে প্রায় হাত করেছিল, তোমাদের উভয়ের যথেষ্ট "লভ"ও হইয়াছিল। কিছ তোমার ভাগ্য ভাল যে, আমার হাতে পডিয়াছ। পেরিক্লিড এক্ষণে দেলারের কার্য্য করিতেছে।" কোন গৃহে দেবগণ দেখেন, সাহেব বিবিতে তুমুল সংগ্রাম সোজা হয় নাই।" মেম কহিতেছেন "ঠিক সোজা হইয়াছে, বল তো আমি क्रन ধরে দেখারে দিতে পারি।" কোন গৃহে সাহেব ছঃথ করিয়া মেমকে বলিতেছেন "এখানে ভাই, ভোমাদেরই স্থব: আমাদের ছঃখের কথা কি বলবো – সমস্ত দিন ওয়ার্কসপের হাতুড়ি পিটে গাত্রে এম্বি বেদনা হয় যে, রাত্রে পাশ ফিরে ভড়ে পারিনে।" মেম বলিতেছেন "আহা! মরে যাই, আগে এ কথা বল নাই কেন, আমি শৃকরের চর্বিন দিয়া মালিন করে দিন্তাম।" কোন গৃহে মেম কৌতুকচ্চলে

দাহেবকে বলিতেছেন "দেখ নাথ! আজ যথন তুমি কারখানা থেকে কালি-বুলি মেথে বাসায় এলে, আমি দেখে বড় ভয় পেয়েছিলাম। আমার লিটিল উড তোমাকে ঘোষ্ট (Ghost) ভেবে মৃষ্ট বিযাবর মত হইয়াছিল। তোমার পামে পড়ি, এখন হতে তুমি রেল ৪য়ে ট্যাঙ্কে মুখ ধুয়ে তবে ঘরে এসো।"

ইন্দ্র। বরুণ! এরা কারা?

বরুণ। এরা ফিরিঙ্গী।

ইন্দ্র। ইংরাজপটিতে ফিরিঙ্গীর বাস ?

বন্ধন। রাজপুরুষেরা ফিরিঙ্গীদিগকে বড় ভালবাসেন। বলেন আমাদের ছারাই তো ওরা; কিন্তু ভাল ভাল সাহেবেরা ফিরিঙ্গীদের বড় ঘুণা করেন।

নারা। সাহেবপাড়ায় চল না?

বক্ষা। ওদিকে বড় কুকুরের ভয়, আর একদিন নিয়ে যাব।

উপ। ঠাকুর কাকা। আমি একটা বিলাতী কুকুরের বাচ্ছা নেব!

নারা। তাই হবে।

এখান হইতে একস্থানে হাইয়া দেবগণ দেখেন—একটি বাবু নিজ পুত্রকে ধমকাইয়া কহিতেছেন "যানা, ভাত থেগে না, কে আবার তোর জন্মে প্রদীপ জেলে বদে থাকবে।" বালক বলিতেছে "আজ আমায় একটু পড়বার তেল দিতে হবে। দল্ল্যার সময় গুলে, পড়া হয় না—মাষ্টার বকে।" পিতা কহিতেছেন "পড়া হয় না তোর দোষে। তোকে আমি প্রতাহ বলি—ভাত থেয়ে কেতাব হাতে করে পড়া বলে নেবার ছলে কাহারো প্রদীপের আলোয়, কি ষ্টেশনের আলোয় পড়ে আসবি, তা তুই জুনবিনে, আমি কি করবো। দেখ, ডুবাল রাস্তার আলোয় পড়ে বড়-লোক হয়েছিল।"

अका। दक्रन! ७ वनक कि?

বৰুণ। লোকটা অত্যন্ত কুপণ, তাই কি উপায়ে এক ছটাক তেল বাঁচাবে, তারই যোগাড় দেখচে।

এথান হইতে দেবগণ বাসায় গিয়া পদ প্রক্ষালন করিয়া উপবেশন করিয়াছেন, এমন সময় একটি বাঙ্গালীবাবু যাইয়া উপস্থিত হইলেন। বরুণ তাঁহাকে সমাদ্র

জাবালপুরে বোধ হয় বিশুর ফুপণ আছে। ইহারা বাপ-বাবেও থেতে দেয়-লা।

দেবগণের মর্ছ্যে আগমন

করিয়া বসাইলেন এবং কহিলেন "আপনার কি এখানে থাকা হয় । মহাশয়ের নাম । বাঙ্গালী। আমি এখানে অনেকদিন আছি, ট্রাফিক আফিনে কর্ম করি; আমার বাসা ঐ সা-ফ্রেণ্ডদের দোকানের দক্ষিণ দিকের গলির মধ্যে। নাম শ্রীকাশীনাথ ঘোষাল। মহাশয়েরা নৃতন এসেছেন শুনে আলাপ করতে এলাম; হয়েছে কি জানেন— এখানকার হওচ্ছাড়াদের সঙ্গে কথা কয়ে হ্রথ হয় না। কেবল কোম্পানীর কাগজ, সেভিং ব্যাহ্ব ও বেডনবৃদ্ধির বথা নিয়েই আছে, এবং বড়বাবৃদ্ধের ল্যাজে তেল দিচ্চে। আর কডকগুলো অভাগা মিলে একটা থিয়েটারের আড্ডা করেছে— সেখানে কেবল মদ গাঁজা আর হৈ হৈ। আপনাদের নিবাস ।

বরুণ। আমাদের নিবাস অমরপুর।

কাশী। অমরপুর অনেক আছে। এ অমরপুর কোথায় মহাশয় ?

বরুণ। হরিদারের অনভিদূরে।

কাশী। সেথানকার ভাষা কি মহাশয় ? বোধ হয় বাঙ্গাল:; কারণ,
স্মাপনারা বড় স্থন্দর বাঙ্গালা বলিভেছেন।

বরুণ। সে স্থানের ভাষা সংস্কৃত। তথাকার আবালবৃহ্ধবনিতা সকলেই সেই ভাষাতে কথা কয়।

কাশী। হবে বৈ কি। কেবল বাঙ্গালাতেই সংশ্বত ভাষার লোপ হয়েছে। দিকে দিকে অভাপি ঐ ভাষার বেশ সমাদর আছে। শুনা যায়, আমেরিকা প্রভৃতি স্থানে আজ কাল সংশ্বত ভাষার বড় আদর। অমরপুর স্থানটা কেমন বহাশয় ?

বরুণ। অতি হৃত্মর স্থান।

কাৰী। তবু কি রকম ? সেখানে কি গবর্ণমেণ্ট এমন আলো দেয় ?

বরুণ। সেথানে গবর্ণমেণ্ট যে কি, তাহা কেহ জানে না, এবং গবর্ণমেণ্টের আবালা দিবারও আবশ্যকতা হয় না। কারণ, চন্দ্র হুর্য্য দে দিক হতে উদয় হন; স্থৃতরাং রাত্রি দিন সমান আলো থাকে। আমরা কথনো দিন রাত্রি স্বতন্ত্র বলিয়া অমুভব করতে পারি না এবং স্থানটির এমনি জলের গুণ, কুধা-তৃষ্ণারও উদ্রেক হয় না।

কাশী। আহা। চমৎকার ছান তো। ভাল মহাশয়, দেখানে রোগ শোক কেমন ?

বন্ধণ। তথায় রোগ যে কি, তাহা কেহ জানে না এবং অকালমৃত্যু না থাকার লোকে শোকও তাদৃশ অহুভব করিতে পারে না। তথায় নিরানন্দ নাই, সকলেই আনন্দে ভাসিতেছে। তথায় বৈধব্যযন্ত্রণা নাই, প্রীলোকেরা আজীবন পতিসহ স্থাভোগ করিতেছে। তথাকার লোককে পুত্র-কলত্রের বিরহ্-যন্ত্রণা ভোগ করিতে হয় না, এবং ক্রন্দন শব্দের যে কি অর্থ, তাহাও কেহ জানে না।

কাৰী। আহা, বড় চমৎকার স্থান। বড় চমৎকার স্থান! যাইবার রাস্তা-ঘাট কেমন ?

বরুণ। ঐ একটু অস্থবিধা। রাস্তা বড় সহজ্ব কিংবা স্থাম নহে; পথে অনেক ভয় আছে। ঐ পথে যাইতে হইলে পথিকের পদে পদে কন্টকবিদ্ধ হয়। তদ্ভিন্ন পথে অনেক প্রলোভনের দ্রব্য থাকায় লোভী বক্তিরা একপদও অগ্রসর হইতে পারে না।

কাশী। সেথানকার লোকগুলি কেমন মহাশয়? সেথানে কি দলাদলি মারামারি রাজনীতি আছে ?

বহুণ। তথাকার লোকের গুণ বর্ণনাতীত। তথায় হিংসা, দ্বেষ, পুরশ্রী-কাতরতা নাই। সকলেই পরস্পর আতৃভাবে বাস করে একং একজনের কোন বিপদ ঘটিলে দেশস্থ সমস্ত লোকে প্রাণ দিয়া তাহার প্রত্যুপকার করিয়া থাকে। সেখানে দলাদলি কি মারামারির প্রয়োজন হয় না।

কাশী। দেখানে দেখচি একতা খুব আছে। ভাল, দেখানকার লোকে কি জাতিবিচার করে মহাশয় ?

বঙ্গণ। সেখানে বিন্ধাতীয়ের প্রবেশাধিকার নাই। স্থতগাং দকলেই একজাতি। একতাই সে স্থানের স্থথের মূলীভূত কারণ।

কাশী। সেখানে চাকরীর অবস্থা কিরূপ ?

বক্লণ। সেখানকার অভিধানে চাকর শব্দের উল্লেখ নাই। লোকের আবশ্রক মত সমস্ত দ্রব্য অভাবতঃ আপনা হইতেই প্রচুর পরিমাণে জল্মে বলিয়া লোকের চাকরী করিবার প্রয়োজন হয় না।

কাশী। সেখানে কি মহাশয়, হিংম্র পশুর কোন উপত্রব আছে ?

দেবগণের মর্ভো আগমন

বঙ্গণ। সেথানে ষাইবার রাস্তায় আছে, স্থানটিতে নাই। সমরপুরে ব্যাস্ত্র এবং হরিণ, সর্প ও মৃষিক সকলেই স্থাভাবে ক্রীড়া করিতেছে।

কাশী। আপনারা জাতিতে কি মহাশয় ?

বৰুণ। কেন ?

কাশী। রাঘব মল্লিক উপকে দেখে মেয়ে দিবার জন্ম পাগল হয়েছেন।

নারা। রাঘববার কি ততদ্বরে মেয়ে,পাঠাবেন।

কাল্লী। তিনি বলেন—দূর অদূর বৃঝি না। কোনরূপে মেয়েটিকে পাজস্থ করে জাতিরক্ষা করতে পারলেই বাঁচি। হয়েছে কি জানেন মহাশয়! রাঘববাব অতি সজ্জন, জাতিতে বৈছা, ২৫ টাকা বেতন পান। মেয়ে পাঁচটি। আজকাল আপনারা ভনে থাকবেন, বৈছারা সোনার বেণের উপর টেকা দিয়েছে। তারা এত দামে ছেলে বেঁচে যে, রাঘববাব্র মত সামান্ত লোকের কিনবার সঙ্গতি নাই। কিন্তু তাঁহার কন্তার বয়স হয়েছে, বিবাহ না দিয়াই বা কি করে নিশ্চিন্ত থাকেন! স্থতরাং প্রতিক্রা করেচেন, একটি পাত্র পেলেই কন্তা দান করবেন, দূর অদ্ব মানিবেন না।

বৰুণ। এখানে এত বৈশ্ব আছেন, রাঘববাবু একটি পাত্র জোটাতে পারলেন না ?

কাশী। বিবাহের বাজার আজকাল ভয়ানক গরম। শুনবেন তবে—রাঘব বাব্র জেঠা এখানে ভাল কাজকর্ম করতেন। তিনি রামগোপাল গুপ্ত নামে একটা জংলাকে জঙ্গল থেকে ধরে এনে হাত ধরে "ক" "খ" লিখতে শিখিয়ে চাকরী করে দেন। একণে রামগোপাল বেশ দশ টাকা সংস্থান করেচে এবং একটা অকাল-কুমাণ্ড ছেলেরও জন্ম দিয়েছে। রাঘববারু কন্তাদায়গ্রস্ত হয়ে মনে মনে শ্বির করলেন, এই সময় রামগোপালকে ধরলে সে ক্বতজ্ঞতাশ্বরূপ কুমাণ্ডটি আমাকে প্রদান করতে পারে এবং আমার জাতি মান বজায় থাকে। এই ভেবে রাঘববারু রামগোপালের নিকট গিয়ে তাহার পা ছ্থানি ধরে ভেউ ভেউ করে কাঁদতে কাঁদতে বজেন "রামগোপাল। ভাই রক্ষা কর, রক্ষা কর, আমার জাতি যায়।" রামগোপালের তাহাতে ছঃখ হওয়া দূরে থাক, বয়ং হাসতে হাসতে বজে "রাঘব। তুই কি পাগল হয়েচিস তাই আমার কাছে ছেলে চাচ্চিস—জানিস ঐ ছেলে আদ্নি শীচ হাজার টাভায় বেচবো।"

বান্ধা। উ: ! কি সর্বনাশ। ছেলে বিক্রী ! তাহাও স্থারম্ভ হরেছে ? বরুণ চল, দেশে পালাই চল !!

কাশী। মহাশয়। সম্ভান বিক্রে করা কি মহাপাপ ?

ব্রন্ধা। আমাদের অমরপুরের একথানি ধর্মপুস্তকে বলে—যে সম্ভান বিক্রম্ন করে, তাহার পূর্ববর্তী পরবর্তী অষ্টাদশ পুরুষ নরকন্থ হয়; এবং যে-দেশে এই ঘটনা ঘটে, তথাকার লোকের ঘাদশ পুরুষ, এবং যে ঐ কথা বলে ও যে ব্যক্তি শ্রবণ করে, তাহার ছয় পুরুষ নরকন্থ হয়।

কাশী। আমি মহাশয় ! না জানাতে মহাপাপে লিগু হলাম, এক্ষণে কোন প্রায়শ্চিত থাকে তো আজ্ঞা করুন।

নারা। প্রায়শ্চিত্ত আছে—শনি কি মঙ্গবারে প্রাতে উঠেই বাসিম্থে ছেলেবেচা দোকানদারের নিকট যেতে হবে, এবং তাহার অক্সাতসারে ক্রতগতি পা থেকে জুতা খুলে তাহার পৃষ্ঠে বিংশতিবার সজোরে স্পর্ণ করিয়ে, একদমে বাটীতে ছটে আসতে হবে।

কাশী। যে আঞ্চে, এ তো সহজ ! আমি ধুব ভোর থাকতেই মূথে চাদর বেঁধে যাব। কি জানি—যদি চিস্তে পারে।

এই সময় নীচের বাদার লোকেরা "ব্যোম" "ব্যোম" শব্দ করিয়া করতালি দিতে। আরম্ভ করিল।

নারা। ও কি?

কাশী। নীচের বাব্রা তাদ থেলছেন, তাই হারজিও হওয়ায় কোঁজুক হচেচ।

"তাসথেলা কিব্ৰপ দেখতে হবে" বলিয়া নারায়ণ ছুটে নীচে গেলেন। "ঠাকুর কাকা! দাড়াও আমিও দেখবো" বলিয়া উপ তৎক্ষণাৎ পশ্চাৎ পশ্চাৎ দোড়াইল।

ইন্দ্র। নীচের ওরা কারা ?

কাশী। ও একটি মেবের বাসা।

ইন্দ্র। কি বল্লেন, মেষের বাসা?

কালী। আছে, মেষের বাসা। অর্থাৎ এথানকার অধিকাংশ কেরাণীই আর বেতন পান। পরিবার সঙ্গে থাকলে থরচ কুলায় না, স্থতরাং ১০।১৫ জন একটা হয়ে ছাপ হোটেল খুলে আছেন।

দেবগণের মর্জ্যে আগমন

ইন্দ্র। মেষের বাসায় আহারাদি কিরূপ হয় ?

কাশী। থাওয়া—ঐ কথায় বলে "বাদাড়ে খাওয়া"; কচু বেঁচু দিয়ে একটা ধোঁকার তরকারী, কুঁচোকাঁচা মাছ দিয়ে একটা অমৃত-রম, একটা ভাল ও একটা অম্বল সচরাচর হয়ে থাকে। তম্ভিন্ন বাবুদের নিতাস্ত অম্বচি হবার উপক্রম হলে কোন কোন মাসে হলো পাঁটাটা আশটাও জবাই করে থান।

ইন্দ্র। হিঁতর ছেলে জবাই করে থায় ?

কাশী। প্রকৃত জবাই নয়, তবে একরপ জবাই বটে। হয়েচে কি জানেন — দেবভাকে উদ্দেশ করে বলি দিতে হলে পুরোহিতের দক্ষিণা নৈবেছ ইত্যাদির খরচ আছে; তদ্ভির কামারে মৃড়িটে নিয়ে টানাটানি আরম্ভ করে; স্তরাং এই সকল কারণে উত্তাক্ত বিরক্ত হয়ে পাঁটাটাকে অদ্ধকারে ছাই গাদায় ফেলে ত্রিশ কোপে হত্যা করে আহার করা হয়।

ব্রহ্মা। উ: ! কি পাষও ! একটি জীবকে এই প্রকারে হত্যা করতে কি মায়াও হয় না ? এ অথান্ত ভোজন অপেক্ষা তো অক্ত উপারে রসনাকে পরিভৃপ্ত করা যেতে পারে ? এ অপেক্ষা তো কসাইখানা হতে মাংস ধরিদ করে খেলেও অল্প পাপ হয়।

ইন্দ্র। এখানে কতগুলি মেষ আছে? প্রত্যেক মেষেই কি এইপ্রকার আমোদ চলিতেছে?

কাশী। এথানকার অধিকাংশই প্রায় মেষ। সকল মেবে একপ্রকার আমোদ চলিতেছে না। কোন বাসায় বাবুরা অনবরত দাবা-বোড়ে চেলে অক্তকে মাত করে নিজেই মাত হচ্চেন। কোন বাসায় অষ্ট প্রহরই ছুই, চার, ছক্কা শব্দে পাশা চলছে, এবং বিস্তি, ফেরাই শব্দে তাসের পটাপট শব্দ হচ্চে। কোন কোন বাসায় বাবুরা বনে একমনে সংবাদপত্ত ও পৃস্তকাদি পাঠ করছেন। কোন বাসায় গুলি, গাঁজা, চরস, চণ্টু—চারি রঙ্গের নেশা চলছে। কোন বাসার বাবুরা আহারাস্তে পাচক ব্রাহ্মণ সহ বার রিলাসিনী-ভবনে মন্তপানে মাতোয়ারা হয়ে আমোদ প্রমোদে উন্নত্ত আছেন। এদিকে ভূত্য বাসা হতে চাল ভাল অপহরণ করিতেছে, কুকুর শৃগালে হাঁড়ি হতে ভাজা মাছ খেয়ে যাচ্ছে। কোন বাসার কোন বাবু নিজেকে একজন সঙ্গীতক্ত ছির করে থাটিয়ার উপর চিত হয়ে গুরে গান ধরেছেন—"মরিবে, ভারতী ছংখিনী।" কোন বাসায় কোন বাবু এয়ারদের কাছে গল্প করছেন "এবার

খিয়েটারে হছমান সেজে লছা ডিঙ্গান দেখিয়ে বড়বাবুকে সম্ভষ্ট করে বেডন বৃদ্ধি করে নেবেন।" কোন বাসায় সমস্ত রাজি প্রদীপের আলোতে বসে বাবুর। "মাছ কাথুর" শব্দ করছেন। আমি মহাশয় এক্ষণে প্রস্থান করি।"

ইস্র । আমরা যে কয়েক দিন জামালপুরে থাকি, অন্থগ্রহ করে এক একবার আসবেন।

কাশীবাবুর প্রস্থান করার অব্যবহিত পরেই নারায়ণ ও উপ নীচে ঃহইতে প্রত্যাগমন করিলেন। তথন দেবগণ শয়ন করিয়া গয় আরম্ভ করিলেন। বিষয়— বর্জমান সময়ে বাঙ্গালীদিগের কত পরিবর্জন ঘটিয়াছে। এই গয়ে তাঁহাদের অধিক রাত্রি অতিবাহিত হওয়ার পর সকলেই নিদ্রাভিভূভ হইলেন। প্রাতে নারায়ণ ব্যতীত সকলেরই ঘুম ভাঙ্গিল, কিন্তু অত্যন্ত শীত প্রযুক্ত কেহ আর লেপের বাহির হইলেন না। শয়ন করিয়াই গয় করিতে লাগিলেন। ইন্দ্র কহিলেন "পিতামহ! আমরা দেবতা, আমাদের কি এত সামান্ত বেশে কলিকাতা দর্শনে যাওয়া ভাল হচেছে! আমার বিবেচনায় কিছু ভাঁকজমকের সহিত ঘাইলেই ভাল হইত।"

বন্ধা। আবশুক কি ? আমরা গোপনে কলিকাতা দর্শনে যাত্রা করছি, জাকজমকের সহিত যাবার কোন আবশুক করে না। বিশেষ—আমরা যে মর্জ্যে এসেছি, ইহা সকলকে জানান উচিত হবে না।

এই সময় ওয়ার্কসপের ভোমা বাজিয়ে উঠায় নারায়পের নিক্রাভঙ্গ হইল, তিনি রাগভরে কত কি বলিলেন এবং বকিতে বকিতে আবার নিক্রাভিভূত হইলেন। তথন দিতীয়বার আবার ভোমা বাজিয়া উঠিল। পুনরায় নিক্রাভঙ্গ হওলায় তিনি অত্যন্ত চটিয়া গাত্তের লেপ দ্রে নিক্ষেপ পূর্বক দাড়াইলেন এবং বলিতে লাগিলেন "আমি অত্যই জামালপুর পরিত্যাগ করিব। বাপ! এমন স্থানেও ভক্রলোকে থাকে। ঘুমোবার যো নাই। আমি কপালক্রমে নিজ চক্ষে দেখেই ভোমার সন্নিকটে বাসা দ্বির করে অক্সায় করেছি। বঙ্গণ! উপরি-উপরি ছ্বার বাজায় কেন পূত্

বঙ্গণ। একটায় জানায়—সময় হয়েচে—এদ। দ্বিতীয়টায় বলে আর বিলম্ব হলে ঘরে নেব না।

নারা। বেতন দিয়ে যেন কিনে রেখেছে!
মুখ হাত খেতি করিয়া দেবগণ নগর ভ্রমণে বর্হির্গত হইলেন এবং কিছু দৃদ্ধে

দেবগণের মর্ছ্যে আগমন

ষাইয়া রেলওরে হাসপালের নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন, দেবরাজ! সম্প্রে দেখ — রেলওয়ে দাতব্য চিকিৎসালয়। পূর্বে এখান হতে কেরাণীদিগকে বিনামূল্য ঔষধাদি বিতরণ করা হইত। কিন্তু উহারা প্রতিক্ষেপে দেশে গিয়া ন্তন নৃতন রোগ নিয়ে আসায় কোম্পানি বিরক্ত হয়ে ঔষধ বিতরণ এককালে রহিত করেছেন।

ইন্দ্র। হাসপাভালের ভিতরটা কি প্রকার ?

বঙ্গণ। ভিতরে প্রবেশ করতে ভয় করে। বাবেখেগো দাপেখ্যোগা মৃতদেহ দকল দচরাচর আমদানী হওয়ায় প্রবেশমাত্তে বোধ হয় যেন ৫।৬ টা ভূত বুরে স্থুরে বেড়াচেচ।

উপ। दक्रन काका! तम्मी ना विनाजी?

বরুণ। দেখ দেখি এমন ছেলে মামুষকেও চাকরী করতে পাঠার? ভূত আবার দেশী না বিলাতী!

উপ। দোহাই वक्षा काका! वन ना?

বৰুণ। ভাগ বালাই ! ওরে—দেশী বিলাতী হুইরকম ভূতই আছে।

উপ। আমি দেখবো?

বরুণ। কি দেখবি ?

উপ। দেশী ভূত?

ব্ৰহ্মা। বল্তে নাই ; পীড়া না হলে কি ভূত দেখে ?

কিছু দ্র গিয়া বরুণ কহিলেন দেখুন পিতামহ! সম্মুখের ঐ বাড়ীটি মেকানিক ইনষ্টিটিউট। ঐ গৃহে রেলওয়ে সাহেবদিগের নৃত্যগীত হয়। এইটিই রেলওয়ের পুস্তককালয়।"

ইন্দ্র। এ একটা রেলওয়ে কেরাণীদিগের মহৎ স্থা। তাহারা নানারূপ পুস্তকাদি পাঠ করতে পায়।

বঞ্গ। বাঙ্গালী কেরাণীদিগকে পুস্তকাদি পাঠ করতে দেওরা হয় না। তাহারা ময়লা হাতে পুস্তকগুলিকে ময়লা করে ফেলে বলে পুস্তক দেওরা বন্ধ করা হয়েছে।

ক্রমে দেবতারা সাহেবপাড়া দেখিতে দেখিতে একবারে হরিদভা-গৃহে যাইরা উপস্থিত হইলেন। বরুণ কহিলেন "পিতামহ! এই জামালপুর হরিদভা। এই গৃহে প্রত্যেক শনিবার ও রবিবার হরির উপাসনা, ভাগবত পাঠ, **স্থোত্ত এবং** হরিসংকীর্ত্তন হয়ে থাকে।"

বন্ধা। কলির যেটা প্রধান অঙ্গ, তা দেখচি হয়েছে অর্থাৎ কলিকালে গ্রামে গ্রামে, নগরে নগরে হরিমগুপ প্রতিষ্ঠা হবে এবং লোকে দিনাস্তে একবার মাত্র "হরেক্লফ হরেরাম" এই কয়েকটি কথা উচ্চারণ করিলেই দর্ব্বপাপ হতে মৃক্ত হবে। পূর্ববিদার মৃনি ঋষিরা শত বৎসর তপস্তা করে যে ফল প্রাপ্ত না হতেন, কলির মন্থয়েরা একবারমাত্র হরিনাম ও হরিসংকীর্জন করে সেই ফল প্রাপ্ত হবেন।

"তপঃ পরং ক্বতযুগে ত্রেতায়াং জ্ঞানমূচ্যতে। স্বাপরে যজ্জমিত্যচূর্নাম চৈকং কলৌ যুগে॥"

এখন হইতে দেবগণ ঘোড়দোড়ের মাঠে গিয়া উপস্থিত হইলেন এবং বঞ্চণ কহিলেন, "এই ময়দানে প্রতি বৎসর নববর্ধ উপলক্ষে সাহেবদিশের অনেক আমোদ প্রমোদ হয়ে থাকে। সেই সময়ে ঘোড়দোড় হর বলে ঐ দেখুন কাঠের রেলিং জ্ব্যাপি বর্ত্তমান রহিয়াছে। ঐ যে সম্মুখে পাহাড় দেখিতেছেন, উহার উপর তেঁতুল-তলায় পাহাড়ে কালী আছেন। তিনিই জামালপুরের একমাত্র গ্রাম্য দেবতা। পাহাড়ে কালীর সন্ধিকটে পর্বতগাত্রে একটি গুহা আছে। তাহাকে লোকে ম্নিকোটর কহে। অনেকের সংস্কার আছে—ঐ কোটরে বিসিয়া কোন সময়ে মনি তপক্ষা করিতেন।

এথন হইতে দেবতারা বাদায় চলিলেন। যাইতে যাইতে এক স্থানে উপস্থিত হুইয়া নারায়ণ কহিলেন "বরুণ! সম্মুখে দেখা যাকে ওটা কি ?"

वक्रन । है श्वाक्षिप्रिय ज्ञानाम । উहाय नाम हर्ष्ट ।

ইন্দ্র। ওদিকে দেখা যাচে ওটা কি?

বরুণ। উহাও একটি চর্চে।

ণারা। কভগুলো চর্চ্চ ?

বঙ্গণ। ছুইটা। একটা রোমান-ক্যাপলিক, অপরটা প্রেটেষ্টান্ট অর্থাৎ আমাদের বেমন শাক্ত ও বৈষ্ণব, উহাদেরও তেমনি দল আছে।

ইহার পর সকলে বাসায় গিয়া আহারাদি করিলেন। যথন তাঁহারা আহারান্তে থড়কে থাইতেছেন, তথন প্রমন্ত্রীনিগের স্ত্রীলোকেরা স্বামী ও পুত্রকে আহার করাইবার জন্ত গামহার ভাত বাঁধিয়া জনের ঘটি হত্তে রাস্তা দিয়া ক্লুটোছুটি করিয়া নিয়ম নাই,—কেহ কথন মলে কি কর্ম পরিত্যাগ করলে ২।১ টাকা ভাগযোগ করে নেয়। অতএব বাবা! তাকে আর দশ বৎসর পরে পাঠালে অলাভ ব্যতীত লাভ নাই। একলে পাঠালে ঐ দশ বৎসরের মধ্যে তব্ তোর দশ পাঁচ টাকা বেতন বাড়তে পারে। বিশেষতঃ তোর কোঞ্ঠীতে লেখা আছে, চুল পাকলেই কর্ম যাবে, স্থতরাং অল্প বয়সেই কাজে লাগা উচিত হচ্চে। তুই যে বয়েক বৎসর চাকরী করবি—তেয়ধ্যে তুটি ফাড়া আছে। একটি—তোর পিতামহীর শ্রান্ধোপলক্ষে যথন ছুটি চাবি, অপরটি যথন চুল পাকলে। প্রথমটির জন্ম যদি দরখান্ত না করিস, সে ফাড়া কেটে যাবে।"

কাশী। থুব চালাক ছেলে বটে ! ও রেলওয়েতে শাইন করতে পারবে। চলুন আপনাদিগকে একবার বাবুর "দ"তে নিয়ে ঘাই।

नाद!। "म" कि महानम्र १

কাশী। "দ" অর্থাৎ অনেক। আমি আপনাদিগকে এমন স্থানে নিয়ে গিয়ে উপস্থিত করব যে, একপাল বাবু দেখতে পাবেন। ঐ বাবুদের মধ্যে যে কেহ মনে করবেন, তৎক্ষণাৎ উপবাবুর ১৪।১৫ টাকা বেতনের একটি কেরাণীগিরি কর্ম করে দিতে পারবেন।

এই কথায় দশ্মত হইয়া দেবতারা উপকে দক্ষে লইয়া কাশীবাবৃদ্ধ বাবৃত্ত "দ" অভিমুখে যাত্রা করিলেন। ব্রহ্মা আরু যাইলেন না, বাদায় রহিলেন। দেবতারা বাদা হইতে বহির্গত হইয়াই প্রথমে দাহেবপাড়ায় উপস্থিত হন। তাঁহারা দেখেন, দাহেবেরা বেতের বালতী হাতে লইয়া শিশ দিতে দিতে খেলা করিতে যাইতেছেন। তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ কৃদ্র ও বৃহদাকারের কুকুরগুলি ছুটিতেছে। কোন দাহেববাড়িতে দেখেন, একথানি জাল টাঙ্গান রহিয়াছে। ১৫।১৬টি মেম ও তৎসহ ২।৪ জন দাহেব ক্রীড়া করিতেছেন। দেবতারা দেখিতে দেখিতে রেলওরে ট্যাক্ষের ধারে উপস্থিত হইয়া দেখেন, একটি গৃহের মধ্য হইতে ধুম নির্গত হইতেছে এবং গৃহাভ্যন্তর হইতে "ঝম, ঝম, ঝমাঝম" শব্দ বাহির হইতেছে।

উপ। ও ঘরে কি হোচ্চে কাশীবাবু?

কাশী। পশ্পিং এঞ্জিনের ঘর। ঐ কলে পুকরিণী হইতে জল তুলিয়া বেলওয়ে ওয়ার্কদপে যোগাইতেছে। ঐ গৃহের একপার্থে বরফ প্রস্তুত হইয়া থাকে। ক্রেম্বে শীতকাল বলিয়া বরফের কল বন্ধ আছে। সন্ধ্যার প্রাক্তালে কাশীবাবু দেবগণকে লইয়া বাব্র "দ"তে হাজির করিলেন। তাঁহারা উপস্থিত হইয়া দেখেন, গৃহমধ্যে যেন চাঁদের হাট বিসিয়াছে। পরপরে গল্পের আদ্ধ করিতেছেন এবং ঘন ঘন তামাক চলিতেছে। তথন বাজারে কোম্পানীর কাগজ কি দরে বিক্রয় হইতেছে এই বিষয়ের কথোপকথন হইতেছিল। প্রত্যেক বাব্র গাত্ত শাল ও জামিয়ারে আবৃত থাকায় দেবতারা চেহারাগুলো ভাল করিয়া দেখতে পাইলেন না।

দেবগণকে দেখিয়া তাঁহারা বসিতে বলিলেন এবং "আপনারা কি ব্রাহ্মণ ? প্রণাম হই" বলিয়া ভূত্যকে তামাক দিতে আজ্ঞা করিলেন। দেবগণের সহিত তাঁহাদের অনেকক্ষণ পর্যন্ত আলাপ হইল। অমরপুর স্থান কেমন, তথায় চাকরীর হুথ কি প্রকার, ঘর দ্বার প্রস্তুত করিয়া দিলে ভাড়া হইতে পারে কি না, তৎসমূদয়ও জানিয়া লইলেন। পরে নানা কথার পর কাশীবার কহিলেন ''আপনারা জামালপুরের ভূষণ-স্বরূপ। আপনারা এখানকার হর্ত্তা কর্ন্তা বিধাতা। আপনারাই এখানকার রবি, শশী, তার। আপনারা জাত্যাংশে শ্রেষ্ঠ না হইলেও শ্রেষ্ঠ। कुनीन ना इट्रेलि कुनीन। आपनाता कुक्म इट्रेलि अधीन क्वांनीएन हरक স্থরপ, এবং নিগুণ হইলেও তাহাদের নিকট আপনাদের গুণের পালান দেওয়া যায় না। লোকের পূর্বে জন্মের তপস্থার বলেই আপনাদিগের সহিত আলাপ হয়। গোকের গত জন্মের পুণ্য সঞ্চয় থাকিলে তবে আপনারা তাহাকে "কেমন আছ" বলে জিজ্ঞাসা করেন। আপনারা জাতিচ্যতকে জাতি দিতে পারেন। নিগুণকে গুণ দিতে পারেন এবং গোমুর্থকেও চাকরী দিতে পারেন। আপনাদের এককথায় চাকরী হয়, এককথায় চাকরী যায়, এককথায় মাইনে বাড়ে। আপনারা যে যক্তে উপস্থিত না হন, দে ঘজ্ঞ নষ্ট হয়। আপনারা এথানকার হুতাশন, যেহেতু যথেষ্ট গ্রাস কচ্চেন। আপনাদের গুণ অব্যক্ত, অদীম, এবং অনন্ত। ইহারা দকলে এই সমস্ত গুণ শ্রবণেই অন্ত আলাপ করতে এদেছেন।"

বাবুরা "হো হো" শব্দে হাসিলেন এবং একজন কহিলেন "মহাশয়! আমরা কোন গুলে গুলী নহি। এথানে কি আপনাদের কোন প্রয়োজন আছে।"

कानी। हेहारान्त्र हेम्हा, এই वानकिंदित अधारन अकर् कर्मकांक हम् ।

এই কথা শ্রবণে বাবুর "দ" হইতে "অবশ্য" "অবশ্য" শব্দের তরঙ্গ উঠিতে লাগিল। ঝিমে গলায়, মোটা গলায়, এবং তোতলা কাথায় যেন "অবশ্য অবশ্য"

দেবগণের মর্ছো আগমন

শব্দের তেউ উঠিতে লাগিল। একজন কহিলেন "কেন না-চাকরী হবে, সকলেরই যখন হোচে উহারও হবে। ২।৪ বংসর বাসা করে থেকে কোন আফিসে কাজ কর্ম শিক্ষা করলে আলবং চাকরী হবে।"

দেবগণ দেখিলেন, এখানে কোন ফল হইবে না: অতএব কাশীবাবর সহিত সকলে গাড়োখান করিলেন। তাঁহারা ভাক্তরের নিক্ট দিয়া যাইয়া যেমন বেলওয়ে লাইনের গেটের নিকট উপস্থিত হুটলেন, অমান গেটম্যান গেট বন্ধ করিল। কারণ, এই সময় একথানি গুড়স ট্রেণ রওনা হইবে বলিয়া বংশীর দ্বারা সঙ্কেত করিভেছিল। গেট বন্ধ হওয়ায় অগত্যা সকলে গেটের বাহিরে দাঁভাইয়া রহিলেন। কাশীবার কহিলেন, "দেখলেন মহাশয়। চাকরীর বান্ধার কিরুপ। मुक्कि ना थाकरण आक्रकाल किंकू ब्लाद राग नाहे। वावृद्ध रा उपास काकडी হবে বলে দিলেন—ও উপায় আমিও বলে দিতে পারি। স্পষ্ট এখানে কিছ হবে না' না বলে কেমন কৌশলে নিরাখাদ করা হ'ল দেখন। মনের ভাব. কেহ এখানে ৪ বংশর বাদা করে থাকতে পারবে না, উহাদিগকে কর্ম কাছ করে দিতেও হবে না। যাহা হউক, ট্রাফিক আফিদের এক দেছোবাব এবং অভিট আফিসের এক ন-বাবুর সহিত আমার বিশেষ বন্ধুত্ব আছে, দেখি যদি তাঁহাদের ছারা কোন উপায় হয়।" এই সময় "ঝাঁৎ ঝমা, ঝাঁৎ ঝমা" শব্দে গুড়দ ট্রেণখানি বাহির হুইয়া গেল। গেটম্যান অমনি "কাঃ কোঁচ" শুফে গেট মুক্ত করিয়া দিল। দেবতারা গল্প করিতে করিতে ব্রাহ্মসমাজের সম্মুখে উপস্থিত হইলে কাশীবার कश्लिन "मग्रूष प्रथम-जामानभूद्र दान्निग्द्र भर्छ।"

উপ। ঠাকুর কাকা, চল না, মঠের মধ্যে কি ঠাকুর আছে দেখে আসি।
নারা। কাশীবাবৃ! সন্ধ্যা হয়েছে, একটু অপেক্ষা করুন, আরতি দেখে যাই।
কাশী। আজে, রান্ধেরা জ্যোতির্মির, কিরণমূর, আলোর স্বরূপ, নিরাকার
দিখারের উপাদনা করেন; স্তরাং মঠে কোন প্রতিষ্ঠি নাই। দুখারকে আরতি

করার পদ্ধতি আদ্মান্তে উল্লেখ নাই, তবে যদি ভবিক্ততে হয় বলতে পারি না। সন্ধানিবার নিমিক্ত রবি, ও বুধবার ভিন্ন দার উদ্ঘাটন হয় না।

हेका। त्रविवादा बात श्रु निद्या त्रीथिवाद कातन कि ?

' কাশী। সকলেই ইংরাজ সরকারে কাজকর্ম করেন, মন্তবারে স্থবিধা হয় না। রবিবারে আফিস বন্ধ থাকে, এজন্ত এ দিন অনেক রাত্রি পর্যন্ত আমোদ প্রমোদ করিবার স্থবিধা হয়। হয়েছে কি জানেন—আজকাল কাহারও অবস্থা ভাল নহে; স্থতরাং বৈঠকথানা গৃহে পাঁচ এয়ার দক্ষে করে বদাটা প্রায় যার তার ভাগ্যে ঘটে না। আন্ধা হলে দে লাধটা মেটে, কতকগুলো এয়ার পাওয়া যায় এবং বাতির আলোয় ভাল বিছানায় বদে ছটো সরস গল্প, একটা ভক্তিরসের গান এবং ঘুই একটা কীর্ত্তনও শোনা হয়। আন্ধা-সমাজে নাম লিখিয়ে পৈতে গাছটা না ফেলে দিতে পারলে যোবনটা যেন খাপছাড়া খাপছাড়া বোধ হয়।*

নারা। ব্রাহ্মধর্ম যথন হিন্দৃধ্ম, তথন বৃহস্পতিবারেই সমাজ খুলিবার নিয়ম করা উচিত।

কাশী। বর্ত্তমান ব্রাহ্মধর্ম চারিটি পৃথক পৃথক ধর্ম হতে কিছুকিছু দোহন করে নিয়ে নির্মাণ করা হয়েছে; ইহাতে হিন্দুমতে বেদীতে বসা, সম্মুথে পুস্তক রাখা এবং চকু মৃত্রিত করিয়া ধ্যান করিবার অংশটি আছে। নান্তিক মতে পৈতা ফেলা এবং ম্সলমান মতে দাড়ি রাখার ও বিধবা বিবাহ করার অংশটি আছে। গ্রীপ্তান মতে যদ্রাদি বাজাইয়া সঙ্গীত করা, উপদেশ দেওয়া এবং রবিবারে উপাসনা করার সংশটি লওয়া হইয়াছে। স্তরাং বৃহস্পতিবারে সমাজ খুলিলে চলে কৈ ?

এই সময়ে কাশীনাথবাবু একটি যুবাকে দেখিয়া কহিলেন—"হাা হে, সেজ-বাবু কেমন আছেন ?"

"সমন্ত দিনটে ফোমেন্ট করে এক্ষণে একটু ভাল বোধ হচ্চে। ডাক্তারের। তারপিন তেল দিয়ে ভূঁড়িটে মালিশ করে দিতে বলায় তেল কিন্তে যাচিচ।" বলিয়া যুবা প্রস্থান করিল।

ইন্দ্র। কাশীবাবু! মেজোবাবুর কি হয়েছে?

কাশী। মেজোবাব্র রাত বেড়ান রোগটা বিলক্ষণ আছে। তিনি ছুই ভার্যা সম্বেও এক উপপত্নীকে বেতন দিয়া একচেটে করিয়া রাখিয়াছেন। উপপত্নীকে বেতন দিয়ে একচেটে করিবার চেষ্টা করা যে কতদ্র নির্ক্ত্বিতার কাল, সেজো-বাব্ তাহা একদিনও মনে ভাবেন নাই। তাহারা যদি সংপ্রেই থাকিবে, তবে স্বামী পুত্র থাকিবে কুলে জলাঞ্চলি দিয়া আসিবে কেন? এখন হয়েছে কি জানেন,

^{*} এক্সি অভৃতি ধর্মের নিগৃত তক্ত না জানাতেই দেবগণ এইরপ ও পূর্বোক্তরপ সমালোচনা করিয়াছিলেন।

নেবগণের মর্ভ্যে আগমন

ঐ বেশ্যার কাছে আমাদের সেজোবাবুর অধীন ত্ইজন কেরাণীও গোপনে যাতায়াত করিত। গতকলা সেজোবাবু হঠাৎ তাহাদিগকে দেখিতে পাইয়া তিরস্বারপূর্বক যেমন প্রহার করিবার উদ্বোগ কর্বেন, অন্নি একটি ছোটখাট যুদ্ধ আরম্ভ হইল। যুদ্ধে যুবক্ষয় জয়লাভ করিয়া সেজোবাবু মহাশয়কে চিত করে ফেলে ভূঁজিতে এন্নি ইংরাজী ধরনের ঘূশী মেরেছে যে, বেদনায় বাবু উত্থানশক্তিরহিত। অন্ন হইতে আফিসে কামাই হইতেছে।

নারা। যেমন কর্ম তেমনি ফল।

ইস্ত্র। ছি: ! ছি: ! একে বাল্যবিবাহ প্রচলিত—তাহার উপর ত্ইটা বিবাহ ! তাহার উপর আবার বেশ্যাসজি ; উ: ! এ-সব পাপীর যে কোন্নরকে স্থান হবে বলা যায় না ।

"আপনারা অগ্রসর হউন, এই স্থানে আমার ট্রাফিক ও অভিট অফিসের ছুইজন বন্ধু আছেন, তাঁহাদের নিকট উপবাব্র কর্ম্মের জন্ম উপরোধ করে আদি।" বলিয়া কাশীবাবু একদিকে প্রস্থান করিলেন।

দেবগণ এখান হইতে **জামালপু**র বাজারে গিয়া একজোড়া ভাস কিনিয়া লইলেন এবং বাসায় যাইয়া হস্তপদ প্রকালনাস্তে কয়েকজন ভাস থেলিতে বসিলেন। ব্রহ্মা তাঁহাদিগকে ভাস থেলিতে দেখিয়া চটিয়া আগুন হইলেন এবং যৎপরোনাস্তি ভর্ৎসনা করিয়া কহিলেন "ভোমরা ভাস ফেল; শেষে কি স্বর্গে পেরমারা থেলা চুকিয়ে সর্বনাশ করবে ?"

এই সময়ে কাশীনাথবাব্ প্রত্যাগমন করিয়া কহিলেন "মহাশয়! উপবাব্র কর্মের একপ্রকার স্থির করে এলাম। কিন্তু না হ'লে বিশ্বাস নাই। ট্রাফিক আফিসে আজ একটি কাজ থালি হয়েছে, বেতন ১৫ ট্রাকা; ঐ কাজে উনি বহাল হবেন। কাজটি সেজোবাব্র অধীনে। মেজোবাব্কে বলিবামাত্র—কাল সঙ্গে করে নিয়ে যেতে বলেন।"

ইন্দ্র। মহাশারকে যথেষ্ট কট্ট দিচিচ। যাহা ইউক, ওর একটা বিলি ব্যবস্থা হ'লে আমরাও এখান হতে নিশ্চিম্ভ হয়ে প্রস্থান করতে পারি।

নারা। কাশীবাব্! রাত্রেও কি ওয়ার্কদপে কাজ হয় ?

কাশী। উহাতে কামাই নাই, অনবরত বাবণের চিতা জনছেই।

নারা। ওটা দেখবার কি?

"উহার ভিতরে প্রবেশ করতে হলে একথানি পাশের আবশ্যক। বিনা পাশে প্রবেশ করতে দেয় না। শনিবার দিন পাশ নিয়ে দেখবার হকুম আছে। আমি ঐ দিন আপনাদিগকে একথানি পাশ এনে দিব।" বলিয়া কাশীবাবু প্রস্থান করিলেন।

দেবগণ সে রাত্রিও অনেকক্ষণ পর্যস্ত জাগিয়া রহিলেন। ব্রজা কহিলেন; "দেথ উপ! ভার চাকরী হলে থ্ব সাবধানে থাকিস, কুদংদর্গে ভ্রমণ কি অসৎ বিষয়ের আলোচনা ভ্রমক্রমেও করিসনে। বেতনের টাকা পেলে ফ্রায়া থরচা বাদ যাহাতে কিছু বাঁচাতে পারিস, তাহার বিশেষ চেষ্টা করবি। শরীরের বিষয়ে থ্ব যত্ন রাথবি। লোকের আচার ব্যবহার দৃষ্টে বৃথা মাংস ভক্ষণ কিংবা অথাগ ভোজন কোনক্রমেই কবিস নে।"

প্রত্যুবে কাশীবাবু আসিয়া ডাকিলেন, "মহাশয়েরা কি জেগে আছেন ?"

ইন্দ্র। কেও, কাশীবাবৃ ? এত প্রত্যুবে যে ?

কাশী। উপবাবুর কি কদা-মাজা জানা আছে ?

ইন্দ্র। কেন বলুন দেখি?

কাশী। মেজোবাবুর সম্বন্ধী এসেছেন, তিনিও এখানে চাকরী করবেন। কিছুক্ষণ পূর্বের মেজোবাবু বলে পাঠিয়েছেন "অনেকগুলি প্রার্থী জুটায় অগতা। পরীক্ষা করতে হবে। তোমার লোকটির যদি গণিত জানা থাকে, তবে ফেন জ্ঞানে, নচেৎ কষ্ট করে আসবার কোন আবশ্যক করে না।"

উপ। আমি কিছুকিছু কদা-মাজা জানি।

"আচ্চা, যাবার সময় ডেকে নিয়ে যাব" বলিয়া কাশীবাবু প্রস্থান করিলেন। ক্রমে একটা ভোমা—ছুটো ভোমা বাজিয়া গেল; দেখতে দেখতে লোকোমটিভের বাবুরা চলিয়া গেলেন। তৎপরে কাশীনাথবাবু আফিসের সাজ পোষাক পরিধান করিয়া আসিয়া উপস্থিত হইলেন। এদিকে দেবগণ প্রস্তুত ছিলেন, কাশীবাবু উপস্থিত হইলেই উপকে সঙ্গে লইয়া সিদ্ধিদাতা গণেশের নামোচ্চারণ পূর্বক বহির্গত হইলেন।

কিছু দূরে যাইয়া কাশীবাবু কহিলেন "দশ্মথে দেখা যাচে—লোকোমটিভ আফিস। ঐ স্থানের উপরে ও নীচে ছুই তিনটি আফিস আছে। ঐ যে গেট দেখিতেছেন, উহারই ভিতর দিয়া ওয়ার্কদপে যাইতে হয়।" এখান হইতে কিছু

দুরে বাইয়া তাঁহারা দেখেন, কতকগুলি লোক রাস্তায় দাঁড়াইয়া রোদন করিতেছে। একজন বলিভেছে, "পুত্রের অন্ধ্রাশনের সমস্ত প্রস্তুত, কিছু ছুটি পেলাম না। বল্লে বলে—ছেলের মুখে আবার শুভক্ষণে অন্ন দিবে কি ? থেতে শিখলে আপ্লিই হাতে করে থাবে।" আর এক ব্যক্তি কহিল "আগামী পরম মাতার আদ্ধ। মৃত্যুকালে মার চরণ দর্শন অভাগার ভাগ্যে ঘটে নাই। একণে ছোট ভাই সমস্ত আয়োজন করে আমাকে যেতে সিথেছে। কিন্তু ছটি চাইলে বলে কি জান – তোমার ভাই আছে যথন, দেই দৰ করবে, তমি আবার কি করতে যাবে ? যদি যাও একেবারে যেতে পার।" আর এক ব্যক্তি উচ্চরবে কাঁদিয়া কহিল "ওমা মাগো। প্রাণ যায় যে। অহো। আমার কনিষ্ঠ ভাতা ক্রমান্তরে পত্র লিখচে, দাদা। মাকে গঙ্গাযাত্র। করান হয়েচে। তিনি ২।৪ দিন বাঁচেন কি না সন্দেহ। তাঁহার একান্ত ইচ্ছা অন্তিমকানে একবার আপনাকে দেখেন। অতএব পত্রপাঠ সম্বর আদিবেন. কোন মতে বিলম্ব করিবেন না; কিন্তু ছুটি দিচ্চে না। বল্লে বলে — এবৎসর পীড়ায় তোমার সাতিদিন কামাই থাকায় ছটি পেতে পার না। তবে যদি একেবারে কর্ম পরিত্যাগ করে চলে ঘেরে পার তো যাও। উ:। কি করি ?— আমার দেখচি জিশক বাজার স্বর্গারোহণ হলো। না গেলে মাকে দেখতে পাব না। গেলে চাকরী যাবে, একটা বৃহৎ দংদার অনাহারে মারা যাবে।" এই সময় একটি যুবাকে আদিতে দেখিয়া তাহারা আগ্রহের সহিত ক্লিজ্ঞাসা করিল, "দাদা, তোমার ছুটির কি হ'ল ?" যুবা কহিল "বল্লে পূজার বন্ধে বাড়ি গিয়ে বিয়ে করে এলো। ভোমরা আমদের বিনামমতিতে বিবাহের দিন স্থির ও সমস্ত আয়োজন কর কেন ?"

ইন্দ্র একটি দীর্ঘনিশাস ভ্যাগ করিয়া বলিলেন—"হা রে চাকরী! হা রে পয়সা!"

দেবতারা এখান হইতে অভিট আফিসে যাইয়া উপস্থিত হইলেন। তাঁছারা দেখেন, একটি গৃহমধ্যে "ঘটঘট ঘটাঘট" শব্দে টিকিট প্রস্তুত হইতেছে। বরুণ কহিলেন "দেবরান্ত্র, আমরা যে টিকিট থরিদ করে টেনে উঠি, চেয়ে দেখ সেই টিকিট প্রস্তুত হচ্ছে। আর গাড়ি হতে নামিয়া যে টিকিট প্রত্যর্পণ করি—ওদিকে দেখ, সেই সমস্ত টিকিট অগ্নিতে ভক্ষ করিয়া ফেলিতেছে।"

এই সময়ে আফিসের ভিতরে ক্রন্দনের শব্দ উঠিল। দেবতারা ভনিলেন, যেন

নকলে চিৎকার করিয়া বলিভেছে—"ওরে বাপরে ! প্^{তু}ট্লে ক্ষেপনা প**ড়লো**রে ! পড়লো !"

এই শব্দ জ্ববণে দেবগণ ও কাশীবাবু সবিশ্বয়ে চাহিতেছেন, এমন সময়ে দেখেন ৪০।৫০ জন কেরাণী কাঁদিতে কাঁদিতে বাহির হইতেছেন।

কাশী। মহাশয়েরা কাঁদচেন কেন ?

কেরাণীগণ কহিল "দর্মনাশ হয়েছে মহাশর! মন্ত একটা রিজন্পনের হকুম এলো। আহা! অনেক কটে চাকরী হলে ভেবেছিলাম তৃদিন পাকবে, কিন্তু এরি কপাল ১৫ দিনও ভোগ করতে পেলেম না! রেল ভয়ে চাকরী যেন পদ্মপত্তের জল, যেন কলেরা রোগের রোগী। প্রাতে কিছু জানি না, স্নান আহ্নিক সেরে হাসতে হাসতে আফিসে এসে যেমন কাজে বসেছি, অমি এই মৃত্যু-থবর এসে উপস্থিত হল!"

ইন্দ্র। মহাশারের বলতে পারেন "পুঁটুলে ক্ষেপলা পড়লোরে, পড়লো" ও শক্টার অর্থ কি ?

কেরাণীরা। আছে, রিডক্সনের নিয়ম হচ্চে—সল্প বেতনের চুনো পুটিরই প্রাণ যায়। ফুই মিরগেলের একথানি আঁইষ পর্যন্ত খনে না।

নারায়ণ ইন্দ্রের কাণেকাণে কহিলেন "উপ বেটা মস্ত পরমস্ত ; বা! চারিধারে বেশ আগুন লাগিয়ে দিয়েছে।"

এখান হইতে কাশীবাবু দেবগণকে লইয়া নিজের আফিনে উপস্থিত হইবামাত্র মেলোবাবু ছুটিয়া আসিয়া কহিলেন "কৈ হে! তোমার বালকটি কৈ? আমার ভাই, তাকেই কর্ম দিবার একান্ত ইচ্ছা ছিল; অনেকগুলি প্রার্থী উপস্থিত হওয়ার কাজেই আমাকে একটা মোটাম্টি পরীক্ষা করতে হচে। জানি কি, পরের চাকর, কে আবার কোন দিক দিয়ে উড়ো চিঠি হাঁকাবে!"

কাশী। তোমাদের যে ধর্মভন্ন আছে, তা আমি বিলক্ষণ জানি। ঐ দেখ আমার সেই বালকটি।

মেজোবারু তৎশ্রবণে নিজের সম্মীকে ভাকিয়া আনিয়া প্রথমে উপকে কহিলেন "বাপু! বল দেখি, দশটাকা করে মণ হলে এক সেরের দাম কত ?"

উপ। চারি আনা।

মেৰোবাব্। (নিঙ্গ সংখীর প্রতি) তুমি কি বন ?

দেবতাদের মর্ভো আগমন

সন্ধন্ধী। আজে, বোনাই যদি দোকানদার হয়, এক সেরের উপর প্রায় একচটাক আন্দান্ধ ফাও দিয়ে থাকে।

সেজাবাবু। বেশ বেশ। দেখ হে কাশীবাবু, এর বৃদ্ধিটে কতদ্র তীক্ষ। একেই ভাই চাকরী দিতে হলো। আমি প্রতিজ্ঞা করচি, পুনরায় থালি হলে ভোমার ঐ বালকটিকে দিব।

কাশী। এ কথায় আমি সম্পূর্ণ বিশ্বাস করতে পারি না; জানি কি যদি তোমার আরও ২।১টি সম্বন্ধী থাকেন। এই তো স্থপারিশের জোরে তোমার এ সম্বন্ধীটির আগমন মাত্রেই চাকরী হলো। বিশেষ ছু:খিত হলাম যে, কর্ম দেওয়াৣ, বেতন বাডাবার সময়ে তোমাদের ধর্মভয় থাকে না।

মেজোবাব্। কাশীবাবৃ! তুমি কি ভাবচো—এ-বালক আমার সম্বন্ধী।
তুমি বেশ জেনো, এ আমার সহোদর সম্বন্ধী নয়। তবে পরিবারকে দিদি সম্বোধন
করে ভাকে মাত্র।

"আমার যতদ্র সাধ্য চেষ্টা করলাম, এর উপর আর হাত নাই! এক্ষণে বাসায় গিয়ে আপনারাই এর বিচার করবেন।" বলিয়া কাশীবাবু দেবগণকে বিদায় দিয়া নিজ কামরায় প্রবেশ পূর্বক কাজে বসিলেন।

দেবতারা এখান হইতে বাসায় গিয়া পরশ্বরে বলিতে লাগিলেন, "উপর এখানে কর্ম্ম কাজের স্থবিধা দেখতেছি না; অতএব অনর্থক আর থাকিবার প্রয়োজন কি ? চল আমরা প্রস্থান করি।" চারিটার পর কাশীনাথবাবু আসিয়া উপস্থিত হইলেন এবং দেবগণের হাতে একথানি পাশ দিয়া কহিলেন "আগামীকলা শনিবার। অতএব কলা প্রাতে যাইয়া আপনারা রেলওয়ে কারথানা দেখিয়া আদিবেন। এই পাশে আপনাদের প্রত্যেকেরই নাম লেখা আছে। এক্ষণে চলুন একবার নগর অমণ করিয়া আসি। দেবগণ তাঁহার কথায় সম্মত হইয়া নগর অমণে বহির্গত হইলেন। যাইতে যাইতে দেখিলেন, একটি বাড়িতে লোকে লোকারণা।

নারা। কাশীবাবু, এ বাটীতে কি ?

কাশী। বাড়ীর কর্ডার পুত্রের অরপ্রাশন।

ক্রমে সকলে যাইরা টেশনে উপস্থিত হইলেন। কাশীবারু দেথাইতে লাগিলেন "সম্প্রে ঐ মূঙ্গের টেশনের প্লাটফরম। এই স্থানে মূঙ্গেরের গাড়ি আসিয়া যাত্রীর জন্ত অপেক্ষা করে। ওদিকে দেখুন মেল লাইন।"

रेख। यान नारेन कि ?

কাশী। অর্থাৎ স্রোভম্বতী নদী। ঐ লাইন দিয়া অনবরত গুড়স, প্যাসেঞ্চার, মেল প্রভৃতি নানা নামের নানা ট্রেণ অহোরাত্র গমনাগমন করিতেছে। ব্রাঞ্চ লাইন অর্থাৎ শাখা নদী। এই নদী দিয়া কৃত্র কৃত্র ট্রেণ একথানি যায়, এক-থানি আসিয়া থাকে মাত্র।

এখান হইতে দকলে ষ্টেশনের প্লাটকরমে যাইয়া দেখেন, কোন গৃহে সাহেবদেশ খানা থাইবার দোকান সাজান রহিয়াছে, কোন গৃহে সূপাকার কাগজপত্র ছড়ান রহিয়াছে, ছই জন কেরাণী বিসিয়া লিখিতেছেন। পরিশেষে তাঁহারা একটি গৃহের নিকট উপস্থিত হইয়া দেখেন ৫। টা টেলিগ্রাফের কল রহিয়াচে, পাঁচনাতজন বাবু কলের কাঁটার প্রতি একদৃষ্টে চাহিয়া আছেন এবং মধ্যে মধ্যে কলের হাণ্ডেল ধরিয়া ঘট্ঘট্ শব্দ করিতে করিতে ভাইনে বামে হাঁচকা টান মারিতেছেন। কাশীবাবু কহিলেন "এই হচ্ছে টেলিগ্রাফের ঘর। আর ঐ বাব্রা তার-ঘরের বাবু। এই টেলিগ্রাফ যন্ত্র ঘারা আমরা এক মৃহুর্জে একশত মাইল দ্রের ঘটনা জানিতে পারি। এমন আশ্রুর্ব কল আর নাই। ইহার সাহায় ব্যতিরেকে রেল গাড়ি এক পা চলিতে পারে না। গাড়ি প্রত্যেক ষ্টেশনে আশিয়াই রাস্ভা পরিষার আছে কি না, ইহার নিকট জানিয়া তবে রঙনা হয়।"

বন্ধা। আহা। তার্ঘরের বাব্দের মত হংখী বাধ হয় জগতে আর নাই। সমস্ত রাতদিন বকের মত একদৃষ্টে চাহিয়া থাকা কি কম কওঁ! বক্লণ, কি পাণে ইহারা এ অবস্থা ভোগ করিতেছেন ?

বরুণ। আপনার শ্বরণ থাকিতে পারে, এক সময়ে ভগবান অনস্তদেব মংশুরূপে জন্মগ্রহণ করিয়া জলে বাস করিতে থাকেন। ঐ সময়ে কতকগুলি লোক সমূল্র-তীরে বসিয়া মংশু ধরিতেছিল। দৈবযোগে নারায়ণ যথন তাহাদের চারের নিকট দিয়া পাখনা নাড়িতে নাড়িতে ফাঁসিয়া যান, তাঁহার পাখনা স্পর্লে এক ব্যক্তির ছিপের ফাতনা ভূবিবাদ্ব উপক্রম হইলে, সে এমন সজােরে হাঁচকা টান মারে যে, ভগবানের শরীরে অভ্যন্ত আঘাত লাগে; তাহাতে তিনি ক্রুদ্ধ হইয়া ভশ্ব করিতে উন্থত হইলে তাহারা কর্মােড়ে দাঁড়াইয়া অঞ্চপাত করিতে লাগিল। ইহাতে ক্ষণাময়ের মনে ক্ষণার সঞ্চার হওয়াতে কহিলেন—

"রাজপ্রতিনিধি আরল অব ডেলহাউদির সময়ে ভারতে তারের খবরের আদান প্রদান আয়ত্ব হইবে। তোমরা সেই সময়ে এই তীক্ষ দৃষ্টিনহ তার্বরের বাব্রূপে জন্মগ্রহণ করিবে এবং ফাতনা ভোবার ক্যায় টেলিগ্রাফ যন্ত্রের কাঁটাকে নাজিতে দেখিলে হ্যাণ্ডেল ধরিয়া ভাইনে বামে খ্যাচকা টান মারিতে থাকিবে।" তৎপ্রবণে তাহারা বলে "প্রভো! কতকাল আমাদিগকে এ কট্ট সহ্য করিতে হইবে আজ্ঞা কক্ষন।" নারায়ণ তেহ্তারে বলেন "যে সময়ে বিনা তারে খবরাখবর প্রেরণ প্রচলিত হইবে, সেই সময়ে তোমরা মৃক্তি পাইবে।"

দেবগণ এথান হইতে বাসায় যাইবার সময় পূর্ব্বোক্ত নিমন্ত্রণ বাটির নিকট উপন্থিত হইয়া শুনিলেন, এক ব্যক্তি আর এক ব্যক্তিকে কহিতেছে "হাা হে, এ যজে ভাক-ভোক কিরপ করা হবে ?" তৎখবণে অপর কহিতেছে, "আজে---আইনত ২০ টাকা বেতনের কেরাণীদিগকে ভাকা নিষেধ; কিন্তু আমরা ত্রিশ টাকার নীচ হতেই ভাকা বন্ধ করেছি।" প্রশ্নকারী বলিল "সাধ্! সাধ্! আহারাদি কিরপ করান হবে ?" আর এক ব্যক্তি উত্তর করিল "ঠিক নিয়ম মতই করান হবে। আপাততঃ উচ্চ বেতনের বড়বাবুদের এখানে বসান হইবে না। তাঁহাদিগকে ভাল ঘরে কুশাসনের উপর উপবেশন করিয়ে উত্তম উত্তম দ্রব্যাদি ভোজন করিয়ে ইহকালের কাজ অর্থাৎ মাহিনা বৃদ্ধি করে নেবো। এথানে ভোজনে বসালে তাঁহাদের থাগুণ্রব্যের উপর যদি অল্প বেতনের কেরাণীরা লোভদৃষ্টি নিক্ষেপ করে, প্রিপাকের ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা। নিমন্ত্রিতগণ আহারে আসিলে প্রথমতঃ বাছাই আরম্ভ হবে এবং উত্তম মধ্যম অধম তিনটি ভাগ করা হবে। উত্তম (বড়) বাবুরা সমস্ত উত্তম উত্তম দ্রব্য, এমন কি লেডিক্যানিং, থাস্তার কচুরি এবং মাছভাঙ্গা পর্যন্ত থাবেন। মেজোবাবদের মানরকার্থ ঘৎদামাল্য পাঁপোর ভাজা ইত্যাদি প্রদন্ত হবে। অধম অর্থাৎ ছোটবাবুর দলের জন্ত বেশী মাত্রায় বিশাতী কুমাণ্ডের তরকারী প্রস্তুত করা হরেছে—তাই, ও ২া৪টি সন্দেশ প্রদান করা হবে।" প্রশ্নকর্তা এই সমস্ত শ্রবণে "দাধু দাধু" শব্দে প্রশংসা করিতে লাগিলেন এবং কহিলেন "খুব সতর্ক! যেন ৬০ টাকার নীচে মাছের তরকারী না পড়ে।"

দেবগণ শুনিলেন, এই সময় বাটির মধ্যে একটা মহাগগুগোল উপন্থিত হইল।
একজন কহিল—"রান্ধেল! আমাদের এত অপমান? তুই জানিস্ আমরাও
ওয়ার্কসপের ফোরম্যানের অধীন এক একজন কৃত্ত কৃত্ত বড়বাবু! আমাদেরও

অধীনে ২।১ জন কেরাণী আছে। আমরা কখনই ছোটবাব্দের সহিত হিমে বিশে আদেছো পুঁচি লবণ-টাকনা দিয়ে খাব না। হয় আমাদের বড়-বাবৃদের সহিত একত্রে বদাও, নইলে চলে যাব।" অপর কহিল "টুপিড! এখনি চলে যা। তোর স্পর্জা তো কম নয়। সদাগরা-জামালপুরাধীশর মহাপ্রতাপান্বিত বড়বাবৃদের প্রসাদে তুই ক্ষুত্তম বড়বাবৃ পদে অধিষ্ঠিত আছিদ, সেই মহাত্মা,—বেতন বৃদ্ধি, পাশ ও ছুটি দেবার বিধাতাদিগের সহিত একত্রে বদে আহার করতে ইচ্ছা করিদ? ধিক। ধিক! তোরা কি জানিসনে, অনেক সাধ্যসাধনা, অনেক ভজনপূজন উপাসনা ও তেল না দিলে বড় হওয়া যায় না? নরাধম! তুই আছ যে পাপ করিল—হয় তো এই পাপে কালই তোর চাকরী যাবে। তোর প্রভিডেন্ট ফাণ্ডের গচ্ছিত টাকা উঠিয়ে নেওয়া ভার হবে।"

দেবগণ দেখেন, এই সময় কাশীবাবু পকেট হইতে একটি টাকা বাহির করিয়া ঘন ঘন তাহাকে চুম্ন করিভেছেন এবং কখন মস্তকে, কখন কপালে, কথন বক্ষে ধারণ করিয়া কহিতেছেন—'হে টাকা! হে মুদ্রা! হে মহারাজ্ঞী-মহারাজ মুথমওলশোভিত-শেতবর্ণ গোলাকারমৃতি ৷ তোমাকে শতশত প্রণাম করি। তুমি যাহার গৃহে বিরাজ কর, হুদে আসলে ভাহাকে অনেক প্রসব করিয়া দেও। তুমি চারি যুগ সমভাবে নিজ ক্ষমতা বিস্তার করিতেছ। তুমি মর্জ্যে জাজনামান দেবতা। তোমার দয়ায় লোকে স্বর্গস্থথ ভোগ এবং ভোমার বৰুণা বিগনে নরক-যন্ত্রণা ভোগ করে। তোমার ক্ষমতা অদীম—ভূমি ভাতোর প্রতায় বিবাদ ও মৃথ দেখাদেখি বন্ধ করিয়া দিতে পার। তোমার কুংকে প্রবঞ্চকেরা প্রবঞ্চনা করিয়য়া অপরের বিষয় কইতেছে। তোমার গুণে ভাশুর ভাত্রবধুকে বিষদানে প্রাণে মারিতেছে। তোমার মহিমায় অনেকে খুড়ী জেঠিকেও বেশাপবাদ দিতে ছাজিতেছে না। ভোমার গুণে কেছ কেছ পিতৃবধ-পাপে নিমগ্ন হইয়া সিংহাদন লইতেছে। তোমার গুণে আপন পর ও পর আপন, नार् ष्मार् वदः ष्मार् मार् रह । 'कामाद क्र्याह क्याह क्याह विकास দোষী হইয়া রাজঘারে দণ্ড পাইয়া থাকে। তোমাকে পাইবার জন্ম লোকে জলে জনলে সমরক্ষেত্রে এবং ব্যাদ্র ভর্কের মূথে যাইতে ভীত নহে। তোমাকে পাইবার আশায় অনেকে জাত্যস্তর ও ধর্মান্তর গ্রহণ করিয়া পিতা মাতাকেও

দেবগণের মর্ত্তো আগমন

কাঁদাইতেছে। তোমাকে পাইবার জন্ম মাতাপিতা পুত্রকক্যা পর্যন্ত বিক্রম করিয়া থাকে। তুমি বৃক্ষ লতা ফলমূল সকলের মধ্যেই আছে। তোমাকে চেনে না, এমন লোক নাই। হে টাকা! তোমাকে প্রণাম করি; যেন তোমার বরে আমার ৬০ টাকা পর্যন্ত বেতন রন্ধি হয়, তাহা হইলে আমি যক্তিবাড়িতে গিয়া পাতে মাছের তরকারী থাইয়া মন্ত্রমুজীবনে সার্থক করিয়া আসিব

ইক্স। দেখচি পৃথিবীতে অর্থেরই গৌরব বেশী। বঙ্গা। গৌরব বলে গৌরব।

মাতা নিন্দতি নাভিনন্দতি পিতা প্রাতা ন সম্ভাবতে
ভূতাঃ কুপাতি নামুগচ্ছতি স্বতঃ কাস্তাপি নালিকতে।
অর্থপ্রার্থনশঙ্করা ন কুফতেহপ্যালাপমাত্রং স্বহৎ
তত্মাদর্থমপার্জন্ম প্রিয় সথে হার্থেন সর্বেবশাঃ॥

নারা। বন্ধণ, প্রজাহিতৈবী ইংরাজ-রাজ কেন এই সর্ব অনর্থের মূল টাকাগুলিকে এদেশ হইতে স্থানাস্তরিত করিতে চেপ্তা করিতেছেন না ? আমি আজ মন খুলে আশীর্কাদ করি তাঁহাদের যেন এ দেশে এক কপদ্দকও রাখিতে মতিগতি না হয়।

এখান হইতে দেবগণ বাদায় যাইয়া সে-রাত্রি অতিবাহিত করিলেন, এবং তৎপরদিন সাতটার ভোমা বাজিবামাত্র সকলে ওয়ার্কসপ দেখিতে চলিলেন। তাঁহারা গেট দিয়া প্রবেশ করিয়া প্রথমতঃ টাইমকিপার আফিসে উপস্থিত হইয়া দেখেন—গৃহটির ছই দিকের জানালার উপর, লোহের পয়সার আরুতি অসংখ্য নম্বর সাজান রহিয়াছে। কতকগুলি বাবু সেইগুলির নিকট দাঁড়াইয়া কাণ খাড়া করিয়া আছেন। বহির্ভাগ হইতে শ্রমজীবীরা "হাজার, তিন কুড়ি ছয়" বলিবামাত্র বাবুরা তৎক্ষণাং সেইখানি লইয়া টুক করিয়া ফেলিয়া দিতেছেন।

ব্রহ্মা। বরুণ, sএগুলো দেবার তাৎপর্ষ কি ? এবং "হাঙ্কার তিন কুড়ি ছয়" শব্দের অর্থ কি ?

বঙ্গণ। এই যে নম্বগুলি সান্ধান রহিয়াছে, এত লোক এই কারখানায় কান্ধ করিতেছে। এই টিকিটের ছারা কত উপস্থিত, কত অমুপস্থিত সহজে জানা যায়। অসভ্য শ্রমজীবীরা হাজার ছয়টি শ্বরণ রাথিতে পারে না, এজন্ত তিনকুডি ছয় বলিতেছে।

টিকিট লইয়া ষেমন 'কুলিরা কারখানার প্রবেশ করিল, অন্নি চারিদিক হইতে সজোরে এমন "ঝমাঝম গমাগম" শব্দ আরম্ভ হইল যে, কাণ পাতা দার। দেবতারা কারখানার মধ্যে প্রবেশ করিয়া দেখেন, একটি গ্রামকে অট্রালিকাশ্রেণী বেষ্টন করিয়া রহিয়াছে। কোন দিক দিয়া ঘুই চারিটি রেল রাস্তা সোজা চলিয়া গিয়াছে। কোন স্থানে এক খানি তাঙ্গা কল (এনজিন) লইয়া ১০০১২ জন কুলি চিৎকার করিতে করিতে টানিয়া আনিত্তেছে। কোনস্থানে কতকগুলি লোক 'দাঁড়াইয়া একখণ্ড বৃহদাকার লোহ মস্তকে তুলিবার চেষ্টা পাইতেছে। কোন দিক দিয়া একজন মোটা কেঁদো সাহেব হনহন বন বন শক্তে জ্বতপদে চলিয়া যাইতেছেন। তৎপশ্চাৎ ঘুই চারিজন হিন্দুখানী দেপাই কগেজ কলমের বাক্স হাতে ও থাতা বগলে ছুটিতেছে। কোন দিক হইতে একজন কেরাণী কাণে পেনসিল, হাতে একখানি চিঠি লইয়া একমনে পাঠ করিতে করিতে আদিতেছেন।

দেবগণ একস্থানে উপস্থিত হইয়া দেখেন —বাম্পের স্থারা অনেকগুলি কল
ঘূরিতেছে। এবং রেলওয়ে শকটের জন্ম যে যে দ্রব্যের আবশ্রক, তৎসমূদ্য
দ্রব্য স্থানাম্ভর হইতে প্রস্তুত হইয়া আসিয়া এই সমস্ত কলে পরিষ্ণার করিয়া
দিতেছে। বরুণ কহিলেন "এই সপের নাম নিউ টর্নিং সপ। এই সমস্ত ্লের মধ্যে গান্তির চাকা পরিষ্ণারের কল্ই বড় আশ্রুর্থ।"

. बन्ना। दक्ष्ण, मुभ नात्मन्न व्यर्थ कि १

বৰুণ। দোকান, কারখানা।

উপ। বৰুণ কাকা, ঐ যে গৃহের মধ্যে কয়েকটি বাবু বিদিয়া আছেন, উহার।
কি এই দোকানের দোকানী ?

বরুণ। একপ্রকার তাই বটে। ইহারা কারথানার হিদাবপত্র রাখেন এবং কোম্পানীর যে যে দ্রব্যের আবশ্রক হয়, রোকা পাইলেই প্রদান করেন। দেবরাজ! সম্মুথে ঐ যে কতকগুলি এঞ্জিন মেরামত হইতেছে দেখিতেছ, ইরেকটিং সপ অর্থাৎ কল মেরামত কারথানা। ঐ কারথানার মধ্যে আরো করেকটি কারথানা আছে। যথা—পেইনিং অর্থাৎ চিত্রকরের কারথানা,

দেবগণের মর্ছ্যে আগমন

কারপেণ্টিং অর্থাৎ স্ত্রধরের কারথানা এবং টেগুার অর্থাৎ গাড়িতে জল ও কয়লা রাথিবার স্থান নির্মাণের কারথানা।

এখান হইতে দকলে ওল্ড টর্নিং দপে যাইয়া দেখেন—নানাপ্রকার কল বেগে ঘ্রিয়া কৃত্র কৃত্র নানারপ লোহ ও পিতলের প্রবাদি প্রস্তুত করিয়া দিতেছে। কল কারখানা দেখিয়া দেবগণ আশ্চর্ষান্বিত হইলেন। এবং কেবল একদৃষ্টে চাহিয়া রহিলেন। বরুণ কহিলেন "এই কারখানার নাম পুরাতন টর্নিং দপ।" এখানে গাড়ির কল সম্বন্ধে যে সমস্ত কুঁচোকাঁচা দ্বোর আবশ্রুক, তাহা প্রস্তুত হইয়া থাকে। কলগুলির মধ্যে এক্কুপিং মেদিন অর্থাৎ এক্রপের পাঁাচ প্রস্তুত করিবার কল এবং সাইনিং মেদিন্ অর্থাৎ অন্ত্রাদিতে শাণ দিবার কল বড আশ্চর্য।

ব্ৰহ্মা। দেথ ইন্দ্ৰ, ইংরাজেরা সৰ পারে ! আমার বোধ হইভেছে, এক সময়ে এই জাতি মৃত মন্ত্ৰাকেও জীবন দান করিতে পারিবে।

এখান হইতে বৰুণ দেবগণকে লইয়া আদ ফিনিসিং দপে উপছিত হইলেন।
এবং কহিলেন "এই কারখানার নাম আদ কিনিসিং দপ অর্থাৎ পিতলের
দ্রব্যাদি পরিষ্কার করিয়া দিবার কারখানা। ওদিকে দেখা যাচে ফিটিং দপ
কাটা, ছুবি তালা প্রভৃতি মেরামতের কারখানা। এই কারখানার মধ্যে প্রত্যেক
দপে এক একজন করিয়া কর্তা-সাহেব আছেন। তাঁহাদিগকে কোর্ম্যান
কহে। তাঁহার অধীনে আবার ২।৪ জন করিয়া বাবু আছেন। ঐ দোতালার
উপর ফিটিং দপের বাবুদের আফিদ।

এখান হইতে দেবগণ ব্লাক্ষিথ দপে যাইয়া দেখেন—কলে বৃহৎ বৃহৎ লোহগুলিকে যেন কচু কাটার ন্তায় থওথগু করিয়া কাটিয়া দিতেছে। এক ছানে সকলে উপস্থিত হইয়া দেখেন—অনেকগুলি হাপরে অগ্নি জলিতেছে। কারিকরেরা হাপরে লোহকে উত্তমরূপে দগ্ধ করিয়া যেমন ষ্টিম হ্যামার নামক বাজ্গীয় মূদগরের তলায় ধরিতেছে, মূদগর আন কলের হায়া ছুটিয়া আসিয়া দমাদম গ্রমাসম শক্ষে লোহগুলুকে পিটিয়া দোরস্ত করিয়া দিতেছে। বরুণ কহিলেন "এই সপের নাম ক্ল্যাকশ্বিথ স্প অর্থাৎ কর্মকারের কারখানা। ওদিকের ঐ গৃহ্মধ্যে কর্মকারের বাবু নিজ ফ্লোরম্যানের সহিত বিদয়া কাজ-কর্ম করিতেছেন।"

দেবতারা ইহার পর ত্রিং সপে যাইয়া দেখেন—একটি কল যেন থাবার থাইবে বলিয়া হা করিয়া রহিয়াছে। লোহাদি উত্তপ্ত করিয়া যেমন তাহার মুখের মধ্যে দিতেছে, অমি কলে একদিক দিয়া সেটাকে পিটাইতেছে, একদিক দিয়া তাহাকে তেলা করিয়া দিতেছে এবং একদিক হইতে সেই লোহখণ্ডের মস্তকে টুপীর স্থায় প্রস্তুত করিয়া দিতেছে। এইরূপে সমস্ত কার্য শেষ হইলে কলটি সেই লোহখণ্ডকে ফেলিয়া দিয়া আবার যেন হা করিয়া থাছ প্রব্যের আশা করিতেছে। নারায়ণ একদৃষ্টে কলটির প্রতি চাহিয়া বরুণকে কহিলেন, "বরুণ। এ কলটির নাম কি ?"

বরুণ। বোল্ট মেকিং মেদিন। অর্থাৎ গাড়ির বোল্ট প্রস্তুত করিবার কল। এই দপটির নাম প্রিং দপ অর্থাৎ ইম্পাতের দ্রব্যাদি প্রস্তুত করিবার কারখানা। আর ওদিকে দেখ হুইল দপ অর্থাৎ গাড়ির চাকা ঠিক হুইল কি না তাহা পরীক্ষা করিবার কারখানা।

এখান হইতে সকলে কপার স্মিখ্ সপ দেখিতে যান এবং উপস্থিত হইয়া বৃদ্ধণ কহিলেন "এই সপের নাম কপার স্মিখ সপ অর্থাৎ তামা কর্মকারের কারখানা। এখানে তামার ধারা ইঞ্জিনের পাইপ ইত্যাদি প্রস্তুত হইয়া থাকে। ঐ কারখানায় টিনের ধারা লঠনাদি প্রস্তুত হইতেছে। ঐ যে একটি বাবু কলম হাতে করিয়া বেড়াইতেছেন, উনি টিন কামারের বাবু।"

এখান হইতে সকলে প্যাটারন সপ অর্থাৎ ফরমা প্রস্তুত করিবার কারখানা দেখিয়া, রাস মোলজিং সপ অভিমুখে চলিলেন। উপস্থিত হইয়া দেখেন—পিতল গলাইয়া জলের স্থায় তরল করিতেছে এবং কুলিরা সেই সমস্ত তরল পিতল বহন করিয়া লইয়া গিয়া ফরমায় ঢালিয়া আদিতেছে। বক্ষণ কহিলেন "এই স্থানের নাম পিতলের ঢালাই ঘর। গুদিকে দেখুন, লোহ গলাইয়া ছাঁচে ঢালিতেছে। ঐ সপের নাম "আইরন ফাউজিং অর্থাৎ লোহের ঢালাই ঘর।" ইহার পর সকলে বয়লার সপ ভ্রিং অফিস দেখিয়া টোর অর্থাৎ গুদাম ঘরের নিকট যাইয়া উপস্থিত হইলেন। এবং বক্ষণ কহিলেন, "দেখুন পিতামহ, কারখানায় যে সমস্ত প্রস্তুত্ত হইয়া থাকে এই গুদামে আদিয়া তাহা জমিতেছে। এখানে পাট, চামড়া, তুলা, তৈল যাহা কিছু আবশ্রুক, সমস্তই প্রাপ্ত হওয়া যায়। ঐ যে বারু বিদিয়া গয় করিতেছেন, উনি তেল গুদামের বারু।"

দেবগণের মর্ছ্যে আগমন

এখান হইতে দেবগণ প্রত্যাগমন করিবার সময় একস্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন "পিতামহ! সমূথে দেখুন এসিষ্ট্যাণ্ট স্থপারিণ্টেণ্ডেণ্ট আফিস অর্থাৎ সমস্ত কারথানার কর্তা সাহেবের আফিস; ঐ আফিসটিতে কতকগুলি বাঙ্গালী বাবু আছেন। সমস্ত কারথানার ও লোকোমটিভ ডিপার্টমেণ্টের আর একজন বড় কর্তা এবং তাহার সাহায্যকারী একজন ছোট কর্তা সাহেব আছেন। তাঁহারা ওদিকে ঐ দোভলায় থাকেন। ঐ বড় কর্তাদের অর্থ নে কতকগুলি অফিস আছে যথা—স্থপারিণ্টেণ্ডেণ্ট ইত্যাদি। ঐ বড় কর্তাকে ইংরাজিতে লোকোমটিভ স্থপারিণ্টেণ্ডেণ্ট কহে। তাঁহার অধীন অফিসগুলিতে কতকগুলি সাহেব এবং বিস্তর বাঙ্গালী কাঞ্চকর্ম করিতেছে।

উপ। কর্তা জেঠা, হঠাৎ আমার পশ্চাৎদেশে একটা ফোড়া হয়ে এমি টন্টন্ করচে যে, লাড়াতে পাচিচ না। শীল্ল বাসায় চলুন।

এই কথার দেবগণ অত্যম্ভ ভীত হইলেন। নারায়ণ কহিলেন "শুনিয়াছি এ দেশে ধ্বদা নামে একপ্রকার পশ্চিমে রোগ হুইয়া থাকে। ঐ রোগ প্রথমে ফোড়ার আকারে দেখা দেয় এবং সমস্ভ অঙ্গে চলে চলে বেড়ায়। যে স্থান হইতে যে স্থানে চলিয়া যায়, সেই সমস্ভ স্থানের মাংস পচিয়া ধসিয়া পডে। অতএব আমাদের উপ'র যদি সেই রোগ হয়ে থাকে, ইহাকে ফেরত পাওয়া স্কুক্টিন হবে।"

নারায়ণের কথা শুনিয়া দেবতারা অত্যস্ত ভীত হইলেন এবং আফিদ দেখা বন্ধ করিয়া ধীরে ধীরে বাসায় চলিলেন, এই সময় তাঁহারা শুনিলেন—এক ব্যক্তি নিজ পুত্রকে কহিতেছে, "বাবা! বড়বাবুর ছেলে এসেছে শুনেছ ?"

পুত্র। গ্রা-জনেছি।

পিতা। একবার দেখা করতে যেও **?**

পুতা। যাব।

পিতা। একদের সন্দেশ নিয়ে গিয়ে বাবুব ছেলের হাতে দিও, তাহা হইলে বড়বাবু সন্তুষ্ট হবেন।

পুত্র। তা আমি পারবো না।

পিতা। বলিদ কি । যাঁগ। পারবি না ?

পুত্র। হাঁা! আমি পারবো না। তুমি তোবামোদ করচো বলে কি গুটি-শুদ্ধকে তোবামোদ করতে হবে ? পিতা দেবগণের প্রতি চাহিয়া কহিল "এ হলো কি ? র'না ! পিতার কথাও পুত্রে রাথে না ? ছেলের চেয়ে আমর মেয়েটি ভাল, সে এই শীতে ভোরে উঠে রাশি রাশি পান তৈয়ের করে ও বাদাম ভেকে রাথে। তাই আমি পকেটে করে নিয়ে গিয়ে বড়বাবুকে ল্কিয়ে ল্কিয়ে দিয়ে ১০ হইতে ৪৫ পর্যন্ত বেত্ন বৃদ্ধি করে নিয়েছি।"

দেবগণ বাসায় যাইয়া কাশীনাথবাবুর অপেক্ষা করিতে লাগিলেন। কাশীনাথ-বাবু আসিয়া পীডার কথা শুনিবামাত্র কহিলেন "মহাশয়ের। মূঙ্গেরে যান।"

ইন্ত্র। কেন বলুন দেখি?

কাশী। অম্বানেতে ফোঁড়া, বড়ই ভাবনার কথা।

বন্ধা। মুক্লেরের ট্রেণ কখন পাওয়া যায় ?

কাৰী। একটার সময় অফিস-ট্রেণ আছে। চল্ন আপনাদিগকে তুরে দিয়ে আসি।

দেবগণ এই কথায় তলপীতলপা উঠাইয়া ষ্টেশন অভিমুখে চলিলেন। কাশীনাথবাবৃত্ত তাঁহাদিগকে উঠাইয়া দিবার জন্ম পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। দকলে মৃক্রের প্লাটফরমে বিসিয়া আছেন, এমন সময়ে টিকিট দিবার ঘণ্টা দিল। কাশীনাথ বারু যাইয়া ছয় প্রসা মূল্যের পাঁচখানি টিকিট খরিদ করিয়া আনিলেন। ক্রমে মৃক্রের-টেণ আদিয়া উপস্থিত হইল। দেবগণ টেণে উঠিয়া কাশীনাথবাবৃক্রে কহিলেন "আপনি অভি সৎ ও ভদ্রলোক। আপনাকে ছাড়িয়া যাইতে আমাদিগের কিছুমাত্র ইচ্ছা হইতেছে না। খ্ব সাবধানে থাকিবেন এবং ধর্ম বিষেয় দৃঢ় আশ্বা রাথিবেন। আপনি ধনাভাবে বিশেষ কন্ত পাইতেছেন, কি করিবেন,—অদ্ষ্টের উপর নির্ভর করিয়া যথন যে অবস্থায় থাকেন তাহাতেই সন্তোষ প্রকাশ করিবেন, কদাচ মনে তৃঃথ করিবেন না। আমাদের আশীর্কাদে আপনি এক সময়ে, যথেষ্ট ফ্রখী হইবেন। প্রশুহ জামালপুর পাহাড়ের সন্নিকটে ভ্রমণ করিতে যাইয়া অফুদন্ধান করিবেন, কারণ, প্রস্তর্মধ্যেও ব্ছমূল্য হীরকাদি থাকিবার সন্তাবনা।"

দেবগণ দেখিলেন—এই সময় একটি বাবুর খাট পালন্ধ এবং গৃহস্থালীর অনেক দ্রব্যাদি মৃটিয়ারা বহন করিয়া আনিতেছে। দর্ব্বশেষে বাবু এক অবগুণ্ঠনাবৃত স্ত্রীর হাত ধরিয়া আসিতেছেন এবং তৎপশ্চাৎ পশ্চাৎ একটি ৮। স্বংসরের বান্ধক স্থাসিতেছে। তাঁহারা আরও দেখিলেন—অনেকগুলি কেরাণী—কাহারও হাতে

দেবগণের মর্জ্যে আগমন

হাঁড়ি কুলনী, কাহারও হাতে দড়ি, কাহারও হাতে পান কাহারও হাতে বা জলখাবারের ঠোঙ্গা—ট্রেশন অভিমুখে আসিতেছেন। সকলে উপস্থিত হইয়া পূর্ব্বোক্ত সম্ভীক বাবুকে কহিল, "আপনার কি মুঙ্গেরে বাদা করাই স্থির হইল ?" বাবু দীর্ঘনিশাদ ফেলিয়া কহিলেন "অগতা।!"

ইন্দ্র। কাশীবাবু, ঐ যে বাবুটি স্ত্রীপুত্র সচিত ষ্টেশনে এলেন, উহাকে "মুদ্দেরেই কি বাসা করা ছির হইল" এই কথা জিজ্ঞানা করায় ছঃথ প্রকাশ করিবেন কেন ?

কাশী। হয়েছে কি জানেন, ঐ বাবৃটি একজন গোঁড়া ব্রান্ধ। যে দ্বীর হাত ধরিয়া আদিলেন, উহাকে উনি ত্রাহ্মমতে বিধবা-বিবাহ করেছেন। পুত্রটি স্ত্রীর সাবেক ,স্বামীর প্ররদজাত। এই দম্পতীযুগল জামালপুরে স্বথে স্বচ্ছলে বাদ করিতেছিলেন, হঠাৎ একটা ব্যাঘাত ঘটিল। ঐ পল্লীর যত স্ত্রীলোক ঐ স্ত্রীর কাছে প্রত্যহ দলে দলে আসিত। কেছ জিজ্ঞাসা করিত, "তোমার সাবেক স্বামী বেশি ভাল বাসিতেন, না বর্তমান স্বামী বেশি ভালবাদেন ?" তোমার কোন স্বামী দেখিতে স্থলর ?" কেহ বলেন "তোমার ছেলে তো ওঁকে বাবা বলে ডাকে ? উনি একে স্নেহ মমতা করেন কেমন ?" অপরা কহেন, "ওলো তুই থাম, সৎবাবার আর কত ম্নেহ হবে ? ভাল ব্রাহ্ম বৌ, তুমি যে কয়েকদিন বিধব। ছিলে—মাছ থেতে পাওনি ? আহা! মাছ না হলে কি ভাত থাওয়া যায়! বলি এখন কাঁটা চড়চড়ি বেশি করে থাচেচা তো? একটু ভাই বেশি করে মাধায় সিঁত্র দিও। আশীর্বাদ করি জন্মায়তি হও, আবার যেন তোমাকে ব্রাহ্মমতে তৃতীয় পক্ষে বিবাহ করতে না হয়।" কোন রমণী কহিলেন "বলি ব্রাহ্মবৌ, তোমাদেরও কি বিয়ের সময়ে মন্ত্র পড়িয়ে দান উৎদর্গ করে ? সত্যি করে বলু না ভাই, কলা তলায় কজনে কলনে ভোমাকে পিড়িতে বসিয়ে উচু করে ধরে বলেছিল—বর বড় না কনে বড় ?" কোন বমণী হয় তো জিজ্ঞাসা করিয়া বসিতেন "বলি এাক্ষদিদি, তোমাদের কি বাসর-ঘর আছে ? চারি চোথে শুভদৃষ্টি করতে হয় তো ? সভ্যি করে বল— তুমি ভাই ফুলশয্যার দিন কি কথা কয়েছিলে ? তোমার ছেলেটি কোথায় ছিল ?" আর এক রমণী হয় তো বলিয়া বসিলেন, "বলি, হাাগা, ওগো! তোমার কি ধুলোপায়ে লগ্ন হয়েছিল ? জামাই বিয়ে করতে এসেই তো ছেলে কোলে করে আদর করেছিলেন ?" এইরূপ প্রত্যহ বিরক্ত করায় ইহারা জামানপুর পরিত্যাগ

করিয়া মৃক্লেরে যাইতেছেন। অনেকদিন বাস করিয়া স্থানটিতে মায়া বসায় তুঃখিত হইয়াছেন।

ব্রহ্মা। দেখ বরুণ, মুঙ্গেরী কেরাণীরা কেমন ধার্ম্মিক! ইহার। জামালপুর হইতে টাকা উপার্জ্জন করিয়া লইয়া যায়। এমন কি হাঁড়ি, কলসী, পান, তামাক, কাঠ পর্যন্ত জামালপুর হইতে মুঙ্গেরে লইয়া যায়, অথচ মুঙ্গেরে বাসা করিয়া থাকে। ইহার কারণ কি, কিছু বুঝো ?—অর্থাৎ তথায় থাকিলে পতিতপাবনী ভাগীরথীতে স্নান করিতে পাইবে।

কাশীনাথবাবু হাসিতে হাসিতে কহিলেন "আজে, তা নয়, সেখানে ঢেবুয়া চলে।"

ব্ৰহ্মা। ঢেবয়াকি ?

কাশী। লোহ ও তাম-মিপ্রিত এক প্রকার পরদা। ঐ গুলো টাকার ১৮ গণ্ডা, ১৯ গণ্ডা করিয়া বিক্রয় হয়। এবং উহার একেকটায় মূঙ্গেরের বাজারে তরকারী প্রভৃতি থরিদ করিতে পাওয়া যায়, জামালপুরে তা হবার যো নাই। এক্ষণে আমি বিদায় হই; কারণ ট্রেন ছাড়িবার আর বিলম্ব নাই।

এই সময় সমস্ত কেরাণীরা আসিয়া টেনে উঠিল। টেন "ছ ছ পাইয়া, ছ ছ পাইয়া, ছ ছ পাইয়া" শব্দে উদ্ধশাদে ছুটিতে লাগিল। ত্রহ্মা কহিলেন "বরুণ, জামালপুরে আর যা কিছু আছে সংক্ষেপে বল ?"

বরুণ। জামালপুর পূর্বে অরণাপূর্ণ ব্যাদ্র ভাল্পকের আবাসভূমি ছিল। বেলওয়ে কর্তৃপক্ষেরা এই স্থানে শ্রমজীবীর সংখ্যা বেলি দেখিয়া হাবড়া হইতে ওয়ার্কগপ এবং অনেকগুলি অফিস উঠাইয়া আনিয়া স্থানটিকে জঙ্গল কাটিয়া নগর করিয়া তুলিয়াছেন। একণে ইহাতে দিনদিন বিভাশিক্ষার বিশেষ উন্নতি দেখা যাইতেছে। বর্তমান সময়ে ইহাতে একটি ইংরাজী বিভালয়, একটি বালিকা বিভালয়, দতব্য সভা, য্বকগণের সভা, নেটিভ ইনিষ্টিটিউট প্রভৃতি সাধারণের হিতকর অনেক সভা ইত্যাদি আছে।

ক্রমে ট্রেন মূঙ্গেরে আশিয়া উপস্থিত হইল। দেবতারা স্টেশনের বাহিরে আশিয়া দেখেন মূঙ্গেরের প্রকাণ্ড চুর্গ তাঁহাদের সম্মুখে বিরাজ করিতেছে। উপ। বঞ্চণ কাকা! গাঙ্গুলিদের খামার বাড়ার দেওয়ালের মত দেখা ্যাচে ওটা কি ? বল নাবঞ্চণ কাকা।

বৰণ। দেবরাজ! চেয়ে দেখ সম্প্রে মৃক্সের কেলা।

ইন্দ্র। এ কেল্লা নির্মাণ করে কে?

বরুণ। লোকে বলে—এ কেলা জরাসদ্ধ রাজার ছিল। তৎপরে মুসলমানদিগের সময়ে নবাব হোসেনের হস্তগত হইয়া সা স্থজার হস্তে যায়। পরে
মীরকাসিমের সময় ইহার পুনরায় স্থল্বরূপে মেরামত হয়। একণে ইহা
ইংরাজের অধীনে আছে এবং ইহার প্রশস্ত ক্রোড়ে কতকগুলি ইংরাজ সদাগর
বাস করিতেছে। তদ্ভিন্ন মুঙ্গের জেল, আফিস, আদালত ও চর্চ্চ ইত্যাদি
এই ফোর্টের মধ্যেই আছে।

ক্রমে সকলে কেল্লার সন্ধিকটে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "ওদিকে দেখ—ইংরাঞ্চিগের গোরস্থান।"

নারা। কবর স্থান তো বড় স্থন্দর স্থানে নির্মাণ করা হইয়াছে। বলিতে কি—একেবারে গঙ্গাগর্ভে। এই সমস্ত কবরে যে কোন পাপী থাকুন, নিংসন্দেহ তিনি গঙ্গালাভ করিয়া উদ্ধার হইয়াছেন।

দেবতারা ফোর্টের মধ্যে প্রবেশ করিয়াই দেখেন—প্রাচীরে অনেকগুলি হিন্দু দেব-দেবীর মৃত্তি অন্ধিত রহিয়াছে। নারায়ণ কহিলেন "দেখ বরুণ! তুর্গটি হিন্দু রাজাদিগেরই ছিল। মুসলমানদিগের হইলে প্রাচীরে এ দব মৃত্তি থাকিবে কেন ?"

বরুণ। এমন হইতে পারে দেবছেবী মুসলমানেরা হিন্দু দেব-মন্দিরগুলি ভালিয়া আনিয়া সেই প্রাচীরে এই প্রাচীর নির্মাণ করিয়াছে। এই তুর্গটি দৈর্ঘে চারি হাজার ফিট এবং প্রস্থে তিন হাজার পাঁচ শত ফিট আন্দাজ হইবে। ইহার প্রাচীর ১৩/১৪ হাত উচ্চ। কেল্লাটির্র তিন দিকে গড় এবং একদিকে ভাগীরথী স্বয়ং প্রবাহিতা। এক্ষণে ইহার চারিদিকের প্রাচীর এবং চারিটি গেটমাত্র অবশিষ্ট আছে। ঐ গেটগুলিকে লাল-দরজা কহে। আহা! এই কেল্লায় ত্রাত্মা নবাব মীরকাসিম রাজা রাজবল্পভকে যেরূপে হত্যা করিয়াছিলেন, অত্যাপি শরণ হইলে কালা আইসে।

ইন্দ্র। নবাব রাজা রাজবঙ্কবভকে কি কারণে হত্যা করেন ?

বঙ্গণ। যথন নবাব দেখিলেন, তিনি নামেমাত্র নবাব—তাঁহার হাতে কোন ক্ষমতা নাই, ইংরাজেরাই সর্ব্বয়য় কর্তা, তথন তাঁহার স্বাধীন হইবার ইচ্ছা হইল এবং মূর্শিদাবাদ পরিত্যাগ করি৷ মূক্তেরে আসিয়া বাস করিতে লাগিলেন। তিনি মনেমনে ছির করিলেন রাজা রাজবল্পত, মূর্শিদাবাদের শেঠেরা এবং আর কতকগুলি লোক ইংরাজদিগের নিভান্ত অহুগত এবং বোধ হয় তাহাদেরই ষড়যন্ত্রে ক্রমান্ত্রমে নৃতন নৃতন নবাব পদচ্যুত হইতেছে। অতএব ঐ কয়েকটি কন্টককে অগ্রে বধ করিয়া নিজন্টক হওয়া উচিত। তিনি এইরূপ ছির করিয়া রাজা রাজবল্পতকে এথানে বন্দী করিয়া আনেন এবং কারারুদ্ধ করিয়া রাথেন। পরিশেষে প্রাণতের আজ্ঞা দিয়া বলেন, "বল দেখি —কোমার কিরূপে মরণে ইচ্ছা হয়।" রাজা তৎপ্রবণে কহিলেন, "আমাকে যেন জাহ্বনী-জলে নিময় করিয়া মারা হয়।" মীরকাসিম এই কথায় সম্মত হইয়া তাঁহার বক্ষে প্রচণ্ড শিলা বাঁধিয়া জলে নিক্ষেপ করিতে হুকুম দেন। নিক্ষেপ সময়ে রাজা "হা! রাম!" শব্দে যে চীৎকার করিয়াছিলেন—দেই শব্দ থেন এক্ষণেও আমার কর্ণে ঘূরে বেড়াইতেছে।

বন্ধা। বৰুণ, এ স্থলের নাম মৃক্ষের হইল কেন ?

বৰুণ। এ স্থানের নাম পূর্ব্বে মূল্যলপুর ছিল। মূল্যল সামক কোন ঋষি এই স্থানে বসিয়া তপস্তা করিতেন বলিয়া ঐ নাম হইয়াছে।

দেবতারা কেলার মধ্যন্থ একটি কবরের সন্নিকটে বাসা ভাড়া ক'রলেন।
এবং সন্ধ্যার পর উপ'র হাত ধরিয়া ধীরে ধীরে হাসপাতালে উপস্থিত হইলেন।
ডান্ডার পরীক্ষা করিয়া কহিলেন, "এ সামান্ত ফোড়া—এর জন্তে কোন ভাবনা
নাই, একটু একটু ধি গরম করিয়া দিলেই সারিয়া যাইবে।"

নারা। হাঁসপাতালে এত খাট কেন ?

বঞ্চণ। মূরশিদাবাদের রায় অন্নদাপ্রসাদ রায় বাহাত্তর একদিন হাসপাতাল অমণে আসিয়া দেখেন—রোগীদের শয়নের বড় কষ্ট। এজস্তু তিনি নিজ বায়ে এই সমস্ত থাট খরিদ করিয়া হাসপাতালে দান করিয়াছেন।

ব্ৰহ্মা। এইরূপ দানই প্রকৃত দান। এবং এই সকল লোকই প্রকৃত মাতা।

দেবগণের মর্ছ্যে আগমন

যথন তাঁহার। হাসপাতাল হইতে বাহির হয়েন একটি বালালীবার্ও তাঁহাদের সহিত বাহির হইলেন। সকলে একটি অশ্বখগাছের তলে উপস্থিত হইয়া দেখেন একটি যুবা তাঁহাদিগকে দেখিয়া বৃক্ষাস্তবালে লৃ্কায়িত হইল। বালালী বাব্টি ক্রত গিয়া তাহার হাত ধরিয়া কহিলেন কেও, হরি! তুমি এখানে লৃকিয়ে আছ যে?"

যুবা। আজে, না। আমার কিছু প্রয়োজন আছে। বাঙ্গালী। গাছের তলায় তোমার কি প্রয়োজন ?

যুবা। আছে, কিছু বিশেষ প্রয়োজন আছে।

বাঙ্গালী। বুঝেছি, ভোমাদের জামালপুরে রুষ্ণ ঘোষের পরিবারকে তুলদী-তলায় নামিয়েছে। মলে ঘাড়ে করে মুঙ্গেরে আনতে হবে বলে তুমি পলাতক হয়েছ।

যুবা। আমাকে সে বদনাম দেবার যো নেই, ভাকবামাত্র গিয়ে মঙা ঘাড়ে করি।

বাঙ্গালী। আজ পালিয়ে এলে কেন?

যুবা। আমাকে আপনি অনর্থক মিধ্যাপবাদ দিচ্ছেন, আমার ছোঁবার যোনাই।

বাঙ্গালী। তোমার ত বিবাহ হয় নাই, ছোঁবার যো নাই কেন ?

যুৱা। বলবো---

বাঙ্গালী। বলনা?

युवा। नानात खी अष्टः पदा :

"তুমি অধংপাতে যাও" বলিয়া বাঙ্গালীবাবৃটি হাসিতে হাসিতে চলিয়া গোলন। দেবগণও অপর দিক দিয়া বাসায় চলিলেন। যাইতে যাইতে বন্ধা কহিলেন "বরুণ। শব-বহন অপেক্ষা পূণ্য আর নাই। কলিতে এই কার্ধের ঘারা অশ্বমেধ যজ্ঞের ফল পাওয়া যায়। কিন্তু এ কি! পাছে শব বহন করিতে হয় এই আশহায় ঐ ব্যক্তি লুকায়িত আছে। আহা! সকলেই যদি এইভাবে থাকে—মৃত গ্রীর স্বামীর আছ কি কন্তঃ ভাবিতে যে শরীরে শোণিত পর্যন্ত শুক্ক হইতেছে। তিনি এক্ষণে শোকে তাপে বিহ্নল— ভাহার উপর আবার মড়া কিরণে বাহির হইবে এই তুর্ভাবনা। বরুণ, চল আমরা জামালপুরে গিয়ে শব-বহনরূপ সংকার্যের অনুষ্ঠান করে **অক্ষয় পুণ্য** সঞ্চয় করে রাখি।"

বৰুণ। ২।১ জন লুকায়িত আছে বলিয়া সত্যসত্যই কি শব গৃহে পচিবে ? অবশাই কেহ না কেহ বহন করিয়া আনিয়া সৎকার করিয়া যাইবে। তজ্জন্ত আপনি উদ্বিশ্ন হইবেন না।

দেবগণ বাসায় আসিয়া তৎপরদিন কষ্টহারিশীর ঘাটে স্নান করিতে চলিলেন।

যাইবার সময় দেখেন, কতকগুলি কেরাণী স্নান করিয়া আসিতেছেন এবং
পরস্পর বলাবলি করিতেছেন "শীঘ্র চল, ঘোর ঘোর থাকতে না থেয়ে নিলে
টেশনে গিয়ে টেন পাওয়া ঘাবে না. আফিস কামাই হবে।"

नाता। वक्ष्ण, हेराता काता?

বরুণ। রেলওয়ে অফিনের কেরাণী। ইহারা রজনীযোগেই তুইবার করিয়া আহার করিয়া থাকেন। কারণ, জামালপুর হইতে আদিতেও রাজি হয় এবং রাত্রি থাকিতে ঘাইতে হয় ; স্থতরাং স্থালোকে আর আহারাদি করা ঘটে না। ইহাদিগকে — দিবদে না দেখায় — ছেলেরাও বাপ বলিয়া চেনে না ; রবিবারে দেখিয়া মনে করে বাড়িতে কুটুম্ব এদেছে।

ইন্দ্র: এত কটে এখানে থাকার প্রয়োজন ? জামালপুরেই ত বাসা করিলে হয়।

বরুণ। সেথানকার অপেক্ষা এথানে অনেকগুলি বিষয়ের স্থবিধা আছে। প্রথমতঃ বাড়ীঘর সস্তা, তদ্তিয় "চের্য়া" চলে। পিতামহ! চেয়ে দেখুন এই ক্ষে পোলের নীচে প্রায় শতাধিক-সোপান-বিশিষ্ট গঙ্গাপুলিনপ্রসারিণী বেগম-দিগের এক অতি আশ্চর্য "বোলী" অর্থাৎ স্নানের ঘাট বর্তমান রহিয়াছে। সোপানের অন্ধকাররাশি নষ্ট করিবার জন্ত দেখুন অত্যাশি তৃইটি আলোকস্তম্ভও বিশ্বমান রহিয়াছে। যে স্থান হইতে এই সোপানশ্রেণী আরম্ভ হইয়াছে, সেই স্থানে নবাব মীরকাশিমের অন্ধর ছিল। বেগমেরা এই স্থানে স্মান করিতেন এবং কোন বিপৎপাত্তের আশহা হইলে এই গুপ্ত ধার দিয়া বহির্গত হইয়া পলায়ন করিতেন।

দেবগণ কটহারিণী ঘাটে উপস্থিত হইয়া দেখেন— ঘাটটি বড় স্থন্দররূপে বাধান। ভাগীরণী ঘাটের নিকট দিয়া কলকল শব্দে উত্তর-বাহিনী হইয়া প্রবাহিত হইতেছেন। ঘাটে কয়েকটি দেবমূর্ত্তি রহিয়াছে এবং কতকগুলি গঙ্গাপুত্র, সয়্যাদী, মোহাস্ত বাদ করিতেছে। এমা কছিলেন, "বঙ্গণ! এ ঘাটের নাম কটহারিণী ঘাট হইল কেন?"

বরুণ। এই ঘাটে বসিয়া পূর্বে মুদাল ঋষি তপস্থা করিতেন। তাঁহার তপস্থার নিয়ম ছিল, একপক্ষ উপবাস করিয়া থাকিবেন এবং পক্ষান্তে একদিনমাত্র তণ্ডলকণা সংগ্রহ করিয়া আহার করিবেন। তাহার এইরূপ কঠিন তপস্থায় নারায়ণ অত্যন্ত সম্ভষ্ট হইলেন এবং পক্ষান্তে যথন ঋষি তণ্ডলকণা সিদ্ধ করিয়া আহারের উদযোগ করিতেছেন, তথন তিনি ব্রাহ্মণবেশে অতিথি হইয়া দেখা দিলেন। ঋষি অভিপিকে যথাবিধি দৎকার করিয়া সেই ভোজা দ্রব্যের অর্ধেক প্রেসাদ করিয়া অপরার্দ্ধ নিজের আহারের জন্ম রাখিলেন। কিন্তু নারায়ণ কহিলেন. ঐ অপরার্দ্ধ তাঁহাকে না দিলে পরিতৃপ্তরূপ আহার করা হইতেছে না। ঋষি তৎশ্রবণে সমস্ত থাগুদ্রবা তাঁহাকে প্রদান করেন এবং অতিথি বিদায় হুইলে সম্ভষ্টচিত্তে তপন্তা করিতে বদেন। এইরূপে একপক্ষ অনাহারে গত হইলে দ্বিতীয় পক্ষে আবার যেমন তিনি তণুল্কণা পাক করিয়া আহারের উদেযাগ করিতেছেন, নারায়ণ পুনরায় অপর এক ব্রাহ্মণের রূপ ধরিয়া আদিয়া অতিথি ছইলেন এবং ঋষির সমস্ত খাগুদ্রবা আহার করিয়া প্রশ্বান করিলেন। ঋষি সন্তুষ্ট-চিত্তে পুনরায় তপস্তা করিতে বদিলেন। এইরপে তুই পক্ষ অনাহারে থাকিয়া ভূতীর পক্ষে আহারের উদেধাগ করিলেন, দেবারেও নারায়ণ আদিয়া সমস্ত দ্রত্য আহার করেন। তিনি ভাবিলেন বারংবার আহার করিয়া ঘাইতেছি: কিন্তু ঋষি অনাহারে থাকিয়া ক্রন্ধ না হইয়া বরং উত্তরোত্তর সম্ভষ্ট হইতেছেন; অতএব ছলবেশী নারায়ণ কহিলেন, "হে মৃদগল! ভোষার অভিল্যিত বর প্রার্থনা কর।" ঋষি কহিলেন, "তুমি আমাকে বর দিতে চাহিতেছ—তুমি কে?" নারাঃণ কহিলেন "তুমি ষাহার জন্ত এই কঠিন তপস্তা ত্রত অবলম্বন করিয়াছ, আমি ণেই নারারণ, ভোমার ওপভার সম্ভষ্ট হইয়া বর দিতে ইচ্ছা করিতেছি।" ঋষি কহিলেন, °আমার কোন বর আবশুক হইতেছে না, বেহেতু পৃথিবীর কোন বিষয়ে আমার অভিলাব নাই। এক প্রমত্রন্ধের অভিলাব ছিল; কিন্তু আপনার সাক্ষাৎকার লাভ হওয়াতে সে আশাও পূর্ণ হইল। ফলত: একবার আপনার প্রকৃত রূপ দেখিতে অভিলাষ করি।" নারায়ণ তৎশ্বনে নিম মৃষ্টি পরিগ্রাহ করিলেন একং কহিলেন "আমি তোমার উপর অভীব সম্ভষ্ট হইরা বর দিতে চাহিতেছি, অভএব যে কোনও বর প্রার্থনা করিয়া আমার অভিলাব পূর্ণ কর।" তথন ঋষি কহিলেন. "তবে এই বর প্রদান করুন—এই ঘাটে আপনার সহিত সাক্ষাং হওয়াতে যেমন আমার কট্ট দ্র হইল, তেমনি অভ হইতে ইহার নাম কট্টহাবিণী ঘাট হউক। অভঃপর যে কোন ব্যক্তি এই ঘাটে আন দান করিবে, মরণাস্তে সে যেন বৈকৃষ্ঠ প্রাধ্য হয়।"

ব্রনা। আমরি। মরি। কট্টারিণী ঘাট কি মহাভীর্থ।

ইন্দ্র। ভাল বরুণ ! মৃদ্যাল হইতে মৃদ্ধের নাম হইল কি প্রকারে ?

বৰুণ। বেহারীরা সচবাচর ল স্থানে র উচ্চারণ করিয়া থাকে, স্থতরাং মৃদ্যল হইতে মুদ্যর বা মুক্তন নাম হইয়া এক্ষণে মুক্তের হইয়াছে।

দেবতারা জলে নামিয়া স্নান করিতে লাগিলেন। ব্রহ্ম! বরুণের তিরন্ধারের ভয়ে মনে মনে ডাকিতে লাগিলেন "গঙ্গে! পতিতোদ্ধারিণি! একবার দেখা দেও মা!—কমগুলুতে এদ মা।"

স্থান করিয়া থেমন তাঁহারা উপরে উঠিতেছেন, গঙ্গাপুত্রেরা জ্রুত আদিয়া তাঁহাদের গলদেশে পুষ্পমাল্য অর্পণ করিয়া কপালে রক্ত খেত চন্দনের ছাপ দিতে লাগিল। দেবগণ ভাহাদিগকে ২।১ প্রসা দান কয়িয়া করণচড়া দেখিতে চলিলেন।

করণচড়ায় উপস্থিত হইয়া ইন্দ্র কহিলেন "বরুণ! এ স্থানের নাম করণচড়া ইইল কেন ? এবং কারণচড়ার উপর এ স্থন্দর বাড়িটি কাহার ?"

বরুণ। লোকে বলে মহাভারতোক্ত মহাবীর ক্র্প প্রত্যন্ত কট্টহারিণী ঘাটে আন করিয়া এই প্রক্তরের বেদিতে (সামান্ত পাহাড়ে) উপবেশন করিয়া শত শত দীন দরিত্রকে অকাতরে রত্ন কাঞ্চনাদি দান করিতেন। তিনি ইহাতে চড়িয়া দান করিতেন বলিয়া ইহার নাম করণচড়া হইয়াছে। ঐ যে ফুন্দর অট্টালিকাটি দেখিতেছেন, উহাতে প্র্রে ম্লেরের সিভিল জন্ধ বাস করিতেন। তৎপরে ম্রেশিদাবাদের রায় অন্ধাপ্রসাদ রায় বাহাছ্র নামক কোন ধনী জ্মিদার ইহা ক্রয় করেন। লোকের মনে বিশাস আছে, এই পীঠন্থানের উপর যে কেহ বাস করিবে, সে অল্লাহিনের মধ্যে শম্বনদ্বন গ্রমন করিবে। *

রায় অয়দায়্রসাদ রায় বাহাছরের অকালে মৃত্যু হওরায় লোকের মনে দৃঢ় বিশাস হইয়াছে
 বে করণ্টভার বাটাতে বে বাস করিবে নিশ্চয়ই ভাহার রক্ষা নাই।

দেবগণের মর্ত্তো আগমন

এথান হইতে তাঁহারা একটি রাস্তা দিয়া চলিলেন। রাস্তাটির উভর পার্থে দেখেন—বহুকালের অখখ, পাকুড় ও বটাদি বৃক্ষ সকল বহুদ্র শাথা প্রশাখা সকল বিস্তার করিয়া দণ্ডায়মান রহিয়াছে। দেখিলে বোধ হয়, ইহারা যেন একদৃটে মৃক্ষেরের অদৃষ্টলিপি দর্শন করিতেছে এবং মধ্যে মধ্যে শিশিররূপ অশ্রবারি পরিত্যাগ করিয়া মনোতৃঃখ ব্যক্ত করিতেছে। এইস্থানে উপস্থিত হইয়া দেবগণের মনে এক অভিনব ভাবের উদয় হইল। তাঁহারা দাঁড়াইয়া দাঁড়াইয়া গাছগুলির প্রতি একদৃষ্টে চাহিতে লাগিলেন। পিতামহ কহিলেন, "দেখ বরুণ! আমার মহায়্রগণ অপেকা বৃক্ষণণ অনেক স্থা এবং অনেককাল স্বায়ী। আমার বোধ হইতেছে, এই রক্ষেরা নৃক্ষেরের দোভাগ্যের দশা হইতে মীরকাদিমের অত্যাচার প্রভৃতি অনেক বিষয় চক্কে দেখিয়াছে এবং এক্ষণেও ইহার ধ্বংদের অবস্থা অবলোকন করিতেছে। কিন্তু মৃক্ষেরের দেই সমস্ত মহাপুরুষ, দেই সমস্ত পাষ্থ অক্ষণে কোথায়? একবার আদিয়া দেখুক—ভাহাদের অপেক্ষা, ভাহাদের অকিঞ্চিৎকর দেহ অপেক্ষা, ভাহাদের হস্তরোপিত বৃক্ষগুলি কতকাল স্বায়ী। পরিভাপের বিষয় এই, আমার মহয়েয়া আপনাদিগকে বৃক্ষাদি অপেক্ষা মন্ত্রকাল-স্থায়ী দেথিয়াও ধনমদে ঐশ্র্যমন্তেরা আপনাদিগকে বৃক্ষাদি অপেক্ষা মন্ত্রকাল-স্থায়ী দেথিয়াও ধনমদে ঐশ্র্যমনে উমন্তরা প্রকাশ করিতে ছাড়ে না।"

এখান হইতে দেবগণ চণ্ডীস্থানের অভিমুখে চলিলেন! উপস্থিত হইরা দেখেন
—নগরপ্রান্তে বিজন স্থানে এবং ভাগীরথীতীরে একটি মন্দির মধ্যে দেবীমূর্ত্তি বিরাজ করিতেছে। নিকটে অপর একটা শিবমূর্ত্তি বিরাজমান রহিয়াছে। অশ্বখন্তলার কয়েকটি সয়াদী চক্ষ্ মূক্তিত করিয়া বিদয়া আছেন। একটা কুকুর দেবগণকে দেখিয়া ঘেউ ঘেউ শব্দে ভাকিয়া উঠিল। উপ একখানি এগার ইঞ্চি ইট হাতে লইবামাত্র কুকুরও আত্মদাবধান হইয়া দ্রেন্ধ পলায়ন করিল বটে; কিন্তু ভাকিতে ছাড়িল না।

বক্ষণ। পিতামহ! ইহারই নাম বিক্রমচণ্ডী।

বন্ধা। এ মূর্ত্তি কে প্রতিষ্ঠা করে এবং ইহার নাম বিক্রম5ণ্ডী হইল কেন—
আমাকে বিশেষ করিয়া বল।

বরুণ। বেহারীরা বলে—ইহা বায়ায়-পীঠের মধ্যে একটি পীঠছান; কিছ শাত্মাদিতে তাহার কোন উল্লেখ দেখা যায় না। এই চণ্ডী সম্বন্ধে একটি অভ্তুত গল্প এখানকার পাণ্ডাদিগের মুখে শুনিতে পাশুরা যায়। ইন্দ্র। সেগলটা কি?

বৰুণ। তাহারা বলে—মহামতি কর্ণ প্রতিদিন রন্ধনীযোগে ভাগলপুর হইতে হইতে ইহাকে পূজা করিতে আদিতেন। ভাগলপুরে কর্ণপুরী ছিল। তিনি আসিয়াই প্রকাণ্ড অগ্নি প্রস্তুত করিয়া তত্তপরি এক কড়া ঘত চাপাইয়া পূজা করিতে বসিতেন। পূজা হইলে সেই কড়ান্থিত উত্তপ্ত দ্বতমধ্যে লাফাইয়া প্রাণত্যাগ করিতেন। তাঁহার মাংসাদি মতে উত্তমরূপে ভাজাভাজা হইলে দেবীর ভাকিনী যোগিনীগণ আদিয়া দেই মাংদ লইয়া আহার করিতে বদিত। আহার শেষ হইলে একথানি অন্থিতে অমতকণ্ডের জল দিয়া তাঁহাকে সজীব করিয়া বর দিতে চাহিত। কর্ণ তত্ত্বসারে ঐকড়ার এককড়া স্বর্ণ, রোপ্য, হীরকাদি প্রার্থনা করিতেন। এবং প্রাতে দেই সমস্ত রত্ব কাঞ্চনাদি দরিন্তদিগকে দান করিতেন। রাজা বিক্রমাদিতা, কর্ণ প্রতাহ এত অর্থ কিরপে সংগ্রহ করেন জানিবার জন্ম, তাঁহার নিকটে ছন্মবেশে আসিয়া ভূত্য হইতে প্রার্থনা করেন। কর্ণ তাঁহাকে এই স্থানের ভূত্য নিযুক্ত করিয়া পুষ্পচয়ন এবং পূজার স্থানাদি করিবার ভারার্পণ করিয়াছিলেন। বিক্রমাদিত্য পূজার পদ্ধতি ও উক্ত দ্বতে দেহত্যাগ ইত্যাদি কৌশল দেখিয়া একদিন কর্ণ আসিবার পূর্ব্বে স্বয়ং পূজাদি সমস্ত কার্য শেষ করিয়া ঘতে প্রাণ পরিত্যাগ করিয়া ভাজা হইলেন। ডাকিনী যোগিনীগণ তাঁহার মাংস ভোজন করিয়। অমৃতকুণ্ডের জলে জীবন দান করিয়া বর দিতে চাহিলে এই বর প্রার্থনা করেন যে,—অন্ত হইতে কর্ণ আদিবামাত্র যেন তাঁহার প্রার্থিত রত্ব কাঞ্চনাদি প্রাপ্ত হন, আর যেন কট পাইয়া তাঁহাকে উত্তপ্ত ঘতে জীবন ত্যাগ করিতে না হয়। অনেক কটে যোগিনীগণ তাঁহাকে এ বর প্রদান করিলেন। বিক্রমাদিতা বর প্রাপ্ত হইয়া সেই ঘতের কড়াখানি দেবীর গৃহের ছাদের উপর উন্টাইয়। চলিয়া গেলেন।* সেইজক্স তদবধি ইহাত ছাদ কড়ার আকার ধারণ করিয়াছে এবং সেই কারণেই ইহার নাম বিক্রমচণ্ডী হইয়াছে।"

এই কথা বলিয়া বরুণ গৃহমধ্যে প্রবেশ করিলেন এবং কড়ার আংটার স্থায় একটা আংটা ৭ খট খটে শব্দে নাড়িয়া দেবগণকে দেখাইভে লা।গলেন

বিক্রমানিত্য অনেকগুলি ছিলেন—এক্ষণে সপ্রমাণ হইয়াছে।

[†] এই আংটা অভাপি বর্ত্তমান আছে।

দেবগণের মর্ছ্যে আগমন

একং কহিলেন "এই ঘরে কেহ রঞ্জনীতে একাকী থাকিতে পারে না। **থাকিলে** তাহার মৃত্যু হয়।"

দেবগণ ভক্তিভাবে চণ্ডীকে ঘনবন প্রণাম করিলেন। বরুণ কহিলেন "এই গৃংহর এদিকে ৩।৪টা শিব, অন্নপূর্ণা এবং পার্কান্ডী আছেন। এবং প্রবেশপথে মন্দিরমধ্যে যে শিবমৃত্তি দেখিলেন, উনি কালভৈতব।"

দেবতারা চণ্ডীস্থান হইতে বাহির হইতেছেন, এমন সময় দেখেন ১০।১৫ জন লোক মৃত শরীর বহন করিয়া আনিতেছে। তাহাদের কাহারো হস্তে আগুনের হাঁড়ি, কাহারো হস্তে হুকা-কলিকা, কাহারো বগলে কয়েকথানি নতন বস্ত্র ও তাহার এককোণে দোণা কুপা বাধা, কাহায়ে হস্তে একথানি দা ও একটি কলদী। শব তথন চারিজনের ক্লব্লে ছিল: তাহার সমস্ত শরীর সপে জড়ান এবং তত্বপরি একটি বাশ তিন চারিস্থানে কঠিন বজ্জ ছারা দুচরূপে বাঁধা। কেবল পা ছুইখানি দেখা ঘাইতেছিল। বহনকরীর। গদ্ধাকে সন্নিকটে দেখিয়া উচ্চরবে হরিধ্বনি করিল এবং পথশ্রমের ক্লান্তি দুর করিবার জন্ম একটি অশ্বথরক্ষের তলায় শব নামাইয়া একজন স্পর্শ করিয়া থাকিল, অপর কয়েকজন তামাক খাইবার উদ্বোগ করিতে লাগিল। বরুণ কহিলেন, "পিতামহ! আপনি তথন ভাবিতেছিলেন—দেখুন এই দেই জামালপুরের বাসি মড়া আশিল।" এই সময়ে বহনকারীরা পরস্পরে কথোপকথন আরম্ভ করিল। একজন কহিল, "এই মড়া বাহির করিবার জন্ম বড কট্ট পাইতে হইয়াছে এবং অনেক নৃতন নৃতন কথা শুনিতে হইয়াছে। সকলেই পরিবারের rाहाई निया आमानिगरक निवासान कविया किवाहेंगा नियाहन। कि आकर्ष। তাঁহাদের কি এমন দিন উপস্থিত হইবে না? বিধাতা কি তাঁহাদিগের ভাগ্যে মৃত্যু লেখেন নাই ? ঈশ্বর অবশ্রই এ সব বিষয় দেখিতেছেন, তিনি অবশ্রই ইহার বিচার করিবেন। ছঃথের কথা কি কহিব, অনেকেই মুক্তকঠে কহিলেন. 'ভোমরা কেন ময়লা ফেলার গাড়ী করিয়া লইয়া যাওনা!' কেহ বা কছিলেন 'ডেকারা নদীতে ফেলিয়া এস, তাহা হইলে ২।৪ জনেই লইয়া ঘাইতে সক্ষম হইবে — আমাদের আর সাহায্য আবশ্রক হইবে না।' আবার কওঁকগুলি লোক কহিলেন 'কবর দেও।' এই কবর দেওয়ার কথার আবার পোষকতা করিয়। অনেকে বলিলেন "বাঞ্চালীদের গন্ধাতীরে লইয়া সংকার করা অপেকা করর দেওয়া সহত্র গুণে ভাল। তাহা করিলে আমরা চাঁদা দিয়া একথান গাড়ি ও তুইটা গরু এবং কবরস্থানের জন্ম কিঞ্চিৎ জমি পরিদ করিয়া দিতে প্রস্তুত আছি। এর্নপ মৃত শরীর বহন জন্ম কাহাকেও আর কট্ট পাইতে হইবে না এবং আমরাও বিনা আহ্বানে মৃতবহা গাড়ীর পশ্চাৎ পশ্চাৎ দাহেবদের মত তুঃথ করিতে করিতে গোরস্থান পর্যন্ত যাইয়া কবর দেওয়া দেখিয়া আদিতে পারিব। কেন—আমরা কি গোরস্থানে যাই না ? গোরস্থানে যাওয়া আমাদের জভ্যাদ নাই ? সে দিনও চ্যাম্বারলেন সাহেবের মৃত্যু হইলে গিয়াছিলাম এবং শোক প্রকাশের চিহ্নম্বরূপ তিনদিন তিনরাত্রিকাল বনাত ছেড়া হাতে বেঁধেছিলাম। অতএব তোমরা সকলে একমত হইয়া যাহাতে বাঙ্গালীদিগের গোর দেবার ব্যবস্থা হয়, তৎপক্ষে যত্রবান হও।"

ইহার পর শববহনকারীরা আবার হরিবনি দিয়া মৃতদেহ ঋদে উঠাইয়া লইয়া
ভাগীরথীভীরাভিমুখে চলিল। দেবতারাও ত্বংথ করিতে করিতে বাসায়
আসিলেন।

বাদায় আদিয়া দকলে আহারাদি করিয়া কিঞ্চিৎ বিশ্রাম করেন এবং অপরাত্নে আবার নগর ভ্রমণে বহির্গত হন। কিছু দূরে যাইলে বরুণ কহিলেন, "পিতামহ! সম্মুথে ঐ যে ধ্বংদাবশিষ্ট অত্যন্তমাত্র অট্টালিকা দেখিতেছেন, ঐ স্থানে নবাবের প্রাদাদ ছিল। ওদিকে দেখুন মৃঙ্গের জেল।"

উপ। ঠাকুর কাকা, চলনা আমরা জেলে যাই!

নারা। তোমার যে প্রথর বৃদ্ধি, তোমার ভাগ্যে জেলে যাওয়াই ঘটবে।

বৰুণ। ও বলে কি?

নারা। জেল দেখবে।

বরুণ। নারে—পৈতে ছিঁড়ে দেবে।

ব্ৰহ্মা। বৰুণ! পৈতে ছি"ড়ে দেবে কি ?

বরুণ। এক সময়ে মৃক্ষের জেলে একজন সিভিল সার্জ্জন তুইজন পাচক বান্ধণের পৈতে ছিঁড়ে দিয়েছিলেন। এই পৈতা ছেঁড়ায় জেলের মধ্যে মহা গোলযোগ উপস্থিত হইবার উদেঘাগ হয়। তুইজন বৃদ্ধ কয়েদী ২।৩ দিন উপবাদ করিয়াছিল।

বন্ধা। মান-যজ্ঞাপবীত ছিঁড়ে দিলে ?—কেন?

দেবগণের মর্জ্যে আগমন

বরুণ। কেন তা তিনিই জানেন। দেখুন পিতামহ! এইস্থানে পূর্বে নবাবের দৈন্তদামস্ত থাকিত। যে স্থানে তাঁহার স্থপ্রশস্ত বারিক ও বাঞ্চলের ঘর ছিল, দেই স্থানে এই জেলখানা প্রস্তুত হইয়াছে।

এখান হইতে সকলে আদলতের নিকট যাইয়া উপস্থিত হইনেন। বরুণ দেখাইতে লাগিলে এটি কালেক্টরি, এটি ফোজদারী, ওদিকে এটি রেজেপ্টারী আফিদ, ঐ গৃহে মুজেফ বিদিয়া বিচার করেন, ওদিকের গৃহে ভেপুটিবাব্র আফিদ। দেবগণ দেখিলেন—আদালতগুলির নিকটস্থ প্রাঙ্গণে, বুক্ষতলে, রাস্তার ধারে অদংখ্য লোক বিদিয়া আছে। কেই প্রাক্ষ করিতেছে, কেই জলখাবার খাইতেছে, কেই কুণ ইইতে জল তুলিতেছে, কেই খাবার বিক্রয় করিতেছে। কোন স্থানে কানে কলম, হাতে কাগজ মোজারের দল উকীলের দহিত পরামর্শ করিতেছে। কোন স্থানে কোন আদামী মকদ্দমায় জয়লাভ করায় আদালতের চাপরাশীরা তাহাকে পরিবেষ্টন করিয়া কিছুকিছু পুরস্কার প্রার্থনা করিতেছে। কোন স্থানে আদামীর হাতে হাতকড়ি দিয়া জেল অভিমুখে লইয়া যাইতেছে দেখিয়া তাহার পিতামাতা পুত্র কলত্রগণ উচ্চস্বরে ক্রেন্দন করিতেছে।

উপ। বৰুণ কাকা! এথানে কি ব্ৰাহ্মণ-ভোজন?

বরুণ। দেখুন পিতামহ! এই হচ্ছে মৃঙ্গের বিচারালয়।

বন্ধা। যত লোক দেখিতেছি—সকলেরই কি মকদ্দমা আছে ?

বরুণ। আজে না, বেহারবাদীদিগের অভ্যাদ আছে, গ্রামস্থ কোন ব্যক্তির নামে যে কোন বিধয়ের অভিযোগ হউক, গ্রামস্থ যাবতীয় লোক তামাদা দেখিতে আদিয়া থাকে এবং যে পর্যান্ত না আদালত বন্ধ হয়, বদিয়া থাকে। ইহাদের একটি পয়দা মা বাপ—কিন্ত বিচারালয়ে অর্থবায় করিতে কাতর নহে।

এখান হইতে দেবতারা গবর্ণমেণ্ট বিভালয় দর্শনে যাত্রা করিলেন। উপস্থিত হইয়া বরুণ কহিলেন "এই মুক্তের গবর্ণমেণ্ট স্থুল।"

ইন্দ্র। এইরূপ স্থল গবর্ণমেন্টের কতকগুলি আছে ?

বরুণ। প্রায় প্রত্যেক জেলাতেই এক একটি আছে। তন্তির ভন্রপল্লী মাত্রেরই বিচ্ছালয়গুলিতে গবর্ণমেন্ট হইতে মাদিক নিয়মে দাহায্য করা হয়। ইংরাজ-রাজের মত কোন রাজাই প্রজাকে বিছা বিতরণ করিতে এত যত্ন করেন নাই। ব্ৰহ্মা। বেশ তো! আমার মতে ইংরাজরাজ প্রজাগণকে সাহিত্য বিভা শিক্ষা দিবার স্থায় বাায়াম, শিল্পশাস্ত্র প্রভৃতি শিক্ষা দিলে আরো অক্ষয় ধশ লাভ করিতে পারেন।

বরুণ। সে বিষয়েও আজকাল যথেষ্ট আয়োজন হইতেছে। বিভালয়ের ওদিকে দেখুন চিত্রশালা। এই চিত্রশালাটি লক্উভ্নামক এক্জন সাহেবের যথে নির্মিত হয়।

ইন্দ্র। চিত্রশালায় আছে কি।

বরুণ। উহার মধ্যে কয়েকটি মৃত পক্ষীর এবং মৃত কচ্ছপাদির আকার এবং তিরিশ সের আক্ষাঞ্চ ওজনের একটি নবাবী আমলের গোলা আছে।

এখান হইতে সকলে বাহিরে আসিয়া দেখেন, আদালত বন্ধ হইয়া যাওয়ায় কেরাণী বাবুরা হাসিতে হাসিতে প্রত্যাগমন করিতেছেন। তাঁহারা দূরে আরও কতকগুলি কেরাণীকে দেখিলেন; কিন্তু তাঁহাদের বদন হাস্তময় নহে।

নারা। বরুণ! মৃঙ্গেরে আমি ছই সম্প্রদায় কেরাণীর মধ্যে ভিন্ন ভিন্ন অবস্থা দেখিতেছি কেন? এক সম্প্রদায় হর্ষযুক্ত, অপর সম্প্রদায় বিষণ্ণ, কারণ কি?

বরুণ। ইহার বিশেষ কারণ আছে। গবর্ণমেণ্ট অফিনের কেরাণীরা নির্দ্ধারিত বেতন বাদে প্রতাহ প্রায় এক পকেট করিয়া কাঁচা পয়সা উপরিলাজ করেন, স্বতরাং তাঁহাদিগকে হর্ষযুক্ত দেখিতেছেন। রেলওয়ে কেরাণীরা বেতন বাদ একটি পয়সাও উপরিলাজ করিতে পারেন না; স্বতরাং তাঁহাদের বদন হাস্তুময় নহে।

ইক্র। বরুণ। উপরিলাভ কি ?

বরুণ। কার্যাবিশেষে উপরিলাভ শব্দের নানা প্রকার অর্থ হইয়া থাকে। যেমন গবর্ণমেণ্ট অফিসের কেরাণীরা নকল করিয়া দিয়া বাদী প্রতিবাদীর নিকট হইতে যে হুই এক পয়সা বেশী লইতে পারেন, তাহাই তাঁহাদের উপরিলাভ। জমিদারী সেরেস্কার গোমস্তারা প্রজার নিকট থাজনা আদায়কালে যে হুই এক পয়সা বেশী আদায় করিতে পারেন তাহাই তাঁহাদের উপরিলাভ। বাটির চাকর চাকরাণী বাজার করিতে গিয়া বাজারের পয়সা হইতে যে হুই এক পয়সা চুরি করিতে পারে, তাহাই তাহাদের উপরিলাভ। বেলওরে টিকিট-বিক্রেতা বাব্রা চৌদ্দ জানা মূল্যের টিকিট বিক্রয়কালে এক টাকা লইয়া য়িদ বাকি হুই আনা ফেরত না দেন, সেই তাঁহাদের উপরিলাভ। বেলওয়ে কল-

চালকেরা মহাজনের বস্তা ফুটা করিয়া যদি তুই একদের চিনি বাহির করিয়া লইতে পারে, সেই তাহাদের উপরিলাভ। স্থল মাষ্টারেরা তুই চারি মিনিট যদি চেয়ারে ঠেশ দিয়া নিজা যাইতে পারেন সেই তাঁহাদের উপরিলাভ। মাতাল বাবুরা যদি বন্ধুর বাড়ী হইতে মছ পান করিয়া আসিবার সময় পথে মাতলামি করার জন্ম পুলিশ কর্তৃক গ্রত হইয়া নে ধাকা-ধুক্তি থান, সেই তাঁহাদের উপরিলাভ। ডাক্তারবাবুরা ঔষধে বেশী মাত্রায় জল মিশাইয়া দিতে পারিলে, তাহাই তাঁহাদের উপরিলাভ। মাসাহেবেরা যদি বাবুর পাতের লুচি তরকারী থাইতে পান সেই তাঁহাদের উপরিলাভ। লম্পটরা কোন ভক্তমহিলার গৃহে প্রবেশ করিয়া হাত, পা যাহা হউক একথানি দিয়া প্রাণটা নিয়া যদি পালিয়ে মাসতে পারে, সেই তাহাদের উপরিলাভ। পোও-কিপার গরু কেটে যদি বাছর করতে পারে, সেই তাহাদের উপরিলাভ।

ব্ৰহ্মা। "শ্ৰীবিষ্ণ, শ্ৰীবিষ্ণ" যুঁগা। কি ব'লে?

বরুণ। প্রত্যেক পুলিশের একটা করিয়া গো কারাগার থাকে, তাহাকে পৌগু কহে। কোন ব্যক্তির গরু যদি অপর কোন ব্যক্তির গাছপালা নষ্ট করে, তাহা হইলে শেষোক্ত ব্যক্তির ইচ্ছা হইলে ঐ গরু থানায় দিয়া আদিতে পারে। থানায় গরু যতদিন থাকিবে তুই আনা এবং বাছুর যতদিন থাকিবে এক আনা হিসাবে জ্বিমানা দিয়া তবে গরু থালাস করিতে হয়! যে ব্যক্তি এই বিষয়ের হিসাবপত্র রাথে তাহাকে পৌগুকিপার কহে। ঐ পৌগুকিপার উপরিলাভের প্রত্যাশায় সময়ে সময়ে গরুর বদলে বাছুর লিখিয়া থাকে।

ব্রহ্মা। তবু ভাল! ভাল বরুণ! তবে আজ কাল মর্প্তো চুরি শব্দের স্থলেই উপরি শব্দ ব্যবহার হইতেছে। যাহা হউক, তুমি আমাকে ঐ মঙ্গেরস্থ উভয় সম্প্রদায় কেরাণীর দোষ গুণ বিশেষ করিয়া বল।

বরুণ। উভয় সম্প্রদায় কেরাণীর মধ্যে গবর্ণমেণ্ট অফিসের কেরাণীরা কিছু অপবায়ী। ইহাদের সামান্ত দোবে কর্ম যায় না, তন্তিয় বৃদ্ধ বয়সে কর্ম পরিত্যাগ করিলেও কিছু কিছু পেশন পাইয়া থাকেন; এজন্ত ইহারাউপার্জ্জিত অর্থ সঞ্চয় করিয়া রাখিতেও তাদৃশ মনোযোগী হয়েন না। ইহাদিগকে বদ্থেয়ালি অর্থাৎ যাত্রা, থিয়েটার, থেম্টা, বাইনাচ ইত্যাদিতেই বেশী বায় করিতে দেখা যায়। বেলকেরাণীরা উপার্জ্জিত অর্থ সঞ্চয় করিতে জানেন, কারণ ইহাদের চাকরী কবে আছে—কবে নাই—তাহার কিছু ছিরতা নাই এবং বেলওয়েতে পেশনেরও কোন বন্দোবস্ত নাই। ইহারা মিতবায়ী এবং

ইহাদিগকে দানধর্ম সম্বন্ধে অর্থাৎ ধর্মসভা ও দাতব্য সভা ইত্যাদির দিকেই বেশী থরচ করিতে দেখা যায়।

বন্ধা। বেলওয়ে কেরাণীদিগের বিশেষ গুণ আছে।

এই সময়ে দকলে মুঙ্গেরের বাজারে যাইয়া উপস্থিত হইলেন। তাঁহারা দেখেন—বাজারটিতে অসংখ্য দোকান্দর বহিয়াছে; দোকানগুলির উপরে আফিনের কেরাণীদিগের বাসা। দোকানে হরেক রকম জব্য সামগ্রী বিজ্ঞার হইতেছে। কোন দোকানে আবাল্স কার্চের স্থলর স্থলর বাক্স বিজ্ঞার্থ সাজান রহিয়াছে। বাক্সগুলির গাত্রে ও ভালায় হাতির দাঁতের কারুকার্যা করা। কোন দোকানে কলমদানি, কোটা, আলমারি বিজ্ঞার হইতেছে। কোন দোকানে বেনাগাছের পাথা, গমের গাছের ফুলের সাজি, বাক্স পেতে বিস্তর প্রস্তুত হইতেছে। তদ্ভির চাউল, ছঁকা, আরসি, চিক্রণীরও, অসংখ্য দোকান রহিয়াছে। বাজারটা প্রথমে অনেক দূর পর্যান্ত দোজা হইয়া চলিয়া গিয়াছে। তৎপরে বামে ও দক্ষিণ দিকে আবার কতকগুলি শাখা প্রশাখা হইয়া ভিতর দিকে প্রবেশ করিয়াছে। সেই সমস্ত গলির মধ্যে অসংখ্য দোকান আছে, কিন্তু এমন অন্ধকার যে প্রবেশ করিছে ভয় হয়। বরুণ কহিলেন, "মুঙ্গেক্সে চক অনেকাংশে কলিকাভার বড়বাজারের সদৃশ।"

এথান হইতে দেবতারা কিছু দ্রে যাইয়া দেখেন, একটি গৃহমধো কয়েক ব্যক্তি চক্ষ্ মৃত্রিত করিয়া বদিয়া আছেন এবং এক ব্যক্তি একটি বেদিতে উপবেশন করিয়া কহিতেছেন—"হে করুণাময়! হে বিভূ! হে হরি! হে নদী! আমাদিগকে উদ্ধার কর! বালক যেমন ধূলি মাথে, ক্ষ্ধায় কাতর হইলে কাঁদে, অথচ ধূলি যে কি, ক্ষা হয় কেন—তাহা সে জানে না, হে হরি! হে করুণাময়! তুমি যে কি তাহা অবগত নহি—আমাদিগকে উত্তোলন কর, আমাদিগের গাত্র হইতে পাপরূপ ধূলা মৃছাইয়া দিয়া কোলে লও।"

বৰুণ। পিতামহ মৃক্ষের বাহ্মসমাজ দেখুন।

বন্ধা। বান্ধ্যাজে বান্ধ্যা এত কম কেন ?

বৰুণ। ব্ৰহ্মসমাজে সময়ে সময়ে উন্নতি অবনতি দৃষ্ট হইয়া থাকে। যথন কোন আফিসে কোন বান্ধ বড়বাবু আসেন, তথন ইহার উন্নতি হয়। অনেক কেরাণী বাবুর প্রিয় হইবার আশায় কপট ব্রাহ্ম সাজিয়া সমাজে আসিয়া থাকেন; আবার সেই ব্রাহ্ম বড়বাবু স্থানাস্তরে বদলি হইলেই সভাসংখাা হ্রাস

দেবগণের মর্ড্যে আগমন

হইরা থাকে। একণে এথানে কোন বান্ধ বড়বাবু না থাকাতে সমাজের অবস্থা ভাল নহে। মুকের এই বান্ধসমাজটির জগ্ধও বড় বিখ্যাত।

ইক্র। এই ব্রাহ্মসমাজের জন্ত মুক্তের বিখ্যাত কেন ?

বকণ। বান্ধধর্মের বর্তমান প্রচারক শ্রীযুক্ত বাবু কেশবচন্দ্র সেন মহাশয়ের মূক্দের বিত্তীয় লীলাভূমি। এই নগরে তাঁহার অনেক লীলাথেলা হইয়া গিয়াছে তয়ধো বান্ধ-বান্ধিকাদিগের সহিত চর-শ্রমণই বড় বিখ্যাত। এক দিন কেশব সকলের সহিত চর-শ্রমণে যাইয়া পরমব্রন্ধের উপাসনাদি করিয়াছিলেন। বান্ধিগের মধ্যে তাস থেলাও এখানকার একটি মন্দ লীলাথেলা নহে। এখানকার ব্রান্ধেরা এই সময় কেশব বাবুকে অবতার দ্বির করিয়া পাতের প্রসাদ খাইতেও উচ্চত হইয়াছিল।

ইক্স। তাঁহারা কেশব বাবুকে কোন অবতার স্থির করেন ?

বরুণ। তাঁহারা কহেন "নারায়ণ সম্বলপুরের মহাত্মা বিষ্ণুযাশীর ভবনে ক্ষিরণে জন্মগ্রহণ না করিয়া গরিফা গ্রামের মহাত্মা রামকমল সেনের ভবনে কেশবচন্দ্র রূপে অবতীর্ণ হইয়াছেন।"

ইবী। নারায়ণ ! সাবধান ! দেখ অনেক দিন তুমি পৃথিবীতে না আসায় তোমার অবতারত্ব বাজেয়াপ্ত হইতেছে। চোদ্দ বৎসরে যদি উহারা বিনা আপত্তিতে ভোগ দখল করিয়া ফেলে, ভবিশ্বতে তুমি আদালতের আশ্রয় লইয়াপ্ত নিজ পদ প্রাপ্ত হইতে পারিবে না।

বরুণ। দেবরাজ ! তুমিও সাবধান ইংরাজরাজ দিন দিন যেরূপ উপাধি স্থাষ্ট করিয়া বিতরণ করিতেছেন, যদি তাঁহারা "দেবরাজ" উপাধি স্থাষ্ট করিয়া বিতরণ করিতে থাকেন, ভোমার দশা কি হইবে ?"

ব্রহ্মা। বরুণ ! বড় স্থন্দর উপদেশ দিচে। প্রচারক জাতিতে কি বরুণ ? বরুণ । উনি জাতিতে তাঁতি।

ব্ৰহ্মা। শ্ৰীবিষ্ণু! যুঁগা! তাঁতি ? বৰুণ। তাঁতি ? চল পৃথিবী হইতে পলাই চল, এক্ষণে কলির সম্পূর্ণ অধিকার।

ইক্র। পিতামহ! প্রচারক তাঁতি শুনে পালাতে যাচ্ছেন কেন?

বন্ধা। এক সময় কলি আমাকৈ জিজ্ঞাসা করিয়াছিল—"প্রভূ ! আজ্ঞা কক্ষন, কোন সমরে আমি মর্জ্যে হুথে এবং নিষ্কটকে বাজ্য করিতে পাইব !" তত্ত্ত্ত্বে আমি বলিয়াছিলাম—যে সময়ে শৃদ্রে উচ্চাসনে বসিয়া ধর্মোপদেশ দিতে থাকিবে, বান্ধণে পৈতা ত্যাগ ও শৃদ্রে পৈতা গ্রহণ করিবে, সেই সময়ে পুমি জানিও তোমার সম্পূর্ণ জধিকার হইরাছে। একণে এই তাঁতি প্রচারককে দেখিয়া আমার স্থাবণ হইল, কলির একণে সম্পূর্ণ জধিকারকাল উপন্থিত।

এখান হইতে দেবগণ বাসায় আসিয়া পরস্পারে গল্প করিতেছেন এমন সময়ে নারায়ণ কহিলেন, "ঐ যা! গলার পাথববাটী প্রভৃতির পৌটলটা মোকামায় ট্রেন পরিবর্তনের সময় ফেলে এসেছি।" ব্রহ্মা এই কথা শ্রবণে নারায়ণের প্রতি অভ্যন্ত অসম্ভুষ্ট হইয়া বলিতে লাগিলেন—"তোমার হাড়ে লক্ষ্মী হবে না; আবার যেখানে যাবে কিছু কিনে দিতে ব'লো, ভাল ক'রে কিনে দেবো!! ছি। ছি! অভ্যন্ত অসাবধান। বয়েস হয়েচে বুকিন্তক্ষি আছে, এখন এভ অসাবধান হলে কি পথ চলা যায়? আমি অম্বলের মাছ খাব বলে খাসা খাসা ছোট ছোট বাটীগুলি কিনে নিয়ে এলাম, তুমি কি না পথে ফেলে এলে! বাটীগুলির জন্ম মন নিভান্ত খারাপ হ'লো। ইচ্ছা হ'চেচ আবার গরায় গিয়ে কিনে আনি।"

বরুণ (নারায়ণকে অপ্রস্তুত দেখিয়া) যাক, যা হবার তা হয়ে গেছে, কলিকাতায় সকল দেশের সকল রকম জিনিস আমদানী হয়—সেইখানে আপুনাকে দেখে ভবে ভাল বাটী কিনে দেবো।

পরদিন তাঁহারা একথানি ঘোড়ার গাড়ী ভাড়া করিয়া দীতারুও দেখিতে চলিলেন্। গাড়ী কিছু দূর যাইলে দেবগণ দেখেন—কতকগুলি লোক তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ ছটিয়া আদিতেচে।

ব্রহ্মা। উহারা কারা १

বরুণ। উহারা সীতাকুণ্ডের পাণ্ডা। উহারা সংখ্যায় প্রায় চার পাঁচ শত ঘর আছে এবং অনেকে সীতাকুণ্ডের প্রসাদে বিলক্ষণ সঙ্গতিও করিয়া লইয়াচে।

ক্রমে দেবগণের গাড়ী প্রাচীর-বেষ্টিত সীতাকুণ্ডের নিকট আসিয়া উপস্থিত
ক্রইল। তাঁহারা গাড়ী হইতে অবতীর্ণ হইলে পাণ্ডারা চারিদিক হইতে আসিয়া বেষ্টন করিতে লাগিল। কতকগুলি পাণ্ডা কহিল, "বাবু আমরা আপনাদের
সঙ্গে সঙ্গের হ'তে ছুটে আসচি।" অপরে কহিল "বাবুদের নিবাস ?"

উপ। নিশ্চিত্বপুর।

পাণ্ডা। কি কহিলেন বাৰু! নিশ্চিম্বিপুর ?—কোন জেলা? উপ। জীকান্তনগর।

দেবগণের মর্ত্তো আগমন

পাণ্ডারা স্থান নির্ণয় করিতে না পারিয়া পরস্পর পরস্পরের মুথের প্রতি চাহিতে লাগিল এবং দেবগণকে কহিল, "আস্থন বাবু, ভিতরে আস্থন।" তাঁহারা দ্বার দিয়া ভিতরে প্রবেশ করিয়াই দেথেন দক্ষিণ দিকে তুইটি এবং বাম দিকে একটি চতুকোণবিশিও পালাপূর্ণ ইদারা রহিয়াছে। এবং জলে ভেক সকল লাফাইয়া বেড়াইতেছে। ইদারাগুলি উত্তমরূপে বাধান। পাণ্ডারা কহিল, "বাবু, বামদিকে লক্ষণকুণ্ড আর সন্মুথে ঐ মন্দিরের নিকট রামনুঞ্ছ।"

দেবতারা রামকুণ্ড দেখিতে চলিলেন। দেখেন—ইহাও একটি চতুদ্ধোণ-বিশিষ্ট বাঁধান ইদারা। জল পাচনদিদ্ধ জলের ক্যায় গাঢ় ও রক্তবর্ণ।

ব্ৰন্ধা কহিলেন, "সম্মুখে ও মন্দিরটা কি ?"

পাও।। শ্রীরামচন্দ্রের মন্দির। মন্দির মধ্যে রাম লক্ষ্মণ এবং সীতার প্রতিমতি আছে।

ব্ৰদা। দীতাকুও কই ?

"আফন বাবু, ভিতরে আফন, বলিয়া পাণ্ডারা তাঁহাদিগকে অপর একটি দার দিয়া সাঁতাকৃণ্ডের নিকট উপস্থিত করিল। তাঁহারা দেখেন—স্থানটার চতুর্দ্দিক প্রাচীর-বেষ্টিত। সীতাকণ্ড একটি উষ্ণ-প্রস্রবণ। ইহা দীর্ঘে প্রস্তে ১২৪০ হাত হইবে। জল উত্তাপ, এবং তাহা হইতে অল্প অল্প বাষ্পাও বৃদবৃদ্ উঠিতেছে। জল এত স্বচ্ছ যে যাত্রীরা আসিয়া যে সমস্ত পিণ্ড প্রদান করিয়াছে, তাহার চাউলগুলি গণিয়া লওয়া যায়। সীতাকুণ্ডের চতুর্দ্দিক লোহ রেলিং দারা পরিবেষ্টন করা। দেবগণ সেই রেলিংয়ের মধ্য দিয়া হস্ত রাখিতে পারেন—পরীক্ষা করিয়া দেখিতে লাগিলেন।

এখান হইতে পাণ্ডারা তাঁহাদিগকে প্রেতশীলা দেখাইতে নিয়া চলিল। প্রস্রবণের জল উঠিয়া কৃণ্ডে স্থান সংকূলান না হওয়ায় একটি ইউকনিম্পিত পয়ঃ-প্রণালী দিয়া বাহির হইয়া ঘাইতেছে। পাণ্ডারা ঐ প্রণালীর এক স্থান ফুটাইয়া রাখিয়াছে, ঐ স্থানকে তাহারা প্রেতশীলা কহে এবং ঘাত্রীদিগকে বলিয়া থাকে—এই স্থানে পিণ্ডার্পণ করিলে পিতৃপুরুষগণ প্রেতত্ব হইতে মৃক্তিলাভ করেন।

ইহার পর দেবগণ অপর বাব দিয়া বাহিরে গিয়া দেখেন—অনবরত জল বাহির হইয়া দূরে একটি কৃত্র নদীর আকার ধারণ করিয়াছে। দেবতারা দীতাকৃত দেখিয়া বিশেষ স্থী হইলেন এবং গরম গরম জলে পৈতা সাফ করিয়া লইলেন। তাঁহারা তথা হইতে ভিতরে প্রবেশ করিয়া রামকুত্রের নিকট উপবেশন করিলে ব্রহ্মা কহিলেন, "বরুণ! সীতাকুণ্ডের উৎপত্তির কথা বল ?"

বরুণ। প্রীরামচন্দ্র দীতা উদ্ধার করিয়া প্রত্যাগমন করিবার সময়ে মঙ্গেরের কইহারিণী ঘাটে বসিয়া বিশ্রাম ও স্নান করিয়াছিলেন। এ সময়ে কইহারিণী ঘাটের অপর পারে বসিয়া অনেকগুলি মনি ঋষি তপ্তা করিতে ছিলেন। শ্রীরামচন্দ্র সানাস্তে দীতা, লক্ষ্মণ এবং হতুমান দহ তাঁহাদিগকে ফল প্রদান করিতে যাইলে মনিগণ প্রতোকের ফল গ্রহণ করেন: কিন্তু সীতার ফল গ্রহণ করেন নাই। রামচন্দ্র কারণ জিজ্ঞাসা করিলে বলিলেন, "সীতা জনেক দিন রাবণগ্যহে একাকিনী বাস করিয়াছিলেন, রাবণের চরিত্রও নিতান্ত মন্দ ছিল: অতএব সীতা, সতী কি অসতী বিশেষরূপ না জানিলে তাঁহার ফল কি প্রকারে গ্রহণ করা ঘাইতে পারে?" মুনিগণের মুখে এই কথা শুনিয়ারাম লক্ষ্মণ অবনত মন্তকে রহিলেন। তাঁহাদের অবস্থা দেখিয়া মনিগণ পুনরায় কহিলেন. "জনক ঋষি আমাদের সকল খধির শ্রেষ্ঠ। অতএব তিনি যদি বলেন—ভাঁহার ছহিতা সতী, তাহা হইলে ফল গ্রহণ করা যাইতে পারে। হয়ুমান এই কথা শ্রবণে তদ্ধণ্ডে জনকপুরে যাত্রা করিলেন। কিন্তু জনক রান্ধা কহিলেন, "সীতা যতদিন অবিবাহিতা অবস্থায় তাঁহার নিকট ছিলেন, ততদিন তিনি তাঁহার বিষয় জানিতেন। তৎপরে যথন ভিনি তাঁহাকে শ্রীরামচক্রের হস্তে অর্পণ করিয়াছিলেন, তথন আর তাঁহার দীতা দম্বন্ধে কোন বিষয় জানিবার আবস্থক করে না এবং জানেনও না।" হত্মান প্রত্যাগনন করিয়া এই কথা বলিলে শ্রীরামচন্দ্র অত্যন্ত ছঃথিত হইলেন এবং কি করিবেন ভাবিতে লাগিলেন। মুনিগুণ তাঁহাকে তদবস্থ দেখিয়া কহিলেন, "সীতা যদি অগ্নিতে পরীক্ষা দিতে পারেন তাহা হইলে আমরা তাহার ফল গ্রহণ করিতে পারি।"

নারা। দীতার পরীক্ষা কি এখানে হইয়াছিল ?

বরুণ। ইয়া। তিনি স্বীকার করিলে মৃনিগণ মৃক্লেরের বাহিবে আসিরা এই স্থান মনোনীত করিলেন এবং হন্তুমান কাষ্ঠ সংগ্রহ করিরা চিতা সাজ্ঞাইরা দিলেন। চিতা প্রজ্ঞানিত হইলে সীতা সেই অগ্নি মধ্যে প্রবেশ করিলেন, কিন্তু দথ্য হইলেন না।

ব্ৰহ্মা। আমারিমরি ! তার পর বল ?

বৰুণ। মূনিগণ সীতাকে ভন্ম হইতে না দেখিয়া চিতা হইতে নামিয়া আদিয়া ফল দিতে কহিলেন। তথন সীতা হুইচিত্তে নামিয়া আদিয়া প্রত্যেকের হতে ফল প্রদান করিয়া প্রণাম করিতে লাগিলেন। রামচক্র হত্মানকে বিলিলেন, "জল দিয়া চিতা নির্বাণ করিয়া ফেল।" হত্মান তৎশ্রেণে জল আনিবার উত্যোগ করিলে সীতা কহিলেন, "নাধ! এই স্থানে মধন আমার অন্নি পরীক্ষা হইল, তথন এই স্থান লোককে জানাইবার জন্ম ইচ্ছা করি। পাতাল হইতে জল উঠাইয়া জন্মি নির্বাণ করা হউক এবং ঐ জল চিরদিন উত্তপ্ত থাকিয়া ফুটিতে থাকুক। যাত্রিগণ এথানে আদিয়া শ্রান্ধ তর্পণাদি করিলে তাহাদের পিতপুক্ষগণ যেন বৈক্তে গিয়া আশ্রম প্রাপ্ত হয়।

ব্রহ্মা। তুমি আমাকে শ্রাদ্ধাদি করিবার উদ্যোগ ক'রে দাও, আমি শীতাকুণ্ডে পিতগণের উদ্দেশে পিও প্রদান করি।

পাণ্ডারা এই কথা শ্রবণে মহাসম্ভষ্ট হইয়া একজন ছুটিয়া চাল কিনিতে গেল আর এক জন বলিল, "বুড়া বাবা, অর্দ্ধেক গরম জল ও অর্দ্ধেক ঠাণ্ডা জলে স্থান কর।"

"এসো দেবরাজ ! আমরা স্থান ও জলযোগ করিয়া বিশ্রাম করিতে থাকি।
বড়দা, ততক্ষণ পিগুদান করুন" বলিয়া নারায়ণ শিশি হইতে তৈল বাহির
করিয়া রাখিলেন এবং সকলের অগ্রে সীতাকুণ্ডে স্থান করিতে নামিলেন।
তিনি একটা ভূব দিয়াই "ওয়াক্ ওয়াক্" শব্দে চীৎকার করিয়া কহিলেন,
"দেবরাজ ! দেবরাজ ! এখানে স্থান ক'রো না—রাজশরীর, মারা যাবে।
স্থান তোমার আজ্ তোলা থাক্। বাবা রে, বিদ্কুটে ছুর্গজ্ব। ও মা মারা
যাই। কুণ্ডের ভিতর বাাঙই বা কত।"

পিতামহ নারায়ণের মুখে সীতাকুণ্ডের নিন্দা ভনিয়া অত্যন্ত রাগান্বিত হইয়া নারায়ণকে কহিলেন, "তুমি বড় বেশী বেশী আরম্ভ করলে। তুমি মহাতীর্থ সীতাকুণ্ডের নিন্দা ক'রে কি ভয়ন্বর পাপে লিপ্ত হ'চ্চো ভাব দেখি? ভোমার দোব কি ? কলির বাতাস গায়ে লাগচে কি না!"

নারা। সীতাক্ণ্ড কিসে মহাতীর্থ আমাকে ব্ঝাইয়া দিন। রামচন্দ্রের আর কান্ধ ছিল না—তাই অযোধ্যায় প্রত্যাগমন সময়ে রাস্তার ত্ ধারে সীতাকে পোড়াতে পোড়াতে নিয়ে গিয়েছিলেন। ই্যা—শাস্তাদিতে যদি ইহার প্রমাণ দেখাইতে পারেন, আমি ভক্তিভরে স্থান করিয়া সীতাকুণ্ডে পিণ্ড প্রদান করিতে প্রস্তুত আছি।

বন্ধা। তবে জল এমন টগ বগ ক'রে ফুট্ছে কেন ? নারা। উষ্ণ প্রত্যবণ—তা ফুটবে না? ব্ৰহ্ম। কি?

নার:। উষ্ণ প্রস্রবণ।

বন্ধা। উষ্ণ প্রস্রবণ হউক আর যাহাই হউক—ঈশবের নাম ক'রে যেথানে যাহা করা যায়, তাহাতেই পুণা আছে স্বীকার কর না? আয় উপ, আমবা নেয়ে নিই।

উপ কর্তার প্রিয় হইবার আংশায় জলে নামিয়া ডুব দিয়া কহিল, "কর্তা জোঠা।"—

ব্রহ্মা। কিরে?

উপ। রাগ না করেন, ত বলি—

ব্ৰহ্মা। বড় গন্ধ নয়? নাক টিপে বাবা, নাক টিপে ডুব দেও! গন্ধ বলতে নেই—সীতাকুণ্ড মহাতীৰ্থ।

এই সময়ে পাণ্ডারা আসিয়া মন্ত্র পড়াইতে লাগিল। পিডামহ জলে নামিয়া পানা সরাইয়া ডুব দিতে লাগিলেন। তাঁহার কয়েকটি কুণ্ডে স্নান সমাপ্ত হইলে সীতাকুণ্ডে এবং প্রেতশিলায় পিণ্ডার্পণ করিলেন। তৎপরে শুক্ষবস্ত্র পরিধান করিয়া পাণ্ডাদিগকে বিদায় করিতে গিয়া মহাবিপদ্গ্রন্ত হইলেন। তিনি ছইটি করিয়া পয়সা প্রত্যেক পাণ্ডাকে দান করিতেছেন। দেখিলেন যত দান করেন, ততেই ন্তন ন্তন পাণ্ডা আদিয়া উপস্থিত হয়। ক্রমে অসংখ্য পাণ্ডা আসিয়া পিতামহকে বেষ্টন করিল এবং পরশ্বর ঠেলাঠেলি আরম্ভ করিল। পিতামহ সেই গোলযোগের মধ্যে পড়িয়া "কোথায় ক্রম্ঞ, কোথায় নারায়ণ—উদ্ধার কর্ম", শব্দে চীৎকার করিতে লাগিলেন।

নারায়ণ এই সময়ে সবে মাত্র মতিচুরে কামড় দিয়াছিলেন। ব্রহ্মার চীৎকারে হাত হইতে মতিচুর দূরে নিক্ষেপ করিলেন এবং গোলঘোগের মধ্যে প্রবেশ করিয়া পিতামহের হস্ত ধরিয়া ঘূদা ঘাদার ঘারা পথ প্রস্তুত করিয়া তাঁহাকে টানিয়া বাহির করিলেন। তিনি ব্রহ্মাকে লইয়া গাড়ীতে উঠিলে দেবরান্দ, বরুণ এবং উপ ঘাইয়াও গাড়ীতে উঠিল। এই সময়ে আবার শত শত পাণ্ডা আদিয়া গাড়ীর গতি রোধ করিল, তখন নারারণ অত্যন্ত রাগান্বিত হইয়া লক্ষ্ণ প্রদানে কোচ বাল্পে উঠিয়া বদিলেন এবং এক হস্তে অশ্ব-রুজ্, অপর হস্তে কশা গ্রহণ করিয়া সপাসপ শব্দে পাণ্ডাগণকে এমন প্রহার করিতে লাগিলেন যে, তাহারা রাজ্যা ছাড়িয়া পলাইতে বাধ্য হইল। নারায়ণও নিক্ষণ্টকে গাড়ী হাকাইয়া একেবার্রে পীরপাহাড়ের নিকট ঘাইয়া উপস্থিত হইলেন।

বক্ষণ কহিলেন, পিতামহ। এই স্থানের নাম পীরপাহাড়। ঐ যে পাহাড়ের উপর একটি স্থলর অট্টালিকা দেখিতেছেন, উহা কলিকাতার মৃত প্রসারক্মার ঠাকুরের। ঐ অট্টালিকার গৃহগুলি অতি স্থলর ও পরিষ্কাররপে দাজান আছে। প্রচুর অর্থব্যয়ে পর্বতের উপর যে কুপ খনন করা হয়, সে কুপটিও বর্ত্তমান আছে, কিন্তু জল উঠে না। পর্বতের উপর মৃদলমান দেবতা পীরের মসজিদ থাকায় পীরপাহাড় নাম হইয়াছে।

বন্ধা। প্রসম্বন্ধার ঠাকুর কে ?

বকণ। ইনি কলিকাতার পাথ্রিয়াঘাটা নিবাসী গোপীমোহন ঠাকুরের কনিষ্ঠ পূত্র। এই মহাত্মা আজীবন স্বদেশের উন্নতি সাধনেই রত ছিলেন। মৃত্যুকালে ইনি যে উইল করেন, তাহাতেও সন্ধিয়ে দানের বন্দোবস্ত করিয়াছেন। মূলাযোড় প্রভৃতি স্থানে ইহার বিস্থালয় প্রভৃতি অনেকগুলি সংকীর্ত্তি আছে। ইনি ইংরাজী ভাষায় বিশেষ পারদর্শী ছিলেন। কলিকাতার সিনেট হলের সিঁড়ির উপর ইঁহার একটি পাথরের প্রতিমৃত্তি আছে। মৃদ্দেরের জল হাওয়া ভাল বলিয়া এবং এ প্রদেশে তাঁহার অনেক বিষয় বিভব থাকায় এই বাড়ীটি জনৈক ইংরাজের নিকট হইতে থরিদ করেন।

নারায়ণ পুনরায় অশ্বপৃঠে কশাঘাত করিলেন। অশ্বন্ধ হাঁপাইতে হাঁপাইতে বেলা আন্দান্ধ একটার সময়ে তাঁহাদের বাসায় পাঁছচিয়া দিল।

আহারান্তে দেবগণ পাইচারি করিতেছেন, গঠাৎ দেখিলেন, বাদার গেটে একথানি কাগজ টাঙ্গান রহিয়াছে। পাঠ করিয়া জানিতে পারিলেন, অন্ত অপরাক্তে চারিটার পর মৃঙ্গের আর্য্যানভায় ধর্মবিষয়ে একটি বক্তৃতা হইবে। বিজ্ঞাপন দেখিয়া দেবতারা অভ্যন্ত বিশ্বয়ান্বিত হইয়া পরম্পর কহিতে লাগিলেন—"এ কি! এই চুর্দান্ত কলির রাজ্য বিস্তার সময়ে ধর্মের নাম! ধর্মালোচনা! চল, বক্তৃতা ভনিতে হইবে।" বলিয়া সকলে চারিটা বাজিতে না বাজিতে আর্য্যানভা-গৃহে যাইয়া উপস্থিত হইলেন।

উপস্থিত হইয়া দেখেন, একটি শ্বিতল গৃহে আর্যাসভা ! গৃহটি অতি হপ্রশস্ত এবং পরিকাররূপে সাজান। গৃহভিত্তিতে আর্ট ইুডিওর অনেকগুলি হম্পর হম্পর হিম্মু দেব-দেবীর প্রতিমৃত্তিগুলি এমন পরিকাররূপে অভিত যে, দেবগণ চাহিয়া দেখিতে লাগিলেন। নারারণ কহিলেন, প্রত্যাগমনের সময়ে কলিকাতা হইতে এক সেট খরিদ করিয়া লইয়া ঘাইবেন।

ব্রহ্মা। বরুণ। এ আর্যাসভাটি প্রতিষ্ঠা হইবার কারণ কি ?

বক্ষণ। এথানকার কয়েকজন আর্য্যসন্তান দেখিলেন যে, আপনার আর্য্য ধর্ম বা বৈদিক ধর্ম ক্রমে ক্রমে লোপ হইতে চলিল। খৃষ্টান ও রাজ প্রভৃতি সম্প্রদায়ের দিন দিন যেরপ উন্নতি, হয় ত কিছুদিন পরে আপনার বেদেরও নাম গন্ধ থাকিবে না। কারণ উহা ত বেজেন্টারী করা হয় নাই। সকলেই বলিবে আমাদের স্ব স্থপীত। এই আশহায় উক্ত আর্য্য সন্তানেরা লোকের মনে সনাতন ধর্মের উদ্রেক করিবার নিমিন্ত এবং লুগু সংস্কৃত বিভার পুনক্ষার করিবার মাননে এই আর্যাসভা এবং ইহার সংলগ্ন একটি সংস্কৃত পাঠশালা সংস্থাপিত করেন। ইহাদের সাধু ইচ্ছায় সন্তুষ্ট হইয়া মুক্লেরের কোন জ্মীদার এই বাড়ীটি সভার উদ্দেশ্যে দান করিয়াছেন। আর্য্যসভার সভাগণের এমন ইচ্ছা আছে, কয়েকজন প্রচারক দেশ বিদেশে পরিভ্রমণ করিয়া ধর্ম প্রচার ছারা লোকের মনে আর্য্যধর্মের উদ্দীপনা করিবেন। ইহাদের এই সাধু প্রস্তাবে সন্তুষ্ট হইয়া জমীদার রায় অন্ধলাপ্রসাদ রায় বাহাত্ব এক সময় চার সহস্র টাকা দান স্বীকার করেন এবং আরো কিছু সাহায্য করিবেন বলেন।

ক্রমে অসংখ্য শ্রোত্বর্গ আসিয়া উপস্থিত হইল এবং যথাসময়ে তান-মানলয় বিশুদ্ধ কয়েকটি ধর্মসংগীত গান করা হইলে এক যুবা দাঁড়াইয়া বক্তৃতী
আরম্ভ করিলেন:—

"বন্ধুগণ! ধর্মই জগতের একমাত্র সহায়। ধর্মের দারাই অধর্ম ও পাপের ধবংদ হইয়া থাকে, ইহা শ্রুতিতে উক্ত আছে। মহুশ্বমাত্রেই ঈশরকে জানিতে চাহে, ঈশরকে দেখিতে চাহে এবং এই জগুই দকলেই সাম্প্রদায়িক রীতাহ্বসারে ধর্মাহুষ্ঠান করিয়া থাকে। যদি খুষ্টানকে জিজ্ঞাসা করা যায়, কি প্রকারে ঈশরের দর্শন পাওয়া যায় ? তিনি কহিবেন, "খুষ্টকে বিশাস কর, তাঁহার দর্শন পাইবে।" যদি মুসলমানকে জিজ্ঞাসা করা যায় তিনি বলিবেন, "মহম্মদোক্ত উপাসনা-পদ্ধতি অবলম্বন কর, তাঁহাকে প্রাপ্ত হইবে।" ইত্যাদি (সকলের করতালি)। আমি হিন্দু—আমার কি উপায় অবলম্বন করিলে ঈশরকে প্রাপ্ত হওয়া যায় এই মাত্র প্রধান উদ্দেশ্য। অধুনা অনেকে—(ব্রহ্মার করতালি)।

নারা। পিতামহ! বেতাল হ'ল!

ব্ৰন্ধা। তুমি থাম। ফল হাতে ক'রে বদা হয় নি মনে আছে ?

বক্তা। **অধুনা অনেকে স্ব স্থ ক**চি অমুসারে কার্য্য করিয়া থাকেন, ত**জ্ঞান্ত** বর্জমান সময়ে ধর্মবিপ্লব ঘটিয়াছে। আমার মতে তোমার আমার কচি পরিত্যাগ করিয়া আর্যাঋবিগণ যে পথ অবলম্বন করিয়াছিলেন, সেই পথ অবলম্বন করা উচিত এবং তাঁহাদের উপদেশ গ্রহণ করা কর্ত্তবা। দেখ ধর্ম এক, ধর্ম কথন ছই হইতে পারে না। পূর্বে হইতে শ্রুতি, স্মাণাদি কোন গ্রন্থেই "ধর্ম" শব্দ ভিন্ন "আর্যা ধর্ম" বা "হিন্দুধর্ম" ইত্যাদি কোন বিশেষ নাম উল্লেখ ছিল না এখানে খৃষ্ঠীয়, মতম্মদীয় ইত্যাদি বিবিধ ধর্ম হইতে বিশেষ করিবার জন্ম আর্যা-ধর্ম নাম দিতে হইয়াছে। (সকলের করভালি)। যেমন কোন অফিসে—(ব্রহ্মার করভালি)।

নারা। ঐ আবার বেতাল হ'ল।

ব্ৰহ্মা। মার থাবি ? না হয় ত বল্ উঠে যাই। আমার ভাল লাগচে, তালি দিচিচ, তুই এমন বিরক্ত ক'রতে বস্লি কেন ?

এক শ্রোতা। স্বাহা! ওঁকে বিরক্ত করিবেন না। বোধ হয় কথন বক্তুতা শোনেন নি, তাই বেতালে তালি দিচ্চেন।

বক্তা। যেমন কোন আফিনে কতকগুলি বাবু থাকিলে বড়বাবু, ছোটবাবু, ইত্যাদি নামে ডাকিতে হয়, তজ্ঞপ বহু ধর্ম হইতে বিশেষ করিবার জক্ত আর্ঘান্ত ধর্ম্ম নাম দিতে হইতেছে। শ্রুতিপ্রতিপাদ ধর্মই জগতের আদিম ধর্ম। অক্তান্ত ধর্ম ইহা হইতে উৎপন্ন হইয়াছে। যেমন দীপ শিথাতে টাকা ধরাইয়া সেই টাকা গৃহ-চালে ধরাইয়া দেও, গৃহায়ি যেমন দীপ শিথা হইতে পৃথক বলিয়া বোধ হইবে, তজ্ঞপ ভিন্ন ভিন্ন দেশের আচার বাবহার জন্মনারে এক ধর্ম নানা রূপ ধারণ করিয়াছে। অতএব পৃথিবীর সকল ধর্মই এক আর্যাধর্মের মহিমা প্রচার করিতেছে। (সকলের করতালি)।

বন্ধা। বেশ বাবা বেশ-পুৰ ব'লছো।

নারা। ওকি ? সকলে যে অসভ্য ব'লবে !

ব্ৰহ্মা। বলে আমাকে ব'লবে, তুমি থাম।

বক্তা। আর্থাধর্মামুদারে কাজ করিতে হইলে অগ্রে শরীরগুজি. পরে চিক্তাজি, তৎপরে আত্মজি করিতে হয়; তবে আত্মার দর্শন পাইবে—জীবন দার্থক হইবে। শাস্ত্রবিহিত ব্রতাদি ও উপবাস ছারা শরীরগুজি হয়, তপ জপ ছারা চিক্তাজি হয়, উপাসনা ছারা আত্মজি হয়। নচেৎ পীড়িড শরীরে শ্বত ও মিষ্টার খাইলে প্লীহা প্রভৃতি রোগ দেখা দেয় এবং অকালে ক্ষৃত্যুগ্রাসে নিপতিত হইতে হয়। দেখ, বে শ্বত ও মিষ্টার ফত্ম শরীরের বলকারক, তাহাই আবার অফ্স্থ শরীরের হলাহ্দ ত্মপ হইরা থাকে। হিদ

কেহ বলেন—মূলশালে একমাত্র আন্দেরই উপাসনা উক্ত আছে, তবে প্রতিয়া পূজা করিবার আবশুকতা কি? তত্ত্তরে আমি বলি, প্রতিমা পূজার কালে ধ্যান করিতে হর। সেই ধ্যানমন্ত্রের হারা ঈশরকে মনোমধ্যে ধারণ করিবার: ক্ষমতা জারে! অতএব হে জীব! জীবন যদি সম্পন করিতে চাহ, সাধক মণ্ডগীর সঙ্গ লগু, তাহাদের উপদেশ গ্রহণ কর, আর সময় নই করিও না । ধর্ম সাক্ষাৎ ঈশ্বরহ্বরূপ।

ব্ৰহ্মা। পুৰ ব'লেছ বাবা!

বক্তৃতা শেষ হইলে পুনরায় কয়েকটা ধর্মসংগীত হইয়া সভাভঙ্গ হইল।
তথন সভাগণ একে একে প্রস্থান করিতে লাগিলেন দেখিয়া দেবগণও বাসায়
আসিলেন। ব্রহ্মা কহিলেন, "আমি মৃঙ্গের আর্থ্যসভা দেখিয়া পরম পরিতৃষ্ট
হইয়াছি। যদি ইহাদের দৃষ্টাস্ত অন্থসারে প্রতাক গ্রামে গ্রামে ও নগরে
নগরে এইরূপ একটি ধর্মসভা প্রতিষ্ঠিত হয়, এবং তৎসহ এক একটি সংস্কৃত
চতুপাঠী থাকে, তাহা হইলে দেখিবে সত্বেই লুগু সংস্কৃত বিভার পুনককার
হইয়া আবার সভায়্গ আরম্ভ হইবে। বক্ষণ! কলিকাতায় চল। আর
এখানে অনর্থক কাল বিলম্বের আবিশ্রকতা নাই।"

পর দিবস দেবগণ ফেঁশনে আসিয়া ভাগলপুরের টিকিট লইয়া ফ্রেনে উঠিলেন। ফ্রেন "ছ্ছ্পাইয়াছ্ছ্পাইয়া" শব্দে জামালপুরের অভিমূথে ছুটিতে লাগিল। ব্রহ্মা কহিলেন, "বরুণ! মুক্লেরের অপরাপর বিষয় সংক্ষেপে বল।"

বকণ। মুক্লেরে একটি বন্ধ বিছালয়, একটি দাতব্য সভা, একটি সাধারণ পুস্ত কালয় আছে। রামপ্রসাদ নামক একজন জমিদার ভাগীরঝীতীরে ইটকনির্মিত যে একটি ঘাট বাঁধাইয়া দিয়াছেন, সে ঘাটটীও দেখিবার উপযুক্ত। এথানে হিন্দু মুসলমান উভয় জাতির পরম্পর বিলক্ষণ সদ্ভাব দেখা বায়। ইহারা একাসনে বিদিয়া পান ও তামাক থাইয়া থাকে। মুসলমানেয়া হিন্দুর পর্বে এবং হিন্দুরাও মুসলমানদিগের পর্বেগিলক্ষে হোগ দিয়া থাকে। রাম্মণ ও রাজপুত ভিন্ন এথানে অপর বর্ণে বিধবাবিবাহ প্রচলিত আছে। মুক্লেরের মৃট্কি ঘি বড় বিখ্যাত। এক সময় এথানে দশ টাকা করিয়া ম্বতের মণ বিক্রের হইয়াছিল। এখানকার কর্মকারেরা উৎক্রট বন্দুক প্রস্তুত করিতে পারে। কিন্তু উপযুক্ত উৎসাহ ও শিক্ষার অভাবে দিন দিন মাটি হইয়া ষাইতেছে। মুক্লেরের জলহাওয়া বড় বিখ্যাত। এজন্ত বর্ষে অনেক

জমিদার ও ধনাতা ব্যক্তি স্থান পরিবর্তনের জন্ত আসিয়া থাকেন। মৃক্তেরে পাথর, পাথা ও ছেলেদের থেলনা বড় বিখ্যাত।

এই সময় ট্রেন "কাঁ। কোঁচ ঝনাৎ" শব্দে জামানপুর প্লাটফরমে আসিয়া থামিল। এক দেড়ে সাহেব আসিয়া গাড়ীর বার খুলিয়া টিকিট দেখিয়া চলিয়া গেল। দেবগণ নামিয়া মেন লাইনে ট্রেনে উঠিতে চলিলেন। যাইবার সময় উপ কহিল, "ঠাকুর কাকা। সাহেবটার কি প্রকাণ্ড দাড়ী! দাড়ী ধ'রে ঝুলে বেশ দোল খাওয়া যায়।" জামানপুরে ট্রেন অনেকক্ষণ পর্যান্ত থামিয়া থাকে। দেবতারা গাড়ীতে উঠিয়া দেখেন—একটি বাবু পরিবারের হাত ধরিয়া একথানি ইন্টারমিভিয়েট গাড়ির বাবে আসিয়া স্ত্রীকে কহিলেন, "উঠ।"

ন্ত্রী। না, আমি কখন উঠবো না। তুমি স্থামাকে বরাবর ব'লেছ গদিওরালা গাড়ীতে নিয়ে যাবে, এ গাড়ীতে গদি কই ?

বাব্। এ বৎসর হ'তে ভাই! তোমার কপালে গদিওয়ালা গাড়ী ঘুচে গিয়েছে। আমার একাস্ত সাধ ছিল, তোমাকে গদিতে বদিয়ে নিয়ে যাব।

ইন্ত্র। বরুণ। উহারা খ্রী পুরুষে বলে কি ?

বরুণ। বাবৃটি চল্লিশ টাকা বেতনের রেলওয়ে কেরাণী। রেল ওয়ে কোম্পানীর নিয়ম ছিল চল্লিশ টাকা বেতনের কেরাণীরা দেকেও ক্লাদের পাশ পাইবেন। এজস্ম বোধ হয় বাবৃ জীর কাছে আফালন করিয়াছিলেন "এবার আমার বেতন বৃদ্ধি হইয়া চল্লিশ টাকা হইয়াছে; অতএব তোমাকে গদিপাতা গাড়ীতে তুলিয়া বাড়ী লইয়া যাইব।" কিন্তু বাবৃর ভাগ্যদোবে রেলওয়ে কোম্পানি সম্প্রতি নিয়ম করিয়াছেন, আশী টাকা বেতনের কেরাণীরা সেকেও ক্লাদে যাইবেন। তাহার নিয় বেতনের কেরাণীরা ইন্টার্মিডিয়েট এবং চল্লিশের নিয় বেতনের কেরাণীরা পার্জ ক্লাদের পাশ পাইবেন। জীলোকেরা ত এসব থবর রাথে না, কেবল "গদি কই" 'গদি কই" বলিয়া আন্ধার করিতেছেন।

ইন্দ্র। আহা! মরে যাই। দেখ বরুণ! রেলওয়েতে পেন্সন নাই, উপরি নাই; হুখ কেবল পাশে যাওয়া। সে বিষয়ে কোম্পানি এত কড়াকড় নিয়ম ক'রে ভাল করেন নাই।

বাবু। উঠ উঠ, গাড়ী চলে যাবে।

ন্ত্ৰী। না আমি কথন যাব না, গদি কই আগে দেখাও।

় এদিকে ট্রেন ছাড়িবার উদ্বোগ করিলে অগত্যা তাঁহারা, দ্বী পুরুবে উঠিয়া

বিদিনেন। ট্রেন ছপাছপ শব্দে ষ্টেশন অভিক্রম করিয়া স্থাৎ স্থাৎ শব্দে জামালপুর টনালের মধ্যে প্রবেশ করিল। হঠাৎ ট্রেন অন্ধকারের মধ্যে প্রবেশ করিলে
পিতামছ বিপদাশকা করিয়। বরুণকে আঁকড়াইয়। ধরিয়া চীৎকার করিতে
লাগিলেন এবং আদল্লকাল উপস্থিত ভাবিয়া হুর্গা নাম স্পর্য করিলেন। বরুণ
"ভয় নাই" বলিয়। আশ্বন্ত করিতেছেন, এমন সময়ে ট্রেন সঁ। সঁ। সোঁৎশব্দে
টনাল অভিক্রম করিয়া আবার হুপ হুপ শব্দে ছুটিতে লাগিল। সুর্যালোক
দেখিয়া বৃদ্ধ পিতামছ দেহে প্রাণ পাইলেন। তথন তিনি হাসিতে হাসিতে
কহিলেন, "বরুণ! ব্যাপার্থানা কি শু গর্জ্যের মধ্যে গাড়া নিয়ে গিয়েছিল
কেন শু"

বরুণ। আজ্ঞে—এই জামালপুর টনাল অর্থাৎ অর্থমাইল আন্দাঞ্চ পর্বত খনন কার্যা তক্মধা দিয়া বেলবাস্তা প্রস্তুত করিয়া গাড়ী চালাইতেছে।

ব্রহ্মা। বল কি? পর্বতি থনন করিয়া রেল্রাস্তা প্রস্তুত ক'রেছে? ইহাদের ত অসাধ্য কাজ নাই, ইহারা সব পারে!

এদিকে টেন বরিয়াপুর ষ্টেশন অতিক্রম করিয়া স্থলতানগঞ্জে আসিয়া উপস্থিত হইলে বন্ধা কহিলেন, ''বরুণ! এ স্থানের নাম কি ?''

বরুণ। এই স্থানের নাম স্থলতানগঞ্জ। এই স্থলতানগঞ্জেই জল্ মুনির আশ্রম ছিল। ভগীরথের তপস্থায় ভাগীরথী সম্ভট হইয়া যথন পৃথিবীতে আগমন করেন, এই স্থানে উপস্থিত হইলে তাঁহার জলস্রোতে মুনির কোশাকুশী ভাসিয়া যায়। ইহাতে মুনি কোধান্ধ হইয়া গণ্ডুবে গঙ্গাকে পান করিয়াহিলেন। ভগীরথ অকস্থাৎ গঙ্গাকে অদৃশ্য হইতে দেখিয়া মুনির চরণ ধারণ করিয়া রোদন করিতে লাগিলেন। বালকের রোদনে মুনির মনে দয়ার সঞ্চার হওয়ায় গঙ্গাকে বমন করিয়া বাহির করিয়া দিলে পাছে তিনি অপবিত্র হন, এই আশহায় উক্লদেশ চিরিয়া বাহির করিয়া ভগীরথকে প্রত্যর্পণ করিয়াছিলেন। ঐ জঙ্জ-মুনির নাম হইতে ভাগীরথের অপর নাম জাহুবী হইয়াছে।

বন্ধা। এথানে আর কি আছে?

বরণ। গঙ্গার মধ্যস্থলে চরের উপর একটি মন্দিরে গৈরিকনাথ নামক এক নিব আছেন। নিবরাত্তির সময় এবং মাঘী পূর্ণিমার সময় বিক্তর যাত্রী এই নিবের পূজা দিতে আদে। কথিত আছে—কোন সময়ে এক জীর্ণ দীর্ণ বৃদ্ধ ব্রাহ্মণ বৈশ্বনাথের মন্তকে জল দিতে যাইতেছিলেন। তাঁহার শরীরে এমন বল ছিল না যে, চলিতে পারেন; স্কতরাং অভি কঠে বসিয়া বসিয়া

দেবগণের মর্জ্যে আগমন

যাইতেছিলেন। বান্ধণের কট দেখিয়া বৈশ্বনাথ অপর এক বান্ধণবেশে আসিয়া বলিলেন, "পিপাসায় প্রাণ যায়, এ জল আমাকেই দেও, পান করি।" বৃদ্ধ তত্ত্ত্বে বলিলেন, "এ জল আমি বাবা বৈশ্বনাথের নাম করিয়া লইয়া যাইতেছি, অতএব কি প্রকারে দিতে পারি ?" বৈশ্বনাথ বলিলেন, "পিপাসায় জল না দেওয়া মহাপাপ—তুমি বরং এ জল আমাকে পান করিতে দিয়া অপর জল গঙ্গা হইতে তুলিয়া লইয়া যাও।" তৎশ্রবণে বান্ধণ তাঁহাকে জল প্রদানকরিলেন। তথন বান্ধণরূপী বৈশ্বনাথ সম্ভষ্ট হইয়া কহিলেন, "তুমি যাহাকে জল দিতে যাইতেছ, আমিই সেই বৈশ্বনাথ। তোমার ভক্তি ও কট দেখিয়া দয়া হওয়ায় এথানে আসিয়া দেখা দিলাম, আর তোমাকে বৈশ্বনাথে যাইতে হইবে না। অতঃপর আমি এই স্থলতানগঙ্গের গৈরিকনাথ শিবের মধ্যে রহিলাম। লোকে এথানে আমার মস্তকে জল প্রদান করিলে বৈশ্বনাথের জল প্রদান ফল প্রাপ্ত হইবে।"

ব্রহ্মা। আ মরি মরি! ভক্তি শ্রহ্মানা থাকিলে কি দেব দেবীর অহ্পগ্রহ হয় ? নারায়ণ! দেখ; আর তুমি কিনা "এ ক'রবো কেন ?" "ও করবো কেন ?" 'এ ক'রে কি হয় ?" ব'লে আমার দক্ষে বাকবিভণ্ডা কর।

পুনরায় টেন ছাড়িল এবং অনতিবিলম্বে ভাগলপুর টেশনে আসিয়া উপন্থিত হইল। দেবগণ দেখিলেন—অনেকগুলি লোক ব্যাগ হাতে টেনে উঠিবার জন্ম ছুটাছুটি করিতেছে। কোন বাবু যুবতী স্ত্রীর হাত ধরিয়া প্রত্যেক কামরার বারের নিকট ছুটিয়া ছুটিয়া ঘাইতেছেন। স্ত্রীর সমস্ত অবয়ব একখানি মোটা বস্ত্রের বারা আচ্ছাদন করা। স্বামী তাঁহার হাত ধরিয়ে যে দিকে টানিতেছেন, তিনি কলের পুত্তলিকার ন্থায় সেই দিকে যাইতেছেন। বরুণ হাত্র করিয়া কহিলেন, "আহা! গুহে ইহারা শতমুখী হস্তে দিগম্বরী, এখন যেন চোরটী!" এই সময় "চাই পান" 'চাই পান" "চাই জলখাবার" চারিদিকে শব্দ হইতে লাগিল এবং একজন ভালা গলায় "ভাগলপুর" "ভাগলপুর" শব্দে চীৎকার করিয়া উঠিল। দেবগণ গাড়ী হইতে নামিয়া গেটে টিকিট দিয়া বাহির হইলেন এবং একখানি গাড়ী ভাড়া করিয়া: নগরাভিম্থে চলিলেন।

ভাগলপুর

বেলগুয়ে কমপাউণ্ড অতিক্রম করিয়া দেবগণের গাড়ী এক **দংকীর্ণ স্থানে** আদিয়া উপস্থিত হইল। স্থানটি এত সংকীর্ণ যে, স্থ্যালোকেরও প্রবেশপথ নাই। ব্রহ্মা কহিলেন, ''বরুণ! যমালয়ে যাইবার দক্ষিণ রাস্তার ক্যায় এ কোধায় আনিলে ?''

বৰুণ। এ স্থলের নাম ভাগলপুরের মাড়োয়ারি পটী। এথানকার মাড়োয়ারিরা কলিকাতার বড়বাজারের মাড়োয়ারিদিগের স্থায় অতি সংকীর্ণ স্থানে বাস করিয়া থাকে।

এই সময় ঢাকের বাস্তে তাঁহাদের গাড়ীর ঘোড়া ছুইটি লাফাইতে লাগিল। কোচমান ক্রতগতি গাড়ী হইতে নামিয়া চুমকুড়ি দিতে দিতে ঘোড়া ছুটিকে ধরিয়া গাড়ীখানি রাস্তার এক পার্শ্বে লইয়া যাইল। দেখিতে দেখিতে অনেক-গুলি ঢাকী ঢাক বাজাইতে বাজাইতে চলিয়া গেল ও অশ্বারোহণে কতকগুলি বর্ষাত্রীও অগ্রসর হইলেন। তংপরেই বীরবেশধারী পাত্র সশস্ত্রী আসিয়া দেখা দিলেন। তাহার হস্তে তর্বারি, পৃষ্ঠে ঢাল, গাত্রে একটি চাপকান এবং মস্তকে পাগড়ী। তাহাকে বেষ্টন করিয়া অনেকগুলি স্ত্রীলোক কর্বালি দিতে দিতে গান করিয়া অগ্রসর করিয়া দিতে যাইতেছে। স্ত্রীলোকেরাও এই ভঙ্কার্যা উপলক্ষে বেশভ্বা করিয়া নানা রপ্তের ছোপান বন্ধ পরিধান করিয়াছে এবং বিবাহ-আমোদে যেন তাহারা মাতোয়ারা হইয়াই হেলিয়া ছলিয়া উঠিয়া বিসায়া কর্তালির সহিত গান করিতেছে।

নারা। পাত্রের ঢাল তরয়াল লইবার প্রয়োজন কি ?

বরুণ। ভারতে স্বয়ংবর-প্রথা প্রচলিত ছিল। ঐ বিবাহে পাত্রী সভাস্থ্রে পাত্রকে মনোনীত করিতেন, তাঁহারই গলে মাল্য প্রদান করিতেন। সময়ে সময়ে পাত্রী অকুলনে এবং বীর্যাবিহীন রাজা বা রাজপুত্রের গলে মাল্য প্রদান করিলে অপরাপর রাজারা পাত্রীকে বলপূর্বক হরণ করিবার চেষ্টা করিতেন। যেমন ভোমার রুশ্মিণী হরণ। স্থতরাং বিবাদ বিসংবাদ কম ঘটিবার আশস্বায় পাত্র সশস্ত্রে বিবাহ করিতে ঘাইতেন। এক্ষণে রাজপুতদিগের বলবীর্যা নাই, কিন্তু বিবাহ সময়ে সশস্ত্রে যাওয়া পদ্ধতিটি আছে; তক্ষেম্ব পাত্র ভোতা তরবারি ও ভালা ঢাল পৃষ্ঠে ঝুলাইয়া ঘাইতেছেন। তক্ষ্মাই অভাপি বঙ্গবাদীরা বিবাহ সময়ে স্থতীক্ষ্ম দাঁতি এবং রমনীর্গণ কাজল-লতা ব্যবহার করিয়া থাকেন।

দেবগণের মর্ছো আগমন

नाताय शिमिया विनित्तन—"छे भयुक चक्ष वरहे।"

ব্রমা। বরুণ! এ স্থানের নাম ভাগলপুর হইল কেন ?

বরুণ। এই স্থানে মহর্ষি ভার্গবের একটি আশ্রম থাকায় সময়ে সময়ে তিনি আসিয়া বাস করিতেন, ঐ ভার্গবের নামামুদারে বর্তমান ভার্গলপুর নাম হইয়াছে।

এই সময় মাড়োয়ারি জীলোকেরা করতালি দিতে দিতে পাত্তকে লইয়া অদৃষ্ঠ হইল। দেবদারথি আবার গাড়ী হাঁকাইয়া অজাগঞ্চ পরিত্যাগ করিয়া গঙ্গাতীরে একটি ভগ্ন দেবমন্দিরের নিকট উপস্থিত হইল।

বন্ধা। বৰুণ এ স্থানের নাম কি ? এ মন্দির মধ্যে কি প্রতিম্র্তি আছে ? বরুণ। এ স্থানের নাম যোগদর। মন্দির মধ্যে বুড়ানাথ নামক এক শিব এবং জয়তুর্গা নামে এক দেবী মৃতি আছেন। ইহারা বছদিন হইল কোন জমিদারের যত্নে প্রতিষ্ঠিত হন। এক্ষণে দেই স্থাপনকর্তা না থাকায় এবং লোকের মনেও প্রজাভক্তি না থাকায় মন্দিরটি ধ্বংস হইতে বিদিয়াছে, অনেক স্থানও ভাঙ্কিয়া গিয়াছে; বোধকরি ছ একটা ভারি বাদলা হইলে বুড়ানাথ প্রাচীন বয়দে সন্ত্রীক মন্দির চাপা প্রভিয়া অপহাতে মারা ঘাইবেন।

বন্ধা। ইনি কি ভদ্ধ গদাজল থেয়ে বেঁচে আছেন?

বরুণ। আজ্ঞেনা, যৎসামান্ত ইহার দেবতা বিষয় আছে, তথারা মোটা ভাত মোটা কাপড় সংস্থান হয়। ঐ বিষয়ে ইহার চার পাঁচ জন পুজারীও এক প্রকার প্রতিপালিত হইয়া থাকেন। পূজকেরা প্রতিদিন প্রাতে ও সায়াছে শব্দ ঘণ্টা বাজাইয়া ইহার পূজা করেন। এ নগরে এই দেবমন্দিরটি ভিন্ন অপর কোন দেবালয় নাই।

ইক্র। ভাগলপুরে এত ধনী লোক আছেন, চাঁদা দারা কেন অর্থ সংগ্রহ করিয়া মন্দিরটি মেরামত করিয়া দেন না ?

বক্ষণ। এখানকার লোকের গুণের কথা বলিও না। এখানকার কেন—
আঞ্চলাল ভারতের প্রত্যেক প্রদেশেরই প্রায় সকল লোকের মনে বিশাস
জারিয়াছে, "দেবতা নাই। যদিই থাকেন, তাঁহাদের কথা কহিবার কিংবা
অবমাননা করিলে প্রতিশোধ লইবার ক্ষমতা নাই। অতএব অনর্থক দেব
সম্বন্ধে বায় করা অপেকা বারোয়ারি পূজা করিয়া রং তামানা দেখিলে বরং
সংকার্যা করা হইবে। বলিতে কি এই ভাগলপুরে বর্ষে বর্ষে পাঁচ ছয় হাজার
টাকা বায় করিয়া বারোয়ারি পূজা করা হয়। পূজা উপলক্ষে বাকলা দেশ হইতে

শ্চি চুলি, ক্ষণনগর হইতে সংগড়া ক্সকার, কলিকাতা হইতে থিয়েটার যাত্রা আনিবার থরচ সংগ্রহ করা হইয়া থাকে, অথচ বুড়ানাথের মন্দির মেরামতের প্রসাঞ্জটে না!

নারা। এ তোমার অক্সায় কথা। যথন মুসলমান বাইওয়ালি স্বমধুর স্বরে গান ধরে এবং বেশ্যারা অঙ্গভঙ্গীর সহিত নৃত্য করিতে করিতে হাত নাড়ে, সেই আসনে বসিয়া পান চিবাইতে চিবাইতে তামাক টানার যে স্থ্য, তাহা শত শত বুড়ানাথের মন্দির প্রস্তুত করিয়া দিলেও হয় কি না সন্দেহ।

বরুণ। দেখুন পিতামহ। বেলাও প্রায় অপরাহ্ন এবং এই ভাগলপুরে বাসাও বড় ছম্মাপ্য; এই ভাঙ্গা মন্দিরে রাত কাটালে হয় না ?

ব্ৰহ্মা। হাবি কি?

দেনতারা সে রাত্রি বুড়ানাথের মন্দিরে কম্বল-শ্যায়, ব্যাগ-বালিশ মাথায় দিয়া রাত্রি কাটাইলেন এবং অতি প্রত্যুবে সকলে গাত্রোখান করিয়া গঙ্গাস্থানে চলিলেন। ঘাটে উপস্থিত হইয়া দেখেন—জলে যেন শত শত শতদল ফুটিয়া রহিয়াছে। মাড়োয়ারি স্ত্রীলোকেরা গঙ্গাজলে লজ্জা সরম বিসর্জন দিয়া নানারপ অঙ্গভঙ্গীর সহিত জলক্রীড়া আরম্ভ করিয়াছে।

বৰুণ। এইটি ভাগলপুরের স্নানের ঘাট। মাড়োয়ারি স্ত্রীলোকেরা গাত্র ধোত করিতেছে। ইহারা প্রতাহ অতি প্রত্যুবে আদিয়া গাত্র ধোত করিয়' থাকে; মাসান্তে একটি করিয়া ডুব দেয় মাত্র । জলের ঘাটে আসিলে ইহাদের লক্ষ্যা সরম থাকে না।

স্থান করিয়া দেবতারা বুড়ানাথের মন্দিরে প্রত্যাগমন করিলেন এবং শিবপূজা সমাপ্ত করিয়া প্রত্যেকে চাটি চাটি চাউল গালে দিয়া একটু জল থাইলেন।
তৎপরে তাঁহারা যোগদর হইতে বাহির হইয়া পশ্চিম দিকে চলিলেন। কিছুদ্র
যাইয়া তাঁহারা দেখেন—রাস্তার উভয় পার্শের নর্দমায় কতকগুলি টুটি কাটা
ম্বনী পড়িয়া যন্ত্রণায় ছট্ফট্ করিতেছে। এই সময় একজন চাচা "বিশমোলা,'
শব্দ করিয়া একটি মুরগী জবাই করিয়া ছাড়িয়া দিল, মুরগীটি মৃত্যুযন্ত্রণায় ছট্ফট্
করিতে করিতে জললের দিকে চলিল। তথাপি সে "বিশমোলা বিশমোলা"
শব্দে চীৎকার করিতে ছাড়িল না। বোধ হয় তাহার চীৎকারে বিশমোলার
পরিবর্ধে এক বিয়াল্লিশমোলা (শৃগাল) সম্ভট্ট হইয়া বন হইতে বাহির হইয়া
মুরগীটিকে মুথে করিয়া দে দেড়ি! মুসলমানেরা লাঠি হল্পে লইয়া মুরগীর
উদ্ধারে ছুটিল; কিন্তু বিয়াল্লিশমোলা আর প্রত্যর্পণ করিল না।

ব্রহ্মা। বরুণ এ কোন নরকে নিম্নে এলে ?

বরুণ। এ স্থানের নাম সরাই। এখানে ভাগলপুরের ম্নলমানেরা বাস করে। ঐ দেখুন দূরে ছই তিনটি ম্নলমান ভঞ্জনালয় অর্থাৎ মসজিদ দেখা যাইতেছে। ঐ সমস্ত ভজ্জনালয়ে এখানকার ম্নলমানেরা প্রত্যহ ফয়তা দেয়।

উপ। কর্তাজোঠা! আমি কয়তাদেব?

বন্ধা। দ্র হ ? দ্র হ ! হতভাগা ছেলে ! তোর আরি আমি মৃথ দেথ্বনা। বরুণ ! আহা ! থাগীগুলোকে ওরা অমন ক'রে দিয়ে দয়ে হত্যা ক'রচে কেন ?

বরুণ। উহাদের হিন্দুদিগের উপর এমনি জাতকোধ যে, তাহারা যাহা করে, ইহারা তাহার ঠিক বিপরীত করিয়া থাকে; যথা;—তাহারা মাথায় চুল রাথে, ইহারা ওলকামান করিয়া মাথা কামায়। তাহারা দাড়ি রাথে না, ইহারা দাড়ি রাথে। তাহারা কাছা দেয়, ইহারা কাছা থোলে। তাহারা প্রম্থে সন্ধ্যা আহ্নিক করে, ইহারা পশ্চিম মুথে ফয়তা দেয়। তাহারা কলা পাতার দোজা দিকে ভাত থায়, ইহারা উন্টা দিকে ভাত থাইয়া থাকে। তাহারা ভগিনীকে বিবাহ করে না, ইহারা ভগিনী বিবাহ করে। তাহারা পাঁটাগুলোকে এককোপে কেটে থায়, ইহারা জবাই ক'বে দয়ে দয়ে মারে।

ব্রহ্মা। চল, সম্বর এখান থেকে পলাই চল।

বৰুণ। দেখ নারায়ণ! এই স্থানে দিল্লীর মত অনেক বইওয়ালি আছে, সন্ধ্যার সময় আসিলে বড় আমোদ দেখা যায়; কারণ, ঐ সময়ে সকলে নৃত্য গীত শিক্ষা করে এবং নানারূপ অঙ্গভঙ্গী দেখায়।

ৈ উপ। বৰুণ কাকা! আসবে? তোমার পায়ে পড়ি— যথন আসবে আমাকে নিয়ে আসবে?

দেবগৃণ এথান হইতে ষাইয়া চম্পানালায় উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া ব্ৰহ্মা কহিলেন, "বৰুণ! এ স্থানের নাম কি ?"

বৰুণ। এ স্থানের নাম চম্পানালা। অনেকে ইহাকে চম্পানগরও বলিয়া থাকে। এই চম্পাইনগর অতি প্রাচীন শহর। চম্পাইনগর পূর্বে ভাগলপুর হইতে স্বতম্র ছিল, কিন্তু ক্রমে ক্রমে অধিবাদীর সংখ্যা বৃদ্ধি হওয়ায় এক্ষণে ইহা ভাগলপুরের সংলগ্ন হইয়াছে।

हेका। मन्त्राथ के कृत नहीं हो। ति श

বৰুণ। ঐ নদীর নাম জামুই বা বোহলা নদী; কিন্তু প্রকৃত নাম দুসকাবতী। এই নদী গঙ্গার সহিত সংলগ্ন আছে।

ব্রহ্মা। বরুণ। এ স্থানের নাম চম্পাইনগর হইল কেন?

বরুণ। বিষ্ণুপ্রাণে উক্ত আছে—যয়াতি বংশে উশীনরের পুত্র দীঘতমার জরদে অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, প্রভৃতি পাঁচ সন্তান জয়ে। তাঁহাদেরই নাম অস্থপারে অঙ্গদেশ, বঙ্গদেশ ও কলিঙ্গদেশ, ইত্যাদি পৃথক পৃথক দেশের নাম হইয়াছে। ঐ আঙ্গের চম্প নামে এক সন্তান ছিল, তিনিই এই নগর নির্মাণ করেন বলিয়া চম্পাই নগর নাম হইয়াছে।

এখান হইতে কিছু দূরে যাইলে নারায়ণ **জিজ্ঞাসা** করিলেন, "ব**রুণ সমূথে** দেখা **যাছে** ও কি ?''

উহা ইংরাজদিগের কেলা। এই স্থানেই মহাত্মা কর্ণের গড় ছিল, এই চম্পাই নগরেই তাঁহার কর্ণপুরী ছিল। এই কথা বলিয়া বক্রণ তাঁহাদিগকে কেলার নিমে এক স্থানে লইয়া গিয়া তৃটি স্কড়ঙ্গ দেখাইয়া কহিলেন, "এই যে সিঁড়ির ধাপের মত চিহ্ন দেখিতেছেন—কথিত আছে—এই সিঁড়ি দিয়া আসিয়া কর্ণের পরিবারবর্গ গঙ্গাস্থান করিতেন।"

ব্রহ্মা। কর্ণের পর কোন প্রাসন্ধ লোক এখানে বাস করিয়াছিলেন ?

বরুণ। আজ্ঞে, তাঁহার অনেক কাল পরে গন্ধবণিক্ জাতীয় চাঁদসদাপর নামে একজন ধনাত্য বণিক্ এখানে বাস করিয়াছিলেন। ঐ চাঁদসদাগরের কনিষ্ঠ পুত্র লখীন্দরের মনসার কোপে বিবাহ্বাসরে সর্পাঘাতে মৃত্যু হইলে তৎপত্নী বেছলা সতী মৃত পতীর প্রাণ দান করিয়াছিলেন।

ব্রহ্মা। বরুণ! কি কারণে মনসার কোপ হইল এবং কি উপায়েই বা বেছলা সভী মৃত পভীর প্রাণদান করিলেন, বিশেষ করিয়া বল।

বরণ। চাঁদসদাগরকে বিলক্ষণ সক্ষতিপন্ন এবং সমাজ মধ্যে বিশেষ সম্মানিত দেখিয়া মনসা মনে মনে স্থির করিলেন, তাঁহার ছারা মর্তো পূজা প্রচলিত করাইয়া লইতে পারিলে লোকে বিশেষ শ্রদ্ধাভক্তির সহিত তাঁহার পূজা করিবে। তিনি মনে মনে এইরপ সংকল্প করিয়া একদিন চাঁদের নিকট স্থায় উপস্থিত হইয়া ঐ বিষয়ের প্রস্তাব করিলেন। চাঁদ একজন সোঁড়া শৈব ছিলেন; তিনি অপর দেবীর পূজা করা দ্বে থাক—নাম পর্যান্ত উল্লেখ করিতেন না। স্থতরাং মনসাকে ফিরাইয়া দিলেন। মনসা অপমানিত হইয়া প্রতিশোধ লইবার বাসনায় চাঁদের ছয়জন বিবাহিত পুত্রকে সর্প ছারা দংশন

করাইয়া শমনভবনে প্রেরণ করিলেন। ইছার পর চাঁদ যথন তরী সাজাইয়া বাণিজ্যার্থ বাহির হন, মনসা হলুমানের সাহায্যে কালিদহ নামক স্থানে তাঁহার ত্রী সমস্ত জলমগ্র করেন। চাঁদকে এইরূপ বারবোর কট দিয়াও মনসার আশা মিটিল না, তিনি চাঁদের কনিষ্ঠ পুত্র লখীন্দরের প্রাণ সংহার চেষ্টায় ফিরিতে লাগিলেন। গণকেরা চাঁদকে কছিলেন, "তোমার, প্রের বিবাহরাতে বাসর-ঘরে সর্পদংশনে প্রাণত্যাগ হইবে।" চাঁদ এই কথায় বাটির সন্নিকটস্থ সাতালি পর্বতের উপর এক লোহের বাদর্ঘর প্রস্তুত করাইলেন এবং বেছলা নামী এক ফলগীর সহিত পুত্রের বিবাহ দিয়া সেই রঙ্গনীতেই পুত্র ও পুত্রবধুসহ বাটিতে প্রত্যাগমন করিয়া তাঁহাদিগকে ঐ বাদরঘরে স্থাপন করিলেন। মনদার আদেশে ও ভয়ে কারিকরেরা ঐ লোহনির্মিত বাসরঘরের এক স্থানে অতি সামাক্তমাত্র ছিত্র রাথিয়াছিল। মনসা ঐ সামাক্ত ছিত্র দিয়া প্রবেশ করিয়া লথীন্দরকে সংহার করিবার বাসনায় অতি সুন্দ্র স্থত্রের আকার বিশিষ্ট স্থাদর্শন নামক এক জাতীয় দৰ্পকে প্ৰেরণ করেন। দর্প অবলীলাক্রমে প্রবেশ করিয়া তাঁহাকে সংহার করে। প্রাতে বেছলা সতী মৃত পতিকে ক্রোডে করিয়া কাঁদিতে লাগিলেন এবং খণ্ডরকে বলিয়া এক কদনী ভেলা প্রস্তুত করিয়া লইয়া তাহাতে পতিসহ আবোহণ করিয়া ভাগীরথীতে ভাসিতে ভাসিতে চলিলেন। তিনি এক স্থানে উপস্থিত হইয়া গুনিলেন, তথাকার কোন ধোপানী দেবতাদিগের কাপড কাচিয়া থাকেন। অতএব ঐ ধোপানীর আশ্রয় লইলে উপকার হইবার সম্ভাবনার পতিকে ভেলাসহ এক স্থানে বাঁধিয়া রাথিয়া ধোপানীর গৃহে যাইয়া আশ্রয় লইলেন, এবং তাহাকে মাসী সম্বোধনে ভাকিতে লাগিলেন। একদিন বেছলা ধোপামালীকে অনেক অন্তুনয় বিনয়ে সম্মত করিয়া দেবতা-দিগের বস্তুগুলি এমন পরিষ্কার করিয়া কাচিয়া দেন যে, দেবতারা সম্ভুষ্ট হইয়া তাঁহাকে দেখিতে চাহেন এবং বর লইতে অমুরোধ করেন। এই স্থযোগে সতী দেবতাদিগের নিকট হইতে বর লইয়া মৃত পতির প্রাণ দান করিয়াছিলেন। ভদ্জিন্ন তিনি আরো ছটি বর লন, তন্মধ্যে একটিতে স্বামীর ছয় অগ্রজের জীবন দান: অপরটিতে শশুরের জলমগ্ন সপ্ততরীর পুনরুদ্ধার। টাদ সদাগর পুত্র পুত্রবধু সপ্তভিকা এবং অপর পুত্রগণকে ফিরিয়া পাইয়া মহাসম্ভষ্ট হইলেন, এবং তদবধি ভক্তির সহিত মনসার পূজা আরম্ভ করিলেন। অভাপি এই চম্পাই-নগরে বৎসর বংসর প্রাবণ সংক্রান্তিতে এই উপলক্ষে একটি করিয়া বিখ্যাত মেলা হইয়া থাকে।

এথান হইতে কিছুদ্রে যাইয়া বৰুণ কহিলেন, "পিতামহ! সম্মুখে ঐ বে কৃত্র কৃত্র তিনটি পাহাড়ের মত উচ্চ অমি দেখিতেছেন, উহারই নাম সাতালি পর্বত। লোকে বলে—এই পর্বতের উপরেই লখীন্দরের সর্পাঘাতে মৃত্যু হয়।

ইব্র । বন্ধণ ! ওদিকে দেখা যাচেচ, ও ফুলর বাড়ীটা কাহার ?

বৰুণ। চম্পাইনগরের রাজার। ইনি একজন জমিদার, কিন্তু লোকে রাজা বলিয়া ভাকে। যে স্থানে উনি বাড়ী করিয়াছেন, ঐ স্থানে চাঁদ সদাগরের বাড়ী ছিল।

ইবা এ জমিদার জাতিতে কি ? লোক কেমন ?

বরুণ। উহারা জাতিতে কায়ন্থ, আদি বাস বঙ্গদেশে; কিন্তু এক্ষণে প্রায় হিন্দুম্বানী আকার প্রাপ্ত হইয়াছেন। ইহার বংশাবলি প্রায় তুই শত বৎসর এখানে বাস করিতেছেন, ধর্মে কর্মে বেশ আত্মা আছে, এবং প্রতিদিন অতিথি সৎকারাদি সৎকর্মেরও অফ্লান হইয়া থাকে।

এখান হইতে কিছুদ্বে যাইয়া দেবতারা দেখেন---একখানি শ্বারবদ্ধ ঘোড়ার গাড়ী বহিরাছে। গাড়ীর মধ্যে স্ত্রীলোকেরা পরশারে বিবাদ করিতেছেন। না হবে কেন, স্বামী আমার ফৌশনের হর্তাকর্তা বিধাতা। "তিনি 'বন্টা মার' না বলিলে গাড়া চলে না।" আর এক রমণী কহিলেন, "ওলো ধাম, তোর স্বামীর চাইতে আমার স্বামীর দক্ষতা বেশী, তিনি তারে খবর না পাঠালে ত গাড়ী আদে না, তোমার স্বামী 'বন্টা মার' বলিতে পারেন না।" আর এক রমণী কহিলেন, "ব'লে গুমোর করা হয়, কিন্ধ না ব'লেও থাক্তে পার্লেম না—বলি, আমার স্বামী টিকিট না বেচে দিলে, গাড়ী কি বোঝাই নিয়ে চ'লে যাবে ?" এই কথা শ্রবণে আর এক রমণী কহিলেন, "তবে আমিও বলি—আমার স্বামীর কাছে স্ক্লে পড়ে বিভার আহাজ নিয়ে তবে ত ইহারা বেলে চাকরি ক'বচেন।"

ইন্দ্র। বঙ্কণ। পাড়ীতে ইহার। কারা ?

বরুণ। কথার ভাবে বোধ হ'চ্চে—ফেশনমান্টার বাব্র স্ত্রী, টেলিগ্রাফের বাব্র স্ত্রী, টিকেট বিক্রেভা বাব্র স্ত্রী, এবং স্থল মান্টার বাব্র স্ত্রী, নিমন্ত্রণ খাইতে স্থাসিয়া কাহার স্থামী বড় চাকুরে, এ বিষয়ে বিবাদ করিতেছেন।

নারা। দেখ বরুণ! ইহাদের বিবাদ দেখে আমার একটি হাস্তজনক কথা মনে পড়লো। এক সময় আমার নূতন বাগানের প্রজারা একটি যাত্রার দল করে। এ দলে তিনকড়ি ছলে হছুমান সাজতো। একদিন তিনকভির স্ত্রী গোয়ালয়র

দেবগণের মর্তো আগমন

পরিকার করিতে আসিরা বাড়ীর মেরেদের কাছে গন্ধ করিতেছে—"কাল কর্তা যেতে না পারায় যাত্রা হয় নি; এমন আশ্চর্য দেখিনি, এত লোক ররেছে, তিনি না গেলে কি একদিন চালিয়ে নিতে পারে না।" আমার বড় মেরে রাজেশরী এই কথা ভূনিয়া জিজ্ঞাসা করিল—"হাা তিহ্বর বৌ! তিহ্ব যাত্রায় কি সাজে ?" তিহ্বর স্ত্রী কিছুতেই বলে না, অনেক পীড়াপীড়ির পর কহিল, "ব্যুতে পারলে না রঙ্গাদিদি। যা না হ'লে রাম্যাত্রা হবার যো নাই।" রাজেশরী কহিল, "তিহু কি হহুমান সাজে ?" তিহুর স্ত্রী কহিল, "ওগো হাা।" আজ আমার এদের কথা শুনে তিহুর স্ত্রীর কথা মনে পড়ে গেল।

ইহার পর দেবগণ একটি দোকানে আহারের উদ্যোগ করিতে লাগিলেন।
.পিতামহ মাছের ঝোলের একটু হলুদ চাহিয়া লইতে অগ্নিতে উত্তপ্ত করিয়া
কোমরে হাত দিতে লাগিলেন। ইক্স কহিলেন, "ঠাকুরদা! কোমরে হলুদ
দিচ্ছেন কেন ?"

ব্রহ্মা। ভাই ভাগলপুরের উঁচু নিচু রাস্তা চলে গিয়ে কোমরটা ভেকে গিয়েছে, এমন শহরে রাস্তার অবস্থা অমন কেন ?

উপ। কর্তা জোঠা ! দেখুন—রাস্তার ধূলোয় আমার শাদা রেফার রাজা হয়ে গিয়েতে।

আহারান্তে দেবগণ পুনরায় নগর ভ্রমণে বহির্গত হইয়া সাহেবগঞ্জে আসিয়া দেখেন—অনেকগুলি লোক তুঃথ প্রকাশ করিতে করিতে আসিতেছে। তাহাদের মধ্যে কেহ গোরুর থোরাকের জন্ম ঘাদ কাটিয়া মাধায় করিয়া আসিতেছে। কেহ ভাগলপুর হইতে দূর দেশে যাইয়া থেস ও বাপ্তা বিক্রয় করিয়া প্রত্যাগ্রমন করিতেছে। কাহারও বা মন্তকে ফুলকপীর তালা, কাহারও যাড়ে ত্রিশ সের ওজনের চাউলের বস্তা।

ইন্দ্র বরুণ। উহারা কারা ?

বরুণ। দেশীয় খুষ্টানের দাস। এই সাহেবগঞ্জেই দেশীয় খুষ্টানেরা বাস করিয়া থাকে। ইহাদের ত্রবন্ধা প্রতাক্ষ দেখিতেছ, অতএব কর্সি করা নিম্প্রয়েজন। এথানে উহাদের জন্ম একটি রোমান ক্যাথলিক চার্চ আছে।

নারা ৷ তুঃথ করতে করতে খুষ্টানেরা প্রত্যাপমন করিল কেন ?

বরণ। তথন উহারা ভাবিরাছিল, আলোর মৃথ দেখে ক্থী হইবে একণে আলোর পরিবর্তে অন্ধকার দেখিয়া বড় কট পাওরাতে ত্বংথ করিতেছে। উতিকুলও—বৈষ্ণবকুলও গেল। ক্রমে সকলে যাইয়া কোম্পানীর বাগানের নিকট উপস্থিত হইয়া দেখিলেন
—বাগানটি বছদ্র বিস্তৃত, কিন্তু তাদৃশ শোভাসৌন্দর্যা নাই। ভাঁহারা উন্থান

ন্রমণ করিতে করিতে একটি স্থানর অটালিকা দেখিয়া একদৃষ্টে চাহিতে
লাগিলেন। নারায়ণ কহিলেন, "বরুণ। সন্মুখে উচ্চ জ্বামির উপর স্থান্দর
বাভীটি কাহার?"

বরুণ। এখানকার একজন কর্নেলের। তিনি অনেক অর্থ বায়ে এই বাড়ী নির্মাণ করেন। এমন স্থলর স্থানে, এমন স্থলর বাড়ী ভাগলপুরে আর দ্বিতীয় নাই। নিকটেই দেখ, একটি মধ্যম গোচর জৈনমন্দির। অভাপি উচাতে ক্ষেকজন জৈন বাস করিয়া থাকেন।

এথান হইতে দেবতারা একস্থানে উপস্থিত হইয়া দেখেন, স্থানটি বড় অপরিষ্কৃত—কোন স্থান দিয়া ভাতের ফেনের স্রোত বহিয়া যাইতেছে। কোন স্থানে তরকারীর খোলা-বাথলা স্তুপাকার জমিয়া রহিয়াছে।

বন্ধা। বরুণ। এ স্থানের নাম কি ?

বকণ। এ স্থানের নাম সনস্ত্রগঞ্জ। ভাগলপুরে যে সমস্ত বাঙ্গালী বিষয়কমোপলক্ষে আদেন, ভাঁছারা এ স্থানে বাস করিয়া থাকেন। অনেকে ২/৩ পুরুষ এখানে বাস করিয়াছেন। এখানে প্রায় ১৫০।২০০ ঘর আন্দার্জ বাঙালী আছেন। তন্মধ্যে অধিকাংশই এখানকার একরপ অধিবাসী হইয়া পড়িয়াছেন।

বন্ধা। এথানকার বাঙ্গালীও কি কেরাণীগিরি কর্ম করেন ?

বকণ। আজে গাঁ; তবে উকিলের ভাগই বেশী।

ইন্দ্র। উকিলের আবার বাবহার কিরূপ ?

্বরুণ। অধিকাংশ উকিলই প্রায় বেচ্ছাচারী। তবে তক্মধ্যে আবার কতকগুলি হিন্দুও আছেন। তাঁহারা ভক্তির সহিত বাড়ীতে তুর্গোৎসব ও সুগদ্ধাত্রী প্রভৃতি প্রতিমূর্তি পূজা করিয়া থাকেন।

এখান হইতে দেবতারা একদিকে যাইতেছেন, এমন সময় দেখেন—একটি
পেটমোটা বাবু ২০০টি মোলাহেব সমভিব্যাহারে নগর অমণে বাহির হইরাছেন।
বাবৃটির পেট একটি ছোটখাট জালা বিশেষ। তাঁহার গলদেশে এক গোছা
যজোপবীত এবং স্কল্পে একখানি কোঁচানো চাদর। পৈতা পীরাণ দেন নাই।
হাতে একখানি পিচের ছড়ি। বাবু তখন কহিতেছেন, "দেজো খুড়ো যে
সহস্বার করেন,—আমার চাইতে তিনি বড়—কিনে? বিষয় উভরেরই

সমান, পরিবারকে গহনা—বরং তাঁহার অপেক্ষা আমি বেশী দিইছি। কোম্পানীর কাগজও আমার চাইতে তাঁর বেশী হবে না। কিন্তু তা বলি তাঁর মত রূপণ হলে আমি আরো এক লক্ষ টাকা সঞ্চয় ক'রতে পারতাম। যে মদ থায় না, বেশ্রা রাথে না, সে আবার কিসের অহঙ্কার করে? রাখুন দেখি, আমার মত বেতন দিয়ে একটি বেশ্রা রাখুন দেখি, তবে বাহাছরী বুঝবো। এই আমি পশ্চিম ভ্রমণে ভাগলপুরে এদে থাৰ মাস বাস ক'রচি, ইহাতেই কি কম থবচ হ'চেচ?"

একজন মোসাহেব কহিল. "আজে, আপনার অপেকা তিনি কোন' বিষয়েই বড় নহেন। তবে বাপের ভাই, এজন্য সম্বন্ধেও বড় হয়েছেন বটে।"

এই সময় "চাই পাঁডিকটি", "চাই বিষ্ট" শব্দ করিতে করিতে একজন মুসলমান, বাবুর কাছে আসিয়া কহিল "বাবু! পাউকটি চাই ?"

বাবু! তো বেটার পাঁউকটি থেলে পেটের অস্থ হয়। করিম বন্ধ দিয়ে যায়, তারগুলো বরং তোর অপেকা ভাল। তোর পাঁউকটিতে কুঁকড়োর ভিম দিসনে বটে ?

कृष्टि-वि। पिटे वे कि वावू-कुँक्ए जात जिम पिटेनि ए कि पिटे?

বাবু। আমার বোধ হ'চ্ছে তোর ঘূর্ব ভিম দিস্। কারণ সে দিন কলকাতা হ'তে থেয়ে এলাম, তাদের রুটি যেমন স্থাত্, তেমনি মোলায়েম। আহা! মুথে দিতে যেন মিলিয়ে যায়। তোদের রুটি অমন শক্ত থাকে: কেন ?

ব্ৰহ্মা। শ্ৰীবিষ্ণু! বৰুণ! একি ? সমস্ত অথাছই প্ৰায় পেটে যায়, তবে আবার গলদেশে যজ্ঞস্ত ধারণের কারণ কি ?

বরুণ। তানা হলে সমাজচ্যত হতে হয়। ঐ কয়েকগাছি স্থতা বড় কম নয়? যতক্ষণ গলে থাকে সব দোষ ঢাকিয়া যায়। গলা হ'তে পরিত্যাগ করনেই ত বিপদ; সমাজ তাকে সমাজচ্যুত করেন।

এখান হইতে কিছুদ্রে যাইয়া দেখেন—বালকগণ বিভালয় হইতে প্রত্যাগমন করিতেছে। তাহাদিগকে দেখিলে বিভালয়ের ছাত্ত বলিয়া বোধ হর না। প্রত্যেকেরই পরিধানে ৮/১০ অঙ্গুলিপ্রমাণ পাড়ওরালা কালাপেড়ে ধুডি। বুকে ধ্বজ—বঞ্জাঙ্গুণ চিচ্ন্ত্বরূপ নানারূপ কাজ করা বেনদার কামিজ। বগলে ২/১ খানি পৃক্তক। বাম হল্তে পরিধের কোঁচার কোঁচান ফুল ধারণ করা আছে—মুখে সকলের এক একটি সিগারেট। ইব্র। ব্রুণ! এরা কারা?

वक्षा भूत्वव वानक।

ইক্র। মস্তকের মধান্থলে জীলোকের ন্যায় অমন সিঁথি কেন? আরি স্থলের ছেলে—কচি ছেলে—লেথাপড়া শিখতে শিখতে চুরুট থাচ্ছে কি রকম।

বৰুণ। আজ্ঞে ওরা কি সব ছেলে? ওরা দেশের কাঁটাগাছের চারা। এক একজ্ঞন কথাবার্তা ইয়ারকি বদমাইসিতে যে আশীবছরের বুড়ো। এর পর ত্বংথে শেয়াল কুকুর কাঁদবে। কোন ব্যাটা জেলে যাবে—কোন ব্যাটা ফাঁসি যাবে—কোন ব্যাটা দীপান্তর যাবে—কোন ব্যাটা অভি অল্প:ব্যুমেই যক্ষা ধ'রে মর্বে—কোন ব্যাটা আত্মহত্যা কর্বে।

নারা। বরুণ এরূপ মস্তকের মধ্যস্থলে চুল ফেরান ত আর কোন স্থানে: দেখলাম না। শ্লালপুরে যে নৃতন দেখছি!

বকণ। নৃত্ন নহে, বছদিন হইল কলকাতায় প্রথম স্ষ্টি হ'য়ে ক্রমে এদিকে আমদানী হইয়াছে। শাড়ী পরিধান এবং মস্তকের মধ্যস্থলে নি ধি কাটা হ'চে বর্তমান ফ্যাসান। একরপ বেশ অধিক দিন প্রচলিত থাকিলে যথন আর ভাল না লাগে, তখন সময়ে সময়ে বেশভ্যার যে পরিবর্তন ঘটেতাহাকেই ফ্যাসান কহে।

বন্ধা। না বক্রণ! তুমি যাহা বলিতেছ, তাহা ঠিক নহে। আমাকে এক সময় কলি জিজ্ঞাসা করে "পিতামহ! আজ্ঞা করুন আমার রাজ্যসময়ে লোকে কিরূপ চিহ্ন ধারণ করিবে ?" তত্ত্তরে আমি বলিয়াছিলাম—"যথন পুরুষেও জীলোকের বস্ত্র পরিধান করিবে ও তাহাদিগের ন্থায় মস্তকে সিঁথি কাটিবে এবং থাছাথাছ বিষয়ে কাহারও বিচার থাকিবে না, সেই সময় জানিও তোমার একাধিপত্য বিস্তার হইয়াছে। এই ভাগলপুরের স্থলের বালকগণকে দেখিয়া আমার বেশ বোধ হইতেছে যে, এক্ষণে কলির সম্পূর্ণ অধিকাংকাল সম্পৃত্বিত!

এই সময়ে একটি বালক উপর দিকে চাহিয়া অপর বালকের কানে কানে কি বলিয়া মূচকে হেসে চলিয়া মাইল। মাইবার সময় সে অপর একটি: বালককে কহিল, "দ্র কর, ও শাদা জিনিসে আর প্রাণ ঠাণ্ডা হয় না, লাল রং আমদানী কর্বার উদেষাগ কর।"

हेक्स । वक्ष ! वानक्षत्रा कि वतन १

দেবগণের মর্ত্তো আগমন

বরুণ। কপ্চাচ্চে! দেখুন পিতামহ! এখানকার যুবকগণের স্বভাব সাধারণতঃ মন্দ নহে। তবে ছঃথের বিষয়, পাঠাবস্থায় অবতাস্ত বাবু হয়ে পডাড লেখা পডাটা প্রায়ই আমাদের উপর যত হয়।

ব্ৰহ্ম। উপ বড স্থবোধ ছেলে।

এই সময়ে বালিকাগণকে প্রত্যাগমন করিতে দেখিয়া ব্রহ্মা বলিলেন, "বরুণ। এ মেয়েগুলি কোথায় গিয়েছিল ?"

বরুণ। আজে. এরা বালিকা-বিভালয়ের বালিকা। বিভালয় হইতে প্রভাগসন করিতেছে।

ব্রহ্মা। এখনও কি বালিকাগণকে পূর্বের ন্যায় বিভা শিক্ষা দেওরা হয় ?
বরুণ। বিভা শিক্ষা দেওরা হয়, তবে পূর্বের ন্যায় নহে। বালিকাদিগের
বিবাহের বয়স দশ বংসর; অতএব ঐ সময়ের মধ্যে কতদূর বিভা হইতে
পারে বিবেচনা কবিয়া লউন।

ব্রহ্মা। জ্রীলোকদিগের অল্প বিভা শিক্ষা দেওয়া মহাপাপ। তদপেক্ষা মূর্য করিয়া রাখা শান্তসম্মত। জ্রীলোকেরা অল্প বিভা শিক্ষা করিলে অশেষবিধ অনিষ্ট ঘটাইতে পারে।

বরুণ। আছে বর্তমান সময়ে স্ত্রীলোকেরা বিভা শিক্ষা করিয়া জ্ঞানো-পার্জন করিবে এ আশায় বিভালয়ে দেওয়া হয় না।

ব্রহ্মা। তবে কি কারণে বিভালয়ে দেওয়া হয়।

বৰুণ। একটু লেখা পড়া শিক্ষানা দিলে মেয়েগুলো পাছে থ্বড়ো থাকে এই আশকায়। এমন কাল প'ড়েছে—পাত্রের পিতা যেমন পাত্রীর শিতার সর্বস্ব গ্রহণ করেন, সেই সঙ্গে আবার পাত্রী লেখাপড়া জানেন কি না. সে বিষয়েও অমুসদ্ধান লন। আজকাল বিবাহের পূর্বে পাত্র পাত্রী উভয়েই উভয়কে দেখিতে ইচ্ছা করেন। সময়ে সময়ে পাত্র আবার পাত্রীকে পরীক্ষা করেন—"বল দেখি, রাক সি কোথায়? "গভর্নরজ্ঞনারেল এক্ষণে কলিকাতায় না সিমলায় আছেন ?" ইত্যাদি। আমি আকর্ষ দেখিয়াছি—যিনি ২।৪ খানি ইংরাজী পুস্তক পড়িয়া ১৫ টাকার কেরাণীগিরি কর্ম্ম করিতেছেন, তিনিও শিক্ষিতা স্ত্রী প্রার্থনা করেন। সময়ে সময়ে ঐ বিষয়ে লেকচার দেন। কি আকর্ষা! যে নিজে অশিক্ষিত, তাহার আবার শিক্ষিতা স্ত্রীর আশা করা কি ধৃইতার কাজ নয়? এই সব দেখিয়া ভনিয়া পিতা মাতা অগত্যা কল্যাকে বিশ্বালয়ে দেন।

বন্ধা। দেখ বরুণ! দেশে যেরপ অকাল-মৃত্যুর প্রান্থজাব, ভাহাতে বোধ হয় অরবয়ন্ধা, অরশিক্ষিতা বিধবা স্ত্রীলোকের সংখ্যাই বেশী। অর, শিক্ষার গুণে কুলে কালী দিয়া পিতা মাতাকে কাঁদাইতে পারে, ইহা কি তৃমি বিশাস কর না?

বরণ। বিধাস করা করি কি ? অনেক স্থলে ঐরূপ ঘটনা ঘটিভেছে।
এই সময় দেবগণ, শুনিলেন—একটি গৃহমধ্যে কতকগুলি লীলোক হো হো
শব্দে হাশু করিয়া কহিতেছেন—"ওমা! কোথা যাব! খুকী বলে কি ?
য়াঁা—বলে এবার আমি দুর্গো অন্তমীর বন্ত নেবো! ওমা ছি: ছি:। এখনও
পাড়াগেঁয়ে স্বভাব যায় নি ? বাত ক'রে কি হবে ?—ওর চাইতে ঐ টাকায় ও
কেন দানা গড়িয়ে গলায় দিক্ না। দেখ খুকী, ওসব এখন হবে টবে না; ইচছা
হয় দেশে গিয়ে যা খুসি করিস।"

ব্রহ্ম। বরুণ। জীলোকেরাবলে কি १

বরুণ। বাঙ্গলা হইতে মোক্ষদা নামে কোন স্ত্রীলোক এখানে নৃত্ন আসিয়াছেন। তাঁহার হিন্দুধর্মে বিশ্বাস থাকায় কোন ব্রত লইব বাসায় এখানকার স্ত্রীলোকেরা তাঁহাকে লইয়া কোতুক করিতেছেন। এখানকার অনেক স্ত্রী নান্তিক স্বামীর সহবাসে নান্তিক হইয়াছেন। ইহারা হিন্দু মতে ব্রভ নিয়ম করিতে ইচ্ছা করেন না।

বন্ধা। ই! কলির প্রধান লক্ষণ যা তা সব ঘটেছে।

দেবগণ একস্থানেউপস্থিত হইয়া দেখেন—রক্ষাকালী পূজা হইতেছে। পূজাস্থানের সন্নিকটস্থ একটি রাজ্ঞা দিয়া চারিজন লোক যাইতেছেন। তাঁহাদের
প্রত্যেকেরই চক্ষ্ বস্ত্র দিয়া বাঁধা, সকলেই হাত ধরাধরি করিয়া যাইতেছিলেন
এবং চক্ষ্ ত্ইটি বন্ধ থাকায় গোরু বাছুর প্রভৃতি যাহার পদশব্দ শুনিতেছিলেন
মহন্ত্র বোধে জিজ্ঞাসা করিতেছিলেন—"বাবা! ব'লে দে সেই বন্ধাকালী
ঠাকুরটা কোথায়? আর রাজ্ঞসমাজে যাবার রাজ্ঞাই বা কোন্ দিকে?" উপ
ছুটিয়া গিয়া কহিল—"বাম দিকে, একটু বাম দিকে ঘেঁসে ঘাও।" তাঁহারা
উপ'র কথায় বিশাস করিয়া যেমন বাম দিক্ ঘেঁসে যাইবেন, অমি একটি
স্থগভীর নরদমার মধ্যে কয়েকজনে জটাপটি হইয়া পড়িয়া গেলেন। রাজ্ঞার
লোকে করতালি দিয়া হাসিয়া উঠিল।

বন্ধা। বন্ধা। উহারা কারা ? আর বন্ধ ধারা চক্ষ্ বাধা কি কারণে ? বন্ধা। উহারা কয়জনেই বান্ধ, এজন্ত হিন্দু দেবম্ভি চক্ষে দেখেন না। দেবগণের মর্ছ্যে আগমন

কিন্ত কপালক্রমে ঠিক ব্রাহ্মসমাজে যাইবার পথেই বন্ধাকালীপূজা হইতেছে; পাছে দেখিতে হয় এই আশব্দায় চক্ষে কাপড় বেঁধে যাইতেছিলেন, উপ নষ্টামি ক'রে পথ বলিয়া দেওয়ায় নরদমার মধ্যে পড়িয়া গেলেন।

বন্ধা। উ:! কি গোঁড়ামি!

এখান হইতে দেবগণ ২।১ জন বাঙ্গালীর স্থন্দর স্ক্রম্বর বাড়ীছর দেখিতে দেখিতে ধঞ্চনপুরে বর্দ্ধমানের মহারাজের বাড়ীর ছারের নিকটে গিয়া উপস্থিত হইলা ইন্দ্র কহিলেন, "বরুণ! এ বাড়ীটি কাহাব? এমন স্থন্দর বাড়ীতে লোকজনের সমাগম নাই কি কারণে?

বরুণ। এ বাড়ীটা বর্দ্ধমানের মহারাজের। লোকের মনে বিশাস আছে এই বাড়ীতে ভূত বাস করে। কোন ব্যক্তি ইহাতে বাস করিলে ভূতের হাতে প্রাণ হারায় (১)।

পিতামহ হাশ্য করিয়া কহিলেন, "রজনী আগত প্রায়—আমরা আর কোথায় বাসার অঞ্নজানে ফিরিব ? চল এই রাজবাটিতেই আশ্রয় লই।" এই কথায় সকলে সম্মত হইলে দেবতারা সে রাত্রি সেই ভূতের বাড়ীতেই অবস্থান করিলেন।

প্রাতে উঠিয়া দকলে গঙ্গান্ধানে চলিলেন। গঙ্গাতীরে উপস্থিত হইয়া দেখেন—একটি স্থন্দর অট্টালিকা বিরাজ করিতেছে। ইক্র চাহিয়া চাহিয়া দেখিয়া কহিলেন, "বরুণ! এ বাড়াটি কাহার ?"

বরুণ। জঞ্জেল নামক একজন নীলকর সাহেবের বাড়ী। জঞ্জেল ভাগলপুরের মধ্যে একজন বিখ্যাত জমিদার।

ব্রহ্মা। এই সময়ে জলে নামিয়া স্থান করিবার উদ্যোগ করিতেছিলেন, তাড়াতাড়ি তীরে উঠিয়া ক্রতপদে পলাইতে লাগিলেন। দেবগণ পশ্চাৎ পশ্চাৎ ছুটিয়া গিয়া কহিলেন, "পিতামহ! পালাচ্চেন কেন?"

ব্রহ্মা। আমি ভাই, নীলকর সাহেবদের বড় ভর করি। জানি কি, একে নীলকর—তাহাতে আবার জমিদার; ধরে নিয়ে গিয়ে যদি নীল বুনিয়ে নেয়।

(১) কয়েক বংসর পূর্বে বর্জমানের মহারাজা মহাতাপটাদ বাহাত্ব এই বাড়ীতে আসিয়া প্রাণত্যাগ করায় লোকের মনে ঐ কুসংস্কার আরও বন্ধমূল হইয়াছে। বরুণ। না না—ইনি অতি সং ও ভদ্রলোক। যাহা হউক, ষথন আপনার ভয় হইয়াছে, চলন, অক্ত ঘাটে স্থান করিয়া আসি।

দেবগণ স্থান করিয়া আসিবার সময় দেখেন বৃহৎ বৃহৎ আকারের গোরু সকল লইয়া রাখালেরা চরাইতে যাইতেছে। আমাদের অহিযোনপ্রিয় পিতামহ সেই সমস্ত হুই পুষ্ট পর্বতাকার গাভীগুলিকে দেখিয়া একদৃষ্টে চাহিতে লাগিলেন। বরুণ ভদুষ্টে হাস্ত করিয়া করিলেন, "ঠাকুরদা! কি দেখছেন ?"

ব্রহ্মা। এমন ফুল্ব গোরুত কোথাও দেখি নাই। ভাল--- এরা ত্ধ দেয় কত ক'রে ?

বৰুণ। প্ৰায় ৮।১০ সের।

ব্রহ্মা। যুঁন, বল কি ? বরুণ! স্থামাকে একটা কিনে দাও না। মঙ্গলা বুড়া হওয়ায় স্থায় ত তেমন হুধ দিতে পারে না, একটা ভাগলপুরে গাই স্বর্গে নিয়ে যাই।

বরুণ। কিনে দিতে পারি—কিন্তু নিয়ে যাবেন কেমন করে ? কলিকাতা পর্যন্ত সক্ষে ক'রে নিয়ে যাওয়া ত সহজ ঝাপার নহে ! যাহা হউক, আমি আপনাকে অন্ত এক সময়ে একটি গোক কিনিয়া দিয়া আসিব। দেবগণ বাসায় আসিয়া আহারাদি করিয়া ম্যাজিট্রেট, জজ এবং কমিশনারের অফিস দেখিয়া গ্রবর্ণমেন্ট বিভালয়ের নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন, "এই ভাগলপুর গ্রব্দেন্ট বিভালয় ৷ এ গৃহটি আদালত সমূহের গৃহগুলি অপেক্ষা কুন্দর।"

ইন্দ্র। বরুণ! প্রত্যেক স্থানেই একটি না একটি বিভালয় দেখিলাম কিন্তু আমার আশহা হচ্ছে—এই সব বালক, বিভালয় পরিত্যাগ করিয়া কাজকর্ম কোথায় পাইবে!

বৰুণ। ইহার মধ্যে তোমার আশকা হইল ? কলিকাতায় গিয়া দেখ্বে বিজ্ঞালয়ে বালকদিগের গাঁদি লেগেছে। ইহাদের জন্ম তোমার আশকা করিবার কোন প্রয়োজন নাই; বিধাতা অবশ্রুই একটা না একটা উপায় করিয়া দিবেন। অভাব পক্ষে এরা ইংরাজী কথা ব'ল্ডে ব'ল্ডে ঘাস কেটে এনেও ক'রে খেতে পার্বে।

কিছুদ্বে যাইয়া তাঁহার। দেখেন—একটা স্থান প্রাচীর হারা বেষ্টন করা রহিয়াছে। নারায়ণ কহিলেন, "বরুণ! সম্মুখে দেখা যাচেচ, ওই প্রাচীর-বেষ্টিত স্থানটি কি ?"

वक्ष । ভাগनপুরের সেন্ট্রাল **ভেল । ই**হা একটি প্রকাণ্ড **ভট্টালিকা**।

দেবগণের মর্জো আগমন

জেলথানার মধ্যে প্রায় এক শত বিশা জমি আছে। জেলের মধ্যে অনেক-কয়েদি থাটিতেছে এবং তাহাদের থারা কলে কখল প্রস্তুত হইতেছে।

এই সময় দেবগণ দেখেন—দ্বে অনেকগুলি লোক একত্র হইয়া গোলঘোগ করিতেছে। তাঁহারা গোলঘোগের কারণ অফুসন্ধানে যাইয়া দেখেন, একটি কুৎসিত যুবার সহিত একটি পরমা হৃদ্দরী স্ত্রীপোক দাঁড়াইয়া আছে। যুবতীর সর্বাঙ্গে স্বর্ণাভরণ, রং বস্ত্রমধা দিয়া ফুটিয়া বাহির হুইতেছে। দেখিলে বোধহয় স্ক্রম্বী কোন উচ্চবংশস্ত্রা। কারণ লোকের জনতায় লজ্জায় মুখ হেঁট করিয়া দাঁড়াইয়া আছে।

পুলিশ ইনম্পেক্টর বারংবার জিজ্ঞানা করিতেছে—"তুমি কে? এই তুইই বা কে? ইহার চেহান্নাতে ইহাকে ত ভোমার স্বামী বলিয়া বোধ হইতেছে না। এ ভণ্ড কি ভোমায় প্রাণ নষ্ট করিয়া ঐ গাত্রাভরণগুলি অপহরণ করিবার মানদে প্রতারণা করিয়া গৃহের বাহির করিয়া আনিয়াছে? বল— সমস্ত বিষয় খ্লিয়া বল, ভদমুদারে হুষ্টের দমন করি এবং ভোমাকে ভোমার স্বামীর গৃহে পাঠাইয়া দিই।"

যবতী তথন কহিতে লাগিল—"হুগলি জেলার কোন গ্রামে আমার শশুরালয়। আমার স্বামী বেশ একজন সঙ্গতিশালী ও বিখ্যাত জমিদার। তিনি আমাকে বিধাহ করিয়া আনিয়া কথনও স্বদৃষ্টিতে দেখেন নাই। কথনও মিষ্টি কথা বলেন নাই কিংবা আদর যত্ন করে নাই। এমন কি দিনান্তে একবার কাছেও আদিতেন না। বরং দময়ে দময়ে অকারণ তিরস্কার ও প্রহার করিতেন। আমি পূর্বজন্মের পাপে এরপ ঘটিয়াছে ভাবিয়া মনকে প্রবোধ দিতাম এবং দিন রাত কেঁদে কেঁদে দিন কাটাইতাম। এক সময় আমার অতান্ত পীড়া হইল—বাঁচিবার কোন আশা বহিল না। মনে মনে ভাবিলাম-আহা। যমের রূপায় এইবার আমি স্থা হইব,-সকল জালা যম্ভণার হাত এডাইব। কিছ যম এ হতভাগিনী, এ চিরত্বংখিনীকে নিলেন না। আমি ক্রমে ক্রমে ভাল হয়ে উঠ লাম। পথা ক'বে ব'দে আছি, এমন সময় দেখি একটি ক'নে বৌ গ্রহের বাহিরে থেলা করিতেছে। ঝিকে জিজ্ঞানা করলাম, "ঝি, বৌটি-কে ?" ঝি কহিল, "মা ঠাকুরুণ! উনি যে ভোমার সভীন। যখন ডাঙ্কারের। ডোমায় দেখে বল্লেন, এ যাত্রা বক্ষা পাইবে না, তখন বাবু হাসিতে হাসিতে বাটী থেকে গিয়ে উহাকে বে ক'রে এনেছেন।" এই কথায় মনে বড় তুঃখ হ'ল ভাবলাম আত্মহত্যা করি। আবার ভাব লাম—আত্মহত্যা মহাপাপ, যদি

পাপই কর্তে হয়, বাটি হ'তে পালাই, কূলে কলম্ব রটুক। লোকে বলুক—
অমুক বাবুব স্ত্রী ভাগলপুরে ঘর ভাড়া ক'রে রয়েছে। এইরূপ স্থির ক'রে
পালিয়ে এসেছি।"

পুলিশ ও দর্শকবর্গ এই কথা গুনিয়া চলিয়া গেল। দর্শকদিগের মধ্যে একজন কহিল, "মাগী উপযুক্ত শিক্ষা দিয়াছে।" আর একজন কহিল, "আমার ওরূপ হ'লে হুজনকেই কেটে ফাঁসি যেতাম।" একজন যুবা দর্শক অপর যুবাকে কহিল, "গোমস্তা বেটার কপাল ভাল! মেয়ে মাল্ল্মটি নানালঙ্কারভূষিতা!" দেবগণ চাহিয়া দেখেন—পিতামহ নিকটে নাই। অন্থ্যমন্ধান করিতে করিতে দেবভারা তাঁহাকে একটি বটর্ক্ষের তলে প্রাপ্ত হইলেন। তথন তিনি নয়ন মুদ্রিত করিয়া হুর্গানাম জপ করিতেছিলেন।

নারায়ণ ভাকিলেন, "পিতামহ! পিতামহ! উঠুন!" ব্রহ্মা নয়ন উন্মীলন ক্রিয়া কহিলেন, "বৰুণ। ও কি দেখিলাম ?"

বরুণ। আপনার স্ট বিশ্বরাজ্যরূপ রঙ্গভূমিতে দম্পতি ব্যবহার প্রহ্মনের অভিনয়।

এখান হইতে দেবগণ জেলখানার উত্তরাংশে ঘাইয়া উপস্থিত হইলে বরুণ কহিল, এই স্থানে গঞ্চাতীরে ছটি অন্তুত স্বড়ঙ্গ রয়েছে।" দেবরাজ স্বড়ঙ্গ দেখিবার ইচ্ছা প্রকাশ করিলে বরুণ সকলকে লইয়া দেখাইতে চলিলেন।

সকলে উকি মারিয়া দেখিয়া অত্যস্ত বিশ্বিত হইলেন। নারায়ণ কহিলেন, "বৰুণ! এই স্থড়ক মধ্য দিয়া গৃহাদির ভগ্নাবশেব দেখা ঘাইতেছে —উহা কি ?"

বৰুণ। অনেকে ইহাকে মুনিকোটর কহে। তাহারা কহে—পূর্বকালে কোন মুনি এই স্থানে বিদিয়া তপস্থা কবিতেন। আবার কতকগুলি লোকে কহে

—ইহা দম্যদিগের বাসগৃহ। ফলতঃ এখানে দম্য থাকিবার কোন সম্ভাবনা
নাই, মুনিকোটর হওয়াই সম্ভব। কিছুদিন হইল এখানকার ভূতপূর্ব জজ
সান্দিস্ সাহেব ঐ গহারের উপরিভাগ ইষ্টক দিয়া বাঁধাইয়া দিয়াছেন।
অনেকে এই গহার আগ্রহ সহকারে দেখিয়া থাকেন।

এখান হইতে সকলে একটি বাজারে গিয়া তসর নির্দ্মিত খেস ও বাপ্তা নিজের নিজের জন্ম এবং আত্মীয়সজনের জন্ম থরিদ করিয়া লইলেন।

তৎপরে সকলে টেশনে ঘাইয়া দেখেন টিকিট দিবার বিলম্ব আছে; অতএব

দেবগণের মর্ত্তো আগমন

পরস্পর গর আরম্ভ করিলেন। ব্রহ্মা কহিলেন, "বরুণ। ভাগলপুরের অপরাপর বিষয় সংক্ষেপে বল।"

বঞ্চণ। ভাগনপুর অতি প্রাচীন সহর। নগরটি ভাগীরথীতীরে অনেকদ্র পর্যান্ত বিস্তৃত। এথানে অনেকগুলি পরী ও বাজার আছে; হিন্দু মৃদসমান উভয় জাতিই এথানে বাস করে, তন্মধ্যে হিন্দুর ভাগই বেশী। সাধারণতঃ এখানকার লোকেরা অতাস্ত অজ্ঞ বদমায়েস এবং কুসংস্কারাপন্ন। একটি চলিত কথা আছে—"ভাগনপুরকা ভাগলিয়া, কহাল গাঁওকা ঠগ ঔর পাটনাকো দেউলিয়া, তিন মৃল্লুক জাদ।" চম্পাইনগর ভাগলপুরের পশ্চিমাংশের শেষ দীমা। ঐ স্থানে চাঁদের প্রভিষ্ঠিত বহুকালের একটি শিবলিঙ্গ আছে। কিন্তু ভাঁহার পূজার কোন বন্দোবস্ত নাই। এখানকার কেল্লায় প্রায় ১০০ শত আন্দাজ হিন্দু সিপাহী আছে*। এখানে অনেকগুলি বাঙ্গানী বিষয়-কর্ম্ম উপলক্ষে বাস করেন। তাঁহাদের সাধারণ উন্নতিকার্য্যে কিছুমাত্র মনোযোগ নাই। সকলেই আপন আপন স্থার্থ লইয়া ব্যতিব্যস্ত।

কিনে বড় হইব, স্ত্রীকে জনস্কারে ভূষিত করিব—জনেকের প্রধান সক্ষ এই। নাচ তামাসায় জনেকে জনেক অর্থ ব্যয় করেন, কিন্তু দীনতুঃখী জনাথদিগকে এক মৃষ্টি ভিক্ষা দিবার সময় জগন্নাথ হন। এথানকার তুই একটি উকিল সাহেবী ধরনে বেডাইতে ভালোবাসেন।

এই সময় টিকিট দিবার ঘণ্টা দেওয়ায় দেবতারা নলহাটির টিকিট লইয়া ট্রেনে উঠিলেন। ট্রেন "হুপাহুপ" শব্দে ঘোগা অতিক্রম করিয়া কাহালগাঁ ন্টেশনে আসিয়া উপস্থিত হুইল।

ইন্দ্র। বরুণ। এ টেশনটির নাম কি ? বরুণ। এস্থানের নাম কাহালগা। মহাবীর ভীমসেন ভীম-একাদশীর

*কেলার গত বংসর পর্যন্ত ১০০ শত হিন্দুরানী সিপাহী ছিল। কিন্তু
আহম্পর্শের দিন ভাহারা কাবুলে যাওয়ার অভ্যাপি আনে নাই। এক্ষরে
এথানে আর সৈক্ত থাকে না। গবর্ণমেন্ট ব্যর সংক্ষেপ করিবার মানসে কেলাটি
উঠাইয়া দিয়াছেন। এক্ষণে রিজার্ভ প্রিসের এক শত আন্দাজ সিপাহি
বাস করিতেছে।

উপবাসের পর এই স্থানে পারণ করিয়াছিলেন। তিনটি স্ক্রম্ব স্থাহাড় উনানের ঝিঁকের ভাবে থাকার, লোকে বলে—উহারই উপর তাঁহার রন্ধনাদি হইয়াছিল।

আবার টেন ছাড়িল। টেন "হুপাহুপ" শব্দে পীরপৈঁতি ষ্টেশনে আসিয়া উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বরুণ। এ স্থানের নাম কি ?"

বৰুণ। এ স্থানের নাম পীরপৈঁতি। এথানে বৃদ্ধদেবের মন্দির ইত্যাদি আছে। মৃসলমানদিগের একজন সন্ধ্যাসীকে এই স্থানে কবর দেওয়া হয়। তাঁহার নাম অম্পারেই স্থানের নাম পীরপৈঁতি হইয়াছে। ঐ কবরটি অভাপি বর্জমান আছে। এথানকার পান বড় বিখ্যাত।

এই সময়ে এক ব্যক্তি "চাই পান, চাই পান" শব্দ করিতে করিতে সেই স্থানে উপস্থিত হইলে বৰুণ নারায়ণকে এক ঠোকা কিনিয়া দিলেন। নারায়ণ মথন ঠোকা খুলিয়া দেবগণকে এক একটি ভাগ করিয়া দিতেছিলেন, একপাল অসভা বেহারবাসী পোঁটলা পুঁটলি-ঘাড়ে ছুটিয়া আসিয়া তাঁহাদের গাড়ির দ্বার ধরিয়া টানিতে লাগিল। উপ তাহাদিগকে উঠিতে নিষেধ করিলে সকলেই ঘাড় নাড়িয়া আক্ষালন পূর্বক কহিল—"এ ছুছুর। হাম্বি টিকিস্ লিয়া। কভি নেই উৎরেক্ত। এক এক টিকিস্ লিয়া বাবা! তিন মাহিনাকো খোরাক হামলোককে এস্মে গিয়া। চাহে লাট সাহেব হোয়, চাহে নবাব হোয়, কিছিকা বাৎ নেহি ভনেকে (ঘাড় নাড়িয়া) টিকিস্ লিয়া বাবা।"

উপ। উঃ। ঘাড় নাড়ার ধুম দেখ। আমরা অন্নি যাচ্ছি নয়? যা ঐ পাশের গাড়িতে উঠগে।

তাহারা পাশের গাড়িতে মাদ এবং গদি পাতা দেখিয়া মহা দন্তই হইয়া সমস্ত দলবলকে আদর করিয়া ডাকিতে লাগিন—"এ—এ শুকোন, এ ভাই শুকোন, ভাই দব জলদি আও। কাঁচকো কামরা, ইন্ধো গদ্দি হায়, মদলন্দ্ হায়, বড়া আরাম্দে যায়েকে। আও আও, ভাইলোক দব জল্দি আও।"

এই প্রকারে সকলে একত্র হইয়া যেমন সেকেণ্ড ক্লাসে উঠিতে যাইবে, একজন ফিরিকি "ইউ ভ্যাম", বলিয়া ঘুসি চালাইল। ঘুসি খাইয়া তাহারা কহিতে লাগিল—"তুম, মার্নেকা কোন্ হায়? হাম লাল লাল টিকিন্ লিয়া, কভি নেই যাকে!" এইরপ গোলযোগ করিতে লাগিল।

ট্রেনও তাহাদিগকে ফেলিয়া চলিয়া গেল। তথন তাহারা পরস্পরে

দেবগণের মর্জ্যে আগমন

কহিতে লাগিল, "প্তর বছত গাড়ি যাওকে। উস্ বকৎ কোইকো বাৎ নহি ভনকে একদম কাঁচকো গাড়িকে ভিতর ঘুস যাকে।"

এদিকে ট্রেন ছুটিতে ছুটিতে আসিয়া সাহেবগঞ্জে উপস্থিত হইল। আমি একজন বড় চাপরাসী হাঁকিতে লাগিল—"নাহেবগঞ্জ"—"সাহেবগঞ্জ"। "এ পূর্ণিয়া, কারাগোলা, দারজিলিং যানেওয়ালা, উতারো।" "সাহেবগঞ্জ"। "সাহেবগঞ্জ"।

ইন্ত্র। বাং এ টেশনটি বড় স্থলর ! এ স্থানের নাম কি ?

বরুণ। এ স্থানের নাম সাহেবগঞ্জ। এখানে বেলওয়ে কোম্পানির ডিক্টিক অফিদ আছে। বিংশতি বৎদর পূর্বে এ স্থান বন জঙ্গলে পরিপূর্ণ ছিল। বেলওয়ে হওয়ার পর হইতে দিন দিন ইহার শ্রীর্দ্ধি হইতেছে। এখানকার রাস্তাঘাট বেশ পরিকার ও প্রশস্ত। ষ্টেশনের বাহিরেই ইংরাঞ্জ মহল। ইংরাজ মহলে, রেলওয়ে গাডেরা বাদ করিয়া থাকে। ইংরাজ মহলটি দেখিতে বড় ক্রন্দর। এই সাহেবগঞ্জের পার্দেই বিখ্যাত দিক্রিগলি। দিক্রিগলিতে হুমায়্নের সহিত সেরসার একটি যুদ্ধ হইয়াছিলো। ঐ স্থানের কেলার ভয়াবশেষ অভাপি দেখিতে পাওয়া যায়। সাহেবগঞ্জে অনেকগুলি বাঙ্গালী বাদ করেন। তাঁহাদের স্বভাব সাধারণতঃ বড় মন্দ নহে। অনেক বাঙ্গালী বেশ্যাও এখানে আছে। অভভক্ষণে চৌদ্দ আইন জারি হওয়ায় কলিকাতার যত বেশ্যা পালাইয়া আদিয়া চারিদিকে বিরাজ করিতেছে। সাহেবগঞ্জে অনেকগুলি মাড়োয়ারির বাদ। তাহাদের উপাশ্য দেবতা কৃষ্ণজীর একটি মন্দির আছে। তত্তিয় মহাবীর হয়্মানেরও ত্ই একটি ক্ষুদ্ধ ক্ষুদ্ধ মন্দির দেখিতে পাওয়া যায়। এখানে রেলওয়ে কোম্পানীর একটি হাসপাতাল ও একটি ডাক্টার আছেন।

বন্ধা। বৰুণ। সাহেবগঞ্জে ত অনেকক্ষণ গাড়ি থাকে।

বক্রণ। এক্সানে সাহেবেরা খানা থেয়ে নেয়। সাহেবগঞ্জের পরপারে কারাগোলা। কারাগোলা দিয়া পূর্ণিয়া ও দারজিলিং যাইতে হয়। সাহেব-গঞ্জের ঘাটে ষ্টিমারে উঠিয়া তৃই ঘণ্টায় কারাগোলায় পৌছান যায়। পরে তথা হইতে গরুর গাড়ির ভাকে পূর্ণিয়া ও দারজিলিং যাইতে হয়।

এই সময় "শুঁ। " শব্দে একটা হেঁচকা টান মারিয়া ট্রেন 'হুপাহুপ" শব্দে ছুটিতে ছুটিতে মহারাজপুর অতিক্রম করিয়া তিন পাহাড়ে আসিয়া উপস্থিত হুটল। অমি চীৎকার শব্দে এক ব্যক্তি হাঁজিতে লাগিল—"তিন পাহাড়"

"তিন পাহাড়"। "এ রাজমহল যানেওয়ালা উতারো"। "তিন পাহাড়", "রাজমহল"।

বন্ধা। বৰণ। এ টেশনের নাম কি ?

বরূপ। এ স্থানের নাম তিন পাহাড়। তিন পাহাড় হইতে ব্রাঞ্চ রেলে রাজমহল যাওয়। বালালা দেশে মোগল রাজত্বের সময়ে রাজমহল অতি সমৃদ্বিশালী নগর ছিল। আকবর বাদশাহের প্রধান সেনাপতি মানসিংহ এই নগর নির্মাণ করেন এবং হুজার সময় ইহার সৌল্পর্য বৃদ্ধি হয়। এক সময় রাজমহল আয়তনে সৌল্পর্য্য দিল্লীর সমকক্ষ হইয়া উঠিয়াছিল; মৃদলমানেরা আকবর বাদশাহের সম্মানার্থ ঐ নগরকে আকবর নগর কহিত। এই রাজমহলেই ১৫৭৬ খুইান্দে বালালার শেষ রাজা আকবরের সৈত্য কর্তৃক পরাভূত ও নিহত হন। রাজমহলের উত্তর পশ্চিমে, যে স্থলে রাজমহল পাহাড় গলার তীরস্থ হইয়াছে, ঐ স্থানে বেলিয়াগড়ি নামক প্রসিদ্ধ হুর্গ ছিল। এই হুর্গটিকে লোকে বালালার আরম্বরূপ জ্ঞান করিত। রাজমহলের পাহাড়ে পাহাড়িয়া নামক এক আদিম জাতি বাদ করে। অভাপি রাজমহলের পাহাড়ে পাহাড়িয়া নামক এক আদিম জাতি বাদ করে। অভাপি রাজমহলের আনেক বাড়ী ও মস্জিদের ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। রেলের রাজা প্রস্তুত হইবার সময় অনেক প্রাতন গৃহাদি নই হইয়া পিয়াছে। নবাব সিরাজদোলা পলানীর সংগ্রামে পরাজিত হইয়া পাটনায় পলায়নকালে এই স্থানে উপস্থিত হইলে এক ফ্রির তাহাকে গ্রত করিয়া দেয়।

ইন্ত্র। রাজ্মহলে যাইলে হর না ?

বকণ। রাজমহলে দেখিবার যোগ্য কিছুই নাই। ঐ স্থানে এসিষ্টান্ট কমিশনারের কাছারি, সামান্ত একটি হাসপাতাল ও জেল আছে। সিংহদালান নামে একটি প্রাতন দালানের কতকগুলি কাল পাথরের পিলার অত্যাপি বর্তমান আছে। উহার মধ্যে অসভ্য সাঁওতালেরা সাক্ষ্য দিতে আসিয়া বাস করিয়া থাকে। দালানটি পঞ্চাশ ষাট হাত দীর্ঘ ও দশ বার হাত প্রশন্ত হইবে। উহার ছাদ খিলানের উপর ছিল। রাজমহলের বাজারে অনেকগুলি খাত্ত- অব্যের দোকান আছে। এখানকার অধিবাসীদের মধ্যে অধিকাংশ ম্নলমান, অত্যন্তমাত্র হিন্দু। নবাব-দেলারি নামক স্থানেরও অত্যাপি ধ্বংসাবশেষ দেখিতে পাওয়া যায়। এখানে জুমা মস্জিদ নামে একটি কাল পাথরের মস্জিদ আছে। ঐ মসজিদ প্রে অনেক বহুম্ল্য প্রস্তরাদি ছারা স্বসজ্জিত ছিলো— একণে আর নাই। একণে মস্জিদ মধ্যে গো অথ প্রভৃতি পথাদি বাস করির।

থাকে। মস্জিদে পূর্ব্বে ফোয়ারা ছারা গঙ্গাজল আনান হইত। এক্ষণে ফোয়ারাটির চিহ্নাত্র আছে। মস্জিদের সন্নিকটস্থ উচ্চভূমির উপর বেগম-দিগের বাসস্থান ছিল, এক্ষণে এ স্থানের ধ্বংসাবশেষের উপর লভা গুল্ম বিরাজ করিভেছে। উহার সন্নিকটে অনেকগুলি কবর আছে। এথানে বিষয়-কর্ম্মোপলক্ষে উনিশ কুড়ি জন বাঙ্গালী বাস করিয়া থাকেন। একটি মধ্য-শ্রেণীর বিভালয় আছে। রাজমহলের ভামাক বড় বিখ্যাত।

ট্রেন আবার ছাড়িল এবং ছপাছপ শব্দে ধুম উদগার করিতে করিতে করেকটা ষ্টেশন অভিক্রম করিয়া নলহাটিতে যাইয়া উপস্থিত হইলে এক ব্যক্তি "নলহাটি" "নলহাটি" "মূর্শিদাবাদ জানেওয়ালা উতারো" শব্দে চিৎকার করিতে লাগিল।

দেবগণ দেই শব্দ অমুদারে মোট মাটারি সহ নামিয়া গেটের নিকট উপন্থিত হইলেন। গেটের নিকট ষাইয়া দেখেন টিকিট কালেক্টর একজন অসভ্য বিহারীকে লইয়া মহা বিপদগ্রস্ত হইয়াছেন। তিনি টিকিট চাহিডেছেন, কিছু সে ব্যক্তি প্রাণাস্তে দিতেছে না। বলিতেছেন—"টিকিট কেঁউ দেঙ্গে পূহাম কভি নেহি টিকিট দেঙ্গে। ভোমহারা বিশোয়াস না হোয় তো হামার সাৎ চল, হাম বাঁহাসে লিয়া মোকাবেলা কর দে।"

টিকিট কালেক্টর দেখিলেন, এ ব্যক্তি সহঙ্গে টিকিট দিবে না; অগত্যা "পুলিশ ম্যান", "পুলিশ ম্যান" শব্দে চীৎকার আরম্ভ করিলেন। তথন সে পরিধের বস্ত্রের এক প্রাস্ত কোমর হইতে টানিয়া বাহির করিয়া বজ্রিশ বন্ধন মুক্ত করিয়া টিকিটখানি খুলিয়া বাহির করিল এবং টিকিট কালেক্টরের হাতে দিয়া চলিয়া গেল। দেবতারাও নিজ্প নিজ্প টিকিট দিয়া গেটের বাইবে যাইলেন এবং একটি দোকানে জলযোগ করিয়া গল্প করিতে লাগিলেন। বক্রণ কহিলেন, "অতি প্রত্যুবে এই গাড়ি আজিমগঞ্জে যাইয়া থাকে। আপাততঃ চল, আমরা গাড়ির একটি কামরাতে শন্ধন করিয়া রাত্রি যাপন করি।"

এই কথায় সকলে সন্মত হইলে দেবগণ পাড়িতে উঠিয়া দেখেন—এক একটি ক্লাস যেন ঘোড় দৌড়ের মাঠ। তৃতীয় শ্রেণীর গাড়িতে বসিবার জন্ত কোন বেঞ্চি নাই। যাই হউক, তাঁহারা মেঝেতে শতরঞ্জি রিছাইয়া শরন করিলেন এবং জ্যোৎস্লার জালোকে এক একথানি গাড়িতে কতগুলি করিয়ং জাড়া মট্কা লাগিয়াছে, হিসাব করিয়া দেখিতে লাগিলেন। জ্ঞতি প্রত্যুবে বক্লণ ঘাইয়া কয়েকথানি টিকিট খরিদ করিয়া জানিলেন। জ্ঞুবে একথানি কল আসিয়া গাড়িতে লাগিল। বৰণ কহিলেন, "সকলে পিতামহকে বেষ্টন করিয়া ধরিয়া বসিয়া থাক। কারণ, গাড়ি যাইবার সময় কথন নিম্নে নামিবে, কথন উর্ধে উঠিবে; অতএব সেই সময় উনি না হঠাৎ পতিত হইয়া গুৰুত্ব আঘাত প্রাপ্ত হন।" এই কথায় সন্মত হইয়া দেবগণ পিতামহকে ধরিয়া বসিলেন। গাড়িও গজেন্দ্র গমনে "ঘঁটাচাৎ", "ঘঁটাচাৎ", "ঘঁটাচাৎ", "ঘঁটাচাৎ" শব্দ করিতে করিতে চলিতে আরম্ভ করিল। নারায়ণ হান্ত করিয়া কহিলেন, "ব্রুণ! এ গাড়ি ঘুঁটের জ্ঞালে চলে?"

কিছু দ্বে যাইলে উপ কহিল, "রাজাকাকা, আমার বড় পেটের পীড়া হয়েছে। আর থাকতে পার্চি নে।"

নারা। আন্তে আন্তে নেমে—পারিস্ তো ছুটে গিয়ে মৃথ হাত ধুয়ে আয়। গাড়ি যেরূপ ধীরে ধীরে যাচেছ, আবার দৌড়ে এসে উঠতে পারবিনে ?

বৰুণ। না, ছেলেমান্নৰ যদি আবার উঠতে না পারে! তুই বাবা, এক টুক্ট সহ্ ক'রে থাক। মধ্যে এক স্থানে মূখ হাত ধোবার জন্ম গাড়ি থামাইয়া থাকে।

ক্রমে গাড়ি নির্ধারিত স্থানে আদিয়া উপস্থিত হইল। তথন গার্ড চীৎকার স্থবে বলিতে লাগিল—"যাত্রিরা কেহ মূথ হাত ধুইবার ইচ্ছা করিলে নামিতে পার।"

উপ. এবং আর কতকগুলি যাত্রী এই কথার নামিরা ছুটাছুটি করিরা মৃথ-হাত ধুইতে যাইল। কিয়ৎকণ পরে গার্ড আবার কহিল, "নীঘ্র এদ, গাড়ি ছাড়িবার সময় হইয়াছে।" তথন উপ এবং অপরাপর যাত্রীরা ছুটিয়া আসিয়া টেনে উঠিলে টেন আবার পূর্বের স্থায় শব্দ করিয়া চলিতে আরম্ভ করিল এবং ঘথাসময়ে আজিমগঞ্জে আসিয়া উপস্থিত হইল।

মুরশিদাবাদ

দেবগণ টেন হইতে নামিয়া দেখেন—চমৎকার সহর। মালকোঁচা পরা মাড়োয়ারীয়া লোটা হস্তে দাতন চিবাইতে চিবাইতে স্নানে বাহির হইয়াছে। নগরে নানাপ্রকার পণ্য দ্রব্যের দোকান রহিয়াছে। তাঁহায়া ব্যাগ হস্তে ঘাইতে ঘাইতে এক স্থানে উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বরুণ! সম্প্র্য এ বাড়ীটি কাহার?"

বৰুণ। ধনপৎ সিং নামক এক ধনাত্য ব্যক্তির; ইহার বিলক্ষণ ধন-সম্পত্তি আছে এবং ইহার যত্তে আজিমগঞ্জে পরেশনাথের একটি দেবালয় আছে। তিন্তির ধনপৎ সিং নিজবায়ে এখানে একটি বিভালয় স্থাপিত করিয়াছেন। ঐ বিভালয়ে গরীব ছাত্রদিগকে মাসিক পাঁচ টাকার হিসাবে বৃত্তি দিয়া বিভা দান করা হইয়া থাকে। ইহার একাস্ত ইচ্ছা কাপড়, তৈল, ময়দা প্রভৃতির কল চালাইয়া দেশে স্থাধীন ব্যবদা প্রচলিত করেন।

এখান হইতে সকলে ভাগীরথীতীরে উপস্থিত হইয়া দেখেন—ভাগীরথী যেন নগরের শোভা সৌন্দর্য্যে মৃশ্ধ হইয়া নগরীকে বিখণ্ডে বিভক্ত করিয়া কল কল শব্দে নৃত্য করিতে করিতে ছুটিতেছেন। দেবতারা ঘাটে উপস্থিত হইবামাত্র অনেকগুলি বাঙ্গাল মাঝি নিকটে ছুটিয়া আসিল এবং কহিল ''আইসেন বাবু, আমার লায়ে আইসেন। ছয় আনা ভাড়া নিম্, বহরমপুরে চড়ায়ে লয়ে যাইম্; কোন কষ্ট অইবে না।"

নারা। বরুণ! পরপারে দেখা যাইতেছে—ও স্থানের নাম কি ? বরুণ। উহার নাম জিয়াগঞ্চ। আজিমগঞ্চ ও জিয়াগঞ্জে কেঁয়েরাই বাস

করিয়া থাকে। উহারা সকলেই প্রায় সঙ্গতিশালী লোক এবং প্রভ্যেকেরই গৃহে প্রায় একটি প্রস্তারের পরেশনাথ আছে।

দেবগণ ঘাটে স্নান সারিয়া থেয়ায় পার হইয়া পরপারে ঘাইয়া দেথেন দোকানে নানাপ্রকার উত্তম উত্তম থাছন্তব্য বিক্রয় হইতেছে। জাঁহারা একটি দোকানে যাইয়া মনের সাধে এক পেট ছানাবড়া থাইয়া বিশ্রাম করিতে লাগিলেন। বৰুণ কছিলেন, "এখানকার চেলির কাপড় বড় বিখ্যাত। চেলিতে হাতী, ঘোড়া, নেপাই প্রভৃতির প্রতিমৃত্তিগুলি স্কলবরূপে থাকে। ঐ বান্চরের চেলি কুৎসিতা স্বীলোককেও পরাইলে স্কলবী দেখায়।"

নারা। বরুণ! আমাকে কতকগুলা চেলি কিনে দেও। মর্জ্যে তিন দিনের মিয়াদে আদিয়া যেরূপ কালবিলম্ব করিডেছি, আমার কপালে বিশ্বর কষ্ট আছে। তবু চেলি টেলি দিয়াও যদি মন যোগাতে পারি।

বরুণ এ কথার সমত হইয়া নারায়ণকে কতকগুলি চেলি থরিদ করিয়া দিলেন। দেবরাজও মহিধীর জন্ম ও পুত্রবধূর জন্ম কয়েকখানি লইলেন। পিতামহও একথানি কিনিলেন।

हेक्य। ठीक्त्रमा, अथानि ठीनमिनिक भन्नादन?

বন্ধা। না ভাই; ভাবছি—স্থরধূনী যে দিন স্বর্গে যাবেন, তাঁকে এই কিলখানি পরিয়ে বরণ ক'রে মরে তুল্বো।

বন্ধাদি থরিদ হইলে সকলে একথানি গাড়ী ভাড়া করিয়া মুরশিদাবাদ অভিমুখে চলিলেন। যাইতে যাইতে ইক্স কহিলেন, "বৰুণ, সম্মুখে ও স্থন্দর বাডীটি কাহার ?"

বৰুণ। উহা লছমীপৎ সিং নামক এক ধনাত্য ব্যক্তির বাড়ী। নগরের মধ্যে ইহার তুই একটি দেবালয় ও বিভালয় আছে। বিভালয়ে বিনা বেতনে তঃখী বালকদিগকে বিভা দান করা হইয়া থাকে।

এথান হইতে কিছুদ্রে যাইলে ইক্স কহিলেন, "বৰুণ, এমন সহর ত দেখি নাই! ইহার বাজার, হাট, অট্টালিকাদি গণিয়া সংখ্যা করা যাইতেছে না। ভাল—সম্থে যে প্রকাণ্ড সেকেলে ধরনের বাড়ীটি দেখা যাচ্ছে এ বাটী কাহার? এবং এ স্থানের নাম কি?"

বক্ষণ। এ স্থানের নাম মহিমাপুর। যে বাড়ীটা দেখিতেছ, উহা মুরশিদাবাদের শেঠেদের। এক সময় শেঠেরাই এদেশের মধ্যে প্রধান ধনী ছিল। এই বংশীয় **ভগং**শেঠ কথায় কথায় লক্ষ লক্ষ মূদ্রা প্রদান করিতে পারিতেন।

ইন্দ্র। জগৎশেঠ কে ?

বকণ। ভারতের মধ্যে ইনিই সর্বপ্রেধান বণিক্ ছিলেন। নবাব সিরাজ-উদ্দোলাকে সিংহাসনচ্যুত করিবার যে বড়যন্ত্র হয়, মহাত্মা জগৎশেঠই তাহার প্রধান উজোগী। এই বড়যন্ত্রের গুণে স্থবিস্থৃত ভারতসাফ্রাজ্য ইংরাজহঙ্কে অপিত হইরাছিল। পরিশেষে ইংরেজ-বন্ধু জগৎশেঠকে নবাব মিরকাশিম মুঙ্গেরের গঙ্গার জলমগ্র করিয়া হত্যা করেন। অভাপি তাঁহার বংশাবলী এই বাড়ীতে বাস করিতেছেন। বিষয়-বিভব আর ভানুশ নাই।

দেবগণের মর্ত্তো আগমন

ক্রমে দেবগণের গাড়ী নসীপুরের রাজবাটীর নিকট দিয়া নবাবের চকের মধ্যে প্রবেশ করিল। স্থানটির সৌন্দর্য্য দর্শনে মৃগ্ধ, হইয়া পিতামহ কহিলেন,. "বরুণ। এ নগর নির্মাণ করে কে ?"

বরুণ। অনেকে বলে—আকবর বাদশা এই নগর নির্দাণ করিয়াছিলেন। কিন্তু আইনি আকবরি নামক মুসলমান প্রস্থে তাহার কোন উল্লেখ নাই; ফলতঃ সতেরশ' চার খৃঃ অব্দে মুরশিদক্লি থা নামক একজন নবাব এই নগর নির্দাণ করিয়া আপনার নামামুসারে ইহার নাম মুরশিদাবাদ রাথেন।

এই সময় তাঁহাদের গাড়া নবাবের ন্তন বাড়ীর নিকট গিয়া থামিল। তাঁহারা গাড়ী হইতে নামিয়া সবিশ্বয়ে উপর দিকে চাহিতে লাগিলেন। তাঁহাদের চাউনি দেখিয়া যেন প্রাসাদোপরিস্থ নীল, লাল, কাল বর্ণের পতাকা সকল বায়ভরে চটাচট শব্দ করিতে আরম্ভ করিল।

বৰুণ। দেখুন পিতামহ! এই বাড়ীটি দীর্ঘে চারশ পঁচিশ ফিট, প্রম্থে ছইশত ফিট এবং উচ্চে প্রায় চল্লিশ ফিট হইবে। ইহা নির্মাণ করিতে বিলক্ষণ টাকা ব্যয় হইয়াছিল। বাড়ীর প্রত্যেক গৃহ নানাপ্রকার দ্রব্য সামগ্রী ছারা স্থান্জিত করা আছে। মধ্যস্থলে ঐ যে একটি গম্বজের আকৃতি দেখিতেছেন, ঐ স্থানে একশ পঞ্চাশ ভালের একটি অতি উৎকৃষ্ট ঝাড় ঝুলান আছে। ঝাড়টী মহারাণী ভারতেশরী নবাবকে উপঢৌকন দিয়াছিলেন। ঐ বাড়ীতে হাতীর দাঁতের কারুকার্য্য করা একখানি নবাবের সিংহাসন আছে।

रेख। नवादवर जन्मत मरल कि এই वाफ़ीत मरधा ?

বরুণ। না, ঐ যে দূরে জেলথানার স্থায় বছদূর বিস্তৃত প্রাচীর দেখিতেছ;
ঐ নবাবের জন্দর মহল। জন্দর মহলের প্রথম প্রবেশদারে যমদূতাক্বতি খোলারা পাহারা দেয়। তৎপরে ভেতর দারে ভৈরবী-আক্বতি স্ত্রীলোকেরা পাহারা দিয়া থাকে। জন্দরে হাকিম, কবিরাজ—কাহারও ষাইবার আজ্ঞানাই।

এই সময় নবাব-বাড়ীর সন্ধিকটে নহবৎ বাজিতে লাগিল। নারায়ণ কহিলেন, "বরুণ! এ নহবৎ কোথায় বাজছে ?"

বৰুণ। এমাম বাড়ীতে। ঐ স্থানে প্রত্যন্ত সন্ধ্যাকালে, প্রাতঃকালে এবং ছই প্রহরের সময় নহবৎ বাজিয়া থাকে।

এই সময় "গুৰুৎ" শব্দে একটা ভোপ হইল। হঠাৎ ভোপধ্বনি হইবামাত্র দেবগণ চমকাইয়া উঠিলেন। তাঁহাদের বুক ছুপ ছুপ করিতে লাগিল। ক্রমে গুৰুৎ গুৰুৎ শব্দে কভকগুলো ভোপ হইয়া গেল। নারা। বরুণ! এরূপ কামানের শব্দ ক'বুছে কেন?

বৰুণ। বোধ করি, নবাব মফংখলে গিয়াছিলেন--প্রত্যাগমন করিয়াছেন, ভাই তাঁর সম্মানার্থে ভোপ হইন্ডেছে।

ইন্দ্র। মফঃস্বল হইতে প্রত্যাগমন করিলে তোপ হয় ?

বরুণ। ইাা, নবাব মক্ষংস্বল যাইলে, কি প্রত্যাগমন করিলে, কি জাঁহার সম্ভান জন্মিলে, কিংবা কোন পর্বাদিন উপস্থিত হইলে তোপধানি হইয়া থাকে। ডিজি প্রতাহ রাত্রি দশটা এবং চারিটার সময় তোপ দাগা হয়।

ইন্দ্র। দেখ বরুণ, রাজা কোন স্থানে যাইলে কিংবা প্রাত্যাগমন করিলে অথবা তাঁহার সন্তান জ্বালি তোপের ধারা সাধারণকে জ্ঞাত করানর উপায়টি মন্দ নহে। আমি ইচ্ছা করিতেছি ধ্বর্গে গিয়াই কামান পাতিব। কারণ কোনও রাজা বিদেশ হইতে দেশে আসিলে প্রজারা পাঁচ সাতদিন পর্যান্ত জানতে পারে না। কিন্ত ঘুই চারি বার কামানের শব্দ ক'বুলে সকলেই জানতে পারে যে রাজা দেশে এলেন। বরুণ! নবাববাড়ীর কামানগুলোর আকৃতি আমাকে দেখাতে পার ?

"চল" বলিয়া তাঁহাদিগকে নবাবের বাড়ীর সম্মুখে লইয়া যাইয়া দেখাইডে লাগিলেন। দেবরাজ অনেকক্ষণ একদৃষ্টে চাহিয়া দেখিয়া কহিলেন, "কামানটি প্রায় দশ হাত হইবে।"

উপ। রাজা কাকা, কামানদাগা অপেক্ষা বক্সাঘাত ক'র্লে ত চ'লতে পারদে।

এখান হইতে সকলে একস্থানে যাইয়া উপস্থিত হইলে ইন্দ্র কহিলেন, বক্ষণ! দেখা যাচ্চে—ওটা কি ?''

বৰুণ। নবাবের এমাম বাড়ী। হুগলীতে একটি এমাম বাড়ী আছে, তদপেক্ষা এ এমাম বাড়ীটি বৃহৎ। এখানে মৃসলমানেরা উপাসনাদি করিয়া থাকে। এমাম বাড়ীর ওদিকে চুই তিনটি পিতলের কামান আছে। মৃসলমানদিগের কোন পর্ব্বোপলক্ষে এ বাড়ীতে এমন ভিড় হয় যে বারু প্রবেশের পথ থাকে না। মহরমের সময় এই স্থানে অতিরিক্ত জাঁক জমক হইয়া থাকে।

हेख। अमिरक मिथा योकि—अ वाजी कि क

বৰুণ। নিজামত তুল এবং নিজামত কলেজ। নিজামত তুলে বিনা বেতনে বিভাশিকা দেওয়া হইয়া থাকে। নিজামত কলেজে শুদ্ধ নবাবপুত্ৰেরা বিভাভ্যাস করেন।

দেবগণের মর্ছ্যে আগমন

নারা। নবাব পুত্রগণের জন্ত একটি কলেজের বায় বহন করেন ?

বৰুণ। নবাবের পুঞ্জণ বে তোমার যত্বংশ। সেই বংশাবলির পাঠ করিবার স্থান কলেন্দে সংকূলান হয় না। তোমার একশ আটটি মহিবী আছেন
—ইহার যে কত একশ আটটি আছেন গণিয়া সংখ্যা করা যায় না।

ব্রহ্মা। নবাবের বৃহৎ সংসার কি উপায়ে চলে ?

বৰুণ। ইনি গভৰ্ণমেন্ট হইতে কয়েক লক্ষ টাকা পেন্দন পান।

ব্ৰহ্মা। পেন্সন কি?

বরুণ। ইংরাজরাজ কোন উচ্চ বংশের বংশাবলির অবস্থা মন্দ হইলে অয়গ্রহম্মণ কিছু কিছু টাকা দেন, তাহাকেই পেন্সেন কহে।

ইহার পর দেবতারা গঙ্গাতীরে যাইয়া দেখেন—জ্বলে অনেকগুলি ছিপ, ভাউলে. পান্দি ইত্যাদি নবাবের নৌকা সকল ভাসিতেছে।

বন্ধা। বৰুণ। প্রপারে দেখা যাচ্ছে – ওসব কি ?

"ঐ স্থানে কয়েকটি কবর ও কুসারবাগ নামক একটি বাগান আছে।" বলিয়া বৰুণ তাঁহাদিগকে খেয়ায় পার করিয়া কুসারবাগ দেখাইতে চলিলেন, এবং তথায় উপস্থিত হইয়া কহিলেন, "পিতামহ! নবাব আলিবর্দ্ধী থার কবর দেখুন।"

ব্ৰহ্মা। এ নবাব কেমন ছিলেন ?

বরুণ। ইনি অসাধারণ বীর, কার্য্যকুশল ও বিচক্ষণ ছিলেন। আবশ্রক্ষত সময়ে সময়ে কণ্টতাচরণ করিতেও সঙ্কৃচিত হইতেন না। ইহার পুত্র-সন্তান ছিল না, তিনটি মাত্র কল্পা ছিল। তন্মধ্যে কনিষ্ঠ জামাতা জৈনদ্দীনের পুত্র সিরাজউদ্দৌলাকে দত্তক পুত্র-রূপে গ্রহণ করেন।

নারদ। বরুণ! নবাব আলিবর্দী থাঁর কবরের সন্নিকটে খেত পাথরে নির্দ্ধিত ঐ যে বৃহদাকার কবর দেখা যাচ্ছে, উহা কাহার ?

বৰুণ। ঐ কববে নবাব সিরাজউদৌলা চিরনিন্তায় অবিভূত আছেন।

ইন্ত। ইনি কেমন নবাব ছিলেন ?

বৰুণ। ইনি অত্যন্ত নিষ্ঠ্য প্রকৃতি ছিলেন; জগতে যত প্রকার নিষ্ঠ্য কার্যা আছে, তাহা করিয়াছিলেন।*

ইহার পর তাঁহারা কলেজ ও আদানত সকল দেখিয়া এক স্থানে উপস্থিত

^{*}এ সম্বন্ধে একণে ভিন্ন মত দৃষ্ট হইয়া থাকে।—সম্পাদক

হইয়া দেখেন—একটি বাব্ অপর একটি বাব্র সহিত গল্প করিতে করিতে আসিতেছেন, বাব্টি কহিতেছেন, "সংস্কৃত ভাষার মত ভাষা আর বিজীর নাই।
ইহার এক একথানি গ্রন্থে এত মধুর বস ও মধুর ভাব যে, শত শত বার পাঠ করিয়াও তৃপ্তিলাভ হয় না।"

ইহার পর দেবগণ থাগড়ার ঘাটে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা দেখেন—ঘাটে অনেকগুলি মুদলমান ও মুদলমান রমণী সান করিতেছেন। জীলোকদিগের মধ্যে কেহ কেহ গঙ্গামৃত্তিকা দিয়া চুল পরিষ্কার করিতেছেন, কেহ কেহ তৃণাদি ঘারা গাঁত্রালঙ্কারগুলি মাজিতেছেন। ধনী লোকের বাড়ীর বাঁকীরা আসিয়া বাঁকে করিয়া পানীয় জল তুলিয়া লইয়া ঘাইতেছে। এবং পাচক ব্রাহ্মণেরা দলে দলে আসিয়া পাত্রের কালী ধৌত করিতেছে। তাঁহারা দেখিতে দেখিতে নগরমধ্যে প্রবেশ করিয়া একটি বাড়ীতে বাসা করিলেন। সকলে দেখেন—নগরের অধিকাংশ অট্টালিকার আর পূর্বের লায় জ্রী-সৌন্দর্য্য নাই। কোন বাটীর গাত্রে প্রকাণ্ড প্রকাণ্ড অথখাদি বৃক্ষ সকল শাখা প্রশাখা বাহির করিয়া বিরাজ করিতেছে। তাহাদের শিকড়গুলি অট্টালিকার অর্ধেক আন্দাজ প্রাচীর দখল করিয়া ফেলিয়াছে, এবং রীতিমত প্রবেশ পথ না পাওয়ায় কোন কোন স্থান ফাটাইয়া তন্মধ্যে বলপ্র্কিক প্রবেশ করিবার চেষ্টা পাইতেছে। সহরম্ব পৃষ্করিণীগুলির অবস্থা তদ্ধপ। জল যেমন অপরিষ্কার, তেমনি তীর সকল বনজঙ্গলে আরত।

বরুণ। দেখুন পিতামহ, যথন ম্বশিদাবাদের অবস্থা ভাল ছিল, তথন এই সমস্ত অট্টালিকা ও পুদ্ধবিণীর সৌন্দর্য্যের পরিদীমা ছিল না। লক্ষ্মী ম্বশিদাবাদ পরিত্যাগ করিয়া যেমন প্রস্থান করিলেন, অমনি নগরের সৌন্দর্যাও দিন দিন হ্রাস পাইতে আরম্ভ হইল। বোধ হয় আর কিছু দিন পরে ম্বশিদাবাদ বনজঙ্গলে পরিপূর্ণ হইয়া হিংশ্র জন্তর আবাসভূমি হইবে।

ব্রহ্মা। কলিতে নগর বন এবং বন নগর হইবে, ইহা কি জান না ? বরণ। আজে, জানাজানি কি! জামালপুর ও সাহৈবগঞ্জ এ বিষয়ের সাক্ষ্য দিতেছে!

আহারাদি করিয়া দেবতারা থাগড়ার বাজারে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহারা দেখেন—অসংখ্য দোকানে নানাপ্রকার প্রবাদি বিক্রয় হইতেছে। বরুণ কহিলেন, "থাগড়ার বাসন বড় বিখ্যাত, এথানকার পানের ভিপে, জন থাবার মাস ও ঘটার যেমন ফুলর গঠন, তেমনি উৎক্ষা বোপ্যের স্থায় বর্ণ।

দেবগণের মর্ত্তো আগমন

নারা। আমাকে কিছু কিনে দেও।

ব্রহ্মা। না, ভোমাকে কিনে দিয়ে কি হবে ? তুমি কি যত্ন ক'রে রাথতে জান ? এথান হ'তে নিয়ে গিয়ে হয় ত নলহাটিতে ফেলে দিয়ে যাবে। তার পর কলিকাভায় গিয়ে ভোমার স্মরণ হবে।

নারা। না, এবার বুকে ক'রে রাখবো।

দেবগণ বাদনাদি খরিদ করিয়া যথন দোকান হইতে বাহির হইতেছেন, উপ একটি সাহেবকে রাস্তা দিয়া যাইতে দেখিয়া ছুটিয়া গিয়া "গুড্মর্নিং সার্" বলিয়া সেলাম করিল। সাহেবও "গুড মর্নিং" বলিয়া তাহার সেলাম প্রত্যর্পণ করিলেন। পিতামহ দেখিয়া অবাক্! মনে করিলেন—উপ বড় কম লোক নয়, উহার সাহেব স্থবোর সহিত ইংরাজীতে কথাবার্তা কহিবার বেশ ক্ষমতা আছে। তিনি দেবরাজকে গা টিপিয়া দেখাইয়া কহিলেন,— "ইক্র! দেখ, উপ কেমন ইংরাজীতে কথা ব'ল্তে পারে; এমন ছেলের চাকরী হ'চেচ না।"

নারা। বরুণ ! বাজারে এত মিষ্টান্নের দোকান দেখা ঘাইতেছে, এখানকার খাছ্যব্যের মধ্যে ভাল কি ?

বরুণ। থাগড়ার মুড়কী বড় বিখ্যাত।

দেবগণ ভ্রমণ করিতে করিতে ক্লাস্ত হওয়ায় একটি ময়রার দোকানের নিকট উপবেশন করিলেন। এই সময় দোকানী নিজের চার পাঁচ বৎসরের একটি শিশু সস্তানকে দোকান রক্ষার ভার দিয়া বাটার মধ্যে আহার করিতেছিল। একজন জুয়াচোর অবসর বৃষিয়া দোকানে প্রবেশ করিয়া টণ্টপ্ করিয়া রসগোলা খাইতে আরম্ভ করিল। তথন বালক চীৎকার করিয়া কহিল, "বাবা, খাচেচ।"

পিতা কহিল, "কে" ?

জুয়াচোর কহিল, "বল বোলতা!"

বালক কহিল, "বোল্তা।"

পিতা মনে মনে ভাবিল "বোল্তায় আর কত থাইবে"; অতএব কহিল "থাকৃ, থাকৃ।"

এদিকে জ্যাচোর বসগোলাগুলি থাইয়া প্রস্থান করিলে দোকানী আহার শেষ করিয়া আসিয়া পুত্রকে কহিল, "বসগোলাগুলো কি হ'ল বে ?"

পুত্র। বোলতায় খেরে গিরেছে।

'পিতা। বোল্তায় কি এত রসগোলা থেতে পারে ?
পুরে। বোলতা যে মাছয়।

দোকানী বৃঝিল—জ্যাচোরে জ্যাচুরী করিয়াছে। দেবগণও জ্যাচোরের উপস্থিত বৃদ্ধি দেথিয়া আশ্চর্যান্তিত হইলেন।

এথান হইতে সকলে বহরমপুরের সৈক্তশালার নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন, "নারায়ণ! চেয়ে দেখ—সেপাইগণ মিলিটারি ড্রেনে স্মজ্জিত হইয়া পাারেড্শিকা করিতেছে।"

নারা। বরুণ। বাঙালীদিগের মিলিটারী ডেুদ আছে?

বৰুণ। আছে।

মিলিটারি সাজ।

নারা। সে ড্রেস তাহারা কখন পরিধান করে ? আর ড্রেসই বা কিরূপ ? বরুণ। বাজার হইতে বেলা তুই প্রহরের সময় ঘর্মাক্ত কলেবরে প্রত্যাগমন করিয়া মাধায় গামছা বাঁধা, সমুখে তেলের বাটা, হাতে ছঁকা-কঙ্কে লইয়া যখন কোন কারণবশতঃ গৃহিণী কি বালক বালিকাগণ অথবা ক্ল্যাণের উপর গালি বর্ষণ করিতে থাকেন, সেই প্রকৃত যুদ্ধের সময়, এবং সেই সাজ্বই প্রকৃত

ব্ৰহ্মা। বৰুণ! সংস্কৃত ভাষার প্রশংসা করিতে করিতে চলিয়া গেলেন, ও বাব্টি কে ? উহার মূথে সংস্কৃত ভাষার প্রশংসা গুনিয়া আমার কিছু বিশ্বয় জ্বিয়াছে।

বরুণ। ইহার নাম রামদাস সেন। ইনি বহরমপুরের একজন জমিদার। ইনি সর্বক্ষণ সংস্কৃত শাস্ত্রের আলোচনা করিতেই ভালবাসেন। ঐ বিষয়েই অন্তর্মক্ত আছেন, তব্জন্মই ইহার মুখে সংস্কৃত শাস্ত্রের প্রশংসা শুনিলেন।

ব্রদা। এই মহাপুরুষের বিষয় আমাকে সংক্ষেপে বল।

বরণ। ইনি দেওরান কৃষ্ণকান্ত সেন মহাশরের পৌত্র এবং লালমোহন সেন মহাশরের পূত্র। ১৭৬৭ শকে বহরমপুরে ইহার জন্ম হয়। ইনি এই হানের কলেজেই বিভাজাস করিয়াছিলেন। বাল্যকাল হইতেই ইনি সংবাদপত্রে পভ ও গভ প্রবন্ধাদি লিখিতে জারন্ত করেন। ঐ সমস্ত প্রবন্ধ পরে পুন্তকাকারে প্রচারিত হয়। "বঙ্গদর্শন" নামক একখানি মাসিকপত্র প্রচার হইতে জারন্ত হইলে ইনি সেই পত্রে ভারতবর্ষের প্রাচীন ইতিবৃত্ত, শিল্প, বিজ্ঞান ও ধর্মঘটিত প্রবন্ধাদি লিখিতে জারন্ত করেন। তৎপরে "ঐতিহাসিক রহন্তু" নাম দিয়া ঐ সমন্ত প্রবন্ধ পুন্তকাকারে প্রকাশ করিয়াছেন। ইহার "ঐতিহাসিক"

দেবগণের মর্ছো আগমন

গ্রন্থ ভারতবর্ধ, ইউরোপ, আমেরিকা প্রভৃতি শ্বানে আদর প্রাপ্ত হইয়াছে। ইনি ভারতবর্ধের বহু প্রাচীন বৃত্তান্ত, অনেক ছম্ম্রাপ্য ও পালি গ্রন্থ এবং তাম্রশাসনাদি হইতে অনেক কটে সংগ্রহ করিয়াছেন। ইনি বহরমপুরের অনারারি ম্যাজিট্রেট এবং মিউনিসিপ্যাল, বেডিদেস্, বিভালয় প্রভৃতি কমিটির এবং চিকিৎসালয়ের সভ্য। এতয়াতীত কলিকাতা ও লগুন প্রভৃতি স্থানের অনেক সভার সভ্যপদে নিযুক্ত আছেন। ইনি ভট্ট মোক্ষমূলার, বুলার প্রভৃতি ভাষাতম্বক্ত পণ্ডিতদিগের নিক্ট পত্র লিখিয়া প্রাচীন ভারত সম্বন্ধে মতামত আনিয়া থাকেন।

এখান হইতে কিছুদ্রে যাইলে একখানি চাকার উপর আরোহণ করিয়া অতি ক্রুতবেগে এক ব্যক্তি দেবগণের কানের কাছে ভোঁ শব্দ করিয়া চলিয়া যাইলে তাঁহারা পরস্পরে বলাবলি করিতে লাগিলেন—এই কলই দ্র্বাপেকা উৎক্লই। দানা চাই না, ঘাদ চাই না, ক্যোচম্যান চাই না, অথচ পৃষ্ঠে বহন করিয়া লইয়া যাইতে পারে।

ব্ৰহ্মা। আচম্কা যাচিছ, এমন সময় চাকাথানা আমার কানের কাছ দিয়া "ভোঁ" শব্দে ছুটে যাওয়াতে বুকটা তৃপ্তৃপ্ক'র চে। কত বকম কলই ক'বেছে, যুঁগা।

তাঁহারা নগরের শোভা দর্শন করিতে করিতে এক স্থানে একটি প্রাসাদ-তুল্য অট্রালিকার সম্মুখে উপস্থিত হইলেন।

ব্ৰহ্মা। বৰুণ । এ বাড়ীটি কি কোন নবাব ওমরাহের ?

বরুণ। আজে, এ স্থানের নাম কাসিমবাজ্ঞার। মহারাণী স্থর্ণময়ী নামে এক বিধবা রমণী এই বাড়ীর অধীশরী।* স্থর্ণময়ী সংস্কৃত, বাঙ্গালা, পারসী, আরবী কোন ভাষায় স্থান্দিত নহেন। কিন্তু তিনি এমন বিষয়ের শিক্ষা লাভ করিয়াছেন যে, ছংখী ব্যক্তির ছংখ দেখিলে কাঁদিয়া ফেলেন। ক্ষার্ভ ব্যক্তির ক্ষা দেখিলে অন্থির হন। বস্তহীনকে বস্ত্র প্রদান—স্হণীকে গৃহ প্রদান—ইহার স্থভাবসিদ্ধ ধর্ম। ইহার রুপা সকলের উপরেই সমান। ইনি ছংখী বালককে পাঠের থবচ প্রদান করেন। গ্রন্থকারকে অর্থ সাহায্য করিয়া গ্রন্থ প্রচারে উৎসাহ দেন। নিরাশ্রম রোগী ব্যক্তিকে আশ্রম দিয়া চিকিৎসা করান। ইনি নিজচক্ষে সাধারণ লোককে নিজের পরিবারের ক্যায় দেখেন। কোন দিন মহারাণীর কোন না কোন সংকার্য না দেখিয়া স্থাদেব অন্তর্গামী হন না।

^{*}একণে ইহা মহারাজা মণীপ্রচক্ত নন্দীর।—সম্পাদক।

ইনি রমণীরত্ব। বঙ্গদেশ ইহাকে বক্ষে ধারণ করিয়া ধক্ত এবং বাঙ্গালীরাও ইহাকে প্রাপ্ত হইয়া ধক্ত হইয়াছেন। রাণী অতুল ঐবর্ধের অধিকারিণী হইয়াও স্থণী নহেন। বিধাতা আজীবন ইহাকে বোধ হয় রোদন করিবার জক্তই স্থাটি করিয়াছেন। শোক তাপ অসহ্ত হওয়াতে পরিশেষে রাজ্ঞী ঈশবের উপাসনা ও সংকার্ধ্যে দান ধানে অস্থরক্ত থাকিয়া কটে দিন যাপন করিতেছেন।

দেবগণ এই কথা শ্রবণ করিয়া দেই স্থানে বদিলেন। পিতামহ একবার বাড়ীথানির প্রতি দৃষ্টিক্ষেপ করিয়া কহিলেন, ''বরুণ, মহারাণীর জীবনবৃত্তান্ত আমাকে সংক্ষেপে বল।'

বরণ। মহারাণী স্বর্ণময়ী বাঙ্গালা ১২৩৪ সালে বর্দ্ধমান জেলার অন্তর্গত ভাঁটাকুল নামক পল্লীগ্রামে জন্মগ্রহণ করেন। ১২৪৫ সালের বৈশাথ মাসে রাজা রুফনাথের সহিত ইহার বিবাহ হয়। ইংরাজী ১৮৪৬ সালের অক্টোবর মাদে রাজা নিজ হস্তে গুলি করিয়া আত্মহত্যা করেন। মৃত্যুকালে ডিনি দমস্ত বিষয় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর নামে উইল করিয়া যান, এজন্য রাণীকে স্বপ্রিমকোর্টে ঐ কোম্পানীর নামে অভিযোগ ক**িতে হই**য়াছিল। বিচারে স্থিবীক্ষত হয়, রাজা যে সময় উইল করেন, তথন মতের স্থিরতা ছিল না, অতএব উইল নামপ্তর। এই জয়লাভ করিয়া রাণী অতুল ঐশর্যের উত্তরা-ধিকারিণী হইলেন। ইহার লক্ষ্মী ও সরস্বতী নামে চুই কন্সা ভিন্ন আর পুত-সস্তান জ্বো নাই। রাণীর ছই কক্সা লক্ষ্মী ও সরস্বতী মাতাকে কাঁদাইয়া পুলাইয়াছেন। কিন্তু স্থশীলা বাণী সমস্ত শোক পবিত্যাগ কবিয়া দান ধানে রত হইয়াছেন। সাধারণের উপকারার্থ অর্থবায় করিতেছেন। বঙ্গদেশে क्टिंट हैशात माठ मानगीन नाहे। तांगी ১৮৪९ **जस्म यथन वि**षय ८५ंश हन. তথন অনেক টাকা ২ণ ছিল: কিন্তু স্থদক দেওয়ানের তন্তাবধানে অচিরাৎ সমস্ত খণ পরিশোধ হইয়া বিষয় বৃদ্ধি হইয়াছে। রাণীর নিকট জাতি কিংবা वर्गट्छ नाहै। हेनि मकनटक है ममान हत्क प्राथन। हैशेव मान मर्नटन मुबहे इहेबा भवर्गामक ১৪१১ जात्कर जांगर मात्म महायांनी जेनावि श्रामन করেন। ঐ বৎসর এই রাজবাটীতে একটি দরবার করিয়া ইহাকে একথানি मनन (मध्या व्या मदवाद वाल वालमावीद क्यिमनाव है, छवन, मतामि সাহেব উপস্থিত ছিলেন। গবর্ণমেন্ট বাণীকে মহাবাণী উপাধি দিয়াও তৃপ্ত হইতে পারেন নাই, স্থতরাং ১৮৭৮ অব্বের পাছবারী মানে ইহাকে "हैयिनिविद्धन चर्छा व चर् हि कांडेन" डेनारि क्षान करवन। अ नत्नद ১३हे

দেবগণের মর্জ্যে স্থাগমন

আগস্ট এই রাজবাটীতে আর একটি দরবার হয়। তাহাতে প্রেসিডেন্সি বিভাগের কমিশনর এক, বি, পিকক সাহেব ছোট লাটের প্রতিনিধি হইয়া উপস্থিত হইয়াছিলেন, এবং রাণীর কতকগুলি দানের উল্লেখ করিয়া যথেষ্ট প্রশংসা করিয়াছিলেন।

ব্ৰহ্মা। বৰুণ ! বাণীৰ দানের কথা শুনিয়া আমাৰ মতে বড় আনন্দ উপস্থিত হইতেছে। তুমি রাণীৰ কতকগুলি সৎকার্য্যে দানের উল্লেখ কর।

বরুণ। পিক্ক সাহেব যে সমস্ত দানের উল্লেখ করেন আমার তাহা অনেকটা শ্বরণ আছে। আমি আপনার নিকটে তৎসম্বাবের পুনরুল্লেখ করিতেছি শ্রবণ করুন। এই রাণী ১৮৭১।৭২ সালে চট্টগ্রামের সেলার হোম নিৰ্মাণাৰ্থ তিন হাজাৰ টাকা, মেদিনীপুৰ হাইন্থলে হাজাৰ টাকা, কলিকাতা हाका जर मुविनावात्मय मीनदृःशीनिश्यत माहायार्थ हास्राय होका मान করিয়াছিলেন। তৎপরে ১৮৭২।৭৩ সালে বেথুন স্ত্রী বিভালয়ে ১৫ শত টাকা, বগুড়া ইনষ্টিটিউদনে পাঁচ শত টাকা, নেটিভ হাসপাতালে আট হাজার টাকা, মাালেরিয়া রোগগ্রস্ত বাক্তিদিগের সাহাযার্থে ১৫ শত টাকা এবং বছরম-भटकर राखा निर्माणार्थ राखाद होक। मान कदिशाहित्तन। ১৮१৪।१६ मात्त এক লক্ষ দশ হাজার টাকা, মুরশিদাবাদ, দানাপুর, পাবনা, ২৪ পরগণা, নদীয়া এবং বর্দ্ধমানের অন্নকষ্টগ্রস্ত ব্যক্তিদিগের জন্ম দান করিয়াছিলেন। তন্তির ৰহুরমপুর কলেজে হাজার টাকা, রাজসাহী মাদ্রাসায় পাঁচ হাজার টাকা, কটক কলেজে চুই হাজার টাকা, গারোহিল ডিম্পেন্সারিতে পাঁচ শত টাকা দান করেন। ১৮৭৬।৭৭ দালে মিশ মিলম্যাদ প্রতিষ্ঠিত কলিকাতা স্ত্রী বিভালয়ে দশ হাজার টাকা, আলিগড় কালেজে এক হাজার টাকা, বঙ্গপুর হাইম্বলে চাবি হাজার টাকা, কলিকাতা জিওলজিকেল গাডেনি ১৪ হাজার টাকা, কলিকাতা তুর্ভিক্ষ নিবারণ সভায় আট হাজার টাকা, বাথবগঞ্জে মহা-ঝডে ক্ষতিগ্রন্থ ব্যক্তিদিগের দাহায্যার্থে তিন হান্ধার টাকা দান করেন। ঐ ৰংসর ১১ হাজার এক শত একুশ টাকার বস্তু থবিদ কবিয়া দরিত্র বান্ধণ পণ্ডিতদিগকে দান করিয়াছিলেন। তম্ভিন্ন পাঁচ শত টাকা জ্বন্ধিপুর ডিল্পেলসরিতে, দশ হাজার টাকা মাক্রাজ ফ্যামিন রিলিফ ফণ্ডে, এক হাজার টাকা টেমপান নেটিভ এমাইলমে, পাঁচশত টাকা হাবড়া ভিশ্পেন্সরিতে, তিনু হালার টাকা কলিকাতা গুরিএন্টেল সেমিনারিতে, এক হালার টাকা নবনীপ ও বাঁকুড়ার অন্তিগাহে কভিপ্রস্ত ব্যক্তিদিগের সাহায্যার্থে, পাঁচ শত টাকা কলিকাতা ভিট্টিক্ট চেরিটেবল নোসাইটিভে, হাজার টাকা ম্যাকভনেও ইতিরা এনোসিরেসনে, এবং প্রায় ছই লক্ষ টাকা ক্ষুত্র ক্ষুত্র দানে ব্যয় করেন। ইহার মুরশিদাবাদ, পাবনা, দিনাজপুর, মালদহ, রঙ্গপুর, বগুড়া প্রভৃতি জেলায় বিষয় থাকায় এবং কলিকাতায় অনেক ভাড়াটে বাড়ী থাকায় এ সমস্ত স্থানের দরিত্রগণের অবস্থা সহজেই জানিতে পারেন।

ইন্তা। বৰুণ। ভূমি রাণীর স্থদক দেওয়ানের বিষয় কিছু বল।

বৰুণ। ইহার দেওয়ানের নাম বায় রাজীবলোচন রায়বাহাতর। ইনি স্থাতিতে কায়ন্ত্ব, ঢাকা জেলার অন্তর্গত তিল্লিগ্রামে ইহার পৈতৃক বাস। ইহারা উপাধিতে দত্ত। নবাব সরকারে কর্ম করায় রায় উপ'ধি প্রাপ্ত হন। তিলির রায়েরা সম্ভাক্ত পরিবার। ইতার পিতার নাম রামলোচন রায়। বাজীবলোচন বালাকালে কলিকাতা মাদ্রাদায় পারস্ত্র ভাষা শিক্ষা করেন। পাঠ সমাপনাত্তে মুরশিদাবাদের ফোজদারী আফিনে একটি কর্ম হয়। ইহার পর মহারাজ রুঞ্চনাথ রায় ইহাকে বঙ্গপুরের মোজার নিযুক্ত করেন। কয়েক বৎসর মোক্তারি করার পর তৃষভাগুারের ভূম্যধিকারী রায় রমণীমোহন রায়-চৌধুরীর সম্পত্তির ম্যানেন্সার হন। মহারাণী স্বর্ণমন্ত্রীর স্বামী রাজা রুঞ্চনাথ বায়ের মৃত্যু হইলে স্বর্ণময়ী ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বিরুদ্ধে যে মোকদ্দমা করেন, তাহা রাজীবলোচন চালাইবার ভার পানও মোকন্দমায় জয়লাভ করেন। এবার তদবধি রাণীর দেওয়ানী পদ প্রাপ্ত হন। ১৮৭১ খুটাবে भवर्गस्यक हैहाद कार्यकलान मृद्धे मुद्धे हहेबा दाव वाहाद्वर छेनाथि श्रामन करत्रन। ১২৮৮ माल व्हे चाचिन हैशंत्र मृज्य हम् । हैशंत मान-मिक्कि বিলক্ষণ ছিল। মৃত্যুকালে যে উইল করেন, তাহাতে কলিকাতা সংস্কৃত কলেজে মাসিক ৫০ টাকার বৃত্তি স্থাপনের জন্ম ১৫ হাজার টাকা ও বহরমপুর কলেজে নিম্ম নামে ৫ টাকার একটি বৃত্তি স্থাপনের অক্ত ১৫ হাজার টাকা দান কবিয়া গিয়াছেন। ইনি নিঃসম্ভান ছিলেন; ৭৪ বৎসর বয়সে ইহার মৃত্য হয়।

রাজীবলোচন একজন স্থশিকিত, দয়াপু ও সরলহাদর ব্যক্তি ছিলেন। ইহার তুল্য স্থ্বিসম্পন্ন ব্যক্তি অন্ন দেখিতে পাওয়া যায়। ইনি অতিশন্ন বিজ্ঞা ও বিবেচক, ইহার চক্ষ্মতত পরের হৃংথের দিকে ঘুরিয়া বেড়াইত এবং অক্তাকরণ পরের কটেই মেন রোদন করিত। কেবল পরত্বংথের কথা লইয়া ইহার আব্দোলন ছিল। রাদী অক্সরে থাকেন, দেওয়ান কোন স্থানে কোন্ দরিজে রোদন করিতেছে, তৎসমাচার রাণীকে আনিয়া দিতেন। ইহা কর্ত্ব রাণীর বিষয়ের স্থবন্দোবস্ত এবং রাণীকে সৎকার্যে দান ধ্যান করাইতে দেখিয়া গবর্ণমেণ্ট সম্ভষ্ট হইয়া ১৮৭১ সালে রাণীকে মহারাণী উপাধি প্রদান-সময়ে ইহাকে রায় বাহাত্বর উপাধি প্রদান করিয়াছিলেন।

ব্ৰহ্মা। বৰুণ! এই রাজবংশের আদি পুৰুষ কে? এবং তিনি কি উপায়ে এই অতুল ঐশ্বৰ্থ লাভ করিলেন, তদ্বিরণ বল।

বৰুণ। বাবু কৃষ্ণকান্ত নন্দী ওয়ারেন হেষ্টিংস সাহেবের কুপায় এই অতুল ঐশর্যের অধিকারী হন। সে সময় নবাব সিরাজউদ্দৌলা কর্ত্তক কলিকাতায় অন্ধক্রপ হত্যা নামক ভয়ানক কাণ্ডের অভিনয় হয়, দেই সময় হেষ্টিংস সাহেব ই**ট্ট ইণ্ডিয়া কোম্পানীর কাসিমবাজার**স্থ রেশমের কুঠির রেসিডেণ্ট ছিলেন। নবাব ইংরেজ জাতির উপর ক্রোধান্ধ হট্যা কলিকাতা গমনের পুর্বে এ স্থানের কুঠি লুঠন করেন এবং হেটিংস প্রভৃতি কয়েকজন ইংরাজকে বন্দী করিয়া রাখেন। হেষ্টিংস্ সাহেব কোন প্রকারে পলাইয়া ক্লফকান্ত নন্দীর নিকট আশ্রয় প্রার্থনা করিলে তিনি স্বগ্রহে লুকাইয়া রাখিয়া তাঁহার জীবন দান করিয়াছিলেন। ইহার পর হেষ্টিংস্ সাহেব যথন বাঙ্গলার গবর্ণর জেনেরেল হইয়া আদেন, তথন ক্লুভক্তাম্বরূপ ক্লফকাস্ত বাবুকে ডাকিয়া নিজের দেওয়ানি পদে অভিধিক্ত করেন। তিনি তাঁহাকে দেওয়ানিপদ দিয়াও তৃপ্ত হইতে পারেন নাই, গাঞ্চিপুর এবং বঙ্গপুর জেলায় অনেক জমীদারিও করিয়া দিয়াছিলেন। তিনি ক্রমে ক্রমে অতুল ঐশ্বৰ্য প্ৰাপ্ত হইয়াছিলেন বটে, কিন্তু রাজা উপাধি প্রাপ্ত হইতে পারেন নাই। লোকে প্রথমে তাঁহাকে ক্রফকান্ত নন্দী, পরে বাবু ক্রফকান্ত নন্দী এবং তৎপরে দেওয়ান কৃষ্ণকান্ত নন্দী বলিয়া ভাকিত। ১১৯৫ সালে কৃষ্ণকান্ত বাবুর মৃত্যু হয়। মৃত্যুর পর তৎপুত্র লোকনাথ বাহাত্বকেই হেষ্টিংস্ সাহেব প্রথমে রাজা উপাধি প্রদান করেন। ১২১১ সালে ইনি এক বৎসর বয়ক পুত্র কুমার হরিনাথকে রাখিয়া লোকাম্বর গমন করেন। ১২২৭ সালে কুমার প্রাপ্তবয়স্ক হইলে, বাজপ্রতিনিধি আর্ল আম্হার্ট তাঁহাকে বাজা উপাধিসহ সনন্দ প্রদান করেন। কুমার হরিনাথও বিলক্ষণ দাতা ছিলেন। তিনি কলিকাত। হিন্দু কলেজ নির্মাণার্থ বিশ হাজার টাকা দান করিয়াছিলেন। তত্তির তাঁহার সময় কাসিমবাজারে সংস্কৃত বিছারও যথেষ্ট উন্নতি হইয়াছিল। ১২৩৯ সালে ইহার মৃত্যু হইলে তংপুত্র কৃষ্ণনাথ বাজ্যের উত্তরাধিকারী হইলেন। ১২৪৭ নালে ইনি প্রাপ্তবন্ধর হইলে রাজপ্রতিনিধি আরল্ অফ্ অকল্যাণ্ড ইহাকে রাজা উপাধি প্রদান করেন। ইনিও রীতিমত স্থানিক্ষত, দেশহিতেরী এবং বিয়ানিক্ষার উৎসাহদাতা ছিলেন। ডেভিড হেয়ার সাহেবের মৃত্যুর পর কলিকাতা মেডিকেল হলে দেশীয়দিগের যে একটি মহতী সভা হয়, সে সভা ইহারই যথে হইয়াছিল। ইনি ঐ সাহেবের প্রতিমৃত্তি নির্মাণ জঞ্জ অনেক টাকা দানও করিয়াছিলেন। কলিকাতার স্থবিথাত রাজা দিগম্বর মিজ, সি-এস-আই মহোদয়কে ইনি এককালে এক লক্ষ টাকা দান করেন। ঐ এক লক্ষ টাকাই তাঁহার প্রীবৃদ্ধির প্রথম সোপান। রাজা কৃষ্ণনাথ ইংরেজী ১৮৪৪ সালের ৩১শে অক্টোবর নিজ হস্তে গুলি করিয়া প্রাণত্যাগ করেন।

দেবগণ ইহার পর মহারাণীর লক্ষ্মীনারায়ণজ্ঞী প্রভৃতি দেবালয় দর্শন করিয়া নগরের রাস্তায় বিভূক্ষণ ভ্রমণ করিলেন। বরুণ কহিলেন, "পিতামহ! এ সহরে দোকানদারেরা রজনীতে বাস করিবার জন্ম অপরিচিত লোককে স্থান দান করে না। অতএব চলুন আজিমগঞ্জে প্রস্থান করি।" তাঁহার কথায় সকলে সম্মত হইলেন এবং একথানি নৌকা ভাড়া করিয়া আজিমগঞ্জের অভিম্থে চলিলেন। ইক্র কহিলেন, "বরুণ! ম্রশিদাবাদের অপরাপর বিষয় বল।"

বকণ। ম্রশিদাবাদ ভাগীরথীর উভয় তীরে অবন্থিত। এই সহর দৈর্ঘ্যে পাঁচ মাইল এবং প্রন্থে আড়াই মাইল হইবে। কাসিমবাজার, বহরমপুর, মিতিঝিল, জিয়াগঞ্চ প্রভৃতি স্থান সকল ম্রশিদাবাদের অন্তর্গত। ম্রশিদাবাদে অনেক বড় বড় জমিদার ও সওদাগর বাস করেন। এই স্থান কোরার কারবারের জ্বয় বিখ্যাত। এই কারবার উপলক্ষে প্রের অনেক ধনী ইংরাজ ও করাদী এখানে কুঠি করিয়া বাস করিত। বহরমপুরের ১৬ মাইল দ্রে জাম্মান্টাদি নামক একটি স্থান আছে। জাম্মান্টাদির দেওয়ান গলাগোবিন্দ সিংহের জ্বয়ভূমি। ইনি পাকপাড়ার রাজপরিবারের আদিপুরুষ। এ স্থানে উাহার প্রতিষ্ঠিত এক বিষ্ণুম্ত্তি আছেন। দেবম্ভির প্রত্যহ বেশ সমারোহের সহিত সেবা হয় এবং যত অতিথি উপন্থিত হউক কাহাকেও বিম্থ করা হয় না। রাসের সময় বড় সমারোহ হইয়া থাকে। নৃত্য গীত ইত্যাদির খারচে দশ হাজার টাকা বরাজ আছে। গলাগোবিন্দ সিংহ লভ হেটিংস্ সাহেবের দেওয়ান ছিলেন। এজন্ত তাহাকে দেওয়ান গলাগোবিন্দ সিংহ বলে। ইনি মাত্তাজ্বে বড় সমারোহ করিমাছিলেন, প্রবিণী খনন করিয়া

ভাহা ঘতের বারা পূর্ণ করিয়া উৎদর্গ করা হইয়াছিল এবং বঙ্গদেশের মত জমীদারকে নিমন্ত্রণ করিয়া আনিয়া টাট্কা জগন্নাথের প্রসাদ খাইতে দেওয়া হইয়াছিল। ঐ প্রসাদ তিনি কাঁথি হইতে পুরী পর্যান্ত অশ্বের ভাক বসাইরা আনাইয়াছিলেন; ভিন্নাগঞ্জে মন্তবাম বাবাজী নামক এক উদাসীন সাধুর মঠে অনেকগুলি হিন্দু দেব দেবীর প্রতিমূর্ত্তি আছে। ঐ মন্তবাম নবাব সিরাজউদ্দোলার সময় বর্ত্তমান ছিলেন। কথিত আছে—এক সময় সিরাজ-উদ্দোলা কোন হিন্দু রমণীর রূপে মোহিত হইয়া তাঁহার সভীত নাশের চেষ্টা করিলে, সতী সতীত্বনাশের ভয়ে মস্তরামের কুটিরে যাইয়া আত্মন্ন গ্রহণ করেন। সিরাজ সন্ধান পাইয়া যথন তাঁহাকে ধরিতে লোক পাঠান, তাহারা সাধুর কুটির খার দিয়া ভিতরে প্রবেশ করিবার উচ্ছোগ করিলে কুটীরম্ব অগ্নিকণ্ড হইতে অগ্নিশিখা উপস্থিত হইয়া এমনি বেগে ঐ লোকদিগের মুখে আসিয়া লাগিতে লাগিল যে, তাহারা পলাইয়া আসিতে বাধ্য হটল। নবাব এই অসম্ভব কথায় অবিশ্বাস করিয়া স্বয়ং রমণী লাভের প্রত্যাশায় কুটারে যাইয়া উপস্থিত হইলেন এবং সাধুর নিষেধ না গুনিয়া সতীর সতীত্ব নাশ করিবার **অভিপ্রা**য়ে ধরিতে যাইলেন; কিন্তু সাধুর প্রভাবে রমণী **অদু**খা হইলেন। সাধুর এবংবিধ অসাধারণ ক্ষমতা দেখিয়া নবাব অত্যন্ত বিশ্বয়াভূত হইলেন। তদবধি তাঁহার পাঁচ টাকা করিয়া মাসিক বৃত্তি ও অনেক জ্বমা-জ্বমী করিয়া দিয়াছেন। মন্তবামের ইহার পর ক্রমান্বয়ে চারি জন চেলা হইয়া গিয়াছে, একণে প্রবণ দাস বাবাজী বিরাজ করিতেছেন। ইনিও সাধু বটে; কিছ ত্যথের বিষয় গুরুর গুণের একাংশও প্রাপ্ত হয়েন নাই।

দেবগণ সে রাত্রি আজিমগঞ্জে অতিবাহিত করিয়া প্রাতের ফ্রেনে নলহাটিজে উপস্থিত হইলেন এবং বর্জমানের টিকিট লইয়া ফ্রেনে উঠিলেন। ফ্রেন হুপাহুপঃ শব্দে ছুটিতে ছুটিতে রামপুর হাটে আদিয়া উপস্থিত হুইল।

ইজ। বৰুণ! এ ষ্টেশনটার নাম কি?

বরুণ। এ স্থানের নাম রামপুরহাট। রামপুরহাট একটি চেঞ্জিং টেশন অর্থাৎ এই টেশনে গাড়ীর রুল ও কলচালকের পরিবর্তন হয়। স্থানটি স্বাস্থ্য সহজে মন্দ নহে। এখানে গবর্ণমেন্টের ২০০টি ক্ত ক্ষুত্র আফিল আদালত, একটি মধ্যশ্রেমীর বিভালয় আছে এবং বালালী বার্দিগের সলে একটি হরিদ্ সভা ও বাল্যসমাজের প্রতিষ্ঠা হইরাছে।

আবার ট্রেন ছাড়িল এবং ট্রেন একটা ট্রেশন অভিক্রম করিয়া নিরিয়।

ষ্টেশনে আসিয়া উপস্থিত হইলে দেবগণ দেখিলেন—অনেকগুলি যাত্রী উঠিল এবং কতকগুলি নামিল। যাহারা নামিল, তন্মধ্যে একজন কহিল, "এ রামকান্তে, বেগটা এগুয়ে দেও।"

নারা। বৰুণ। এ সব যাত্রী কোথাকার এবং এ স্থানের নাম কি ?

বক্ষণ। এ সব যাত্রী রাচ্দেশের। এ স্থানের নাম সিছিয়া। সিছিয়া ময়্রাক্ষী নামক নদীর তীরে অবস্থিত। এই ষ্টেশনে নামিয়া গাড়ী কিংবা পাজীযোগে বীরভূম নামক স্থানে যাওয়া যায়। বীরভূম এখান হইতে দশ মাইল দ্বে অবস্থিত। বীরভূম পূর্ব্বে একটি জেলা ছিল। ঐ স্থানের সদর ষ্টেশনের নাম সিউড়ি। ছোট লাট ক্যাম্থেল সাহেব কণ্ড্ক এই জেলাটি খণ্ডে থণ্ডে বিভক্ত হইয়া কতক বহরমপূর ও কতক ভাগলপুর জেলার সহিত সংলগ্ন হইয়াছে। এক্ষণে সিউড়ি একটি ক্ষুত্র আকারে "বি" শ্রেণীর ডিস্ট্রিক মাত্র। পূর্বে সিউড়ি বড় স্বাস্থাকর স্থান ছিল। এক্ষণে ম্যালেরিয়া জ্বের প্রাত্তাব হওয়াতে ছয় সাতটি ডিম্পেলারি উত্তমরূপ চলিতেছে। ঐ স্থানে এক্ষণে একটি দাতব্য চিকিৎসালয়, বঙ্ক ও ইংরাজী বিভালয় প্রভৃতি আছে।

ইন্দ্র। এ দেশে জমিদার কেউ আছে ?

বরুণ। বীরভূমে একঘর রাজা আছেন।

ইক্র। ভাঁহার বিষয় বল।

বরুণ। বীরভ্নের রাজপরিবারেরা মুসলমান রাজত্বের সময় হইতে বিখাত। ঐ রাজবংশের নিত্যানন্দ প্রথম সম্রাট সা আলাম কর্ত্ক মহারাজা উপাধি প্রাপ্ত হন। রাজা নিত্যানন্দের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠপুত্র বনোয়ারিলাল রাজা হন। ইনি ব্রিটিশ গবর্ণমেন্টের অত্যন্ত অমুগত বন্ধু ছিলেন। উক্ত গবর্গমেন্ট ইহাকে মহারাজা উপাধি প্রদান করেন। বনোয়ারিলালের মৃত্যুর পর তাঁহার কনিষ্ঠ ল্রাতা জগনীক্র বনোয়ারি গোবিন্দ রাজা হন। তিনি ১৮৫৭ সালের ২০শে ভিসেম্বর গবর্গমেন্ট হইতে রাজা উপাধি প্রাপ্ত হন। ইনি স্থানিক্ত, ধার্মিক ও প্রজাহিতিবী ছিলেন।

টেন আবার ছাড়িল এবং অনতিবিলমে ভোলপুর টেশনের ছই মাইল দ্বে অপুর নামক একটি স্থান আছে। হিন্দু রাজাদিগের সময় অপুর একটি বিখ্যাত নগর ছিল। ঐ নগর রাজা অ্বথ কর্তৃক সংস্থাপিত হয়। তাঁহার প্রতিষ্ঠিত কালীমূর্ত্তি অভাপি বর্তমান আছেন। ঐ কালীর নিকট রাজা প্রত্যহ লক্ষ্ণ বলি প্রদান করিতেন। দেবীর মন্সিরটি এক্ষণে ধ্বংসাবদেব। একৰে

দেবগণের মর্ত্তো আগমন

তিনি প্রতাহ লক্ষ বলির পরিবর্ত্তে এক বলি প্রাপ্ত হন কি না সন্দেহ। মন্দিরের সন্নিকটে স্বপুরের বাজার। স্বপুরে বাসা-বাটা ও চাউল বড় সন্তা।

পুনরায় ট্রেন ছাড়িল এবং ট্রেন ত্ইটি ষ্টেশন অতিক্রম করিয়া কাছজংসনে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ! এ স্থানের নাম কাছজংসন। এই স্থান হইতেই কছ'ও লুপ লাইন নামক বেলওয়ের তুইটি শাথা তুই দিকে পৃথক হইয়া গিয়াছে! ঐ কছ' লাইনের ধারে বৈভ্যনাথ তীর্থ।"

বন্ধা। কতগুলো ষ্টেশন পরে বৈছ্যনাথ ভীর্থ ?

বৰুণ। তা অনেকগুলো হবে--২০।২১টার কম নয়।

ব্রহ্মা। তুমি, বৈজনাথের উৎপত্তির কারণ বল।

বরুণ। বাবণ স্বর্ণপরী লক্ষা নিশ্বাণ করিয়া মনে মনে ভাবিতে লাগিলেন "এ নগরের প্রতিহারী কাহাকে নিয়ক্ত করিলে নিরাপদে বাস করিতে পারি।" অনেক ভাবিয়া স্থির করিলেন. "দেবগণের মধ্যে দেবাদিদেব মহাদেবই সর্বপ্রধান এবং ও লোকটাও সাদাসিদে। অতএব জাঁহাকে আনিয়া যদি নগবছারে প্রতিহারী নিযুক্ত করা যায়, তাহা হইলে নিরাপদে বাস করিতে পারিব। অতএব অগ্রে যাইয়া তপক্তা দারা দল্পষ্ট করিয়া এই বিষয়ের জন্ম বর প্রার্থনা করা উচিত।" আবার ভাবিলেন "বর প্রার্থনা করিবারই বা আবশ্রকতা কি ? স্ববলে কৈনাস পর্বতটা উঠাইয়া আনিয়া লহার হারে স্থাপন করাইয়া দিই।" এইরূপ স্থির করিয়া লঙ্কেশ্বর কৈলাদ পর্বতের নিকট ষাইয়া ঘন ঘন পর্বত ধরিয়া টানিতে লাগিলেন। ইহাতে পর্বত কাঁপিয়া উঠায় ভূতপ্রেত্রগণ ভীত হইয়া শিবকে গিয়া কারণ জিক্সাদা করিল। শিব কহিলেন, "তোমাদের কোন আশকা নাই, রাবণ আমাকে স্ববলে কৈলান সহ উঠাইয়া লইয়া যাইবার জন্ত চেষ্টা করিতেছে: কিন্তু সে অকু তকার্যা হইবে।" এ দিকে দশানন অনেক চেষ্টা করিয়া পর্বত উঠাইতে না পারায় দেবাদিদেব মহাদেবের তপ্রস্তা করিতে বসিলেন। শিব রাবণের স্তবে সম্ভষ্ট হইয়া বর দিতে চাহিলে বাবণ এই বর প্রার্থনা করেন, "তোমাকে ষাইয়া লঙ্কার ছার বক্ষার ভার গ্রহণ করিতে হইবে।" মহাদেব তৎপ্রবণে কহিলেন, "তোমাদের প্রার্থনায় সন্মত আছি, কিন্তু আমাকে মস্তকে করিয়া স্ট্রা যাইতে হটবে এবং পথিমধ্যে কোন স্থানে নামাইতে পারিবে না : যদি নামাও, আর উঠিব না।" বাবণ এ কথায় সন্মত হইয়া শিবকে মস্তকে উঠাইয়া লছাভিমুখে চলিলেন। আমরা বর্গে এই সমাচার পাইয়া উৰিয় হইলাম এবং রাবণকে প্রতারণা বারা ক্রঁকাটয়া শিবকে চিনাইয়া লইবার জন্ত কয়েকজন দেবতা পরামর্শ করিয়া পথিবীতে অবতীর্ণ হইলাম। আমরা উপন্থিত হইয়া দেখি--বাবণ শিব ঘাডে করিয়া বৈল্পনাথে আসিয়া উপন্থিত হইয়াছেন। তথন আমি সাত পাঁচ क्लांविया जाँहात जेमदा श्रादम कतिया श्रायादात श्रीषा समाहिया मिलाम। ারাবণ প্রস্রাবের পীড়ায় কাতর অথচ শিবকে নামাইলে ডিনি আর উঠিবেন না: কি করেন কিছুই দ্বির করিতে না পারিয়া চতর্দিকে চাহিতে লাগিলেন। এই সময় আমাদের মধ্যে একজন বৃদ্ধ ব্রাহ্মণ বেশে যৃষ্টি হল্ডে ধীরে ধীরে রাবণের নিকট আদিয়া উপস্থিত হটলেন। রাবণ ভাঁহাকে দেখিয়া কহিলেন, "ঠাকুর। এই শিবকে ধদি একট ধরেন, তাহা ছইলে প্রস্রাব করিয়া লই।" ব্রাহ্মণ কহিলেন, "আমি প্রাচীন, ও পাণর কি **আমার সাধ্য বহন করিতে পারি ?" কিছু রাবণ বারংবার অমুনয় বিনয় করায়** ৰান্ধণ কহিলেন, "দেও, কিন্ধু সত্তরে প্রস্রাব করিয়া লইবে, নচেৎ আমি ফেলিয়া দিব।" রাবণ তথান্ধ বলিয়া বান্ধণের মাথায় শিব চাপাইয়া দিয়া প্রস্রাবে বিদিলেন: কিন্তু তাঁহার প্রস্রাব আর শেষ হয় না। এ প্রস্রাবে কর্মনাশা নদীর উৎপত্তি হইল।* রাবণ প্রস্রাবই করিতেছেন, প্রস্রাবের তেকে নদীতে স্রোত বহিতে লাগিল, ঢেউ উঠিল তথাপি বিবাম নাই। এই দময়ে ব্রাহ্মণ কহিলেন, "তোমার শিব লও, নচেৎ আর পারিনে—মাথা ফেটে যাচ্ছে।" বাবণ করিলেন, "আর একটু বাবা—দোহাই তোর—আমার প্রায় হয়েছে।" ব্রাহ্মণ কহিলেন, "দুর কর, হয়েচে--ব'দে প্রয়ম্ভ ব'লচো। আর পারিনে---এই থাকলো তোমার শিব "—বলিয়া পলায়ন করিলেন। তথন আমি রাবণের দেহ হইতে বহির্গত হইলাম, তাঁহার প্রস্রাব করা শেষ হইলে-শিবকে উঠাইতে চেষ্টা পাইলেন, কিন্তু শিব আর উঠিলেন না। তথন রাগান্বিত হইয়া শিবের মন্তকে সন্তোরে এক চপেটাঘাত কবিয়া প্রস্থান কবিলেন।*

^{*}বৈশ্বনাথ কর্মনাশা নামক নদীর তীরে অবস্থিত। রাবণের প্রস্রাবে এই নদীর উৎপত্তি হওরার ইহার জলে দেবপ্রা প্রভৃতি কোন কার্য্য হয় না, তজ্জ্জ ইহার নাম কর্মনাশা হইরাছে।

^{*}বৈশ্বনাথের মক্তকে অন্তাপি দাগ আছে। পাণ্ডারা বলে—রাবণের কাপটাবাতের পাঁচ অন্তুলির দাগ।

দেবগণের মর্জ্যে আগমন

ব্ৰহ্মা! আহা। বৈশ্বনাথ কি মহাতীৰ্থ।

নারা। আমরি। ভোলাদা আমার ঐ তীর্থে চড খাইয়াছিলেন।

বন্ধা। তুমি পাম। বকুণ। বৈখনাথে আরু কি আছে ?

ব্রুণ। দক্ষমজ্ঞে ভগবতী প্রাণত্যাগ করিলে বিষ্ণুচক্রে তাঁহার মৃত শরীর থণ্ড থণ্ড হইয়া যথন স্থানে স্থানে পতিত হয়, তথন ঐ বৈচ্যনাথে দেবীর হৃদয় পতিত হওয়ায় তিনি জয়তুর্গা মূর্ত্তিতে বিরাজ করিতেছেন।

ব্রহ্মা। আহা! নিকটে হইলে দেখে আসা যাইত। বরুণ! ইংরাজেরা: কি সর্বত্তই রেল বসিয়েছে ? এ রেলওয়ের স্বষ্টি এ দেশে কোন সময়ে হয় ?

এই সময়ে "পো" শব্দে বংশীধ্বনি করিয়া ট্রেন ছপাছপ শব্দে ছুটিতে লাগিল। বরুণ পিতামহের কানের কাছে মুখ লইয়া গিয়া চেঁচিয়ে বলিতে লাগিলেন, ১৮৫০ অব্দে এ দেশে রেলওয়ে কার্যারম্ভ হয়। সর্বপ্রথমে হাবড়া ও বোষাই নামক স্থান হইতে ছইটি ক্ষুদ্র ক্ষুদ্র পথ প্রস্তুত হইতে থাকে। এদেশের লোকে প্রথমে বিবেচনা করিয়াছিল, সাহেবরা ক্ষেপিয়াছে—নচেৎ ভালায় কথন বিনা ঘোড়ায় গাড়ী চলে! তৎপরে রাজপ্রতিনিধি লভ্ভ ভেলহাউসি ভারতবর্ধে থাকিতে থাকিতে হাবড়া হইতে রাণাগঞ্জ পর্যান্ত গাড়ী চলে। যে দিন প্রথমে চলে—অনেকে সাহস করিয়া উঠে নাই। তৎপরদিন আরোহীর সংখ্যা দেখে কে? এক্ষণে ভারতবর্ধের প্রায় ছয় হাজার মাইল শ পরিমাণ ভূমিতে গাড়ী চলিতছে। ইহাতে প্রায় ৯৮ কোটি টাকা বায় হয়। রেলওয়ের আয়ন্ত বিস্তর। সম্প্রতি গভর্ণমেন্ট আর কোন কোম্পানীর হস্তে রেলওয়ের ভারনা দিয়া নিজের হস্তে রাথিয়াছেন। এবং সরকারী টাকা হইতে অনেক ন্তন ন্তন রাজ্ঞাও নির্মাণ করাইতেছেন।

উপ প্রায় সমস্ত পথ গাড়ীর বারের নিকট দাঁড়াইরা দেখিতে দেখিতে যাইতেছিল। এই সময় চীৎকার করিরা কহিল, "ঠাকুর কাকা। বিশ্বর শিবমন্দির।" বরুণ কহিলেন, "তবে বর্জমানে গাড়ী আসিল।" এই কথা শ্রবণে দেবগণ বারের নিকট যাইয়া দেখেন দ্রে অনেকগুলি ঝাউগাছ ও তাহাদের ভিতর দিরা ২০১টি অট্টালিকা দেখা যাইতেছে। এই সময় গাড়ী "সোঁং" "গাঁং" "ঝান" "ঝান" শক্ষ করিরা উেশনের মধ্যে প্রবেশ করিল।

^{* &}gt;> • चृहोत्य এই मरशा ७ •, ६ १৮ माहेन हेरेन्नाटह ।— मणायक ।

মুকুশিদাবাদ

দেবপণ চাহিয়া দেখেন—আর একখানি পাড়ী রাস্তায় দাঁড়াইয়া আছে।
তাহার কলখানা "দোঁ দোঁ।" শব্দ করিছেছে। কলের নিকটে এক শ্রেডাক্স
পুরুষ দাঁড়াইয়া আছেন, তাঁহার পাশে কালি-ঝুলি মাথা একজন হিক্স্থানী,
তাহার মাথায় টুপী—গার্ত্তে গর্জ রক্তের একটি কোট ও পাজামা—মূল্যর
আঘাতে কয়লা ভাক্তিতেছে। আর এক বাজ্জি—ঠিক তদ্রুপ-কলখানার
পাশে গিয়া ছেঁড়া চট দিয়া গাত্ত মুছাইয়া দিতেছে। তাঁহারা আরো দেখিলেন
ষ্টেশনটি বড় ক্ষম্ব—উভয় দিকে অট্টালিকার শ্রেণী, প্লাটফরমে অসংখ্য ইংরাজ
ও বাঙ্গালী ব্যাগহন্তে দাঁড়াইয়া আছে। চতুর্দিকে "চাই ক্ষার" "চাই পান"
শব্দ হইতেছে। মুনলমান ও হিন্দু ভ্তোরা জলের কুঁজো হস্তে ছুটাছুটি আরম্ভ
করিয়াছে। প্রত্যেক কামরায় "জল জল" শব্দে চীৎকার হইতেছে।
আরোহীদিগের মধ্যে অনেকে ছুটিয়া গিয়া শালপাতের ঠোজায় সীতাভোগ,
লালমোহন প্রভৃতি খাছদ্রব্য খরিদ করিয়া আনিতেছে। দেখিতে দেখিতে
এক গোরাঙ্গ পুরুষ গাত্তের বোটকা গন্ধ বাহির করিয়া আনিয়া পটাস শব্দে
গাড়ীর দ্বার খুলিয়া "টিকেট" "টিকেট" শব্দ করিতে লাগিল। দেবগণ টিকিট
দিয়া অপর যাত্রীগণের সহিত ষ্টেশনের বাহির হইলেন।

্বৰ্দ্ধমান

ব্যাগ হত্তে গল্প করিতে করিতে দেবগণ নগরাভিমুখে চলিলেন। ইহাদের সহিত একটি বাঙ্গালীবাবুও ছিলেন। বাবু কহিলেন, "মহাশরেরা বর্জমান দেখিতে যাইতেছেন? স্থানটি দেখিবার মত বটে। এখানে বর্জমানের রাজার বিস্তর কীর্ত্তি আছে। তাঁহারই দেবালয়, অট্টালিকা, বাগান ও সরোবরাদিতে নগরী পরিপূর্ণ। ঐ যা! মহাশয়, আমি ভুল ক'রে কার একটা ব্যাগ এনে ফেলেছি! কি হবে? আমার ব্যাগে যে প্রায় ৪।৫ শত টাকার গহনাদি আছে, এতক্ষণ কি গাড়ী টেশন হইতে চলিয়া গিয়াছে?"

বৰুণ। গাড়ী এতক্ষণ পাওয়ায়!

"কি ছবে মহাশয় ? যেতে হ'ল—যদি টেলিগ্রাফ-ট্রাফ ক'রে পাওয়া যায়।" বলিয়া বাবৃটি জ্রুতপদে ষ্টেশনের অভিমূথে ছুটিল।

ব্রহ্মা। লোকটা দেখছি নারায়ণের দাদা। য়ঁয়া! নিজের ব্যাগটা ফেলে আর একটা কার ভূয়ো ব্যাগ নিয়ে এল! যথন তোর ব্যাগে ৪।৫ শত টাকার দামী জিনিষ রয়েছে, হাতে রাখতে নেই ?

ইন্দ্র। লোকটা তবু ভাল যে, ভধু হাতে না এসে যাহা হউক একটা নিয়ে এসেছে। আমাদের ইনি দিয়ে আসেন ব্যতীত কথনও কিছু নিয়ে আসেন না। নারা। ভূমি থাম।

বৰুণ। পিতামহ! সম্মুখে দেখুন রাণীপায়েব নামক একটি বৃহদাকার প্রহারণী।

এই সময় এক ব্যক্তি থালে কবিয়া ওলা বিক্রম করিতে যাইতেছে দেখিয়া উপ কহিল, "কর্তা জোঠা! ঐ সাদা হাঁদের ভিমের মত কি বেচতে যাচ্ছে— কিনে দাও না, থাব।" বক্রণ তৎশ্রবণে ছই পয়সা দিয়া একটি থরিদ করিয়া দিলেন। কিন্তু উপ অনেক চেষ্টা করিয়াও দক্ষমূট করিতে পারিল না।

নারা। কথাগুলো ত খুব পাকা পাকা, কিন্তু ওলায় দাঁত বদাবার ক্ষমতা নাই।

উপ। আগে চেষ্টা ক'রে দেখি, তার পর ইট দিয়ে থেঁত্লে খাব। ইস্তঃ। বাণীসায়েবের ঘাট ত বড় কম নয়' বৰূপ। গণনাতে প্ৰায় ২০।২৫টে হবে। এই পু্ৰুবিণীর চারিদিকে বাগান আছে। ওদিকে দেখ, শ্রামসায়ের নামক আর এক পু্রুবিণী দেখা যাইতেছে। উহাও প্রায় এইরূপ আকারের এবং চতুর্দ্ধিকে ২০।২৫টে ঘাট ও বাগান আছে।

ক্রমে দেবগণ খ্রামনায়েরের নিকট আদিয়া দেখেন—অনেকগুলি বাড়ী
দবর রহিয়াছে। বরুণ কছিলেন, "এই স্থানে আদালতের উকীল, মোক্তার ও
কেরাণীরা বাস করে। ওদিকে দেখ, বর্দ্ধমানের জ্বেলখানা দেখা ঘাইতেছে।"
এই সময় সকলে দেখেন—একটা বাড়ীতে লোকে লোকারণা। বাড়ীটা তখন
ঢোল বাজাইয়া নিলামে বিক্রয় হইতেছিল। এক হাজার দশ টাকা পর্যান্ত দর
উঠিয়াছে, তথাপি একজন চাপরাশী হাঁকিতেছে—"এক হাজার দশ টাকা এক
দো"; অমি একজন ঢুলি "হুম হুম" শব্দে ঢোলে ঘা মারিতেছে।

বন্ধা। বৰুণ! এখানে কি হচ্চে?

বরুণ। যে বাবুর বাড়ী, তিনি দেনা করায় দেন্দার টাকা আদায়ের অস্ত নালিশ করিয়া বাড়ীঘর নিলামে বিক্রয় করিয়া লইতেছে।

নারা। এমন দেনা করিতে হয়, যাহাতে বাড়ীবর বিকায়ে যায়?

বন্ধা। এ বাবুর এত দেনা কিসে হ'ল ?

বকণ। বাব্টী বড় বেশ্রা ভাল বাদেন। এত ভাল বাদেন যে, একটা বেশ্রাকে বেতন দিয়া একচেটিয়া করিয়া রাখিয়াছিলেন। ক্রমে বাব্র যাহা কিছু নগদ পুঁজিপাটা ঐ বেশ্রা গ্রাস করিল, তথাপি বাব্র চক্ষ্ ফুটিল না, আবার যাতায়াত করিতে লাগিলেন। এবার বেশ্রাটী উহার হাতে কিছু নগদ নাই দেখিয়া প্রত্যেক বন্ধনীতে এক একথানি থত লিখিয়া লইত। এইরূপে থতসংখ্যা বেশী হইলে, এক্ষণে সমস্ত টাকার দাবিতে নালিশ করিয়া ভিটাশ্ব যুদুস্থ করিতেছে।

নারা। বেশ ক'রেছে। ইহার দেখে অক্ত পাঁটাদের জ্ঞান জন্মাক।

বৰুণ। পিতামছ! ওদিকে ঐ যে একটা ক্ষ আকারের পুছরিণী দেখিতেছেন, উহার নাম বাহির সর্বামঙ্গল পুছরিণী। উহার জল বড় চমংকার। জল খারাপ হইবার আশহার কাহাকেও স্থান করিতে কিংবা বস্তাদি খোড করিতে দেওয়া হয় না। নগরের যাবতীয় লোক এই পুছরিণী হইতেই জল পান করে।

এখান হইতে দেবগুৰ বাজার হাতিশালার নিকট উপস্থিত হইরা দেখেন,

দেবগণের মর্জো আগমন

5°।১৫টা হাতী রহিয়াছে। তৎপরে তাঁহারা আর একটা পুরুরিণীর তাঁরে উপন্থিত হইয়া সবিশ্বয়ে চারিদিকে চাহিতে লাগিলেন।

ইন্দ্র। বরুণ! স্থামার স্থনেক পু্ছরিণী স্থাছে সত্য, কিন্তু এমন স্থানর ও বৃহদাকার পু্ছরিণী ত রাজ্যমধ্যে নাই। পু্ছরিণীটা এত বৃহৎ যে, প্রপারে মাজ্যগুলিকে কুদ্র বলিয়া বোধ হইতেছে। এ সরোবরটার নাম কি বরুণ?

বক্ষণ। এই পৃষ্কবিশীর নাম কৃষ্ণদায়ের। এমন বৃহদাকার সরোবর বর্জমানে আর দিতীয় নাই। পৃষ্কবিশীর প্রত্যেক পাড়ে দেখ—কেমন স্থন্দর স্থন্দর পৃত্যবৃক্ষগুলি নানাপ্রকার ফল পুত্সে শোভা পাইতেছে। ওদিকে দেখ কতকগুলি কামান পাতা রহিয়াছে। প্রত্যহ রাত্তি এক প্রহর এবং প্রাতে চারিটার সময় এই স্থান হইতে এক একবার কামান দাগা হয়।

দেবগণ চাহিয়া দেখেন—তাঁহাদের নিকটে একটা বাবু দাঁড়াইয়া আছেন। বাবুটার মুখ হর্ষফুত। দেখিলে বোধ হয়, বাবু যেন কোন একটি সংকার্য্য করিয়া মনের আনক্ষে ভাসিতেছেন। বাবু হঠাৎ একটা লোককে নিকটে আসিতে দেখিয়া হাস্তে হাস্তে কহিলেন "কেমন হে, খুব সম্ভষ্ট হয়েছে ? তুমি ব'লে না কেন আমার মত বাবু বর্জমানে আর নাই! একি সহজ্ঞ কথা! মুখ থেকে খ'স্তে না খ'স্তে পাঁচ শত টাকার এক জ্ঞাড়া শাল থরিদ ক'রে দিলাম।"

আগন্তক। ধকন।

বাবু। কি?

আগ। আপনার শাল ক্ষেরত এল।

বাবু। আমি ভাঁজ ক'রে দিলাম, দলা দলা হল্নে ফেরত এল কেন?

আগ। ব'লে, "আমি এমন ছোট লোক নই যে, হাজার টাকার শাল চেয়ে শেবে পাঁচ শত টাকার শাল নিয়ে ক্ষান্ত হব।" এই কথা ব'লে, আপনাকে যা মুখে এল তাই ব'লে গালি দিয়ে, শালখানিকে কাঁচি-কাটা ক'রে পুটুলি বেঁধে ফেরত পাঠিয়েছে।

বাবু। না হয়, না নিত। এমন থও থও ক'রে পাঁচ শত টাকা নষ্ট ক'র্তে কি একট্ মারা হ'লো না ? একটু দরার সঞ্চার হ'লো না ?

আগ। সে ত আর আপনার ত্রী নয় যে, দরা-মায়ার শরীর হবে—কিসে আপনার আয়-পয় হবে তার চেষ্টা দেখ্বে! তার ইচ্ছা, যে প্রকারে হউক দশ চাকা উপার্জন করা, বে-সে প্রকারে আপনাকে পথের ফকির করা। "যা ব'রে! যা হউক, হাজার টাকা কর্জ ক'রে আমাকে অন্থই এক জোড়া শাল থবিদ ক'রে দিতে হবে; নচেৎ বেখ্যা-মহলে আমার মান-সম্ভ্রম স্থাক্বে না।" বলিয়া বাবু প্রস্থান করিলেন, আগন্তকও সঙ্গে সলে গেল।

নারা। বরুণ! আমি ত কিছু বুঝুতে পারলাম না।

বৰুণ। বুকতে পার্লে না ?—বাবু একটা বেখা রেখেছেন। সেই বেখা বাবুর নিকট হাজার টাকা মূল্যের এক জোড়া শাল চায়। কিন্তু বাবু পাঁচ শত টাকা মূল্যের এক জোড়া শাল থরিদ করিয়া দেওয়ায় সে রাগান্বিতা হইয়া শালখানা থও থও করিয়া ফেরত দিয়াছে। যে ব্যক্তি ফেরত লইয়া আসিল, উনি বাবুর মোসাহেব।

ব্রহ্মা। বরুণ! কুলাঙ্গারের ঢোল বাজায়ে বাড়ীঘর বেচে নিচেচ দেখেও কি চকু ফুটে না!

এখান হইতে বৰুণ দেবগণকে দক্ষিণদিকের ঘাটের চাঁদনির নিকট লইয়া গেলেন এবং কহিলেন "এই চাঁদনিটা তিন-তালা। ইহার গৃহগুলি অতি স্থান্দররূপে সাজান আছে। একটা গৃহে ১০৮ ভালের একটি ঝাড় ছিল। ঝাড়টা বজ্ঞাঘাতে ভাঙ্গিয়া গিয়াছে। কোন বিদেশীয় রাজা কিংবা সম্ভাস্ত ইংরাজ বর্দ্ধমান ভ্রমণে আসিলে মহারাজ তাঁহাদিগকে অতি সমাদরের সহিত এই স্থানে বাসা দিয়া থাকেন। এই বৈঠকখানাটা ও বাগানবাটীতে রাজার অনেকগুলি চাকর প্রাতপালিত হইতেছে। শ্রীপঞ্চমীর সময় এবং মহারাজ ও মহারাণীর জন্মতিখিপুজা (সালগিরা) উপলক্ষে এই কৃষ্ণসায়েরের তীবে অনেক টোকার বাজী প্রভে।"

ইন্দ্র। এই বৈঠকথানা দেখবার ত্রুম আছে ?

বৰুণ। আছে, চল তোমাদিগকে দেখাইয়া আনি।

বক্লণ "দেখাইয়া আনি" বলিতে না বলিতে, উপ সর্বাগ্রে সিঁড়ি ভাঞ্চিয়া ভিপরে উঠিল এবং দে ক্রতপদে "উপরে রাজা দাঁড়াইয়া আছেন" এই সংবাদ দিতে আসিতে না আসিতে দেবগণ সেই স্থানে উপস্থিত হইয়া সন্মুখে রাজাকে দেখিয়া স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া বহিলেন।

ষ্থন দেবগণ হঠাৎ রাজাকে সমূথে উপস্থিত হইয়া থমকিয়া দাঁড়াইয়া পরস্পর পরস্পরের মুখ চাহিতে লাগিলেন, বরুণ কহিলেন "পিতামহ! ইনি প্রকৃত রাজা নহেন, মৃত্তিকার বারা রাজার প্রতিমৃত্তি নির্মাণ করিয়া রাখিয়া নিয়াছে।"

দেবগণের মর্ছো আগমন

দেবগণ গৃহগুলি দেখিয়া প্রশংসা করিতে করিতে যেমন নামিতেছেন, অমনি কালাস্তক যম আসিয়া পিতামছের শ্রীচরণে সাষ্টাকে প্রণাম করিলেন ৷

বন্ধা। যম! তুমি কোথা থেকে?

যম। আজে, আমি আজ কাল কয়েক বৎসর বাঙ্গলাদেশে খুরে খুরে বেড়াচিচ। উলা, শাস্তিপুর, রুঞ্জনগর এবং গঙ্গার উভয় তীরন্থ দেশগুলি পর্যাটন করিয়া সম্প্রতি বর্দ্ধমানে আসিয়াছি। বাঁকার ধারে আমার তান্থ্য

বন্ধা। যম! আমার সঙ্গে তোমার কি কিছু বিবাদ আছে। আমার মান্থবেরা রক্ষভূমে বৃদ্ধ হোইয়া আপনা-আপনিই লয় প্রাপ্ত হইবে। তোমার বৃদ্ধং এত কট্ট স্বীকার করার আবশুকতা কি ? দেখ—মর্ণ্ড্যে আসিয়া সময়ে সময়ে লোকের কদ্ধ্য কান্ধ দেখিয়া আমারই এক একবার এমন রাগ হইতেছে যে, পৃথিবী ধ্বংদ করি; কিন্তু স্বহস্তে নির্মাণ করিয়া ভাঙ্গিতে আমার বৃদ্ধ্যায়া হইতেছে। তুমি আমার বিনা অন্থমতিতে কি ভাল করিতেছ ?

যম। আজে, আমি প্রতিজ্ঞা করিতেছি, একেবারে ভাঙ্গিব না, আপনি-নিশ্চিম্ব থাকুন, আপনার কোন চিম্বা নাই।

ব্ৰহ্মা। তাহ'লেই হ'লো।

যম। দেখুন পিতামহ! আমার নাম ধর্ম। আমা কর্তৃক কথন অধর্মাচরণ হইবে না। পাছে আপনার স্টেনাশ হয়, এই আশহায় আমি ২৪।২৫ বৎসরের কার্যাক্ষম অওচ ৫।৭টা পুত্র কন্তার পিতাকেই গ্রহণ করিতেছি। যাহাদের পুত্র কন্তা নাই অথবা বিবাহ হয় নাই, তাহাদিগকে আমি খুব কম্ব গ্রহণ করি। দেখুন বাঙ্গালীরা আজকাল ২১।২২ বৎসরের মধ্যে সংসারের সকল সাধ মিটাইতেছে। ১৪ বৎসরে বিবাহ করে, ১৬ বৎসরে পুত্রের মুখ দেখে। ২০ বৎসরে তাদের সকল সাধ মিটিয়া যাইলে আমার গ্রহণ করিতে দোব কি? আমি জীলোক ও বিধবাদিগকে খুব কম গ্রহণ করি; জানি তাহারা বেঁচে থাকিলে যে-সে প্রকারে মহয়সংখা বেক্ষী হইবার সন্তাবনা।

ব্রন্ধা। বেশ বেশ! ভৌমার ও টিনের বান্ধের মধ্যে কি আছে?

যম। ম্যালেরিয়া। যেখানে যাচ্চি, সেই সেই ছানে প্রুরিণীতে, ওঞ বিলে গুলে দিয়ে আস্ছি। এই কৃষ্ণসারেরেও দিয়ে এলাম।

ইব্র। ওতে কি হবে?

য়ম। যে এই জল পান ক'র্বে, তাহার ম্যালেরিয়া জর ও পেটে শ্লীহা যক্ত দেখা দেবে: কিন্ধু শীল্প মরিবে না।

বনা। ভাই, শীল মারিদ নে।

নারা। গঙ্গাজলে কভটা ম্যালেরিয়া দিলে ?

যম। গদার জলে স্রোতে ভাসিয়ে নিয়ে যায়, কাজ হয় না; কিলিকাভাতেও পাইপের মধ্যে হাত ঢুকে না; এই স্থানে আমি কিছু ক'রে উঠ্তে পার্চি নে। যে সব নদীর মুখ বন্ধ, জোয়ার ভাঁটা থেলে না, সেই স্থানেই বিশেষ ফল দর্শায়।

নারা। যে সমস্ত ম্যালেরিয়া সঙ্গে ক'রে এনেছ, এগুলি কি মন্ত্রীয় ?

যম। হাঁ, আজ কাল মর্জ্যেও তৈয়ার হ'চেছে। মিউনিসিপাল ভায়ার। প্রাম ও নগরসমূহে রাস্তাঘাট প্রস্তুত করিয়া দিতেছেন, অথচ জল বাহিত হইবার পথ রাথিতেছেন না। ইহাতে সমস্ত জল স্থানটীতে বসিয়া গিয়া ঐ মন্ত্রীয় ম্যালেরিয়া প্রস্তুত হইতেছে। ঠাকুরদাদা! আমি বিদায় হই, বিস্তুর কাজ আছে।

ইক্র। এখন যাবে কোথায় ?

যম। বৰ্দ্ধমান দেখা হ'লে একবার হুগলী চুঁচুডা প্রভৃতি স্থান দকল দেখবার ইচ্ছা আছে।

বরুণ। ও সব স্থানে স্রোভম্বতী গঙ্গা।

হম। সহরের মধ্যে এঁদো ডোবারও অস্ভাব নাই।

উপ। কালাস্তক কাকা, পাঁচকড়ি দা কেমন আছে ?

"ভাল আছে" বলিয়া যম প্রস্থান করিলেন। পিতাসফ জিজ্ঞাদা করিলেন "যমের ছেলের নাম কি পাঁচকড়ি ?"

বক্রণ। আজে, ছেলে হয়ে হয়ে বাঁচে না ব'লে পাঁচক জি নাম নিয়েছে।

এখান হইতে সকলে গোলাব-বাগের নিকট যাইয়া উপস্থিত হইলে বক্রণ
কহিলেন, "এই স্থানের নাম গোলাব-বাগ। কেহ কেহ ইহাকে দেলখোসবাগও কহে। দেলখোস-বাগের ভিতরটা অতি রমণীয়। ইহা প্রায় এক
মাইল দীর্ঘ। চতুর্দ্ধিকে পরিখা-বেষ্টিত। পূর্ব্বদিক্ বাতীত অপর কোনদিকে
প্রবেশপথ নাই। ঐ পূর্ব্বদিকের হই প্রাস্তে হটা গেট আছে। প্রথমতঃ
পরিধার উপরিস্থ পোল পার হইয়া তবে প্রবেশ করিতে হয়। প্রবেশবারে
শারী পাহারা।"

দেবগণের মর্ছে: আগমন

নারারণ ও দেবরাজ দেলখোস্বার দেখিবার একাছ ইচ্ছা প্রকাশ করিলে বক্লণ সকলকে লইরা ভিতরে প্রবেশ করিলেন। প্রবেশ করিরা দেখেন— বাগানের মধ্যে নানা বঙ্গের নানাপ্রকার পূশ্পর্ক সকল বিরাজ ক্রিতেছে এবং অনেকপ্রকার প্রভাগ ও পক্ষী রহিয়াছে।

পিতামহ নিজ স্টে বাবতীর পশুপক্ষীদিগকে একত্র দেখিয়া মহা আহলাদিত হইলেন। দেবগণ যেমন ব্যাত্রের পিজবের নিকট যাইয়া উপস্থিত হইলেন, ব্যাত্র জমনি তাঁহাদের আপাদ মন্তক নিরীক্ষণ করিয়া "হালুম" শব্দে লাজুলের চটাচট শব্দ করিয়া বাহির হইবার চেটা করিতে লাগিল। তাহার মনের ভাব—একবার বাহির হইলে বিধাতার চরণে প্রণাম করিয়া বলিবে "আপনি আমাকে অরণ্যমধ্যে বাদ করিয়া মহুছা প্রভৃতির শোণিত পানে জীবন ধারণ করিবার নিমিন্ত স্পষ্ট করিয়াছেন। আমার গর্জনে মহুছাদিগের হুৎকম্প উপস্থিত হয়। যে গ্রামে আমার ভভাগমন হয় তথাকার লোকে রজনীতে ভয়ে গৃহের বাহির হইতে সাহদ করে না। কিন্তু দেখুন, সেই মহুছোরা আমাকেও ধরিয়া অনিয়া পিঞ্বাবদ্ধ করিয়াছে। মহুছাবৃদ্ধিকে ধয়া আমি যে মহুছাকে পাইলে হর্ষে মুথে করিয়া লইয়া পলায়ন করি, বৃদ্ধিবলে সেই মহুছা আমি আমাকে কালাইয়া যথন ইচ্ছা আর অর আহার দিতেছে এবং আমাকে কদ্ধ রাখিয়া সকলকে তামাদা দেখাইতেছে। মহুছার চেটা বৃদ্ধির অসাধ্য কর্মি নাই। আপনাদের যথন ভভাগমন হইয়াছে এবং আমার অবস্থা স্বচক্ষে দেখিতেছেন, ভগবতীকে কহিবেন, তাহাকে পূঠে বছন করার কি এই ফল গ্র

বাজ দেখিরা দেবগণ বনমান্তবের নিকট যাইয়া উপস্থিত হইলেন। সে
অসনি কুঁ কুঁ শব্দে কহিতে লাগিল—"মন্থন্ত সকলই এক—তবে কেছ বা
বনমান্থ্য, কেছ বা নাগরিক মান্থয়। দেবগণ! আপনারা চেয়ে দেখুন—
মন্থন্ত হইয়া মন্তন্তের প্রতি কিরপ অত্যাচার করিতেছে! আমাকে শৃষ্ণলাবদ্ধ
করিয়া রাখিয়াছে। বিধাতা! আপনি আমার প্রতি বিমৃথ, তক্ষন্তই
অশিক্ষিত, অসভ্য এবং বাক্যরহিত করিয়া স্থাই করিয়াছেন। আমি পাপে
যদিচ বনমান্থ্য হইয়াছি, কিন্তু সকল মান্তবের আতা। যে হেতু এক সময়
লকলেরই পূর্বপূক্ষ বনমান্থ্য ছিল এবং হয় ত সকলেই আবার বনমান্ত্য হইবে।
কিন্তু মন্ত্রন্তবের আতৃত্বেহ নাই। থাকিলে এ হতভাগ্য বনমান্তবের এ দশা করিবে
কেন ? আমি মান্ত্র্য ভারাদের কোন ক্ষত্তি করি নাই। বানর প্রভৃতির
ভায় যদি ক্ষতি করিতাম কিংবা হন্ত্বী প্রভৃতির ভায় পুঠে বহিতাম তাহা হইলে

আমাকে ধরিয়া আনিবার কোন আপত্তি ছিল না। আমরা অত্যন্ত ভাল-মামূব; তবে এ অত্যাচার কেন? আমি ছঃখিত হইলাম, ইংরাজরাজ মামূবের প্রতি মামূবে অত্যাচার করিতেছে দেখিয়াও দেখেন না।"

ইহার পর সকলে এক স্থানে যাইয়া দেখেন—নীল, লাল, সাদা বানবগণ বহিরাছে। সাদা বানরগণ অনেক ছংখ করিল এবং কাঁদিতে কাঁদিতে কহিল "দেখুন কালে আমাদের বল বিক্রম কিছুই নাই। আমরা ক্রন্তের অংশে জন্ম গ্রহণ করিয়াছি, সম্ভ্র পার হইয়া লহা দাহ ও রাবণবংশ-ধ্বংস করিয়াছি। কিন্তু এক্ষণে আমাদের বল বিক্রমের কত হ্রাস হইয়াছে; সামান্ত লোহশৃত্যল ছিন্ন করিয়া বাধীন হইবার সামর্থ্য নাই! আপনারা রাবণভয়ে ভীত হওয়াতেই আমরা বানররূপ ধারণ করি। কিন্তু দেবগণের উপকার করিয়া এক্ষণে যথেষ্ট স্বর্থভোগ করিতেছি: আপনাদিকে প্রণাম করি।"

এখান হইতে দেবগণ অপর স্থানে ষাইয়া দেখেন—কতকগুলি বালিহংস, রাজহংস এবং পাতিহংস বহিয়াছে। রাজহংসেরা পিতামহকে দেখিয়া কাঁদিতে কাঁদিতে কহিল "আপনাকে বহন করার উত্তম প্রতিফল দিতেছেন।"

দেবগণ পশু পক্ষীর রোদনে অত্যন্ত ছঃথিত হইলেন। বরুণ এই সময় সকলকে লইয়া গোলক ধাঁধার মধ্যে প্রবেশ করিলেন।

পিতামহ গোলক ধাঁধার মধ্যে প্রবেশ করিয়া বিপদে পড়িলেন। তিনি ষে দ্বার দিয়া বাহির হইতে যান, দেখেন একই আকারের কাষ্টের রেলিং লাল বর্ণের পুস্পলতা দ্বারা আচ্ছাদিত। সকল রাস্তাই একরপ পরিসর এবং একপ্রকার টবে ও একপ্রকার পুস্পরক্ষে হুশোভিত।

ব্ৰহ্মা। বৰুণ! এ ক'রেছে কি! কত জমিতে যে গোলকধাঁধা বহিয়াছে, তাহাব স্থিবতা নাই।

বৰুণ। স্থামি হন্দ এক কাঠা আন্দান্ধ। ইহার আকার অবিকল ন্ধিলিপীর পাঁচের স্থায়। প্রভ্যেক বেড়ার গাত্রে অসংখ্য দার আছে। এবং প্রভ্যেক ব্রভায় একপ্রকার লভা পুষ্প থাকায় লোকে সহন্দে বাহির হইতে পারে না।

ব্রহ্ম। আমার ভাই প্রাণটা হাঁপো হাপো ক'র্চে! বাহির কর।

নারা। না বরুণ! একটু চেষ্টা ক'রে আগে দেখা যাক।

ব্রহ্মা। তোর ইচ্ছা হয়, তুই থাক্। বরুণ! বাহির ক'রে নিয়ে চল। কি জানি, পাছে যুরে যুরে যুর্ণী রোগ হয়।

বৰুণ স্কল্কে বাহির ক্রিয়া আনিয়া এক খানে উপস্থিত হইয়া কহিলেন

দেরগণের মর্ভ্যে আগমন

"পিতামহ। মাটির মধ্যে একটা গৃহ দেখুন। এই গৃহটা গ্রীমকালে বড় স্বীতন থাকে। গৃহটা উত্তমরূপে সাজান আছে। এথান হইতে সকলে একটা ক্ষ পুছরিণীর তীরে যাইয়া দেখেন, অসংখ্য বৃহদাকার মংশু জলে সম্ভরণ দিতেছে।

বৰুণ। পিতামহ! এই যে চারি পাড় উত্তমরূপে ইইক ছারা বাঁধান পু্করিণীটী দেখিতেছেন, ইহার নাম গজগিরি পু্করিণী। পু্করিণীর পশ্চিমদিকে ঐ যে একটা বৈঠকথানা রহিয়াছে, ঐ স্থানে বসিয়া বর্জমানাধিপতি মধ্যে মধ্যে মোসাহেবদিগের সহিত মংশু ধরিয়া থাকেন এবং শীতকালে ঐ ছালের উপর উঠিয়া ঘূড়ি উড়ান।

উপ। বরুণ কাকা! আমার ত আর চাকরী বাকরী হ'লো না, ইচ্ছা করে বর্দ্ধমানের রাজার মোসাহেবী করি। মোসাহেবদের মাইনে কত ? বরুণ কাকা। বল না মাইনে কত ?

এখান হইতে দেবগণ নগরের মধ্যে প্রবেশ করিলেন। সকলে রাজার গোলাবাটীর নিকটে উপস্থিত হইয়া দেখেন—অসংখ্য দীন দুঃখীকে অকাতরে চাউল, লবণ ইত্যাদি বিভরণ করা হইতেছে। তাঁহারা রাজার দানের প্রশংসা করিতে কবিতে অবশালার নিকটে যাইয়া দেখেন—৩০।৪০টী স্থল্পর স্থলর আব বিরাজ করিতেছে। সহিসেরা তাহাদের গাত্রে হস্ত বুলাইয়া দিভেছে।

এখান হইতে সকলে গাড়ির আস্তাবলের নিকট উপস্থিত হইয়া দেখেন— অনেকগুলি গাড়ি রহিয়াছে। এই সময় আস্তাবলের ছাদ হইতে "ঢং" "ঢং" শব্দে নয়টা বাজিল। ইহার পর দেবগণ রাজপ্রাসাদের নিকটে উপস্থিত হইয়া একদষ্টে চাহিতে লাগিলেন।

বৰুণ। পিতামহ! এই রাজপ্রাসাদ। বাড়ীটা সর্বাসমেত তিন তালা। ইহার এক একটা গৃহ এমন স্থন্দররূপে সাজান আছে যে, স্থরলোকে ভেমন আছে কি না সন্দেহ!

ইজ। গৃহগুলি দেখিতে পাওয়া যায় না ?

"চল না" বলিয়া বঞ্চণ দেবগণসহ প্রাসাদের মধ্যে প্রবেশ করিলেন।
সকলে প্রস্তরনির্দ্দিত স্পলের চেউ-থেলান মেঝের উপর উপস্থিত হইয়া জলে
আছেন কি স্থলে আছেন বিশ্বত হইলেন। গৃহটীর চতুর্দ্দিকে বৃহদাকার আন্না
সকল এরূপ ভাবে সংস্থাপিত আছে যে, তাঁহারা ঘার ভ্রমে বহির্গত হইতে
যাইরা ঘন ঘন আঘাত প্রাপ্ত হইতে লাগিলেন এবং প্রত্যেকে প্রত্যেকের
প্রতিবিশ্ব আন্না মধ্যে দেখিয়া, কে কোন্ গৃহে আছেন শ্বির করিতে না

শারিয়া পরশবে পরশারকে ভাকিতে লাগিলেন। এইরণে দেবগণ প্রত্যেক গৃহ দেখিয়া বেড়াইতে লাগিলেন। গৃহগুলিতে বর্জমান রাজবংশের আদি-পুক্ষগণের এবং কলিকাতার অনেক স্থাসিদ্ধ বাজির প্রতিমূর্ত্তি থাকাতে পিতামহ বরুণকে জিজ্ঞাদা করিতে লাগিলেন "এ কাহার চেহারা?" "ও কাহার চেহারা?"

এথান হইতে বহির্গত হইয়া ইন্দ্র কহিলেন, "বরুণ, বর্দ্ধমানের রাজবংশের আদিপুরুষ কে?"

বরুণ। এই বংশের আদি পুরুষের নাম আবুরায়। ইহার জন্মখান পঞ্চাব। ইহারা জ্ঞাতিতে ক্ষত্রিয়। আবুরায় পঞ্চাব পরিত্যাগ করিয়া বর্দ্ধমানে আদিয়া বাস করেন। ইনি বর্দ্ধমান চাক্লার ফৌজদার কর্তৃক ১০৬৮ সালে এই নগরন্থ "পিক-অব" নামক বাদসাহের একটা উন্থানের কোতোয়ালি-পদে নিযুক্ত হন।

নারা। বরুণ! সম্ব্রে ঐ স্থন্দর বাড়ীটা কি ?

বরুণ। উহার নাম মহাতাপ-মঞ্জিল। এ বাড়ীটাও ফুল্বরুপে সাজান আছে। মহারাজ মহাতাপচন্দ্র বাহাত্ত্র নির্মাণ করাইয়া নিজের নামাস্থ্যারে ঐ নাম দিয়াছেন।

ইন্দ্র। ও বাড়ীতে রাজার কি হয় ?

বক্ধ। ঐ বাড়ীতে তিনি কাছারি করিতেন। ঐথানে মহাভারত দেরেস্তা থাকিত। রাজা সংস্কৃত মহাভারত বঙ্গভারায় অন্থবাদ করাইয়া প্রচার করিবার জন্ম প্রায় ১০।১২ জন সংস্কৃতজ্ঞ পণ্ডিতকে বেতন দিয়া রাথিয়াছিলেন। ভদিকে দেখা যাইতেছে বার্ষারী।

নারা। বৈঠকখানার পার্ষে ঐ লালবর্ণের বাড়ীটা কি? যাহার ধার ও জানালা এমন কি প্রদাগুলি প্রয়ন্ত লাল।

বকণ। উহা মহারাজের ব্রাহ্মসমাজ। উহার ভিতরের ঝাড় লঠন এবং মেজে পর্যন্ত লালরকের। এই সমাজগৃহটীতে প্রকৃত ব্রাহ্মধর্মেরই আলোচনা হইয়া থাকে। স্থামাচরণ তত্ত্বাগীশ ও তারকনাথ তর্করত্ব এই সমাজের আচার্য্য ও উপাচার্যা। ই হারাই রাজবাটীর প্রধান পণ্ডিত।

উপ। বৰুণ-কাকা! ब्राक्षममास्त्रत ममूर्थ वांज़ीने कि?

বরণ। দেবরাজ। ঐ বাড়ীটাই রাজার অক্ষরমহল। ঐ মহলের নাম নাছায়ণী-মঞ্জি। মহারাণী নারায়ণীর নামান্ত্রারে ঐ নাম দেওয়া হইয়াছে।

দেবগণের মর্ভো আগমন

বাড়ীটা চীনদেশীর ইউক ছারা নির্মিত। উহা সর্বাসমেত চারিতালা, গৃহস্তলি অতি ক্ষমাররণে সাজান আছে।

নারা। নারারণী মঞ্জিলের পার্থে যে বাড়ীটা দেখা যাইতেছে, উহাতে কি হয় ?

বৰুণ। মহারাজের কাছারী-বাড়ী। ঐ বাড়ীতে রাজসরকারের আরু ব্যর প্রভৃতির নানা বিভাগে নানাপ্রকার কাজ হইতেছে। রাজার পাঁচজন মেম্বরকে এক এক বিভাগ ভাগ করিয়া দেওয়া আছে। তাঁহারাই রাজ-কার্যের সমস্ত বিষয়ের হিসাব-পত্র দেখেন।

ইহার পর দেবগণ লক্ষ্মীনারায়ণজীর বাটীতে প্রবেশ করিলেন। ইনি রাজবংশের কুলদেবতা। ইঁহার সেবার বন্দোবস্ত বড় হৃদ্দর !

বরুণ। পিতামহ! চেয়ে দেখুন—চারিদিকে দালান, মধ্যে নাটমন্দির।
ত দিকে দেখা যাইতেছে রাসমঞ্চ ও পিতলের রথ।

দেবগণ দেবালয়ের তারে যাইয়া দেখেন,—গৃহমধ্যে বিগ্রহ বিরাজ করিতেছেন। প্রতিমৃত্তির দর্কাঙ্গে স্বর্ণালন্ধার। রৌপ্যথালে নৈবেভাদি সাজান রহিয়াছে।

ইন্ত্র। বৰুণ। নাটমন্দিরে এত ব্রাহ্মণ বসিয়া আছে কেন?

বরুণ। উহারা ফলারে বামূন। লক্ষ্মীনারায়ণজ্ঞীর বাটীতে প্রভান্ত ব্রাহ্মণদিগকে প্রচুবরূপে লুচি সন্দেশ আহার করিতে দেওয়া হয়। এজন্ত উহারা আহারের প্রত্যাশায় বসিয়া আছে।

এখান হইতে দকলে বাহির হইলে বরুণ কহিলেন "পিভামহ! সম্মুখে দেখুন—বাজার সরস্বতীপূজা ও তুর্নোৎসবের বাড়ী। এই বাড়ীতে প্রতিবৎসর জতি সমারোহের সহিত সরস্বতীপূজা ও তুর্নাপূজা হইয়া থাকে।"

ইন্দ্র। যেমন সর্ব্ধত্র প্রতিমৃত্তি নির্মাণ করিয়া পূজা করা হয়, এথানেও কি সেইরূপ হয় ?

বৰূপ। না ভাই! এখানে ছুৰ্গার প্রতিমূর্ত্তি পটে জন্ধিত করিয়া পূজা করা হইয়া থাকে। ইহার নিকট বলি হয় না, তবে দিনে একটা করিয়া নারিকেল বলি দেওয়া হয়।

এখান হইতে সকলে স্থলবাড়ী দেখিয়া গো-শালার নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন "পিতামহ! এই গো-শালায় ৪০।৫০টী ভাল ভাল গাই এবং. ২৫।৩০টী মহিষ আছে। এখানে একটা বিগ্রহ আছেন। তাঁহার নাম

ছোটলালা। ইহারও রীতিমত দেবা হইয়া থাকে। ইহার মত বৃহদাকার দেবমুর্ত্তি নগরে আর নাই।"

ইহার পর দেবপণ অন্নপূর্ণা ও রাধাবলভজীর বাড়ী দেখিয়া একটা ময়রার দোকানে যাইয়া উপস্থিত হইলেন। ময়ারার নাম রামত্বাল। রামত্বালের দোকানঘর ভাহার বাড়ীর সহিত এরপ ভাবে সংলগ্ন যে, ঠিক যেন বাহিরের ঘর বলিয়া বোধ হয়। কোন ভত্রলোক যাত্রী আসিলে রামতলাল বাডীতেও বাসা দিয়া থাকে। সে একাকী দোকান চালাইতে না পারাতে একটা ছেলেকে বেতন দিয়া রাখিয়াছে। রামতলালের পরিবার দেখিতে ভনিতে মল নহে। বয়স ১৮।১৯ বৎসর, কোলে একটা পাঁচ সাত মাসের ছেলে। বামতুলার শিক্ষিত নহে, তবে কোনপ্রকারে দোকানের হিদাবপত্র টকিয়া রাখিতে পারে। দে সংবাদপত্র পাঠ করে না, অথবা কোন সভায় যায় না, অথচ আমাদের স্থানিকিত দল অপেকা প্রশংদার যোগ্য; যেচেতু দে দ্রী-স্বাধীনতা বেশ বুরে এবং স্ত্রীকে যথেষ্ট স্বাধীনতাও দিয়াছে। বামছদাল ভিয়ান করে, স্ত্রী স্বাধীনতা-প্রভাবে দোকানম্বরে ছেলে কোলে করিয়া বশিয়া থাকে। দোকানে কত দেশ দেশান্তর হইতে নৃতন নৃতন লোক আসিতেছে, ময়রাঝে স্বাধীনতাপ্রভাবে সকলের সহিত আলাপ পরিচয় করিতেছে। দেবগণ দোকানমরের নিকট উপস্থিত হইয়াই একখানি ভক্তাপোদের উপর ধূপ ধাপ শব্দে ব্যাগগুলি ফেলিলেন এবং সকলে ⊲সিয়া বিশ্রাম করিতে লাগিলেন। ময়রাবৌ দেবগণকে কহিল "ভোমাদের বাড়ী কোথায় বাবু ?"

वक्न विनन-"बामारम्य बाड़ी व्यवत्रवा ।"

"আমারও বাপের বাড়ী অমরপুরে" বলিয়া ময়রাবে ময়রাকে কহিল "আমাকে কেন এঁদের সঙ্গে বাপের বাড়ী পাঠিয়ে দেও না ?"

রামত। মহাশয়েরা অমরপুরের মাধ্ব ময়রাকে চেনেন ?

বৰুণ। তৃমি কোন্ অমরপুরের কথা ব'ল্চো?

রামত্। নদে জেলায় একটা গ্রাম আছে, তাহার প্রকৃত নাম ক'লে অর হয় না, এজন্ত অমরপুর বলিয়া ডাকিয়া থাকে।

বক্রণ। আমাদের বাড়ী সে অমরপুর নছে। আমাদের বাড়ী ছরিছালের স্বিকটে।

দেবগণ এই সময়ে চাহিয়া দেখেন—সন্মুখস্থ বেণের দোকানে মস্ত ভিচ্চ। ভাহারা বাপ-বেটার পাঁচন বেঁধে উঠিতে পারিভেছে না। পুত্র কহিতেছে দেৰগণের মর্জ্যে আগমন

"বাবা! কণ্টিকারী আর নাই।" পিতা কহিতেছে "আম-বেশুনের পাছটা কেটে দে, না হয় কচি কচি কুলের ভাল কেটে আন।"

পুত্র। যদি কেছ ভাতে পারে, পাঁচন যে বিকাবে না।

শিতা। ওরে বাবা! সকলেই আমার মত পণ্ডিত। সেই দিন বৈছনাথ কৰিবান্ধ আমার কাছে গুলঞ্চ কিন্তে এসেছিল, দোকানে গুলঞ্চ না
থাকাতে আমি ছুটে বাজীর ভিতর থেকে একটা পাকা পুঁইগাছ থণ্ড থণ্ড করে
এনে, ওন্ধন ক'রে দিলাম। কবিরান্ধ মহাশর গণে দাম দিয়ে সন্তঃ হয়ে চ'লে
গেলেন। যথন কবিরান্ধেরাই কপিরান্ধ হয়েছেন, তথন তুই ভাবচিস্কেন?
ছাই ভঙ্ম যা দিবি, তাতেই প্রদাহবে।

এই সময় মোট মাটারি দক্ষে একটী বাবু আদিয়া রামত্নালের দোকানে উপস্থিত হইলেন। দেবগণ তাঁহার সহিত আলাপ করিয়া জানিলেন ইনি একজন ভাজ্ঞার। দেশে কিছু না হপ্তয়াতে বর্দ্ধমানে আদিয়াছেন! নারায়ণ বরুণের কালে কালে কহিলেন "যম কি ইহাদের ধবর দিয়ে এদেছে না কি ?"

ইন্তা। এইবার বর্দ্ধমান সহরটী উৎসন্ধ গেল।

ডাক্তার। কি ব'ল্চেন মহাশয়?

ইক্র। ব'ল্ছি—বর্দ্ধমানে যেরূপ রোগের প্রাহ্রাব, এইবার বৃঝি ইহার ধ্বংস হয়।

ভাক্তার। আজ্ঞে, আমার নিকট এমন ঔবর্ধ আছে তু এক দিনে রোগ আরাম ক'র্তে পারি।

ভাক্তার বাবু চলিয়া গেলে রামত্নালের দোকানে বিস্তর মিছরির থরিদার আদিন। এমন কি, দে দশ পনরটা কুঁদো ভাকিয়াও থরিদার বিদার করিতে পারিল না। বেলা ১০ টার সময় বাঁকার দিকে "হোয়া" "হোয়া" শব্দে শৃগাল ভাকিতে লাগিল। পথে অসংখ্য শব বাহির হইল, নগরে হাহাকার শব্দ উপস্থিত। এমন সর্বনেশে ওলাউঠা এখানে কন্মিন্চালেও হয় নাই, এক দান্তেই কর্ম নিকাশ! ময়রাবৌ ছুটিয়া গিয়া বেণের দোকান হইতে কপূর্ব কিনিয়া আনিল ও কিঞ্ছিৎ ময়য়ার কাপড়ে বাঁধিয়া দিয়া এবং নিজে একটা পুঁটুলি ভঁকিতে ভঁকিতে দেবগণকে কহিল "তোমরা পালাও, এখানে খাক্লে মরে ধাবে।"

बका। या! यत्रांवत कथा कि व'न्एड शांतत ? विव कशांन थांक

এখানে থাকিলেও মরিব না—জাবার জন্তত্ত পলায়ে গিয়াও বাঁচিব না। একণে তুমি একট তৈল লাও, বেলা হয়েছে, স্থান ক'রে জাসি।

ইহার পর দেবগণ একটা পু্রুরিণীতে স্থান আহ্নিক সারিয়া দৈ চিঁড়ে কিনে, লালমোহন ও ওলা টাকনা দিয়া ফলার করিলেন। এবং কিঞিৎ থিশ্রাম করিয়া আবার নগর ভ্রমণে বাহির হইলেন। এবার তাঁহারা এক থানি ঘোড়ার গাড়ী ভাড়া করিয়া বাঁকা নদীর উপরিস্থ একটি পোল পার হইয়া কতকগুলি ক্তু ক্তু গ্রাম দেখিতে দেখিতে বার্বারী বাগানে যাইয়া উপস্থিত হইলেন।

বৰুণ। পিতামহ! বাগানের পার্ষে এই যে স্থানটি দেখিতেছেন, ইহাকে লোকে মালিনীপোডা কহে। এই যে অতার স্বড়ঙ্গের আকার দেখিতেছেন, লোকে বলে—এই স্বড়ঙ্গ দিয়ে স্থলর বিভার মন্দিরে যাতায়াত করিতেন।

উপ। বৰুণকাকা। স্থড়ঙ্গের মধ্যে চুকে দেখ্বো?

ব্রহ্ম। না। শৃগাল কুকুরে থেয়ে ফেল্বে। বকণ! বিভায়ন্দর কি ? বৰুণ। আছে। ভারতচক্র বায় গুণাকরক্বত একথানি পল্পে লিখিও উপন্তাস গ্রন্থ। ঐ গ্রন্থের নায়ক ফলর, নায়িকা বিদ্যা; ভজ্জন্ত পুস্তকের নাম বিভাম্বন্দর হইয়াছে। নায়ক নায়িকা উভয়েই অতি ফুলর ও ফুলিকিড ছিলেন। স্থলার ভাটমুথে বিভার রূপবর্ণনা শ্রবণ করিয়া বর্দ্ধমানে আদেন এবং মালিনীর বাটীতে বাদা লন। মালিনী বিভার নিকট যাতায়াত করিত, স্বতরাং এক দিন মালিনীর মুখে স্থন্দরের রূপের কথা শুনিয়া বিষ্ঠা স্থন্দরকে দেখিতে চান। মালিনীর যত্নে উভয়ের সাক্ষাৎ হয়। উভয়ে উভয়কে দেথিয়া অধীর হইলেন ৷ স্থন্দর কালীকে স্তবে তৃষ্ট করিয়া অতি গোপনে, এমন কি, মালিনীর অগোচরে নিজ বাদগৃহ হইতে বিভাব শর্মগৃহ পর্যান্ত এক স্থড়ক খনন করিয়া যাতায়াত করিতে লাগিলেন। এইরপ যাতায়াত করাতে অবিবাহিত অবস্থার বিদ্যার গর্ভদঞ্চার হটল। তথন রাম্বা কোধান্ধ হট্যা তম্ববকে গুত করিবার আক্সা দিলে কভোয়ালেরা স্তীবেশে বিভার মন্দিরে শয়ন করিয়া থাকিল এবং कुम्बद्रक ध्रिन्। त्राक्षा कुम्बद्रक मगानि नहेवा शिक्षा श्रीनमण्डव व्याका दमन। মৃত্যকালে স্থন্দর ভক্তিভরে কালীর স্তব করাতে দেবী আদিয়া দেখা দিলেন। ক্রাকা এই ঘটনার চমৎক্বত হইরা ফল্পবের সহিত বিশ্বার বিবাহ দেন। ভারতচন্দ্র ঘটনাগুলি এমন অন্দরভাবে লিখিয়াছেন যে, পাঠ করিলেই সতা ঘটনা ব্লিয়া বোধ হয়। ভারতচন্তের সহিত বর্তমানের রাজা অসম্বহার

দেবগণের মর্ছো আগমন

করাতে তিনি নেই কোথে কৃষ্ণনগরের রাজার সাহায্যে পুস্তকথানি প্রণয়ন করেন, কিন্তু বর্ত্তমানবাদীরা বিস্তা-স্থলরের লীলাথেলাকে স্বলেশের গোঁরব মনে করিয়া অমানমূথে "ঐ বিশ্বাপোতা" "ঐ মালিনীপোতা" বলিয়া দেখাইয়া দেয়।

ব্রহ্ম। ভারতচন্দ্র রায়ের বিষয় আমাকে সংক্ষেপে বল।

वक्षा हिन ১১১३ माल. (১৭১२ थ्रः चत्स) वर्षमान स्मनात चारः-পাতী ভূরহুট প্রগণার মধ্যে পাওয়া নামক গ্রামে ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। ইটার পিতার নাম নবেজনারায়ণ বায়। ২%মানের রাজা কীর্ন্ধিচজের মাতাব সহিত নরেন্দ্রনারায়ণের বিবাদ হওয়াতে তাঁহার বাডী-ঘর লক্তিত ও যথাসর্বস্থ অপহত হয়। পিতা নিঃম্ব হইলে ভারতচক্র মাতলালয়ে যাইয়া বাস করিতে লাগিলেন ৷ ইহার পর ডিনি বিশেষরূপে সংস্কৃত ও পারসী ভাষা শিক্ষা করিয়া নানা স্থান ভ্রমণপ্রবাক পরিশেষে রাজা কৃষ্ণচন্দ্র রায়ের নিকট ৪০ টাকা বেতনের একটা কর্ম্মে নিযুক্ত হইলেন। তিনি চুটা করিয়া কবিতা রচনা করিয়া রাজাকে প্রতিদিন সন্ধার সময় শুনাইতেন। রাজা জাঁহার কবিতা প্রবণে সন্ধষ্ট হইয়া "রায়গুণাকর" উপাধি প্রদান করেন এবং অন্নদামঙ্গল ও বিভাস্থলর লিখিতে আজ্ঞা দেন। ইহার প্রণীত "নাগাইক" নামক আটটী কবিতা বিশেষ প্রশংসার যোগ্য। ইনি দংষ্কৃত, পার্নী, হিন্দী ও ব্রদ্ধবুলিতে অনেকগুলি কবিতা निधिवाहितन। ১১৬१ माल (১৭৬० थु: ज्यास) ४৮ द९मत व्यःक्रमकारन ইহার মৃত্যু হয়। ইনি বাল্যকালে বড় কট্ট পান। অল্ল বয়সেই পিতৃগৃহ পরিত্যাগ করিয়া পরপ্রত্যাশী হন ৷ অনেক সময় সামান্ত শাক-ভাতও ইহার ভাগ্যে ভুটে নাই। তথাপি অনেক কট্টে বিছাশিকা করেন। একবার মোক্তারি করিতে যাইয়া ফাটকেও গিয়াছিলেন।

এখান হইতে দেবগণ পূর্বমূথে যাইয়া বাঁকা পারে সর্বমঙ্গলার ঘাটে উপস্থিত হইলে বরুণ কহিলেন "পিতামহ! ঘাটের পশ্চিম পার্থে একটা কামান বহিয়াছে দেখিতেছেন। ঐ কামানটা প্রতিবৎসর হুর্গোৎসবের সময় মহাইমী পূজার দিন সন্ধিপূজা আরম্ভ হইলে একবার করিয়া দাগা হয়।"

ইব্র: সমূপের ঐ পাঁচ চূড়াবিশিষ্ট মন্দিরটা কি ?

वक्रव । अ मर्स्वमन्नाद वाडी ।

দেবগণ ইহার পর সর্বায়ললার বাড়ীতে প্রবেশ করিলেন। প্রথমতঃ তাঁহাবা সিংহ্বার দিয়া প্রবেশ করিয়া একটা বাগানবাটীতে উপস্থিত হইয়া কতকগুলি শিবমন্দির দেখিলেন। তৎপরে ভিতরে প্রবেশ করিয়া দেখেন, দেবীমূর্ত্তি মন্দিরে বিরাশ করিতেছেন। মন্দিরের সম্পৃত্ব নাটমন্দিরে অনবরত বলিদান হইতেছে। নারায়ণ বৈষ্ণব। অভএব পাঁটা কাটা দেখিয়া "শ্রীবিষ্ণু শ্রীবিষ্ণু" বলিতে বলিতে পলাইয়া আদিলেন। স্থতরাং দেবগণের ভাগ্যে ভাগ করিয়া সর্ব্বমঙ্গলা দেখা ঘটিল না। ভাঁহারা দেবীকে প্রণাম করিয়াই প্রভাগিমন করিলেন।

এথান হইতে তাঁহারা রাজকুমারীর প্রতিষ্ঠিত নবছুর্গা দেখিয়া, উইল বাড়ীর মধ্যে প্রবেশ করিয়া যে দিকে চাহেন, দেখেন অসংখ্য সং সাজান রহিয়াছে; সংগুলির মধ্যে দেবতা সংই অধিক। কোন স্থানে নারায়ণ কংসকে বিনাশ করিতেছেন; কোন স্থানে রামরাবণে যুদ্ধ বাধিয়াছে, উভর্ত পক্ষের কত্বগুলো বানর ও রাক্ষমফোজ দাঁড়াইয়া আছে। কোন স্থানে যাত্রা হইতেছে; এক দিকে বিনয়া প্রক্ষরণ শুনিতেছেন, অপর দিকে চিকের মধ্যে জীলোকেরা বিসয়া আছেন। কোন স্থানে অহলা পাষাণীর উপর দাঁড়াইয়া রামচন্দ্র পুস্পচয়ন করিতেছেন। একস্থানে শ্রীকৃষ্ণ গোপিনীলিগের বস্তহরণ করিয়া কদম্ব গাছের শাখায় বিসয়া হাসিতেছেন। নিয়ে দাঁড়াইয়া উলঙ্গিনী জীলোকেরা বস্ত্র ভিক্ষা করিতেছে।

এথান হইতে সকলে রাজার হাসপাতালের নিকট উপস্থিত হইলে "এই যানেওয়ালা!" "এই যানেওয়ালা!" শব্দ করিতে করিতে একথানি বৃগী, ঘোড়ার পায়ের "থটাথট" শব্দের সহিত "পোঁইস পোঁইস" শব্দে নক্ষত্রবেগে চলিয়া গেল। দেবতারা রাস্তার একপার্যে দাঁড়াইয়া শকটারোহী বাবু ছটীর প্রতি চাহিয়া দেখিতে লাগিলেন। বরুণ কহিলেন "ঐ ছোটটী বেটা, বড়টী বাপ। কেমন এয়ারকি দিতে দিতে যাচেচ দেখুন, বর্জমানে বাপ বেটাতেও-এয়ারকি চলে।"

উপ্। বক্ষণ-কাকা। তবে ত এ বড় মজার জায়গা। আমার এথানে একটু চাকরী হয় না? তা হ'লে বাবাকে এনে এয়ারকি দিই!

নারা। আমরি মরি ! উপ'র কি সংশার্কি !

ইন্দ্র। ও কেমন লোকের ছেলে!

এখান হইতে সকলে তেলমাড়াই নামক স্থানে উপস্থিত হইয়া শুনিলেন একটা বেশ্বা স্থমধ্ব স্ববে কীর্ত্তন গাহিতেছে। দেবতারা অনেকক্ষণ পর্যন্ত কীর্ত্তন শুনিলেন। ইক্স কহিলেন "পিতামহ! আপনি বলিয়াছেন হিনের মধ্যে একবার মাত্র হবিনাম করিলে সর্ব্ধ পাপ হইতে মুক্ত হইয়া বৈকুঠে যাইবে।

দেৰগণের মর্জো আগমন

এই বেস্থা প্রতিদিন হরিদংকীর্জন করিতেছে। অভএব সরণান্তে ইহারও কি বৈকুঠনাত হইবে ?

ব্রনা। ভাই! বেশ্রারা নিজের উপদীবিকার জন্তই হরিনাম করে; অতএব তাহাদের মুক্তি হইবে না।

এই সময় ছটা বাবু শালের পাগড়ী মাথায় উকীলের বেশে আসিয়া বেশ্বালরে উপস্থিত হইলেন। তন্মধ্যে একজন হাসিতে হাসিতে একটা বেশ্বার হস্তে এক জোড়া শাল প্রদান করিলে বেশ্বা মহাসমাদরে বাবুর হস্ত ধরিয়া গৃহের মধ্যে লইয়া গেল। অপর বাবুটী কত কাদিল, সাধ্য সাধনা করিল; কিন্তু বেশ্বা তিরা আর আছে কি ? নীলামে যথাসর্কান্থ বিক্রী ক'রে নিরেছি। তই দুর হ" বলিয়া বিদায় করিয়া দিল।

বরুণ। পিতামহ! এই ছুই বাবু আপনার অপরিচিত নহেন। সেই কাঁচি-কাটা শালের বাবু উনি। আর ঢোল বাজায়ে যথাসক্ষম বিক্রম হওয়ার বাবু ইনি।

ব্ৰহ্ম। ব্ৰীবিষ্ণু! য়ঁনা! কি নিৰ্কছঃ! তারাই এরা ? বক্ষণ! বলিহারি ইংরাজ বিচারকে। "এক, ঘুই, তিন" বলিয়া ঢোলে কাটি মারিল, অননি ভিটেমাটি বিক্রন্ন হইয়া গেল। আমি আশ্চর্য্য হ'চিচ—এদের কি বুকের পাটা। নচেৎ যে রাজ্যে দেনা ক'রে আজ হবে না, কাল দেব ব'ল্তে দেরি সন্ন না, সেই রাজ্যে কর্জ্জ ক'রে বেশ্রালয়ে যায়। ইহারা কি মহাপাণী!

ইহার পর তাঁহারা এক স্থানে উপস্থিত হইয়া দেখিলেন—কলে দামোদর হইতে জল আনিয়া বাঁকা বোঝাই করিয়া দিতেছে। বরুণ কহিলেন "বাঁকায় সকল সময় জল থাকে না, এজন্ম ইংরাজরাজ প্রজার জলকন্ত দ্র করিবার জন্ম দামোদর হইতে কলে জল আনিয়া বাঁকা বোঝাই করিয়া দেন। বাঁকা বোঝাই হইলে কল বন্ধ করিলে আবার জল আদা বন্ধ হইয়া থাকে।"

নারা। কল বন্ধ করিলেই আর অল আদে না?

বন্ধা। ওবে ভাই, বৃঝিদ্নে ? এরা কলে সব ক'তে পারে ! নারা। আছে, বৃঝিচি।

এখান হইতে দেবগণ বান্ধসমান, স্থল, থানা, কাছারি ইত্যাদি দেখিয়া নগবের বাম পার্বে এক স্থানে উপস্থিত হইলে উপ কহিল "বন্ধণ কাকা! ভটা দেখা বাচ্চে কি ?" বন্ধ। দেববাদ! সমুখে দেখ একটা গিক্ষা। এই গিক্ষাটা বেভাবেও জে, ওয়েকো নামক একটা সাহেব দশ হাজায় টাকা বায়ে নির্দাণ করেন। গির্ক্ষার সমূথে ঐ যে পুকরিণীটা দেখিতেছ—পূর্কে বোষেটেরা মায়ব খুন করিয়া উহাতে ফেলিয়া দিত।

এখান হইতে কিছু দ্রে ষাইলে বরুণ কহিলেন, "পিতামহ! এই স্থানের নাম পুরাতন বর্জমান। ১৬২১ অব্দে মৃদলমানেরা এই স্থান আক্রমণ করে।
১৬৯৫ অবদ সর্ব্বাসিং নামক একজন জমিদার এই স্থানে বিল্রোহ উপস্থিত করে এবং বর্জমানের রাজাকে হত্যা করিয়া তাঁহার পরিবারবর্গকে রুদ্ধ করিয়া হুগলি নগর আক্রমণ করিয়াছিল। এই কারণেই ইংরাজেরা বিনা করে ক্লিকাভার পুরাতন কেলা মেরামত ও তাহার চারিদিকে থাত থনন করিবার অক্রমতি প্রাপ্ত হন। বিজ্ঞোহকারী জমিদার নর্জমানের রাজপরিবারস্থ যে সমস্ত লোককে রুদ্ধ করে, তম্মধ্যে রাজকুমারীকে পরমা স্তন্দরী দেখিয়া তাঁহার সতীখনাশের চেষ্টা করিলে—রাজকতা অস্ত্রাঘাতে তাহার জীবন নষ্ট করেন ও সেই অন্ত নিজ বন্ধে ব্যাইয়া প্রাণত্যাগ করেন।"

ব্ৰহ্মা। নারায়ণ! দেখ, এখনও সতীরা সতীত্ব বক্ষা করিতে প্রাণ পর্যান্ত দিয়া থাকেন।

এখান হইতে এক স্থানে উপস্থিত হইয়া বৰুণ কহিলেন, "পিতামহ। সম্মুখে যে কালীমূর্ত্তি দেখিতেছেন, ইনিই শ্মশানবালী। লোকে বলে—মশানে স্থলবের প্রাণদণ্ড করিতে লইয়া যাইলে দেবী এই মূর্ত্তিতে দেখা দিয়া তাঁহার জীবন রক্ষা করিয়াছিলেন।"

ইহার পর তাঁহারা অপর এক স্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিডামহ! এই স্থানে মানসিংহ এবং ডোডরমল এক সময় সৈত্ত সামস্তসহ তাম্ব্ ফেলিয়া বাস করিয়াছিলেন এবং এই স্থানেই জাহালীরের আজ্ঞায় শের আফগানের প্রাণ বিনষ্ট হইয়াছিল।"

নারা। বরুণ! জাহাঙ্গীর কি কারণে শের আফগানের প্রাণ লইতে । আজা দেন ?

বৰণ। মেহের উদ্দিশা নামে শের আফগানের অবিতীয়া পরমা ক্ষরী দ্বী ছিল। ঐ দ্বীর উপর জাহাদীরের বাল্যকাল হইতে লোডদৃষ্টি পতিত হয়, কিন্তু প্রথমে কুতকার্য্য হইতে পারেন নাই। পরে দিলীর নিংহাসনে আরোহণ করিয়াই ঐ দ্বীকে প্রাপ্ত হইবার জন্ত শের আফগানকে হত্যা করা হয়, এবং

দেবগণের মর্জো আগমন

্ভাঁহাৰ স্ত্ৰী মেহের উদ্নিদাকে বিবাহ করিয়া স্থরজাহান নাম দিয়া বামে লইয়া সিংহাসনে বসেন।

ইন্দ্র। উঃ কি অত্যাচার!

वक्ष। अमिरक रम्थ-जाजीय अमर्यान नामक अक वास्क्रिय मन्त्रिम।

এখান হইতে দেবগণ ঘাইতে যাইতে এক স্থানে উপস্থিত হইয়া দেখেন, একটা বাড়ীতে লোকে লোকারণা। বাটার স্থারে একটা প্রাচীন বিদিয়া শর্থর করিয়া কাঁপিতেছে। বাটার মধ্যে একটা বৃদ্ধাকে ঘূটা যুবতা প্রহার করিতেছে।

ষারন্থিত বৃদ্ধ দেবগণকে দেখিয়া কাঁপিতে কাঁপিতে কহিল, "তোমরা ভিতবে গিয়া ছাড়িয়ে দেও। আমাকে মেরে ফেশুক ক্ষতি নাই—ও বুড়িকে যেন আর মারে না। বাবা! তোমাদের পায়ে পড়ি, গিয়ে ছাড়িয়ে দেও।"

ব্ৰহ্ম। বৰুণ। কাণ্ডটা কি ?

বৰুণ। বোধ হয় বৃদ্ধাকে তাহার পুত্রবধূৎয় প্রহার করিতেছে। আর বৃদ্ধার স্বামী থারে বসিয়া কাঁপিতেছে। বধুরা স্বামীর নিকট খণ্ডর শান্তড়ীর নিন্দা করাতে স্বামীরা প্রহারের ধারা মাতা পিতাকে সায়েস্তা করিতে আজ্ঞা দিয়াছে।

বৃদ্ধ। বাবা। আমরা বুড়ো বয়সে আর কাজকর্ম করিতে পারিনে ব'লে মার থাওয়াচে; বধুরা যেমন ব'লে—"এরা আর কাজকর্ম করে না, কেবল ব'লে ব'লে থায়"—অমনি হুকুম দিলে—"মার হারামজাদা ও হারামজাদীকে।"

বন্ধা। হা ভগবান্। কি দেখ্লাম !! বজ্ঞায়ি আর নিজেজ থেকো না। আর বর্ত্তমান দর্শনের আবশ্রকতা নাই, পালাই চল! নচেৎ পাপ স্পর্শ করিবে।

দেবগণ জ্রুতপদে টেশন অভিমুখে চলিলেন। যাইতে যাইতে ইন্দ্র কহিলেন, "কড কি দেখ্ছি, মনে থাক্চেনা; দোভ কলমটাও গাড়ীতে ফেলে এসেছি। এমন কোন জ্রব্য নাই, বিনা কালীতে লেখা যায়, তাহা হইলে শমস্ত ঘটনা নোটবুকে টুকে বাথি।"

"তা ব'ল্ডে হয়, একটা উডেন পেন্সিল কিনে দিতাম।" বলিয়া একটা হোকান হইতে একটা পেন্সিল খবিদ কবিয়া কাটিয়া দেববাজের হস্তে দিলেন।

रेख। कानी?

বঞ্ব। উহাতে আর কালী চাইনে—অমনি লিখিতে হয়।

"নজি।" বলিয়া দেববাল নেখেন আর হাত করেন।

পিতামহ চাহিয়া দেখিয়া কহিলেন, "বক্ণ! এগুলোর নাম কি ব'লে ? উটোন পেন্সিল ?"

নারা। এই সামান্ত কথাটা মনে রাখ্তে পালেন না ? এর নাম উট পেলিল।

উপ। ঠাকুরকাকা। তোমারও ত হ'ল না। এর নাম উচ্চেন পেশিল। দেখুন না কর্ডাঙ্কেঠা। ওর মধ্যে দীসা আছে, তাই লেখা যায়।

বন্ধা। তুই থাম। আমাকে ছেলে ভোলাচেন। দীনে পিটিয়ে সৰু ক'বে এমন বঙচকে কাঠের মধো ঢোকান কি সহজ কথা।

আবার সকলে জ্রুতপদে চলিলেন। যাইতে যাইতে উপ কহিল, "বরুণকাকা! চেয়ে দেখ--বাঁণবনের মধ্যে একটা বাবু ল্কিয়ে থেকে খোপার বাড়ীর দিকে কি চেয়ে চেয়ে দেখুচে।"

ইঙ্রে। সন্ডিয়বকণ! ও কি দেখচে?

বরুণ ৷ ধোপাদের একটা স্থন্দরী বৌ আছে, বাব তার সঙ্গে-

ইন্দ্র। আবে ছি!ছি! আর জাতি-বিচারও নাই ? কলিতে হ'লো কি ? সকলে ট্রেশনে আদিয়া সে রাত্তে ট্রেন না পাওয়াতে এক স্থানে শ্রন করিলেন এবং ঘূমের পর পিতামহ কহিলেন, "বরুণ! বর্জমানের অপরাপর বিষয় সংক্রেণ বল।"

বকণ। বর্জমানের বাজা বাজালার মধ্যে সর্বপ্রধান জমিদার। ইহার জমিদারী প্রায় ৭০ মাইল দীর্ঘ এবং ৫০ মাইল প্রস্থ। ইনি স্বর্গমেন্টকে চৌদ্দ লক্ষ টাকা বার্ষিক কর দিয়া থাকেন। রাজার আমলাদিগের বেতনে মাসিক আট হাজার টাকা ব্যয় হয়। ষ্টেশনের পার্ষে সৈন্তাদিগের তামু ফেলিয়া বাস করিবার স্থান আছে। এখানকার ভাকবালালী বড় স্থানর। ঐ ভাকবালালায় অনেক পথিক সাহেব আসিয়া বাস করিয়া থাকেন। এই স্থানর স্থান নদীর তীরে অবস্থিত। নগরের সন্নিকটে হুই শত আশীটা থিলান-বিনিষ্ট একটা সেতু আছে। ঐ সেতু নির্মাণ করিতে প্রায় ছুই লক্ষ টাকা ব্যয় হয়। বিভাপোতা নামক স্থানের কিছু দ্বে মানসসরোবর নামে একটা বৃহৎ প্রম্বিণী আছে; এক্ষণে উহাতে অধিক জন্ম নাই; মাহা আছে তাহাতে পদ্মপুশাদি প্রস্কৃতিত থাকিয়া প্রস্কিনীর অত্যান্চর্য্য শোভা সম্পাদন করিয়াছে। বন্ধ মানের অপর নাম কৃত্যসপ্র। এথানকার ওলা, লালমোহন, সীভাভোগ, থাজা

দেবগণের মর্ছ্যে আগমন

ব্ৰহ্ম। এই দকল প্ৰীগ্ৰামের লমীদারেরা কেমন ?

বকণ। ইহাদের মধ্যে কাহারও কাহারও মন বড় ক্রে। একবার এ জমীদার একগাছি ইক্ হন্তে করিয়া দাঁড়াইয়া আছেন, এমন সময় তাঁহার একটা শিশুপুত্র ছুটিয়া আসিয়া কহিল "বাবা! আক দে।" এই সময় তাঁহার একটা আতৃপুত্র ছুটিয়া আসিয়া কহিল "জোঠা মহাশয়! একটু আক দেও?" বাব্র আতৃপুত্রকে ফাঁকি দিয়া আকগাছটি পুত্রকে দিবারই ইচ্ছা ছিল; কিন্তু সে আসিয়া উপন্থিত হওয়ার অগত্যা আকগাছটি ছুই থণ্ডে ভালিয়া ভগার দিক্টে আতৃপুত্রকে দিতে গেলেন। সে কহিল, "এখানা নয়, ও হাতের খানা।" ইহাতে তিনি প্রতারণা করিবার অভিপ্রায়ে যতবার হাত কেরফার করেন, সেও ততবার বলে "জ্যোঠামহাশয়! ঐ খানা।" বালকের পিতা বারাণ্ডা হইতে এই ঘটনা দেখিয়া হাসিতে হাসিতে নামিয়া আসিয়া কহিলেন, "দাদা! চলুন বিষয় ভাগ করিগে।" বাবু কহিলেন "কেন ভাই?" ভ্রাত! কহিলেন "দাদা! একগাছি আক নিয়ে আমার পুত্রকে প্রতারণা করিতে চেটা পুাইতেছেন, যদি আজ কিংবা কা'ল আমার মৃত্যু হয়, তবে বিষয় লইয়া আমার শিশুটীর সহিত যে কি করিবেন বলিতে পারি না।" বিসিয়া

বন্ধা। কলিতে এরপই হইবে। ভাল বৰুণ! ঐ বে একটা বাস্তা দেখা যাইতেছে, ও রাস্তাটা কোধায় গিরাছে ?

বৰুণ। রাজাটিব নাম গ্রাও টার্ছ রোজ। ও রাজা পদ্তা নামক খান হইতে আরম্ভ হইরা হুগলি, মগরা, পাঙ্যা, মেমারি, বৈঁচি ও বর্ত্তমানের নিকট দিয়া রাশীগঞ্চ অভিমুখে চলিয়া গিয়াছে।

ইন্দ্র। রাজাটির নাম কি ?—গ্র্যাণ্ড ট্রান্ক রোজ। ইংরাজরাজ্যে কি রাজা-বাটেরও নাম আছে ?

বৰুণ। আছে বৈ কি। যথা—গ্ৰৰ্ণমেণ্ট বোভ, ফেরিফণ্ড হইতে উষ্ত টাকান্ন নিৰ্দ্বিত ফেরিফণ্ড বোভ, মিউনিসিণাল বোভ, এবং সাহায্যকৃত ক্লোভ ইত্যাদি।

💱 ইন্দ্র। আমরাও খর্গে সিন্না রাজ্ঞার নামকরণ করিব।

আবার ট্রেন ছাড়িল এবং অনতিবিল্যে উপ পাণ্ড্রার মদজিদ দেখিয়া চীৎকার শব্দে কহিল "বরুণকাকা! ওটা কি ?"

বক্ৰ। পাঞ্মার টেন এল।

-

এই সমরে টেন "ঝা ঝনাং" শব্দে ষ্টেশনে থামিল। দেবগণ টেন হইতে নামিয়া দেখেন—চাচারা কলিকাতার কুঁকড়ো চালান দিবার জন্ম এক গণ্ডা, ছই গণ্ডা করিয়া গণে গণে চাঙ্গারি বোঝাই করিতেছে।

নারা। বৰণ। এই কুঁকড়োগুলো কি হবে ?

বৰুণ। কলিকাতার বাজারে উচ্ছে, আলু, তরকারী প্রভৃতির শ্লায় বিক্রয় হইবে। আহা! সাহেববাড়ীর বাব্র্চিরা পেঁয়াজ ও রন্থনের পোঁটলার সহিত যথন এই তুর্ভাগা পাথীগুলোর পা ধরিয়া ঝুলাইয়া লইয়া যায়, দেখিলে চক্ষে জল আইসে। মনে মনে ভাবি "পিতামহ ইহাদিগকে পাথী না করিয়া সাচহের ফল করেন নাই কেন ?"

্ৰন্ধা। পুৰু কাৰা ?

বক্রণ। সাহেব ও মুসলমানেরা; আর আজ কা'ল প্রায় বার আনা রকম হিন্দু লোকে।

বন্ধা। মহয় কি পাবও! যে পশু-পক্ষী তাহারা নিজ হস্তে প্রতিপালন করে, যে পশু-পক্ষী তাহাদিগকে বিশাস করিয়া নেচে থেলে বেড়ার যে পশু-পক্ষী অপর পশু-পক্ষী হইতে ভর পাইলে আত্মরক্ষার জন্ম প্রভূর নিক্ট ছুটিরা আইসে, ইহারা এখনি নির্দয় ও নিহুর বে, সেই পশু-পক্ষীর অর্থ-ছুটাক মাংস আহার করিবার জন্ম হত্যা করিতে কাত্র হয় না!

নারা। পিড়ামহ। ইহাদের পাপের কি মাজা হইবে?

्र असा। शतकाता अ अञ्चलका कूँक्रणा इहेरत अतर अहे कूँक्रणाता मश्रक इहेना छहातिशतक सराहे कतिया शहरत। দেবপণ পেটের টিকিট দিরা বাহিরে আসিয়া দেখেন—কতকশুলি মররার দোকান। দোকানের এক পার্বে কাঁদি কাঁদি কলা টাদান এবং ভূপাকার ভাব নারিকেল রহিরাছে। অপর পার্বে বাসি থাজা, বাসি জিলাপীর উপর মাছি ভাান্ ভাান্ করিতেছে। মোদক ভারা উনানে আগুন দিরা, উরু হইরা বসিরা ছুঁ পাড়িতেছে এবং এক একবার হুই হস্তে ছুই চকুর জল মৃছিতেছে।

এই সময় কতকগুলা গকর গাড়ী আলিয়া উপন্থিত হইল। গাড়ীগুলির উপরে ছাপ্লর বাঁধা ও চারিদিক মোটা শৃতর্থ বারা আচ্ছাদিত। কোন থানির ভিতরে কচি ছেলে কাঁদিতেছে। কোনখানির ভিতর হইতে কর্তার – সুপাছকা গ্রাং দেখা মাইতেছে; গৃহিণী বামীর নিকটে বন্ধর, শান্ধড়ী ও ননন্দার নিন্দা করিয়া কিরপ কটে দিন কাটাইয়াছেন—মনের সাধে বাজ্করিফছেলে,। কোন খানি হইতে অন্তর্গন্ধ বেগিল শতর্ক অতার উচ্

দেবতারা এথান হইতে বাশবনের ভিতর দিয়া পাওয়ার মন্দিরের নিকট উপস্থিত হইবেন এবং সকলে স্বিস্থরে চাহিতে লাগিনেন। পিভামহ কহিনেন, বৰুণ। এত মুসলমান মন্দির দেখিলাম: কিন্তু এ মন্দিরটা ছিলু মন্দিরের স্থায় বোধ হইতেছে কেন ?"

বকৰ। আজে, এই বন্ধিবটা প্ৰায় পাঁচ শত বংসবেরও অধিক হইবে।
পাঙ্যা প্ৰে হিন্দু রাজার অধিকত হিল। তাঁহার নাম পাঁড়। সেই পাঙ্
হইতে বর্তমান পাঙ্যা নাম হইয়াছে। কেই কেই বলেন এ বাজবংশের
কোন কলা প্রভাৱ সন্দাদর্শন কবিবার মানসে পিতাকে বলিয়া ইহা নির্মাণ
করাইয়া লন। ইহা প্রায় ১২০ ফিট উচ্চ। ইহার উপর হইতে হগলি পর্যান্ত
দেখিতে পাঙ্কা বায়। মন্দির সহছে আবার কতকগুলি লোক বলে—
মূলন্মানেরা গক্ত-কাটা বৃছে জরলাভ কবিরা ভাহার অরণ চিক্তরপ এই
মন্দিরটা নির্মাণ করাইয়াছে। ফলতঃ এই মন্দিরটাক্ত্রন্ধিরে অনেক ঐতিহাসিক
বিবরণ আছে। যদি এখানে হিন্দু রাজাদিগের সমরে কোন অকবি বাস
করিতেন, তাহা হইলে তিনি রামায়ণ ও মহাভারতের লার পাঙ্যার গোয়ুছ
জিখিরা অমরত্ব লাভ করিতেন এবং আমরাও ইহার সবিশেষ বৃত্তান্ত জানিতে
পার্থিয়া

ব্ৰহ্মা। গোয়দ্ধ কি ?

বৰুণ। ১২৪০ দালে এখানকার বাজনরকারে এক মুলী বাস করিতেন। বাৰকাৰ্বা পাবক্ষভাৰাৰ তবৰুমা কবিয়া সমাটেব নিকট পাঠাইবাব জন্ম ইনি মোগল সরকার হইতে নিযুক্ত হইয়া আইসেন। মুগ্রী এক সময় নিজ পুত্রের অন্নপ্রাশন উপলক্ষে অতি গোপনে একটা গরু কাটেন এবং পাচে কেচ দেখিতে পার, এই আশহায় উহার হাড় ও পাঁজ রাগুলা পুঁতিয়া রাখেন। ত্ৰভাগাৰশতঃ ঐ সমস্ক হাড মাংদলোভী শৃগালগৰ কৰ্ত্তক মৃত্তিকা হইতে বহিষ্কত হয়। তাহা দেখিয়া হিন্দরা অতান্ত বাগান্বিত হইয়া উঠে এবং কে এই পাপকার্য্য করিয়াছে ভাহার অভ্নয়নান করিতে থাকে। পরিশেরে ভাহার। জানিতে পারে—মন্দী পুত্রের অন্নপ্রাশন উপলক্ষে এই গর্হিত কার্য্য করিয়াছে। उथन नश्रवण्य यावजीय दिन्दु मनाल मान मान वाक्रमिश्रांन बाहेया करिन्, "মুন্দীর প্রাণদণ্ড করিতে আজা হউক, অন্তথা তাহাকে আমাদিগের হস্তে অর্পণ করা হউক।" বা**জা ই**হাতে সমত না হওয়াতে বিজ্ঞোহিদল বা**জগু**লকে হত্যা করে। রাজা উপস্থিত বিপদ্ হইতে উদ্ধার পাইবার জন্ত মোগল সরকারে जानारेलन, किन्न क्ला क्लाश रहेलन ना : जाउग छैं। हारक क्षेत्रा किना দহিত যোগ দিতে হইল। মুন্দী গোলযোগ দেখিয়া ইতঃপূর্বে নগর হইতে পলায়ন করে এবং গ্রামে গ্রামে নগরে নগরে পর্যাটন করিয়া অসংখ্য মুসলমান সংগ্রহ করিয়া পাওয়া নগর আক্রমণ করে। ক্রমে গরুকাটা যুদ্ধ আরম্ভ হইল। এই যুদ্ধে ক্রমান্তরে ৬০ জন রাজা ও অসংখ্য হিন্দুসেনা হতাহত হইলে শেবে মুদ্রমানেরাই জয়লাভ করিল এবং হিন্দুদিগকে নগর হইতে বহিষ্ণুত করিয়া দিয়া নিজেবাই বাস করিতে লাগিল। তদবধি পাওয়া হিন্দুরাজ্য হইতে বিচাত হইয়া মুদলমান-প্রধান স্থান হইয়াছে।

নারা। মন্দিরমধ্যে একণে আছে কি?

বরুণ। লোক বলে—সন্ধিরের চূড়ার মুসলমান সাধু সা-সন্ধির শ্রমণের-লোহ নির্দ্দিত ছড়ি আছে। মুসলমান ঘাত্রীরা প্রতি বর্বে পৌব মাসে ঐ ছড়ি পূজা করিবার জন্ত দলে জনে আসিরা থাকে। সেই সময়ে এই উপলক্ষে একটী করিরা মেলা হয়।

^দ**ইন্দ্র। মন্দিরের ওবিকে ও**টা কি ?

বক্ষণ। গক্ষাটা যুদ্ধে মুসলমানদিসের যিনি নেতা ছিলেন, তাঁহারই কবর। দেবগণের মর্ভ্যে আগমন

তিনি যুদ্ধে জয়লাভ করিয়া কিছু দিন বিশ্রাম স্বথভোগের পর এই স্থানেই মৃত্যু হওয়ায় ঐ কবরে বিশ্রাম করিতেছেন।

বনা। সন্থে এটা কি ?

বরুণ। আজে, ইহা একটা মস্জিদ। ইহা প্রায় ছই শত ফিট লম্বা এবং ইহাতে ৬০টা গম্ম আছে। এই মস্জিদের প্লাটফরমে সা-সফি সর্বাদা উপবেশন করিতেন।

এখান হইতে দেবগণ পীরপুকুর দেখিতে চলিলেন। যে দিকে যান, কেবল বাঁশবন। এক ছানে উপস্থিত হইরা দেখেন—একটা প্রাচীনা মুসলমান রমণী ছাগলকে বাঁশপাতা থাওয়াইতেছেন। নিকটে দাঁড়াইরা একটা বাবু কহিতেছে "হাঁ গা চাটী, এখানে বাঁখা কুঁকড়োর মাংস বিক্রম হয় ?"

ু বুদ্ধা কহিতেছেন "আমিই মধ্যে মধ্যে বেচি, বেণেদের ছেলে-পিলের ব্যামো হ'লে ঝোল কিনে নিয়ে যায়।"

বাব্। আমি কোল থাব না, বাঁধা মাংস থাব। বুচি দিয়ে খেতে সাধ হয়েছে।

র্ছনা। ওমাণ তুমি বল কি ? তা হ'লে হিঁছরা তোমার ছরে নেবে কেন ?

বাব্। চাচী ! ডুব দিয়ে জগ খেলৈ শিবের বাবাও টের পান না। আর আজকাল কি ওসব বিচার আছে ?

বন্ধা। ঐবিষ্ণু এ কি। এদিকে এমন সভাভব্য, কুঁক্ড়ো খাঁর? বৰুণ, পেঁড়ো থেকে পালাই চল।

বকণ দেবগণকে লইয়া পাঁরপুকুরের পাড়ে সিয়া উপন্থিত হইলেন, এবং কহিলেন "ইহারই নাম পাঁরপুকুর। পুক্রিণীটা প্রায় পাঁচণত বৎসরের হইবে। ইহা চল্লিশ ফিট গভার। পুক্রিণীর তারে দেখুন—একটা এমামবাড়ী এবং গোযুক্রের মৃত সেনাপতিদিগের কবর বহিয়াছে। এখানে অনেক মৃলন্মান সাধুর কবর আছে। এমামবাড়ীট ফতে খাঁ নামক এক ব্যক্তি বারা নির্দিত হয়।

নারা। বরুণ । ঐ ফকির ব'লে কি করিতেছে ?

বৰূপ। উনি এই পীরপুকুরের রাজা। পুকুরের যাবতীয় জনজন্ত উহার আক্রাকারী। এই জনে একটি কুন্তীর আছে, উনি ভাকিলে ভালার আইনে।

উপ এই কথা ভনিয়া ছুটিয়া গিয়া কহিল. "প্রগো, একবার ক্ষীর ছাক না।" ফ্রির কহিল, "কিছু খাইতে না দিলে অসিবে কেন ?" উপ তৎপ্রবণে একটা পরদা দিল, ফকীর "ফতে খা!'' শব্দে ভাকিতে গাসিল, অমনি কৃষ্টীরটি ভাকার আসিয়া উপস্থিত হইল।

বরুণ। পিতামহ ! আমাদের যেমন গঙ্গালানে মহাপুণ্য, মুদলমানদিগের তৈমনি পীরপুকুরে লান করিলে মহাপুণ্য দঞ্চয় হয় ; এজন্ত তিথি-নক্জবিশেৰে অনেক মুদলমান যাত্রী এখানে লান করিতে আইদে।

উপ। বরুণকাকা! এসনা—আমরা পীরপুকুরে স্নান করি।

বরুণ। না, না. ও বাঁশপাতা-পচা জলে স্নান কবিলে মালেবিয়া জর হবে।
এই সময়ে দেবগণ দেখেন শ্রামার মা, ক্ষেমার মা, মেস্তার মা বাঁঝা মেয়েদের
সঙ্গে করিয়া দূরদেশ হইতে সিন্নি ভাগাইতে আসিতেছে। শ্রামার মা
কহিতেছে—"আহা! শ্রামার আমার ছেলে হবার জক্ত কত কি করিলাম,
কত কবচ ধারণ, হোম, পূজা করা হ'ল, কিছুতেই কিছু হ'ল না। বড় মাসী
ব'লেন 'মা এত ক'র্চো কেন ? পেঁড়োয় গিয়া সিন্নি ভাসিয়ে এস; যদি
ভাসে, নিশ্চয় শ্রামার ছেলে হবে।' তাই শুনে ত এলাম, এখন কপালে কি
আছে পীরই জানেন।" ক্ষেমার মা কহিল "আমারও ঐ জন্তে আসা; এখন
বাবা মাণিকপীর যদি আমার ক্ষেমার কোলে একটি রাঙ্গা থোকা দেন, আবার
এসে ভাল ক'রে সিন্নি দেব। সকলে ব'লে—তারকেশ্বরের মোহস্তের কি
একটা ভাল ঔষধ আছে সেই খানে নিয়ে যাও, নিশ্চয় ছেলে হবে। শুনে
যাবার উদ্যোগ ক'র্চি. এমন সময় জামাই যেতে দিলেন না। ব'লেন—
মোহস্ত ঘানী চানতে গিয়ে সে চমৎকার ওষধটো ভলে এসেছে।"

छेथ । कर्खा (कार्रा ! व्यावाव स्मरे क्वांकां हेन् हेन् क'वृत्ह ।

পিতামহ "ভয় নাই: ভয় নাই" "তারকনাথ তোকে ভাল ক'র্বেন" বলিয়া চারিটা পয়দা উপ'র কপালে স্পর্শ করাইয়া গেঁটে রাখিলেন এবং দকলে জ্বীলোকদিগের পশ্চাৎ পশ্চাৎ আদিয়া দিল্লি ভাদান দেখিবার জন্ম পুকুরের নিকট উপস্থিত হইলেন।

প্রবিশীর তীরে উপন্থিত হইয়া শ্রামার মা, ক্ষেমার মা, মেস্তার মা উর্
হইয়া "চিপ" "চিপ" শব্দে পীরকে প্রণাম করিল, এবং পোঁটলা হইতে
কলার পাতে বাধা দিন্নি বাহির করিল। প্রথমে শ্রামার মা জলে দিন্নি দিলেন।
েবামাত্র একটা মংশ্রু আদিয়া পাতা হছ দিন্নি লইয়া জলে ভূব দিল;
স্বীলোকেরা দবিশ্বয়ে কহিতে লাগিলেন "শীর ভূবাইয়াছন—এখন ভাস্লে
বাঁচি। তাহা হইলে বাহা আমার ছেলে কোলে পাবে।" কিয়ংশ্বন পরে

দেবগণের মর্ভো আগমন

মন্ধ পাতা জলের উপরে উঠিল, কিন্তু নিকটে আসিল না; তথন শ্রামার মা হতাখাদ হইয়া মরাকারা আরম্ভ করিলেন। মেন্ডার মা এবার দিরি ভাদাইলেন; তাঁহার দিরি ভূবিল। কিন্তু যে মৎক্রটী মূথে করিয়া লইয়া গিয়াছিল, তাহার মূথ হইতে অপর একটা মৎক্র কাড়িয়া লইবার উল্নোগ করাতে কতক পাটালী জলে পড়িল এবং অত্যন্ত দিরিদহ মৎক্রটা পাতা মূথে করিয়া তীরের দিকে আদিল; মেন্ডার মা অমনি "ঐ ভেনেছে" "ঐ ভেনেছে" বলিয়া লাফাইয়া জলে পড়ায় মৎক্রটী দিরির পাতা ফেলিয়া পলাইল। মেন্ডার মা দিরি হাতে পাইয়া সহর্ষে উল্ দিতে বিতে তীরে উঠিলেন। ক্রেমার মারও ঠিক ঐ দশা ঘটিল। তথন উভয়ে জাকাইয়া উল্ দিতে লাগিলেন। শ্রামার মা কাদিতে কাদিতে কহিলেন "পোড়া-কপালে পীরের আমি যে কি ক'রেছি, ব'ল্ডে পারিনি। সকলের সিরি ফেরত দিলে, কেবল আমার দিলে না! গোল্লায় যান, গোল্লায় যান।"

দেবগণ এই সমস্ত দেখিয়া হাস্ত করিতে করিতে নগরের উত্তর দিকে একটা বৃহদাকার পুষ্কবিণীর তীরে উপস্থিত হইয়া সবিশ্বয়ে চাহিতে লাগিলেন এবং পিতামহ কহিলেন "বরুণ! এ পুষ্কবিণীটি কি ?"

বক্ণ। এই পুছবিণীটা প্রায় ১৩২ হাত বিস্তৃত। গোষ্দ্রের পূর্বে পাঙ্মার হিন্দুদিগের মনে বিশাস ছিল—যুদ্ধে কাহারও প্রাণডাগ হইলে ইহার পবিত্র জলে প্রাণদান করিতে পারে। অভএব এই পবিত্র সরোবরটা পাঙ্মার থাকিতে কেহ নগর আক্রমণ করিয়া জয়লাভ করিতে পারিবে না। কিন্তু গোষ্ট্রে যে সমস্ত সৈন্ত হত হইয়াছিল, তাহারা প্রাণ পাইল না দেখিয়া কহিল "নিঃসন্দেহে মুসলমানেরা ইহার পবিত্র ভলে গোমাংস নিক্ষেপ করিয়া অপবিত্র করিয়া দিয়াছে।"

ব্ৰহ্ম। গোযুদ্ধ হয় কোখায় ?

বৰুণ। আজে, ঠিক টেশনের সন্নিকস্থ ময়দানে। বেলওয়ে রাস্তা ও টেশন নির্মাণ সময়ে বিশ্বর কবর ভগ্ন হওয়াতে অনেক মড়ার মাথার খ্লি, হাড়. পাঁজর বাহির হইয়াছিল।

দেবগণ আবার একদৃষ্টিতে পবিত্র পৃষ্কবিশীটার দিকে চাহিয়া দেখিতে লাগিলেন—উহার পাড় প্রকাণ্ড উচ্চ। কোন পাড়ে একটা ভাঙ্গা ঘাট পতিত, থাকিয়া ইহার পূর্বের সৌন্দর্ব্যের সাক্ষ্য দিতেছে। কোন পাড়ে বছকালের একটা সামান্ত গৃহ বর্তমান রহিয়াছে। জনে অসংখ্য পল্লফুল, লালফুল ও মধ্যে

মধ্যে পানীক্ষলের গাছ সকল বিরাজ করিতেছে। জলের ধারে কর্দমের উপর দিয়া বকেরা নিঃশব্দে পদ নিক্ষেপ করিয়া কৃত্র কৃত্র মংশু ও কীট পতক ষাহা সমূথে পাইতেছে ধরিয়া ধরিয়া থাইতেছে। তীরে প্রকাণ্ড প্রকাণ্ড অবশ্ব ও বট বৃক্ষের উপর মাচরাঞ্চা, শিক্রে ও অক্যান্ত পক্ষী সকল বসিয়া একদৃষ্টিতে জলের প্রতি চাহিতেছে এবং সময়ে সময়ে নক্ষত্রবেগে উড়িয়া আসিয়া জলে তৃব দিয়া কৃত্র কৃত্র মংশু মূথে করিয়া লইয়া গিয়া আহার করিতেছে। তীরে অসংখ্য গরু চরিতেছে। মৃগলমান রাখালেরা বৃক্ষতলে বসিয়া জংলা স্করে এবং আড়থেমটা তালে গান করিতেছে—

কানি পীর কি ফারে ফেলালে আজ মোরে।
ও মৃই পুকর পাড়ে হেরিয়ে এলুম মাম্রে॥
কেন্তে টোকা দিয়ে মোর হাতে, কোল্কি আর পাচুনি লিয়ে,
মাম্ ঢোক্লো কোন্ পথে; ও মৃই ঠেউরে কিছু টার পেলুম না,
মাম্ ভোব্লা বৃঝি পোকুরে॥

দেবগণ গান শুনিতে শুনিতে এক শ্বানে উপস্থিত হইলে ইন্দ্র কহিলেন "পেঁড়োয় কি পূর্বের নদী ছিল ?" সমূথে শুষ্ক নদীয় মত কি দেখা যাইতেছে ?"

বরুণ। ১২০০ সালে পাঙ্যা যথন রাজকীয় স্থান ছিল, তথন নগরের চতুর্দ্দিকে প্রায় পাঁচ মাইল বিভূত অত্যুচ্চ প্রাচীর এবং প্রাচীরের সংলগ্ন হুগভীর পরিথা ছিল। সেই পরিথার বর্তমান চিহ্ন দেখিয়াই তুমি নদী ভাবিতেছ।

উপ। বৰুণ-কাকা। দেখা যাচ্চে--প্ৰটা কি ?

বকণ। দেবরাজ। সম্থে একটা বৃহদাকার করে দেখ। ঐ কররে আনেকগুলি মৃদ্দমান চিরনিজা-মুখ অফুতর করিতেছেন। পিডামহ! একণে চল্ন. মগরার টিকিট লইয়া ত্রিবেণী যাই। ত্রিবেণী বলদেশের মধ্যে একটা মহাতীর্থম্বান। কারণ, প্রয়াগে গলা যম্না সরম্বতী একত্র হন এবং ত্রিবেণীতে আসিয়া উহারা তিন দিকে পৃথক্ হইয়া যান। এই নিমিন্ত ত্রিবেণীর অপর নাম মৃক্তবেণী এবং এই কারণেই ত্রিবেণী মহাতীর্থ।

্ৰহ্মা। বৰুণ! ত্তিবেণীতে যাইলে ত গঙ্গার সহিত সাক্ষাৎ হইতে পারে ? ভূমি আমাকে ত্রিবেণীভেই লইয়া চল।

এই কথার সম্মত হইয়া সকলে টেশনের অভিমূপে চলিলেন। যাইতে যাইতে বকণ কহিলেন, "এই পলীগ্রামে প্রায় তিন হাজার লোকের বাস। তন্মধ্যে তিন ভাগ মুদলমান একভাগ হিন্দু। পূর্কে এখানে বোষেটে ভাকাইতের অত্যন্ত প্রাহ্ভাব ছিল। একণে ব্রিটিশ স্থশাসনে ভাকাইত ভূচোরের আর কোন ভয় নাই। পাঞ্মায় বিভাশিকার বিশেষ চর্চা নাই। অধিবাসীদের মধ্যে আয়মাদারেরাই সক্ষতিপয়। তাহাদের দোরাত্মো পূর্বেই এখানে চাক বাজাইয়া হিন্দু দেব দেবীর প্রতিম্র্ভি পূজা করিবার কাহারও ক্ষমতা ছিল না। পূজা করিলে উহারা দলে দলে আসিয়া প্রতিমা ভাকিয়া দিত। একণে এখানকার পোলারেরা অর্থবলে গবর্ণমেন্টে দরখান্ত ও মকদ্দমা মামলা করিয়া ভূগাপ্তা করিতেছে এবং বৎসর বৎসর হাই চারি খানি করিয়া প্রতিমার সংখ্যাও বৃদ্ধি হইতেছে। এখানে নারিকেল বৃক্ষ অধিক ; অপর্যাপ্ত নারিকেল জনিয়া থাকে।" তাঁহারা টেশনের সন্ধিকটে উপস্থিত হইয়া দেখেন, টিকিট দিবার বিলম্ব আছে। টেশনের ছই একটা ছোটখাট দেবতা একটা গৃহে বিসিয়া তবলা বাজাইয়া ঝিঁঝিট খাছাজ রাগিণী ও মধ্যমান তালে গান ধরিয়াছেন—

"এমন যে হবে প্রেম যাবে এ কভু মনে ছিল না। এ চিত নিশ্চিত ছিল পীরিতে বিচ্ছেদ হবে না॥ ভেবেছিলাম নিঃস্তর, হয়ে রব একাস্তর, যদি হয় প্রাণাস্তর, মনাস্তর তায় হবে না॥

গানটা নারায়ণের বড় মিষ্ট লাগিল। তিনি কহিলেন "বরুণ! এ গানের বাধনদার কে ?"

বকণ। এই গান যিনি রচনা করেন, তাঁহার নাম রামনিধি গুপ্ত। অনেকে ইহাকে নিধু বাবু বলিয়াই জানে। পাঞ্যার সন্নিকটন্ত চাঁপ্তা নামক গ্রামে নিধু বাবুর পৈতৃক বাস; ইনি সক্ষণিই কলিকাতা কুমারটুলিতে বাস করিতেন। ইহারা জাতিতে বৈদ্ধ। নিধু বাবুর আদিরস্ঘটিত গীতগুলি বড় রসাল ও হভাব-পরিপূর্ণ। এ সমস্ত গীত নিধু বাবুর উপ্পা নামে বঙ্গদেশে বড় বিখ্যাত। ইনি "সঙ্গীত-রত্থাকর" নামক একথানি গ্রন্থে এই সমস্ত গীত প্রচার করিয়াছেন।

নারায়ণের আরো ছই একটা গান শুনিবার ইচ্ছা ছিল; কিন্তু এই সময় টিকিট দিবার ঘন্টা দেওয়ায় দেবগণ ভাড়াভাড়ি যাইয়া টিকিট থরিদ করিলেন। শুদিকে ট্রেনও আদিয়া ষ্টেশনে উপস্থিত হইল। ভাঁহারা গাড়ীতে উটিয়া দেখেন—কালাস্তক যম পাঙ্য়ায় নামিলেন এবং দেবগণকে দেখিতে পাইয়া ভাঁহাদের কামবার নিকট আদিয়া পিভামহকে প্রণাম করিয়া কহিলেন,

"বর্ছমানে কাজ শেব করিয়া পাণ্ডুয়া দেখিতে আসিলাম ।" দেখানে আপাততঃ আমার বৈমাত্রেয় প্রাভারা (হাতুড়ে ভাজার ও কবিরাজ) বছিলেন। তাঁহাদের বাবাই বাকী কাজ শেব হইবে। আমি অভ বাত্রে পাণ্ডুয়া দেখিয়া কল্য প্রত্যুবে কলিকাভায় যাইবার মানস করিয়াছি। তথায় আপনাদিগের সহিত সাক্ষাৎ হইবার সম্ভাবনা। কলিকাভায় যাইবার আমার অভ কোন কারণ নাই। কেবল আসিবার সময় কালিন্দী করেকটা বাধাকিপি, কতকগুলো কমলা লেবু এবং ছেলেদের গাত্রে দিবার জভ্ত কয়েকথানি রেকার থরিদ করিয়া লইয়া যাইতে বিশেব করিয়া বলিয়া দিয়াছে, সেই জভাই যাওয়া।"

বন্ধা। যম! তুমি গ্রাম ও নগরগুলি ধ্বংস করিয়া কি ভাল কাজ করিন্ছে ? অংকালে সব জীবহন্তা করা কি ভোমার উচিত হইভেছে ?

যম। আজে, আমি ত স্ব-ইচ্ছায় জীবহত্যা করিতেছি না। তাহাদের ছঃথ দেখিরা ছঃথ দ্র করিতেই অগ্রসর হইয়াছি। আমি দেখিতে পাই, লোকে আর পেট প্রে ছয় পান করিতে পায় না, ছই সন্ধ্যা ভৃপ্তির সহিত অয় আহার করিতে পায় না, ভাল বস্তাদি পরিধান করিতে পায় না, হাতে পয়দা নাই অথচ দেশলায়ের কাঠিট পর্যান্ত কিনে সংসারধর্ম করিতে হয়। সেই সমন্ত কয় দ্র ক'বরার জন্ম চালান দিতেছি। যাহারা আমার আলয়ে যাইবার জন্ম হন্ত তুলিয়া ভাকিতেছে, যাহারা আমার নিকট যাইবার ইচ্ছায় জর হইবামাত্র বিলাতী ঔরধ থাইয়া পেটে শ্রীহা ও য়য়ৎ করিতেছে, যাহারা সমন্ত দিন কোন পরিশ্রম না করিয়া "আমি কথন্ ভাকিব" কেবল তাই ভাবে, তাহারি ছংখ যদি না দ্র করি,—য়ে শোকে তাপে কাদে, তাহার কায়া যদি না থামাই,—য়ে ক্রা ছফার কাতর, তাহার থাওয়া পরা যদি না ঘুচাই, আমার যে ধর্ম নামে অধর্ম হবে!

নারা। পাতৃয়ায় এলে কেন ?

٤.

যম। ভাই ! আমার অনেক দিন পর্যান্ত ইচ্ছা আছে—পীরকে এক রাত্রি অন্ধকারে রাখ্বো।

পোঁ শব্দে টেন ছাড়িল এবং কিছু দ্বে যাইলে বিপরীত দিক্ হইছে একথানি টেন আসিল। উভয় টেন নক্ষত্রবেগে সাঁং সাঁৎ শব্দে বিচাতের স্থায় অদৃশ্ব হইয়া হুপাহুপ্ শব্দে ছুটিতে লাগিল।

বনা। এ গাড়ীখানা এ খানার কাছে এলে আমার বড় ভয় হইয়াছিল।

এই সময় আকাশে সোঁ সোঁ শব্দে মেঘ আসিয়া দেখা দিল। "হড়মুড়" শব্দে মেঘ গর্জন করিতে লাগিল এবং চতুর্দ্দিক অক্ষকার করিয়া "রূপ ঝাপ" শব্দে ম্বলধারে বৃষ্টি আরম্ভ হইল। টেনও জলে ভিজিতে ভিজিতে থকেন টেশনে আসিয়া উপস্থিত হইল। টেশনটা দেখিলে বোধ হয়—যেন প্রান্তর মধ্যে একটা শিবমন্দির; কিন্ত রেলওয়ের হ্বসংখার ইহার মধ্যে যাহা চাও ভাহাই পাইবে। গৃহের এক প্রান্তে টেলিগ্রাফ চলিতেছে। এক প্রান্তে টিকিট বিক্রয় হইতেছে এবং একজন চাপরাশীও "থক্সেন" "থক্সেন" বলিয়া চীৎকার করিতে ছাড়িতেছে না। টেন থামিবামাত্র ষ্টেশনমান্তার ভিজে বিড়ালের মত গৃহ হইতে বাহির হইয়া ভিজিতে ভিজিতে গার্ডের নিকট আসিলেন।

ব্রহ্মা। বরুণ! বড় চমৎকার কলই ক'রেছে, ঝড় বৃষ্টি—কিছুতেই থেমে থাকে না। যাহা হউক, যত পথ এলাম, প্রত্যেক ট্রেশনেই কি রাত্রে, কি দিনে, কি সন্ধ্যায়, কি প্রাতঃকালে, কি ঝড়, কি বৃষ্টি, সকল সময়েই দেখিলাম টুপিতে ইংরাজী লেখা এক এক ব্যক্তি উপস্থিত হইয়া "ঘণ্টা মার" না বলিলে গাড়ী চলিতেছে না। ভাল বরুণ! উহারা কে ? আমি দেখিতেছি, উহাদের মত ছর্ভাগ্য জীব জগতে আর নাই। অতএব কি পাপে উহারা এরপ কর্মা ভোগ করিতেছে, আমাকে বিশেষ করিয়া বল।

বক্ষণ। পিতামহের শ্বরণ থাকিতে পারে—এক সময় ভগবান্ অনস্তদেব বামনরপে পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি বলি রাজাকে সত্যে বন্ধ করিয়া একটা পণ্ডিত এবং একশত জাটটা মূর্থের স্থান্ট করিলেন এবং রাজাকে কহিলেন "রাজন্! যদি শুর্গ কামনা কর, এই একশত জাট মূর্থকে সঙ্গে লইয়ে যাইতে পার; আর যদি পাতাল কামনা কর, এই পণ্ডিতটিকে সঙ্গে লইতে পার।" বলি তৎপ্রবণে কহিলেন, "ভগবন্। এক আঘটা মূর্থ হইলেও জামি সঙ্গে লইয়া স্থার্গ যাইতাম না, অতএব একশত মূর্থের সহিত আমি কি প্রকারে সর্গে বাস করিব? আপতি আমাকে ঐ পণ্ডিতটা প্রদান কর্মন, পাতালেই প্রবেশ করিলে। বলি পাতালপ্রবেশ করিলে ঐ একশত আট মূর্থ কাদিতে কাদিতে কহিল "প্রতা! আমাদিগকে স্থান্ট করিলেন, এক্ষণে আমরা কি কাজ করিব আজা কর্মন।" তৎপ্রবণে নারায়ণ কহিলেন, "কলির মধ্য সময়ে যথন ইংবাজরাজ ভাগীরথীর চতুঃশীমা বন্ধন করিয়া বেলওয়ে

ট্রেন চালাইবেন, সেই সময়ে তোমরা ষ্টেশন মাষ্টার হইয়া প্রত্যেক ষ্টেশনে বিরাজ করিবে !"

আবার ট্রেন হপাহপ্ শব্দে ছুটিতে লাগিল এবং অনতিবিল্প মগরা ষ্টেশনে আসিয়া উপস্থিত হইল। তথনও বৃষ্টি না থামাতে দেবতারা একটা দোকান্দরে বসিয়া গল্প করিতে লাগিলেন। বরুণ কহিলেন, "মগরার লোহ-নির্মিত পোলটা বড় স্থলর! এই পোলটা কুন্তী নদীর উপর অবস্থিত। ঐ নদী মগরার কিছু দ্রে যাইয়া নারিচ নিত্যানন্দপুর নামক গ্রামের নিকট দিয়া বেহলা নদীর সহিত মিলিত হইয়াছে। পরে উভয় নদী নসরায়ের নিকট দিয়া গঙ্গায় পড়িয়াছে। একশত বংসর পূর্বে মগরার থালে বিলক্ষণ লোত ছিল। একণে বালি পড়িয়া বৃদ্ধিয়া গিয়াছে। মগরার বালি বড় বিখ্যাত। কলিকাতা এবং অন্তান্ত স্থানের ধনী লোকেরা অট্টালিকাদি নির্মাণ-সময়ে এই বালিই সচরাচর লইয়া থাকেন। পূর্বে এথানে অত্যক্ত ভাকাইতের উপস্রব ছিল।"

এই সময় বৃষ্টি থামিল। আবার বৌদ্র পূর্ব্বাপেকা প্রথর তেজে দেখা দিল।
দেবপণ স্ব স্থ ব্যাপ হত্তে লইরা ত্রিরেণী-অভিমূখে চলিলেন। তাঁহারা কিছু দূরে
মাইরা দেখেন—প্রান্তরমধ্যে এক কালীমূর্ত্তি বিরাজ করিতেছেন। বরুণ
কহিলেন, "পিতামহ! এই কালীর নাম ভাকাতে কালী।"

বন্ধা। ভাকাতে কানী কি ?

বকৰ। আৰু, ভাকাতেরা ভাকাতি করিতে যাইবার সময় রজনীতে এই কালীকে পূজা করিয়া থাকে বলিয়া ইহার ভাকাতে কালী নাম হইয়াছে। দেবগণ এখান হইতে বৃহৎ বৃহৎ বাউগাছ ও পথের উভর পার্বে উভয় বাধান পূছবিশী ও ফল ফুলের বাগান দেখিতে দেখিতে ত্রিবেশীর বাজারের মধ্য দিয়া মজুমদারদের বাধা খাটে উপস্থিত হইলেন। সকলে খাটে উপস্থিত হইরা দেখেন—গদা খাট হইতে দুরে গিয়াছেন।

দেবগণ ব্যাগ-হত্তে বালি ভালিয়া গলাভিমুখে চলিলেন। পিতামহ গলাদর্শন-লালদায় যত জ্বতপদে গমন করেন, তত্ই তাঁহার চটি জুতার মধ্যে বালি
প্রবেশ করিয়া পদে পদে গমনের ব্যাঘাত জন্মাইয়া দেয়।

তাঁহারা অতি কর্ত্তে জলের নিকট উপস্থিত হইলে পিতামছ ব্যাগ ফেলিয়া হল্ডে যজ্ঞোপনীত সংযোগপূর্বক গঙ্গার স্তব আরম্ভ করিলেন :—"মা ! এসো মা ! একটাবার দেখা দেও মা ! আমি সমস্ত পথ ভোমাকে কভ ভাক্চি, कछ कैं। एिंह, रकन रम्था मिष्ठ ना मा ? এक होतांत्र अम, अक होतांत्र रम्था रम्थ, एएथ क्यू मार्थक कति। जनति । य वाकि छापाक कि शाए, कि সন্ধায় "গঙ্গা" এই বলিয়া ভাকে, তাহার সমস্ত পাপ মুক্ত হয়। জিবেণীর লোকে তৌমাকে কি আর ভক্তিভাবে ভাকে না ? তাই ভতিমানে ঘট পরিত্যাগ করিয়া দূরে এসেছ? দেবি! তুমি সর্বলোকের জননীস্বরূপা। যে ভোমাকে নিকটে পাইরা সানাদি না করে, ভাহার মুখ দেখিলে পাপ হয়। মা। পাপীর মুখ দেখে আমার পাপ হওয়াতে কি তুমি আমাকে দেখা দিতেছ না? যদি পাপ হইয়া থাকে, ডোমার জলে অবগাঁহন করিয়া দকল পাপ বিস্ত্রন দিতেছি, একটীবার দেখা দেও। আহা! আমার মাছবেরা কি কি নিৰ্কোষ ! নচেৎ মৰ্ছো এমন স্বৰ্গের ছার থাকিতে নরকে ষাইবে কেন ? তারা জানে না যে, ভক্তিভাবে গলাকৰ পাৰ্ব করিবে নরহত্যা-পাপে মৃক্ত হওরা যায়। তারা জানে না বে, গঙ্গাসানে অখনেধ যজের কল লাভ হয়। ভারা ছানে না বে, মৃত্যুকালে সর্বপ পরিমাণ গঙ্গাজন স্পর্শ করাইলে পর্ম পদ লাভ হইয়া থাকে। মা! আমার দেখা দেও। আমি যে ভোমার জন্ত তোমার দেখিবার জন্ত সংসারধর্ম ফেলে ক্ষিপ্তের ক্রায় মর্ভ্যে এসেছি মা।"

বৰুণ। আপনি কি সভা সভাই উন্মন্ত হ'লেন?

বনা। কি ক'বুতে বল ?

বৰুণ। আর ছুই এক দিন ছিন্ন হরে থাকুন, কলিকাভার যাইয়া দেখা করিরে দেব।

দেবগণ খান করিরা পুনরার বাঁধা খাটে আসিরা উপস্থিত হইলে ইজ্র কহিলেন, "এ সব ঘাট কাহার কত ?" বরুণ। এই চাঁদনী-সংযুক্ত ঘাটটা ত্রিবেণীর হরিমোহন মন্ত্র্মদার নামক এক -ব্যক্তির। ওদিকে ঐ চাঁদনী-বিহীন ঘাটটা মকুন্দ দেবের ক্রত।

हेन । मूक्न एव रक ?

বরুণ। ইনি উড়িয়ার শেষ হিন্দু রাজা। ১৫৫০ সালে ইনি উড়িয়ার সিংহাসনে আরোহণ করেন। হিন্দু দেব দেবীর উপর ইহার বিশেষ ভব্তি থাকাতে ত্রিবেণীতে একটা বাঁধা খাট ও একটা মন্দির প্রতিষ্ঠা করেন। উড়েরা এই মৃকুন্দ দেবের নাম উল্লেখ করিয়া অভ্যাপি মধ্যে মধ্যে বলিয়া থাকে— আমাদের রাজ্য এক সমন্ধ বাঙ্গালা দেশ পর্যান্ত বিশ্বত ভিল।

নারা। মুকুন্দদেবকুত বছকালের ঘাটটা অভাপি এমন আছে ?

বরূপ। মধ্যে ভান্তাড়ার চকুলাল সিংহ নামক এক জমিদার উহার মেরামত করিয়া দিয়াছেন। বেহুলা সভী চম্পাইনগর হইতে কদলীভেলাগ স্বত পতি সহ ভাসিতে ভাসিতে এই ত্রিবেণীতে আসেন এবং নেতো খোপানীর স্বাস্থ্যে আধ্যায় লন।

নারা। বিবেণীতে অনেক ভত্রলোক থাকিতে বেছলা, ধোপার বাড়ীতে ভাশ্বর লন কেন ?

বঞ্ধ। বেইলা ভেলার উপর বিদিয়া কাঁদিতে কাঁদিতে দেখিলেন—ধোণানী যথন কাপড় কাচে, তাহার পঞ্চমবর্ষীয় পুত্র অভ্যন্ত বিরক্ত করিতেছিল। অসহ হওয়ায় ধোণানী পুত্রকে এক চপেটাঘাতে হত্যা করিয়া এক স্থানে বজাচ্ছাদিত করিয়া শয়ন করাইয়া রাখে এবং কাপড় কাচা শেষ হইলে আবার জীবন দান করিয়া জোড়ে লইয়া বাটা যায়। বেহুলা, ধোপানীর অমাছবিক ক্ষমতা দেখিয়া উপকার লাভের আশার উহার গৃহে আপ্রয় লন। ঐ মৃক্দ্দ্রের ঘাটের কিঞ্চিৎ উত্তরে অর্থাৎ ত্রিবেশী ও বান্দাপাড়া নামক স্থানের মধ্যে একখানি প্রস্তর আছে। উহাকে নেতো ধোপানীর পাট কহে।

এই সময় দেবগণ ভনিলেন—অতি কীণকণ্ঠে একটি স্ত্রীলোক বলিতেছে—

"ওঁরে দুঁই খাঁব না, আর দিঁ সনে, বঁড় দাঁত ট কৈ গেছে।" দেবগণ চেরে দেখেন একটি গৃহে এক বৃদ্ধাকে গলাযাত্রার জন্ত আনিরাছে। প্রাচীনার কলালমাত্র অবশিষ্ট। কথা কহিবার ক্ষমতা নাই। অতি কটে দুই একটি কথা বাহির হইতেছে। শীতকাল—কিন্ত তাহাকে অতি প্রভূবে তৈল হরিত্রা মাথাইরা আন করান হইরাছে। ভাবের জল, দুধি, মর্ত্রমান রম্ভা এবং টিনির জল খন খন খাওরান হইতেছে। টক দুই খেরে খেরে রোগীর দাঁত

দেবগণের মর্ভ্যে আগমন

টকিয়া যাওয়ায় কহিতেছে—ওঁরে আঁর দঁই দিঁ দ্নে, বড় দাঁত ট কৈ পিঁরেছে। ''থাবে বৈ কি'' বলিয়া তথাপি তাহার মুখে দধি প্রধান করা হইতেছে।

ব্ৰহ্মা। বৰুণ! ওৱা বোগীটাকে নিয়ে কি ক'বচে?

বৰুৰ। আজে, পাট ক'বচে।

ব্ৰহ্ম। পাট করা কি?

বকণ। ত্রিবেশীতে অনেক দ্বদেশ হইতে মড়া আসিয়া থাকে। তন্মধ্যে আনেকগুলি বাসি মড়া। মৃতকর লোকগুলির মধ্যে সমরে এমন্ও হয় যে, চুই একটি আরোগ্য হইয়াও উঠে। কিন্তু ভাল হইলে কষ্ট করিয়া আনা বিফল হইল; বিশেষতঃ বঙ্গবাসীদিগের মনে এই বিশাস আছে—গঙ্গাযাত্রা করা লোক বাড়ীতে ফিরিলে বিশেষ অমঙ্গ হইয়া থাকে। অতএব এক যাত্রায় যমালয়ে পাঠানই উচিত। এজয় দ্ধি, কলা, ভাবের জল ইত্যাদি খাওয়াইয়া শীল্প দীল্প চালান দিবার চেষ্টা করাকে পাট করা বলে।

ব্ৰহ্মা। "উ:! কি নিষ্ঠা! কি পাৰও! যথন মৃত্যুকালে রোগীর মূথে বিশ্বাত গলা জল দিলে বৈকুপপ্রাপ্তি হয়, তথন ভাজাডাড়ি গলাযাতা করাইবার আবশ্রকভা কি? আর এই প্রকারে হত্যাসাধন করা কি মন্তব্যের উচিত?" দেবগণ এখান হইতে বাজারে প্রবেশ করিয়া দেখেন—লোকে লোকারণ্য। দ্বে "বাঁ কৃত্যু, কৃত্যু, কৃত্যু বাঁ" শব্যে নহবৎ বাজিতেছে। পিতামহ কহিলেন, "বৰুণ! এখানে কি হইতেছে?"

ু বৰুণ। আজে, ব্ৰহ্মাপূজা হইতেছে।

িপিতামত হাস্ত কৰিয়া কহিলেন "আমার উপর লোকের যে এত ভক্তি ?"

বৰুণ। আজে, আপনি অগ্নির দেবতা। আগনি অসভট হইলে পাছে লোকানঘরে আগুন লাগিয়া দর্মে থ পুড়ে যায়, এজন্ত আপনাকে সভট করিবার নিমিত্ত অনেক গন্ধ এবং বাজারে বর্ষে বর্ষে আপনার মৃত্তিপূজা হইয়া থাকে।

দেবগণ পূজাখানে যাইয়া দেখেন—একথানি চালা ছরে দেবমূর্ত্তি বিরাজ করিতেছেন। চালার সম্থাপ এক প্রকাণ্ড আটচালা। আটচালাথানি ঝাড়, লঠন, দেরালগিরি ও আরনার স্থাণেভিত। মৃত্তিকার সিংহালনের উপর হংলোপরি বন্ধা চারিমূথে বিরাজ করিতেছেন। ভাঁহার এক পাপে নারারণ, অপর পাথে মহাদেব বসিরা আছেন। চালে ইন্তা, চন্দ্র, রন্ধণ প্রভৃতি অনেক প্রতিমূর্ত্তি অভিত বহিরাছে। প্রতিমূর্ত্তি ভিন্টীকে এবং চালথানিকে অনেক টাকার বাং দিয়া অসজ্জিত করা হইরাছে। দেবগণ ঠাকুর দেখিতে লাগিনেন্।

নারায়ণ কহিলেন, "ঠাক্রদার আমাদের মরিবার বয়স. এক্বে হাতে বাঞ্ তাবিজ দিয়াছে কেন ?"

এই সময়ে কেব্লা ছলে ও নিধিরাম ঘোষ প্রভৃতি পাস্তা খেয়ে দলে দলে ঠাকুর দেখিতে আসিতে লাগিল। তাহাদের পরিধানে ময়লা কাপড়। ধোপ চাদর কোমরে বাঁধা। গলে কাঠের মালা, হস্তে বাঁশের লাঠি; মজে ছেলে। সকলেই প্রতিমার সম্মুখে আসিয়া স্কন্ধ হইতে ছেলে নামাইয়া মা বেমা, অয়ি ভয় থেঙে রক্ষে ক'রো" বলিয়া সাষ্টাক্ষে প্রণাম করিতে লাগিল।

উপ। কর্ত্তা জেঠা। তোমাকে মা ব'ল্চে ? ওদের পুরুষ দ্বী জ্ঞান নেই। বরুণ। উহারা বলে— যিনি প্রসব করেন, তিনিই মা। অতএব ব্রহ্মা যথন এই বিশ্ব-ব্রহ্মাণ্ডের স্পষ্টিকর্তা, তথন তিনিই মা।

এই সময় পুরোহিত পূজা করিতে আসিলেন। তাঁহার মস্তকের চূপ ফেরান। পরিধানে কালাপেড়ে ধূতী। গলে একগোছা ধোপ দেওয়া যজ্ঞোপবীত—মালাকারে রক্ষিত, পায়ে বুট ছ্তা। হস্তে একথানি পূপপাত্তে কতকগুলি পূপা, এবং মর্ঘ্য করিবার জন্ম হৎসামান্ত আতপতভূল রহিয়াছে। তিনি উপন্থিত হইয়াই "রামধন!" — "রামধন!" শঙ্কে ভাকিতে লাগিলেন। প্রবণমাত্র বাজারের কর্জা দোকানদার এবং বারইয়ারির হেড পাঙা রামধন ক্রু আসিয়া উপন্থিত হইল।

পুরো। পূজার নৈবেছাদি কই?

বাম। স্বাক্তে, যাত্রার দল আস্বে না ভনে সকলেই হতাশ হ'রে প'ড়েছে; কে আর নৈবেছ ক'রে দেয়! আপনি ঐ অর্থ্যের চালগুলি ভাগ ক'রে গঙ্গাজল ও পুসা দিয়ে পূজা শেষ করুন। প্রতিমা বিসর্জন হ'লে দৈনিক এক সিকার হিসাবে যাহা পাওনা হয়, দেওয়া যাবে।

পুরো। উত্তম মতলৰ ক'রেছ।

পিতামহ পূজার ভাবভক্তিও বরাদ ভনিয়া "পাজি বেটা।"—বলিয়া চড় তুলিয়া মারেন আর কি! অমনি বরুণ গা টিপিয়া নিষেধ করাতে চাপিয়া গেলেন।

भूरवा। याजाव कि रंग?

রাম। তারা চিঠি নিথেছে—এখানে গাইতে পার্বে না। আজ লোক পাঠিয়ে ব'লে দিইচি—য়ে দল পায়, তাই যেন নিয়ে আনে।

म्बर्गन वर्षान रहेर्छ याहेश वक्षि मार्गनयद वाना करिलन। बक्नन

বন্ধন চাপাইলে পিতামহ কহিলেন, "বৰুণ! আজ কাল মৰ্জ্যের সর্ব্বেই কি এইরূপ ভাবের পূজা ও পূজার এইরূপ বরাদ ?"

বৰুণ। আজে, প্ৰায় সৰ্বত্ৰই এইরপ। তবে স্থলবিশেৰে অক্তরণ দেখা যায়। কেহ কেহ তুই তিন খানি নৈবেছ এবং একথানি কুঁচা নৈবেছ ও তুই একটী জোড় দিয়াও পূজা করিয়া থাকে।

ইব্র। কুঁচা নৈবেছ কি ?

বকণ। একথানি পাত্রে অর্ধপোয়া আন্দান্ত চাউল বাহার ভাগে বিভক্ত করিয়া, তাহাতে আধখানি কলা ও একখানি বাতাসা বাহার খণ্ডে কুঁচাইয়া দেয়। উহাকেই কুঁচা নৈবেগ্য কহে। ঐ নৈবেগ্য—চালে অহিত ইন্দ্র. চন্দ্র, বকণ প্রভৃতিকে খাইবার জন্ত দেওয়া হয়।

ইন্দ্র। স্থামরা কি পেট ধুয়ে ব'লে মাছি ? এই মর্ছ্যে এলে হাত পুড়িয়ে বেঁধে থাচ্চি—তথাপি কি কোনও দিন কাহারও দ্বারম্ভ হইয়াছি ?

নারা। বরুণ! পুজায় ছই একটা জোড় দেয় ব'লে। জোড় কি ?

বৰুণ। যে মৃত্তির পূজা করা হয় তাঁহার পরিধানের জন্ম এক জোড়া বস্ত্র দেয়। ঐ বস্তের জোড়াটী লম্বায় এক হাত, বহরে আধ হাত। মধ্যে ছিলা দিয়া ছই থানার চিহ্ন দেখান হইয়াছে বলিয়া জোড় কহে। ঐ জোড় শিবের জাগোই বেশী পড়ে।

নারা। জানে—উনি ভোলা মহেশ্বর, উলঙ্গ হইয়াই থাকেন, পরিবেন না। লোকে দেখ্চি আজ কাল দেব দেবীর পূজা করে কেবল রঙ্গ করিবার জন্ম।

উপ। কর্তা জেঠা। আশির্কাদ কর—যে জমন পূজা ক'র্বে সে যেন নির্কাশ হয়।

দেবগণ আহারাদি করিয়া কিঞ্চিৎ বিশ্রামের পর দরকাগান্তি দেখিতে চলিলেন। তাঁহারা একটা পোলের উপর উপস্থিত হইলে বরুণ কহিলেন, "এই পোলের নিম্ন দিয়া সরস্বতী নদী প্রবাহিত হইতেছে। চেয়ে দেখুন— মমুনাও পরপারে গঙ্গার নিকট হইতে বিদায় লইয়া ধীরে ধীরে যাইতেছেন।"

বন্ধা। আহা। মা আমার এই স্থানে একা প'ড়ে!

ক্ষমে সকলে দরকাগাজিতে উপস্থিত হইয়া দেখেন—একটা প্রস্তরনির্মিত ছাদবিহীন বাড়ী বহিয়াছে। বরুণ কহিলেন, "ঠাকুর দা। প্রাচীরে গাজির ক্ছুল দেখুন। এই ক্ছুল নড়ে চড়ে, খনে না।"

"নড়ে চড়ে খসে না!" বলিয়া, নারায়ণ হাস্ত করিতে করিতে কত টানাটানি আরম্ভ করিলেন, কিন্তু কিছুতেই খুলিতে সমর্থ হইলেন না। দেবরাজ শ্রেষ্ঠতি সকলেই এক একবার চেষ্টা করিয়া দেখিলেন; সর্বলেবে উপও অনেক টানাটানি করিল।

हेट्या वक्रमा मन्नमाणि कि ?

বৰুণ। দ্বাফ খাঁ নামক এক মুদলমান গঙ্গাবাদী হইয়া এই স্থানে গঙ্গাব আবাধনা করেন। তাঁহারই নাম অন্ত্যারে স্থানটিকে দ্বফাগাজি কহে।

বন্ধা। বৰুণ। দ্বাফ থা মুদলমান হইয়া কি জন্ত গঙ্গাবাদী হইলেন ? বৰুণ। কথিত আছে—দ্বাফ খাঁ একজন ধনাচ্য মুদলমান ছিলেন। এক দিন সন্ধ্যার পর স্থানাস্তর হইতে যথন তিনি নিমন্ত্রণ খাইয়া প্রত্যাগমন করিতেছিলেন, পৃথিমধ্যে অকল্পাৎ অত্যন্ত বৃষ্টি হইতে আরম্ভ হইল। তাঁহার সঙ্গিপ তাঁহাকে পরিত্যাগ করিয়া কে কোথায় পলায়ন করিল-ভিনি কিছুমাত্র স্থির করিতে পারিলেন না। স্থতরাং বৃষ্টি হইতে আত্মরক্ষার **জন্ম অগ**ত্যা পথিপার্যন্ত শ্বশানভূমির সন্নিকটে একটা বটবুকের তলে তিনি আশ্রম লইলেন এবং বুক্ষোপরিস্থ ভূত ও প্রেতিনীর কথোপকথন ভনিতে नांगितन। त्थिष्नि कहिएएह "छाहे! षामात्र कि विवाह रहेरव ना, চিবদিনই অবিবাহিত থাকিব?" ভূত কহিতেছে "দিদি! অমুক গ্রামে দরাফ থার ভ্াতে আগামী কল্য সেই বাড়ীর বুধিয়া গাই শৃঙ্গাঘাতে হত্যা কবিবে, সে মরিয়া ভূত হইবে। সেই ভূতের সহিত তোমার বিবাহ দিব।" দরাফর্থা এই কথা শুনিয়া বাড়ীতে প্রত্যাগমন করিলেন; কিন্তু কাহারও নিকট কোন কথা প্রকাশ করিলেন না। প্রাতে উঠিয়া ভূতাকে একটা গৃহমধ্যে বন্ধ করিয়া ছারে তালা লাগাইয়া কার্য্যবশতঃ স্থানাস্তরে প্রস্থান করিলেন। ষাইবার সময় তিনি চাবিটী ফেলিয়া গেলেন ও তৎপত্নী তাহা সুড়াইয়া রাখিলেন। এদিকে বুধিয়া দড়া ছিঁড়িয়া অতাস্ক উপদ্রব আরম্ভ করিল। সে যাহাকে দেখে, "ফোন" "ফোন" শব্দে ছুটিয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল। এক একবার নক্ষত্রবেগে বাটার বাহির হইয়া গঙ্গাতীরে পুরিয়া আসিতে লাগিল। দরাফথার পত্নী বেগতিক দেখিয়া গরুটাকে বাঁধিবার षण ভূত্যকে গৃহের বাহির করিয়া দিলেন। হতভাগ্য যেমন বুধিয়াকে বন্ধন ক্রিতে যাইবে, বুধিয়া অমনি ছুটিয়া গিয়া শৃদ্ধাঘাতে তাহাকে হত্যা করিল এবং তার পর শাস্ক মূর্ডিতে নিজস্থানে যাইয়া ইাড়াইন।

দেবগণের মর্জ্যে আগমন

ইনি রাজপ্রতিনিধি ওয়ারেণ হেষ্টিংসের আদেশে "বিবাদভলার্ণবসেতু" নামক একথানি বৃহদাকার হিন্দু ব্যবস্থা-গ্রন্থ প্রণয়ন করিয়া গ্রন্থনিক ইইতে মাসিক পঞ্চণত মুদ্রা বৃত্তি লাভ করেন। সার্ উইলিয়ম জোল ইহার নিকট সংস্কৃত-ভাষা শিক্ষা করিতেন। ইহার জীবদ্দশায় কলিকাতা ও হুগলি হইতে বড় বড় সাহেবেরা ইহার নিকট ত্রিবেণীতে পরামর্শ লইতে আসিতেন। ইনি একশত ত্রেয়াদশ বৎসর জীবিত থাকিয়া প্রাণত্যাগ করেন।

দেবগণ বাজারে আসিয়া দেখেন—পাণ্ডারা হরিধ্বনি দিতেছে। কারণ বারইয়ারি তলায় যাত্রার দল উপস্থিত। চাহিয়া দেখেন—গোঁপ-কামান কাল কাল মিলেগুলো এবং মস্তকে দ্বীলোকের জায় চুলওয়ালা ছেলেগুলো দাঁড়াইয়া আছে। বৰুণ কহিলেন, "উহারাই যাত্রার দলের লোক।"

দেবতারা পুনরায় ভাগীরথীতে সদ্যা আছিক করিতে চলিলেন। উপ, দোকানঘরে তাঁহাদের দ্রব্যাদি আপলাইবার জন্ত বসিয়া রহিল। চাঁদনীতে উপস্থিত হইয়া বরুণ কহিলেন, "বাম দিকে দেখা ষাইতেছে ভাকাইত-প্রধান স্থান ভূম্রদহ। এক সময় ঐ স্থানের বালক বৃদ্ধ সকলেই ভাকাইত ছিল। ঐ গ্রামের লোকেরা বাটাতে অতিথিদিগকে বাসা দিয়া রজনীতে প্রাণ সংহার করিত। দিবসে মৎক্রমীবীরা মৎক্র ধরিত এবং রজনীতে নোকায় বোহেটেগিরি করিত। ফলতঃ সে সময়ে কি জলপথ, কি স্থলপথ, কোন পথেই ভূম্রদহের নিকট দিয়া টাকা কড়ি সহ কেহ যাইলে নিজ্ঞার থাকিত না। প্রায় ৬০ বৎসর অতীত হইল, বিখ্যাত ভাকাইত বিশ্বনাথ বাবু এই স্থানে বাস করিতে। ইহার অধীন ভাকাইতেরা নোকাযোগে যশোহর পর্যান্ত ভাকাইতি করিয়া বেড়াইত। পরে মন্ত অবস্থায় বিশ্বনাথ বাবু কতিপন্ন সঙ্গীর সহিত গৃত হন ও তাঁহার ফাঁসি হয়। যে বাড়ীতে তিনি বাস করিতেন, উহা গঙ্গাতীরের সন্নিকটম্ব একটি দোতালা কোঠা। ঐ বাড়ীর ছাদ হইতে গঙ্গার বছদ্র পর্যান্ত কোথায় কে আছে দেখিতে পাওয়া যাইত।"

নারা। বাবু ভাকাইত ?

বৰুণ। হাঁা, ইনি অগ্রে দংবাদ দিয়া শিবিকারোহণে ডাকাইতি করিতে যাইতেন। এক সময়ে আশানন্দ ঢেঁকী এই ডুম্রদহে বড় বঙ্গ করিয়াছিলেন। ইস্ত্র। আশানন্দ ঢেঁকী কে ?

বৰুণ। ইনি অভান্ত বলবান্ পুৰুষ ছিলেন এবং ছুই হল্তে ছুইটা চেঁকী তুলিয়া অবলীলাক্ৰমে ঘুৱাইতে পারিতেন বলিয়া ঢেঁকী উপাধি প্রাপ্ত হন। ইনি

লেখাপড়া ভাদুশ আনিতেন না। অনেকে বলে—শান্তিপুরে ইহার বাড়ী ছিল। কিন্তু গুপ্তিপাডায় বিবাহ করাতে সচবাচর খালুরালয়ে বাস করিতেন এবং ঐ স্থানের বৃন্দাবনচন্দ্র নামক বিগ্রহের বাড়ীতে চারি পাঁচ টাকা বেতনে ্গোমস্তাগিরি কর্ম করিতেন। এক সময়ে আশানন্দ হুগলি হইতে বুন্দাবনচন্দ্রের কয়েক শত টাকা লইয়া গুপ্তিপাডায় প্রত্যাগমনকালে ডমুরদহের দীবির ধারে বসিয়া ফলার করিতেছিলেন, পশ্চাতে চাহিয়া দেখেন—ছই জন লাঠিয়াল দণ্ডায়মান বৃহিয়াছে। তাহাবা কেন দণ্ডায়মান বৃহিয়াছে জিজ্ঞাদা করিলে বলে "ভুমুরদহে কিদের ভয়, ভাহা কি ভুমি জান না ?" "জানি, দাঁডা-এই কয়টা থেয়ে নিই" বলিয়া আশানন্দ আহার সমাপনান্তে দীঘির জলে মুখ হাত প্রকালন করিয়া যেমন উপরে উঠিতেছিলেন. ছাকাইতের। তাঁহাকে ঘন ঘন আঘাত করিতে লাগিল। তথন আশানন্দ তাহাদিগের প্রতি চাহিয়া ঈষৎ হাস্তপর্বক উভয়ের হস্ত হইতে ষষ্টি কাডিয়া লইলেন ও ছুই জনকে ছুই বগলে করিয়া গুপ্তিপাড়ায় উপস্থিত হইলেন এবং খন্তরকে কহিলেন, "কি চটী জন্ত ধরিয়া আনিয়াছি—প্রদীপ আনিয়া দেখন।" খন্তব প্রদীপ আনিয়া দেখেন—ছটি লোক অচৈতক্ত অবস্থায় আছে। তৎপরে আশানন্দ তাহাদের চোথে মথে জলের ছিটা দিয়া চৈত্তা সম্পাদন করিয়া উল্লয়রূপে আহার করিতে দিলেন। কিন্ধু বিদায়কালে, পাছে তাহারা পুনরায় মন্ত্রগ্রহত্যা করে এই আশকায়, ছুই জনের ছুই থানি হস্ত ভাঙ্গিয়া দিয়াছিলেন।

ব্ৰহ্মা। বৰুণ! আশানন্দ কি বলবান্ পুৰুষই ছিল! আমার বোধ হয়, সে রীতিমত যুদ্ধবিতা শিক্ষা করিতে পারিলে কলির ভীম হইতে পারিত।

ইন্দ্র। আর কি তেমন ঢেঁকী জন্ম ?

বৰুণ। এক্ষণে বিভার চেঁকী বিস্তব পাওরা যায়, বলের চেঁকী বিরল। হয়েছে কি জানেন, আর এখন কেহ কৃষ্টি কি ব্যায়ামশিকা করে না। আর যদিও কেহ করে, তাহাদের তেমন খোরাক জোটে না। তছিল পূর্কের জায় নির্জ্ঞল হয় ও খাঁটি শ্বত কাহারও পেটে পড়েনা; স্থতরাং চেঁকী জারিলেও সাধারণ্যে প্রকাশ পায় না।

দেবগণ সন্ধ্যা আহ্নিক সমাপ্ত করিয়া দোকানদরে আদিয়া জলযোগ করিলেন এবং অনেক দ্বাত্তি পর্যান্ত সকলে বিদিয়া গল্প করিতে লাগিলেন। ভাঁহারা অর্গ হইতে কত টাকা আনিয়াছিলেন, এ পর্যান্ত কত থবচ হইয়া

দেবগণের মর্ভো আগমন

কত আছে এবং যাহা আছে, তাহাতে আর কত দিন চলিতে পারে, এ বিষয়ে মুখে মুখে একটা হিসাব করিলেন।

ক্রমে বাজারে লোকে লোকারণা। বারোইয়ারি-তলায় যাত্রা বিদয়াছে।
শুলীরা "বা ঘিচা" "বা ঘিচা" শব্দে থোল বাজাইতেছে। পিতামহ "উপ!
ওঠ্—যাত্রা ভত্তে যাই" বলিয়া উপকে তুলিলেন এবং সকলে আসরে গিয়া
উপবেশন করিলেন। তাঁহারা গিয়া বসিবার অব্যবহিত পরেই সাজানো রুক্ষ
আসিয়া দেখা দিলেন। তাঁহার ম্যালেরিয়া জরে পেটে প্রীহা ও যরুৎ হওয়ায়
পেটটা মোটা হইয়াছিল। গাত্রের বর্ণে প্রক্তই রুক্ষ। পরিধানে ছেঁড়া
নেক্ডার পীতধড়া। বক্ষে থড়ি-মাটির ধ্বজ-বজ্লাঙ্ক্শ-চিহ্ন। মন্তকে শোলার
ছুড়া। হল্তে বাঁশীর স্থলে একগাছি লাল ছড়ি। ছোঁড়াটা আসিয়া দেবগণের
সম্মুখে ত্রিভঙ্গ হইয়া দাঁড়াইল। তাহার ভঙ্গী দেখিয়া দেবগণ হাস্থ করিতে
লাগিলেন; নারায়ণ কিছু লজ্জিত হইলেন। এই সময় খুলীরা আবার বাছ
আরম্ভ করিল—"তাক্ তাক্ তাক্তা ঘিনা"—"ঘিচাং ঘিনা তাক্তা ঘিনা"—
অমনি রুক্ষ মুখে হাত দিয়া "আয় আবু আবু ধবলি। মা ননী দে।" শব্দ
করিয়া তালে তালে পা ফেলিয়া নৃত্য আরম্ভ করিল। পিতামহ নৃত্য দেখিয়া
হেনে লুটে পড়িলেন। দেবগণ নারায়ণের কানে কানে কহিলেন "ভাই,
পেটের জালা ধ'বলে তুমি কি ঐ বেশে ঐরপ নৃত্য ক'রে ননী চাহিতে ?"

নারা। বাং! তা চাব কেন ? বাঙ্গালীদের বড় অস্তায়! আমাকে তাহারা দেবতা ব'লে পূজা ক'বৃতেও ছাড়ে না, আবার স্থলবিশেষে সং সাজিয়ে বানর-নাচও নাচিয়ে থাকে।

এই সময়ে আটচানার বাহিবে একপাল ছেলে গান ধরিল। ক্রমে দলটা গান করিতে করিতে আসরে আদিয়া দেখা দিল। তৎপশ্চাৎ পশ্চাৎ গোঁপ-কামান স্থুলকায় রুক্ষবর্ণ দৃতীও আসিয়া উপস্থিত হইলেন। সকলে আসরে আসিয়া এই ভাবে অমণ করিতে লাগিলেন, যেন রাস্তা দিয়া চলিয়া যাইতেছে। সাজান রুক্ষ উঠিয়া এক প্রাস্ত হইতে কহিল—"বিন্দেও বিন্দে! বলি কথা কও"—"দৃতি, দৃতি! বলি কথা কও; ছটো কথা কওয়ায় দোষ কি? বিন্দেও বিন্দে—"

বিশে অমনি চক্ছটী ঘুরাইয়া, ভাইনে বাঁয়ে সেই সমস্ত ললিতা বিশাথা প্রভৃতিকে লইয়া লগ্নের দিকে চাহিয়া ছুই হস্ত বিস্তার করত দেবগণের সন্মুথে দাঁড়াইয়া অতি মুহু স্বরে গান ধরিল:— কৈব কি কথা, নহে কবার কথা;
কইলে কথা লোকে বলে কত কথা।

(-পুনশ্চ ঘাড় হেঁট করিয়া হস্ত নাড়িয়া অতি সজোরে)—

কৈব কি কথা, নহে কবার কথা;
কইলে কথা লোকে বলে কত কথা।
ক'বুলে তোমার নাম, হয় হে ছুর্নাম,
সে বদনামে শ্রাম, তোলা যায় না মাথা॥
কইলে কথা যদি কেহ দেখতে পায়,
কিষা লোকম্থে যদি ভস্তে পায়,
যে প্রকারে হউক যদি প্রকাশ পায়,
হবে নিক্রপায়, দে বড লক্ষার কথা॥

শ্রোত্বর্গ এই সময় চতুর্দিক্ হইতে "হরি হরি বল ভাই" বলিয়া চীৎকার করিয়া 'উঠিল। নারায়ণ চটিয়া আগুন। তিনি দেবগণকে কহিলেন, "আপনারা যাত্রা শুরুন, আমি চ'লাম। কি ব'ল্বো আজ যদি সে মূর্ত্তিতে জীবিত থাক্তাম তা হ'লে বেটাদের নামে ডিফামেসন অব্ ক্যারেক্টরের দাবিতে নালিশ ক'রে আচ্ছা জব্দ কর্তে পার্তাম" বলিয়া গাত্রোখান করিয়া চলিয়া যাইলেন। দেবগণের ভাগ্যেও আর গান শুনা হইল না, পশ্চাৎ পশ্চাৎ চলিলেন।

প্রাতে দেবতারা গঙ্গান্ধান করিয়া মগরা অভিমুখে চলিলেন। তাঁহারা বারোয়ারি তলার নিকট উপস্থিত হইয়া দেখেন—লোকে লোকারণ্য, সকলেই একঘাকো কহিতেছে—গান বড্ডো জমেছে। তাঁহারা শুনিলেন—আটচালার স্বধ্যে বালকগণ নাচিতে নাচিতে এই গান্টা ধরিয়াছে:—

আর আমি যাবনা সথি! যম্নার জলে।
নিতান্ত লম্পট কৃষ্ণ কলদী দেয় ফেলে;
দৃতি কাঁকের কলদী দেয় ফেলে॥

নারা। উৎসন্ন যাও।

ব্ৰহ্মা। বৰুণ! অবতার হ'ল বৃন্দাবনে; এরা এত পেয়ে বস্লো কেন?
সকলে ত্রিবেণীর বাহিরে খাইলে বৰুণ কহিলেন "এই ত্রিবেণী এক সময়
অনাকীৰ্ণ নগর ছিল। তখন ইহার শোভা-সমৃদ্ধির পরিসীমা ছিল না। স্থাসিদ্ধ
আর্থি রব্দুনন্দন ভট্টাচার্যা প্রণীত প্রায়স্তিত্তত্ত্বে লিখিত আছে;—

দেবগণের মর্জ্যে আগমন

"প্রত্যমন্ত হদাৎ যাম্যে সরস্বত্যান্তথোত্তরে। তদক্ষিণঃ প্রয়াগন্ত গঙ্গাতো যম্না গতা। স্মাতা তত্তাক্ষয়ং পূণাং প্রয়াগ ইব লক্ষাতে।"

এক সময় এখানকার জল-হাওয়া বঙ্গদেশের মধ্যে দর্কোৎকৃষ্ট ছিল। সেই সময় কলিকাতা ও অক্সান্ত ছানের জমীদারেরা এখানে স্থান-পরিবর্তনের জক্ত আসিয়া বাস করিতেন এবং এখান হইতে পানীয় জল লইয়া যাইতেন। এই স্থান যে স্বাস্থ্য সম্বন্ধে ভাল ছিল, তাহা অনেক পুস্তকাদিতেও দেখিতে পাওয়াঃ যায়; কারণ ৩৩৫ বৎসর হইল, কবিকৃষ্ণ স্বর্বচিত কাব্যমধ্যে ত্রিবেশীসম্বন্ধ্যে লিখিয়াছেন;—

সপ্তগ্রামের বেণে দব কোথাও না যায়।

ঘরে ব'দে হংথ মোক্ষ নানা ধন পায় ॥

তীর্থমধ্যে পুণ্য তীর্থ অতি অন্থপম।

দপ্তক্ষবি-শাদনে বলয়ে দপ্তগ্রাম ॥

কাণ্ডারীর বচনে করিয়া অবগতি।

ত্রিবেণীতে স্নান করেন সাধু ধনপতি ॥

নায়ে তুলে দদাগর নিল মিঠা পানী।

বাহ বাহ বলিয়া ভাকেন ফরমানী ॥

ব্ৰহ্ম। কবিক্ৰণ কে?

বরণ। ইহার অপর নাম মৃহক্ষরাম চক্রবর্তী। ইনি হর্তমান জেলার অন্তঃপাতী দাম্ভা নামক গ্রামে জর্মগ্রহণ করেন। ইঁহার পিতার নাম হৃদর মিলা; যদিও ইঁহাদের প্রকাশ্ত উপাধি মিলা—কিন্ত এতদ্বেশে চক্রবর্তী উপাধিতেই বিখ্যাত। ইনি জীবনের প্রথমাবস্থায় বিশেষ কট পাইয়াছিলেন, শেষাবস্থায় রাজা রঘুনাথ রায়ের ঘারা প্রতিপালিত হন এবং তাঁহারই আদেশে চণ্ডীকাব্য রচনা করেন। ইনি বাঙ্গালা ভাষায় এক জন প্রধান করি। সমাট্ আকবরের সময় ইনি জীবিত থাকিয়া জাহাঙ্গীরের রাজ্যারন্ত-কালে প্রাণত্যাক্ষ করেন।

নারা। ত্রিবেণীর অপরাপর বিষয় বল ?

বরুণ। সরস্বতী থালে অভাপি মৃত্তিকা খনন করিবার স্ময় অনেক গুণবুক্ষ, জীর্ণ নৌকা, ভাঙ্গা ভক্তা ও শৃঙ্খলাদি প্রাপ্ত হওয়া যায়। গ্রামের-কোন কোন অংশে মৃত্তিকা খনন করিতে করিতে অনেক ইউকাদি ও আট্টালিকাদির চিহ্ন দৃষ্ট হইয়াছে। ফলতঃ কাল সকল সময়ে সকল স্থানকে এক ভাবে রাথে না। কালের স্রোতে ত্রিবেণী একণে অরণাপূর্ণ ও মহয়-বিহীন হইয়াছে। চুর্দান্ত ম্যালেরিয়া, গ্রামন্থ অপর লোকগুলিকে গ্রহণ করিবার চেষ্টা করিতেছে। এখানকার লোকের চরিত্র সাধারণতঃ মন্দ নহে। মাতাল অপেকা গুলিখোরের সংখ্যা বেশী। ইহাদের আশক্ষায় জীলোকেরা প্রাতে গঙ্গান্ধান বন্ধ করিয়াছে। ত্রিবেণীতে গ্রহণ ও উত্তরায়ণের সময় বিস্তর্থ যাত্রী গঙ্গান্ধানে আদিয়া থাকে। চ'লে আক্রন, টিকিটের ঘণ্টা দিয়াছে।

দেবগণ জ্রুতপদে যাইয়া টিকিট লইতে না লইতে ট্রেন আসিয়া উপস্থিত হইল। সকলে তাড়াতাড়ি টিকিট থরিদ করিয়া গাড়ীতে উঠিয়া বসিলেন। ট্রেন আবার নক্ষত্রবেগে ছপাছপ শব্দে ছটিতে লাগিল।

উপ। ঠাকুর কাকা! "কলসী দেয় ফেলে"—ও গানটা তোমার মনে আছে ?

নারা। আবে জেঠা ছেলে। তুই কি চুপ ক'রে ব'লে থাক্তে পারিস নে ?

ক্রমে টেন হুগলিতে আসিয়া উপস্থিত হইল। দেবগণ গেটে টিকিট দিয়া বাহিরে আসিলেন এবং একখানি ঘোড়ার গাড়ী ভাড়া করিয়া নগরাভিম্থে চলিলেন।

ভগলী

বৰুণ। হুগলী এক সময় অতি সমৃদ্ধিশালী নগর ছিল। ইহার পূর্বের নাম গোলিন; কিন্তু ক্রমে ক্রমে শেষস্থ নকারের লোপ হইয়া গোলি, তৎপরে হুগলী নাম হইয়াছে।

এই সময় গাড়ী একটা বৃহদাকার বাগানের নিকট উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বরুণ! এ বাগানটা কাহার?"

বরুণ। এটা জীবন পালের বাগান। বাগানটা আয়তনে অত্যম্ভ বৃহৎ। পূর্ব্বে এই বাগানের সন্নিকটে অত্যম্ভ দম্যভয় ছিল।

ইন্দ্র। ওদিকে দেখা যাইতেছে—ও বাড়ীটী কাহার?

বৰুণ। জজ সাহেবের বাড়ী। উহার সন্নিকটস্থ ঐ বাড়ীটা রেভারেও লালবিহারী দের। দ্বে দেখ সিঙ্গুরের নব বাবুর বৈঠকখানা। পূর্বে ঐ বৈঠকখানায় হুগলীর নর্মাল স্থল বসিত। এক্ষণে নর্মাল স্থল চুঁচুড়ায় বারিকের মধ্যে বসিতেতে।

ব্রহ্ম। বরুণ! তুমি বলিলে, রেভারেও লালবিহারী দে। ঐ নামের সমস্তই বাঙ্গালা; কিন্তু নামের পূর্বে একটী ইংরাজী কথা বসিবার কারণ কি?

বরুণ। আজে, ইনি খুটান হওয়াতে ঐ উপাধি প্রাপ্ত হইয়াছেন। ইনি বঙ্গদেশের মধ্যে একজন উপায়ুক্ত লোক। ইঁহার বিশেষ গুণ এই, সাধারণ প্রজাবর্গের তৃংখে বড় কাতর হন। এবং তাঁহাদের তৃংখ দূর করিতেও সাধ্যমত চেটা করেন।

বন্ধা। লালবিহারী দের জীবনবৃত্তান্ত আমাকে সংক্ষেপে বল।

বরুণ। ইনি ১৮২৬ অবে বর্জমানের সন্নিক্টস্থ পলাশী নামক গ্রামে জন্মগ্রহণ করেন। প্রথমে ইনি কলিকাতার "জেনেরল এসেম্ব্রিজ্ইনটিউসন" নামক বিভালরে বিভাধ্যরন করিয়াছিলেন। ১৮৪৩ অবে ইনি শৃষ্টধর্মে দীক্ষিত হন এবং তৎপরে ছয় বৎসর কাল বিজ্ঞানশাল্প অধ্যয়ন করেন। ১৮৫১ অবে ইনি ধর্মপ্রচারকের পদ প্রাপ্ত ও ১৮৫৫ অবে ধর্মবাজকের পদে বৃত হন। ইহার পর করেক বৎসর কালনায় প্রচারক কার্য্যালয়ের ভত্তাবধায়ক ছিলেন। ১৮৬০ অবে হেত্য়ার গির্জ্জায় ধর্মবাজকের পদে নিযুক্ত হন। ইনি

রান্ধধর্মের বিকল্পে ইংরাজী ভাষায় অনেকগুলি বক্তৃতা করিয়া ক্রমে তাহা পুস্তকাকারে প্রচার করিয়াছেন। ইতিপূর্ব্বে বাঙ্গালা ভাষায় বৈদান্তিক মত সম্বন্ধেও একথানি পুস্তক লিথিয়াছিলেন এবং খুইধর্ম প্রচার জন্ম অরুণান্বয় নামক একথানি পত্রের প্রায় ছই বংসর কাল সম্পাদকতা করিয়াছিলেন। ১৮৬০ অব্দে কলিকাতায় আসিয়া ইণ্ডিয়ান রিফর্মার ও ক্রাইছে রিভিউ নামক ছই থানি সাপ্তাহিক ইংরাজী পত্র প্রচার করেন। ১৮৭৬ অব্দে ইনি বহরমপুর কলেজের প্রধান শিক্ষকের পদে নিযুক্ত ও ১৮৭২ অব্দে হুগলী কলেজে বদলি হুইয়াছেন। ১৮৭৬ অব্দে অধ্যাপকপদে নিযুক্ত হুইয়াছেন। ১৮৭৬ অব্দে অধ্যাপকপদে নিযুক্ত হুইয়া শিক্ষাবিভাগের চতুর্ধ-শ্রেণীভুক্ত হুইয়াছেন; ইনি সাধারণ লোকের শিক্ষা সম্বন্ধ প্রাইমারি এডুকেশন অব বেঙ্গল নামক একথানি পুস্তক লিথিয়াছেন! ইঁহার প্রণীত গোবিন্দ সামস্ত নামক একথানি ইংরাজী উপত্যাস-পুস্তকে বাঙ্গালাদেশের প্রজাদিগের অবস্থা অতি ফ্রন্দর ও বিশ্বন্ধনেপ বর্ণিত আছে। এই গ্রন্থ ইংলণ্ডে অতি সমাদরের সহিত গৃহীত হুইয়াছে। একণে ইনি বেঙ্গল ম্যাগাজিন নামক একথানি ইংরাজী মাসিক পত্রের সম্পাদক। প্রাচীন বাঙ্গালা উপকথাগুলিকে ইনি ইংরাজী ভাষায় রূপাস্বরিত করিয়াছেন।

ক্রমে দেবগণের গাড়ী অরণ্যপূর্ণ অসংখ্য ভোবা ও বন-জঙ্গলের নিকট দিয়া আসিয়া হগলীর চকের মধ্যে প্রবেশ করিল। তাঁহারা দেখেন, দোকানে নানা প্রকার দ্রব্যাদি বিক্রয় হইতেছে। কোন দোকানে কাঁদি কাঁদি কলা টাঙ্গান রহিয়াছে। কোন দোকানে শ্লেট, পেন্সিল, বটতলার ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তুক এবং কালী ও হুর্গার পট বিক্রয় হইতেছে। কোন দোকানে হালদার মহাশয় কচুরির মধ্যে বুটের ভালবাটা প্রবেশ করাইয়া হস্তে চেপ্টাইয়া উত্তথ্য মতে ছাড়িতেছেন। কোন দোকানে বস্ত্রবিক্রেভারা গঙ্গে বস্ত্র মাপিয়া কপালে ঘসিয়া চিহ্ন করিয়া সজোরে "ফাঁস ফাঁস" শব্দে ছিল্ল করিতেছে। রাস্তায় স্থ্লের ছেলেরা বাহির হইয়াছে, কোন হুট বালক অপর বালককে প্রহার করাতে সে কাঁদিতেছে এবং স্থলে যাইয়া মাট্টারকে বলিয়া দিবে ভয় দেখাইতেছে। ক্রমে দেবগণের গাড়ী ছগলীর কালেক্টরির সন্নিকটে উপস্থিত হইলে তাঁহারাঃ গাড়োরানকে বিদায় দিয়া একটা দোকানম্বরে যাইয়া উপবেশন করিলেন।

हैका। वक्रम ! मधूरथ जे भकीत नहीत ग्राप्त तहथा शहरतह—िक ?

বরুণ। মূসলমান রাজস্বকালে হুগলী নগর সৌন্দর্ব্যে প্রায় মূরশিদাবাদের সমকন্দ ছিল; সেই সময় এখানে একজন করিয়া ফৌজদার বাস করিতেন। দেবগণের মর্জ্যে আগমন

ঐ ফৌন্দারের অধীনে অনেকগুলি করিয়া সৈক্ত থাকিত; তম্ভিন্ন তাঁহারা এথানে একটী স্বদৃঢ় গড় খনন করাইয়াছিলেন। সেই গড়ের স্থগভীর থাত স্বভাপি বর্তমান রহিয়াচে।

দেবগণ বিশ্রামের পর স্থান করিতে চলিলেন। সকলে একটা বাঁধা ঘাটে উপস্থিত হইলে পিতামহ কহিলেন, "বরুণ! এ স্থন্দর ঘাটটা নির্মাণ করে কে ?"

বৰুণ। স্থিপ নামক একজন সাহেবের যত্ত্বে ও উদ্বোগে এই ঘাটী নির্দ্দিত হয় বলিয়া ইহাকে স্থিপ সাহেবের ঘাট কহে। এই ঘাট প্রস্তুত করিবার সময় হুগলী জেলার যাবতীয় জমিদার সাহায্য করিয়াছিলেন। জমিদারদিগের মধ্যে ভাস্তাড়ার সিংহ বাবুরা সর্বাপেক্ষা বেশী টাকা চাঁদা দেওয়াতে তাঁহাদের বাড়ীর ঘারে শালী পাহারা থাকিবার হুকুম হয়।

ঘাটে নামিরা দেবগণ সান আছিক সারিলেন এবং বাসার আসিরা চাউলে ভাইলে চাপাইয়া দিলেন। পিতামহ দীর্ঘনিখাস ফেলিরা কহিলেন, "মর্জ্যে আসিয়া ক্রমেই কালবিলম্ব হইতে চলিল। জানি না, আমার বাড়ীতে কি হইতেছে। গিন্নী মাগী একা, অহুথ হইলে কেইবা ঔষধ দেবে, কেইবা পথ্য দেবে ? আবার থক্ষ কুটো গুলোর সমন্ন বাড়ী হইতে আসার বিজ্ঞর ক্ষতিও হইবার সম্ভাবনা। গরুগুলো হয় ত সময়ে ঘাস জ্বল পাবে না, হাঁসগুলোকে হয় ত শিয়ালে মেরে ফেলিবে।"

উপ। আমার শালিক পাথিটার ও বেঁজির বাচ্চাটার যে কি হ'চ্চে— ভেবে কিছু ঠিক ক'রতে পাচ্চিনে! বাড়ীতে যে বিড়ালের উপস্তব, থেরে না ফেলে! বাবার যেমন বৃদ্ধি—রেলওরেতে চাকরী ক'র্তে পাঠালেন। বেলওরেতে শত শত শনি বিরাজ ক'চ্চেন—তার থোঁজ বাথেন না।

আহারান্তে দেবগণ কিঞ্চিং বিশ্রাম করিয়া জল সাহেবের কাছারির নিকট
আসিয়া দেখেন—ভোলানাথ হালদার, কাশীনাথ সেন এবং মাধব ময়রার নাতী
পদ্মনাথ ময়রা জুরি সাজিয়া আসিয়া বটতলাতে ঘুরে ঘুরে বেড়াচ্ছেন। ক্রমে
জল সাহেব আসিলেন, বিচার আরম্ভ হইল। তথন জুরিয়া ঘাইয়া নিজ নিজ
স্থান দথল করিয়া বসিলেন। দেবগণ দেখেন—বিচার আরম্ভ হইলে কাশীনাথ
সেন নাসিকা ধ্বনি করিয়া নিজা যাইতে লাগিলেন। কাশীনাথকে নিজা
ঘাইতে দেখিয়া ভোলানাথ হালদার গা ঠেলিয়া কহিলেন, "কাশীনাথ খুড়ো!
কর্চো কি ? সাক্ষীয়া কি বলে, না ভন্লে এর পর বিচার ক'র্বে কেমন

করে ?" কাশীনাথ 'য়া।!' শব্দে উত্তর দিয়া তুড়ি দিতে দিতে কহিল,
"আহারের পর নিজা যাওয়াটা অভ্যাস থাকায় একটু তক্তা আস্ছিল। তুমি
ভাল ক'রে শোন; তার পর তুমিও যা ব'ল্বে, আমিও তাই ব'ল্বো। ঐ
কথা ছটো কি ?—একটা "নট গিলটি" আর একটা "গিলটি"—কেমন নয় ?"

এখান হইতে বাহিরে আসিয়া দেবগণ দেখেন—আমলা, মোক্তার এবং উকীলের দল একটা বাবুকে লইয়া বাঙ্গ করিতেছেন। একজন মোক্তার কছিতেছেন, "মহাশয়েরা এই বাবুটিকে ভাল করিয়া দেখিয়া রাখুন। পারেন ভ গোবরের ছাঁচ করিয়া ইঁহার মূর্ত্তি তুলিয়া লউন। ইনি একজন কম লোক নহেন; লোকে পিতৃয়ণ পরিশোধ করিতে পারে না। কিন্তু ইনি পিতৃয়ণ পরিশোধ করিয়া কিঞ্চিং ফাজিল হওয়ায় ভিক্রি করিয়া বাপের বাড়ীঘর বিক্রয় করিয়া লইবার জন্ত নালিশ করিয়াছেন।"

ঁবন্ধা। বৰুণ! কাণ্ডটাকি ?

বক্ষ। ঐ বাবুটী এক সময় পিতার সহিত বিবাদ করিয়া বাটী হইতে ্চলিয়া যান। ইঁহার বাটী ছগলী জেলার অধীন বেণীপুর থানার অন্তর্গত। বাটী হইতে প্রস্থান করার অব্যবহতি পরে উহার কমিসরিয়েটে কর্ম হয়। এ কর্মে নিযুক্ত হইয়া বাব বিপুল অর্থ উপার্জন করিয়া স্বদেশে আগমন করেন; কিছ পিতার উপর রাগ থাকায় পাছে তাঁহার মুখ দর্শন করিতে হয়, এই স্থাশকায় আর পিতৃভবনে যাইলেন না। স্বতন্ত্র বাস করিবার জন্ত ঐ গ্রামে ্রতি ফলর মটালিকা নির্মাণ করাইলেন এবং ক্রমে ক্রমে বাবুর বাগানবাটী, ঠাকুরবাটী, প্রমোদ কানন ও ছুলবাটী প্রস্তুত হইলে ছারে প্রহরী বসাইয়া ভাহাকে আজ্ঞা দিলেন, "বাবা যদি কখন কিছু দেখিতে আদে, গলা ধাৰা िषया विषाय कविया किन। ⁸ भिजा, भूटलब धेर्सर्या एमथिया स्थी हहेरलन ; কিন্ত তাঁহার বাড়ী ঘর একবার চক্ষে দেখিবার ইচ্ছা হইলেও অপমানের ভয়ে ্দৈখিতে সাহনী হইলেন না। পুত্র, পিতার বাসভবন কিরূপে কাড়িয়া লইয়া ভাঁহাকে প্রাম হইতে তাড়াইয়া দিবেন, এই চেষ্টায় ফিরিতে লাগিলেন। নৈবক্রমে পিতার কোন বিষয়ের জন্ম কিছু অর্থের প্রয়োজন হইলে, পুত্র বেনামিতে পিতার বাটা বন্ধক রাখিয়া টাকা কর্জ দেন। একণে সেই টাকা -স্থাদে আদার করিয়া লইবার জন্ম পিতার নামে নালিশ করিয়াছেন।

বন্ধ। উঃ! কি পাষ্টা! হতভাগার মূখ দেখ্লে পাণ হয়। বকণ! স্থ্য হানে চল।

দেবগণের মর্জো আগমন

উপ। কর্ত্তা একট দাঁড়াবে?

বনা। কেন?

উপ। আমি গোবর এনে বাবুর একটা ছাঁচ তুলে নিয়ে ষাই।

বরুণ। পিতামহ! ও দিকে দেখুন হগলী রাঞ্চত্তল। ঐ স্থানে পূর্বের থা জাহা নামক একজন ফোজদারের বাস ছিল।

हेस । वक्न । अमित्क तम्था बात्क-अंग कि ?

বরুণ। উহার নাম ব্যাণ্ডেল চর্চচ। ঐ চর্চটী ১৫৯৯ অব্দে খুটানদিগের খারা নির্মিত হয়। উহার চূড়া অনেকদুর হইতে দেখিতে পাওয়া যায়।

এথান হইতে যাইয়া দেবতারা এমামবাড়ীর বাটীতে প্রবেশ করিলেন এবং চতুর্দ্দিকে চাহিতে লাগিলেন। দেখেন বাড়ীটী ছই তালা। বাটীর মধ্যম্বলে একটী পুষ্করিণী। ক্রমে সকলে এমামবাড়ীর বিস্তৃত দালানে গিয়া: উঠিয়া দেখেন—নানা বঙ্গের ঝাড়, লঠন, আয়না, দেয়ালগিরি ঘারা অতি স্থান্দর্মপে স্থাজ্জিত। প্রাচীরে কোরাণের বর্ণিতমত নানা রঙ্গে নানা বিবরণ পার্মী অক্ষরে লিখিত হইয়াছে। ঘারে গিন্টি করা স্থান্দরে এমামবাড়ীর বিবরণ লেখা আছে।

নারা। বরুণ! প্রাচীরের এদিকে এসব কি লেখা রহিয়াছে?

বরুণ। মহম্মদ মহসীন নামক এক ধনী মুসলমানের দানের বিষয়।

ব্রহ্ম। পাঠ করিয়া আমাকে শুনাও।

বরুণ। মহমদ মহসীন লিখিয়াছেন—আমার নাম হাজি মহমদ মহসীন।
আমার পিতার নাম হাজি দৈক্লা। এই হগলী নগরে আমার আবাসভূমি।
আমি ক্ষন্থ ও বছদেশ শরীরে বেছামত লিখিয়া দিতেছি যে, মশোহর প্রভৃতি
দ্বানে আমার যে সমস্ত জমিদারী আছে, এবং হুগলীতে যে বাজার হাট আছে,
আমি ঐ সমস্ত সম্পত্তি উত্তরাধিকারীর অভাবে ঈশরের কার্য্যে নিরোজিত
করিলাম। আমার জীবিতাবস্থার আমার বারা যে সমস্ত দানকার্য্য নির্বাহ
হইত, আমার মৃত্যুর পর ঐ সমস্ত বিষয় হইতে তজ্ঞপ হইতে থাকিবে। ঐ
সমস্ত দানকার্য্যের পর্যাবেক্ষণের জন্ম আমি তুই জন মাতরালি (পর্যাবেক্ষক)
নির্বৃত্য করিলাম। ইহারা পরামর্শ করিয়া সমস্ত কার্যা নির্বাহ করিতে
পারিবেন। আমার বিষয়ের আয় হইতে গ্রন্থিনেটের রাজস্ব বাদ দিয়া বাহা
অবিশিষ্ট থাকিবে, তাহা নয় অংশে বিভক্ত হইবে। তল্পধ্যে তিন অংশ শহরমের
দিবস ও অক্সান্ত উৎসব দিবসের জন্ম এবং ইমামবাড়ী ও মন্তিক শ্রেরাক্ত

জন্ম ব্যয়িত হইবে। তুই আংশ মাতয়ালিদিগের নিজ ব্যয়ার্থ প্রদন্ত হইবে।
তিন অংশ হইতে দরকারী লোকজনের বেতন দান এবং অপর অংশ হইতে
মাসিক রৃত্তি দান করা হইবে। মাতয়ালিরা লোকজন নিযুক্ত বা পদচ্যুত
করিতে পারিবেন, এবং আপনাদিগকে অক্ষম বিবেচনা করিলে প্রতিনিধি
নিযুক্ত করিয়া কার্য্য চালাইতে পারিবেন। এতদর্থে আমি এই দান্পত্র
লিথিয়া দিলাম। আবশ্রুক হইলে ইহা বিচারালয়ে আমার নিদর্শন
দলিলম্বরূপ হইবে। লিথিত তারিথ ১৯এ বৈশাথ, ১২২১ হিজিরা ও
১২১৩ সাল।

সকলে অনেকক্ষণ পর্যাস্ত এমামবাড়ীর চতুর্দ্দিকে দেখিয়া যেমন বহির্গত হইলেন, অমিন ঘড়িতে "চং" "চং" শব্দে ছুটা বাজিল।

ইন্দ্র বরুণ। এমন ঘড়ির শব্দ ত কুত্রাপি ভুনি নাই।

বরুণ। হাঁ। ভাই, এমামবাড়ীর ঘড়িটী বড় বিখ্যাত। এই ঘড়ির শব্দ লোকে অনেক দূর হইতে শুনিতে পায়। পিতামহ! এই হুগলী নগরেই প্রথমে ছাপাথানার স্থাষ্ট হয়। হলহেড ও উইলসন সাহেব স্ব্রপ্রথমে ঐ প্রেমে বাঙ্গালা ব্যাকরণ মুদ্রিত করেন! ১৮৭৮ মন্দ্রে ঐ মুদ্রাযন্ত্রটী এন্ডুস নামক একজন প্রস্তুক-বিক্রেড। ক্রয় করিয়াছিলেন।

ইন্দ্র। মূদ্রাযন্ত্র কি পূর্বের ভারতে ছিল না ?

বরুণ। ছিল না কে বলিল ? রাজপ্রতিনিধি ওয়ারেন্ হেটিংস সাহেবের
শাসনকালে বারাণসী জেলার সন্নিকটস্থ একস্থানে মৃত্তিকা থনন করিতে করিতে
একটী মূলাযন্ত্র ও কতকগুলি অক্ষর বাহির হয়। ঐ মূলাযন্ত্রদূষ্টে স্থির হইয়াছে,
প্রায় এক সহস্র বৎসর পূর্বে এদেশে মূলাযন্ত্রের প্রচলন ছিল; পরে যবনাধিকারকালে নট্ট হইয়া যায়। বর্তমান মূলাযন্ত্র সকল ইংরাজেরা এদেশে আনিয়াছেন।
এমামবাড়ী হইতে কিছু দ্বে যাইলে উপ চীৎকার করিয়া কহিল. "বরুণকাকা! বরুণ-কাকা! এটা কি ?"

বৰুণ। পিতামহ, ছগলী জেল দেখুন। জেলখানার সন্নিকটে ঐ যে দেখিতেছেন, উহার নাম ঘোল ঘাট। এই ঘাটের সন্নিকটে ১৫৪০ খৃঃ অবে পর্জ্ব একটা কেলা নির্মাণ করে। কেলাটা এক্ষণে ভাঙ্গিয়া গঙ্গাগর্ভে গিয়াছে। এক্ষণেও জাহ্নবীজলে কেলাটার কোন কোন অংশ দেখিতে পাওয়া যায়।

নারা। পরপারে দেখা যাইতেছে—উহা কি ?

দেবগণের মর্ত্তো জাগমন

বরুণ। গরিফা নামক স্থানের চটের কল। ঐ গরিফা একটা বৈছ্য-প্রধান স্থান। ঐ স্থানে দেওয়ান রামকমল সেন জনগ্রহণ করেন।

বন্ধা। দেওয়ান বামকমল দেনের জীবনবৃত্তান্ত সংক্ষেপে বল।

বক্রণ। ইহার পিতার নাম গোরুলচন্দ্র সেন! ১৭৮৩ অবে ইনি জন্মগ্রহণ করেন। রামকমল সেন প্রথমে সংস্কৃত ভাষা শিক্ষা করেন। ১৮০৪ অবে এদিয়াটিক দোদাইটিতে ইঁহার বার টাকা বেভনের একটা কেরাণীগিরি কর্ম হয়। ইহার পর ইনি কার্য্যাক্ষতাগুণে কলিকাতা সংস্কৃত কলেজের সেক্রেটারী ও কাউন্সিলের মেম্বার পর্যান্ত হইয়াছিলেন। ক্রমে ক্রমে ইনি ইংরাজী ভাষায় বিলক্ষণ ব্যংপত্তি লাভ করেন এবং কলিকাতার টাকশালে দেওয়ানী পদ প্রাপ্ত হন। ইহার পর ইনি বেঙ্গল ব্যাঙ্কেরও দেওয়ান হইয়াছিলেন। ১৮১৭ অব্দে হিন্দু কলেজ স্থাপিত হয়। ঐ বৎসরেই স্কুলবুক সোসাইটী খোলা হইয়াছিল। বামক্ষল দেন হিন্দ কলেজের ম্যানেজিং ক্ষিটীর মেম্বর থাকিয়া এই নিয়ম করেন যে, প্রকৃত হিন্দুসম্ভান ভিন্ন অপর কেহ এই বিচ্ছালয়ে অধ্যয়ন করিতে পাইবেন না ৷ ১৮৩৪ অবে ইঁহার ইংরাজী-বাঙ্গালা অভিধান প্রচারিত হয় এবং ১৮৪৪ অন্দে ই হার মৃত্যু হয়। ই হার হরিমোহন, প্যারীমোহন, বংশীধর ও মুরলীধর নামে চার পুত্র হয়। রামকমল সেনের হিন্দুধর্মে বিলক্ষণ বিশ্বাস ছিল। ইনি প্রতি বৎসর বাটীতে তুর্গোৎসব উপলক্ষে স্বন্ধাতীয়দিগকে নিমন্ত্রণ করিয়া আনিতেন, এবং যত্নের সহিত রাখিয়া বস্তাদি প্রদানপূর্বক বিদায় দিতেন। স্বজাতীয়দিগকে সাধামত অন্ন, বস্ত্ৰ ও আশ্ৰয় দানে পরাধ্যথ হইতেন না।

উপ। বৰুণ কাকা। জেলখানার প্রাচীরে একটা টিকটিকি হাঁ করিয়া বহিয়াছে দেখ।

বরুণ। ওরে বাবা! জেলখানার মাকড়সাটা পর্যান্ত হাঁ করিয়া থাকে।
এই সময় একটা বাবু নোকা হইতে তীরে উঠিলেন। বাব্টির সঙ্গে তাঁহার
১৮৷১৯ বংসরের পুত্র। তাঁহাদিগকে দেখিয়া তু এক জন ভদ্রলোক ছুটিয়া
আসিয়া কহিলেন, "ঘনখামকে পেলেন কোথায়?" বাবু কহিলেন, "অনেক
সন্ধানে দেখি, ও খুইধর্মে দীক্ষিত হইয়া খুটানদিগের সহিত বসিয়া খানা
খাইতেছে। অনেক ভুলাইয়া তবে আনিলাম।" একজন কহিলেন, "উনি
খুটান হইয়াছেন, গুহে নিলে কোন গোল হবে না?"

वादू विलालन, "शोल शद किन ? आमि श्राह्य अर्थ वाम कविमा कानी.

কাঞ্চী: তৈলঙ্গ, জাবিড় এবং নবৰীপ প্রভৃতি স্থান হইতে চৈতনধারী মহাম্মাদিগকে নিমন্ত্রণ করিয়া আনিব। তাঁহারা অর্থের প্রলোভনে দীর্ঘ দীর্ঘ বচন সকল উদ্ধৃত করিয়া সমাজে লইবার ব্যবস্থা দিবেন। থানা কে না থায়? কিন্তু কয়জনে জাতিচ্যুত হইয়াছে? তবে ঘনশ্যাম খৃষ্টান হওয়ায় ইংরাজী কাগজওয়ালারা প্রকাশ করিয়া দিয়াছে—এ যা একটা দোষ।"

বাব্টী চলিয়া যাইলে পিতামহ কহিলেন, "বরুণ, আজকাল মর্দ্তো জাতি-বিচার বেশ! গোপনে দবই চলিতেছে, প্রকাশ হইলেই যত গোল। কিন্তু ভাহাও আবার পয়সা থাকিলে ঢাকিয়া যায়। যুঁগা! তবে দেখিতেছি, জাতি বাজের মধ্যে।"

দেবতারা গঙ্গার ধারে ধারে চলিলেন। ভাগীরথী তীরে অসংখা স্থানর স্থানর অট্টালিকা দেখিয়া দেবরাজ কত প্রশংসা করিতে লাগিলেন। বরুণ কহিলেন, "১৫৩৭ খঃ অব্দে পর্ভূগীজেরা এই হুগলী নগর নির্মাণ করে। ১৬২৮ অব্দে এথানে অনেক পর্ভূগীজ বাদ করিত। তাহাদের একটি স্বর্বাক্ত কুটার ছিল। শাজাহান, দিল্লার সিংহাদনে আরোহণ করিবার পূর্বে, একবার হুগলীতে আদিয়া দেখিয়া যান যে, উহারা বলপূর্বেক দেশীয়দিগকে খুষ্টান করিয়া থাকে। এই নিমিন্ত তিনি অতান্ত কুপিত হইয়াছিলেন এবং এই কোধ তাঁহার মনে জাগরুক থাকায় সিংহাদন প্রাপ্ত হইয়া পর্ভূগীজদিগকে দেশ হইতে বহিছত করিয়া দিবার আজ্ঞা দেন। তদক্ষণারে ১৬৩২ অব্দে হুগলী নগর মুগলমানেরা অবরোধ করিয়া প্রায় চারি দহন্ত পর্ভূগীজকে বন্দী করিয়াছিল ও এই ঘটনার পর পর্ভূগীজেরা আর কথনও বাঙ্গালায় প্রভাবশালী হয় নাই। এই সময় হইতেই নগরটি মোগলদিগের হস্তগত হইয়া বাঙ্গালার মধ্যে প্রধান বাণিজাস্থান হইয়া উঠে; তদবধি সপ্তগ্রামের অবনত হইতে আরছ হয়।"

ইন্দ্র। সপ্তগ্রাম কোথায়?

বরুণ। এই হুগুলী নগরের কিঞ্চিৎ উত্তরে। পুরাণে ঐ সপ্তগ্রামের বা দাত গাঁরের উল্লেখ আছে। সপ্তগ্রাম বাঙ্গালার মধ্যে একটি প্রধান বাণিজ্ঞানা ছিল। উহার প্রস্তরনির্দ্ধিত বৃহদাকার স্তম্ভগুলি দেখিতে বড় স্থন্দর। ঐ স্তম্ভ নির্দ্ধাণকার্য্যে প্রায় ২৫,০০০ টাকা ব্যয় হয়। তিন শত বৎসর পূর্ব্বে ঐ স্থানের নিম্ন দিয়া অনেক বাণিজ্ঞাপোত যাতায়াত করিত। তথন উহার সৌন্দর্য্য ও ধুমধামের সীমা ছিল না। ঐ সপ্তগ্রামে একটি হুর্গ ছিল, উহার ধ্বংসাবশেষ

দেবগণের মর্ভো আগমন

জন্মপি গ্রাণ্ডটান্ক বোচ্ছের সন্নিকটে দেখিতে পাওয়া যায়। উহারও সন্নিকটে একটা পুরাতন মস্জিদের ধ্বংসাবশেষ বর্ত্তমান আছে। পাও্যার গো-যুদ্ধে যে যে সমস্ক মুসলমান হত হয়, তাহাদের অনেকের কবরও সপ্তগ্রামে আছে।

উপ। বৰুণ কাকা! তাহারা কি ভূত হইয়াছে?

বৰুণ। ভুত হবে কেন ?

উপ। তবে যে লোকে বলে "দাতগেঁয়ের কাছে মামদো বাজী?"

বরুণ। একশত বৎসর পূর্ব্বে ঐ সপ্তগ্রামে ওললাজদিগের একট বাগানবাটী ছিল। গ্রীমকালে সেই বাগানে তাহারা ভোজনাস্তে বিশ্রামথ অফতব করিত। ১৫৬৬ অবে যথন ঐ স্থান একটা বিথ্যাত বাণিজ্যস্থান হইল, তথন প্রিনিদিগের ছারা অনেক বাণিজ্যস্রব্য আমদানী ও রপ্তানি হইত। সপ্তগ্রামের রোমকেরাও বাণিজ্য করিতে আসিত। তাহারা উহাকে গ্যাজেশ্বিজিয়া বলিয়া ভাকিত। বঙ্গদেশের রাজারা অধিকাংশ সময় ঐ নগরেই অতিবাহিত করিতেন। ইউরোপীয়েরা প্রথমে এদেশে আসিয়া চট্টগ্রাম ও সপ্তগ্রামের উল্লেখ করিয়াছেন। এক্ষণে সপ্তগ্রামের আর কিছুই নাই, কালের পরিবর্ত্তনে সপ্তগ্রাম একটা সামান্ত জঙ্গলপূর্ণ পল্লীগ্রামের আকার ধারণ করিয়াছে এবং শৃগাল বুকুর প্রভৃতির আবাসভূমি হইয়াছে। অভাপি ঐস্থানে পুছরিণী ও কৃপাদি থনন করিবার সময় নৌকার মান্তল ও ভগ্ন তক্তা প্রভৃতি পাওয়া যায়।

দেবগণ গল্প করিতে করিতে অপরাহে চুঁচুড়ায় উপস্থিত হইলেন। তাঁহারা বারিকের নিকটে উপস্থিত হইলে উপ চীৎকার করিয়া কহিল "বরুণ-কাকা! দেখা যাচ্চে—ওটা কি?"

চুঁ চুভা

বক্রণ। দেবরাজ, সম্মুথে দেখ চুঁচুড়ার বারিক। পূর্ব্বে এই বারিকে অসংখ্য গোরা থাকিত, এক্ষণে নশাল স্কুল চইতেছে।

নারা। এ নগর নির্মাণ করে কে?

বরুণ। ১৬৭৫ খৃঃ অবে ওলন্দাজেরা বঙ্গদেশে বাণিজ্য করিতে আদিয়া এই নগর নির্মাণ করে। ১৬৮৭ সালে তাহাদের কর্তৃক এখানে একটা তুর্গ নির্মিত হয়। উহারা এই নগরে প্রায় একশত বৎসরের উপর রাজ্য করিয়াছিল। ১৮২৬ অবে ইংরাজদিগের নিকট হইতে স্কুমাত্রা দ্বীপ লইয়া এই নগর পরিত্যাগ করে। ছগলী ও চুঁচুড়া পরস্পর এরপ ভাবে সংলগ্ন যে, উভয় স্থানকে এক নগর বলিলেও অত্যক্তি হয় না।

বন্ধা! বরুণ! সমুথের ও বাঁধাঘাট কাহার ?

বরুণ! চুচ্ডার সোমেদের।

বন্ধা। তুমি তাঁহাদিগের বিষয় আমাকে বল।

বরুণ। চুঁচুড়ার সোমেরা বহুকালের জমীদার। ৬৬৯ বংসর গত হইল, যথন ঘোরী-বংশীয় রাজারা সমাট্ছিলেন, সেই সময় এই বংশীয় বলভদ্র সোম গোড় নগরের রাজার প্রধান মন্ত্রী ছিলেন। ইনি অতাস্ক সমানের পদে কর্ম করায় তহুপয়্তু পাত্র গোপীচক্র বহুকে নিজ কন্তা প্রদান করেন। গোপীচক্র ঘোরীবংশীয় রাজসবকারের প্রধান কর্মচারী ছিলেন। বলভদ্র সোম সাধারণ হিতকর কার্যের মধ্যে যশোহর জেলার পুরাতন রাস্তাটী নির্মাণ করাইয়া দেন। এই বংশের রামচরণ সোম ছচ্ কোম্পানীর দেওয়ান ছিলেন। তাঁহার পুত্র খামরামও পিতার কার্য্য করিছেন। ইনি নবাব সিরাজউদ্দোলার নিকট "বাবু" উপাধি প্রাপ্ত হন। এই মহাম্মা চুঁচুড়ায় হুইটী স্নানের ঘাট নির্মাণ করেন; তয়ধ্যে একটাতে পুরুষ ও অপরটাতে স্ত্রীলোকেরা স্মান করিয়া থাকে। খামরাম বাবুর পুত্রের নাম ঘনশ্রাম বাবু। ঘনশ্রাম বাবুর আট পুত্র, তয়ধ্যে পঞ্চমের নাম গোক্ল বাবু। ইনি কটক জেলা বন্দোবস্তের সময় প্রধান কর্মচারী হন। গোক্ল বাব্র পুত্রের নাম বেণীমাধব সোম, ইনি ঢাকায় ছোট আদালতের জন্ম ছিলেন। বেণীবাবুর সংকার্য্য দর্শনে গবর্ণমেন্ট সম্ভন্ত হইয়া রায় বাহাত্র

দেবগণের মর্জো আগমন

উপাধি প্রদান করেন। ১৮৭৮ সালে ৩০ বৎসর বয়সে বেণীবাবুর মৃত্যু হয়। ইহার রাধিকালাল ও প্রিয়লাল দোম নামক তই উপযক্ত পুত্র আছেন।

এই সময় দেবগণ দেখেন—"হুমান্থম" শব্দ করিতে করিতে চারি জন বাহক একথানি শিবিকা বহন করিয়া আনিতেছে। শিবিকার পশ্চাৎ পশ্চাৎ আর তুই জন বাহক ছুটিয়া আনিতেছে। পাজিথানি দেবগণের নিকট উপস্থিত হুইলে শিবিকামধাস্থ বাবু চীৎকার করিয়া কহিলেন—"মাজি! পা'ল তুলে দে।" পশ্চান্তাগের বাহক ছুটিয়া আনিয়া কহিল, "হুজুর কি আজ্ঞা ক'রুছেন?

বাব। পা'ল তুলে দে।

বাহক। আজে, এ ত নৌকো নয়!

বাব্। তা হোক বাটা—তব্পা'ল তোল্! নইলে মার থাবি। পান্ধিথানি চলিয়া যাইলে পিতামহ কহিলেন, "বৰুণ! ও কি হ'লো?"

বরুণ। সাতাল মছপানে মাতোয়ারা হইয়া ঐ প্রকার বলিতেছে।

ব্ৰহ্মা। শ্ৰীবিষ্ণৃ! মছাপান করিলে সপ্তদশ পুরুষ নরকন্ম হয়—কুলাঙ্গারের। কি জানে না ?

বরুণ। জানে, কিন্তু তাহাতে ভয় করে না। আজ কাল মর্ব্তো স্ত্রী, পুরুষ, মেয়ে, ছেলে, দকলেই মাতাল। কতকগুলি লোক আছে, তাহারা পুত্রগণকে বাল্যকাল হইতেই ছুগ্ধে মদ মিশ্রিত করিয়া থাওয়ায়। দে দব কথা যাক্, দজ্যা প্রায় আগত, অতএব এই বারিকের মধ্যে আশ্রয় লইলে ভাল হয় না প

দেবগণ এ কথায় সমত হইলে বরুণ বারিকের মধ্যে একটা বাদা স্থির করিলেন এবং কয়জনে সে রাত্রি তথায় অতিবাহিত করিয়া প্রাতে আবার নগর স্রমণে বাহির হইলেন। বরুণ কহিলেন, "পিতামহ! সমুথে দেখুন পুলিস স্থপারিন্টেণ্ডেন্টের বাদা।"

দেবতারা এথান হইতে ডভের স্থূল ও ডিস্ট্রীক্ট ইঞ্জিনিয়ারের আফিদ দেখিয়া এক স্থানে উপস্থিত হইয়া দেখেন—একটা বাবু সাতাল হইয়া টলিতে টলিতে রাস্তা দিয়া যাইতেছে।

ইন্দ্র। বরুণ! এ বাবুটাও কি মাতাল?

বরুণ। এই বাবুর বিষয় তোমাকে শোনান উচিত। ইহার মাতা অল্প বয়সে বিধবা হন। তাঁহার ভন্নীপতি কলিকাতার একজন বড় লোক। সেই হুরাজ্মা বিধবা শালীর রূপে মুগ্ধ হইয়া তাহার গর্ভে এই পুত্র উৎপাদন করে। মিশের একাস্ক ইচ্ছা ছিল, সমস্ক বিষয়বিভব পুত্রদিগকে না দিয়া ইহাকেই দিয়া ষাইবে ; কিন্তু পুল্রেরা এই সমাচার জ্ঞাত হইয়া পিতাকে হুগলীর বাগানের কাছে—

বন্ধা। আরে ছি! ছি! পৃথিবীতে আর বাচ-বিচার নাই।

উপ। বরুণ-কাকা! কি ব'লে আবার বল না। আমি বাড়ী গিয়ে গল ক'ববো।

এখান হইতে এক স্থানে যাইয়া দেবগণ দেখেন—একটা বাবু দাজগোজ করিয়া ব্যাগ হস্তে লইয়া কোথায় যাইতেছেন। একটা প্রাচীনা রমণী কহিতেছেন, "যত টাকা লাগে দিয়া জামাইকে আস্তে চাস্, নইলে বড় কলঙ্ক হবে, লোকের কাছে মুখ দেখান যাবে না।"

উহারা চলিয়া যাইলে পিতামহ কহিলেন "ওরা ব'ল্লে--নইলে কলঙ্ক হবে লোকের কাছে মুখ দেখান যাবে না :--বরুণ! কলঙ্ক হবে কেন?"

বক্রণ। আপনাকে কিছুই গোপন করিবার যো নাই। হয়েছে কি ! ঐ বাড়ীর একটা কন্তার কূলীনে বিবাহ হয়। জামাই রাগ করিয়া গিয়া প্রায় চারি পাঁচ বংনর আদেন নাই। একণে মেয়েটীর গর্ভাবস্থা। অতএব এই সময়ে জামাইকে টাকা দিয়া সম্ভষ্ট করিয়া আনিয়া তৎপর দিন গর্ভ প্রচার করিলে তত দোষ হইবে না।

নারা। ভাল যদি কেছ দিন গণে দেখে ধ'রে ফেলে?

বরুণ। তথন ছেলেটা সাতাসে কি আটোসে—যাহা হউক ব'লেই হ'লো। বন্ধা। শ্রীবিষ্ণু! য়াঁ। আজ কাল ব্ঝি এইরপ ক'রে কলঙ্কের হাত এড়ান হয় ?

বরুণ। এরা তবু ভন্ত। অনেক স্থলে নষ্ট করিয়া ফেলে।

দেবগণ অনেকক্ষণ রাস্তায় বাস্তায় বেড়াইয়া বেলা আক্ষান্ত সপ্তরা দশটার সময় কলেজ কম্পাউণ্ডের মধ্যে প্রবেশ করিয়া এক দৃষ্টে বাড়ীটীর দিকে চাহিতে লাগিলেন। বরুণ কহিলেন "ইহারই নাম হুগলী-কলেজ। কলেজের উপরে ইহার প্রিন্সিপাল বা কর্ডা সাহেবের বাস। ওদিকে দেখুন রুসায়ন-বিত্যালয়। ঐ বিত্যালয়ে রুসায়নশাস্ত্র শিক্ষা দেওয়া হয়। গৃহমধ্যে শিক্ষোপ্যোগী অনেক যন্ত্র আছে।"

ইন্ত্রে। এই বাড়ীটী বড় চমৎকার!

বরুণ। এই বাড়াটা প্রাণক্বঞ্চ হাল্দার নামক একজন জমীদারের বৈঠকখানা ছিল। এ প্রাণক্বঞ্চ হাল্দার নোট জাল করা অপরাধে দ্বীপাস্তরিত হন। ইনি মেয়াদ উত্তীর্ণ হইলে স্বদেশে প্রত্যাগমন করিয়া কিছু কাল জীবিত ছিলেন।
মন্থারে যতদূর স্থওতোগ করা সন্থা, তাহা এই প্রাণক্ষণ্ধ করিয়াছিলেন।
আবার মন্থারে যতদূর তৃঃথভোগ করা সন্থা, তাহাও প্রাণক্ষণের ভাগ্যে
ঘটিয়াছিল। যে প্রাণক্ষণ স্থের দশায় পিজিরাজসদৃশ ঘোটক সংযুক্ত গাড়ী যুড়ি
হাঁকাইতেন, সেই প্রাণক্ষণ তুঃথের দশায় দশকা গাড়ী ভাড়া করিতে যাইলে
গাড়োয়ানেরা জ্লানবদনে গলিয়াছিল—"বাপের জন্মে কি গাড়ী চেপেছ ?" যে
প্রাণক্ষণ রাস্তায় টাকা ছড়াইয়া তাহার উপর দিয়া ভ্রমণ করিতেন, সেই
প্রাণক্ষণ তঃথের অবস্থায় এক প্রসার আফিং ক্রয় করিয়া মূলা দিতে না পারায়
দোকানদার-গৃহিণী হাত হইতে আফিং কাড়িয়া লইতেও ছাডে নাই।

বন্ধা। দেখ ভাই। মন্ত্রের অবস্থা চির দিন কখনও এক ভাবে যায় না, বোধ হয় প্রাণকৃষ্ণ বে-চালে চলাডেই বে-চাল হইয়া পড়িয়াছিলেন। তার উপর প্রাণকৃষ্ণ অধর্ম ক'রে টাকা ক'রেছিলেন। যাহা হউক, আমার মান্ত্রেরা প্রাণকৃষ্ণ হইতে খনেক উপদেশ পাইতে পারে।

উপ। বৰুণ কাকা। এ কলেছে এত মুদলমান কেন?

ইক্র। সভ্যি বরুণ! এব লেজে মুসলমান ছাত্র এব বেশী কেন?

বরুণ। ইমামবাড়ীর প্রাচীরে আমি যে মহন্দদ মহদীনের দানপত্র পাঠ করিয়াছি, তাহাতে লিখিত আছে—জাঁহার সম্পত্তির তত্বাবধানের জন্ম তুই জন করিয়া মাতয়ালি নিযুক্ত থাকিবে। ঐ লিখনাম্বরূপ কার্যা চলিতেছিল; তৎপরে, ১৮১৮ মঙ্গে বোর্ড অব্ রেভিনিউ মাতয়ালিদিগের হস্ত হইতে কার্যা, ভার কাড়িয়া লইয়া অপরের হস্তে অর্পন করেন। মাতয়ালিরা এই কারণে বোর্ডের নামে নালিশ করিলে জজের বিচারে বোর্ডেরই জয়লাভ হইল। মাতয়ালিরা প্রিভিকাউন্সিলে আপীল করিলেন; সেখানেও কোন ফল হইল নাই। এ মকদ্দমা ক্রমান্বয়ে সাত বৎসর চলিয়াছিল। ঐ সাত বৎসরের পর হিসাব করিয়া দেখা হইল, মহনীনের সম্পত্তির মূনাফার টাকা হইতে একটি মাদ্রাসা করিবার জন্ম গবর্ণমেন্টের নিকট প্রার্থনা করেন। এই বিষয়ের তর্ক বিতর্ক হইতে প্রায় তিন বৎসর অতীত হয় এবং স্কদে আসনলে আট লক্ষ কয়েক সহন্দ্র টাকা জমে। অনেক বিবেচনার পর গবর্ণমেন্ট একটী কলেজ স্থাপনের অন্থতি দেন। তদক্ষপারে ১৮৩৬ অন্ধের ২লা আগন্ধ ছগলী কলেজ প্রতিষ্ঠিত হয়। ৬,৫৯,৬৬৪ টাকা এই কলেজের ব্যয় জন্ম দান শ্বির হয়। তিত্তির গবর্ণমেন্ট

উক্ত মহম্মদ মহসীনের দানের টাকা হইতে একটা অতিথিশালা ও একটা চিকিৎসালয়ও করিয়া দিয়াছেন। এই সমস্ত টাকা মাত্য়ালিদিগের ও তাজিয়ার বায়ের টাকা হইতে সংগৃহীত। গবর্গমেণ্ট মহসীনের টাকায় আর একটা মহৎ কার্যা সংসাধিত করিয়াছেন, অর্থাৎ কলেজে মুসলমান ছাত্রদিগের বেতন এক টাফাব বেশী লওয়া হইবে না ও প্রায় একশত আন্দাজ ছাত্রকে আহার দেওয়া ও উৎক্লই ছাত্রদিগকে বৃত্তি দেওয়া হইবে, এইরূপ বাবস্থা করিয়া দিয়াছেন। এই সমস্ত কারণে এখানে মুসলমান ছাত্র বেশী।

ব্রহ্মা। সাধু সাধু ! যতকাল ছগ্লা কলেজ থাকিবে, মহন্দ মহদীনের নাম কেছ বিশ্বত হইবে না ! বক্লণ আমার হিন্দুসন্তানদিগের মধ্যে যদি কেছ নিঃসন্তান থাকেন, এইরূপ অক্ষরকাঠি স্থাপন করিতে যত্ন করেন না কেন ?

বরুণ। তাঁহারা বলেন - সৎকশ্ম করা অপেক্ষা পিতৃপুরুষগণের নাম রক্ষার্থ পোখাপুত্র গ্রহণ করা উচিত এবং এই জন্ম অনেকে মৃত্যুকালে একটা, একটার অভাবে তিনটা ও কথন সাতটা পোশ্মপুত্র লইবার অমুমতি করিয়া যান।

ইন্দ্র পে ছেলেরা করে কি ?

বরুণ। যতদিন সে পিতা জীবিত থাকেন, ততদিন তাঁর মরণ কামনা করে—তার পর বয়স হইলেই মদ, গাঁজা ও বেখার বিষয় উড়ার। সে মাতা গর্ভধারিণী নহেন, তবে তাঁহার স্বামীর বিষয়; এই জন্ম দুই চারি টাকা মাসহারা দিয়া চাকতাণীর মত থাটাইয়া লন। ভগ্নীরাও কিছু সহোদরা নহে, স্বতরাং তাহাদের বাপের বাড়ী জাদা বুচে যায়।

ব্ৰহ্মা। বৰুণ! মহম্মদ মহসীন কে এবং কি উপায়েই বা তিনি অতুল এশৰ্ষোর উত্তরাধিকারী হন, তদ্বিয় আমাকে বল।

বরুণ। আগা মতাহার নামক একজন ধনী মৃদলমান এই হুগলী নগরে বাদ করিতেন। তাঁহার স্ত্রীর দহিত তাদৃশ সন্তাব না থাকায় মৃত্যুকালে দমস্ত বিষয় একমাত্র কল্যা মন্ত্রুজান থানমকে অর্পণ করিয়া যান। স্বামীর এইরূপ আচরণে মতাহার-পত্নী অসম্ভষ্টা হুইয়া হুগলীনিবাদী হাজি ফয়িজুল্লা নামক এক ব্যক্তিকে বিবাহ করেন। এই দম্পতী হুইতেই ১৭৩২ খ্রীষ্টান্দে মহম্মদ মহমীনের জন্ম হয়। মন্ত্রুজান থানম মিরজা দালা উদ্দীন মহম্মদ নামক এক ব্যক্তিকে বিবাহ করেন। হুগলী নগরে মিরজা দালা উদ্দীন মহম্মদ নামক এক ব্যক্তিকে বিবাহ করেন। হুগলী নগরে মিরজা-সালের হাট নামক হাটটী ইহারই স্থাপিত। মন্ত্রুজান থানম কিছুদিন পরে বিধবা হুইলে আর দ্বিতীয় বিবাহ করিলেন না। ইহার সন্ত্রান সন্ত্রিভ ছিল না; স্ক্তরাং সমস্ত বিষয় বৈপিতৃক ভ্রাতা মহম্মদ

মহশীনকে দান করিলেন। মহম্মদ মহলীন বিবাহ-প্রথার নিতান্ত বিরোধী ছিলেন। জীবিতকালে ফকিরী অবস্থায় বাস করিয়া যাবতীয় অর্থ দান ধ্যানে ব্যয় করিতেন, এবং মৃত্যুকালেও ঐ উদ্দেশ্যে অর্পন করিয়া গিয়াছেন। ১৮১২ অব্দের নভেম্বর মানে ইনি কলেবর পরিভাগে করেন।

নারা। বরুণ! কলেজের ওদিকের গৃহে একটা ব্রাহ্মণ পণ্ডিতের নিকট একজন সাহেব দাঁড়াইয়া গল্প করিভেছেন। ঐ পণ্ডিভটী কে ?

বরুণ। উহার নাম রামগতি ক্যায়রত্ব। উনি এই কলেজের সংস্কৃত শাস্ত্রের প্রধান অধ্যাপক।

ব্রহ্মা। ইহার বিষয় আমাকে কিছু বল।

বরুণ। ইনি ১৭৫৩ শকে পাণ্ডুয়ার সন্নিকটস্থ ইলছোবা নামক গ্রামে জনগ্রহণ করেন। ইহার পিতার নাম ৺হলধর চূড়ামণি। প্রথমে উনি কোন অধ্যাপকের নিকট কিছুকাল ব্যাকরণ শিক্ষা করিয়া কলিকাতার সংস্কৃত কলেজে যাইয়া ভর্ত্তি হন। তথায় ব্যাকরণ, সাহিত্য, অলঙ্কার, জ্যোতিষ, শ্বতি, সাংখ্য, ন্ত্রায় ও যৎসামান্ত ইংরাজি শিক্ষা করিয়া ১৮৫৭ অব্দে বিভালয় পরিত্যাগ করেন এবং মাসিক ৫০ টাকা বেতনে ছগলী নর্মাল স্কুলের দ্বিতীয় শিক্ষকের পদে নিয়ক্ত হন। ইনি সংস্কৃত কলেজ হইতে ক্যায়রত্ব উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। ১৮৬২ অব্বে ইনি এক শত টাকা বেতনে বর্দ্ধমান গুরুটেনিং স্থলের প্রধান শিক্ষকের পদে নিগুক্ত হন এবং ১৮৬৫ অবে ১৫০ টাকা বেতনে বহরমপুর কলেজের সংস্কৃত অধ্যাপকের পদ লাভ করেন, তৎপরে হুগলী কলেজের প্রধান **অ**ধ্যাপকের পদে নিযুক্ত হইয়াছেন। ইনি অন্ধকুপ-হত্যার ইতিহাস ইংরা**জী** হইতে বঙ্গভাষায় অমুবাদ করিয়া প্রচার করেন। তদ্ভিন্ন ইহার প্রণীত অনেকগুলি পুস্তক আছে। যথা—বন্ধবিচার, বাঙ্গালার ইতিহাস প্রথম ভাগ, রোমাবতী (উপন্তাদ), শিশুপাঠ, এবং বাঙ্গালা ব্যাকরণ, ঋজু-ব্যাখ্যা, দময়ন্তী, মার্কণ্ডেয় চণ্ডীর অমুবাদ, বাঙ্গালা দাহিত্য বিষয়ক প্রস্তাব। এই শেষোক্ত গ্রন্থানি ইহার প্রধান কীর্ত্তিম্বরূপ। এতদ্ভিন্ন ভারতবর্ষীয় ইতিহাসের সংক্ষিপ্ত বিবরণ ও নীতিপথ নামক পুস্তক প্রচার করিয়াছেন।

দেবগণ কলেম্ব হইতে বহির্গত হইয়া এক দিকে চলিলেন। যাইতে যাইতে একস্থানে উপস্থিত হইলে উপ কহিল, "বরুণ-কাকা, ওটা কি ?"

বরুণ। দেবরাজ। সমুথে দেথ---ওলন্দাজদিগের গির্জা। ১৭৬৮

খুষ্টাব্দে গবর্ণমেন্টের ব্যয়ে এই গিৰ্জ্জাটী নির্দ্মিত হয়। ওলন্দাঞ্চদিগের কীর্ত্তির মধ্যে এই গির্জ্জাটী মাত্র অভ্যাপি বর্জমান আছে।

এখান হইতে এক স্থানে উপস্থিত হইয়া বরুণ কহিলেন, "এই স্থানে ওলন্দাজদিগের তুর্গের বারিক ছিল। ঐ বারিকটা ১৮২৭ অব্দেধ্বংস হইয়াছে। এই বারিকের উত্তর দিকে আরমেনীয়দিগের গির্জ্জা; ঐ গির্জ্জার সন্নিকটে ওলন্দাজদিগের গোরস্থান আছে।"

এখান হইতে এক স্থানে যাইয়া তাঁহারা দেখেন--লোকে লোকারণা। এক ব্রাহ্মণ দাঁড়াইয়া "ভেউ ভেউ" শব্দে রোদন করিতেছে। পিতামহ তাঁহার জন্দনে ত্র:থিত হইয়া নিকটে ঘাইয়া বলিলেন, "বাপু! ভোমার কি হইয়াছে?" ব্ৰাহ্মণ কহিল "মহাশয়। আমি নিতান্ত তংখী ব্ৰাহ্মণ। ত-দশটী মন্ত্ৰশিষ্ থাকায় কোন প্রকারে কায়ক্লেশে জীবনযাত্র। নির্বাহ করি। আমার একটী বার তের বংরের অবিবাহিতা কলা ছিল। মনে মনে স্থির করিয়াছিলাম. মেয়ে বেচে যথেষ্ট টাকা লাভ করিব। অতএব আব তুই এক বৎসর রাখিয়া যদি বিবাহ দিই, ৭৮ শত টাকা মূলা পাইতে পারিব। ঐ লোভে মেয়েটির বিবাহ দিতে বিলম্ব করিতেছি, এমন সময় আমার কাছে 'মস্তু নটব' বলিয়া একটী শিষ্মের পত্ত আসিল এবং দশ প্রার টাকা দিয়া প্রণাম করিল। আমি তাহাকে নিজ পুত্রের ক্যায় যত্ন করিয়া গৃহে রাথিয়াছিলাম। দেই বদমায়েদ পাষ্ও জুয়াচোর বেল্লিক বেটা গোপনে গোপনে আমার মেয়ের সঙ্গে সন্তাব করে: গত রাত্রিতে আমার মেয়েটাকে ভলাইয়া লইয়া কোথায় পলায়ন করিয়াছে। অপরাধের মধ্যে যে ছেলেটীব সঙ্গে সম্বন্ধ করিয়াছিলাম, সে ছেলেটী তত ভাল নয় ব'লে মেয়েটার তাহাকে বিবাহ করায় তত ইচ্ছা ছিল না।" বলিয়া ব্ৰাহ্মণ গালে মথে চডাইতে লাগিল।

পিভামহ এই কথা শুনিয়া অবাক্! মুখে আর বাকা নাই; তিনি জ্রুভপদে চলিলেন। দেবগণ কহিলেন "ঠাকুরদা কোথা যান ?"

ব্রহ্মা। ভাই যে স্থানে পিতা পয়সার লোভে কন্তাকে অপাত্রে বিক্রয় করে, সে স্থানে এক তিলার্দ্ধ থাব। মহাপাপ। আমি এই মূহূর্ত্তে চূঁচূড়া পরিত্যাগ করিব। যুঁগা! বায়ন কি কসাই! পাঁটী বেচে ?

দেবগণ এখান হইতে এক স্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ! এডুকেশন গেজেট নামক সংবাদপত্র ও ভূদেব বাবুর বাটা দেখুন।"

১৮৫৭ অব্দের জুলাই মাদে এই এডকেশন গেজেট প্রকাশিত হয়। ওবাইন স্মিথ নামক একজন পাদরী প্রথমে ইহার সম্পাদক ছিলেন। গবর্ণমেণ্ট এই পত্রের গাহাযার্থ প্রথমে সম্পাদকের মাসিক ৭৫ টাকা, পরে ১৫০ টাকা, ভৎপরে ৩০০ টাক। বুদ্রি নির্দ্ধারিত করেন। কয়েক বৎসর পর্যান্ত শ্বিথ শাহেব সম্পাদকের কাজ করিয়া বিলাভ যাত্রাকালে গ্রন্মেণ্টকে কাগজ্ঞানির স্বত্ত দিয়া যান। গ্রব্নেণ্ট ইহার পর বাবু পাারীচরণ সরকারকে ৩০০ টাকা বৃত্তি সহ এই পত্রের সম্পাদ ও ম্যানেজার পদে নিযুক্ত করেন। ১৮৬৮ অব্দের ৭ই মে ইপ্রারণ বেঞ্জ বেলওয়ের শ্রামনগর প্রেশনে রেল গাডীতে যে তুর্ঘটনা ঘটে, সম্পাদক তৎসংক্রাস্ত কাগজ পত্র এ পত্রে একাশ করায় গবর্ণথেণ্টের ষহিত মনোমালিকা ঘটে ও িনি সম্পাদকের কার্যা পরিত্যাগ করেন। ভদনস্তর ভাইরেক্টর এট্কিন্গন্ সাহেবের এবং ভূতপূর্ব্ব লেপ্টেনাণ্ট গ্রব্র মহামান্ত ত্রে পাহেবের অন্ধরোধে শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধাায় এই এভূকেশন গেজেটের সম্পাদক হন। ইনি গ্বর্ণমেণ্টের বৃত্তিভোগী সম্পাদক হন নাই। নিজে এই পরের অভাধিকারী হইয়াছিলেন: স্বর্গমেন্ট এক্ষণে এই পত্রিকার ষাহা কিছ সাহায়া করিভেছেন ইচ্ছা করিলেন। করিতে পারেন: কিন্তু কাগজখানির স্বত্ব আর প্রত্যাহরণ করিতে পারেন ন।। এক্ষণে এই পত্তের গ্রাহকসংখ্যা প্রায় ৬।৭ শত হইবে। ভূদেব বাবুব সম্পাদকতা গ্রহণের পূর্বে ইহার গ্রাহক সংখ্যা ছই িন শতের অধিক ছিল না।

বন্ধা। বৰুণ। তুমি ভূদেব বাবুর জীবনবৃত্তান্ত বল।

বরুণ। ইনি ১৭৪৭ শকে কলিকাতায় জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম ৺বিশ্বনাথ তর্কভ্ষণ। ইহাদিগের আদি বাস খানাকুল কৃষ্ণনগরে, পরে কলিকাতায় মাণিকতলায় ইনি একটা বাটা নির্মাণ করেন। ঐ বাটাতেই ভূদেব বাবুর জন্ম হয়। ভূদেব বাবু প্রথমে সংস্কৃত কলেজে ভর্তি হন। পঠদশায় ইনি একজন উৎকৃষ্ট ছাত্র ছিলেন এবং প্রতিবৎসর পরীক্ষায় সর্ব্বোচ্চ হইয়া পারিতোধিক লাভ করিতেন। কলেজ পরিত্যাগের কয়েক বৎসর পরে ইনি ৫০টাকা বেতনে কলিকাতা মাল্রাসা কলেজের খিতীয় শিক্ষকের পদে নিযুক্ত হন। ইহার পরে ১৫০টাকা বেতনে হাবড়া গবর্গমেণ্ট স্থলের হেডমান্টার হইয়াছিলেন। ইহার ঘারা উক্ত স্থলের বিশেষ উন্নতি হইয়াছিল। ইহার পর ইনি দক্ষিণ বঙ্গের স্থলসমূহের ইনস্পেক্টরের পদ পান। ইহার বাক্ষালা ভাষায় অত্যন্ত অনুরাগ থাকায় সেই সময় "শিক্ষা-বিধায়ক" নামক একথানি পুস্তক মুল্রিড

করেন। ইহার ঐতিহাসিক উপক্যাসও এই সময় লিখিত হয়। ইহার পর হুগলীতে একটী নৰ্মাল স্থল স্থাপন করিবার প্রয়োলন হুইলে ভূদেব বাবু মাসিক ৩০০ টাকা বেতনে ১৮৫৬ খুটান্দে উক্ত বিভানমের স্থপারিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হন। ইহার সময়ে নশাল কলের যথেষ্ট উন্নতি হইয়াছিল। এই সময় ছাত্রদিগের পাঠোপযোগী পুস্তকের সংখ্যা অধিক না থাকায় ইনি অনেকগুলি বাঙ্গালা পুস্তক প্রণয়ন করেন। তন্মধ্যে প্রাকৃতিক বিজ্ঞান ১ম ও ২য় ভাগ. পুরাবস্তুদার, ইংলণ্ডের ইতিহাদ, রোমের ইতিহাদ ও ইউক্লিডের তিন অধাায় জ্যামিতি মন্ত্রিত ও প্রচারিত করেন। ইহার ঐতিহাসিক উপত্যাগ এই সময়ে মন্ত্রিত হয়। ১৮৬২ অবে ইনি ৪০০ টাকা বেতনে প্রতিনিধি ইনস্পেক্টরের সহকারী পদ প্রাপ্ত হন। ১৮৬৩ অবেদ কর্তৃপক্ষেরা ইহাকে এডিগনাল ইনস্পেক্টরি পদ প্রদান করেন। ১৮৬৪ অব্বে ইনি ছই আনা মল্যের শিক্ষাদর্পণ নামত একথানি মাণিক পত্রিকা প্রচার করিয়াছিলেন। ঐ পত্র কয়েক বৎমর উত্তমরূপে চলিয়াছিল। ১৮৬৭ অবেদ বার্ষিক ৫০ টাকা বৃদ্ধির নিয়মে ইহার বেতন ৫০০ টাকা নিষ্কারিত হয়। ১৮৬৯ অব্দে ইনি নর্থ দেউ ল নামক নতন ভিভিমনের ইংরাজী বাঙ্গালা সমস্ত বিভালয়ে: পরিদর্শকের ভার পাইয়া ডিভিসনাল ইনস্পেক্টর পদ প্রাপ্ত হন। এই পদটা এতদিন, সাহেবদিগেব এক চেটিয়া ছিল, ভূদেব বাবু হইতে ভাঙ্গিয়া বাঙ্গালী মহলে আদিয়াছে। এক্ষণে ভূদেব বাবু কর্মতাগি করিয়া পেন্সন ভোগ করিতেছেন।

দেবগণ ইহাই পর ষ্টেশন অভিমূথে চলিলেন। যাইতে যাইতে বক্ষণ হিংনে, "১৬০৯ অবল বাউটন নামক একজন ইংরাজ ভাজার নবাব স্থলতান স্থজার অন্তঃপুরস্থ কোন কামিনীর পীড়া আরোণ্য করিলে কজা ইংরাজদিগকে হুগলী নগরে বিনা শুল্কে বাণিজ্য কবিবার আজ্ঞা দেন। তদম্পারে ১৬৪০ অবল ইংরাজদার এথানে একটা কুঠি নির্মাণ কলেন। কলিকাতা নগরীর প্রতিষ্ঠাতা জব চার্ণক সাহেব ঐ কুঠির গবর্ণর ছিলেন। ১৬৮৬ অবল ইংরাজদিগের সহিত নবাব-দৈগ্যের বিবাদ হওয়ায় ইংরাজদার এই নগর তোপে উড়াইয়া দিয়া প্রস্থান করেন। ১৭৪২ অবল পর্জ্বীজেরা এই নগর ধ্বংস করে। ১৭৫৭ অবল পুনরায় ইংরাজদিগের ঘারা হুগলী বাঙ্গালার মধ্যে একটা প্রধান বাণিজ্যের স্থান হয়। ১৭৫৮ অবল ইংরাজদার পুনরায় ইহাতে

দেবগণের মর্জ্যে আগমন

গোলা বর্ষণ করেন। এখানকার মিসি বড় বিখ্যাত। ছগলীর লোকের চরিত্র সাধারণতঃ মন্দ নছে। এখানকার ঘুঁটে-বাজারে অনেক হুবর্ণবিণিক্ বাস করে।

উপ। কর্জা জেঠা ! জেঠাই মার জন্ত কিছু মিসি কিনে নাও না।
বকণ। ঐ যা ! টিকিট দিবার ঘণ্টা দিয়াছে। ঠাকুরদা চ'লে আহ্বন।
দেবগণ ভাড়াভাড়ি ষ্টেশনে যাইয়া চন্দননগরের টিকিট লইয়া প্লার্টফরমে
যাইয়া দেথেন দ্রে হস্তার শুণ্ডের স্তায় ধূম দেথা যাইভেছে। দেখিতে দেখিতে
টেন নক্ষত্রবেগে ছুটিয়া আসিয়া ষ্টেশনে উপস্থিত হইল। দেবতারা ক্রুতপদে গিয়া
টেনে উঠিলেন। টেন যাত্রীদিগকে উঠাইয়া লইয়া আবার দোড়াইতে আরম্ভ
করিল এবং অনভিবিলম্বে চন্দননগর স্টেশনে আসিয়া উপস্থিত হইল। দেবগণ
গেটে টিকিট দিয়া বাহিরে আসিলে ব্রহ্মা কহিলেন, "কি মজার কলই ক'রেছে।
এই কোথায় ছিলাম, আবার চারি পাঁচ মিনিটের মধ্যে কোথায় এলাম।"

इन्स् नन्त्र

দেবগণ একথানি ঘোড়াব গাড়ী ভাড়া করিয়া নগরাভিমুথে চলিলেন। তাঁহারা নগরের শোভা সন্দর্শনে এত মুগ্ধ হইলেন যে, গাড়োয়ানকে কোন্স্থানে থামাইতে হইবে বলিতে ভুলিয়া যাইলেন। গাড়োয়ানও বিনা বাক্যবায়ে একেবারে তালভাঙ্গার ফটকের নিকট উপস্থিত হইয়া কহিল, "বাবু! নেমে ভাড়া দিন।"

बन्ना। वक्न ! এ क्वान शांत व्यानिया नामाहेया फिल् ?

বৰুণ। এই স্থানের নাম তালভাঙ্গার ফটক। এই তালভাঙ্গার ফটক হইতেই ফরাসী রাজা আরম্ভ হইয়াছে। এ নগরে ফরাস্টা গবর্গমেন্টরই আধিপতা বেশী! ইহা ফরাসাদিগের রাজা বলিয়া নগরটির অপর নাম ফরাসভাঙ্গা। ফরাসভাঙ্গা কলিকাতা হইতে ২১ মাইল দ্রে অবস্থিত। এই স্থানের চতুর্দ্দিকে ইংরাজরাজা; মধাস্থলে গঙ্গার পশ্চিম কুলে বিন্দুমাত্র চন্দননগর বিরাজ করিতেছে। ১৬৭৩ খৃঃ অব্দে ফরাসীরা এই নগর নির্মাণ করে। এই নগরের একাংশ ইংরাজ গবর্গমেন্টের অধিকারভুক্ত। ফরাসী চন্দননগরে প্রায়

কিছু দ্রে যাইয়া উপ চাৎকার করিয়া কহিল, "বরুণকাকা, ও কি ! কতকগুলা লোক কাঠের মধ্যে পা ঢুকিয়ে চিৎ হয়ে প'ড়ে রয়েছে কেন ?"

বরুণ। চুপ্করু! গোল কর্লে তুডুম ঠোকাবে।

নারা। তুড়ুম কি ?

বরুণ। একথণ্ড কাঠের ফুটার মধ্যে পা প্রবেশ করাইয়া দিয়া আর একথণ্ড ফুটা কাঠ ভত্পরি রাথিয়া থিল আঁটিয়া চিৎ করিয়া ফেলিয়া রাথার নাম তুড়ুম ঠোকা। যে গৃহে ঐ কাণ্ড হইেছে উহার নাম কোডোয়ালি। ইংরাজরাজ্যে কোন ব্যক্তি দোষ করিলে হাজতে দেয়। ফরাসী রাজ্যে কোন ব্যক্তি অপর ব্যক্তির নামে নালিশ করিলে অগ্রেই তুড়ুম ঠোকায়। তৎপরে বিচারে দোষী হইলে সাজা পায় ও নির্দ্ধোষী হইলে মুক্তিলাভ করে। ফলতঃ অভিযোগ হইলেই অভিযুক্ত ব্যক্তি দোষী হউক আর নির্দ্ধোষ হউক, অগ্রে তুড়ুম ঠুকিতে হয়। এখান হইতে কিছু দুরে যাইয়া দেবগণ দেখেন—একখানি ভাঙ্গা ঘরের
মধ্যে ২০।২৫ জন লোক বদিয়া আছে। তাহাদের অন্ত অঙ্গের শিরাগুলি দেখা
যাইতেছে, প্রত্যেকের চক্ষু যেন ঠিকরাইয়া পড়িবার উদেঘাগ হইয়াছে।
সকলেরই সম্মুখে এক একটা কল্সীর কাণার উপর একটা ভাবা ছঁকা।
নল্চের মাথার দিক্ অর্দ্ধেক আন্দাজ কাটা। তত্পরি এক একটা ভাঙ্গা
কল্কের বাট। ছঁকায় এক একটা এক-হাত দেড়-হাত আন্দাজ নল লাগান।
প্রত্যেকে ধুমপান করিতেছে ও এক একবার শোলা চুবিতেছে; কখন কখন
পরস্পরে সোহাগ করিয়া নলের মধ্য দিয়া উজ্ঞান ফুংকার পাড়িয়া পরস্পরকে
গুলি মারিতেছে এবং সকলে নানারপ গল্প করিতেছে।

একজন কহিল, "একটা ঢোঁড়া দাপ বড় আফিং খেত! কিন্তু আফিং খাইলে হয়ের প্রয়োজন। তজ্জা দে প্রতাহ রজনীতে এক গো-শালায় প্রবেশ করিয়া হয়বতী গকর পশ্চাৎভাগের পা হইখানি নিজ ল্যাজের ছারা ছাঁদিয়া স্তয়পান করিত। কিছুদিন পরে গর্কটি মরিয়া যাইল। তখন হয় অভাবে দাপটা পেট ফেঁপে মারা যায় আর কি! একদিন গর্ত্ত হতৈ মুখ বাহির করিয়া চোঁয়া ঢেকুর তুলিতেছে, এমন সময় দেখে, এক গোয়ালিনী তাহার গর্ত্তের নিকট আদিয়া দাঁড়াইল। গোয়ালিনী তখন অন্তঃখন্থা ছিল, এজজ্জ তাহার স্তনে বেশ হয় ছিল। সাপটা গোয়ালিনীকে দেখিয়া আন্তে আন্তেগ গর্তের বাহির হইয়া ল্যাজ দিয়া তাহার পা ছাঁদিয়া ফেলিল; এবং স্তনে মুখ দিয়া চক চক শব্দে হুধ খাইতে লাগিল। গোয়ালিনী ভয়ে মুক্ছা গেল।"

আর একজন কহিল, "গুয়োটার সাপ আফিং ছেড়ে গুলি থেতে শিথলে না কেন? দেথ ভাই—দেদিন এইখান দিয়া একটা রাজা গিয়াছিল দেখে-ছিলে? তার নাম সিং!" তৎশ্রেবণে একজন কহিল, "ভাই! সিং নাম হইল কেন?" অপর বাজি কহিল, "এ রাজার বাল্যকালে ছটি সিং হয়। ইংরাজ গবর্ণমেন্ট সেই সিং তুইটি কাটিয়া লইয়া এসিয়াটিক মিউজিয়মে রাথিয়া দিয়া উহার নাম দিয়ছেন সিং।"

ব্রহ্ম। বরুণ, এরা কারা ? বরুণ। গুলির আড্ডার গুলিথোর। এই সময় গুলিথোরের। গান ধরিল—-গুলি ছাড়ি কেমনে, বিনা মরুণে।

স্থাল ছ্যাড় কেমনে, বিনা মরণে। সেয়াকুলের কাঁটা যেন জড়িয়ে ধ'র্ছে বসনে॥ একবার মনে করি তোড় জ্বোড় ফেলে দিয়ে, ব'দে থাকি বোবা হয়ে. (কিন্ধু) জাস্থ ভাজি স্থপনে ।

একজন কহিল, "হায়! হায়! দেখ ভাই, সম্প্রতি চন্দননগরের এক তাঁতি তার জীর সঙ্গে বিবাদ ক'রে নটে-শাকের তলায় গলায় দড়ি দিয়ে মরেছে।" আর একজন কহিল, "সতিা নাকি?" বক্তা কহিল, "আমি কি মিথাা কথা কহিতেছি। মাগী, মিন্দের সঙ্গে বিবাদ ক'রে যেমন জল আন্তে গিয়াছে, মিন্দে অমি নলি থেকে এক খাই স্থতা নিয়ে শাকের ক্ষেত্রে কাছে ছুটে গিয়ে নিজের গলার সঙ্গে আর নটে গাছের সঙ্গে বেঁধে চুপ ক'রে ব'সে আছে।" একজন কহিল, "কেউ ছাড়িয়ে দিলে না?"

বজা। তাঁতি-বৌজন নিয়ে এসে দেখে সর্বনাশ! স্বামী গলায় দড়ি দিয়ে জিভ্ বাহির ক'রে ব'সে আছে। তথন মাগী তাড়াতাড়ি কাঁকের কলসী ফেলে মিন্সের পিঠে কাঁাৎ ক্যাঁৎ শব্দে লাখি মারিতে লাগিল। মিন্সে অনেকগুলো লাখি থেয়ে ব'ল্লে, "নাখিই মার, আর ধাই কর, কর্ন্তা মরে গেছে।"

একজন কহিল, "বেটা তাঁতি ফরাদী রাজ্য ব'লে বেঁচে গেলেন। ইংরাজ রাজ্য হ'লে বাছাকে শুরকি ভাঙ্গাতো। বাবা! আত্মহত্যা ক'র্তে যাওয়া সহজ নয়!"

ব্ৰহ্মা। বৰুণ! তুমি ব'ল্লে "ইহারা গুলির আড্ডার গুলিখারে।" কিন্তু আমি ত কিছু বুঝুতে পারিলাম না।

বরুণ। আজে, আপনার স্বষ্ট আফিং মর্ত্তো ছই মৃর্ত্তিতে ব্যবহৃত হয়।
এক মৃর্ত্তি কাঁচা,—অপর মৃর্ত্তি পাকা। কাঁচার নাম আফিং, পাকার নাম
গুলি। সেইগুলি যাহারা থায়, তাহাদিগকে গুলিথোর কহে।

ইন্দ্র। গুলিখোরদিগের সরঞ্জাম ত বেশ্!

বরুণ। ঐ সমস্ত সরঞ্জামের আবার ভিন্ন ভিন্ন নাম আছে। ঐ যে কলসীর কাণার উপর ভাবা হুঁকা আছে, ঐ হুঁকা এবং নলটীর নাম তোড় জোড়, এবং ঐ ভাঙ্গা ক্ষের নাম মেরু।

এই সময় একজন গুলিখোরকে ছিটা অন্বেষণ করিতে দেখিয়া নারায়ণ কহিলেন, "লোকটা কি অমূল্য দ্রব্য হারাইয়াছে!"

বরুণ। অমূল্য দ্রব্য অর্থাৎ চারি কড়া আনদান্ত মূল্যের একটি গুলি। গুলিথোরেরা সর্ব্যন্ত দিতে পারে; কিন্তু প্রাণধ'রে একটি ছিটা কাহাকেও দিতে পারে না।

দেবগণের মর্ডো আগমন

নারা। ছিটা তৈয়ার করে কেমন ক'রে ?

বৰুণ। পেয়ারা পাতা কুঁচি কুঁচি করিয়া কাটিয়া প্রথমে ভাজনা খোলায় ভাজিয়া লয়। তৎপরে একটি পাত্রে জল দিয়া আফিং গুলিয়া সেই জল অগ্নির উত্তাপে ফুটিলে ভাজা পেয়ারা-পাতা ফেলিগ্না দিয়া বেশ করিয়া নাড়িয়া মৃড়াক-মাখা করে, তৎপরে নামাইয়া সেইগুলি কৃত্র কৃত্র আকারে পাকাইয়া ছিটা প্রস্তুত করে।

উপ। রাজা-কাকা! রাজা-কাকা! একটা গুলিখোর **গু**লি টেনে আধথানা কলা মুখে দিয়ে কোঁৎ ক'বে গিলে ফেল্লে!!

বরুণ। কলা উহাদের উপাদের চাট। গুলির ধম পেটে প্রবেশ করিলে নেশা হয়; কিন্তু কর্কশ দ্রব্য চিবাইতে হইলে ধুম বাহির হইয়া যাইবার সম্ভাবনা! এজন্ম গুলি টানিয়া কলা চট্কাইয়া সেই কলা অতি সতর্কতার সহিত মুখে দিয়া গিলিতে পারিলে কলা-সহিত ধুম পেটের মধ্যে প্রবেশ করে। গুলিখোরেরা পাকা কলা এত ভালবাসে যে, ষ্টেশনে যদি কোন যাত্রী কলা লইয়া আনে, ঐ সামান্ত দ্রব্য চাহিলেই পায়, কিন্তু তাহা না করিয়া চুরি করিবার চেষ্টা দেখে। চাটনীর অভাবে ইহারা সময়ে সময়ে শোলা জলে ভিজাইয়া চুষিয়া থাকে। গুলিথোরের অনেকগুলি চিহ্ন আছে। যথা— প্রায়ই চক্ষু বজাইয়া থাকে,-নেশা ছুটিবার আশঙ্কায় সহজে চক্ষু মেলিয়া চাহিয়া (मृत्य ना। (गोनमाल वर्ष विश्वक श्यू.—(कर कथा कशिल "चारि चारिक" বলিয়া তাহাকে নিষেধ করে। যথন ইহারা চলিয়া যায়, পায়ের গোড়ালি উচু হইয়া থাকে। যে রাষ্ট্রায় সচরাচর যাতায়াত করে, তাহাতে একটি ঢেলা थाकि एक ना -- भारह दाँ कि ना शिवा निमा कृष्टिया यात्र। य श्रुट मधन করিয়া থাকে, ঐ গ্রহের কোন স্থানে ছাতা কিংব। ব্যাগ টাঙ্গাইয়া রাখিতে দেয় না,—পাছে লাফিয়ে এনে ঘাড়ে পড়ে। হুগ্ধে এত লোভ হয় যে, শিশু সম্ভানকে রাত্রিতে খাওয়াইবার হয় ঢাকা থাকিলে চুরি করিয়া থাইয়া থাকে। গুলিখোর গুলি টানিয়া যে রাস্তা দিয়া বাটী আইদে, ঐ রাস্তার ছই পার্বে দঙা পাকাইবার ভঙ্গিতে যদি ছুই জন দাঁড়াইয়া থাকা যায়, প্রাণাত্তে সোজা হইয়া আসিবে না,-পাছে দড়ি গলায় লাগিয়া মারা পড়ে, এই শকায় হেঁট হইয়া আইলে। ইহাদের নম্ভর অতি কৃত্র হয়। গুলিখোরেরা মাতালকে বড় ভয় করে। মাতাল দেখিলে দে রাস্তায় প্রাণাক্তেও অগ্রসর হয় না। এই চন্দননগরে গুলিখোরের সংখ্যা বড বেশী।

এখান হইতে দেবগণ এক স্থানে উপস্থিত হইয়া দেখেন—কতকশুলি লোক আপনার কান আপনি মলিতেছে। কেহ বা সাত বার উঠা-বসা করিতেছে, কাহারও বা কান ধরিয়া ঘোড-দেভি করান হইতেছে।

ইন্দ্র। বরুণ। এখানে কি হইতেছে ?

বৰুণ। পশ্তিতের কাছে দোষীদিগের বিচার হইতেছে। ফরাসভাঙ্গায় ফরাসীদিগের একজন হই শত টাকা বেতনের বিচারক আছেন, তাঁহাকে পশ্তিত কহে। উচার নিকট দামান্ত দামান্ত দোবের বিচার হইয়া থাকে। ঐ সমস্ত দোবের সাজা নিজের কান নিজে মলা, উঠা বদা করা এবং কান ধরিয়া ঘোড়-দৌড় করান।

এখান হইতে তাঁহারা এক স্থানে উপস্থিত হইলেন। নারায়ণ ক**হিলেন**, "বরুণ। সম্মুখে ঐ বাড়ীটি কি দ"

বরুণ। ফরাসীদিগের গবর্ণমেন্ট হাউস। এই গবর্ণমেন্ট হাউসের স্বারে একজন মাত্র পাহারা আছে। এথানকার গবর্ণর পণ্ডিচারীর গবর্ণরের জ্বধীন। এথানকার গবর্ণর পাঁচ শত টাকা বেতন পাইয়া থাকেন। এথানকার মধ্যে যাহার। বড় সাহেব, তাঁহাদিগের প্রাসাদের স্বাবে কেরোসিন তৈলের আলো জ্বলে।

এই সময়ে দেবগণ দেখিলেন "জয় গাধাক্বফ" বলিয়া এক দল বৈষ্ণব রাস্তা দিয়া চলিয়া যাইল। পিতামহ তদৃষ্টে কহিলেন "বৰুণ! এত বৃন্দাবন নয়, এখানে এত রাধাক্ষয়ের দল কেন দ"

বরুণ। উহারা প্রকৃত বৈষ্ণব নহে। ইংরাজ রাজ্যের ফেরারি আসা-মীরা গুরুতর অপরাধ করিয়া ধরা পড়িবার ভয়ে এথানে পলাইয়া আসিয়া বৈষ্ণব বেশে বাস করিয়া থাকে। পিতামহ, ওদিকে দেখুন ফরাসী জেল।

সকলে জেলখানার নিকটে উপস্থিত হইলে উপ চীৎকার করিয়া কহিল "কর্জা-জেঠা চেয়ে দেখ! মিসেগুলোব পেছন দিকে এক একগাছি লম্বা শিকল ঝুলান। শিকলগুলোর মাধায় আবার এক একটা গোল গোল লোহা লাগান। উহারা অতি কটে টানিয়া লইয়া যাইতেছে।"

বরুণ। দেবরাজ। চেয়ে দেখা—দায়মালি কয়েদীরা করাদী জেলে কিরূপ
দণ্ডভোগ করিতেছে। ঐ যে শৃত্যলাগ্রভাগে লোহের এক একটা গোলা
দেখিতেছ, উহা যাহার যত বৎসর মেয়াদ, তাহাকে তদম্রূপ ভারি বহন করিতে
দেওয়া হয়।

বন্ধা 1 বৰুণ ! ও দিকে ওকি ?-একটা কুত্ৰ কাৰ্চ নিৰ্মিত কাটগড়ার

দেবগণের মর্জো আগমন

মধ্যে একজন দাঁড়াইয়া স্থোর দিকে মুখ করিয়া চাহিয়া আছে এবং উহার মন্তকের উপর এক গাছি দড়ি ঝুলিতেছে ?

বরুণ। উহা হাঁফ ফাঁদীর স্থান। লোকের অর্দ্ধ প্রাণদণ্ডের হুকুম হইলে এই স্থানে এরূপ সাজা দেওয়া হয়।

हेकां। हाक कांनी कि?

বৰুণ। অপরাধীকে সমস্ত দিন ঐ কাটগড়ার মধ্যে অতি সংকীর্ণ অবস্থার দাঁড়াইয়া পূর্যোর দিকে চক্ষু মেলিয়া চাহিয়া থাকিতে হয়। পূর্য যথন যে দিকে ফিরিবেন, দোষী ব্যক্তিকেও তথন সেই দিকে ফিরিতে হইবে। এইরূপে পূর্যা অন্ত যাইলে সে ব্যক্তিকেও ছাড়িয়া দেওয়া হইবে। এইরূপ দণ্ডকেই হাফ ফাঁদী বা অর্দ্ধ প্রাণদণ্ড কহে। এই চন্দননগরে অনেকগুলি থানা আছে; প্রত্যেক থানাই এক একজন কোতোয়ালের অধীন। ঐ কোতোয়ালেরাই থানার হর্তা কর্তা বিধাতা। এখানে নয়টা রাত্রির পর কাছাকেও রাস্তায় বাহির হইতে দেওয়া হয় না। বিবাহাদি উপলক্ষে কিংবা কোন উৎসবাদি উপলক্ষে রাত্রিতে বেড়াইবার পাশ করিয়া লইতে হয়। বিনা পাশে রাস্তায় বাহির হইলে তুড়ুম ঠোকায়।

দেবগণ এখান হইতে যাইয়া একটা বাসা স্থির করিলেন এবং চারিজনে স্নান করিতে চলিলেন। উপ বাসায় থাকিয়া স্রব্যাদি স্নাগলাইতে লাগিল। তাঁহারা ষাইতে যাইতে এক স্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ! ফরাসী-দিগের কেল্লার ধ্বংসাবশেষ দেখুন। এই কেল্লাটা নদীর পশ্চিম দিকে স্ববস্থিত।"

সকলে স্নান আছিক সারিয়া বাসায় আসিয়া রন্ধনের উদ্যোগ করিতেছেন, এমন সময় এক গুলিখোর ব্রাহ্মণ আসিয়া কহিল "বাবা! যদি চাটি খেতে দেও তো খাই।" পিতামহ স্বভাবতঃ অতিথি-সংকার করিতে ভালবাসেন; তিনি ব্রাহ্মণের কথায় সম্ভষ্ট হইয়া মহাসন্তোষ প্রকাশ করিতে ভালবিলেন। ব্রাহ্মণ কহিল, "একটু তৈল দেন, স্নান করিয়া আসি।" নারায়ণ তৎপ্রবণে তাহার সম্মুখে তেলের বাটা প্রদান করিলে ব্রাহ্মণ চক্ষু মুক্তিত করিয়া কহিল "হাতে দেও বাবা!" নারায়ণ তৎপ্রবণে তৈল প্রদান করিলে ব্রাহ্মণ তৈল মাখিয়া স্নান করিতে যাইল।

নারা। বরুণ! ব্রাহ্মণকে তৈল দিতে "হাতে দেও বাবা"—কহিল কেন? বরুণ। চক্ষু খুলিরা তৈল মাখিলে পাছে নেশা ছুটিয়া যার, এই জন্মই হস্তে তৈল চাহিয়াছে। আহরীয় দ্রব্যাদি প্রান্থত হইল, কিন্ধ ব্রাহ্মণ আর ফিরিল না। পিতামহ অতিথির জন্ম অপেকা করিয়া শেষে দেবগণের উপরোধ্ তাহার আন ব্যঞ্জনাদি রাথিয়া আহারে বসিলেন। আহার সমাপ্ত হইলে কিঞ্চিৎ বিশ্রামের পর পুনরায় নগর ভ্রমণে বহির্গত হইলেন।

এক স্থানে উপস্থিত হইয়া নারায়ণ কহিলেন, "বরুণ। সম্মুখে এ স্থন্দর বাজীটি কাহার ?"

বরুণ। কুর্জং দাহেব নামক একজন ইংরাজ জমীদারের। ইহার বিলক্ষণ সৃষ্ঠতি আছে।

এখান হইতে সকলে নদীর তীরে যাইলে বরুণ কহিলেন, "পিতামহ! সম্মুথে ইটালি-দেশীয় মিশনরিগণের চর্চ্চ দেখুন।" চর্চ্চ দেখিয়া সকলে নদীর ঘাটের প্রতি চাহিয়া দেখেন—তাঁহাদের গুলিখোর অতিথি বসিয়া আছে।

বন্ধা। বৰুণ ! দেখ—চুপ ক'বে ব'দে আছে, এ পৰ্য্যস্ত জলে নামে নাই।
বৰুণ। গুলিখোবেরা জলকে বাঘের স্থায় দেখে, তাই কিরুপে জলে
নামিবে—বসিয়া ভাবিতেছে।

এথান হইতে যাইয়া দেবগণ একটা কেলা দেখিলেন। কেলাটাতে সর্বসমেত ৫০।৬০ জন সিপাই আছে। কেলা দেখিয়া বাসায় আসিয়া দেখেন তাঁহাদের গুলিখোর অতিথি বসিয়া আছে। তাঁহারা রাহ্মণকে ভাত দিয়া বসিয়া গল্প করিতেছেন, এমন সময় রাহ্মণ চীৎকার শব্দে কাঁদিয়া উঠিল। দেবগণ সবিশ্বয়ে জিজ্ঞাসা করিলেন "কি হইয়াছে ?"

ব্রাহ্মণ। এমন অতিথি-সৎকার না করিলেই নয় ? আমার কত কষ্টের বাদসাহি পেটটা বাবা কাঁচকলা থাইয়ে জ্বনের মত থারাপ ক'রে দিলে।

ব্ৰহ্মা। বক্ষণ। বলে কি?

বরুণ। মাছের ঝোলে কাঁচকলা ছিল, কাঁচকলা থাইলে গুলিথোরদের অত্যন্ত পেট থারাপ হয়। ব্রান্ধণ ভ্রম বশতঃ থাইয়া কাঁদিতেছে।

ব্রহ্মা। উপ! ওঁর পাতে ঘি ঢেলে দে। বাবা! ধ্ব ঘি খাও, তোমার পেট সেরে যাবে। কাঁচকলায় যে পেট খারাপ করে, তা ত আমরা জানি না, জানলে মাছের ঝোলে কাঁচকলা দিতাম না।

বার্ন্মণ। হাজার ঘি খাই—এ বাদসাহী পেট শীঘ্র শোধ্রাবে না।

সন্ধা হইলে গুলিথোর চলিয়া যাইল। দেবতারাও সন্ধ্যা আহ্নিক সারিগ্না একটু একটু জলযোগ করিলেন। তৎপরে সকলে শরন করিয়া গল্প করিতে লাগিলেন। নারায়ণ কহিলেন, "মর্ত্তো আসিয়া আমি আছি ভাল। যতই নৃতন নৃতন স্থানে যাইয়া লোকের স্মাচার ব্যবহার দেখিতেছি. ততই আমার নতন নতন স্থান দর্শন করিতে ইচ্ছা হইতেছে;" দেবরাজ কহিলেন. "বলিতে কি—আমিও এক প্রকার আছি ভাল। তবে জয়স্ত ছেলেমারুষ বলিয়া রাজকার্য্য কিরূপ চলিতেছে, না জানাতেই মনটা সময়ে শুমুরে একট চঞ্চল হয়।" পিতামহ কহিলেন.—"আমার বাড়ীতে ঘদি একটী সাত বংসরেরও ছেলে থাকত. তোমরা আমাকে যতদিন মর্জো রাখিতে থাকিতাম।" নানা কথায় দেবগণ রন্ধনী অতিবাহিত করিলেন এবং প্রাতে উঠিয়া আবার নগর ভ্রমণে চলিলেন। বাসা হইতে কিছু দুরে যাইয়া দেখেন—এক স্থানে লোকে লোকারণা। এক বাজি চীৎকার শব্দে কহিতেছে, "দোহাই ফবাসী গবর্ণমেন্টের, দোহাই ফরাদী গবর্ণমেন্টের। প্রাণ যায়, রক্ষা কর।" তাহার নিকটে এক যুবতী হেট-মুখে দাড়াইয়া আছে। যে বাক্তি চীৎকার করিতেছে, তাহাকে পথের লোকে জ্বতা, ঝাটা—যাহা সম্মথে পাইতেছে, তন্ধারা প্রহার করিতেছে। দেবরাজ ছটিয়া গিয়া একজনকে কহিলেন, "মহাশয়। ব্যাপারখানা কি " সে ব্যক্তি কহিল, "হয়েছে কি জানেন—যে ব্যক্তিকে পকলে প্রহার করিতেছে, উনি গুরু। যে বন্ধ ঘন ঘন-প্রহার করিতেছেন, উনি শিষা। হেটমুখে দাঁড়াইয়া আছেন শিশ্বকতা। গুরু কয়েক দিবস হইল শিশ্ববাড়ী আসিয়া ছিলেন। ইতিমধ্যে উনি শিশ্তের বিধবা কন্তাকে হাত করিয়া গত বন্ধনীতে উহাকে দক্ষে লইয়া এখানে পলাইয়া আসিয়াছেন। মনে মনে বিশ্বাস আছে, ইংরাজরাজ্যে পাপ করিয়া ফরাসী রাজ্যে আসিয়া নিষ্কৃতি পাইব।"

বন্ধা। যুঁটা! শ্রীবিষ্ণু! বরুণ, বলে কি হে ? গুরু---শিশ্বকন্তা, যুঁটা!!
দেবগণ চাহিয়া দেখেন---পিতামহ নিকটে নাই, জ্রুতপদে এক দিকে
ছুটিয়া যাইতেছেন। তখন দেবগণও অগত্যা পশ্চাৎ পশ্চাৎ যাইয়া কহিলেন,
"ঠাকুরদা। কোখায় যান ?"

ব্রহ্মা। ভাই ! যে রাজ্যে গুরু, শিশুকস্থা হরণ করিয়া পলায়ে এসে
নিষ্কৃতি পায়, সে রাজ্যে তিলার্দ্ধও থাকিতে নাই। থাকিলে মহাপাপ স্পর্শে;
অতএব আমি এই মুহুর্জেই চন্দননগর পরিত্যাগ করিলাম।

"তবে চল্ন" বলিয়া দেবগণও পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। তাঁহারা এক স্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "দেবরাজ! ঐ যে স্ত্রীলোকটা দেহুড়ে-দিগের নিকট বসিয়া হাস্থ পরিহাস করিতেছে, উহার অবস্থা—ভনিবার উপযুক্ত। উহার পিতা কলিকাতার একজন সম্ভান্ত ও বিষয়ী লোক ছিলেন।
তাঁহার পুত্রসন্তান না থাকায় মৃত্যুকালে সমস্ত বিষয় ছই বিধবা কল্যাকে সমান
অংশে বিভাগ করিয়া দিয়া যান। উহাদের ছই ভগ্নীরই চরিত্র বড় মন্দ ছিল।
তমধ্যে জোষ্ঠা গৃহে থাকিয়া উপপতি করেন। ইনি বাটীর পুরাতন থানসামাকে
লইয়া বাহির হইয়া যান এবং থানসামার বাটীতে তাহার জ্রীর সপত্নীর লায় বাস
করিতে থাকেন। ক্রমে তথায় ইহার এক পুত্র ও তুই কলা হয়। থানসামা
কৌশলক্রনে টাকা ও গহনাগুলি লইয়া এক্ষণে বাটা হইতে নিদায় করিয়া
দিয়াছে। আপাততঃ বেহুডে উপপতি করিয়া জীবন্যাত্রা নির্কাহ করিতেছে।
বন্ধা। আরে ছি! ছি' জ্রীবিষ্ণু!বক্লণ, আমাকে কোথায় এনেছিল ?
উপ। বঞ্ল কাকা। কি ইইয়াছিল আর একবার বল না ?

ষ্টেশনে যাইয়া সকলে দেখেন—টিকিট দিবার বিলম্ব আছে। তথ্য পিতামহ কহিলেন, "বরুণ। চন্দননগরের অপরাপর বিষয় সংক্ষেপে বল।"

বরুণ। এই নগরটীতে অন্যন একলক চবিবশ হান্ধার লোকের বাস। গবর্ণমেন্টের বার্ষিক আয় আড়াই লক্ষ টাকা। এই আয়, ভূমির কর দারা হইয়া থাকে। এথানকার প্রজাদিগকে ভূমির কর ব্যতীত অপর কোন কর দিতে হয় না। কেবল কার্যাক্ষম বাজিদিগকে মাদিক আট আনার হিসাবে কর দিতে হয়। ঐ কর দারা প্রতি বৎসর চৌদ্দ প্রর হাজার টাকা আদায় হইয়া থাকে এবং ভাহাতে মিউনিদিপ্যালিটীর কার্য্য নির্ব্বাহ হয়। এথানকার জমির থাজনা অতি দামান্ত, শত বংদর পুর্বের যাহা ছিল, এক্ষণেও তাহাই আছে। জমির মধ্যে অনেক লাথবাজ। চলননগরে ফরাসীদিগের একজন গভর্ণর ভিন্ন একজন কালেক্ট্রর ও একজন সবজজ আছেন। ইহাদের বেতন অতি সামান্ত। রাস্তায় ঘাটে ফরাসী ভাষায় লিথিত সাইনবোর্ড টাঙ্গান আছে। আদালতেও ফরাসীভাষা প্রচলিত। বজনীতে এখানকার রাস্তা কেরোসিন তৈলের লগ্ননের মারা আলোকিত করা হয়। এ নগরে মুসলমান প্রায় নাই। অধিবাসীরা সাধারণতঃ অলস ও আমোদপ্রিয়। গুলির আড্ডা বিস্তর আছে। এথানে শিক্ষিত ভদ্রলোকের সংখ্যাও বিস্তর। ১৭৪০ অবে এখানে প্রায় চারি হাজার ইষ্টকনির্দ্মিত গৃহ ছিল। সেই সময় কলিকাতায় কুটীর মাত্র দেখা যাইত। ফরাসী গবর্ণর ছিউল্লে ইহার যাহা কিছু উন্নতি করিয়াছিলেন; তাঁহার পর আর কোন উন্নতি লক্ষিত হয় না। ঐ ডিউপ্লের ইচ্ছা ছিল যে তিনি ভারতে

দেবগণের মর্জ্যে আগমন

নেপোলিয়নের স্থায় কীর্ত্তি সংস্থাপন করিবেন। এক্ষণে ইহাতে যাহা কিছু আছে, পুর্বের সহিত তুলনা করিলে তাহা কিছুই নয়। ১৭০৪ অব্দে ইংরাজেরা এই নগর অধিকার করিয়া পুনরায় ফরাসীদিগকে প্রত্যপণি করেন এবং ১৭৫৭ অব্দে এভ মিরেল ওয়াট্সন সাহেব আর একবার এই নগর আক্রমণ করেছিলেন। চন্দননগর হইতে গোঁদলপাড়া নামক একটা স্থানে যাওয়া যায়। 'ঐ স্থানের কুরুরে কামড়ানর উবধ বড় বিখ্যাত। তৎপরে তেলিনীপাড়া নামক একটা স্থান আছে। তেলিনীপাড়ার বন্দ্যোপাধ্যায় মহাশয়েরা বিখ্যাত ধনী জমীদার। ঐ বাবুদের একটা দেবালয় আছে,— সেথানে অন্নপূর্ণা মূর্তি বিরাজ করিতেছেন। দেবালয়ে প্রত্যহ শত শত অতিথির সেবা হইয়া থাকে।

এই সময় দেবগণ দেখেন—ছটা বাবু গল্প করিতে করিতে আসিতেছেন।
একজন কহিতেছেন "মহাশয় বড় বিপদ্গ্রস্ত হইয়াছেন!" অপর কহিতেছেন
"আজে হাা, আমার লোকের কাছে মুখ দেখাইতেও লজ্জা করে, আবার না
দেখালেও না।"

ব্রহ্মা। বরুণ ! বাবুটীর কি হইয়াছে ?

বকণ। হয়েছে কি জানেন—ঐ বাবুবা তিন ল্রাতা। অপর লাত্ত্বর নাবালক, উহারই অন্নে প্রতিপালিত হইতেছে। বাবুব এক সময় বেশ ভাল চাকুরী ছিল; সেই সময় যথেষ্ট টাকা উপার্জ্জন করিয়াছেন এবং ল্রাতাদিগকে ফাঁকি দিবার অভিপ্রায়ে সমস্ত টাকায় স্ত্রীর নামে বিষয় খরিদ করিয়া রাখিয়াছেন। এক্ষণে বাবুর কর্মটী নাই—বেকার বসিগ্রা আছেন। বাবুর স্ত্রীর পূর্ব্ব হইতেই একটু চরিত্র দোষ ছিল। সম্প্রতি সে উপপতির পরামর্শে বাবুকে বাটী হইতে বাহির করিয়া দিয়াছে। এক্ষণে বাবু কিরূপে স্ত্রীধনে দখল পান, ভক্ষন্ত কলিকাতায় উকীলদের সহিত পরামর্শ করিতে চলিলেন।"

এই কথা শ্রবণে বৃদ্ধ পিতামহ আর হাসিয়া বাঁচেন না। নারায়ণ কহিলেন, "মাগী উচিত বিচার করিয়াছে।"

এই সময় "টিট্রিং ল্যাটাং—টিট্রিংল্যাটাং" শব্দে টিকিট দিবার ঘণ্টা দিতে লাগিল। দেবগণ বৈছবাটীর টিকিট লইগা টেনে উঠিলেন। টেন ছপাছপ্ শব্দে দৌভিতে আরম্ভ করিল।

যে গাড়ীতে তাঁহারা বসিলেন, সেই গাড়ীতে একটা বাব্ও বসিয়াছিলেন। ইহাকে দেখিলে বোধ হয় বিলক্ষণ সঙ্গতিপন্ন লোক হইবেন। বাবুটী একে স্থলন পুরুষ, তাহাতে যৌবনকাল। বিশেষতঃ নানারূপ পরিচ্ছদ পরিধান করায় আরও স্থলর দেখাইতেছিল। তাঁহার মন্তকে সোজা সিঁতি, হস্তে তিন চারিটা অন্থরীয় এবং বক্ষঃস্থলে চেন সহিত ঘড়ি শোভা পাইতেছে। বাবুটা রেলিং ঠেস দিয়া অপর কামরার এক যুবতীর প্রতি চাহিয়া হাসিতেছিলেন। যুবতীর নিকটে তাহার স্থামী অকাতরে নিজা যাইতেছিল। ইহারও বিষয়বৈভব এক সময় কম ছিল না; কিন্তু এক্ষণে মদে ও বেশ্রায় প্রায় সমস্তই গিয়াছে। বাবুটা দেখিতে অতি কদাকার। স্ত্রী স্থাধীনতা ইনি বড় ভাল বাসেন. এজন্ম প্রীকে সঙ্গে লইয়া পশ্চিম ভ্রমণে গিয়াছিলেন। বাবু এক্ষণে অকাতরে নিজা ঘাইতেছেন, তাঁহার স্ত্রী স্থাধীনতা-প্রভাবে অপর পুরুষের সহিত গল্প করিতেছেন।

বাবু। আমি ভাই এইবার নামিব।

ন্ত্রী। আহা। বেশ হজনে গল্প করিতে করিতে যাচ্ছিলাম। তুমি নেমে গেলে কি ক'রে থাক্বো?

বাব। যদি না থাকতে পার—আমার সঙ্গে চল না কেন ?

ন্ত্রী। তৃমি যদি নিয়ে যাও, যাইতে প্রস্তুত আছি; কিস্তু কি রকমে যাই ? বার্ এই কথা শুনিয়া অতি মৃত্র স্বরে কি পরামর্শ দিলেন। উপ নিকটে বিসিয়াছিল, কান পাতিয়া শুনিতে লাগিল। এদিকে ট্রেন আদিয়া ভদ্রেশবে থামিল। পুনরায় যেমন ট্রেন ছাড়িবার উদ্যোগ করিতেছে—বার্ অদ্রিলাকটাকে ইঙ্গিত করিয়া নামিয়া পড়িলেন। যুবতীও যেমন নামিতে যাইবে, অমনি উপ চীৎকার করিয়া কহিল "ও ঘুমান বার্! উঠে দেখ্—তোর বৌ পালাচেট।" বার্ "য়ঁয়া য়ঁয়া!" শব্দে যেমন উঠিলেন তাঁহার গৃহিণীও অমনি গাড়ী হইতে নামিয়া পড়িল। বার্ ক্ষিপ্রা হল্তে যেমন স্ত্রীর অঞ্চল ধরিলেন, নীচেকার বার্ ছুটিয়া আদিয়া সপাদপ শব্দে তাঁহার হল্তে অমি ছড়ির আঘাত করায় বার্ অঞ্চল ছাড়িয়া দিলেন। পাছে উপরের বার্ লাফাইয়া পড়ে এই আশকায় নিয়ের বার্ গাড়ীর বার চাপিয়া ধরিয়া কহিতে লাগিলেন, "রাস্কেল! আমার জীর অঞ্চল ধ'র্লি যে ? জানিস্ তোর নামে আমি নালিশ ক'রবো!'

আরোহী বাবু চীৎকার করিয়া কহিল, "পুলিশম্যান! পুলিশম্যান! আটক কর আমার বৌ নিয়ে যায়।" স্ত্রী কহিল মর মিঙ্গে—তুই আমার স্বামী. না ইনি আমার স্বামী ? দেবগণের মর্জো আগমন

এদিকে টেনও পোঁ শব্দে বংশীব্দনি করিয়া ছপাছপ শব্দে ছুটাতে লাগিল। বাবু কত চীৎকার করিলেন, কিন্তু সে চীৎকার অরণ্যে রোদন হইল।

বক্ষণ। পিতামহ! এই টেশনটার নাম ভদ্রেশ্বর। এই স্থানটির এক দিকে বেলওয়ে, অপর দিকে গঙ্গা প্রবাহিতা হইতেছেন। এই স্থানে অনেক-শুলি মহাজনের গদি আছে। শস্ত্রের আমদানিও ও রপ্তানীর জন্ম ভদ্রেশ্বর বড় বিখাত। এখানে ভদ্রেশ্বর নামক একটি শিব আছেন। ঐ শিবকে সম্ভই করিবার জন্ম জ্রীলোকেরা চৈত্র মাসে এক লক্ষ বিভাগত দিয়া পূজা দিবার মনন করিয়া থাকেন।

এই সময় পিতামহ বাবুটাকে রোদন করিতে দেখিয়া বৈলিংয়ের নিকটে আসিয়া বসিলেন এবং মিষ্ট কথায় বলিতে লাগিলেন—"বাবা, কেঁলো না! নিজের দোবে হারালে, এখন কাঁদলে কি হবে ? তোমার অর্থবল নাই, শরীরে বল নাই, স্তীষাধীনতা দিতে যাওয়া কেন ? অত্যে সাহেবদের মত বলবান্ হও, সাহসী হও, তৎপরে এ কাজে প্রবৃত্ত হইও। তুমি স্তীষাধীনতা দিবে অ্থচ ভোঁস্ ভোঁস্ ক'রে ঘুমাবে; ভাহাতে কি কাজ চলে!"

বাবু। আমি বৈষ্ণবাটীতে নামিয়া টেলিগ্রাফ করিয়া আটক করাবো।

বরুণ। তাহারা এতক্ষণে ভদ্রেশ্বর হ'তে ৩২ ক্রোশ রাস্তা দূরে গিয়া পড়িয়াছে। টেলিগ্রাফ ক'রে আর কেন লোক হাসাবে ? বাড়ী গিয়ে প্রচার করগে—বৌ মরে গিয়েছে।

বাব্। আমি ভাহাকে প্রাণের সহিত ভালবাদিতাম। যাহা হউক, আপনারা এ কথা কাহারও নিকট প্রকাশ করিবেন না।

নারা। আমরা প্রকাশ ক'র্বো। না ক'রলে লোকের উপকার হবে হবে কিসে? চৈতন্ত হবে কিসে? তোমার মত বোকা বাবুরা যদি তোমার দেখে শিক্ষা পান, সাবধান হন, সে ভাল নয়?

বৰুণ। দ্বীস্বাধীনতা প্রিয় রামহরি মুখোপাধাগয়কে ভেভিড হেয়ার দাহেব যেরপ কান মলে দিয়েছিলেন, আজ তোমার এরপ দিলে তবে জ্ঞান হইত।

बक्षा। वक्षन, त्रामहतित विषय वन।

বরুণ। জ্রী-স্বাধীনতা প্রিয় রামহরি বাবু এক দিন সাহেবী পোশাক ক'রে বেলওয়ের ২য় শ্রেণীতে স্ত্রীকে মেম সাজাইয়া বারাকপুরের ক্যাণ্টনমেণ্ট দেখাইতে নিয়ে যাচ্ছিলেন। দমদমা ষ্টেশনে তিন জন গোরা সেই গাড়ীতে উঠিল। তাহারা দেখিল—রামহরি বাবু সাহেব নন, কালা বাঙ্গালী। ক্রমে

পরস্পারে হাস্ত পরিহাদ করিয়া রামহরির স্ত্রীকে আক্রমণ করিতে যাইল; বাব্
হস্ত ছারা আচ্ছাদন করিয়া প্রাণের দায়ে চীৎকার করিতে লাগিলেন। ট্রেন
ক্রমে পর ষ্টেশনে উপস্থিত হইলে হেয়ার সাহেব সেই গাড়ীতে উঠিলেন ও রামহরির বিপদ দেখিয়া গোরাদিগকে মিষ্ট কথায় নিরস্ত করিবার চেষ্টা পাইলেন।
কিন্ত ভাহাতে কোন ফল না হওয়ায় ঘূদি ধরিলেন, তৎপরের ষ্টেশনে ট্রেন
আসিয়া উপস্থিত হইলে তিনি রামহরিকে সন্ত্রীক নামাইয়া দিয়া রামহরির
উস্তমরূপে কান তৃটি মলিয়া দিলেন এবং বলিলেন, (When ou will be so strong as we are then imitate) যথন তৃমি আমাদিগেশ গ্রায় বল্বান্
হইবে, তথন আমাদিগের নকল করিবার চেষ্টা করিও।

ব্রফা। আহা, হেয়ার সাহেবের মতন ভক্ত ও দ্যাবান্ আর আছে!
ক্রমে ট্রেন আসিয়া বৈঅবাটি ষ্টেশনে উপস্থিত হইল। দেবগণ গাড়ী চইতে
নামিয়া নগরাভিম্থে চলিলেন।

বৈছ্যবাটী

বন্ধা। বৰুণ! এ স্থানের নাম বৈছ্যবাটী হইল কেন্ ?

বরুণ। এখানে অনেকগুলি দেশীয় চিকিৎসক বাস করেন বলিয়া ঐ নাম হইয়াছে।

দেবগণ দেখিলেন—নগরে ধুমধামের পরিদীমা নাই। চতুর্দ্দিক্ হইতে অসংখ্য লোক তরিতরকারি এবং নানাপ্রকার দ্রব্যসামগ্রী বিক্রয় করিতে আসিয়াছে। স্থানটী লোকে লোকারণা।

ব্ৰহ্ম। বৰুণ। এখানে কি কোন মেলা আছে ? নচেৎ এত দ্ৰবাদি বিক্ৰয় করিতে আদিতেছে কেন ?

বকণ। আজে, এখানে কোন মেলা নাই। ক্রমে আমরা কলিকাতা মহানগরীর অতি নিকটে আসিয়া উপস্থিত হইয়াছি। কলিকাতার প্রসাদে চতুর্দ্দিক্স ক্ষুদ্র স্থানগুলি নগরের আকার ধারণ করিয়াছে। এই বৈছানাটীর হাট হইতে প্রত্যহ তরিতরকারি কলিকাতার বাজারে যায়; এই জন্ম এখানে এত লোক দ্রবাসামগ্রী বিক্রয় করিতে আসিতেছে।

এই সময় কতকগুলি স্ত্রীলোক দলবদ্ধ হইয়া গঙ্গাস্থানে আসিল। তাহারা দ্রদেশ হইতে আসিতেছে বলিয়া সঙ্গে চাল চিঁড়ে বাঁধিয়া আনিয়াছিল। উহাদের মধ্যে একটী স্ত্রীলোক কহিল "আহা! তাড়াতাড়িতে রামেশ্বরকে কাঁচকলাগুলো বৈখবাটীতে এনে বেচে যেতে ব'লে আসতে ভুলে এলাম। বড়েডা পেকেছে—আজ ঘরে থাক্লেই প'চে যাবে।" এক রমণী কহিল, "পাকা কাঁচকলা কি বিক্রী হ'তো?" প্রথমা কহিল "আহা দিদি। প'ড়তে পেতোনা। সাহেবেরা পেলে, থেয়ে বাঁচত।"

ব্রনা। বরুণ, এসব স্ত্রীলোক কোথায় যাচেচ ? বরুণ। গঙ্গাস্থানে।

"চল, আমরাও অগ্রে গঙ্গামান করিয়া আদি। বলিয়া পিতামহ দেবগণ
সমভিবাহারে গঙ্গামান করিতে চলিলেন। ঘাটে উপস্থিত হইয়া দেখেন—
স্মান্থা লোক জলে স্নান করিতেছে। তীরে অনেকগুলি মহাজনী নোকা
লাগান বহিয়াছে। মৃটেরা মাথায় করিয়া বস্তা উঠাইতেছে। কোন নোকা
উপুড় করিয়া ফেলিয়া তুপ দাপ শব্দে মেরামত করা হইতেছে। ঘাটের এক

পার্শ্বে একথানি ভ টকী মাছের নৌকা লাগিয়াছে, তাহার পার্শ্বে একথানি চামড়া-বোঝাই নৌকা। উভয় নৌকার হুর্গন্ধে তিষ্ঠান ভার। অসংখ্য নৌকা পাইল তুলিয়া কলিকাতা অভিমূথে যাইতেছে। পাইলে বেশ বাতাস পাওয়ায় দড়ির কড়কড় শব্দ হইতেছে। মাঝি হা'ল ধরিয়া মনের আনন্দে গান ধরিয়াছে:—

মা বাহের ওপর তুমি খাড়াইরে কি কর।
তীর দিয়ে ধর্চো ঠেনে, সাপ দিয়ে কেমড়ায়ে দারো।।
পক্ষীর উপর জুহা পায়, বাবুর মতন দেহা যায়,
তার পাশে ঐ ধবলা ছুঁড়ি, রাখ্তি পার কি না পার।
তার পাশে ঐ আঙা ছোঁড়া বোধ হয় যেন কি বৌ চোরা;
তার পাশে হলদি ছুঁডি—

ইন্দ্র। বৰুণ! ঐ নৌকা খানায় কি গান গাইতে গাইতে গেল ? বৰুণ। তুৰ্গা-প্ৰতিমা বৰ্ণনা হ'চে।

পিতামহ ভাগীরণীর সৌন্দর্য্য দেখিয়। কাঁদিয়া ফেলিলেন এবং কহিলেন "বরুণ। এখানেও কি মা নাই ?"

বরুণ। আভ্রেনা।

ব্রহ্মা। তুমি গোপন ক'রো না, সভা বল, মা ত আমার বেঁচে আছেন?

বরুণ। আজে, দেবতাদিগের কি মৃত্যু আছে? এক্ষণে আপনি এই নিমাইতীর্থের ঘাটে স্থান করুন, মহাপুণ্য সঞ্চয় হইবে।

ব্ৰহ্মা। নিমাইতীর্থের ঘাট কি?

বরুণ। এই ঘাটে চৈতেগুদেব তীর্থপর্যাটন-সময়ে স্নান করিয়া বিশ্রাম করেন। তজ্জগু ইহার নাম নিমাইতীর্থের ঘাট হইয়াছে।

দেবগণ স্থান আছিক করিয়া উপরে উঠিতেছেন, এমন সময়ে দেখেন—
একটি বাব্র সহিত একটি ইতরজাতীয় স্ত্রীলোক যাইতেছে। বাবু কহিতেছেন
"ভোমাকে খুসি ক'রে বিদায় ক'র্ব, কিন্তু যেন প্রস্থৃতির কোন কট না হয়।"
স্ত্রীলোকটা কহিতেছে, "কোন কট হবে না। আমি ঐ কাজ করিতে করিতে
পেকে গেলাম। কিন্তু বাবু, তোমার বাড়ীতে আমার যত দিন দেরী হবে,
তত দিনের টাকা ধ'রে নেবো। কল্কাভায় ও দেশে আমার নামভাক আছে
—ভাই প্রত্যাহ বিশ্বর টাকা রোজগার করি।"

हेका। वक्का । উहाता काता अवर कि वरन ?

দেবগণের মর্ভ্যে আগমন

' বরুণ। ঐ জ্রীলোকটি দাই। উহার কা**জ—ঔবধ ধারা ভ্রূণহ**ত্যা করা। ঐ বাবুর বিধবা ভগ্নী অস্কঃসন্ধা। তাই দাই নিয়ে যাওয়া হ'চেচ।

ব্রহ্মা। শ্রীবিষ্ণু। র্টা! জ্রণছত্যা করবার জন্ত ? মাগী ব'ল্লে—স্থামি বাড়ী ব'সে বিস্তর টাকা উপার্জন করি। বরুণ। তবে ত বাঙ্গালায় জ্রণছত্যার শ্রোত বিলক্ষণ প্রবল। তবে সম্বরেই এই পাপে বঙ্গু ভূবিবে!!

ীরে উঠিয়া দেবগণ একটা কালীবাড়ীতে প্রবেশ করিলেন ও দেখিলেন— কালীর সেবা হইতেছে। নৈবেছাদির আয়োজনও মন্দ নহে।

নারা। বরুণ! এ কালী কাহার?

বরুণ। ইনি একজন মহাজ্যের ভত্বাবধানে আছেন। ইংার কিছু বিষয় থাকায় দেবার বন্দোবস্তও ভাল।

দেবতারা কালীবাড়ীর বাহিরে আসিয়া দেখেন—এক ব্বা একটি মস্তক-বিহীন পাঁটা লইয়া দাঁড়াইয়া আছে। কতকগুলি বেশ্চা এই সময় রঙ্গভঙ্গীর সহিত আন করিতে আসিতেছিল। দলটা যুবার কাছে আসিয়া দাঁড়াইল। এক বেশ্চা কহিল "ও শালা! পাঁটাটা কি একলা থাবি ? আমাদের আধথানা দেনা।"

যুবা। স'রে যা ভাই, আমার কাছ থেকে স'রে যা। দাদা, ঠাকুর-বাড়ীর মধ্যে আছেন, দেখুতে পাবেন।

বেখা। তোর দাদাকে তুই ভয় করিস্—আমরা কি ভরাই ? আরলো সকলে জুটে পাঁটাটা কেড়ে নিই।

যুবা। না ভাই, না ভাই, তোদের একটা কিনে দেব। পায়ে পড়ি, স'রে যা, তোদের মাইরি একটা কিনে দেব। এ দেখ ছিস্নে কল্কাতা হ'তে বাবুরা আস্বেন ব'লে এখানে কাটাতে এসেছি। নিজের খাবার জন্তে হ'লে কি এখানে খাসি; বাডীভেই নিকেশ ক'রতাম।

"দূর গুয়োটা, একটা পাঁটা দিতে পাব্লিনি ?" বলিয়া বেখাগণ হাস্তে হাস্তে চলিয়া গেল।

ব্ৰহ্ম। বৰুণ, এ কি। পিতা এমন সঁব ছেলে জন্ম দিয়াছেন যে বেখার বিষ্ঠা খেয়ে মলেন!

উপ। কণ্ডা-চ্ছেঠা !ু এক আধ্বন নয়, এই একপাল মাণীর বিষ্ঠা তার মুখে তাংড়াবে কেমন ক'রে ?

দেবগণ ইহার পর একটা দোকানে যাইয়া জনযোগ করিতে লাগিলেন।

বরুণ কহিলেন, "এই বৈভাবাটীর সন্নিকটে সেওড়াফুলি নামক একটী স্থান আছে। ঐ স্থানে শনি ও মঙ্গলবারে হাট বসে। হাটে দেশের যাবতীয় আলু এবং আশ্রের আমদানী হয়। সেওড়াফুলিতে নিস্তারিণী নামে এক কালীমূর্ত্তি আছেন। উহার রীতিমত দেবা ও অতিথিসেবা হইয়া থাকে। ঐ দেবীমূর্ত্তি সেওড়াফুলির দশ-আনি মহাশয়দিগের প্রতিষ্ঠিত।"

ব্রহ্ম। সেওড়াফুলির জমীদারদিগের বিষয় বল ?

বকণ। সেওড়াফুলির রায় মহাশয়দের বংশকে অনেকে সেওড়াফুলির রাজাও বলিয়া থাকে। ইহারা জাতিতে কায়য়। এই বংশের রাজচক্র রায় প্রথমে নবাব সরকার হইতে রায় মহাশয় উপাধি প্রাপ্ত হন। রাজচক্র রায় মহাশয়ই পৈতৃক বিষয় যথেষ্ট বৃদ্ধি করেন এবং অনেক ব্রাহ্মণকে জমি জমা দান করিয়া নিজগ্রামে বাস করান। রাজচক্র রায় মহাশয়ের পুত্রের নাম হরিশ্চক্র রায় মহাশয়। ইনি গ্রামে দেবালয় ও দেবমন্দির স্থাপন, পুয়রিণী থনন প্রভৃতি অনেক সৎকার্য করেন। ইহার ছই পুত্র যোগেক্রচক্র ও পূর্ণচক্র। প্রথমের এক পুত্র।—নাম গিরীক্রচক্র। পূর্ণচক্র রায় মহাশয় ও গিরিক্রচক্র রায় মহাশয়দিগের যথেষ্ট বিষয় আছে। ইহাদিগের আনেকেই রাজা বলিয়া থাকে। ইহাদিগের রাজার ন্যায় সাধারণ কার্যো দান অনেক আছে। ইহারা অতিথি সেবা, দেবালয় স্থাপন, পুয়রিণী থনন প্রভৃতি বিস্তর সৎকার্য করিয়া থাকেন।

ইন্দ্র। বরুণ, এ সব মন্ত্রুর আস্ছে কোথা থেকে ?

বকণ। ইহারা চাঁপদানী নামক স্থানের চটের কলে কাজ করে। ঐ কনটা অনেকগুলি দেশীর হৃংখী লোককে প্রতিপালন করিতেছে। পূর্ব্বে ঐ চাঁপদানীর জঙ্গলে বড় বোম্বেটের ভর ছিল। এই বৈঘবাটীর অনতিদ্রে আর একটি স্থান আছে, তাহার নাম গরিটী। গরিটী ফরাসীদের একটী বাগান এ চন্দননগরের গবর্ণবের হাউদ থাকার জন্ম বিখ্যাত। এক সময়ে ঐ স্থানের বড় সমারোহ ছিল। তথন কলিকাত। হইতে লভ ক্লাইব, ওয়ারেন হেটিংস্ এবং সার উইলিয়ম জ্ঞান্দ প্রভৃতি নাটকাভিনয় দর্শন করিতে আসিতেন।

हेका। देवान । जे नव बाजी कांबाय बाक्क ?

বরুণ। তারকেখরে।

ৰন্ধা। বৰুণ! আমাদেরও যে ভারকেশবে যেতে হবে; কারণ, উপ'র কল্যাণে পূজা মেনেছি।

वक्रव । हन्न जाननादक निष्त्र शाव।

দেবগণের মর্জো আগমন

দেবগণ একটা দোকানঘরে আহারাদি করিয়া কিঞ্চিৎ বিশ্রামের পর দশ টাকা দিয়া একথানি ঘোড়ার গাড়ী ভাড়া করিলেন এবং বেলা আন্দান্ত একটার সময়ে তারকেশ্বর অভিমুখে যাত্রা করিলেন।

গাড়ী এক স্থানে উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বৰুণ! এ সব ধ্বংসাবশেষ বাড়ীঘর দেখা যাইতেছে—কাহার ?"

বরুণ। ঐ স্থানের নাম শিক্র। ঐ যে বাড়ীঘর এবং গড়ের ধ্বংদা-বশেষ দেখিতেছ, উহা সিক্রের বাব্দিগের। ইহাদের এক সময় বিলক্ষণ সক্ষতি ছিল। ইহাদেরই নব বাব্র একটা বৈঠকথানা ছগলীতে আছে। উহাতে পূর্বে নর্মাল স্থল হইত। এক্ষণে আর ইহাদের বিষয়বিভব তাদুশ নাই।

এই সময় সকলে দেখিলেন—একটা আড্ডাতে বসিয়া যাত্রিগণ জলযোগ করিতেছে। দেবগণের গাড়ী এখান হইতে ধীরে ধীরে যাইয়া ঘোলা নামক স্থানের সন্নিকটে উপস্থিত হইলে উপ চীৎকার করিয়া কছিল, "বরুণ-কাকা! দেখা যাচ্চে—ওটা কি ?"

বরুণ। দেখ দেবরাজ! এই স্থানের নাম ঘোলা। ঐ অত্যুক্ত বাড়িটি সাক্ষেতিক টেলিগ্রাফের ঘর। উহা সর্ব্বসমেত প্রায় সাত-তালা। টেলিগ্রাফ প্রচলিত হইবার পূর্ব্বে উহার উপর একজন লোক লাল, কাল প্রভৃতি নানা রক্ষের নিশান হাতে করিয়া বিদিয়া চতুর্দ্ধিক দর্শন করিত এবং পথে কোন বিপদ্ আপদ্ দেখিলে হস্তম্বিত নিশান উত্তোলন করিত। নিশানের আকার দৃষ্টে জানা যাইত যে, বিপদ্ সন্নিকট। টেলিগ্রাফ প্রচলিত হইবার পর কিছুদিন এই বাড়ীটি অব্যবহার্য্য অবস্থায় পড়িয়া থাকায় দস্থারা ইহার মধ্যে আশ্রয় লইয়া পথিকদিগের সর্ব্বনাশ করিতে আরম্ভ করে; সেই নিমিত্ত এক্ষণে উহার ঘারগুলি পাকা করিয়া গাঁথিয়া প্রবেশপথ এককালে বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

ইহার পর দেবগণের গাড়ী অপর কতকগুলি গাড়ীর সহিত একত্র হইয়া নালিকুলের আড্ডায় আদিয়া পামিল। বোড়াগুলি চক্ষু বুজাইয়া ধুঁকিতে লাগিল। কোচ্ম্যানেরা ছুটিয়া গিয়া জঙ্গলের মধ্য হইতে ভাঙ্গা কঙ্কে বাহির করিয়া গুড়ুক তামাক থাইতে বদিল; দেবতারাও গাড়ী হইতে নামিয়া বিভন্ধ বায়ু দেবন করিতে লাগিলেন। তাঁহারা দেখিলেন—নিকটে আর একটী বাজারে বদিয়া যাত্রিগণ আহার ও জল্যোগাদি করিতেছে।

এই সময় বাজারে একটা দোকানছরে মহাগোলবোগ উপস্থিত হইল।
চারিদিক হইতে যাত্রিগণ "কি!" "কি!" শব্দ করিতে করিতে সেই দিকে
দৌড়িল—দেবগণও ফ্রন্ডপদে দেখিতে চলিলেন। দেখেন —একজন স্ত্রীলোক
যাত্রী রোদন করিতেছে। কে তাহার বস্তাদির পোঁটলাটী অপহরণ করিয়াছে।
তাহার নিকট আর এমন একটা পরসা নাই যে, পথথরচ করিয়া বাটী যায়।
দেবগণ তাহার ক্রন্দনে তুঃথিত হইয়া তাহাকে একটা টাকা দিলেন।

গাড়োয়ানেরা দেবগণকে ভাকিল, তাঁহারা আবার গিয়া গাড়ীতে উঠিয়া বসিলেন। আবার অমপৃষ্ঠে সপাসপ্ শব্দে কশাঘাতের শব্দ হইতে লাগিল। তাঁহাদের গাড়ী বালগড় নামক স্থানে উপস্থিত হইলে চতুর্দ্দিক্ হইতে নাপিত ও ব্রান্ধণেরা আদিয়া তাঁহাদিগকে বেষ্টন করিয়া দাঁড়াইল, এবং গাড়ীর সঙ্গে সঙ্গে দৌড়িতে আরম্ভ করিল। ক্রমে দেবগণের গাড়ী যাইয়া তারকেখরে উপস্থিত হইল।

তারকেশ্বর

দেবগণ দেখেন—সেদিন কি একটা পর্ব্ব থাকায় গ্রামে লোকে লোকারণ্য; নানাপ্রকার থাছদ্রবোর ও অপরাপর দ্রব্যের দোকান বসিয়াছে। যাত্রীদিগের মধ্যে কাহারও কোলে টাঁটা দর্মে ছেলে কাঁদিতেছে। কাহারও পায়ের মল খোয়া গিয়াছে। কাহারও অঞ্চল হইতে কে পয়সা খুলিয়া লইয়াছে। অসংখ্য দোকানে অসংখ্য যাত্রী বসিয়া—কেহ জল থাইতেছে, কেহ বিশ্রাম করিতেছে, কেহ চুড়ি পরিতেছে। নিকটে দেব মন্দির দৃষ্ট হইতেছে। ভিক্সকেরা খঞ্জনীর তালে গান ধরিয়াছে—

বিদিনে বনের মধ্যে ক্ষেপা পশুপতি।
চারিদিকে জলা জঙ্গল থাগড়ার বসতি ॥
মধ্যেতে সিংহল দ্বীপ অতি মনোহর।
তার মধ্যে বিরাজ করেন বাবা তার্কেশ্বর ॥
কপিলা গাই দিত হয় একচিত্ত হয়ে।
দেখিলেন মৃকুল ঘোষ কাননে আসিয়ে॥
কপিলার হয়ে তুই ভোলা মহেশ্বর।
মৃকুল ঘোষেরে বলেন আমি তার্কেশ্বর ॥
তারকেশ্বের শিব আমি কাননেতে বসি।
মোর সেবা কর বাপা হইয়া সন্নালী॥—ইত্যাদি।

দেবগণ একটা দোকানে বাসা লইলেন। পিতামহ কৃছিলেন, "বরুণ! তারকেশবের বিষয় বল।"

বৰুণ। যে স্থানে তারকেশ্বরের মন্দির, ঐ স্থানকে পূর্ব্বে সিংহলধীপ কহিত। ইনি ঐ স্থানের জঙ্গলের মধ্যে প্রস্তবের আকারে পড়িয়া ছিলেন। রাখালেরা ঐ প্রস্তবেক সামান্ত প্রস্তবরোধে ততুপার ফলমূলাদি ছে চিয়া থাইত। এই কারণে তারকেশ্বরের মস্তকে অতাপি একটা গহরের দেখিতে পাওয়া য়ায়। সেই জঙ্গলের মধ্যে ইনি সামান্ত আকারে পড়িয়া থাকেন; মৃকুল ঘোষ নামক এক ব্যক্তির গাভী যাইয়া প্রত্যাহ তৃত্ধ থাওয়াইয়া আনে। মৃকুল ঘোষ গাভীর তৃত্ধ হয় না কেন, এই কারণের অন্তসন্ধানে যাইয়া এই ঘটনা অবলোকন করিল। ইহারই সহিত তারকেশ্বরের সাক্ষাৎ হয়। শিব নিজ পরিচয় দিয়া মৃকুল

দোষকে কহেন, "তুমি সন্ন্যাসী হইয়া আমার সেবা কর।" মৃকুল খোষ তদবধি তারকেশবের আজ্ঞান্ন সন্মাসী হইয়া সেবা করিতে লাগিল। এ দিকে তারকেশব বর্জমানের মহারাজকে স্বপ্নে দেখা দিয়া কছিলেন, "আমি অনাবৃত স্থানে থাকিয়া বড় কট পাইতেছি, আমাকৈ একটা বাসগৃহ নির্মাণ করাইয়া দেও। রাজা স্বপ্নদর্শনে ইহার মন্দির ও বিষয়াদি করিয়া দিলেন। তৎপরে ইহার নিকট মানসিক করিয়া লোকের উৎকট পীড়াদি আরোগ্য হইলে পূজা দিতে থাকায় জমে ইহার অতুল ঐশ্বা হইয়াছে এবং মহান্তেরা রাজা উপাধি প্রাপ্ত হইয়াছেন।

এইরপ কথোপকথন করিতে করিতে দেবগণের সে রাত্তি অতিবাহিত হইল। প্রাতঃকালে একজন ব্রাহ্মণ আসিয়া কহিল "আসনারা কত মূল্যের ডালার পূজা দিবেন ?"

নারা। ছই আনার।

ব্রাহ্মণ। তুই আনার কি ভালা হয় মহাশ্য ?

নারা। তবে দশ পয়সার।

বান্ধ। আট আনা মূল্যের কম ডালা নাই।

ব্রহ্মা। তাই হবে। একণে আমাদের অগ্রে কি করা উচিত ?

বান্ধণ। আপনার কি কোন পূজা মানা আছে ?

বন্ধা। হাঁ, ঐ ছেলেটার পীড়া হওয়ায় কিছু পূজা মানিয়াছিলাম।

ব্রাহ্মণ। তবে আপনারা মহাস্ত মহারাজের গদীতে আস্কন। তাঁহাকে সেই পূজার প্রদা নগদ দিতে হইবে।

নারা। তাদেব কেন ? যথন পূজা মেনেছি, পূজার উপকরণ কিনে দেব। ব্রাহ্মণ। আজে, তা হবে না; যা নিয়ম তা ক'রতেই হবে।

উপ। ঠাকুর-কাকা! চল না, তবু চেহারা খানা দেখা হবে। লোকে যে পয়সা খরচ ক'বে কত কি দেখে থাকে!

এই কথায় দেবগণ হাল্ফ করিয়া ব্রাহ্মণের সহিত মহাস্তের গদীতে মাইয়া উপস্থিত হইলেন। দেখেন—মহাস্ত মহারাজ কাছারি ঘর আলো করিয়া বিসিয়া আছেন। নিকটে দেওয়ান প্রভৃতি উপবিষ্ট। যাত্রিগণ আসিয়া পূজা মানার টাকা, আধুলি, সোনা, রূপা দেওয়ানের হস্তে দিয়া প্রস্থান করিতেছে। পিতামহ দেওয়ানের নিকটে যাইয়া কহিলেন "পূজা মানার চারিটী পয়সালউন।" দেওয়ানজী "হো হো" শস্বে হাল্ফ করিয়া কহিলেন "মহারাজ। এরা চারি পয়সার পূজা দিতে এদেছে।"

দেবগণের মর্জ্যে আগমন

মহাস্ত। "না না পয়সা ফেলে দেও।" বলিয়া দেবগণের প্রতি চাহিয়া মুখ খিঁ চাইয়া বলিলেন, "বলি-বাবা কি চল খাবেন ?"

ৰক্ষা। আমরা পয়স। চিনি না, পয়সার ম্লাও জানি না, এজত চারি পয়সার পূজা মানা হইয়াছে।

দেওয়ান। দেখুন মহারাজ! ইহারা বোধ হয় রাঢ়দেশের লোক, সেই জক্সই বলিতেছে "আমরা পয়সাও চিনি না, পয়সার মূল্যও জানি না।'' কারণ, রাঢ় জঞ্চলে চাউল ধাল্ডের বিনিময়ে সকল ত্রব্য পাওয়া যায়। তথায় পয়সা কেছ সহজে বাহির করে না এবং পয়সাকে উপাদেয় জিনিস মনে করে।

উপ। দেওয়ানজী মহাশয় কোন দেশের লোক ?

মহাস্ত। আচ্চা. ওদের একটি সিকি দিতে বল।

পিতামহ একটা দিকি প্রদান করিলেমহাস্ত উপকে নিকটে জাকিয়া একটা অঙ্গুলির ঘারা তাহার কপালে একটা চিহ্ন করিয়া ছাড়িয়া দিলেন ৷ অমনি একজন নাপিত আদিয়া উহার হাত ধরিয়া এক স্থানে বসাইয়া পিতামহকে কহিল "মাধাকামানোর দক্ষিণা একটা আধুলি দিন দেখি!"

নারা ! কেন ? আমরা কি ভূষণোর বাঙ্গাল ? তাই মাধা কামাইতে এক পয়সার স্থানে এক আধুলি দেব ?

নাপিত। আপনি বলেন কি ? এ যে তীর্থস্থান! এগানে মাথা কামানোর দক্ষিণা এক আধুলির কম নাই। কমে চল্'বে কেমন ক'রে ?—আমাদের মহাস্তকে এক মুটো ক'রে টাকা জমা দিতে হয়।

নারা। ভাল—এক পয়সার স্থানে এক আনা লও। ওর বেশী আমরা দেব না, বরং মাথা থেকে একগাছি চুল ছিঁড়ে পূজা দিতে হয়, তাহাও স্থীকার।

"আহ্বন বাবু" বলিয়া নাপিত উপ'র সমুখের চুলগুলি ঠিক নাটুরে: মাঝিদের মত কামাইল, চারিদিক্ কামাইল না; "দেন বাবু পয়সা দেন।"

ইন্ত। ও কিরপ কামান হ'ল ?

নাপিত। মেপে দেখুন, ঠিক চারি পয়সার মত কামিয়ে দিইছি। আপনাদের যেমন দান, তেমনি দক্ষিণা।

নারা। বেশ কামান হয়েছে। তারকেশবের বাহিরে পিরে ছাট প্রসা দিয়ে কামিয়ে লওয়া হইবে, তথাপি এখানকার নাপিতকে এক ছানার বেশী দেব না। দেবগণ নাপিতকে বিদায় দিয়া পূর্ব্বোক্ত বান্ধণের সহিত দোকানে ভালার ফরমাস দিতে চলিলেন। যাইতে যাইতে বান্ধণ কহিল "আপনার কত মূল্যের ভালা চাই ?"

বন্ধা। চারি আনা মূল্যের।

বান্ধণ। ও হরি! আপনারা কোন্দেশের লোক মহাশ্র? চারি আনা মূল্যের কি ভালা বিক্রয় হয়? আচ্ছা—বাবাকে ত পেট পুরে খেতে দেবেন ?

নারা। চারি আনায় ক্ষ্ধা যাবে না? ভাল—কত মুল্যের <mark>ভালা</mark> বিক্রয় হয় ?

ব্রাহ্মণ। দশ টাকা হইতে পঞ্চাশ টাকা মূল্যের পর্যান্ত ভালা আছে।

নারা। কম মূল্যের আছে কিনা?

ব্রাহ্মণ। কম মূল্যের মধ্যে ঐ দশ টাকার।

নারা। এক টাকার মত দেবো। তোমাদের বাবা কি সর্বগ্রাস ক'র্তে ব'সেছেন ?

উপ। ঠাকুর কি আর থান ? যা কিছু থায় মহাস্ত।

বান্ধণ একজন দোকানীকে এক টাকার মত একথানি ভালা সাজাইতে বলিয়া দেবগণকে ত্থকুমড়া নামক দীঘিতে স্নান করাইতে লইয়া চলিল। স্নানাস্তে সকলে আসিলে দোকানী তাঁহাদিগকে ভালা প্রদান করিল। ভালায় একটা ওলা, একটা কলা, চাট আওপ চাউল ও হুই চারিটা বিশ্বপত্র ছিল।

উপ। এই কি এক টাকার ভালা ?

11

দোকানী। বাবু! ওর বেশী আমরা কোণা থেকে দেব ? আমাদের মহাস্তকে একমুঠো টাকা জমা দিতে হয়, সে টাকা ত এর মধ্য হ'তেই তুল্তে হবে!

উপ ভালা লইয়া অগ্রে অগ্রে এবং দেবগণ পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। যাইবার সময় নারায়ণ রান্ধাকে কহিলেন, "আহন মহাশয়! পূজা করাবেন না ?" রান্ধা কহিল, "আপনারা চ'লে যান, মন্দিরে পূজারি রান্ধা আছে। পূজা করান আমাদের কাজ নহে।" দেবতারা অদৃষ্ঠ হইলে রান্ধা দোকানীকে কহিল, "দোকানী ভাই! আমার অংশের পয়সা দেও।" দোকানী কহিল, "অব্ধ্র দেব; ভালা প্রতি টাকায় ছয় আনা যেমন চুক্তি আছে, সে পয়সা তোমাকে কেন না দেব?"

দেবগণের মর্জ্যে আগমন

এদিকে দেবগণ "জন্ম তারকনাথ! ব্যোম তারকনাথ!" শব্দ করিতে করিতে ঠাকুরবাড়ীর খারের নিকট উপস্থিত হইলেন; কিন্তু পাহারাওয়ালা খার ছাভিল না।

ব্রহ্মা। বরুণ ? এ কি ? ধর্মামন্দিরের ছার বন্ধা ?

বৰুণ। আজ্ঞে! কালটা এমি প'ড়েছে – কোনও বিষয়েই পন্নসা না হ'লে নিছ্নতি নাই। এই মারবানকে কিছু না দিলে ভিতরে প্রবেশ ক'র তে দেবে না।

দেবগণ ধারবান্কে কিছু দিয়া ভিতরে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়া দেখেন—অসংখ্য লোক নাটমন্দিরে শয়ন করিয়া,—কেহ রোগ ভাল হইবার জন্ম, কেহ সন্থান হইবার জন্ম হত্যা দিতেছে এবং সন্মুখে এক বৃহদাকার মন্দির। সকলে মন্দিরের ধারে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "ঐ যে মন্দিরের মধ্যে একটি গহরর দেখিতেছেন, উহারই মধ্যে তারকেশ্বর আছেন। গহররের উপরিভাগটী রোপানির্দ্দিত ডেকে ঢাকা রহিয়াছে। তারকেশ্বর একটা অনাদি-লিঙ্গ শিব। যাত্রীদিগের মধ্যে যদি কেহ বেশী পয়সা খরচ করে, তাহা হইলে গহররমধ্যে হস্ত দিয়া লপশাহ্রভব করিয়া দেখিতে দেয়।"

সকলে এইরূপ গল্প করিতেছেন, এমন সময় একজন পুরোহিত ছুটিয়া আসিয়া দেবগণের হস্ত হইতে ভালাখানি লইয়া গৃহের এক কোণে ঢালিয়া রাখিল এবং ভালার উপর ছই চারিটি বিশ্বপত্র, চারিটি আতপ চাউল এবং যৎসামান্ত ওলাভাঙ্গা প্রসাদস্বরূপ দিয়া কহিল, "আপনারা বাহিরে যান।"

ব্ৰহ্মা! "দেখ্ব না?"

পুরোহিত। দেখা কি আর সমস্ত দিনে শেষ হবে না? আপনারা একা দেখালে অক্সান্ত যাত্রীরা দেখাবে কি ?

দেবগণ মন্দিরের পার্শ্বে একস্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "এই ধে প্রস্তুর পড়িয়া রহিয়াছে, লোকে বলে ইনিই মুকুন্দ ঘোষ। ওদিকে ঐ যে কতকশুলি কবর দেখিতেছেন, উহাতে অনেকশুলি মহাস্তুকে রাখা হইয়াছে। মহাস্ত হইতে হইলে সংসারধর্ম এবং পিতা মাতাকে পরিত্যাগ করিয়া আসিতে হয়।"

উপ। বরুণ-কাকা। আমার মহান্ত হ'লে হয় না?

নারা। দ্ব হতভাগা ছেলে! তোর বাপ মা বেঁচে থাক্, তুই কি ত্ঃখে মহাস্ত হবি ?

এই সময় পাহারাওলা চীৎকার করিয়া কহিল, "ঘাত্রিগণ বাহিরে যাও-

মহাস্ত মহারাজের পূজা আসিতেছে, তোমাদের আর ভিতরে থাকিবার হকুম নাই।"

ইন্দ্র। বরুণ! মহাস্তের পূজার সময় অন্ত লোককে থাকিতে দেয় না কেন ? বরুণ। মহাস্ত লোকের নিকট এই ভাব প্রকাশ করেন যে, ঐ সময় তাঁহার শিবের সহিত কথা হয়। তিনি শিবকে বিষয়াদি সম্বন্ধ অনেক পরামর্শ জিজ্ঞাসা করিয়া লন। তদ্তির শিবকে "এ খাও, ও খাও" বলিয়া হাতে পেঁপেক্ষীর প্রভৃতি তুলিয়া তুলিয়া দেন। তিনি "আর খেতে পারিনে" ব'ল্লেও ছাডেন না।

দেবগণ এই কথা শ্রবণে হান্ত করিতে করিতে বাহিরে আদিলেন। ওদিকে শন্ধ ঘণ্টা বাজাইয়া মহান্তের পূজা আরম্ভ হইল। পূজা সমাপ্ত হইলে মহাস্ত শিবিকারোহণে, অগ্রে পশ্চাতে পাহারায়, দেবালয় হইতে বাহির হইয়া রাজ-প্রাদাভিমুথে চলিলেন।

ইন্দ্র। তারকেশ্বর চা'ল কলা থেয়ে মরেন, স্থুখ দেখুছি মহাস্কের।

বরুণ। স্থথ ব'লে স্থথ! শিবগঙ্গার দক্ষিণ পশ্চিম কোণে যে একটা স্বন্দর অট্টালিকা দেথিয়াছ, তাহাতেই মহাস্ত বাদ করেন। ইহার এত স্বথ্য যে, রূপার থাটে শয়ন করেন, সোনার থালে ভাত থান। গৃহে কত সোনা ও রূপা বাদ্ধান ছঁকা এবং ফর্শী আছে। বাবুর গৃহে টানা-পাথা টাঙ্গান এবং নিজেই দথ ক'রে দেওয়ালে বিশ্রী আয়না টাঙ্গাইয়া রাথিয়াছেন।

ব্রহ্মা। তারকেশবের সেবা কিরূপ হয় ?

বরুণ। বেলা একটা দেড়টার সময় ইহার মহাই-ভোগ অর্থাৎ পায়দ রঁ ধিয়া ভোগ দেওয়া হয়। বেলা ছাইটা আড়াইটার সময় শৃঙ্গার-বেশ হয় অর্থাৎ শিবকে পুশাদি ধারা স্থশোভিত করিয়া যাত্রীদিগকে দেখান হয়। রজনীতে শিব প্টি ও মিষ্টান্ন প্রভৃতি আহার করেন। আহারের পর একটা ধুষ্টী আকারের কন্ধীতে অর্দ্ধপোয়া আন্দান্ধ গাঁজা সাজিয়া তাহাতে তালের জটার আগুন দিয়া গুড়গুড়িতে বসাইয়া শিবকে ধুমপান করিতে দেওয়া হয়। ঐ সময়ে কোন যাত্রীর মন্দিরমধ্যে প্রবেশ করিবার অন্থমতি নাই। তবে বাহিরে দাঁড়াইয়া গুড়গুড়ির শন্ধ গুনিবার অধিকার আছে। তপ্তির কিছু সময়ের পর কর্মেটা বাহিরে আনিয়া উপুড় করিয়া ঢালিয়া দেখান হয় যে, শিব সমস্ত গাঁজা খেয়ে গুল ক'রে ছেডে দিয়েছেন।

বন্ধা। নারায়ণ! দেখ-কে বলে কলিতে দেবতা নাই?

দেবগণের মর্ভো আগমন

দেবগণের নিকটে একজন কলু দাঁড়াইয়া ছিল, দেবগণকে জিজ্ঞাসা করিল, "মহাশয়েরা এখানে কি করিতে আসিয়াছেন ?"

নারা। এই ছেলেটার একটা ফোঁড়া হওরায় তারকেশবের পূজা মানা ছিল, সেই পূজা দিতে আসিয়াছি!

কলু। আপনারা এত কষ্ট করে না এসে মহাজ্যের ঘানির এক ছটাক আন্দাজ তেল কিনে ঐ স্থানে দিলেই ভাল হ'য়ে যেত।

बचा। वक्न। এ कि वल ? महास्त्र द्यानि चाहि ना कि ?

বৰুণ। আজে না, মহাস্তকে চরিত্র-দোষের জন্ম ঘানিকলে জুতে তৈল বাহির করিয়া লওয়া হইয়াছিল, তাহাতেই ও এ কথা বলিতেছে।

বন্ধা। মহাস্ত হিন্দু-দেবমন্দিরের একজন অধ্যক্ষ। তাঁহার চরিত্র-দোব ? বরুণ। আজ্ঞে, মহাস্কই এ প্রদেশের রাজা। সম্পত্তি যথেষ্ট আছে। মহাস্ত মাধবগিরি অল্প বরুসে গদি ও অতুল ঐশ্বর্যা হাতে পাওয়াতেই দিক্-বিদিক্-জ্ঞান শৃত্য ঐ রোগাক্রাস্ত হন। বিশেষতঃ, উচ্চবংশীয়েরাও বিষয় পাইলে অর্থের সন্ধাবহার করিতে পারেন না। কিন্ত যাহাদের অন্প-বস্ত্রের সংস্থান নাই, এমন দব ফকীরই প্রায় মহাস্ত হইয়া থাকে। অতএব তাহারা অর্থের সন্ধাবহার কিন্তপে জানিবে ? করেক বংসর হইল, মহাস্ত ও এলোকেশীর যে অভিনয় হয়, তাহা চিরকাল বঙ্গবাসীদিগের চিত্তপটে অন্ধিত থাকিবে এবং সহজ্ঞে আর কোন ভত্তলোক পরিবারকে তীর্থস্থলে পাঠাইবেন না।

ব্রন্ধা। মহাস্ত ও এলোকেশীর অভিনয় আমাকে শ্রবণ করাও।

বরুণ। এই তারকেশরের সন্নিকটে কুমরুল নামক একটা পল্লিগ্রাম আছে।

এ গ্রামে নীলকমল মৃথোপাধ্যায় নামক এক দরিদ্র রান্ধণ বাস করিত।
নীলকমলের প্রথমা জীর গর্জনাত জ্যেষ্ঠা কল্যার নাম এলোকেশী। এলোকেশীর
নবীন নামক এক যুবার সহিত বিবাহ হয়। নবীনের আজীয় স্বজন কেহ না
থাকায়—জীকে তাহার পিত্রালয়ে রাখিত এবং মাস মাস খরচ পাঠাইত।
নীলকমলের প্রথমা জী গত হইলে দিতীয় পক্ষে যে জীর পাণিগ্রহণ করে, সেই
জীর সহিত মহাজ্যের বিশেব ভালবাসা ছিল। মহাজ্য একদিন যুবতী
এলোকেশীকে চক্ষে দেখিয়া উন্মন্ত হয় এবং তাহার বিমাতাকে প্রলোভনে বশ
করিয়া দৃতীর কাজ করিতে বলে। ঐ বিমাতা নিজ পতি নীলকমলকে
'রাজার শুভর হবে, মহাজ্য বিষয়্ম করিয়া দেবে' ইত্যাদি প্রলোভনবাকো বশীভূত
করিয়া মেয়েটাকে মহাজ্যের করে সমর্শণ করিবার পরামর্শ দেয় এবং জীপুরুবের

পরামর্শ দ্বির হইলে, মাগী মেয়েকে তারকেশরে চেলে হইবার ঔষধ থাওয়াইতে লইয়া যায়। মহাস্ত প্রথম দিন বালিকা এলোকেশীকে সন্তান হটবার ঔষধ থাওয়ানোর ছলে মাদক দ্রবা দেবন করাইয়া অচৈতন্ত কবিয়া সভীত নষ্ট্র করে। তৎপরে নানারপ সোনা রূপার গহনা পাইয়া এলোকেশীর মন মহান্তের প্রতি অমুরক্ত হয়। সে সর্বক্ষণ মহাস্তের ভবনে থাকিয়া স্ত্রী পুরুষের স্তায় বাস করিতে থাকে। ক্রমে এই কথা চতুর্দিকে রাষ্ট্র হইল, নবীনেরও কানে কিছ কিছু উঠিল। নবীন সন্দিশ্বচিতে খন্তবালয়ে আসিয়া এলোকেশীকে সবিশেষ জিজ্ঞাসা করিলে এলোকেশী কোন কথা গোপন না করিয়া সমস্ত বিষয় খলিয়া বলিল। স্বন্দরী যুবতী স্ত্রীকে পরিত্যাগ করিতে নবীনের মন হইল না: সে বলিল, "এলোকেশি ! তুমি আমাকে যথার্থ কথা বলায় ভোমাকে ক্ষমা কবিলাম—চল, ভোমাকে কলিকাভায় লইয়া যাই।" ইহা বলিয়া পান্ধি বেহারার অনুসন্ধান করিতে যায়। মহাস্ত ঋনিল,--এলোকেশী হাত ছাড়া হইতেছে। অতএব ছিনাইয়া লইবার জন্ম ঘাটিতে ঘাটিতে পাহারা বসাইল। নবীন দেখিল-স্ত্রী পাই না. মহাস্ত এতকাল ভোগ দখল করিয়া আবার চায়, অতএব উভয়েই নিরাশাস হই : এই ভাবিয়া গ্রীকে আঁষবঁটীতে কাটিয়া পুলিশে গিয়া উপস্থিত হয়। দেশে ছলম্বল পডিয়া গেল, রাস্তায় রাস্তায় এই কথা, এই গান, এই সম্বন্ধে কত পুস্তুক বাহির হইতে লাগিল। দেশের যত ধনী লোক অর্থ দিয়া নবীনকে থালাস করিবার জন্ম মকন্দমা করিতে লাগিলেন। গোলযোগে মহাস্ত ধরা পড়িল। রাজবিচারে ইহার নাকে দড়া দিয়া জেলঘানিতে স্কৃতে খাঁটি সরিয়ার তৈল বাহির করিয়া ছাডিয়া দিয়াছে।*

ইহার পর দেবগণ একথানি গাড়ী ভাড়া করিয়া আবার বৈশ্ববাটীর অভিমুখে চলিলেন। ষাইতে যাইতে বরুণ কহিলেন, "তারকেশ্বরে চৈত্র মাসে গাজন উপলক্ষে এবং শিবরাত্রির সময় বিস্তর যাত্রী আসিয়া থাকে। যাত্রীদিগের মধ্যে স্ত্রীলোকই অধিক। ঐ রাত্রে অনেক কুচরিত্র পুরুষও উপস্থিত থাকে ও তাহারা স্থলরী জ্রীলোক দেখিলে তাহাদিগের উপর নানারূপ অভ্যাচার করে। এই অভ্যাচার নিবারণ জন্য পুলিশ নিযুক্ত থাকে। এথানে সর্বাদা উৎকট রোগাক্রান্ত ব্যক্তিরা—কি পাণে ঐ রোগ হইয়াছে এবং কি করিলে

কয়েক বৎসর হইল মহাস্ত মাধবগিরির মৃত্যু হইয়াছে। একণে
 ভাহারই এক শিশ্ব মহাস্তগিরি করিতেছেন।

সম্পাদক।

আরোগ্য হয়, জানিবার জম্ম আসিয়া হত্যা দিয়া থাকে। যাত্রীদিগের নিকট হইতে প্রত্যহ তারকেশবের যথেষ্ট টাকা আয় হয়। মহাস্ত কর্তৃক—দেশের যাহাতে প্রকৃত উপকার হয় এমন কোন কাজ হয় নাই। মহাস্তদিগের গিরি, পর্বত, বন, অরণা, পুরী, ভারতী, নদী, সমুদ্র ইত্যাদি দশটী উপাধি আছে। তায়ধ্যে তারকেশবের মহাস্তের উপাধি গিরি এবং বৈছ্যবাটীর কালীর মহাস্তের উপাধি ভারতী। কোন মহাস্তের মৃত্যু হইলে তাঁহার প্রধান চেলা গদীতে বিসিয়া থাকে। গদী প্রাপ্তির দিন উক্ত দশ উপাধিধারী মহাস্তেরা একত্র হইয়া তাঁহাকে অভিধিক্ত করিয়া থাকেন। তারকেশবের একটা কালীবাড়ী আছে।

নারা। শৈবতীর্থে কালীবাড়ী কেন?

বরুণ। যদি কাহারও মদের মুখে পাঁটা থাইতে ইচ্ছা হয়, এই অভিপ্রায়েই বোধ হয় কালীবাড়ী প্রতিষ্ঠা করা হইয়াছে।

ক্রমে দেবগণের গাড়ী বৈভাবাটীতে উপস্থিত হইল। এবং জাঁহারা দে রাত্র তথার অতিবাহিত করিয়া প্রাতে ষ্টেশনে যাইলেন। এবং শ্রীরামপুরের টিকিট লইয়া গাড়ীতে উঠিয়া বসিলেন। যে গাড়ীতে তাঁহারা বসিয়াছিলেন, তাহাতে বর্জমানের একটা লোক ছিল। দেবগণের সহিত আলাপ হইলে পিভামহ কহিলেন, "আমরা বর্জমান দেখিয়া আসিলাম সত্য; কিন্তু তথাপি আপনি বর্জমানের বিষয় আমাদিগকে বলুন।"

লোক। প্রায় সার্দ্ধ ছই শত বর্ষ কাল পূর্বের আবুরায় ও বাবুরায় নামে পঞ্চাবপ্রদেশত্ব ছইজন স্থপ্রসিদ্ধ ক্ষত্রিয় মহাজন বর্জমানে ব্যবসা করিতে আইসেন; ইহারা ছই সহোদরে বঙ্গদেশের নানাস্থানে বঞ্জাদি বিক্রন্থ করিয়া প্রভূত অর্থ উপার্জ্জন করেন এবং কালজ্রমে বর্জমানে প্রভিষ্টিত হয়েন। বর্জমানের রাজারা ইহাদের বংশধর। সম্পদে ও সম্প্রমে বর্জমানের রাজারা বাঙ্গালা দেশের সর্ব্বপ্রধান। উহাদের নানা প্রকারে সর্বন্ধজন্ধ বার্ষিক আয় প্রায় ৫০ লক্ষ টাকা; ইহার মধ্যে ৩২ লক্ষ ৪৯ সহস্র টাকা ব্রিটিশ গ্রবর্গকৈকে কর দিতে হয়। পাণ্ডিতা, বীরত্ব, দয়া, দাক্ষিণ্য, দেশহিতৈবিতা, পরোপকারিতা প্রভৃতি বরণীয় গুণপুঞ্জে যে সকল মহান্থতব পূক্ষ ও রমণীরত্ব এই বংশের মর্য্যাদা বৃদ্ধি করিয়া গিয়াছেন, তয়ধ্যে মহারাজা কীর্ত্তিক্র, মহারাজা তেজ্বক্স, মহারাজা তিলকচন্দ্র, মহারাণী বিবণ-কুমারী, মহারাণী শোভাকুমারী, মহারাণী নারায়ণকুমারী, মহারাণী মহাতাপ টাদ সর্বপ্রধান। মহারাজা মহাতাপটাদ ইংরাজী, বাঙ্গালা, পারক্স এবং সংস্কৃত ভাষার স্থপপ্তিত ছিলেন এবং ভারতবর্বের গ্রবর্ণর জেনাবেল

বাহাদ্ররের ব্যবস্থাপক সভায় ইংরাজী ১৮৬৪ অব্দে ইনিই সর্ব্বপ্রথম দেশীয় সভা নির্বাচিত হয়েন! মহাতাপ বাহাত্তরের কীর্তিপঞ্জের মধ্যে গোলাপবাম. महाराज मिक्किन, वानिका विद्यानम्, तम्लार्थाम, हेरवाकी विद्यानम्, तम्बन्नानी থাস, দাতবা ঔষধালয়, মতিঝিল, মান্ত্রাসা প্রভৃতি প্রধান। অক্সমতাকুদারে এবং প্রভৃত ব্যয়ে সংস্কৃত মহাভারত ও রামায়ণ এবং বছবিধ পারতা ও প্রধান হিন্দুশান্ত বঙ্গভাষায় অনদিত হয় এবং তদ্বাতীত নানাবিধ সংগীতগ্রন্থ প্রচারিত হইয়া বিনামূল্যে সাধারণ্যে বিতরিত হয়। মহাতাপচাঁদ বাহাছরের অসংখ্য কীর্ত্তি ও বদান্ততার কথা অল্প সময়ের মধ্যে বিবৃত হওয়া অসম্ভব মহাতাপটাদ বাহাতর ইংরাজী ১৮৭৮ অন্দে ভাগলপুরে কলেবর ভাাগ করেন, তথন তাঁহার বয়স ৬২ বর্ষ মাত্র। ইহার মৃত্যুর পর আফ তাফ চাঁদ বাহাত্র রাজ্যে অভিষিক্ত হন। ইহার সময়ে পাব লিক লাইব্রেরি, রাজকলেজ. অন্নসত্ত, ছাত্রাশ্রম এবং বছসংখ্যক দেবালয় প্রতিষ্ঠিত হয়। আফতাফ চাঁদ ১৮৮৩ অবেদ প্রায় ২৬ বর্ষ বয়ক্রেমে মৃত্যুমূথে পতিত হন। এই অল্পকাল মধো ইনি বছবিধ কীর্ত্তি স্থাপন করিয়া গিয়াছেন। ইহার রূপবতী ও গুণবতী সহধর্মিণী (মহারাণী বিনোদেয়ী দেবী) ১২৯৫ সালের জ্যৈষ্ঠ মাসে পরলোক গমন করিয়াছেন: এরপ তেজস্থিনী রমণী এদেশে আর কখন জন্মগ্রহণ করেন নাই বলিলে বোধ হয় অত্যক্তি হয় না। আফ্ডাফ্টাদের পরে মহারাজা বিজয়টাদ মহাতাপটাদ বাহাহরের পোয়পুত্ররূপে গৃহীত হইয়া রাজ্যাধিকার প্রাপ্ত হইয়াছেন। বর্তমান মহারাজা বঙ্গদেশের লেপ্টেনাণ্ট গ্রবর্ণর বাহাত্বের হুযোগ্য সদস্ত অনরেবল শ্রীযুক্ত লালা বনবিহারী কর্পুর রায়বাহাত্তর মহাশয়ের পুত্র। বনবিহারী বাবু মানকরের নিকট গোঁসাই গ্রামে ১২৫৮ সালে জন্মগ্রহণ করেন। ইনি দয়া দাকিলাদি গুণে স্থলোভিত এবং তীক্ষদর্শী ও রাজকার্য্যে স্থপট। বাঙ্গালা সাহিত্যে ইনি বিশেষ অমুরাগী এবং দরিত্তের ত্ব:খমোচনে সতত্ই মৃক্তহন্ত। ইনি অতীব দামান্ত অবস্থা হইতে নিজ ক্ষমতাবলে বিলক্ষণ উন্নতি করিয়াছেন। এরপ লোক যথার্থই প্রশংসার পাত্র।" এই সময়ে ট্রেন ছপাছপ্শবে জীরামপুরে আসিয়া পঁছছিল।

দেবগণ ষ্টেশনের বাহিরে আসিয়া একথানি ঘোড়ার গাড়ী ভাড়া করিলেন এবং কয়জনে দেখিতে দেখিতে নগরাভিমূথে চলিলেন। তাঁহারা যে দিকে চাহেন, দেখেন—স্থার স্থাব অট্টালিকা সকল বিরাজ করিভেছে। ঘরে ঘরে কনসার্ট বাজিতেছে। সকলেই সানন্দচিত্ত। পিতামহ কহিলেন, "বরুণ চ এ নগর নির্মাণ করে কে ?"

বরুণ। এই স্থলের স্থানটীর নাম শ্রীরামপুর। শ্রীরামপুর ব্রিটিশ্ ইণ্ডিয়ার মধ্যে অতি উৎকৃষ্ট স্থান। এই স্থানে পূর্বে খুইমিসনরিরা বাস করিতেন; নগরটী ডেন্সদিগের খারা নির্শ্বিত হয়। উহারা ইহাতে ১৭৫৫ খুঃ হইতে ১৮৪৫ খুঃ পর্যান্ত প্রায় ৯০ বৎসর রাজস্ব করিয়াছিল। তৎপরে অন্যন ১২০,০০০ টাকা মূল্যে ইংরাজদিগকে বিক্রয় করিয়াছে।

দেবগণ ইহার পর এক স্থানে বাসা করিয়া কিঞ্চিৎ বিশ্রাম করিলেন তৎপরে ভাগীরণীতে স্নান করিতে চলিলেন। গঙ্গাতীরে উপস্থিত হইয়া পিতামহ কহিলেন, "আহা! তীরে স্থন্দর অট্টালিকা—বিশেষতঃ বাঁধা ঘাট বিরাজ করাতে আমার স্থরধুনীর কি আশ্রুধ্য শোভা হইয়াছে!"

বরুণ। পিতামহ! সম্মুখে দেখুন-ময়দা এবং স্থারকীর কল।

বন্ধা। ময়দার কল ? কলে ময়দা তৈয়ার হ'চেচ ?

বৰুণ। আজে, কলে গম ভাঙ্গিয়া অতি উৎকৃষ্ট ময়দা প্ৰস্তুত করিয়া দিতেছে। যে ময়দা শত শত লোক এক দিনে প্ৰস্তুত করিতে পারে না, কলে তাহা এক ঘণ্টায় প্রস্তুত করিয়া দেয়।

দেবগণ স্নানাস্তে বাসায় আসিয়া আহারাদি করিয়া কলেজ দেখিতে চলিলেন। তথায় উপস্থিত হইয়া দেবরাজ কহিলেন, "বরুণ। কলেজ বাড়ীটি ত বড় স্থন্দর! বিশেষতঃ ইহার চূড়াগুলি দেখিতে বড় স্থন্দর! কলেজের সন্ধিকটস্থ বাড়ী এবং তাহার সংলগ্ন পুশোছান সকল দেখিয়া আমার যেন অমরাবজী বলিয়া অম জন্মিতেছে!"

বক্রণ। দেবরাজ। এই কলেজ-বাড়ীটি নির্মাণ করিতে প্রায় ১,৫০,০০০ টাকা বায় হইয়াছিল। ইহার ছাদ এবং সিঁড়ি লৌহে নির্মিত।

দেবগণ গৃহমধ্যে প্রবেশ করিয়া দেখেন—বালকগণ বিভাধ্যয়ন করিতেছে। প্রত্যেকেরই হস্তে এক থানি বাইবেল। তাঁহারা একটা গৃহে প্রবেশ করিয়া যে দিকে চাহেন, দেখেন—উত্তম উত্তম বাঁধান অসংখ্য প্রক বহিয়াছে।

উপ। বরুণ কাকা! এ ঘরে যে পুস্তকগুলা রহিয়াছে, বোধ হয় এক ছুই ক'রে গণ্ডে আমার জীবন কেটে যায়। বরুণ। দেখ দেবরাজ। এইটা কলেজের পুস্তকালয়। এই পুস্তকালয়টাতে বিস্তর উৎক্রষ্ট প্রস্তুক আচে।

এখান হইতে সকলে এক স্থানে উপস্থিত হইলে উপ চীৎকার করিয়া: কহিল, "বরুণ কাকা! স্থাবার একটা কিসের কল ?"

বরুণ। পিতামহ! কাগজের কল দেখুন। শ্রীরামপুরের কাগজ বলে একপ্রকার যে বিখ্যাত কাগজ ছিল, তাহা এই কলেই প্রস্তুত হইত। একণে কাগজের কল উঠিয়া গিয়া পাটের কল হইয়াছে।

এখান হইতে যাইয়া সকলে শ্রীরামপুরের বাজারে উপস্থিত হইয়া দেখেন—
নানা দোকানে নানাপ্রকার জ্ব্যাদি বিক্রম্ন হইতেছে। কোন দোকানে "রামে
রাম" শব্দে কয়ালেরা চাউল ওজন করিতেছে। কোন দোকানে বেণেরা
চারি কড়ার তুঁতে, অর্দ্ধ পয়সার অপারি, দশ কড়ার তেজপাত বিক্রয় করিতে
করিতে ক্লাস্ত হইতেছে। এক স্থানে বিদ্যা মেছনীরা মৎশ্রু বিক্রয় করিতেছে।
অপর স্থানে তরিতরকারী বিক্রয় হইতেছে। দেখিতে দেখিতে একটা চার্চের
নিকট যাইয়া উপস্থিত হইলে বরুণ কহিলেন, "এই চার্চেটা ১৮০৫ সালে
নির্দ্ধিত হয়।"

এখান হইতে সকলে ভাল ভাল ছাটালিকা দেখিতে দেখিতে চলিলেন এবং গোস্বামীদের বার্টীর নিকট দিয়া মৃত গোলকচন্দ্র রায়ের বাটীর নিকট উপস্থিত হইয়া দেখেন,—এক ব্যক্তি করবোড়ে দাঁড়াইয়া করুণম্বরে কহিতেছে, "আপনারা শ্রীরামপুরের মন্তকম্বরূপ, অতএব আমার প্রতি রূপা করিয়া ছাতিতে তলিয়া লউন।"

তংশ্রবণে এক ব্যক্তি কহিতেছে,—"তা আমরা কেমন ক'রে পারি ? তুমি যবনের উচ্ছিষ্ট লইয়া সংসার ধর্ম করিতেছে। তাহার হাতে ধাইয়া ধর্মের মাধা ধাইতেছ। আমরা কি কারণে তাহার হাতে ধাইয়া ইহকাল ও পরকাল খোয়াইব ?"

नाजा। वक्षा विषयो कि?

বৰুণ। ঐ ব্যক্তির দ্বী একজন যবনের সহিত বাটী হইতে পলায়। বাব্টী জ্বতান্ত দ্বৈণ বলিয়া কেঁদে কেঁদে অন্থির হন ও শেবে অনেক কটে অনেক অর্থব্যয়ে সেই পলান ধনকে গৃহে আনিয়া বরকলা করিতেছে। সমাজ এই অপরাধে উহাকে সমাজচ্যুত করাতে লোকের বাড়ী বাড়ী কর্যোড়ে সাহায্য প্রার্থনা করিতেছে।

দেবগণের মর্জ্যে আগমন

বন্ধা। এ বাড়ীটি কাহার ?

বরুণ। গোলকচন্দ্র রায় নামক এক ব্যক্তির। ইনি অতাস্ত সানশীল ও ধার্মিক লোক ছিলেন। ইনি এমন দাতা ছিলেন যে, অফ্টাপি বঙ্গদেশের অনেক লোক দিনটা ভাল যাইবার আশায় প্রাতে উঠিয়াই মহাত্মা গোলক রায়ের নাম শ্বরণ করিয়া থাকে।

ব্রহ্মা। এদিকের ও স্থন্দর বাড়ী কাহার ?

বরুণ। এরামপুরের গোঁসাইদিগের।

বন্ধা। তুমি গোঁপাই দিগের বিষয় আমাকে বল।

বকণ। শ্রীরামপুরের গোস্বামীরা বঙ্গদেশের মধ্যে বছদিনের সম্ভ্রান্ত ও বিখ্যাত ধনী জমীদার। রামনারায়ণ গোস্বামী প্রথমে তাঁহার পৈতৃক বাবদা পরিত্যাগ করিয়া বাণিজ্য আরম্ভ করেন। তিনি শ্রীরামপুরের দিনামার দদাগরদিগকে প্রব্যাদি বিক্রয় করিয়া যথেষ্ট অর্থ উপার্জন করেন এবং দেই টাকায় বর্জমান, মেদিনীপুর ও পূর্ণিয়া জেলার বিস্তর জমীদারি থরিদ করেন। রামায়ণ গোস্বামীর পুত্রের নাম কমললোচন গোস্বামী। ইনি গবর্ণমেন্টের অধীনে কমিদেরিয়েটের এজেন্টের কার্য্য করিয়া যথেষ্ট ধন উপার্জন করিয়া ছগলী জেলায় বিস্তর বিষয় থরিদ করেন। তাঁহার পুত্র ঠাকুরদাদ গোস্বামীও ঐ কার্য্য করিয়া বিস্তর অর্থোপার্জন করেন এবং রাণাঘাটের পালচৌধুরীদিগের অবস্থা এই সময় খারাপ হওয়ায় তাঁহারি লাতারা এই অতুল ঐশ্বর্যের উত্তরাধিকারী। শ্রীরামপুরের অনতিদ্বের মাহেশ ও বল্লভপুর নামক স্থান আছে। তথাকার রাধাবল্লভ বড় বিখ্যাত। রথের সময় মাহেশে অত্যক্ত সমারোহ হইয়া থাকে।

বন্ধা। তুমি রাধাবলভের বিষয় আমাকে বল।

বক্ষণ। সাদ্ধিবিশত বৎসর পূর্বে বল্লভপুর গ্রাম ছিল না; তথন ঐ স্থানে অত্যন্ত জঙ্গল ছিল। ঐ সময় রুদ্ররাম পণ্ডিত নামক এক ব্যক্তি শ্রীরামপুরের জনতিদুরে চাতরা নামক গ্রামে মাতুলালয়ে বাস করিতেন। তাঁহার মাতুলগৃহে গৌরাঙ্গদেবের প্রতিমূর্ত্তি ছিল। একদিন রুদ্ররামকে গৌরাঙ্গদেবের পূজা করিতে দেখিয়া তাঁহার মাতুল "তোমার এখনও পূজায় অধিকার হয় নাই" বলিয়া অত্যন্ত তিরস্কার করেন। ইহাতে রুদ্ররামের মনে অত্যন্ত দ্বণা হয় ও বল্লভপুরের জঙ্গদের মধ্যে যাইয়া তপস্তা আরম্ভ করেন। তাঁহার ভপস্তায়

সন্তর্ভ হইয়া রাধাবল্লভ স্থা দেন, সৌড়ের নবাববাটীর অভঃপ্রস্থ গৃহত্বাবের উপরে একথানি রুফবর্ণ প্রস্তর আছে। প্রস্তর্থানি সর্ব্ধদাই বামিয়া থাকে। তুমি ঐ প্রস্তর আনিয়া তোমার উপাক্ত দেবতার মূর্ত্তি সংগঠন করিয়া উপাক্ত দেবতার মূর্ত্তি সংগঠন করিয়া উপাক্তাদি কর—অভাষ্ট সিদ্ধ হইবে।" রুপ্রবাম স্থপ্প দেখিয়া গৌড় নগরে প্রস্থান করেন এবং নবাবের মন্ত্রী অতান্ত হিন্দু ছিলেন—তাঁহাকে সবিশেষ বলেন। মন্ত্রী "যে পাথর ঘামে সে পাথর বাড়ীতে রাখিলে মহা অমঙ্গল ঘটে"—এই কথা নবাবকে বলায়, নবাব পাথরখানি থসাইয়া জলে ফেলিয়া দিবার অহ্মতি দেন। পাথর জলে ফেলিয়া দেওয়ায় রুপ্রবাম পণ্ডিত প্রাপ্ত হইলেন না, অতান্ত ক্রন্দন করিছে গাগিলেন। দৈববাণী হইল "তুমি মাহেশ যাও, তথাকার স্থানের ঘাটে ঐ পাথর প্রাপ্ত ইইলেন। তিনি স্থনিপুণ ভান্ধর ভাকাইয়া রাধাবল্লভ-মৃত্তি প্রস্তত ক্রাইলেন। এমন স্থন্দর মূর্ত্তি এদেশে দিতীয় নাই। ঐ প্রস্তরে তিনটা মৃত্তি প্রস্তত হইয়াছিল—বল্লভপুরের কাধাবল্লভ, থড়দহের শ্রামস্থন্ত্ব এবং সাঁইবনের নন্দত্রলাল।

মুর্শিদাবাদের নবাবের কোন হিন্দু কর্মচারী আকনা ও মাহেশের মধ্য হইতে কিয়দংশ ভূমি বিচ্ছিন্ন করিয়া লইয়া রাধাবল্লভকে প্রদান করেন এবং ঠাকুরের নাম অমুদারে এই স্থানের নাম বল্লভপুর রাখেন। ঐ দময় ঐ স্থানের বার্ষিক রাজস্ব ১৮ টাকা ছিল। ইহার দেডশত বৎসর পরে রাজা নবরুষ্ণ গ্রামটীকে ভারজাই তালক করিয়া দেন। ১৫৯৯ সালে কলিকাতার নয়ানচাঁদ মঞ্জিক বাধাবল্পভের মন্দির নির্মাণ করিয়া দেন ; ঐ মন্দির ভগ্নাবস্থায় ভাগীরথী-তীরে বর্তমান আছে। ১৮৮৫ দালে গৌরচরণ মল্লিক বর্তমান মন্দিরটী নির্মাণ করিয়া দিয়াছেন এবং ঠাকুরের সেবার জন্ম প্রাতাহিক ২ টাকা বৃত্তি ধার্য্য করিয়া দিয়াছেন। ১২৫৭ দালে প্রণামী লইয়া গোল হওয়ায় মাহেশের জগন্নাথ আর রথের সময় রাধাবলভের গৃহে আসেন না। কলিকাতার শিবকৃষ্ণ বন্দ্যোপাধাায় বল্লভের রথ ও জগল্লাথ নির্মাণ করেন। রাজা নবক্লফ সেবার্থ বল্পভপুর দান করেন। কলিকাতা বৌবান্ধারের শিবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের ভগিনী শ্রীমতী আনন্দময়ী ঠাকুরাণী ১২৪৫ সালে বল্লভপুরের ঘাট প্রস্তুত করিয়া দেন। ঘাটের হুই পার্বে হুইটী নহবংখানা আছে। কলিকাভার মতি মল্লিক রাসমঞ্চ নিশ্বাণ করিয়া দেন। কল্ডরাম পণ্ডিত বিবাহ করেন নাই; তাঁহার প্রাতৃপুত্র রতিরাম, ঠাকুরের সেবার ভার গ্রহণ করিয়াছিলেন। রতিরামের

দেবগণের মর্ভ্যে আগমন

বংশ অস্তাপি বর্ত্তমান আছে। ইঁহারা সোনার বেণের দান গ্রহণ করিয়া পতিত হন—এক্ষণে চতঃসাগরী কবিয়া জেতে উঠিয়াছেন।

দেবগণ ভাগীরথী তীরে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "দেববাজ! পর পারে যে স্থান দেখিতেছ, উহার নাম বারাকপুর।"

দেবগণ বারাকপুর দেখিবার ইচ্ছা প্রকাশ করিলে বরুণ একথানি নৌকা ভাড়া করিয়া সকলকে উঠিতে কহিলেন। সকলে নৌকারোহণ করিলে পিতামহ তীরের দিকে চাহিয়া দেখেন—এক ব্রাহ্মণের গাত্রে নামাবলি, সর্বাঙ্গে হরিনামের ছাপ। সে, পাছে কোন অস্পৃষ্ঠ দ্রব্য স্পর্শ করিতে হয় এই আশহায়, লাফাইয়া লাফাইয়া যাইতেছে। পিতামহ লোকটাকে ধার্মিক মনে করিয়া একদৃষ্টে চাহিতে লাগিলেন; ক্রমে নৌকাও গিয়া পর পারে লাগিল।

বারাকপুর

দেবগণ নগরে প্রবেশ করিয়া দেখেন—রাস্তার একদিক দিয়া একদল গোরা যাইতেছে। অপর দিক্ দিয়া হুই চারি জন সিপাই চলিয়াছে। পিতামহ কহিলেন, "এ স্থানে আসিয়া আমার বড় ভয় করিতেছে। এ স্থানের নাম কি বরুণ ?"

বক্রণ। এ স্থানের নাম বারাকপুর। এখানে গ্রন্থিটের বারিক ইত্যাদি আছে। নগরটীর নাম চাণক্। কলিকাতা-সংস্থাপক জব চার্ণক সাহেব এই স্থানে সর্বাদা বাস করিতেন। কথিত আছে চার্ণক সাহেব একটী স্থানরী হিন্দু বিধবাকে সহমরণে চিতা হইতে রক্ষা করিয়া তাঁহারই পানিগ্রহণ করিয়াছিলেন। ইহাদের উভয়ের এতদ্ব প্রণয় জয়ের যে, দ্বীলোকটীর মৃত্যু হইলে সাহেব শোকে নিতান্ত অধীর হন। তিনি প্রত্যুহ ঐ রমণীর কবরের নিকট যাইয়া রোদন করিতেন ও ভালবাসা দেখাইবার জন্ম এক একটী ক্রুট বলি দিতেন। কবরটি অন্তাপি এখানে বর্ত্তমান আছে।

উপ । বরুণ-কাকা । মাগী বাঙ্গালী, সাহেব ইংরাজ । পরস্পারের কথা কেমন ক'রে বুঝতে পারতো ?

বরুণ। দেখুন পিতামহ! এই বারাকপুরেই সর্বপ্রথমে সিপাহী বিজ্ঞোহের স্থ্রপাত হয়। এই স্থানের সিপাহীর। টোটা কাটিতে প্রথমে অস্বীকার করে।

দেবগণ বারিকের নিকট দিয়া বড়বাজারে যাইয়া উপস্থিত হইলেন।
উপস্থিত হইয়া দেখেন—নানা দোকানে নানাপ্রকার দ্রব্যাদি বিক্রয় হইতেছে।
কোন দোকানের সম্মুথে বসিয়া চারিজন দোকানী তাস থেলিতেছে এবং
উভয় পক্ষের স্বপক্ষ হইয়া আর চারি পাঁচ জন জয় পরাজয় ঘোষণা করিতেছে।
থেলোয়াড়দিগের মধ্যে ঐ সময় কাহারও দোকানে থরিদার আসায় সে
নিকটস্থ অপর ব্যক্তিকে "দাদা, আমার হয়ে থেল ত ভাই" বলিয়া ছটিয়া গিয়া
খরিদার বিদায় করিতেছে। কোন দোকানে দোকানী খাভায় হিসাব
লিখিতেছে এবং এক একবার নিকটে টাঙ্গানো টিয়া পাখীয় দিকে চাহিয়া "হয়ে
কয়য়, হয়ে—য়য়য়—য়য়য় য়য়য়, পড় বাবা" বলিয়া চুয়য়ড়্ড়ী দিতেছে।
কোন দোকানের দোকানী স্বর করিয়া রামায়ণ পাঠ করিতেছে এবং চারিশাচ

দেবগণের মর্ছো আগমন

জন শ্রোতা বসিয়া শুনিতেছে। বরুণ কহিলেন, "পিতামছ! এ বাজারে সমস্ত দ্রব্যই হার বান্ধিয়া বিক্রম হয়, নচেৎ দোকানদারেয়া গোরাদিগকে মাতাল দেখিলে প্রতারণা করিয়া বেশী মূল্য লইতে পারে।"

এথান হইতে সকলে চিড়িয়াথানার মধ্যে প্রবেশ করিয়া দেখেন—শৃগাল, বক্স মহিব, শৃকর, ব্যান্ত, চিভাবাদ, হরিব ও নানাপ্রকার পশু পক্ষী রহিয়াছে। বক্ষণ কহিলেন, "চাণকের চিড়িয়াথানা পূর্ব্বে বড় উৎকৃষ্ট ও বিখ্যাত ছিল। একবে ইহার যাবতীয় জীবজন্ত কলিকাভার জুওলজিকেল গার্ডেনে লইয়া গিয়াছে।"

ইহার পর দেবতারা বারিকের নিকট উপস্থিত হইয়া সবিশ্বয়ে চতুর্দ্ধিকে চাহিতে লাগিলেন। একণে বেলা অপরাহ্ন, এজন্ত ক্যাণ্টন্মেণ্ট্ আশ্বর্ধ্য শোভা ধারণ করিয়াছিল। ভাঁহারা দেখেন—কোন স্থানে কভকগুলি দিপাই প্যারেড শিক্ষা করিতেছে।

দেবগণ এক্জিকিউটিভ্ ইঞ্জিনিয়ারের অফিস, ক্যাণ্টন্মেণ্ট ম্যাজিট্রেটের বাটী, মিউনিসিপাল হাসপাতাল এবং গবর্ণর জেনেরলের বাটী দেখিয়া একস্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ! ঐ যে দোতলাগুলি দেখিতেছেন, উহারই নাম বারিক। ঐ স্থানে সৈত্তেরা বাদ করে। পূর্বের্থ সমস্ত বারিক মাটির ছিল. এক্ষণে ইষ্টক-নির্মিত হইয়াছে।"

উপ। বৰুণ-কাকা! আমাকে কেন সৈত্যের দলে দাও না ?

नाता। मछा वक्रन, উপকে मिनिक्त मल मिल इय !

বৰুণ। একে নেবে কেন? এ যে বাঙ্গালী!

ইন্দ্র। বাঙ্গালী হ'লে কি দৈনিকের দলে লয় না।

वक्षा ना।

ব্ৰহ্ম। বৰুণ। লওয়াহয় নাকেন?

বক্ণ। বাঙ্গালী ভীক ; পাছে বন্ধুকের গুলিতে হাত পা ভাঙ্গিয়া ফেলে, এই ভয়। দেখুন পিতামহ! সন্ধ্যা আগত প্রান্ন, এথানে রাত্তি নয়টার পর অমণ নিষেধ ; অতএব আমাদের এথান হইতে প্রস্থান করাই উচিত।

নারা। এখানে নয়টা রাত্তির পর ভ্রমণ নিষেধ কেন ?

বরুণ। পাছে কোন ছদ্মবেশী লোক বন্ধনীতে ক্যাণ্টন্মেণ্টের মধ্যে প্রবেশ করিয়া গোপনে অন্ধুসন্ধান করে, এই জন্তই ঐ নিয়ম করা হইয়াছে।

ব্রহ্মা। আমাদের এখানে থাকিবার কোন আবশুকতা নাই। চল অন্ত জনীযোগেই আমরা প্রস্থান করি। বৰুণ। এই বারাকপুরের নিকটে মণিরামপুর প্রস্তৃতি কতকগুলি গণ্ডগ্রাম আছে। এই মণিরামপুরে ১৮১০ খুটাবে (সন ১২১৭ সালে) তুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় জন্মগ্রহণ করেন। ইহার পিতা গোলোকচন্দ্র বন্দ্যোপাধ্যায় একজন প্রধান কুলীন রান্ধণ ছিলেন। তুর্গাচরণ দশ বৎসর বন্ধনে কলিকাতার আসিয়া হিন্দুকলেন্দে ভর্তি হন এবং চারি বংসরের মধ্যে সিনিয়ার জিপাট মৈন্টে অর্থাৎ বিভালরের উচ্চতম বিভাগে উত্থিত হয়েন। পঞ্চদশবর্ধমাত্র বন্ধক্রেমে অসাধারণ ধীশক্তি ও নৈস্গিক প্রতিভাবলে তুর্গাচরণ প্রভূত স্থ্যাতি ও একটা বৃত্তি প্রাপ্ত হয়েন। এই সময়েই তুর্গাচরণ স্বধর্দ্দের প্রতি ব্রীতপ্রদ্ধ হইয়াছিলেন। অর্থের অনটনপ্রযুক্ত কলেজ ছাড়িয়া ইনি প্রথমে লবণের গোলায় চাকরী করেন। ইহার বিভোগার্জনের ইচ্ছা এতদুর বলবতী ছিল যে, লবণের গোলায় চাকরী-কালে একদা তিনি তথাকার দেওয়ান স্প্রাস্কি সারকানাথ ঠাকুর মহাশয়ের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহার নিকট নিজ মনোভিলাব ব্যক্ত করেন। বারকানাথ ঠাকুর তুর্গাচরণের পিতাকে আহ্রান করিয়া পুত্রকে কলেছে পুনঃ প্রবিষ্ট করিয়া দিতে অম্বরোধ করিলেন।

এইরূপে চুর্গাচরণ যদিও হিন্দুকলেন্দে পুন:প্রবিষ্ট হইলেন, কিন্তু তাঁহাকে অধিককাল তথায় বিভাধায়ন করিতে হইল না। বহু পরিবারের ভরণপোষণে পিতাকে অক্ষম দেখিয়া তিনি বৎসরের মধ্যেই পুনরায় কলেজ পরিত্যাগ করেন। ২১ বৎসর বয়:ক্রমকালে তুর্গাচরণ মহাত্মা ভেভিড্ হেয়ারের সংস্থাপিত ইংরাজি বিভালয়ে দিতীয় শিক্ষকের কার্যা প্রাপ্ত হইলেন। এই সময় ইনি চিকিৎসা শাস্ত্র অধায়ন করিতে অভিলাষী হন। ইহার ডাক্তারি শিথিবার প্রধান কারণ এই,—এক সময় ইহার স্ত্রীর পীড়ার সংবাদ ভূতামূথে শুনিয়া তাড়াতাড়ি বাটী ঘাইলেন এবং চিকিৎসক লইয়া বাটী প্রত্যাগত হইবার পূর্ব্বেই ত্রভাগ্যক্রমে তাঁহার স্ত্রীর মৃত্যু হয়। এই ভয়ানক সময়ে স্থযোগ্য চিকিৎসকের অভাবে তাঁহার পত্নীকে হাতুড়ের চিকিৎসাধীনে থাকিতে হইয়াছিল। তিনি हेशां दिवसम् एन एम्थिमारे हिकिएमा दिखा मिक्ना कविद्यन—श्रेष्टिखा कदत्रन । ইনি ২৮ বংসর বয়দে পুনরায় দারপরিগ্রহ করিয়াছিলেন। এই সময়ে লভ উইলিয়াম বেণ্টিক, দার এডওয়ার্ড রাইন, ডেভিড্ হেয়ার প্রভৃতি মহাত্মাগণের যত্বে ও পৃষ্ঠপোৰকতায় কলিকাতায় "মেডিকেল কলে**জ**" সংস্থাপিত হয়। ত্র্গাচরণ পিতার অভিমতে মেজিকেল কলেজে প্রবিষ্ট হন এবং প্রত্যহ ছুই ঘন্টা করিয়া দেখানে পড়িতেন। হেয়াবের বিভাগরে জোন্স নামক এক ব্যক্তি

দেবগণের মর্ভ্যে আগমন

ভন্তাবধায়ক নিযুক্ত হইয়াই তুৰ্গাচরণকে অবগত করাইলেন যে, তিনি অতঃপর আর প্রতিদিন তুই ঘণ্টা করিয়া অবকাশ পাইবেন না। ইহাতে তুর্গাচরণ শিক্ষকতা পরিত্যাগ করিয়া অনন্তকর্মা ও অনন্তমনা হইয়া কেবল চিকিৎসা-শাল্প অধ্যয়নেই মনঃসংযোগ করিলেন।

তিনি পাঁচ বৎসরকাল মেভিকেল কলেজে অধ্যয়ন করিয়া চিকিৎসাশাল্তে বিলক্ষণ বৃৎপন্ন হওয়াতে কলেজ পরিত্যাগ করেন। এই সময়ে নিম্নলিখিত ঘটনাটা ঘটে—"মেসার্গ জার্ভিন স্কিনার এও কোং"র আফিসের মৃচ্ছুদ্দি বাবু নীলকমল বন্দ্যোপাধ্যায় সাংঘাতিক পীড়ায় আক্রান্ত হইলেন; চিকিৎসকগণ পীড়া সকটাপন্ন—আরোগ্য হইবার নহে বলেন। অবশেষে তুর্গাচরণকে আনমন করা হইল, তিনি ঔষধের ব্যবস্থাপত্র দিয়া প্রস্থান করিলেন। এই সময় জ্যাক্সন্ সাহেবকে দেখিতে দেওয়া হয়; ভাজার জ্যাক্সন্ উহা দেখিয়া বলিলেন "ঠিকই হইয়াছে" এবং ঔষধের গুণে রোগীর বিলক্ষণ উপকার হইয়াছে। তিনি সাতিশয় চমৎক্বত হইলেন এবং তুর্গাচরণের সহিত আলাপ করিয়া তাঁহাকে "নেটিভ জ্যাক্সন্" উপাধি প্রদান করিলেন। এই ঘটনার পর হইতে তুর্গাচরণের সোভাগ্যস্থ্য উদয় হইল,—তাঁহার নাম ও যশ চতুর্দ্দিকে ব্যাপ্ত হইল।

নীলকমল বাবু সম্পূর্ণরূপে আরোগ্যলাভ করিলে তাঁহার বন্ধু পণ্ডিতপ্রবন্ধ বিভাসাগর মহাশয় ও স্বদেশহিতৈরী বাবু রাজেন্দ্রনাথ দত্ত উভয়েই তুর্গাচরণকে ফোর্ট উইলিয়ম কলেজে মাসিক ৮০ টাকা বেতনে থাজাঞ্জির কার্য্য গ্রহণ করিতে এবং প্রাতে ও সন্ধ্যাকালে চিকিৎসা ব্যবসা অবলম্বন করিতে পরামর্শ দিলেন। তুর্গাচরণও তাঁহাদিগের পরামর্শমত কিছুকাল কার্য্য করেন। পরে ৩৪ বৎসর বয়সে তিনি চিকিৎসা ব্যবসায়ের উপরই সম্পূর্ণরূপে নির্ভর করিলেন। অভাল্পকালমধ্যেই সর্ব্বোৎকৃষ্ট চিকিৎসক বলিয়া সর্ব্বত্র পরিচিত হইলেন; তাঁহার বাটা প্রাতে ও বৈকালে সহস্র সহস্র পীড়িত ব্যক্তিদের দারা পরিপূর্ণ হইতে লাগিল। অধিক কি তাঁহার উপর সকলেরই একপ্রকার দৃঢ ভক্তি ও বিশ্বাস জ্বালি যে, তিনি রোগীর নিকট আসিলেই লোকে মনে করিত, স্বয়ং ধন্ধন্ধরি আসিলাছেন—রোগী নিশ্চয়ই আরোগ্যলাভ করিবে। দৃষ্টিমাত্রেই তাঁহার রোগনির্গরের অলোকিক ক্ষমতা ও চিকিৎসাশান্তে আসাধারণ পারদর্শিতা দেখিল্লা তাঁহাকে সকলে দেবাস্থগৃহীত বলিয়া স্বীকার করিত। দশ বৎস রের মধ্যেই তিনি ন্যুনাধিক লক্ষ টাকা উপার্জন করিলেন।

ষে সকল তুশ্চিকিৎশু ব্যাধি আরোগ্য হইবার নহে বলিয়া কবিরাজ, হাকিম ও অক্সান্ত ভাক্তারগণ রোগীর জীবনের আশা একেবারে পরিতাগে করিতেন, চুর্গাচরণ অনেক স্থলে সে দকলও আরাম করিতে দমর্থ হইতেন। কথিত আছে, একদা ভারতবর্ষের কোন গবর্ণর্ জেনারলের সহধর্মিণী কোন সকটা রোগে আক্রান্ত হইলে উৎক্রষ্ট উৎক্রষ্ট ইংরাজ চিকিৎসকগণ তাঁহার চিকিৎসা করেন; কিন্তু কেহই প্রকৃত রোগ নির্ণন্ন করিতে দমর্থ হয়েন নাই। অবশেষে চিকিৎসার জন্ত চুর্গাচরণকে আনা হইল। তিনি গবর্ণরের প্রাসাদে যাইয়া দেখিলেন, অনেকগুলি ইংরাজ চিকিৎসক ও ভদ্রলোক তথায় সমবেত—সকলেই বদনে নিরাশার রেথা অন্ধিত। সকলেই মনে কন্মিলন যে, রোগ আরোগ্য করা ইংরাজের অসাধা। চুর্গাচরণ দেখানে উপস্থিত হইয়া রোগীর রোগরুত্বান্ত আত্যোপান্ত ভানিলেন ও তাঁহাকে ভালরপে পরীক্ষা করিলেন। পরে উপন্থিত ব্যক্তিবর্গকৈ সম্বোধন করিয়া বলিলেন, "আপনারা কয়েক মৃহুর্তের জন্ত অন্ধ্রগ্রহ করিয়া রোগীকে আমার নিকট রাথিয়া গৃহান্তরে গমন করেন।" সকলেই গৃহ পরিতাগে করিলে তিনি অত্যন্তুত ও আশ্চর্য্য কৌশলে সে যাত্রা গ্রব্রপতীর প্রাণরক্ষা করিলেন।

ভাক্তার রাজেন্দ্রনাথ দন্ত কলিকাতায় প্রথম হোমিওপ্যাধিক চিকিৎসার প্রথা প্রবৃত্তিত করিলে হোমিওপ্যাধিক ও এলোপ্যাধিক মতাবলম্বীদিগের মধ্যে মহাবিরোধ উপস্থিত হইল। মেডিকেল কলেজে, চিকিৎসাশাস্ত্রের উৎকর্ষ সম্পাদন করিবার জন্ম যে সভার অধিবেশন হয়, ডাক্তার মহেন্দ্রলাল সরকার সেই সভায় বক্তৃতা দারা হোমিওপ্যাধি, এলোপ্যাধির অপেক্ষা উৎক্রই প্রমাণ করেন। বঙ্গদেশে ঘাহাতে হোমিওপ্যাধি চিকিৎসা প্রচলিত হয়, তিন্ধিয়ে হুর্গাচরণ ঐকাস্তিক যত্ন পাইয়াছিলেন।

বাঙ্গালার বহুদ্ববর্তী স্থান হইতে যে সকল লোক তাঁহার বাটাতে চিকিৎসার্থী হইরা আগমন করিত তিনি তাহাদিগকে থাইতে ও থাকিতে দিতেন। গভীর নিশীথে কোন দরিন্দ্র ব্যক্তি, তাহার পীড়িত পুত্রকে দেখিতে যাইবার জন্ম হুর্গাচরণকে মিনতি করিলে, তিনি কথনই তাহার প্রার্থনা অগ্রাহ্ম করিতেন না;—আহারের বিষয়ে তাঁহার কিছুমাত্র পারিপাট্য ছিল না। তিনি নারীভাতিকে মাতার ক্যায় বোধ করিতেন। ভাতিতেদ ইনি মানিতেন না এবং পোত্তলিকতার ইহার আহা ছিল না।

অবশেবে সাতিশয় শারীরিক ও মানসিক পরিশ্রমে তাঁহার স্বান্থ্যভঙ্গ হইল;

দেৰগণের মর্জ্যে আগমন

এবং তৎপুত্র স্থরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিলাতে সিবিল দার্ক্সিন পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারেন নাই, এই সংবাদে তাঁহার হৃদরে মন্দ্রান্তিক আঘাত লাগিল। ১৮৬১ খঃ অন্দের ১৬ই কেব্রুয়ারি তিনি অকন্দ্রাৎ জররোগে আক্রান্ত হইলেন এবং ছন্ন দিবস কাল জর ও পরিশেবে কাশরোগ ভোগ করিয়া ২২এ কেব্রুয়ারি বেলা একটার সমন্ন বাহান্ন বৎসর বন্ধঃক্রমকালে প্রিয়তমা পত্নী এবং পাঁচপুত্র ও এক কন্সা রাখিয়া ক্রলেবর পরিত্যাগ করেন।

বক্দ দকলকে লইয়া পুনরায় শ্রীরামপুরে আসিলেন এবং ব্যাগ হস্তে গল্প করিতে করিতে ষ্টেশন অভিমূথে চলিলেন। দেবগণ একস্থানে উপস্থিত হইয়া দেখেন—এক ব্রাহ্মণ একটা বাড়ীর দ্বারে ধীরে ধীরে আঘাত করিয়া অভি মৃত্র স্বরে কহিতেছে—"বামা, দোর খোল্, আমি এসেছি।" পিতামহ জ্যোৎস্নার আলোকে ব্রাহ্মণের মৃথ দেখিয়া চিনিলেন, ইনিই তিনি—যিনি অপরাহে খেয়াঘাট হইতে পাছে কোন অস্পুশ্র দ্রব্য স্পর্শ করিতে হয়, এই আশঙ্কার ক্যাকাইয়া লাফাইয়া আসিতেছিলেন।

বৰুণ। ঠাকুবদা! এই বামুনকে দেখিয়া এক সময় আপনার বড় ভক্তি হইয়াছিল; একণে ইহার কার্য্য দেখুন। এটা বেখ্যাবাড়ী। ঐ বাম্নের বামী নামে একটা বক্ষিতা বেখ্যা এই বাড়ীতে বাস করে। ঠাকুর বজ্বনীতে সেই বামীর নিকট এসেছেন।

এই সময় বামী আসিয়া ছার খুলিল এবং "পোড়ার মুখো! কাল রাজে ছিলি কোথায়? আমি তোর জন্তে কটা আর বেগুনভাঙ্গা ভেজে এক বোতল মদ এনে সমস্ত রাত্রি ব'সে ব'সে কাটিয়েছি" বলিয়া পৃষ্ঠে এক মুষ্ট্যাঘাত করিল এবং হস্ত ধরিয়া বাটীর মধ্যে লইয়া ঘাইল।

ব্রান্ধণের কার্য্য দেখিয়া পিতামহ আশ্চর্যাদ্বিত হইয়া কহিলেন। "এবিষ্ণুঃ! কলিকালে লোক চেনা ভার! এত সাজ গোজ, আচার ব্যবহার, আর এদিকে বেশ্বার বাড়ীতে রুটী বেগুনভাজা মদ থায়!"

উপ। কর্তা-জেঠা! মিন্সে যেন মাথাল ফল।

সকলে টেশনে যাইয়া দেখেন—রজনীতে টেশনটা বড় ফুলর শোভা ধারণ করিয়াছে—চারি দিকে আলোক জ্বলিতেছে। এক স্থানে যাত্রীদিগের মাল ছ্-ঠেঙ্গো গাড়ী বোঝাই করিয়া ঘড় ঘড় শব্দে এক প্রান্ত হইতে অপর প্রান্তে লইয়া যাইতেছে। তথন ট্রেন আসিবার বিলম্ব থাকাতে দেবগণ এক স্থানে বিদিয়া গল্প করিতে লাগিলেন। নারায়ণ বারাকপুরের বান্ধার হইতে চুরট কিনিয়াছিলেন; এই সময়ে দেশলাই জালিয়া. চুরট ধরাইবার উদেঘাগ করিলে পিতামহ রাগান্বিত হইয়া কহিলেন, "দেখ্রুঞ্চ! তুই কি মর্জ্যে এসে সাহেব হ'লি ? আমি সব সহু ক'রতে পারি—ও শকুনির গায়ের গন্ধের ন্তায় চুরটের গন্ধ সহু হয় না। গন্ধে আমার গা বমি বমি করে, মাথা ধরে। কেলে দে—নইলে গালে মুখে চড়াব।" নারায়ণ তৎশ্রবণে চুরট টানা রহিত করিলেন।

বকণ। দেখন পিতামহ। এই শ্রীবামপুরেই বাঙ্গালার মিদনরিরা বাস করিতেন। ইহাদের মধ্যে মেজর ক্যারে, ওয়ার্ক, এবং মার্সম্যান দাহেব বিখ্যাত। এই মহাত্মাদিগের এই স্থানেই মৃত্য হইয়াছে এবং তাঁহার। এই ম্বানের কবরে আছেন। ইঁহারা হিন্দুসম্ভানদিগকে খ্রীষ্টান করিবার অভিপ্রায়ে এক সময় ১.০০.০০০ বাইবেল বিভিন্ন ভাষায় মৃদ্রিত করিয়া বিনা মূল্যে বিভরণ করিয়াছিলেন। যাহা হউক, মিদনরিগণের নিকট বঙ্গভাষা বিশেষ-রূপে ঝণী; যে হেতু ই হাদের যত্নে ১৮০০ অবে প্রথম মূদ্রাযন্ত্র সংস্থাপিত হয়। ই হারাই প্রথমে মহাভারত ও রামায়ণ গ্রন্থ মন্ত্রিত করেন। তন্তির বাঙ্গালা সংবাদপত্রেরও ইঁহারা স্ষ্টিকর্তা। ১৮১৮ অব্দে মার্স্যান সাহেবের যত্তে "দিগ দর্শন" নামক একথানি মাসিকপত্ত প্রচারিত হয়। **জ্রী**রামপুরের মিসনবিরা ঐ অব্দে "সমাচার-দর্পণ" নামে বাঙ্গালা ভাষায় প্রথম সংবাদপত্ত প্রচার করেন। ই হাদেরই যতে দীদার অক্ষর সবিশেষ উন্নতি লাভ করিয়াছে। এই শ্রীরামপুরে প্রথমে মনোহর দাস মিসনবিদিগের উপদেশ ক্রমে সীসার অক্ষর প্রস্তুত করেন। তাঁহার পুত্র ক্লফচক্র দাস উহার বিলক্ষণ উৎকর্ষ সাধন করিয়াছিলেন। ক্লফচন্দ্রের পাঁজির বাঙ্গালা অক্লর বাঙ্গালাদেশে বিশেষ খ্যাতিলাভ কবিয়াছে।

শ্রীরামপুরের অতি নিকটে মাহেশ। মাহেশে রথ ও স্থানযাত্রার সময়ে বড় সমারোহ হইয়া থাকে। কলিকাতার অনেক বাবু বেশ্বা সঙ্গে লইয়া বোট ও ভাউলে ভাড়া করিয়া জলে বাচ থেলেন এবং মছাপানে মাতোয়ারা হইয়া বেশ্বার হাত ধরিয়া জগল্লাথের সম্মুখে নৃত্যু করেন। মাহেশের জগল্লাথ বড় বিখ্যাত। ইনি এক সময় হাতের বালা বন্ধক রাখিয়া ময়রার দোকানে সন্দেশ খাইয়াছিলেন। ঐ মাহেশে ওয়ারেন হেষ্টিং সাহেবের একটা বাগান ছিল। বাগানের হই একটি গাছ অছাপি বর্ত্তমান আছে। মাহেশের পরেই টিটেগড়; টিটেগড়ে পর্ব্বে জাহাজ প্রস্তুত হইত।

এই সময় টেশনে যাত্রীরা আসিয়া উপস্থিত হইতে লাগিল, তাহাদের কাহারও হল্তে পোঁটলা ও হুঁকা কন্ধে, কাহারও হাতে ব্যাস ও ছড়ি। কোন বাবু জীকে তাহার পিজালয় হইতে লইয়া যাইতেছেন। অতএব জীও পেটরাদি দক্ষে টেশনে আদিয়া উপস্থিত হইলেন। কোন জীলোক বাবুদের মেয়ের তব্ব লইয়া যাইতেছে, টেশনে আদিয়া মাথার ধামা নামাইল। মেয়ে অস্তঃম্বা, এজ্ঞ মেয়ের মা ঐ ধামাতে কয়েকটা কমলালের কতকগুলি বিলাতি ক্ল, চাটি দজ্নের ফ্ল, কুলের আচার, চালিতার এবং আমের আচার পাঠাইয়াছেন। একটা হাঁড়িতে কিছু মিটায়ও আছে, হাঁড়ির ম্থ এমন শক্ত ক'বে ময়দা দিয়া আঁটা যে, হাঁড়ি ভাঙ্গিবে, তথাপি ম্থ খ্লিবে না। কোন বাবু য়য়ং আদিয়া জীকে বিরাগমনে লইয়া য়াইতেছেন। বালিকা এক গলা ঘোমটা দিয়া রুপ্রে ফু প্রে কাঁদিতেছে। বালিকার বাপের বাড়ীর পরিচারিকা বুঝাইতেছে,—"ও মা ছি! তুই এমন শেয়ানা মেয়ে হয়ে কাঁদ্ছিল কেন? শক্তববাড়ীর লোকে নিশেক ক'রবে ষে!"

ক্রমে টিকিট কি নিবার ঘণ্টা দিল, দেবগণ টিকিট কি নিতে মাইয়া দেখেন, মস্ত ভীড়। ক্ষ্প একটা গহরের নিকট উঁকি মারিয়া একজন যাত্রী দাঁড়াইয়া আছে। তাহার উভয় স্কজে প্রায় চৌদটা মাথা ঠেদ দিয়া "আমার একথান হাবড়ার, আমার একথান বালির, আমার একথান কেরিছেরে তৎপশ্চাতে প্রায় ২৫।৩০ জন লোক "আমার একথানা রিটর্ণ্" "আমার একথানা হাপ্ টিকিট চাই" বলিয়া ঠেলাঠেলি আরম্ভ করিয়াছে। ভিতর হইতে টিকিট বিক্রেতা বাবু হস্ত বাহির করিয়া এক এক জনের পয়সা লইতেছেন এবং "থট্ থট্ থটাস্ থটাস্" শঙ্কে টিকিট কাটিয়া যাত্রীদিগকে দিতেছেন। যাত্রীদিগের মধ্যে যাহারা পুরা টাকা দিয়াছিল, বাহিরে পয়সা গণে কম হওয়ায় আশীর্কাদ করিতে করিতে চলিয়া যাইতেছে।

ভীড় কমিলে বৰুণ যাইয়া পাঁচখানি বালির টিকিট কিনিলেন এবং প্রত্যেকে পোঁটলা পুঁটলি লইয়া প্লাট্ফরমে যাইয়া এই ভাবে দাঁড়াইয়া রহিলেন যে, গাড়ী আদিয়া ফেলিয়া যাইতে না পারে। দেখিতে দেখিতে ট্রেন আদিয়া উপস্থিত হইল, দেবগণও ছুটীয়া গিয়া ট্রেনে উঠিয়া বদিলেন। উঠিয়া দেখেন—গাড়ির প্রত্যেক কামরায় আলো দেওয়াতে রজনীতে গাড়ি ঘেন নবসাজে সজ্জীভূত হইয়াছে। আরোহিগণ বদিয়া ভামাক টানিতেছে এবং নানাপ্রকার গল্প করিতেছে।

আবার ট্রেন ছাড়িল এবং ট্রেন ছপাছপ শব্দে কোরগরে আদিয়া উপস্থিত হইল। বৰুণ কহিলেন, "কোরগরের ক্সায় গায় গায় বসতি, কোন স্থানে দৃষ্টিগোচর হয় না।" ট্রেন আবার ছাড়িল এবং অনতিবিলম্বে দেবগণকে বালি ষ্টেশনে নামাইয়া প্রস্থান করিল।

দেবপণ ফটকে টিকিট দিয়া বাহিরে যাইলেন এবং সে রাত্তি একটা দোকান্যরে বাদা লইয়া রাত্তি যাপন করিলেন।

বালি

অতি প্রত্যুষে উঠিয়া দেবতারা নগর শ্রমণে চলিলেন। তাঁহারা সকলে বালির পোলের উপর গিয়া সবিশ্বয়ে চাহিতে লাগিলেন। পিতামহ কহিলেন, "বৰুণ! এ ক'রেছে কি—য়ঁয়া! এ পোলটা প্রস্তুত করিতে না জানি কত টাকাই ব্যয় হইয়াছে।"

বক্বণ! আজে, ইহার নাম বালির পোল। পুর্বে এখানে একটা পোল থাকে, প্রায় হই হাজার স্বস্তের উপর ছিল। উহা নির্মাণ করিতে অন্যন ৬৫০০০ টাকা বায় হয়। কিন্তু ইংরাজ বাহাত্রের সৈক্তগণ ও কামান প্রভৃতির গমনাগমনের জক্ত উহাকে ভাঙ্গিয়া পুনরায় লোহস্তম্ভ প্রোথিত করিয়া এই দৃঢ়কায় সেতু নির্মাণ করা হইয়াছে। এই সেতু বর্ণ্ এও কোম্পানির ইঞ্জিনিয়ার মিঃ হকেছে এবং ওভর্সিয়ার বাব্ নবীনচন্দ্র রায়ের মধ্যবসায় ও যত্নে আট মাসের মধ্যে অতি স্কচাক্তরপে প্রস্তুত হয়। পোলটা করিতে ৬০৬৫০০০ হাজার টাকা বায়িত হইয়াছে। এথানে প্র্বে থেয়াঘাট ছিল, ভাহাতে বৎসর প্রায় ৩০০০টাকা আয় হইত।

এখান হইতে দক্ষিণ দিকে যাইয়া এক স্থানে উপস্থিত হইলে বৰুণ কহিলেন, "পিতামহ। একটা মদের ভাঁটা দেখুন। এই ভাঁটাতে রম্নামক একপ্রকার মদ প্রস্তুত হইয়া থাকে। সম্প্রতি মদের ভাঁটাতেই দেশটাকে উৎসর দিলে। ওদিকে দেখুন রেলওয়ে মাল মদলার কারখানা।" দেবগণ ইহার পর একটা ক্ষুত্র অথচ ফুল্ব পরিষ্কৃত বাড়ী দেখিয়া বারংবার চাহিতে লাগিলেন। নারায়ণ কহিলেন, "বরুণ! এ বাড়ীটি কাহার ?"

বরুণ। অক্ষয়কুমার দত্ত নামক এক ব্যক্তির। ইনি পিতামহের বেদ লইয়া সাত বংসরকাল তুম্ল আব্দোলন করেন এবং অনেক তর্কবিতর্কের পর সাধারণকে বুঝাইয়া দেন যে, বেদ অভ্যান্ত নহে।

বন্ধা। য়ঁগা! ইহার এমন ক্ষমতা। অতএব বরুণ আমাকে সংক্ষেপে ইহার জীবনর্ত্তান্ত বল।

বরুণ। ইনি নবৰীপের সন্নিকটম্ব চুপী নামক গ্রামে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম পীতাম্বর দত্ত। ইনি সপ্তম বর্ধ বয়:ক্রমকালে গুরুমহাশয়ের পাঠশালায় পড়িতে আরম্ভ করিয়া তিন বৎসরের মধ্যে সমস্ত পাঠ শেব করেন।

দেবগণের মর্জো আগমন

একাদশ বৎসর বরঃক্রমকালে ইনি কলিকাতার আইদেন এবং বাটীতে পার্সী পড়িতেন। কলিকাতার আদিলে ইহার পিতা এবং আত্মীরেরা ঐ ভাষা শিক্ষা দিতে মন্থবান্ হইলেন। বিবিধ কারণে ইহার ইংরাজী পড়িবার ইচ্ছা হওয়ার পিডা এবং আত্মীয়বর্গের অনভিমতে থিদিরপুরের একটা মিসনির স্থলে ভর্তি হন। খ্রীষ্টানি স্থলে পড়া দ্বণীয়, এজন্ত ইহার আত্মীয়েরা গৌরমোহন আঢ়ার স্থলে পড়িতে দেন। তথন ইহার বয়ঃক্রম ১৬ বৎসর। আড়াই বৎসর আন্দান্ত ইংরাজী পড়িলে পর ইহার পিতৃবিয়োগ হয়; স্তরাং সমস্ত সংসারভার নিজ স্বজ্বে পড়ায় বিভালয় ছাড়িয়া দেন। বিভালয় পরিতাাগ করিয়াও ইনি অধ্যয়নে বিরত ছিলেন না। ইনি বৈজ্ঞানিক গ্রন্থ সকল পাঠ করিতে ভালবাদিতেন। ঐ সম্বন্ধের পুস্তকাদিই বেশী পড়িতেন এবং জ্যোতিষ শাল্রের আলোচনাও করিতেন।

ইনি প্রথমে পছা লিখিতে চেষ্টা করেন। প্রভাকর পত্তে সেই সমস্ত পদ্ম প্রচারিত হয়। সংস্কৃত ভাষা শিক্ষা করিলে বাঙ্গালা ভাষায় উত্তমরূপ লিখিতে পারা ষাইবে, এই মানদে ইনি বিংশতি বংসর বয়ক্তমকালে সংস্কৃত শিক্ষা করিতে আরম্ভ করেন। ১৭৭২ শকে তত্তবোধিনী পাঠশালায় ভূগোল ও পদার্থবিভার শিক্ষকতাকার্য্যে নিযুক্ত হন। এই সময় ইনি ভূগোল প্রণয়ন করেন এবং "বিভাদর্শন" নামক একথানি মাসিক পত্তে প্রবন্ধাদি লিখিতে থাকেন। ১৭৬৫ শকে তন্তবোধিনীপত্তিকা প্রচার হুইলে ইনি তাহার সম্পাদকের পদ প্রাপ্ত হন। এই সময়ে ইনি মেডিকেল কলেজে রসায়ন ও উদ্ভিদবিভার উপদেশ শুনিতেন। ইনি "বাছ বস্তুর সহিত মানব প্রকৃতির সম্বন্ধ" প্রথম ও বিতীয় ভাগ : "চারুপাঠ" প্রথম ও বিতীয় ভাগ : "ধর্মনীতি" ; "পদার্থ বিষ্যা" "ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়"; "ধর্মোন্নতি সংসাধন"; "বাষ্ণীয়রথারোহণবিধি" পুস্তক প্রণয়ন করেন। ইহার মতে প্রাকৃতিক নিয়ম অমুদারে কার্য্য করাই ধর্ম এবং না করাই অধর্ম ১৭৭৭ শকে কলিকাতায় নম্মাল স্থল সংস্থাপিত হইলে ইনি তাহার প্রধান শিক্ষকেরপদে নিযুক্ত হন। অল দিন পরে গুরুতর মন্তিক্ষের পীড়ায় **আক্রান্ত হই**য়া ইনি মৃত্যুমুখে পতিত হন। বুদ্ধি ও জ্ঞানের পরিপক অবস্থায় ইনি গুরুতর রোগে অকম্মণ্য হইয়া পড়েন। দেশের হিত উদ্দেশ্তে অতিশয় শারীরিক ও মানসিক পরিশ্রমই এই পীড়ার কারণ।

দেবগণ দেখিতে দেখিতে ক্রমে উত্তরপাড়ায় ঘাইয়া উপস্থিত হইলেন। বরুণ কহিলেন, "এই স্থান পূর্কে বালির উত্তর পাড়া বলিয়া প্রসিদ্ধ ছিল। একণে এখানে অনেক ধনী লোক হওয়ার তাঁহারা উত্তরপাড়াকে একটি স্বতন্ত্র গ্রাম বলিয়া উল্লেখ করেন।"

ক্রমে দকলে ভাকষরের নিকট দিয়া স্থলের নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন, "উত্তরপাড়ার স্থল দেখুন। পলীগ্রামে যত স্থল আছে তন্মধ্যে এই স্থলটী দর্বোৎকট। ইহা হইতে বৎদর বৎদর অনেক ছাত্র প্রবেশিক্ষা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকে। উত্তরপাড়ার ধনাত্য ও বিখ্যাত জমিদার বাবু জয়রুষ্ণ মুখোপাধ্যায়ের যত্নে ও দাহায়ে এই স্থলটী প্রতিষ্ঠিত হইয়াছে। তিনি এই বিভালয়ের ব্যয়নির্বাহার্থ একখানি তালুক দান করিয়াছেন। ঐ তালুকের আয় হইতে ইহার থরচ উত্তমরূপে চলিতে পারে। স্থলবাড়াটি দোতালা এবং চতুম্পার্থে কম্পাউণ্ড। স্থলের মধ্যে একটি পুস্তকালয় আছে। পুস্তকালয়ে প্রয়োজনীয় যাবতীয় পুস্তকাদি প্রাপ্ত হওয়া যায়।"

ব্রহ্মা। দেখ বরুণ! কলিতে অন্নদান ও বিভাদান অপেক্ষা পুণা নাই। জয়কুষ্ণ বাবু এই সৎকাধ্য হেতু অক্ষয় পুণা সঞ্চয় করিয়াছেন।

এখান হইতে সকলে একটা দোতালা বাড়ীর নিকট যাইয়া উপস্থিত হইলে দেবরাজ জিজ্ঞাসা করিলেন "বরুণ! এ বাড়ীটি কি ?"

বৰুণ। দাতব্য চিকিৎসালয়। এই চিকিৎসালয়টাতেও জয়কুঞ্চ বাবু যথেষ্ট সাহায্য করিয়াছেন। এখানে প্রতিদিন প্রাভঃকালে বিনা মূল্যে ঔষধ বিতরণ করা হইয়া থাকে। তভিন্ন জনেক রোগীকে চিকিৎসালয়ে বাথিয়া বিনা ব্যয়ে উষধ ও পথাদি দিয়া আরোগ্য করা হয়।

দেখিতে দেখিতে সকলে উত্তরপাড়া দাধারণ পৃস্তকালয়ে যাইয়া উপস্থিত হইলে বরুণ কহিলেন, "এই বাড়িতে দাধারণ পৃস্তকালয় আছে। বাড়িটি কলিকাতার টাউনহলের ফ্যাদানে নির্মিত। পৃস্তকালয়ে ইংরাজী, বাঙ্গালা ও সংস্কৃত পৃস্তক এত আছে যে দেখিলে চমৎকৃত হইতে হয়। তন্তির যাবতীয় দাময়িক পত্রাদিও গ্রহণ করা হইয়া থাকে। পৃস্তকালয়টীর খরচের জন্ত জয়কৃষ্ণ বাবু একথানি তালুক দান করিয়াছেন। তাঁহার দ্বিতীয়া পুত্র সর্কাদা ইহার তত্বাবধান লওয়াতে দিন দিন উন্নতিও হইতেছে। পৃস্তকালয়ের উপরের গৃহগুলি অতি ফল্বরুপে সাজান। কোন ইংরাজ কিংবা দল্লান্ত বাঙ্গালী বাদের জন্ত প্রার্থনা করিলে বিনা ভাড়ায় হই এক মাদ থাকিতে পান।"

এখান হইতে সকলে বঙ্গবিভালয় দেখিয়া ভাগীরখীতীরে একটা বাঁধা ঘাটের নিকট যাইয়া উপস্থিত হইলেন এবং তীরে কতকগুলি ফুলর স্থলর ঘাট দেখিয়া

দেবগণের মর্জে আগমন

দেবতারা আনন্দাহতের করিতে লাগিলেন। ,বরুণ কহিলেন "এই ঘাটটি জয়ক্তৃষ্ণ বাবুর এবং ওদিকের ঐ ঘাটটি হরনাথ চট্টোপাধ্যায়ের।"

দেবতারা হরনাথ চট্টোপাধ্যায়ের ঘাটের নিকট ষাইয়া দেখেন—একটা স্থলর সৃহে রাম ও সীতার প্রতিমূর্ত্তি বিরাজ করিতেছে। ঘাটের তৃই পার্ষে ছটি শিবলিক স্থাপিত বহিয়াছে।

নারা। বরুণ ! এই স্থানে স্থান করিলে হয় না ?

"হানি কি?" বলিয়া সকলে ঘাটে তলপী তালপা নামাইলেন। উপ ছুটিয়া গিয়া তৈল থরিদ করিয়া আনিল। দেবরাজ তৈল মাথিতে মাথিতে কহিলেন "বরুণ। ঘাটের উপর ঐ প্রকাণ্ড ঘরটা কি '"

বরুণ। উহা গুদামঘর। জনাই প্রভৃতি স্থানের মহাজনদের যে সমস্ত মালামাল আমদানী হয়, তাহা বালি ষ্টেশন হইতে আনিয়া এই গুদামে জমা করে, তৎপরে এখান হইতে অবদরক্রমে লইয়া যায়। পূর্বেষ্টেশনে মাল রাখিবার অস্কবিধা থাকায় মহাজনদিগের বিস্তর ক্ষতি হইত। জয়রুষ্ণবাব্ এই গুদামঘরটী করিয়া দিয়া বস্তা প্রতি কিছু করস্বরূপ গ্রহণ করেন। ইহাতে মহাজনদিগেরও যথেই স্থবিধা হইয়াছে এবং ভাঁহারও লাভ হইতেছে।

স্নানাস্তে দেবগণ বাজারে যাইয়া জলযোগ করিতে লাগিলেন। বরুণ কহিলেন, "এই বাজারের দোকান ঘরগুলি জয়কৃষ্ণ বাবু পাকা করিয়া দিয়াছেন।"

পিতামহ সন্দেশ গালে দিয়া কহিলেন, "জ্বয়ক্ক বাবুর এত কীর্ত্তি দেখিতেছি, ইনি-এমন বিপুল ঐশ্বর্ধাের কিরূপে অধিকারী হইলেন ?"

বৰুণ। ইহার পিতার নাম জগন্মোহন মুখোপাধ্যায়। ইঁহারা পিতা পুত্রে দৈনিক বিভাগে কম্ম করিতেন। ভরতপুর আক্রমণের সময়ে কিছু টাকা পান। দেশে আদিয়া ঐ টাকায় বিষয় থরিদ করিতে থাকেন। তৎপরে পিতা ও পুত্রের যত্নে ঐ টাকায় এক্ষণে প্রায় পাঁচ ছয় লক্ষ টাকা আয়ের বিষয় হইয়াছে।"

দেবগণ জলযোগ করিয়া পুনরায় নগর ভ্রমণে চলিলেন। যাইতে যাইতে একস্থানে উপস্থিত হইয়া দেখেন,—একটা বাড়ী হইতে কতকগুলি ভিথারিণী ছুটিয়া পলাইয়া আসিতেছে এবং কহিতেছে "না হয় এক মুঠা ভিক্ষা না দেবে, মিন্সে কি ব'লে কুকুর লেলিয়ে দিলে!"

দেবগণ বেড়াইতে বেড়াইতে জয়কুফ বাবুর বাটীর নিকট যাইলেন।

বৰুণ। এই জয়ক্বফ বাব্ব বাটীব পশ্চিম দিকে কাছারি বাটী। ঐ স্থানে গোপালেশব নামক একটি শিব আছেন। জয়ক্বফ বাব্ব আয় বিষয়কর্মে এমন উপযুক্ত লোক বাঙ্গালায় দিতীয় নাই; ইহার মরণশক্তি অসাধারণ। কোন্ তালুকে কোন্ সনে কত টাকা আনা পাই আদায় হইয়াছে, পর বংসরে বিনা কাগজ পত্র দৃষ্টে বলিতে পাবেন। *

দেবগণ আবার চলিলেন। যাইতে যাইতে বরুণ পিতামহের কানে কানে কি বলিলেন। পিতামহ তৎশ্রবণে "বিষ্ণু! যুঁচা! ব্রহ্মত্র!!" বলিয়া নিজ কণালে করাঘাত করিলেন।

তাঁহারা এক স্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "জয়রুষ্ণ বাবুর মধাম প্রাতা মৃত রাজরুষ্ণ বাবুর বাড়ী দেখুন। তাঁহার ভাল আমগাছে বড় সথছিল। তিনি ভাল গাছের কলম প্রস্তুত করিয়া লোককে বিতরণ করিতেন। তাহার জ্যেষ্ঠ পুত্র হরিহর বাবু ওদিকে ঐ বড় বাড়ীটি করিয়াছেন। এমন স্থান্দর বাড়ী কলিকাতার মধ্যে আছে কি না সন্দেহ। বাড়ীটি ৮।১০ বৎসর অবধি প্রস্তুত হইতেছে; প্রায় ৮।১০ লক্ষ টাকা বায় হইয়া সিয়াছে। বাড়ীতে গিজ্জার গম্বজ্বে তায় ঐ একটি অংশ দেখিতেছেন, উহাতে একটী ঘড়ী চলিতেছে; ঐ ঘড়ীটি হামিন্টন কোম্পানীর দোকান হইতে বাবু সাড়ে চারি হাজার টাকা মূল্যে থবিদ করিয়া আনেন। অত্যুচ্চ গম্বজ্বের উপর রাথিবার কারণ এই—দূর হইতে লোকে দেখিতে পাইবে।

দেবগণ জয়ক্কঞ্চ বাব্র সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতৃগণের বাড়ী দেখিয়া ষ্টেশন অভিমুখে চলিলেন। যাইতে যাইতে বৰুণ কহিলেন, "এক্ষণে বালি ও উত্তরপাডায় বিস্তর জ্মীদার হইয়াছেন।"

ভাক্তার, উকিন, হাকিম, বি এ, এম্ এ, প্রভৃতিরও ছড়াছড়ি হইয়াছে। আক্রকাল এথানকার যে মুর্থ দেও ে।৬০ টাকা উপার্জ্জন করিয়া থাকে। এক সময় বালির অবস্থা অতি শোচনীয় ছিল। তথন এথানে স্থশিক্ষিত ও স্তমভা

*জয়য়য়য়বাব্র মৃত্যু হইলে তাঁহার স্থযোগ্য পুত্র রাজা প্যারীমোহন
মুখোপাধ্যায় দি. এদ. আই মহোদয় পিতার বিবিধ দল্গুণের অধিকারী হইয়
সমস্ত পৈতৃক বিষয়ের তত্তাবধান করিতেছেন। ই হার আয় মেধাবী, বিচক্ষণ
বাজ্তি বঙ্গদমাজে বিরল। ইনি কয়েকবার ছোটলাট ও বডলাটের ব্যবস্থাপক
সভায় সদক্ত নির্দ্ধারিত হইয়াছিলেন।—সম্পাদক।

দেবগণের মর্জ্যে আগমন

লোকের নাম মাত্র ছিল না। এ স্থানের এত উন্নতির মূল স্থাসিদ্ধ লড় পদ্মলোচন মুখোপাধ্যায়।

ইন্দ্র। পদ্মলোচন মুখোপাধ্যায়ের পূর্ব্বে আবার একটা লভ ্কেন?

বরুণ। ইনি এমন পরোপকারী ও সভ্যবাদী ছিলেন যে, সাহেবেরা দেখিয়া মুগ্ধ হইয়া ঐ উপাধি প্রদান করেন।

বন্ধা। তুমি লভেরি জীবনরতান্ত আমাকে ভুনাও।

বৰুণ। ইনি ১১৮৫ সালে (১৭৭৮ খুঃ অব্দে) বালিগ্রামে জন্মগ্রহণ করেন. ই হারা জাতিতে বান্ধণ। পিতার নাম গোকুলচন্দ্র মুখোপাধাায়। ইনি পাঠশালায় পাঠ শেষ করিয়া জ্ঞানবাজারের "ফ্রি" স্কলে ইংরাজী শিক্ষা করিতে আরম্ভ করেন। বিছালয় পরিভাগে করিয়া কলিকাভার কোন সম্ভলগেরের বাজীতে শামান্ত বেতনের একটা চাকরী করেন। ইহার পর রেভিনিউ অফিসে ১৫ টাকা বেতনে কেরাণী হন। সাহেবেরা তাঁহার বিছা বৃদ্ধি দর্শনে সম্ভুষ্ট হইয়া ঐ আফিসে একশত টাকা বেতনে রেজিষ্টারের পদে তাঁহাকে নিযক্ত করেন। थे भारत अहे श्रथम रहे हम । भूमालाइन वाव अहे ममम वानिए विद्यालय ना থাকায় গ্রামস্থ সকলকে অসভা ও মুর্থ দেখিয়া নিজের ব্যয়ে একটা বিভালয় সংস্থাপিত করেন। বিছালয়ের বালকদিগকে বিনা বেতনে পড়ান হইত। এইরপে ছাত্রেরা অল্প অল্প লিখিতে ও পড়িতে পারিলে তিনি তাহাদিগকে লইয়া গিয়া নিজের আফিসে চাকরী করিয়া দিতেন। সাহেবেরা ইঁহার বেতন বন্ধি করিয়া দিবার চেষ্টা করিলে কহিতেন "আমি যাহা প্রাপ্ত হই. তাহাতে আমার একপ্রকার চলিতেছে, অতএব আমার অধীন অল্প বেতনের কেরাণীদিগের বেতন বৃদ্ধি করিয়া দিলে ভাল হয়।" সাহেবেরা তাঁহার সভাবাদিতা ও পরোপকারিতা দর্শনে মুগ্ধ হইয়া লভ উপাধি প্রদান করেন। ইনি হিন্দুধর্মে বিশ্বাস করিতেন এবং শেষ বয়সে পেন্সন লইয়া তীর্থ ভ্রমণে যাত্রা করিয়াছিলেন। তীর্থ হইতে প্রত্যাগমন করিয়া ১২৭৭ সালে (১৮৫০ অবে) ৬৭ বৎসর বয়:ক্রমকালে মৃত্যুমুথে পতিত হন।

নারা। বালিতে আর কি আছে?

বরুণ। উত্তরপাড়ায় "হিতকরী সভা" নামে একটি সভা আছে। এ সভার দারা দেশের যথেষ্ট হিত সাধিত হইয়াছে। বালিতে অনেক ব্রাহ্মণের বাস আছে। দেবগণ ষ্টেশনে আসিয়া টিকিট ক্রয় করিলেন। যথাসময়ে ট্রেন আসিল এবং সকলে কষ্টে স্থষ্টে স্থান সংকুলান করিয়া লইয়া বসিলেন।

দেখিতে দেখিতে ট্রেন ভাতি ধীরে ধীরে "ঝনু ঝনু ঝনাং" "ঝনু ঝনু ঝনাৎ" শব্দে চলিতে লাগিল ৷ দেবগণ চাহিয়া দেখেন-চতৰ্দ্দিকে অসংখ্যা বেল রাস্তা। কোন রেল দিয়া একখানি মাল বোঝাই গাড়ী আসিয়া পামিল। কোন বেল দিয়া একথানি গাড়ী আবোহী লইয়া বুওনা হইবার উদেষাগ কবিতেছে। কোন বেল দিয়া একজন কলচালক বংশীধ্বনি কবিতে করিতে একথানি ইঞ্জিন লইয়া ছুটিয়া যাইতেছে। কোন রেলে কতকগুলা পাড়ী থামিয়া বহিয়াছে। কোন স্থানে ভাঙ্গা গাড়ী মেবামত হইতেছে। কোন স্থানে গাড়ীতে বং মাথাইতেছে। স্থানটা ধ্যে অম্বকার। বরুণ কছিলেন "এই হাবড়ায় ট্রেন আসিল।" "হাবড়ার পর পারেই কলিকাতা।" এই সময় ট্রেন "কাঁা কোঁচ ঝনাৎ" শব্দে প্লাটফরমে থামিল। উপ তাড়াতাড়ি ৰার থুলিতে যাইয়া দেখে বারে চাবি বন্ধ। দেবগণ দেই কৃদ্ধ কামরায় কয়েদী व्यवसात्र विषया दिव्यन दिव्यक्त नामित्र । दिव्यन-दिव्यत धूमशास्त्र नीमा পরিদীমা নাই। অসংখ্য সাহেব, মেম, বাঙ্গালী বাবু প্লাটফরমে বেড়াইভেছে। কুলিরা ছুই ঠ্যাং বিশিষ্ট ছুই চাকার গাড়ীতে আরোহীদিগের বান্ধ পাঁটেরা বোঝাই করিয়া ঘড় ঘড় শব্দে এক প্রান্ত হইতে অপর প্রান্তে টানিয়া লইয়া গিয়া হ্ম দাম শব্দে আছড়াইয়া ফেলিভেছে ; চতুৰ্দ্দিক হইতে "চাই পান" "চাই জলথাবার" শব্দ হইতেছে। মেধরেরা ঝাঁটা বগলে ছটাছটি আরম্ভ করিয়াছে। কুঁজা হস্তে মুদলমানেরা জল দিতে বাহির হইয়াছে। তাঁহারা গাড়ীর অপর কামরার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখেন—আরোহীরা নিজ নিজ ভল্লী ভল্লা গুছাইয়া নামিবার জন্ম প্রতীক্ষা করিতেছে। তাহাদের কাহারও ছই তিন দিন স্নান আহার না হওয়ায় এক অপূর্ব্ব 🖨 বাহির হইয়াছে, তাহার উপর আবার পাথুরে কয়লার শুঁড়া লাগিয়া বস্ত্র মলিন হওয়ায় যেন প্রেডঘাটার ফেরত বোধ হইতেছে।

এই সময় শ্রীক্রফের অমুপন্থিতিতে তদ্লাতা বলভদের ন্তায় একজন খেতাক পুক্র আসিয়া আবোহীদিগকে মৃক্ত করিবার জন্ত "থটাস্ খটাস্" শব্দে গাড়ীর ছার খ্লিয়া দিল। তথন কারাগার হইতে উদ্ধার হইয়া অসংখ্য ইংরাজ, বাঙ্গালী, মৃসলমান, য়িহুদী, কাবুলী যাত্রী গেট অভিমুখে চলিল। দেবগণ কাবুলী যাত্রীর পশ্চাৎ পশ্চাৎ চলিলেন। নারায়ণ কহিলেন "চালাক বটে ইহারা! নিজে মান্ডল দিয়ে এসেছে—কিন্তু পৃঠে করিয়া এক একটা বিরাশী মণ বোঝাই অমি আনিয়াছে।" এই সময় টেশনে অসংখ্য বস্তা সাজান দেখিয়া

দেবগণের মর্জো আগমন

পিতামহ কহিলেন, "বৰুণ। ইহাতে কি আছে ?"

বৰুণ। চাউল, ধান, তিদি ইত্যাদি।

বন্ধা। তবে মন্ত্রেকর শস্তাদি কলের গাড়ী দুঠে এনেছে বল !

দেবগণ যাত্রীদিগের সহিত টেশনের বাহিরে আসিয়া দেখেন অসংখ্য গাড়ী ঘোড়া রহিয়াছে। যাত্রিগণ আর দর দম্ভর করিতেছে না, সকলেই এক এক খানি গাড়ী মনোনীত করিয়া উঠিবামাত্র কোচম্যানেরা এক এক দিকে লইয়া যাইতেছে। বরুণ কহিলেন, "এখানে গাড়ীর দর ঠিক থাকায় কেমন স্থবিধা হইয়াছে দেখ। ঠাকুরদা! হাবড়া দেখ্বেন ?"

বন্ধা। নাভাই, হাবড়া দেখা এক্ষণে থাক্ অগ্রে আমাকে গঙ্গার সহিত ।
দেখা করিয়ে দেও। দেখ বরুণ! এখানে আসিয়া আমার মনে যেন এক
আশ্চর্যা ভাবের উদয় হইতেছে; চতুর্দিকে যত চাহিয়া দেখিতেছি—আমার
বোধ হইতেছে এ যেন আমার স্পষ্ট নহে; আর কাহারও নৃতন স্পষ্ট।"
পিতামহ সজল নেত্রে দেবগণ সহ গঙ্গার জ্বলের দিকে চাহিয়া দেখেন—জল
দেখিবার যো নাই—জাহাজ, ষ্টীমার, পান্সী, ভাউলে, ষ্টীমবোট প্রভৃতিতে
জল ঢাকিয়া রাখিয়াছে। কোন ষ্টীমারে ভোঁ। ভোঁ। শব্দে শব্দের গ্রায়
ভয়ানক শব্দ হইতেছে। ছোট ছোট ষ্টীমবোটগুলি পোঁ। পোঁ। শব্দে তীরবেগে
বহিয়া যাইতেছে। বড় বড় জাহাজের মান্ধলের উপর ইংরাজ নাবিকেরা
বিদিয়া আছে। তৎপরে তাঁহারা স্নানের ঘাটগুলির দিকে চাহিয়া দেখেন
—পিঁপড়ের সারের গ্রায় অসংখা লোক স্নান করিতেছে। ইহার পর তাঁহারা
কলিকাতার এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখেন
—কেবল সৌধপ্রেণী—যেন অট্টালিকাশ্রেণীর মালা গাঁথিয়া কলিকাতাকে
সাজাইয়া রাখিয়াছে এবং মধ্যে মধ্যে প্রকাণ্ড প্রকাণ্ড চিমনী দিয়া ধুম্ উঠিতেছে।
এখান হইতে যাইয়া সকলে ভাগীরথীতীরে উপস্থিত হইলেন। পিতামহ

বরুণ। এস—আমরা সকলে পিতামহকে প্রদক্ষিণ করিয়া থাকি;
নচেৎ এ বড় কদর্যা দেশ, দেথ্তে পেলে লোকে পিতামহকে ঠাটা ক'ব্বে
পাগল ব'লে গাত্তে ধুলা ও জলের ছিটা দিবে।

জলের নিকট যাইয়া "গঙ্গা" "গঙ্গা" শব্দে কাঁদিতে লাগিলেন।

এই সময় পিতামহ নয়ন মৃত্রিত করিয়া গঙ্গার স্তব আরম্ভ করিলেন। "হে গঙ্গে। তুমি সমৃদয় সংসারের জননী। মা তুমি মনোহর পুপামালার স্থায় শহরের শিরে শোভা পাইয়া থাক; আঞ্চ মর্জ্যে তোমার এ কিরুপ অবস্থা

দেখিতেছি ? লোকের শ্রদ্ধা ভক্তি নাই, মল মূত্র ত্যাগ করিতেছে, শ্লেমাদি জলে নিক্ষেপ করিতেছে: অতএব তুমি কি স্থথে আর এথানে বহিয়াছ? দেবি! তুমি তরক্ষিণী অগ্রগণ্য হইয়াও কলিকাতায় যে কিছুই করিতে পার নাই দেখিয়া বড় আশ্চর্যান্বিত হইলাম। তুমি সমুদ্য গুণের আধার: তজ্জগুই কি ইংরাজের বশুতা স্বীকার করিয়াচ ? তোমার চরণকমল সংসাররূপ মহাসমূদ্রের তরণীস্বরূপ। তোমার কণামাত্র অলম্পর্শ করিলে দেবলোক অপেকা তুর্লভ স্থান লাভ হয় জানিয়াও লোকে অবমাননা করিতেছে, তথন কি স্থা আরু মর্জ্যে আছে ? মা। আমি তোমার সলিল স্পর্শ করিয়া কাঁদিতেছি, স্বার কাঁদাইও না। আমি সমস্ত পথ ভোমাকে দেখতে না পেয়ে কাঁদিতে কাঁদিতে আসিতেছি; যদি দেখা না দাও, আজ তোমার জলে জীবন ত্যাগ করিব। তুমি জান না—আমি কি জন্ত এ প্রাচীন বয়সে স্বর্গ ছেডে নরকে এসেছি ? ইংরাজরাজ তোমায় এত কি স্থাী ক'রেছেন যে, এ বুড়ো বাপকে বিশ্বত হইবে ? জলে ইংবাজের শত শত তবী ভাসিতেছে, তীরে ইংবাজ রাজধানী কলিকাতা শোভা পাইতেছে: এই স্থথেই কি আমার প্রতি যে স্বেচ মমতা চিল —বিসর্জন দিয়াছ ? এই স্থথেই কি এখানে এত স্থায়িভাবে বিরা**জ** করিতেছ ?" এই সময়ে ভাগীর্থী তরক্ষমালাকে কহিলেন "স্থিগণ। চেয়ে দেখ-তীবে দাঁড়াইয়া আমার বৃদ্ধ পিতা কাঁদিতেছেন। চেয়ে দেখ-দেববাদ, জলাধিপতি এবং যাঁহার চরণ হইতে আমার উৎপত্তি হয়, দেই দেবদেব নারায়ণ আমার তীরে বিষয়ভাবে দাঁডাইয়া আছেন। উহাদের কট্ট দেখে আজি বড় কষ্ট পেলাম! যে ভারতের লোকে প্রাতে, মঞ্চাহ্নে দেবগণের নামোচ্চারণ না করিয়া কোন কাজ করেন না।—আজ দেই ভারতে দেবগণের এ ভাবে আগমন দেখিয়া আমার যে বুক ফেটে যাচেচ! দখি, আমি হুংখে কষ্টে যে এত অন্থির; কিন্তু আজ ইহাদের কট্ট দেখিয়া আমার যন্ত্রণা আরও বৃদ্ধি হইতেছে। স্থি, ভারতেখ্রের কোন পুত্র, কি কোন গবর্ণর আ**জ** যদি আসিতেন কি যাইতেন—কি সমারোহ হইত। কলিকাতার যত বড় বড় লোক মহাসমারোহে নামাইতে আসিতেন। স্থলের ছেলেগুলো নিশান হাতে আসিয়া উপস্থিত হইত। দোকানী পশারীরা দোকান বন্ধ করিয়া দেখিতে আসিত। আর এতক্ষণ গুড়ুম গুড়ুম শব্দে তোপ পড়িবার ধুম লাগিত। যাক্—কলির কুলাঙ্গারের। যা করে করুক, ভোমরা আর অযুত্র করিও না। ছুরায় ভোমরা সকলে পদ প্রকালন করিয়া দাও।

দেবগণের মর্ভ্যে আগমন

তরঙ্গমালা তৎশ্রবণে "ধড়ান্" "ধড়ান্" শব্দে সকলের পদ প্রকালন করিতে যাইয়া পাতৃকা দৃষ্টে প্রত্যাগমন করিল এবং তৎপরে কলোলিনী কল কল শব্দে কাঁদিতে কাঁদিতে যাইয়া পিতামহের চরণে প্রণাম করিলেন।

বন্ধা। এদ মা আমার, এদ আমার মা! ইা মা! তোর কি দয়া নেই? আমি সমস্ত পথ কাঁদিতে কাঁদিতে এলাম। আজ তোমার শরীর এমন মনিন, কেশ দকল ছিল্ল বিচ্ছিল এবং শরীরে গাত্রাভরণ নাই কেন ?

্গঙ্গা। পিতঃ। আপনি আমাকে দেখিবার জন্ত সমস্ত পথ কাঁদিতে কাঁদিতে এসেছেন সতা; কিন্তু চেয়ে দেখুন—আমাকে কি প্রকার বেঁধেছে। এ বন্ধন ছিন্ন করিয়া কি আমার এক পা চলিবার সামর্থা আছে ?

পিতামহ তৎশ্রবণে পোলের প্রতি চাহিলেন। বন্ধন দেখিয়া তাঁহার মনে আতক্ষের উদয় হইল, বুক ছপ্ছপ্করিতে লাগিল। তিনি বিনা বাক্যবায়ে সেই দিকে চাহিয়া রহিলেন।

বরুণ। যথন প্রথমে এর পোল প্রস্তুত হয়, আমরা ভাঙ্গিবার জন্য বিধিমত চেটা পাইয়াছিলাম এবং সাইকোন-(মহাঝড়)-কেও পাঠান হইয়াছিল; কিন্তু সে অল্প সময় মাত্র যুদ্ধ করিয়া বঙ্গদেশ পাছে ধ্বংস হয়, এই আশহায় অধিক বল প্রয়োগ করিতে পারে নাই। এই পোলের ঘারা হাবড়াও কলিকাতা যোগ করা হইয়াছে। এ প্রকার নদীর উপর ভাসা পোল আর ঘিতীয় নাই। ইহা নির্মাণ করিতে ১৮ লক্ষ টাকা ব্যয় হয়। পোল্টি ১৫৩০ ফিট লম্বা ও ৪৮ ফিট চোড়া। ১৮৭৪ সালের অক্টোবর মাসে এই পোল খোলা হয়।

গঙ্গা। বাবা! তুমি বিধাতা। তোমার কাজ সকলের ভাগ্যে স্থধ হুংথ লেখা; কিন্তু তোমার শ্রীপাদপদ্মে আমি এত কি অপরাধ ক'রেছি যে, আমার ভাগো এত কষ্ট লিথেছ? দেবকুলে, অম্বরকুলে, নরকুলে, এ হতভাগিনী—এ চিরহুংখিনীর মত হুংথ ভোগ ক'র্তে কে আছে? আমার এমনি কপাল যে, রাজা লোকের হুংথ দূর করেন, তিনি স্বয়ং উদ্বোগী হইয়া এ অবলার প্রতি অযথা অত্যাচার করিতেছেন! তিনি আমাকে যেখানে সেখানে বাঁধিতেছেন, বাঁদীর মত জাহাজ ও দ্বীমার বহায়ে বহায়ে কোমর ভেকে দিতেছেন; এত ক'রেও তাঁহার সাধ মেটে নাই—আবার এক সপত্নী জুটায়ে দিয়েছেন।

ব্ৰহ্ম। সে কি মা! তোমার আবার সপত্নী!

গঙ্গা। হাঁ বাবা। কলের গাড়ী আমার সপত্নী হয়েছে। আমি সকল বর্ণ, সকল পাপী ও সকল ধর্মাক্রান্ত ব্যক্তিকে সম্ভোবের সহিত কোলে স্থান দান করিতাম, এক্ষণে সে সেই কাম্ব করিতেছে। পুর্বের নৌকাদিতে আমার উপর দিয়া বাণিজান্তবাদি আসিত বলিয়া মহাজনেরা সময়ে সময়ে প্রদা ভক্তির সহিত আমার পঞ্জাদি করিত . একণে দে দেই দ্রব্যাদি বক্ষেবহন করায় আমার সে স্থটুকুও গিয়াছে। আমার জলে জীবন ত্যাগ হইলে লোকের স্বৰ্গপ্ৰাপ্তি হয়, এক্ষন্ত যে একটা ভক্তি ছিল, তাহাও দিন দিন ঘাইতেছে। কারণ, দে জীবগুলোকে সজ্ঞানে বহন ক'রে স্বর্গন্ধার বারাণদী প্রভৃতি স্থানে সম্মই রাখিয়া আসিতেছে। তাহার স্থথের দশা দেখে আমার হাঙ্গর কুন্তীর প্রভৃতিগুলো ষ্টেশনমাষ্টার প্রভৃতি রূপে গিয়া ওথানে বিরাজ করিতেছে। আমার চুনাপুঁটীরাও দেখানে কৃত কৃত কেরাণী রূপে বিরাজ করিতেছে। ধীবরেরা তথায় ঘাইয়া উচ্চ উচ্চ পদ পাইয়া মধ্যে মধ্যে ক্ষেপ্লা ফেলে সেই সমস্ত চুনাপুঁটীর প্রাণ লইতেছে। পিতঃ! আমার সকল স্থুখ গিয়াছে, তুঃথ ভোগের জন্ম আর কেন এথানে রেথেছেন ? আমি একে মনের তুঃথে কাতর, তাহার উপর আবার বৃদ্ধ পিতা মাতা আদিয়া প্রাণাধিক পুত্রকে বিদৰ্জন দিয়া আমার তীরে বসিয়া কাঁদিতেছে, পতি আসিয়া পত্নীকে চিতার উপর শয়ন করাইয়া শোকে তাপে কাঁদিতে কাঁদিতে দেই জ্বন্ত চিতাতে লাফাইয়া পড়িবার চেষ্টা করিতেছে; স্ত্রী আসিয়া জীবনাধিক স্বামীকে এই স্থানে রাথিয়া কপালে করাঘাত ও ক্রন্সন করিতেছে; বাবা। আমার যথন সবই গিয়াছে, এগুলো আর দেখ্তে হয় কেন ? আর আজকাল দেশেরই বা এমন দশা কেন? আগে ত বুড়া মা বাপকে ফেলে উপযুক্ত ছেলে পলাত না, আগে ত পতি পত্নীকে অসময়ে অসহায়া ক'বে চ'লে যেত না, আগে ত স্ত্ৰী পতির প্রতি বিমুখ হয়ে অসময়ে পতিকে এমন কাঁদাত না। বাবা! আভকাল দেশের দশা কেন এমন হ'লো? কালের পরিবর্তনে কি ভোমার হাতের লেখাও ফিরে দাঁডিয়েছে ?

বন্ধা। নামা! আমার লেখা ঠিকই আছে। তবে লোকে শারীবিকু নিয়ম লজ্মন করায় ঐরপ ঘটিতেছে। যাহা হউক, ভাগীরথি! তোমার কষ্ট শুনে মনে বড় কষ্ট পেলাম। সকলই অদৃষ্ট। তুমি অদৃষ্টের উপর নির্ভর করিয়া মনের কষ্ট দূর কর।

গঙ্গা। অনৃষ্ট সত্য, কিন্তু আমার মত ত্রনৃষ্ট কার ? দেখ বাবা! ঐ যে

দেবগণের মর্জ্যে আগমন

বেধেছে—উহার উপর দিয়া দিন রাত কামাই নেই—অনবরতই গাড়ী ঘোড়া যাচে, আর হাজার লোক পারাপার হ'চে। সকলেরই ভাগ্যে একটু বিশ্রামের সময় আছে, আমার ভাগ্যে চক্ষের পলক ফেলিবার সময় নেই। রজনীতে ব্যথিত শরীরে যদি একটু নিজা যাইবার উভোগ করি, অমনি ব্কের উপর দিয়ে ঘড় ঘড় শব্দে গাড়ী গিয়ে ঘ্ম ভেক্নে দেয়। তাহার পর আবার ঘই পারে চট, পাট, তেল ও ভরকী প্রভৃতির এত কল বসায়েছে, সেগুলোর শব্দে ও ধোঁয়ায় আমার মৃত্যুযন্ত্রণা উপস্থিত হয়।

ব্ৰহ্মা। মরি। মরি।

গঙ্গা। তৃংথে কটে যদি আমার পেটে চড়া পড়ে, কেটে থণ্ড থণ্ড করে। আমি কোন দিকে যাব না ব'লে জোর ক'রে কেটে সেই দিকে নিয়ে যায়। এথন ভাবি, হায়! আমার যে বেগ শকর ভিন্ন অপর কেহ ধারণ করিতে পারিতেন না, যে বেগে সেই দিগ্গজ ঐরাবত পর্যাস্ত ভেদে গিয়েছিল—সেই বেগ নিয়ে ইংরাজেরা কি নাচনই নাচাচেচ। তার পর শোন—বড় বড় জাহাজ ও ষ্টামার বয়ে বয়ে আমার কোমর ভেকে যায়, আমি পার্বো না ব'লে হেঁচ ড়েটেনে নিয়ে যায়। বাবা! কেবল এই নয়—হগলীর নীচে আবার আমাকে যেরপ দৃঢ়রূপে বেঁধেছে, তাহাতে বোধ হয় আর আমাকে অধিক দিন বাঁচতে হবে না।

ব্রদা। আমরি মরি!

গঙ্গা। বাবা! আমি যেমন নিজ গর্কে ফেটে মর্তাম, সপত্নী পতি-বক্ষেপদ দিলেন দেখে মস্তকে উঠে বস্লাম, তেমনি ছব্রিশ বর্ণ আমাকে পদে দ'লচে। লোকে বলে—যথন গঙ্গার উপর দিয়া কুকুর শৃগাল পার হবে, তথন মাহাত্ম্য আর থাক্বে না! এখন তাই তো হোচে, তবে ত আমার মাহাত্ম্য নাই! যদি মাহাত্ম্য নাই, তবে আমার মরণ হচে না কেন? আমার উপর লোকের শ্রুছা ভক্তি নাই; দেখে দাঁড়ি মাঝিরা দাঁড়ে ব'সে জলে মল মৃত্র পরিত্যাগ ক'রচে, ঐ দেখ লোকে স্নান ক'র্তে ক'র্তে শ্রেমাদি নিক্ষেপ ক'র্চে, ঐ দেখ সাহেবরা আমার পরপার কিরপে বাঁধ্ছে। উঃ মা। পোলের উপর দিয়া এক সঙ্গে ৫০৬০ থানা গাড়ী গেল। বাবা। মরণ কেন হ'লো না? আমি যে আর কট্ট সহ্থ ক'র্তে পারিনে। দেখ বাবা। এমন রাজা কথন চোথে দেখি নাই। আধ হাত জমীর দরকার হ'লে আমার কাছ থেকে কেড়ে নেয়। মিন্ট থেকে বৃজ্যে কতদ্ব এনেছে দেখ? আমার উপর কেউ নোকা চালালে, কি মাছ ধরিলে, কি মড়া পোড়াইলে কর আদায় করে।

ব্রহ্মা। গঙ্গে! মা। আমি তোমাকে স্বরেই স্বর্গে লইয়া যাইব। তোমার দৃংথ দৃর হইবার আর বেশী বিলম্ব নাই। আমি তোমাকে কি ব'লে বিদায় দিয়াছিলাম, তা কি তোমার স্বরণ নাই ? ব'লেছিলাম, "ভাগীরথি। যথন বন নগর ও নগর বন হইবে, যথন তুমি স্থানে স্থানে শ্রোতস্বতী ও স্থানে স্থানে ভক্ষ নদীর আকার ধারণ করিবে, যথন লোকের শ্রহ্মা ও ভক্তি তোমার উপর থাক্বে না, সেই সময়ে তুমি স্বর্গে চলিয়া আসিবে।" যেগুলি বলিলাম, তাহাদের মধ্যে প্রায় সকলগুলিই ঘটেছে, তবে আর দৃংথ কেন ? আর দশ পনর বৎসর ধৈর্য্য ধ'রে থাক, আমি তোমাকে ভভদিনে ভভক্ষণে স্বর্গে লইয়া যাইব।

গঙ্গা। বাবা ভূলো না। তা হ'লে আমি আত্মহত্যা ক'র্বো। মা কেমন আছেন ?

ব্ৰহ্মা। ভাল আছেন।

গঙ্গা। এখন যাবে কোথায় ?

ব্রহ্মা। কলিকাতায় গিয়ে বাসা করিগেও কুলাঙ্গারদিগের আচার ব্যবহার দেখিগে।

গঙ্গা। এত কুলাঙ্গার আর কোথাও নাই! খুব সাবধানে থেকো ও মধ্যে মধ্যে আমাকে দেখে যেও।

"তবে আমরা একণে যাই" বলিয়া পিতামহ সঙ্গল নেত্রে গঙ্গার প্রতি চাহিতে চাহিতে দেবগণের সহিত পোলের উপর উঠিয়া সবিশ্বয়ে চতুর্দিক্ দেখিতে লাগিলেন। মনে মনে কহিলেন, "উ:! কি অঙুত ক্ষমতা, পোল ব'লে চিনিবার যো নাই।"

ইক্র। বরুণ। এ ক'রেছে কি ? য়ঁা। ইংরাজের ক্ষমতাকে বলিহারি ! আচ্ছা—পোলটী ত কাষ্ঠনির্দ্মিত, ভাদ্বে টানে কাঠ কয়থানা ভাদায়ে নিয়ে যাওয়া যায় না ?

বরুণ। সাধ্য কি ! এই সেতু এমনি কৌশলে নির্মাণ ক'রেছে, যতই কেন জল রৃদ্ধি হউক না, উপরে ভাসিতে থাকিবে।

উপ। কর্তা জেঠা ! চেয়ে দেখ, ওপারে কত জাহাজ জলে ভাস্ছে।
এক এক থানার মান্তল আকাশে ঠেকেছে। সেই মান্তলের উপর উঠে ইংরাজ
নাবিকেরা রসারসি বাঁধ্ছে। মিন্সেগুলোকে এথান হ'তে যেন এক একটি
বানরের বাচ্ছার মত দেখাচে। আচ্ছা কর্তা জেঠা ! ওরা যদি দৈবাৎ
প'ড়ে মরে—হাড় পাঁজরাগুলোকে কি আন্ত পাওয়া যায় ?

দেবগণের মর্জ্যে আগমন

নারা। আছো বরুণ! এই সমস্ত বৃহদাকার জাহাজ কি উপারে পোলের নিম দিয়া যাতায়াত করে ?

বরুণ। সপ্তাহের নির্দ্ধারিত দিন আছে। ঐ দিনে পোলের স্থানবিশেষ কৌশনে থুলিয়া জাহাজ বাহির করিয়া দিয়া আবার পথ বন্ধ করে।

দেবগণ দেখেন—জলে নানা আকারের যান দকল ভাসিয়া যাইতেছে ও আসিতেছে এবং কোনথানি ভীরে লাগিতেছে। কোনথানিতে যাল বোঝাই, কোন কোন থানি কলিকাভার মাল নামাইয়া দিয়া প্রস্থান করিতেছে। ছোট, বড় ও মধ্যম আকারের স্থীমবোটগুলি পোঁ পোঁ শব্দে বংশীধ্বনি করিতে করিতে যাইতেছে ও আসিতেছে। পিভামহ কহিলেন, "সার্থক ইংরাজের বুজিবল, সার্থক ইংরাজের ক্ষমভা! নচেৎ শ্রোভস্বতীকে এমন স্থিরভাবে রাথিয়া তত্পরি সেতু ভাসাইতে কলিকালে এই দেখ্লাম, আর সেই দেখেছিলাম ত্রেভাযুগে!"

কলিকাতা

ক্রমে সকলে পরপারে যাইয়া উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ!
আহন আমরা গঙ্গাহ্মান করিয়া লই। এ সহরে বড় চোরের ভয়, দ্রবাদি
সাবধান করিয়া তবে সান করিতে হইবে।"

ইক্র। বরুণ! বল কি! এ সহরে চোরের ভয় ? যে রাজা সমগ্র রাজা স্পাসনে রেথেছেন, যাঁহার শাসনগুণে গ্রাম, নগর ও বন প্রভৃতি দ্যাশ্ত হইয়াছে, তাঁহার রাজধানীতে চোরের ভয় ? এ যে বড় আশ্তর্য কথা।

বরুণ। কথায় বলে—"চ্রি, জুচ্চুবি, মিথ্যা কথা,—এই তিন নিয়ে কলিকাতা।"

বন্ধা। বৰুণ! মা আমার চঞ্চল; পাছে কলিকাত। মহানগরী উদরসাৎ করেন, এই আশকায় ইংরাজেরা মাকে বেঁধেছে দেখ।

বকণ। আজে, পোর্ট কমিশনরেরা জাহাজ হইতে মাল নামাইবার ও উঠাইবার স্থরিধার জন্ম এইরূপ বাঁধাইয়া লইয়াছে। ঐ পোর্ট্ কমিশনরের ভাগীরখীতীরে এক হইতে সাত নম্বর পর্যস্ত জেঠী আছে। জেঠীতে বিস্তব ইংরাজ ও বাঙ্গালী চাকর খাটিতেছে।

দেবগণ মীববহরের ঘাটে যাইয়া দেখেন—অসংখ্য উড়ে ব্রাহ্মণ আয়না, চিক্রণী, পুস্পাল, গঙ্গান্ধল ও চন্দন লইয়া বিসিয়া আছে। তাহারা দেবগণকে ভাকিয়া দাদরে বদিতে দিয়া এক শিশি তৈল দিল ও বলিল, "বাবা! গঙ্গান্মায়ীতে আস্নান কর।" বকণ স্রব্যাদি আগলাইতে লাগিলেন এবং দেবগণ হলে নামিয়া স্নান করিতে লাগিলেন। তাঁহারা স্নান করিতে করিতে দেখিলেন—একথানি আফিসের কেরাণী বোঝাই নৌকা আসিয়া ঘাটের পাশে লাগিল। কেরাণীর দল আফিসের সান্ধ পোষাক করিয়া যেমন পাছকা পরিতেছেন, অমনি এক চাচা পাঁউকটি ও বিস্কৃটের চাঙ্গারি মাথায় করিয়া ছুটিয়া আদিল। বাবুর দল স্ব স্ব অবস্থামত তুই এক পয়সার কিনিয়া গোগ্রাসে গিলিতে বসিলেন, এবং কতক কতক পকেটে রাখিলেন।

নারা। বরুণ। উহারা কারা ?

বরুণ। উহারা আফিসের কেরাণী। কলিকাভার সন্নিকটম্ব গ্রাম সকলে

দেবগণের মর্ভো আগমন

উহাদের বাস। ঐ দলের অধিকাংশই ব্রাহ্মণ। উহারা কলিকাতার আফিসে কাজকর্ম করিয়া থাকে, এজন্ম প্রাতে বাটী হইতে আহার করিয়া দশ পনর জনে ভাগে একথানি নৌকা ভাড়া করিয়া এথানে আইসে *। কাজকর্ম শেষ হইলে দিবাবসানে বাটী যায়। প্রাতে আহার করায় একণে জঠরানল জলিয়া উঠিয়াছে, তাই ঐ কটি বিস্কৃটগুলি আহতি দিতেছে। বিশেষতঃ আফিসে যাইবার পূর্বে কিছু থেয়ে না নিলে সমস্ত দিনই যা গাধা থাটুনি খাটিতে পার্বে কেন ?

বন্ধা। প্রীবিষ্ণু মাা। বান্ধণের ছেলে?

উপ। কর্ত্তা ক্ষেঠা। কলিকাতার যদি আমার কাঞ্চকর্ম হয়, তা হ'লে ওদের মত পেটপুরে থেয়ে বাঁচি।

ব্রহ্মা। তুমি উৎসন্ন যাও কুলাক্লার। ওরা কি থাচেচ দেখ্চো না? বরুণ। ওদের পাপের কি কোন প্রায়ন্তিক্ত আছে?

বরুণ। উহাদের প্রায়শ্চিত্ত প্রতিদিনই হইয়া থাকে। আফিসে যতক্ষণ থাকেন, দেশী ও বিলাতী সাহেবদের কটু কথা ও তিরস্কার শুনেন! যাহার ভাগাবল অধিক, তাহার পদাঘাতও লাভ হয়।

ইন্দ্র। সাহেব কি আবার দেশী ও বিলাতী ত্র-রকম আছে ?

বরণ। আছে বৈ কি! কতকগুলি সাহেব ঘণার্থ বিলাতজ্ঞাত, তাঁহারাই বিলাতী; আর কতকগুলি এদেশজ্ঞাত, তাঁহারাই দেশীয় বা ফিরিক্সি। এই ফিরিক্সিরা যে আফিসের কর্তা, তথাকার কেরানীদিগের কর্তের এক শেষ। ঐ হতভাগারা প্রায়ই প্রভূব নিকট মিন্ত কথা শুনিতে পায় না। বিলাতীগুলি আনেক ভাল, তাঁহারা কথন কথন কামড়ায় বটে; কিন্ত দেশীগুলোর হ্যায় দিন রাত থেওঁ থেওঁ শব্দে চাঁৎকার করেন না। দেখুন পিতামহ, আমরা অতঃপর কলিকাতায় এলাম। এথানে বাসা ইত্যাদি স্থির করিতে অনেক বিলম্ব হইবার সন্থাননা। আপনার প্রাচীন শরীর, অসময়ে আহার করিলে বড় কট্ট হইবে। বাহিরে যে মাসীগুলো লেবু, আক; কলা আতা, পেঁপে ছাড়িয়ে বিক্রয় করিতেছে, উহা লইয়া জলযোগ করিলে হয় না ? "গঙ্গাতীরে দোষ কি ?" বলিয়া পিতামহ সম্মতি প্রকাশ করিলে হয় না ? "গঙ্গাতীরে দোষ কি ?"

* এক্ষণে পোর্ট কমিশনরদের ফেরি ষ্টীমার হওয়ায় এই সকল লোকের বিশেষ স্ববিধা হইয়াছে।—সম্পাদক। নাবায়ণ আকের টিক্লি মুখে দিয়া কহিলেন, "বৰুণ! এ সহবের নাম কলিকাতা হইল কেন ?"

উপ। ঠাকুর-কাকা! আমি জানি, ব'ল্বো? ঠাকুরমার কাছে গল্প ভনেছি—কলিকাতায় প্রথমে অত্যন্ত জঙ্গল ছিল। সাহেবলা সেই জঙ্গল কেটে এই নগর নির্মাণ করেন। সেই বনকাটা কুলির কাজের তদারকের জন্ম নিযুক্ত সাহেব জঙ্গলের মধ্যে একটা কাটা গাছের উপর পা রাখিয়া কুলিদিগকে ইংরাজিতে জিজ্ঞানা করেন—এ স্থানের নাম কি? কুলিরা তাঁহার কথা বুঝিতে না পারিয়া কি উত্তর দিবে স্থির করিতে পারিল না। হয় ত "এ গাছটা কবে কাটা হইয়াছে, তাই সাহেব জিজ্ঞানা করিতেছেন" এইরূপ ভাবিয়া একজন কুলি কহিল, "কাল কাটা।" সেই কাল্কাটা হইতে বর্তমান নাম কলিকাতা হইয়াছে।

ইন্দ্র। সত্যি বরুণ ?

বকণ। কলিকাতা বহুকালের প্রাচীন স্থান। আইনি আকবরি নামক মৃদনমানগ্রন্থে এই স্থানের উল্লেখ আছে। পূর্বকালের লোকেরা ইহাকে কালীক্ষেত্র কহিত। কালীক্ষেত্র হইতে কলিকাতা নাম হইরাছে। এই স্থানে সতীর মৃতদেহের কোন অংশ পতিত হইরাছিল। ইট ইণ্ডিয়া কোম্পানীর হুগলীর কুঠীর এক্ষেট জব চার্ণক সাহেব ১৬৯০ অক্ষের ২৪এ আগাই বর্ত্তমান নগর নিম্পাণ করেন।

জ্বনাগে শেষ হইলে সকলে স্ব স্থ পোঁটলা পুঁটলি হজ্তে লইয়া বড়-বাজারের অভিমুখে চলিলেন। বরুণ পিতামহের হস্ত ধরিয়া অতি সাবধানে লইয়া চলিলেন এবং দেবগণকে কহিলেন "তোমরা আমার পশ্চাৎ পশ্চাৎ আইস। নচেৎ যদি হারাইয়া যাও, খুঁজিয়া পাওয়া ভার হইবে।"

সকলে বৰুণের পশ্চাৎ পশ্চাৎ চতুর্দিকে চাহিতে চাহিতে চলিলেন। তাঁহারা যে দিকে চাহেন, দেখেন অট্টালিকা শ্রেণী ও তদ্ধিদ্ধে বিপণি শ্রেণী শোভা পাইতেছে। রাস্তা দিয়া ইংরাজ, বাঙ্গালী, দ্বিহুদী, ম্দলমান; কাফ্রা, মগ, চীনে, কাবুলী প্রভৃতি নানা দেশের লোক চলিতেছে। রাস্তার মধ্য দিয়া চেরেট, টম্টম ও বগী গাড়ী প্রভৃতি ভূটিয়া যাইতেছে এবং রাস্তার পার্থ দিয়া কাঁট শব্দে গোকর গাড়ী শ্রেণীবদ্ধ হইয়া চলিয়াছে। পথ দিয়া অনবরত লোক চলিতেছে।

^{*}দেবতারা যদি এক্ষণে কলিকাতা আসিতেন, তাহা হইলে ইলেক্ট্রিক্ ট্রাম, মোটরকার গাড়ী প্রভৃতি দেখিয়া আরও আন্চর্যান্বিত হইতেন।—সম্পাদক।

দেবগণের মর্ত্ত্যে আগমন

ব্ৰহ্মা। বৰুণ। এমন সহর ত কথন চক্ষে দেখি নাই।

নারা! এথানকার সকল লোককেই যেন ব্যগ্রভার সহিত রাস্তায় চলিতে দেখিতেছি ইহার কারণ কি ?

বৰুণ। প্রত্যেক ব্যক্তিই প্রসার অস্কুসন্ধানে চলিয়াছে। এই কলিকাতা সহরে লন্ধী নানারপে বিবাজ করিতেছেন। যে স্বচ্চুর, সে পথে ঘাটে যেথানে সেথানে ধন উপার্জন করিতে পারে। আর যে আমাদের উপর মত, তাহার ভাগ্যে এথানে অন্ন মিলে না।

ক্রমে সকলে গল্প করিতে করিতে বড়বান্ধারে যাইয়া উপস্থিত হইলেন এবং চারি দিকে চাহিতে লাগিলেন। যে দিকে চাহেন, দেখেন বড় বড় দোকান, ক্ষু ক্ষু গলি, বৃহদাকার অট্রালিকা সকল বিরাল্প করিতেছে। থবিন্ধারের ভিড, গাড়ী ঘোড়ার ভিড, মাল আমদানী ও রপ্তানীর ভিড।

বরুণ বড়বান্ধারের মধ্যে একটা দোতালা বাসা স্থির করিয়া দেবগণের সহিত উপরে উঠিলেন এবং কিঞ্চিৎ বিশ্রাম করিয়া উপকে সঙ্গে লইয়া বান্ধার করিতে চলিলেন। দেবগণ বারান্দায় দাঁড়াইয়া যতদূর দৃষ্টি চলে দেখিতে লাগিলেন।

কিয়ৎকাল পরে বরুণ ও উপ একজন মৃটের দহিত প্রত্যাগমন করিলেন। দেবগণ মৃটের মাথা হইতে স্রব্যাদি নামাইয়া লইয়া মগ্রেই ঘদী দেখে হাস্ত করিতে লাগিলেন। এবং ফুঁদিয়া উড়াইবার জন্ম নারায়ণ বিধিমত প্রকারে চেষ্টা করিলেন।

বাসায় একটি জলের পাইপ ছিল। বৰুণ কহিলেন, "ভোমরা সকলে এ কলের জলে মৃথ হাত ধুয়ে লও। জলের কলের নাম ভনিয়া দেবগণ সেই দিকে ছুটিয়া যাইলেন, কিন্তু জল বাহির করিতে না পারিয়া ফাঁপরে পড়িলেন। শেষে বৰুণ হাস্তে হাস্তে যাইয়া দেখাইয়া দিলে দেবগণের আনন্দ দেখে কে। ইনি একবার জল বাহির করেন, উনি একবার জল বাহির করেন, এই প্রকারে অনবরত জল নই করিতে লাগিলেন। বৃদ্ধ পিতামহ কহিলেন, "বৰুণ! এ ক'রেচে কি থ য়ঁয়া। কোথা দিয়া ষে কেমন ক'রে জল আস্ছে, কিছু ঠিক পাইবার যো নাই। ধন্ত ইংরাজের বৃদ্ধিবল।"

বৰুণ স্বয়ং আহারীয় দ্রবাদি প্রস্তুত করিতে লাগিলেন এবং আর সকলে যোগাড় দিতে লাগিলেন। উপ কথন কথন হাঁ করিয়া পাইপের নিকটে মুখ দিয়া জল পান করিতেছে; কথন হাত দিয়া পাইপের মুখ চাপিয়া ধরিতেছে। আহারীয় দ্রব্যাদি প্রস্তুত হইলে সকলে আহার করিলেন এবং অপরাহে সহর ভ্রমণে বাহির হইলেন। বরুণ কহিলেন, "সকলে খুব সাবধানে চল, বড়বাজারের ভিড়ে না হারাইয়া থাও।"

দেবতারা সাবধানে চলিলেন। এক স্থানে উপস্থিত হইয়া দেখেন—কয়েক জন মাতাল মন্থপানে মাতোয়ারা হইয়া "যুদ্ধং দেহি" "যুদ্ধং দেহি" শন্দে চীৎকার করিতেছে। দূরে দাঁড়াইয়া একজন গুলিখোর শন্ধিতভাবে এক দৃষ্টে চাহিতেছে এবং অপর পথিকদিগকে সেই পথে যাইতে নিষেধ করিয়া দিতেছে। সেকহিতেছে, "নচ্ছার বেটারা মদ খেয়ে মরে কেন ? এর চেয়ে যদি গুলি ধরে, পথের মাঝে এমন লোক হাসাহাসি কর'তে হয় না।"

ব্রহ্মা । বরুণ ! রাস্কায় গোল করিতেছে এরা কারা ? আর পথিকদিগকে সাবধান করিয়া দিতেছে, ঐ ভদ্র লোকটীই বা কে ?

বরুণ। গোল করিতেছে ইহারা মাতাল। আর সাবধান করিয়া দিতেছে গুলিথোর। গুলিথোরেরা মাতালদিগকে বড় ভয় করে।

ইন্দ্র। রাস্তায় মাতালেরা গোল করিতেছে, রাজা যে কিছু বলেন না?

বরুণ। পাহারাওয়ালারা দেখ্তে পেলে ধ'রে নিয়ে যাবে; এথান থেকে চ'লে এম।

এখান হইতে সকলে গঙ্গার ধারের রাস্তা দিয়া চলিলেন এবং একস্থানে উপস্থিত হইয়া দেখেন—একটা বাড়ীতে বিস্তর গোরা বহিয়াছে; তাহাদিগকে পাহারাওয়ালারা মধ্যে মধ্যে চৌকি দিতেছে।

नाता। तकन । अ चान है कि ? मिथ्ल ताथ इस यन नतक।

বরুণ। উহার নাম দেলার্হোম অর্থাৎ জাহাজের নাবিকদির্গের থাকিবার ঘর। বিলাত হইতে কোন জাহাজ এথানে আদিয়া পৌছিলে উহার নাবিকগণ এই স্থানে আদিয়া অবস্থিতি করে। এবং মাতাল হইলে পাছে তাহারা বাটার বাহিরে আদিয়া পথিকদিগের শ্লীহা ফাটায়, এই আশকায় পাহারা দিতে হয়। পূর্বের দেলারহোম বছবাজারে ছিল। নাবিকেরা উপার্জ্জিত অর্থ মন্থ প্রভৃতিতে বায় করিয়া ফেলে দেখিয়া তাহাদিগকে এই স্থানে রাথা হয় এবং কম খরচে আহারাদি দেওয়া হয়।

ইন্দ্র। বরুণ। ওদিকে পাঁচ সাতটা গোরাকে কতকগুলি পাহারাওয়ালা খ'রে নিয়ে যাচেচ কেন ?

দেবগণের মর্জ্যে আগমন

বক্ণ। উহারা এই সেলার্ছোমের সেলার। মন্তপানে মাতাল হওয়ায় পুলিসে ধ'রে নিয়ে যাচে।

বন্ধা। বৰুণ। তমি ব'লে প্লীহা ফাটায়। প্লীহা ফাটানর অর্থ কি ?

বৰুণ। আজে, আপনার স্ট মন্থুমাত্রেরই পেটে প্রীহা আছে। বিলাতী জাজারেরা বলেন—এ প্রীহা মধ্যে মধ্যে বং ধরে, ডাঁসায় ও পাকে। তাঁহারা আরও বলেন "মন্থুমাত্রেরই প্রীহার সহিত নাসারক্ষের একটা অপূর্ব সংযোগ আছে। এজন্ত কেহ কাহারও উপর সোহাগ করিয়া নাকে যদি ঘুদি মারে আর সেই সময় যদি প্রীহাটী পাকা থাকে, তাহা হইলে তৎক্ষণাৎ ফাটিয়া গিয়া মন্থুটী পঞ্চত প্রাপ্ত হয়।" তাহাতে সোহাগকারীর কোনও অপরাধ হয় না।

ব্ৰহ্মা। বৰুণ! আমি স্টিকৰ্ডা, কিন্তু কথন প্ৰীহা ফাটার কথা শুনি নাই। আজ কাল মৰ্ত্যে আসিয়া সকলই নৃতন শুনিতেছি ও নৃতন দেখিতেছি। তবে প্ৰীহা যে পাকে, ইহা আমি স্থীকার করি। কগ্ন অবস্থায় কুপথা করিলে কিংবা স্বস্থাবস্থায় মন্থাদি পান করিলে সময়ে সময়ে প্লীহা পাকিয়া থাকে এবং তাহাতে অনেকের মৃত্যুও হয়; কিন্তু ফাটে না। যাহা হউক, এস্থান হইতে পলায়ে চল. কি জানি পাছে প্লীহা ফাটিয়ে দেয়।

দেবগণ ফ্রন্তপদে চলিলেন। যাইতে যাইতে একস্থানে উপস্থিত হইয়া দেখেন—একট বাড়ীর সন্নিকটে বিস্তব ঘোড়ার গাড়ী রহিয়াছে। কতকগুলি গাড়ী বাবু বোঝাই করিয়া আনিতেছে ও প্রস্থান করিতেছে এবং অসংখ্যা লোক ঐ বাড়ীর মধ্যে প্রবেশ ও প্রত্যাগমন করিতেছে। বাড়ীর দর্ম্বায় সঙ্গীন ঘাড়ে করিয়া প্রহরী পাহারা দিতেছে।

উপ। বৰুণ-কাৰু। এ বাড়ীটা কি ?

নারা। বরুণ ! এ বাড়ীতে এত লোক জন যাতায়াত ক'রচে কেন ? বাড়ীটি দেখিতে বড় স্থন্দর, ইহার নাম কি ?

বরুণ। ইহার নাম বেঙ্গল ব্যান্ধ! এই স্থানে লোকে নোটের বিনিময়ে টাকা, ও টাকার বিনিময়ে নোট লয়। বেঙ্গল ব্যাঙ্ক ১৮০৯ সালে এই ৩নং ষ্ট্রাওরোডে স্থাপিত হয়। কলিকাতায় অনেকগুলি ব্যাঙ্ক আছে। যথা— আগ্রা ব্যাঙ্ক, চাটারি ব্যাঙ্ক, দিল্লী ব্যাঙ্ক, ক্যাসক্যাল্ ব্যাঙ্ক ইত্যাদি।

ইক্র। একবার ভিতরে চল না, দেখে আসি। স্বর্গে যাইয়া টাকার বিনিময়ে কাগজ চালাইবার ইচ্ছা আমার অনেক দিন হইতে হইয়াছে। অতএব বেঙ্গল ব্যাঙ্কের ধরন-ধারণগুলো দেখে লগুয়া আবশ্যক। বরুণ এ কথায় সন্মত হইলেন এবং দেবগণকে ভিতরে লইয়া যাইলেন।
তাঁহারা দেখিয়া অবাক্! দেখেন—বারিকের মধ্যে স্তরে স্তরে টাকার ভাড়া
দালান রহিয়াছে। দক্ষিন চড়ান দিপাহিগণ পাহারা দিতেছে। উপ টাকার
ভোড়া দেখিয়া মনে মনে ভাবিতে লাগিল—উহার মধ্য হইতে ছই চারি ভোড়া
যদি দেয়, তাহা হইলে আর চাকরী করিনে,—ব্যবদা ক'রে থাটাই। দেবগণ
দেখেন, ব্যাঙ্কে লোক জনের ভয়ানক জনতা। কেহ নোট ভাঙ্গাইভেছে, কেহ
নোট লইভেছে, কেহ কোম্পানীর কাগল বিক্রেয় করিতেছে, কেহ সেই কাগল
কিনিতেছে। কাহারও হাতে এক ভাড়া নোট, কাহারও হাতে কতকগুলা
কোম্পানীর কাগল্প এবং কাহারও হাতে কতকগুলি করিয়া চেক রহিয়াছে।
কোন ঘরে পাল্লা করিয়া টাকা ওজন করিয়া দিভেছে। কোন ঘরে বিদ্যা
কতকগুলি কেরাণী লেখা পড়া করিভেছে এবং কোন কোন ঘরে ঝন্ ঝন্ শব্দে
টাকা ঢালিভেছে। দেবরাজ নোটবুকে কাগজের আকার ও দীর্ঘ প্রস্থ লিথিয়া
লইলেন।

উপ। বকুণ-কাকা। এথান থেকে পলাই চল; টাকার শব্দে কানে ভালা লাগিবার সম্ভাবনা হয়েচে।

বরুণ। পরের টাকা কিনা। ভাল উপ, ঐরপ শব্দ ক'রে যদি তোরে কেউ টাকা দেয় ?

উপ। আহা! তাহা হ'লে কানে যেন স্থার্টি হয়।

আবার সকলে রাস্ভার ধারে ধারে চলিলেন। এক স্থানে উপস্থিত হইয়া
পিতামহ কহিলেন, "উঃ! বাবা! দক্ষিণ দিকে একটা গলি গিয়াছে দেখ।"
দেবগণ চাহিয়া দেখেন—গলির মধ্যে একটা ত্রিভল বাড়ীর পশ্চান্তাগে
নরদামার ধারে একটা লোক বিসিয়া আছে। শীতপ্রযুক্ত তাহার গাত্রে একখানা
মোটা বস্ত্র, মন্তকে পাতলা চাদরের পাগড়ী বাঁধা। দেবগণ ঐ ব্যক্তি প্রস্তাব
করিতেছে ভাবিয়া দাঁড়াইয়া দাঁড়াইয়া দেখিলেন; কিন্তু সে আর উঠে না।
তথন নারায়ণ ক্রতপদে সেই দিকে যাইলে লোকটা উঠিয়া এক দিকে পলাইল।
নারায়ণ আশ্চর্যান্থিত হইয়া চতুর্দ্ধিকে চাহিতে চাহিতে দেখেন—সেই ত্রিতল
বাড়ীর উপর হইতে পৈতার স্থতায় বাঁধা একটা শালপাতার ঠোঙা নামিতেছে।
নারায়ণ তদ্প্তে সেই লোকটার স্থায় নরদমার নিকট বিয়য়া ঠোকার প্রতি
চাহিতে লাগিলেন। ক্রমে ক্রমে ঠোকাটা নিকটে আসিয়া উপস্থিত হইলে
তিনি স্থতা হইতে পট্ করিয়া ছি ডিয়া লইয়া দেবগণের নিকট আসিলেন।

দেবগণের মর্ভ্রো আগমন

দেবগণ ঠোকা খুলিয়া হাসিতে লাগিলেন। দেখেন ঠোকাটী নানাবিধ মিষ্টান্নে পরিপূর্ণ। ভদ্ভিন্ন কয়েকটা পানের থিলি ও একথানি পত্র ছিল। পত্রথানি জ্বীলোকের হাতের লেখা। পত্রে লেখা রহিয়াছে, "ভাই! আজি অবশ্য অবশ্য আসিবে। আজ আসিলে বিফল হইবে না। আজ শনিবার, সকলে বাগানে যাইবে, তুমি অনায়াসে নিশা যাপন করিতে পারিবে।"

"ঠাকুর কাকা! চিঠিখানা দেওনা, প'ড়ে দেখি" বলিয়া, উপ যেমন নারায়ণের হস্ত হইতে পত্র লইতে গিয়াছে, নারায়ণ অমনি ঠাল্ করিয়া তাহার গালে এক চপেটাঘাত করিলেন। রাস্তা দিয়া একটা লোক যাইতেছিল, বলিল, "মহাশয়! ওরূপ করে মার্বেন না, "পশুর-প্রতি অত্যাচারনিবারিণী সন্তা" দেখ তে পেলে বিরক্ত হবেন।"

"উপ, খা" বলিয়া, দেবরাজ সেই মিষ্টান্নপূর্ণ ঠোঙ্গাটী উপর হস্তে প্রদান করিলেন।

দেবগণ রাস্তার ধারে ধারে চলিলেন। বরুণ যত উপকে বলেন, "উপ আমার সঙ্গে সঙ্গে আয়," উপ তত নিজের কার্দানী দেখাইবার জন্ম রাস্তার মধ্য দিয়া যায় এবং দেবগণের প্রতি চাহিয়া হাস্ত করে। হঠাৎ রাস্তার হই দিক হইতে হইখানি গাড়ী আসিয়া উপস্থিত হইল। আরোহীরা স্থদক্ষ এবং শনির ভাগ্যজোর, তাই উপ কাটা পড়িতে পড়িতে সে যাত্রা বাঁচিয়া গেল। সে বক্ষা পাইয়া যেমন ফুট্পাথের দিকে দোড়িয়া পলাইবে, একথানি গাড়ীর কোচম্যান উপ'র পৃষ্ঠে জোরে চাবুক মারিয়া গাড়ী হাঁকাইয়া অদৃশ্য হইল।

বরুণ। বেশ্ক'রেচে ! হতভাগা ছেলেকে ব'লে ত ভনবে না।

ইন্দ্র। বরুণ! তুমি অন্তায় ব'ল্চো। রাজপথে সকলেরই সমান অধিকার সরকারি রাস্তায় ধনী যে নির্ধনকে প্রহার করিবে, এমন কিছু রাজাজ্ঞা নাই। রাজা সকল প্রজাকেই সমান চক্ষে দেখিয়া থাকেন।

দেবগণ আবার চলিলেন। উপ এবার শাস্তম্বিতে তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ চলিল। সকলে এক স্থানে উপস্থিত হইয়া দেখেন—একটা বৃহদাকার বাড়ী। বাড়ীর সন্নিকটস্থ উদ্থানে অসংখ্য গাড়ী ঘোড়া বহিয়াছে। দেবগণ সবিশ্বয়ে সেই বাড়ীটির আপাদ মস্তক নিরীক্ষণ করিতে লাগিলেন। পিতামহ কহিলেন, "বক্ষণ ? এ বাড়ীটি কি এবং ইহার সন্নিকটস্থ বাস্তায় এত লোক কেন ?"

বরুণ। ইহারই নাম হাইকোট বা উচ্চ আদাসত। ইংরাজরাজ প্রতিষ্ঠিত নিম আদাসতসমূহ ভ্রমক্রমে যদি কাহারও প্রতি অবিচার করেন, এই স্থানে আপীল করিলে সৃদ্ধ বিচার হয়। পূর্ব্বে হাইকোর্টের বিচারকার্য্যের যেরপ স্থ্যাতি ছিল, এখন আর দেরপ নাই। এখন অনেকে কীল থাইয়া কীল চুরী করে এবং মকদ্দমা করিয়া হাইকোর্ট পর্যান্ত আদিতে দর্বব্যান্ত হয়। এই বাড়ী ১৮৭২ সালের মে মাসে নির্দ্ধিত হয়, ওয়াল্টার প্রানভিল সাহেব ইহার ভিজাইন করেন। পূর্বে স্থপ্রিম কোর্ট ও সদর দেওয়ানী আদালত নামে যে ছইটী বিচারালয় ছিল, উহারা এক্ষণে হাইকোর্টের সহিত মিশিয়া গিয়াছে। উপ। বরুণ কাকা। বিচারালয়গুলোরও তবে দাদার দাদা, বাবার

দেবগণ বাড়ীটি বেশ করিয়া দেখিলেন। শেষে দেবরাজ কহিলেন, বরুণ!
আমি স্বর্গে গিয়া একটী হাইকোর্ট প্রতিষ্ঠা করিবার মান্দ করিয়াছি, অতএব
চল. ভিতরে গিয়া দেখিয়া আদি।"

বরুণ এই কথায় দমত হইয়া দকলকে লইয়া ভিতরে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়া দেখেন জনতার পরিদীমা নাই; দিঁ ড়ি ভাঙ্গিয়া পালে পালে ইংরাজ, বাঙ্গালী, উকীল, মোক্তার, চাপরাশী, উঠিতেছে ও নামিতেছে। তাঁহারা উপরে উঠিয়া দেখেন, অত্যস্ত জনতা। দেই জনতার মধ্য হইতে বাছিয়া বাছিয়া বরুণ দেবগণকে ব্ঝাইয়া দিতে লাগিলেন, "ঐ যে গাত্তে চাপকান, মাথায় শালের পাগড়ী, উহদের নাম উকীল। ঐ যে গাত্তে চাপকান, মাথায় শাল চাদরের ফেটি, উহাদের নাম মোক্তার! ঐ যে বাঙ্গালীরা সাহেবী পোষাকে গাউন পরিয়া ঘাইতেছেন, উহারা বাঙ্গালী-ব্যারিষ্টার।" দেবগণ দেখেন—কোন ঘরে ক্লোকার কাগজপত্র রহিয়াছে, বাঙ্গালীরা বিদিয়া লিখিতেছে। কোন ঘরে ঘুইজন সাহেব বিচারাদনে বিদিয়া বিচার করিতেছেন। বিচারালয়ে লোকের ভিড় ঠেলিয়া প্রবেশ করে, কাহার দাধ্য! মধ্যে মধ্যে দর্শকগণ গোল করিতেছে, দার্জ্জনেরা ঘুনাঘানা দিয়া গোল থামাইতেছে।

এথান হইতে তাঁহারা এক ঘরে গিয়া দেখেন—বিচারাসনে বিসয়া একজন ইংরাজ ও একজন বাঙ্গালী বিচার করিতেছেন। পিতামহ কহিলেন, "বরুণ, ঐ বাঙ্গালীটার নাম কি ? আর সম্মুখে দাঁড়াইয়া ইংরাজীতে বক্তৃতা করিতেছেন—উনিই বা কে ?"

বৰুণ ঐ বিচারকের নাম বাবু রমেশচন্দ্র মিত্র। আর যিনি ইংরাজীতে বক্তৃতা করিতেছেন, উহার নাম বাবু হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়। হেমবাবু বাঙ্গালার মধ্যে একজন স্কবি।

ব্রহ্মা। আমাকে রমেশবাবু ও হেমবাবুর জীবনবুতান্ত সংক্ষেপে বল। বরুণ। ব্যেশচন্দ্র মিত্র দমদমার নিকটবর্ত্তী এক ক্ষল্র গ্রামে ১৮৪০ খুটাকে জনগ্রহণ করেন। শৈশবে পিতৃহীন হওয়ায় তিনি কলিকাতায় মাতলালয়ে পালিত হন। তিনি অতি যোগ্যতার সহিত হিন্দু স্থলের পাঠ সমাপন করিয়া কলিকাতায় প্রেদিডেন্সি কলেন্ধ প্রবিষ্ট হন। তথা হইতে ১৮৬০ দালে বি. এ. ও পরবর্ত্তী বৎসরে ওকালতী পরীক্ষায় উত্তীর্ণ হইয়া হাইকোর্টে ওকালতী করিতে আরম্ভ করেন। অতি অল্ল দিবসের মধোই তিনি দেশীয় ব্যবহার জীবগণের মধ্যে শ্রেষ্ঠস্থান অধিকার করেন। ১৮৭৪ সালে জষ্টিশ খারকানাথ মিত্রের মৃত্যু হইলে রমেশচন্দ্র তাঁহার স্থানে হাইকোর্টের জঞ্জ নিযুক্ত হন। ১৮৮২ সালে প্রধান বিচারপতি সার বিচার্ড গার্থ ছুটি লইয়া বিলাতে গমন করেন: তাঁহার স্থানে কোন জজ অস্থায়ী ভাবে প্রধান বিচারপতির কার্য্য করিবেন. এই বিষয় লইয়া খেতাঙ্গ সম্প্রদায়ের মধ্যে মহাত্মান্দোলন উপস্থিত হয়, কিন্তু খেডাঙ্গ সম্প্রদায় বলেন যে. নেটভে প্রধান বিচারপতির পদ পাইলে খেতাঙ্গ সম্প্রদায়ের এ দেশে বাস করা ভার হইয়া উঠিবে: কিন্তু বডলাট মহামতি লভ বিপণ সাহেব সাহেবদিগের এই অক্সায় যুক্তিতে কর্ণপাত না করিয়া রমেশচক্রকেই হাইকোর্টের অস্থায়ী প্রধান বিচারপতি নিযুক্ত করেন। ইতিপর্বে এদেশীয়ের ভাগো এ পদলাভ ঘটে নাই। ১৮৮৬ খুটাব্দে তিনি পুনরায় অস্থায়ী প্রধান বিচারপতি নিযুক্ত হন। কিন্তু এবার আর কোন আপত্তি উঠে নাই *! হেমচন্দ্র বন্দ্যোপাধাায় ১২৪৫ সালে হুগলী জেলার অধীন গুলিট নামক পল্লীগ্রামে মাতৃলালয়ে জন্মগ্রহণ করেন ৷ ইহার পিতার নাম কৈলাসচন্দ্র বন্দোপাধাায়। ইহার মাতামহ ইহাকে হিন্দু কলেছে ভর্ত্তি করিয়া দেন। টনি তথায় একজন উৎকৃষ্ট ছাত্রমধ্যে গণা এবং এই স্থানে জুনিয়ার ছাত্রবৃত্তি প্রাপ্ত হন। ১৮৫৮ অবে সিনিয়ার ও প্রথম পরীক্ষায় উত্তীর্ণ হন। তৎপরে এক বংসর মাত্র ভতীয় বার্ষিক শ্রেণীতে পাঠ করিয়া কোন আফিসে ৩০ টাকা বেতনে কেরাণীগিরি কর্ম করেন। ঐ কর্মকালে বি. এ. পরীক্ষা দেন এবং পরীক্ষায় দ্বিতীয় হন। বি. এ. পরীক্ষায় উত্তীর্ণ হইবার অল্পকাল পরে ৫০

১৮৯• খুষ্টাব্দে তিনি কার্য্য হইতে অবসর গ্রহণ করেন। গবর্ণমেণ্ট তাঁহার গুণের পুরস্কারম্বরূপ তাঁহাকে "সার্" উপাধি প্রদান করেন। ১৮৯৯ খুটাব্দে তাঁহার মৃত্যু হইয়াছে।—সম্পাদক। টাকা বেতনে ট্রেনিং স্থলের প্রধান শিক্ষকের পদে নিযুক্ত হইয়াছিলেন।
ইহার তিন বৎসরকাল পরে বি, এল, পরীক্ষায় উত্তীর্ণ হইয়া শ্রীরামপুরের
প্রতিনিধি মুক্ষেফ হন। ১৮৬৫ অন্ধে ইনি হাইকোর্টে ওকালতী করিতে
আরম্ভ করেন। বাল্যকাল হইতে ইঁহার কবিতাপাঠে বিলক্ষণ অমুরাগ
ছিল। ইনি "প্রভাকর" নামক পত্রে মধ্যে মধ্যে কবিতা লিখিতেন।
পাঠ্যাবদ্বায় ইনি "চিন্ডাতরঙ্গিনী" নামক একখানি ক্ষুদ্র কবিতাপুন্তক প্রণয়ন
করিয়াছিলেন। তৎপরে "কবিতাবলি" নামক একখানি পুন্তক মুদ্রিত
করেন। বৃত্তসংহার কাব্য প্রথম ও দ্বিতীয় ভাগ ইনি প্রচার করিয়াছেন।
ইহার রচিত কাব্যগুলি উৎক্রই।*

দেবগণ অপর এক গৃহের দ্বারে যাইয়া দেখেন—আর ঘূটী জজ বদিয়া বিচার করিতেছেন এবং ঐ গৃহে একটা মুক্ট বহিয়াছে। বরুণ কহিলেন "এই ঘরে বিদিয়া চিফজটিন অর্থাৎ প্রধান জজ বিচার করিয়া থাকেন। ঐ যে একটি মুক্ট দেখিতেছেন, উহা ভারতেখনী মহারাণী ভিক্টোরিয়ার। তিনি অমুপন্থিত থাকাতে তদীয় মুক্ট প্রতিনিধিরণে বিরাজ করিতেছে। এখান হইতে দকলে আর একটা গৃহদ্বারে গিয়া দেখেন—আর ঘূটা জজ বিচার করিতেছেন। এ গৃহেও লোক পরিপূর্ণ। এখানেও দার্জনেরা ধাকা মারিয়া গোল থামাইতেছে। জজদিগের নিকট দাঁড়াইয়া একটা সাহেব-বেশধারী বাকালী বক্ততা করিতেছেন।

উপ। বাবা! এখানে যে যোড়া যোড়া বিচারপতি।

বৰুণ। এই হাইকোটে সক্ষেপ্যমেত বার জন জন্ধ ছিলেন; তন্মধ্যে এগারজন ইংরাজ ও একজন বাঙ্গালী। এক এক ঘরে ছইজন জন্ধ বিদার করেন। কোন মকন্দমায় যগপি ছইজন জন্ধের ছই রায় হয়, তাহা হইলে ফুলবেঞ্চ বদে। ফুলবেঞ্চে ছইজন জন্ধ ও চিফ্জায়ীস একজ বিদিয়া বিচার করেন, এখন জাবার জার একজন বাঙ্গালী ও একজন ইউরোপীয় জন্ম হইয়াছেন।*

^{*} ১৩১ • সালে ইহারও মৃত্যু হইয়াছে। শেষ দশায় দৃষ্টিশক্তি হারাইয়া ও অর্থাভাবে ইহাকে অনেক কষ্ট ভোগ করিতে হইয়াছিল।—সম্পাদক।

^{*}সম্প্রতি সেক্রেটারি অফ্ ষ্টেট্ মহোদয় হাইকোটের জজদিগের সংখ্যা বৃদ্ধি করিবার প্রস্তাবের অন্ধ্যাদন করিয়াছেন।—সম্পাদক।

ইক্স। বৰুণ! ঐ যে সাহেব-বেশধারী বাঙ্গালী ইংরাজীতে বক্তৃতা করিতেছেন, ও লোকটি কে ?

वक्ष। উহার নাম মনোমোহন ছোব। ইনি ১৮৪৪ অব্যে বিক্রমপুরের অন্তর্গত ব্যবাগাদি নামক স্থানে জন্মগ্রহণ করেন। ইনি পরামলোচন ছোবের ছিতীয় স্ত্রীর প্রথম সম্ভান। ইহার পিতা একজন বিখ্যাত সদর্যালা ছিলেন। প্রথমা স্ত্রীর পর্ছে কোন পুত্রসম্ভান না হওয়ায় রামলোচন ঘোষ ৫০ বংসর বয়ক্রেমকালে বিতীয়বার দারপরিগ্রহ করেন। যথন মনোমোহন ঘোষের দায় হয়, তথন তিনি পীডিতাবন্ধায় দার্জিলিঙে অবস্থিতি করিতেছিলেন। ১৮৫০ অবে ইনি রুঞ্নগর কলেজিয়েট স্থলে ভর্ত্তি হন। ১৮৫৮ অবে বোড়শ বর্ষ বয়:ক্রমকালে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া উক্ত কলেকে অধায়ন করিতে আরম্ভ করেন। এই সময় নীলের হাঙ্গামা উপস্থিত হওয়াতে ইনি প্রজার পক্ষ হইয়া সংবাদপত্তে বিস্তব লিথিয়াছিলেন এবং হিন্দপেট্রিয়ট নামক সংবাদ পত্রের সংবাদদাতা হন। ১৮৬১ অব্দে ক্রফনগর পরিত্যাগ করিয়া কলিকাভার আইসেন এবং দেবেন্দ্রনাথ ঠাকুরের গৃহে আশ্রয় লন। ১৮৬১ অবে উক্ত ঠাকুরের সাহায়ে মিরার নামক একথানি ইংরাজী সাপ্তাহিক পত্র প্রচার করেন। এই সময় ইহার বয়:ক্রম ১৭ বৎসর মাত্র ছিল। ব্রাহ্মধর্ম প্রচারক প্রীয়ক্ত বাবু কেশবচক্র সেন এবং বর্তমান মিরার পত্রের সম্পাদক বাবু নরেন্দ্র নাথ সেন ইহাকে ঐ কার্যোর নিমিত্ত যথেষ্ট সাহাযা করিতেন। ১৮৬২ অবে ইনি পিতার মত লইয়া বিলাত গমন করেন। ১৮৬৫ অব পর্যান্ত তথায় থাকিয়া সিবিল সার্বিস সম্বন্ধে একথানি উৎকৃষ্ট পুস্তক লিথিয়াছিলেন: সিবিল দার্কিদ পরীক্ষকেরা ইহার প্রতি অন্তায় করাতে ইনি ছই বার অক্লডকার্যা হইয়া গ্রন্থ প্রাণয়ন করেন। ১৮৬৬ অবে ইনি ব্যারিষ্টার হইবার আজা প্রাপ্ত হন। ইহার কিছু পুর্বে ইহার পিতার মৃত্য হইরাছিল। ইংলত্তে থাকিয়া ইনি চুইবার ইউরোপ ভ্রমণ করেন। ১৮৬৭ : অবে বদেশে প্রত্যাগমন করিয়া হাইকোর্টে ব্যবসা আরম্ভ করেন। বাঙ্গালীর, মধ্যে ইনিই প্রথম হাইকোটে বারিষ্টার হন। জ্রীশিক্ষাদান ও জ্রী জ্বাতির: উন্নতিসাধন বিষয়ে ইহার অত্যন্ত অমুবাগ। "অবলাবান্ধব" নামক পত্র বাহির হইলে ঐ পত্রের বিশেষ সাহায্য করিয়াছিলেন। ১৮৬০ অবে ইনি বেণুন বিষ্ঠালয়ের অবৈতনিক সম্পাদক হন। ইনি একজন বিখ্যাত বক্তা। ১৮৮৫ খুষ্টাব্দে বঙ্গদেশের প্রতিনিধিম্বরূপে ইনি ইংল্ডে গমন পূব্দ ক ভারতশাসন

সন্থকে অনেকগুলি সারগর্ভ বক্তৃতা করিয়া তত্রতা জন-মণ্ডলীকে মৃশ্ব করেন। বিচার ও শাসন বিভাগের পার্থকা সাধন বিষয়ে ইনি যথেষ্ট চেষ্টা করিতেছেন।*

এখান হইতে দেবগণ একটা গৃহে উপস্থিত হইয়া দেখেন—স্বনেকগুলি বাঙ্গালী ও ইংরাজ সংবাদপত্র হাতে করিয়া বিস্না বিশ্রাম করিতেছেন। বরুণ কহিলেন, "এইখানে ব্যারিষ্টারেরা বিস্না বিশ্রাম করেন। এটর্ণিরা ৫০ টাকা দিলে এখানে বসিতে পান।"

ইহার পর সকলে রেজেইরি আফিস দেখিতে চলিলেন। যাইবার সময় সকলে একটী গহরে দিয়া নীচের লোক জনের প্রতি চাহিতে লাগিলেন। উপ কহিল, "উঃ! বাবা! এখান হ'তে প'ড়ে গেলে শরীর আর আন্ত থাকে না; ছাতু হয়ে যায়।"

বেজেইরি আফিনে প্রবেশ করিয়া দেখেন, কেহ কাঁদিতে কাঁদিতে জরিমানার টাকা গণিয়া দিতেছে। কেহ বিষয়ভাবে জামিনের লেখা পড়া করিতেছে। বরুণ কহিলেন, "এই স্থানে জামিন ও জরিমানার টাকা দিয়া খালাদ হইতে হয়।"

এখান হইতে সকলে এক স্থানে যাইয়া দেখেন—তামাক খাবার ধুম লাগিয়াছে। একজন ছঁকা টানিতেছে; ৬০।৭০ জন ছঁকার উমেদার দাঁড়াইয়া আছে। উমেদারদিগের মধ্যে কেহ কেহ অগ্রে পাইবার আশায় লঁকার গাত্রে হাত দিয়া টানিতেছে।

দেবতারা তামাক থাওয়া দেথিয়া নীচে নামিয়া হাঁপাইতে লাগিলেন। পিতামহ কহিলেন, "বৰুণ! ভাই এই স্থানে একটু বোদো। আমার কোমর টন্ টন্ ক'র্ছে এবং অত্যন্ত হাঁপ ধ'রেছে।"

দকলে বিসিয়া বিশ্রাম করিতেছেন, এমন সময় দেখেন—মকদ্দমা হার প্রেয়াতে আদামীদিগকে ধরিয়া লইয়া ঘাইতেছে। কয়েদীদিগের মধ্যে কেহ দিলিতেছে, কেহ দককণ বিলাপ করিতেছে। একজন কহিতেছে "উঃ! মাগো! বাল্যকালে একজন গণক আমার হাত দেখে ব'লেছিল এক সময় নিমার অগ্র পশ্চাৎ শান্তি পাহারা যাবে।'—মা! তুমি ভেবেছিলে, আমি রাজা হব। গণককে খুসি ক'রে বিদায় করেছিলে। কিন্তু মা! এসে দেখে

^{*} ১৮৯ • খুটান্ধে একদিন অকন্দাৎ ইহার মৃত্যু হয়।—সম্পাদক।

দেবপণের মর্ছ্যে আগমন

যাও, আমার কপালে কি ঘটেছে; ভোমার পুত্রের অগ্র ও পশ্চাৎ শান্তি পাহারা যাচেচ।"

এই সময় টিফিন আরম্ভ হওয়াতে দেবগণ দেখেন—পিল্পিল্ ক'রে লোকগুলো বাহির হইয়া ঘাইতেছে। মস্মস্ শব্দে সাহেবগুলো নামিয়া আসিয়া বগী হাঁকাইয়া প্রস্থান করিতেছে।

দেবগণ ইহার পর লভ নর্থ ক্রেকের প্রতিম্তি দেখিয়া হাইকোট হইতে বাহির হইলেন। বরুণ কহিলেন, "এই হাইকোটে দ্বারকানাথ মিত্র নামক এক ব্যক্তি জভ হইয়াছিলেন। দ্বারকানাথের মত স্থবিচারক আর জ্মিবে না।"

ব্রহ্মা। বরুণ। আমাকে দারকানাথের মিত্রের জীবনচরিত বল।

বরুণ। ইনি ছগলি জেলার অন্তঃপাতী আগুনসি নামক পলীগ্রামে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম হরচক্র মিত্র। হরচক্র মিত্র হুগলী আদালতে মোক্তারি করিতেন। ১৮৩৬ সালে ধারকানাথের জন্ম হয়। ইনি প্রথমে হগলী ব্রাঞ্চ স্থলে ও তৎপরে হুগলি কলেছে বিভা শিক্ষা করেন। পঠদশায় ইহার পিতৃবিয়োগ হয়। ইহার পর প্রেসিডেন্সি কলেজে ইনি আইন শিক্ষা করেন। ১৮৫৬ সালে পরীক্ষায় উত্তীর্ণ হইয়া সদর কোর্টে ব্যবসায় স্পারম্ভ করেন। এই সময় রমাপ্রসাদ রায় ও শভুনাথ পণ্ডিত ঐ স্থানে ওকালতি করিতেন। বারকানাথ ভবানীপুরে বাসা করিয়া অতি সামান্ত অবস্থায় বাস করিতে লাগিলেন। ১৮৬২ অব্দে বর্ত্তমান হাইকোর্ট প্রতিষ্ঠিত হইলে রমাপ্রসাদ বায় জজ হন; কিন্তু অল্পকাল মধ্যে তাঁহার মৃত্যু হওয়াতে শস্তুনাথ পণ্ডিত তৎপদে অভিবিক্ত হইলেন। তথন ধারকানাথ প্রধান উকিল হইরা উঠিরাছিলেন। নতন হাইকোট প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে ইহারও ভাগালন্ত্রী প্রসন্ধ হন। পিকক সাহেব ঐ সময় হাইকোটের প্রধান জব্দ ছিলেন। बादकानाथ मृतिख वाक्तिमिरगद शक्त व्यवस्य कविशा विना व्यर्थ मकन्मा नहेंगा বক্ততা করিতেন। ঐ সময় তিনি এত অর্থোপার্জ্ঞন করিতেন যে, তাঁহাকে একদা এক ব্যক্তি ১৫ শত টাকা দিয়া মফঃখলে যাইবার উপরোধ করাতেও ভিনি ঘাইতে সম্মত হন নাই। তিনি তন্ন তন্ন করিয়া না দেখিয়া কোন মকন্দমা হাতে লইতেন না। যে মকদ্দমা তাঁহার হাতে আদিত, তাহাতে প্রায়ই अप्र হইত। ডিনি এমনি জোরে বক্ততা করিতেন যে, ঘর যেন ফাটিয়া যাইত। বিলক্ষণ ধনশালী হইলে ভবে হরিপাল নামক স্থানের কোন সম্ভ্রাস্তবংশের

মহিলার পাণিগ্রহণ করেন। তাঁহার গর্ভে ছারকানাথের ভুবনমোহিনী ও স্বরেক্ত নামক একটি কল্পা ও পুত্র জন্মে। ইনি সঙ্গতির অবস্থায় প্রায় ৫০।৬০ জন আত্মীয় ব্যক্তির পুত্রকে আনিয়া বাধায় স্থান দান করিয়া বিছাশিক্ষার সমস্ত বায়ভার বহন করিতেন। ইহার উচ্চাভিলার ছিল না। স্থলের বালকগণের সহিত একতা বসিয়া সামান্তরপ আহার করিতেন। ইনি নিজ বায়ে জন্মস্থানে একটী মধাশ্রেণীর বিভালয় ও চিকিৎদালয় স্থাপন করেন। বাটীতে বৎসর বৎসর বিলক্ষণ সমারোহে তর্গোৎসব করিতেন। এই উপলক্ষে অনেক কুটম্বকেও স্বভবনে আনিয়া তিন চারি দিন একত্র আমোদ প্রমোদ করিতেন। ১৮৬৬ সালে ইহার শরীর অস্কন্ধ হইলে কিছুদিন মৃঙ্গেরে ঘাইয়া অবস্থিতি করেন। ১৮৬৭ সালের জুন মাসে শস্তুনাথ পণ্ডিতের মৃত্যু হইলে জুলাই মাসে দারকানাথ মিত্র হাইকোর্টের জজের আসন প্রাপ্ত হইলেন। তিনি এই সংবাদ মাতাকে বিষয়ভাবে জানাইলেন, মাতা আনন্দ প্রকাশ পূর্ব্ব ক হিলেন, "বাবা! এমন স্থদমাচার বিমর্গভাবে জানাইলে কেন ?" তত্ত্তরে দারকানাথ মিত্র কহেন, "মা। বর্ত্তমান পদ বিশেষ গৌরবের বটে : কিন্তু ওকালতীতে আমার বিলক্ষণ অর্থ উপার্জ্জন হইত।" জজ হইবার কিছুদিন পরে ইনি ভবানীপুরে ৎ ০.০০০ হাঙ্গার টাকা মূল্যে একটা বাটা ক্রয়করেন। এই বাটীতে আগমন করিয়া দারকানাথের ভার্যা। হুৎপিও রোগে ইহলোক পরিত্যাগ করেন। মাতার অহুরোধে তিনি বৎসর অতীত হইবার পুরের ই পুনরায় দারপরিগ্রহ করেন। একটি পুত্রসস্তান হয়। ১৮৭০ সালে ধারকানাথ রাজেজ্রনাথ দত্তের পুত্র বাবু উপেব্রুনাথ দত্তের সহিত কক্সার বিবাহ দেন। ১৮৭৩ খুষ্টান্দের নবেম্বর মাদে তাঁহার গলদেশে ক্ষত পরিলক্ষিত হইল; তিন মাস কার্য্য হইতে অবসর লইলেন: পীড়িতাবস্থায় তাঁহাকে দেথিবার জন্ম হাইকোটের মহামান্ত বিচারপতিগণ প্রায়ই তাঁহার বাটীতে আদিতেন। ভারতবর্ষের ভূতপুর্ন্ধ গবর্ণর লভ নর্থক্রক তাঁহার এডিকংএর দারকানাথকে আপনার সহায়ভূতি জানাইয়াছিলেন।

ষারকানাথ পূর্ব্বে বিষ্ণাতীয়-আহারপ্রিয় ছিলেন, কিন্তু ১৮৭৩ সালে উহা সাংঘাতিক রোগাক্রাস্ত হইবার পর তাঁহার দেই ক্লচির সম্পূর্ণ পরিবর্ত্তন হয় ও সেই সময়ে তিনি একদা তাঁহার কোন বন্ধুর সাক্ষাতে বলেন, "আমাদের দেশে যেরূপ আহারের প্রথা চলিত আছে, তাহাই সর্ব্বোৎকৃষ্ট ও আমাদিগের স্বাস্থ্যের উন্নতিবিধায়ক। এদেশীয় চিকিৎসকগণ ইংরাজী চিকিৎসাবিজ্ঞান অধ্যয়ন

দেবগণের মর্ভ্যে আগমন

করিয়া রোগীর পথ্যাদিবিষয়ে সচরাচর যে সকল প্রথা অবলয়ন করেন, তাহা আমাদিগের পক্ষে অতিশর অনিষ্টকর।" এই সময়ে সিভিলিয়ান গেভিদ সাহেব দালীক তাঁহাকে সর্বাদ দেখিতে আদিতেন। এক দিন বৈকালে হারকানাথ মিঃ গেভিদ্কে বলেন, "মানবধর্ম শাস্ত্র প্রণেভা মহাত্মা মহ্মর মতে নৈভিক, মানদিক ও শারীরিক উন্নতি বাতীত আত্মপর্যাবেক্ষণ অহান্তিত হইতে পারে না। *** আমি যে এতদ্র শারীরিক কট্ট সহ্ম করিতেছি, তাহা কেবল সেই নিয়মাবলী উন্নত্মনের বিষময় ফল। যদি এ যাত্রা রক্ষা পাই, তাহা হইলে আমি হিক্সজীবন অবলহন করিব।"

উলিখিত কথাগুলি বলিয়া পণ্ডিতপ্রবর মোক্ষমূলর ভট্টাচার্য্য, ঐতিহাসিক বহস্থপ্রণেতা মহাত্মা রামদাস সেনকে যে পত্র লিখিয়াছিলেন, হারকানাথ তাহার মন্মার্থ সাহেবকে বিদিত করেন। উক্ত পত্রের স্থুল তাৎপর্য্য এই—

"ইউরোপে যাহা কিছু ভাল আছে গ্রহণ কর, তাই বলিয়া ইউরোপীয় হইও না; ভোমরা—মহুর বংশধর, রত্বপ্রসবিনী ভারতভূমির সম্ভান, সত্যাহ্য-সন্ধিৎস্থ,—সকলেই যে অজ্ঞাত ঈশবের পূজা করে, আয়পরায়ণতা ও সাধ্তা সহকারে সকলেই যাঁহার তুষ্টিসাধনে তৎপর, সেই ঈশবের উপাসক—ভোমরা যাহা আছি, তাহাই থাক।"

১৮৭৪ খুঁইাব্দে ১৬ই ফেব্রুয়ারি বেলা ১টার সময় ছারকানাথ জন্মভূমি দেখিবার জন্ত যাত্রা করেন। মৃত্যুর হুই দিবস পূর্বে তিনি কীর্ত্তন শুনিবার অভিলাষ প্রকাশ করেন এবং হুই ঘণ্টাকাল অভিনিবিষ্টচিত্তে ও তন্ময়মনে হরিনামামৃতপূর্ণ মধুর গান শুবণ করেন। মৃত্যুর দিবস প্রোভঃকালে তাঁহাকে অপেক্ষাকৃত ফুল্থ বলিয়া বোধ হয় এবং সে দিবস তিনি বারান্দায় একবার পদচালনাও করেন। ১৮৭৪ খুঁটাব্দে ২৫শে ফেব্রুয়ারি বেলা ৪ ঘটিকার সময় ছারকানাথ মানবদেহ পরিত্যাগ করেন। তাঁহার অকালমৃত্যুতে ভারতাকাশ হুইতে একটি অত্যুক্ত্রন তারকা থসিল।

ষারকানাথ "হিন্দু ফ্যামিলি এমুইটি ফণ্ডের" ট্রাষ্টি ও কলিকাতা বিশ্ববিভালয়ের ফেলো ছিলেন। মৃত্যুকালে মারকানাথ বৃদ্ধ মাতা, কোমল হৃদয়া প্রণায়নী ও ছুই পুত্র এবং এক কলা রাখিয়া যান।

দেবগণ এখান হইতে চলিলেন। যাইতে যাইতে বৰুণ কহিলেন, "দেবরাজ। হাইকোটেরি চতুম্পার্যে উকীলপাড়ায় বিস্তর উকীল বাস করেন।"

নারা। উকীলেরা হাইকোটের সন্নিকটে বাস করেন কেন ?

বৰুণ। হালদারেরা কালীবাড়ীর সন্ধিকটে যে উদ্দেশ্তে বাস করেন, ইহাদেরও সেইরূপ উদ্দেশ্য।

ক্রমে সকলে যাইয়া টাউন্হলে প্রবেশ করিলেন। উপ কহিল "উঃ! বাবা। এ যে যোভদৌডের মাঠ।"

ইজ্র। বরুণ। এ স্থানের নাম কি ?

বৰুণ। এই স্থন্দর বাড়ীর নাম টাউনহল। এথানে কলিকাতার বড় বড় লোকের সভা প্রভৃতি হইয়া থাকে। যদি কাহারও এথানে বক্তৃতাদি করিবার ইচ্ছা হয়, ৫০ টাকা ভাড়া দিলে দালান কিছুক্ষণ পাইতে পারেন। ১৮১৮ অবদ এই হল প্রস্তুত হয়। ইহা নির্মাণ করিতে সাত লক্ষ টাকা ব্যয় হয়। কলিকাতাবাসীদিগের থরচে ইহা নির্মিত হয়।

নারা। এথানে এ সব প্রতিমৃত্তি বহিয়াছে কাহাদের?

বরুণ। এটা রাজপ্রতিনিধি কর্ণওয়ালিদের, ওদিকের এটি হার্ভিঞ্জের। সকলে হল দেখিতেছেন, এমন সময় শুনিলেন—অভ্যাত্তার বাবু হুরেজ্ঞনাথ বল্ফোপাধ্যায় টাউন হলে একটা বক্তৃতা ক্রিবেন।

हेक । वक्ष ! वकु छ । । नित्न रहा ना ?

বরুণ। ইংরাজী বক্তৃতা তোমরা ত বুঝিতে পারিবে না, স্থরেক্সনাথ অতি সম্বক্তা এবং ভারতহিতৈষীও বটেন। ইঁহার বক্তৃতা শুনিলে অনেক সংশিক্ষা পাওয়া যায়।

ব্রহ্মা। বরুণ। স্থবেক্রনাথের জীবনচরিত আমাকে বল।

বৰুণ। ইনি ১৮১৮ অবে কলিকাতায় জন্মগ্রহণ করেন। ইনি চুর্গাচরণ ডাজারের পুত্র। প্রথমে ডফ্টন কলেজের স্থল বিভাগে ইংরাজী শিক্ষা করেন। যথন যে শ্রেণীতে পাঠ করিয়াছেন, তথন সেই শ্রেণীর উৎকৃষ্ট ছাত্র গণ্য হইয়া পুরস্কার প্রাপ্ত হইয়াছেন। ১৮৬০ অবে ইনি বিশ্ববিভালয়ের পরীক্ষার প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়া ছাত্রবৃত্তি প্রাপ্ত হন। ইনি পরীক্ষাকালে বাক্ষালা ভাষার পরিবর্ত্তে লাটিন ভাষায় পরীক্ষা দিয়াছিলেন। ১৮৬৫ অবে বিশ্ববিভালয়ের এফ, এ, পরীক্ষায় ইনি প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়া বৃত্তিলাভ করিয়াছিলেন। ঐ বংসর ইংরাজী ভাষায় এক প্রবন্ধ লিখিয়া রোপাপদক, ও লাটিন ভাষায় রচনা লিখিয়া কতকগুলি পুরস্কার প্রাপ্ত হন। ১৮৬৮ অবে ইনি বিলাত যাত্রা করেন। ১৮৬০ অবে সিবিল সার্বিদ পরীক্ষায় উত্তীর্ণ হন ই হার পরীক্ষা দিবার

বয়দ অত্যত হইরাছে, এই দলেহ করিয়া সিবিল দার্কিদ কমিশনবেরা ই হাকে দিবিল সার্বিদে অন্ধিকারী করেন। ইনি কুইন্স বেঞ্চে আপীল করিয়া এই অন্তায় আজা বহিত করিয়াছিলেন। ১৮৭১ অবে ইনি খদেশে প্রত্যাগমন করেন এবং শ্রীহটের এমিষ্টান্ট মাজিষ্টেট হয়েন। ১৮৭৩ অবে প্রথম শ্রেণীর মাাজিষ্টেটের ক্ষমতা প্রাপ্ত হন। অতি অল্প বাজিই ই হার ন্যায় গুরুতর ক্ষমতা প্রাপ্ত হইয়াছিলেন। শ্রীহটে ইনি অতি সন্বিচারক বলিয়া থাতি ও প্রতিপত্তি লাভ করেন। কিন্তু তংথের বিষয় ১৮৭০ অব্দে ই হার নামে এই অভিযোগ হয় যে, ইনি নিজের কার্যাবিবরণে মিথা। লিখিয়াছেন। এ বিষয়ের সত্য মিথ্য। অমুদদ্ধানার্থ এক কমিশন নিযুক্ত হয়। কমিশনরেরা ইঁহাকে অশ্রাধী স্থির করেন। স্বভরাং ১৮৭৪ অন্সে ই হার কম্মির। ই হার প্রতি যে অত্যন্ত অন্তায় ব্যবহার করা হইয়াছিল, তাহা ই হার পক্ষ সমর্থনার্থ যে পুত্তক প্রণীত হইয়াছে, তৎপাঠে অবগত হওয়া যায়: এদে শীয় সংবাদপত্র-সম্পাদকেরা এই অক্যায় বিচারের অনেক প্রতিবাদ করিয়াছিলেন এবং ইনি পুনরায় ইংলণ্ডে গমন কবিষা টেট সেক্রেটাবির নিকট এই বিষয়ে আবেদন কবিয়াছিলেন। কিন্তু তাহাতে কোন ফল হয় নাই। ইনি বাারিষ্টার হইবার জন্ম পুনরায় অধ্যয়ন করেন। কিন্তু পূর্ব্ব অপরাধে ইঁহাকে দে অধিকারও প্রদান করা হয় নাই। ১৮৭৫ অন্দে পুনরায় স্বদেশে প্রত্যাগমন করেন। সিবিলিয়ানের পদ হইতে চাত হইয়া দেশের মঙ্গলকার্যো মনোনিবেশ করেন। ইণ্ডিয়ান লিগ নামক সভা স্থাপনের ইনিই একজন প্রধান উচ্চোগী। ভারতসভা ইঁহার ও ৺মানন্দমোহন বস্কর যত্নে ও অর্থসাহাযো প্রতিষ্ঠিত হয়। ছাত্রমহলে ই হার বিশেষ প্রতিষ্ঠা আছে। ইনি তাহাদের একপ্রকার নেতা বলিলেই হয়। ১৮৭৬ অবে ইনি কর্মাতাদিগের নির্বাচন অমুদারে কলিকাতা মিউনিদিপালিটার কমিশনর নিযুক্ত হয়েন। ই হারই প্রস্তাবে সভাপতির বেতন কমান হইগাছে । বাঙ্গালীর মধ্যে ইনি একজন প্রধান বাগ্মী বলিয়া বিখ্যাত। ই হার কণ্ণেকটী বক্ততা পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। ইনি রাজনীতিদংক্রাম্ভ বিষয় সকলের প্রচার করিবার ত্রত গ্রহণ করিয়াছেন। ইনি ভারতসভার প্রতিনিধি হইয়া দিবিল দার্কিদের বর্তমান পরিবর্তন দম্বন্ধে আন্দোলন করিবার জন্ম পঞ্চাব ও উত্তরপশ্চিম প্রদেশে গমন করিয়া সর্বত্তই ক্লভকার্য্যভা লাভ করিয়াছেন। ইঁহার বক্তৃতার গুণে ভারতের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যান্ত সকলেরই মনে একতাবন্ধন ও জাতীয়-ভাবের উদ্দীপনা হইবার সম্ভাবনা হইয়াছে। ইনি "বেঙ্গলী" নামক একথানি সাপ্তাহিক* সংবাদপত্ত্রের সম্পাদকতাভার নিজ হস্তে গ্রহণ করিয়াছেন। ১৮৮৫ সালে ইনি হাইকোর্টের জজ্জ নরিস সাহেরের বিরুদ্ধে এক পত্র লেখার ইহার তিন মাস কারাদণ্ড হয়। ইনি আশ্যাল ফণ্ড প্রতিষ্ঠা করিয়া অনেকের আশীর্কাদভাজন হইয়াছেন।

এথান হইতে সকলে ইডেন গাডেনের মধ্যে প্রবেশ করিলেন। বাগানটীর শোভা দর্শন করিয়া দেবগণ মোহিত হইলেন। ইহারা ভ্রমণ করেন, আর পাছে ইংরাজেরা আদিয়া ঘূদি মারে, এই আশঙ্কায় পশ্চাৎ পশ্চাৎ ফিরিয়া চান। বেড়াইয়া ক্লান্তিবোধ হইলে সকলে একথানি বেঞ্চে উপবেশন করিলেন। ইন্দ্র বলিলেন "আহা! কি চমৎকার রাস্তা ঘাট এবং বিলাতী রক্ষাদি ঘারা নিশ্বিত নিকুঞ্জ কানন।"

বরুণ। দেবরাঙ্গ। ও দিকে দেখুন কেমন একটা স্থন্দর ব্রহ্মদেশীয় মন্দির! ১৮৫৪ সালে ওটাকে ইংরাজেরা আনিয়া এথানে স্থাপন করিয়াছেন। ওদিকে দেখেন ফোয়ারা দিয়া কেমন স্থন্দর জল উঠিতেছে।

এই সময় বৈহাতিক আলোগুলি আপনা হইতে জ্বলিয়া উঠায় উপ চাৎকার করিয়া কহিল, "কর্ত্তা-জ্বেঠা! বাজী দেখ—বাজী দেখ। ভেঙ্কিতে আলো জ্বলে?'

এই সময় নারায়ণ সবিশ্বায়ে কহিলেন, "বরুণ! এ কি আলো? এমন কাণ্ড ত কথন দেখি নাই! আপনা হইতে বিছাতের স্থায় আলো কিরুপে জ্বলিল ?"

বরুণ। ইংরাজেরা কৌশলে বিত্যুৎকে ধরিয়া তাহার ছারা যেমন ভারের খবর আদান প্রদান করিতেছেন, তেমনি আবশ্যক মত জালাইতেছেন।

ব্ৰহ্মা। উঃ! অভূত ক্ষমতা। ইংবাজের অদাধ্য কিছুই নাই।

ইক্র। বরুণ। তোমার কথা সতা, উহার সহিত তুলনায় আমার নন্দনকানন তুচ্ছ বলিয়া বোধ হয়। অং । মরি মরি, যেমন স্থন্দর তেমনি পরিষ্কৃত!

নারা। বরুণ! এ বাগানটা কে প্রস্তুত করে এবং ইহার নাম ইভেন গার্ভেন হইবার কারণ কি ?

বরুণ। এই বাগানটা গবর্ণর জেনারেল লভ অকল।তের সময় প্রস্তুত হয়

*—বেঙ্গলী একণে দৈনিক হইয়াছে \—সম্পাদক

দেবগণের মর্জো আগমন

ও তাঁহার ভগিনীর নামাস্থ্যারে ইছেনগার্ডেন নাম হইয়াছে। তোমরা বাগানের মধ্যে প্রবেশ করিয়া পদে পদে ভর পাইতেছ, কিন্তু এ বাগানে নাধারণের প্রবেশ করিবার অস্থ্যতি আছে। সন্ধ্যাকালে স্থাতিল সমীরণ সেবন জন্ম অনেকেই এখানে ভ্রমণ করিতে আইসেন। সেই সমন্ন এখানে শ্রবণ-ভৃত্তিকর স্থমধুর বাছ বাজিয়া থাকে এবং অনেক সাহেব বিবি আসিয়া ক্ঞবনে লুকোচুরি থেলাও করেন।

এই সময় ইছেন গাছে নৈ টাউন ব্যাণ্ড বাজিতে লাগিল। দেবগণ অনেকক্ষণ বিসিয়া বাছ শুনিলেন। তৎপরে সকলে বাসায় চলিলেন। তাঁহারা বাগানের বাহিরে আসিয়া দেখেন—রাস্তার ধারে ধারে আলোকস্তন্তে আলো অলিতেছে। সকলে ধীরে ধীরে আলোকস্তন্তের তলে ঘাইয়া হাঁ করিয়া চাহিতে লাগিলেন।

ব্রহ্মা। বরুণ! লঠনের মধ্যে বিনা তৈল শলিতায় ও আবার কি রকম আলো অলিতেছে ?

বহুণ। কলে পাথ্রে কয়লা হইতে বাষ্প বাহির করিয়া সেই বাষ্পে ঐরূপ আলো আলিয়াছে।

দেবগাৰ বাসায় যাইয়া উপস্থিত হইলেন এবং নানা কথায় রজনী প্রভাত হইলে বক্ষণ কহিলেন, "আমি সত্তর একবার কলিকাতার দক্ষিণ অঞ্চলে বারিবর্ষণ করিয়া আসি। আমার না আসা পর্যন্ত তোমরা বাহির হইও না।"

ইন্দ্র। শীতকালে বারিবর্ষণ কেন ?

বরুণ। এক্ষণে আমার আর সময় অসময় নাই, স্ববিধা পেলেই জল ঢালি।
শীতকালে মফঃস্বলের থোদ কর্দ্ধারা পলীগ্রাম দর্শনে বাহির হুইবেন, তাঁহাদের
অভ্যর্থনার্থ পচা বিচালির গাদায় জল ঢেলে মাছি, মশা ও অপরাপর ক্সু-ক্সুস্ত কীটের জন্ম দিব। ঐ হুজুরেরা বর্ধার সময় পলীগ্রামে ঘাইয়া লোকের রাস্তা ঘাটের কন্ত দেখেন না। শীতকালে স্থখের সময় ঘাইয়া থাকেন। অতএব আমার স্ত ক্টিগুলো যদি চক্ষে প্রবেশ করিয়া দেখা বন্ধ করে, তাহা হুইলেও প্রজার কন্ত কতকটা অহুভব হুইতে পারিবে।

বৰুণ প্রস্থান করিলেন। দেবতারা মুখ হাত ধৌত করিলেন এবং নগর
ভ্রমণে বহির্গত হইবার জন্ম সকাল সকাল আহারের উদ্যোগ করিলেন।
ভাঁহারা "বৰুণ এই আসে এই আসে" করিয়া অধৈর্য্য হইয়া আহারাস্তে বাসা
হইতে বাহির হইয়া পড়িলেন। বাহিরে আসিয়া নারায়ণ কহিলেন, "এই
বড় বাড়ীটি লক্ষ্য করিয়া চল আমরা সোজা দেখিতে দেখিতে যাই। গলি

ঘুঁ বিতে প্রবেশ করিব না, ভাছা হইলে রাস্তা হারাইয়া ফেলিব।" সকলে নারায়ণের কথায় সম্মত হইয়া দেখিতে দেখিতে চলিলেন।

তাঁহারা অক্সমনস্ক হইয়া যেমন একটি মোড়ের নিকটে দাঁড়াইয়াছেন, অমনি চশমা চক্ষে এক প্রাচীন মৃদলমান তাহাদের নিকট আদিয়া উপস্থিত হইল। সে পিতামহের নিকট আদিয়া কহিল, "বাবা! তুমি চক্ষে একটু একটু ঝালা দেখ বটে।"

ব্ৰহ্মা। কৈ না।

মূস। না বাবা! গোপন ক'রো না। আমি ঐ রোগে বড় ক**ট পেয়েছি** ব'লেই ব'লছি।

ব্ৰমা। কৈ ! আমি ত ঝাপা দেখ চিনে।

মৃদ। না দেখ লেই ভাল। যদি কিছু হয়, এই জন্মই ব'লচি; ত্চারিটী পয়সা থবচ ক'বুলে ভাল হবার এখনও উপায় আছে।

পিতামহ কিছুক্ষণ ভাবিলেন। পরে তৃই চক্ষু রগড়াইলেন। চক্ষু রগড়ানতে জ্বলিয়া উঠিল, একটু জল বাহির হইল। মনে মনে ভাবিলেন, "মর্জ্যে আসিয়া যদি চক্ষু হারাইয়া যাই, প্রাচীন বন্ধনে বড় কট পাইতে হইবে,
অতএব তৃচারিটি পয়সা ব্যয় করিয়া কিঞ্চিৎ ঔষধ লইয়া রাথি", ভাবিয়া
কহিলেন, "দাও। আমাকে চারি পয়সার চক্ষের ঔষধ দাও।"

মৃশলমান হাসিয়া কহিল "আমি চিকিৎসক নহি, কিংবা পয়সা লইয়া উবধ বিক্রয় করা আমার ব্যবসা নহে; তবে আপনার চাউনি দেখে কেমন কেমন বোধ হওয়াতেই চক্ষের পীড়া আছে সন্দেহ করিলাম। যাক্—আমি যে কয়টা মস্লা বলি ছ চারিটা পরসা থরচ ক'রে বেণের দোকান থেকে কিনে নিয়ে সব কয়টা বেটে চক্ষে প্রলেপ দিবেন, তুইচারি দিনেই সেরে যাবে"। বলিয়া মৃসলমান পকেট হইতে একটু কাগজ ও পেন্সিল বাহির কিন্যা দিল।

নাম.. কোন দোকানে এ সব দ্রব্য পাওয়া যাবে ?

মুদ। ^{(১} লাকানে ব'ল্বেন, সেই দোকানেই পাবেন। তবে কোন বেটা না প্রতারণ। বর। এই কলিকাতা সহরে, মহাশ্য়! প্রতারকের অসম্ভাব নাই এখানকা শায় সকল বেটাই জুয়াচোর। আপনারা এক কাজ ককন, সম্মুখের ঐ বেণ্ডে ভদ্রলোক, আর গাছগাছড়া অনেক দ্বান্তী

দেবগণের মর্জ্যে আগমন

দেবগণ এই কথায় সম্মত হইয়া সেই দোকানে প্রবেশ করিয়া ঔষধের নাম কয়েকটি বলিলেন। বেণে কহিল "এক টাকা মূল্য দিতে হবে মহাশয়।"

ইন্দ্র। এক টাকা। যে লোক ব'লে দিলে সে যে চারি পয়সা মূল্য লাগিবে ব'লে।

দোকা। তাহবে না কেন? যে দোকানী বেটারা জুয়াচুরি করে, তাহারাই ঐ মৃলো দিতে পারে। আমাদের ধর্মভন্ন আছে, যা তা দিতে পারিনে। সত্যি, আপনাদের নিকট এক টাকা নিম্নে কিছু রাজাহব না, পরকাল ত আছে!

ব্রহ্মা। যাক বাবা। বার আনা লও।

"দেন-মহাশয়! বৌনির বেলা আর থদের ফিরাব না" বলিয়া বণিক্ দেবগণকে দ্রব্যাদি প্রদান করিলে তাঁহারা সানন্দচিত্তে বাসায় চলিলেন। তাঁহারা সকলে পথ হারাইয়া বড়বাজারের মধ্যে ঘ্রিয়া বেড়াইতেছেন, এমন সময় বরুণ সন্নিকটে উপস্থিত হইয়া কহিলেন, "বেশ যাহা হউক, তোমাদিগকে না খুঁজেছি. এমন জায়গা নাই।"

উপ। আমরাপথ ভলে বাসাপাচিছ না।

বরুণ। আমি সকলকে বারংবার নিষেধ ক'রে গেলাম, আমি না আসিলে বাসার বাহির হইও না।

ব্রনা। ভাই। ভাগ্গি এসেছিলাম, তাই চক্ষু ছুটী বেঁচে গেল।
—একটী চক্রোগের চমৎকার ঔষধ পেয়েছি। দাম খুব সস্তা, বার
গণ্ডা পয়দা।

বরুণ। কে বৃঝি প্রতারণা ক'রেছে! আপনার চোখে কি হয়েছে? ব্রহ্মা। ঝাঞ্চা ঝাঞ্চা দেখি।

"দেখি" বলিয়া বৰুণ নাবায়ণের হস্ত হইতে কাগজের মোড়ক চাহিয়া লইয়া দেখেন—ছাগলের নাদি, কাঠের গুড়া এবং মাকড়সার স্থান্দার বার গণ্ডা পয়দা ঠকাইয়া লইয়াছে। তিনি কিয়ৎক্ষণ চালি চাহিয়া নারায়ণকে কহিলেন, "তোমরা কি সকলেই চোখে ঝাল ঝান্সা দেখ? সকলেই কি পিতামহের সঙ্গে সঙ্গে চক্ষের মাথা খেয়েল

ইন্দ্র। নাহে না। দোকানী অতি দ গোক, সে অনেক দিবিব ক'রে দিয়েছে।

্ণল-নাদি কি না ভাল ক'রে চেয়ে বরুণ। তোমাদের চক্ আচে দেখ। তোমরা জান না—এ সহরে প্রতারকের অপ্রত্ন নাই। তোমা-দিগকে নৃতন লোক দেখিয়াই ওরূপ কার্য্য করিয়াছে।

ইন্দ্র। ভাল দোকানীই যেন প্রতারণা করিল, মুসলমান মহাত্মার ইহাতে কি স্বার্থ আছে ?

বরুণ। "মুদলমান ঐরপে থরিদদার জুটাইয়া দেয়; তৎপরে দোকানী যাহা লাভ করে, মুদলমানকে তাহার অংশ দিয়া থাকে। তোমরা যথন নগর ভ্রমণে বাহিব হইয়াছ তথন চল একবার বড়বাজারটা দেখাইয়া লইয়া যাই।" বলিয়া বরুণ দকলকে লইয়া রাণী অর্থময়ীর চকের মধ্যে প্রবেশ করিলেন এবং বড়বাজারের চতুর্দিকে লইয়া গিয়া নানাপ্রকার স্থতা ও পশমের কাপড়, বনাত, কম্বল, গালিচা; পিতল, লোহা, তামা প্রভৃতি ধাতুর ত্রবা; দোণা, রূপা প্রভৃতি দামী বাদন ও গহনা; হীরা, মূকা ও পায়া প্রভৃতির দোকান, ছুরি, কাঁচি, তালা ও চাবি প্রভৃতির দোকান; দড়ী ক্যাম্বিদ, ধূনা প্রভৃতির জনংখ্য দোকান দেখাইয়া অপর একটী চকের মধ্যে প্রবেশ করিলেন।

ইন্দ্র। বরুণ! এমন বাজার ত কোথাও দেখি নাই। ভাল, এই বাজারের মধ্যে চুটী উৎকৃষ্ট চক দেখিলাম, ও চুটী কাহার ?

বৰুণ। প্রথমটা মহারাণী স্বর্ণময়ীর; বিতীয়টি মনোহর দাসের। বড়বাজারের মধ্যে এই চুইটি চক বিখ্যাত। এই বাজারের দক্ষিণে আরুমাণী গির্জ্জা আছে।

দেবগণ একস্থানে উপস্থিত হইলে পিতামহ কহিলেন, বৰুণ! এ বাড়ীটী কাহার ?

বক্রণ। দেওয়ান কাশীনাথের।

बन्ता। हैशंद विषय श्रामादक वन।

বরুণ। ইহার পিতা সমাট সাজাহানের দেওয়ান ছিলেন। ইহারা জাতিতে ক্ষত্রিয়। আদি বাস লাহোরে। ইহার পিতার নাম মূলুকটাদ! ইনিই আসিয়া কলিকাতায় বাস করেন। মূলুকটাদের পুত্রের নাম দেওয়ান কাশীনাথ বাব্। ইনি কর্পেল ক্লাইবের দেওয়ান ছিলেন। দেওয়ান কাশীনাথ অত্যন্ত হিন্দু ছিলেন! ইনি নিজ আবাসবাটীর সন্নিকটে খ্যামলজী নামক বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া নৃতন চক তাঁহার সেবার্থে দান করিয়াছেন। এই

দেবগণের মর্জ্যে আগমন

মহাত্মা লালগড় নাথের মন্দির ও পীর জুমাসার গৃহ নির্দাণ করিয়া দিয়াছেন; ইহার পুলের নাম দামোদর দাস বর্ষণ। ইনি অত্যন্ত সম্ভান্ত ও বিষয়ী। লোকে ইহাকে রাজা বাব্ বলিয়া থাকে। কলিকাতার ন্তন চক, কাশীনাথ বাব্র বাজার ইহারই। অনেকে বলে—কালীযোটের বর্তমান মন্দির এই বংশীয়দিগের প্রতিষ্ঠিত। পিতামহ! সমুথে বড়বাজারের মলিকদের বাড়ী দেখন।

ব্ৰহ্মা ইহাদের বিষয় বল।

বরুণ। ইহারা জাতিতে স্থবর্ণবিণিক্, পূর্ব্ব উপাধি দে। নবাব সরকার হইতে মল্লিক উপাধি প্রাপ্ত হন। বনমালী মল্লিক সমাট্ আকবরের সময় বিষয় করেন। ইহাদের কাঁচড়াপাড়ায় আবাদ ছিল। আবাদের নিকট একটি থাল আছে, তাহাকে অভ্যাপি লোকে মল্লিকের থাল কহে। ইহার পুত্রের নাম রুষ্ণদাস মল্লিক। ইনি বল্লভপুরের মন্দির নির্মাণ করিয়া দেন। এই বংশের নয়ানটাদ মল্লিক মাহেশে অনেক মন্দির ও ধর্মশালা প্রতিষ্ঠা করিয়াছেন, এবং বড়বাজারে পাকা রাস্তা করিয়া দিয়াছেন। ইহার পুত্র গৌরচরণ মল্লিক কাঁচড়াপাড়ায় একটা দেবমন্দির প্রতিষ্ঠা করেন।

নয়ানচাদ মল্লিকের বিতীয় পুদ্র নিমাইচরণ মল্লিক বল্লন্তপুরে একটা মন্দির প্রতিষ্ঠা করেন। কাঁচড়াপাড়ায় ক্লম্বরায়ন্ধী নামক বিগ্রহের মন্দির ও তাঁহার দেবার্থ অনেক অর্থ প্রদান করেন। ইনি বাটিতে বিদ্ধাবাসিনী পূজা করিয়া অনেক দেনদার কয়েদীর দেনার টাকা দিয়া কারাগার হইতে মুক্ত করিতেন। ১৮০৭ সালে ইহার মৃত্যু হয়। মৃত্যুর সময় ইনি ক্রোর টাকা রাখিয়া যান। ইহার পুল্র রামমোহন মল্লিক ব্যবসায় য়থেষ্ট বিষয় বৃদ্ধি করেন। ১৮৪০ সালে ইনি তিন মাস পুরাণ প্রবণ ও তত্পলকে বিস্তর টাকা বয় করেন। ১৮৫৫ সালে ইনি গঙ্গাতীরে একটি ঘাট প্রতিষ্ঠা করেন। ১৮৬০ সালে ইহার মৃত্যু হয়। ইহার পুল্র প্রেমনাথ মল্লিক শ্রীক্লেক্রের জগলাথের রন্ধনশালা নির্মাণ করিয়া দেন। বৃন্দাবনের বংশীলাল গোস্বামীর ক্লে থরিদ করেন। এই বংশের মতিলাল মল্লিক বৃন্দাবনে একটা ক্লবাটা নির্মাণ করিয়া দেন। তথায় রাধাশ্রামন্ধী বিগ্রহ প্রতিষ্ঠা করেন। ইহার পোর্যপুত্র বাবু যত্লাল মল্লিক। ইনি মাহেশে একটি কুল্পবাটী প্রতিষ্ঠা করিয়া দিয়াছেন। এবং ১৮৭৪ সালে মাতার তোল ব্রন্ড উপলক্ষে বিস্তর টাকা বয় করিয়াছিলেন।

এথান হইতে যাইয়া সকলে শেঠেদের বাড়ীর নিকট **উপস্থিত হইলে** বরুণ কহিলেন :—

"ইঁহারা পলাশীর যুদ্ধের ৫০ বৎসর পূর্বে আদিয়া কলিকাতার বাস করেন। ইঁহারা অত্যন্ত ধনী ব্যবসায়ী। ইঁহারা আবাসবাটীর নিকটে গোবিন্দজী নামক বিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছিলেন। ইঁহারই পুত্র কন্তাদিগের বিবাহের স্থবিধার জন্ত বসাকদিগকে আনিয়া কলিকাতার বাস করান। বসাকেরাও অত্যন্ত ধনী। ধখন ইট ইণ্ডিয়া কোম্পানী কেল্লা নির্দাণ করেন, তখন শেঠ ও বসাকদিগকে বড়বাজারে জন্মী বদল দিয়া তাঁহাদের বাসস্থানের জন্মী লন। ঐ তুর্গ জেলহাউসী স্বোয়ারের উত্তরপশ্চিম দিকে ছিল। শেঠেরা যথন উঠিয়া আদেন, গোবিন্দজীকেও বড়বাজারে উঠাইয়া আনেন। এই বংশের যাদবেন্দু শেঠ রাধাকান্তজী নামক বিগ্রহ প্রতিষ্ঠা করিয়াছেন। উক্ত ঠাকুর বাশতলা ষ্টাটে ৫ নং বাটাতে আছেন।"

দেবগণ এথান হইতে বাসায় চলিলেন। যাইতে যাইতে বরুণ দেবগণের জলযোগের জ্বন্থ কিছু মিষ্টান্ন থবিদ করিয়া লইলেন। উপ যাইবার সমন্ন চতুর্দ্দিকে চাহিয়া হাঁ করিয়া যাইতে লাগিল; অন্ন কুড়ি বাইশ বার হোঁচট পাইল।

দেবগণ বাসায় আসিয়া জলযোগ আরম্ভ করিলেন। নারায়ণ কহিলেন, "মর্জ্যের জল-হাওয়ায় বেশ কুধা হয়। স্বর্গে আমরা কুধা তৃষ্ণা কাহাকে বলে জানিতাম না।"

বন্ধা। শরীরে পাপ প্রবেশ ক'চ্ছে কিনা! পাপী ব্যক্তিরাই ক্ষ্পা তৃষ্ণার কট পায়। জলযোগ করিয়া পুনরায় সকলে একথানি গাড়ী ভাড়া করিয়া নগর ভ্রমণে বাহির হইলেন। তাঁহারা এক স্থানে উপন্থিত হইয়া দেখেন, একটি বাড়ীর গাত্রে বৃহৎ বৃহৎ ইংরাজী জক্ষরে কি লেখা বহিয়াছে। তদ্প্টে দেবরাজ জিজ্ঞাসা করিলেন "বরুণ। এ বাড়ীটি কি ?"

বরুণ। এ বাড়ীটির নাম বাথ্গেট কোম্পানীর দাওয়াইখানা: এটা এই সহরের মধ্যে একখানি প্রধান ঔষধের দোকান। ই হারা থারাপ ঔষধ বিক্রেয় করেন না। আরো অনেক ঔষধের দোকান আছে; যে ঔষধ নষ্ট হইয়া যায়, তাহারা তাহা হলভ মূল্যে বিক্রেয় করিয়া ন্তন ঔষধের আমদানী করে। ঐপচা ঔষধ বাজারওয়ালারা সন্তাদরে কিনিয়া লইয়া গিয়া অপরাপর ঔষধালয়ে বিক্রেয় করে। বেশী মাত্রায় পরীপ্রামে যায়। তথাকার হাতুড়ে ভাজারেরা সেই

পচা ঔবধে মনের সাধে জল মিশাইয়া বোগীদিগকে থাইতে দেয়। দৈ রোগীর অথগু পরমায়, তিনিই বেঁচে যান; কিন্তু ঔবধের দাম দিতে সর্বস্থান্ত হইতে হয়। ঐ থারাপ ঔবধ বেশী পরিমাণে ব্যবহার হওয়াতেই দেশের এত শোচনীয় অবস্থা।

ব্রহ্মা। যাঁহাদের ঐ সব ঔষধালয়, তাঁহারা ত মহাপাপ করেন। পুরাতন ঔষধ বিক্রয় না করিয়া গঙ্গার জলে ফেলিয়া দেওয়াই কর্তব্য। তাঁহারা বিক্রয় না করিলে, পচা ঔষধ দেশ-দেশাস্তবে যাইত না, দেশেরও এমন ত্রবন্থা হইত না।

বক্রণ। মান্থবের আজও ততদ্ব বোধ ও নিঃস্বার্থ প্রবৃত্তি জন্মে নাই।
দেবগণ দেখেন—দোকানের বাহিরে হুটো লোক ঘুরে ঘুরে বেড়াছে। এই
সময় দোকানের মধ্য হইর্তে এক বৃক্তি বাহিরে আসিল। উহারা তাহার
নিকট যাইয়া কহিল "আপনাকে শিশি ধোয়া জলগুলো দিতেই হবে। দেখন
ঐ জল আমরা দেশে লইয়া বিলক্ষণ দশ টাকা লাভ করিব। আপনি
স্বদেশস্ক এবং এই দোকানে কর্ম করেন বলিয়াই আসিয়াছি।"

সে ব্যক্তি "আচ্ছা" বলিয়া দোকানে প্রবেশ করিলে প্রথম ছই ব্যক্তি বিদিয়া গল্প আবন্ত করিল। একজন কহিল—"আমরা ছাইতে না পারি, গোড় চিনি! রোগের ঔবধই উপবাস। তাহাতে রোগ না সারিলে ঔবধ দিই। জল ঔবধে যদি বিকার টেনে আনে, দিন থাকিতে বলি আমার অসাধ্য, ভাল ভাজার আন। ভাল ভাজারের হাতে মরে, তাহাদের বদনাম হয়। আমরা মাধ্ব কবিরাজের শালার মত জেয়ান্ত মান্ত্র মারিনে। ছি! ছি! লোকটা ধড় ফর ক'রে মরে গেল।"

২য়। সে কিরপ ?

১ম। জান না ?—মাধব কবিরাজের শালা যাহাকে আমরা মামা ব'লে ডাকিতাম।

২য়। চিনেছি, ধড়ফড়য়ে মরে গেল কি ?

১ম। এ থবর রাথ না ? মামা, তাঁর বোনাই মাধব কবিরাজের বাড়ীতে থেতেন আর ভাগিনেরদের কোলে পিঠে ক'র্তেন। লেথাপড়া জানা দূরে থাক, হাতে-থড়ি পর্যান্ত হইয়াছিল কি না সন্দেহ। মাধব কবিরাজের মৃত্যুর পর মামা ব'ল্লেন্ "আমি চিকিৎসা ব্যবদা আরম্ভ করি, কারণ আম:দেরু যজমানেরা স্থচিকিৎসকের অভাবে কার ধারস্থ হইবে ?" কিন্তু ছঃথের বিষয় ৰামাকে কেউ ভাকে না। হঠাৎ একটা বোগীর আসরকাল ঘূনিরে এসেছিল, লৈ মামাকে ভাকিতে আসিল। মামা মহাসম্ভই হইয়া মাধ্য কবিরাজের আলমারী খুলিয়া ঔবধ বাছিতে লাগিলেন; তাঁহার ঔবধ আর মনস্থ হয় না। যে ভাকিতে আসিয়াছিল, ভাহাকে কহিলেন, "হাঁরে রোগীর বয়দ কড়? জোয়ান না বালক ?" সে কহিল, "জোয়ান, কাল সবে 'জর হয়েছে।" এই লমন্ত্র মামা বড় বড় লাল ঔবধ দেখিয়া কহিলেন, "হাঁহা, ভাকে এই মৃত্যুক্তর শীবধ থাওয়াতে হবে।"

২য়। ঔষধের নাম কি মৃত্যঞ্জয় আছে ?

১ম। মামা একটা নাম রেখে দিলেন। তার পর শোন না—মামা দশ শনর গণ্ডা দেই ঔবধ নিয়ে রোগী দেখতে চরেন। ঘাইবামাত্র তাহারা একটা টাকা দিল, তথন রোগীটে ব'দে গুড়ুক তামাক থাচ্ছিল। মামার এই প্রথম টাকা উপার্জ্জন; অতএব টাকাটী নিয়ে মহাসম্ভইচিতে কহিলেন, অভই জর আরাম ক'রবো, তোমাদের কোন চিন্তা নাই। বলিয়া দেই মৃত্যুক্তর বড়ী একেবারে ঘাদশটী থেতে দিলেন। রোগী ঔবধ থেয়ে ভয়ে প'ড়লো এবং ঘুই একবার হাত পা থেঁচে চোথ কপালে তুলে সিঙ্গা দুঁকলো! মামা থানিকক্ষণ হাঁ করিয়া দেখে ব'লেন, "একটু পরেই সেরে যাবে, তোমরা কিছু চাপা দিয়ারা, যেন বাতাস না লাগে" বলিয়া দে চন্পট।

২য়। তুমি জানুলে কেমন ক'রে।

সম। মামা পালিয়ে এনে আমাদের বাড়ীতে লুক্য়েছিল। সমস্ত দিন বাটীর বাহির হয় নাই। সন্ধার পর আমাকে চুপে চুপে ব'লে, "দেখে আরু দেখি, সেটাকে বাহির ক'রে নিয়ে গেছে কি ঘরে আছে।" আমি ব'লাম "মামা, রোগীটে যে সকালে শুভুক ভামাক থাচ্ছিল দেখে এসেছি।" মামা ব'লেন, "হরে বাবা! বিকারে নেচে থেলে বেড়ায়। ওভো শুভুক ভামাক থাচ্ছিল; ভোরা জানিস্না, ওর ডোরা বিকার হয়েছিল।" মামার মান্ত্র মারা দেখে আমার সাহদ হ'লো, মনে মনে ভাব্লাম "বা। এ বাবদাত বড় মজার! আমি এই বাবদা ক'রবা।" দেই থেকে ডাকারি আরম্ভ করেছি।

দেবগণ এই সমস্ত কথা শুনে আশ্চর্যাধিত হইলেন। বরুণ কহিলেন, *ইহারা পাড়াগাঁরে হাতুড়ে ভাক্রার। ইহাদের মধ্যে ধিতীয় ব্যক্তি জাতিতে ভোম।"

मोदा । छार्दमद चन लारक चाद ?

বৰুণ ৷ প্ৰবধাৰ্থে লোকে মেছের জল থাছে, ডোম ত বাপেৰ ঠাকুৰ !

এখান হইতে দকলে এক স্থানে উপস্থিত হইয়া দেখেন—স্বনেকগুলি সাহেৰ একটা বাটা হইতে পোৰাকাদি খবিদ করিয়া প্রত্যাসমন করিতেছেন। বাটার সায়ে বভ বভ ইংরাজী অক্সরে কি সেখা রহিয়াতে।

ইন্ত্র বক্ব । এ বাড়ীটি কি ?

বকণ। ইংার নাম হোয়াইটওয়ে সেত্লর আফিস। এই ছানে সাহেবদিগের যাবতীয় পরিচ্ছদাদি বিক্রয় হয়। অনেক মেম এখানে বস্তাদি থরিদ করিতে আসিয়া থাকেন বলিয়া বিস্তব মেম চাকরাণী আছে। এখানকার দোকানীরা অনেক অংশে ঘটকের কাম্ব করে; কারণ যে সমস্ত অবিবাহিতা মেম বস্তাদি কিনিতে আদে, তাহাদিগকে অপর কোন অবিবাহিত সাহেবের ক্ষণ গুণের বর্ণনা করিয়া দম্মত করাইয়া বিবাহ দেয় এবং অনেক বিক্রেতা ঐ স্ত্রীলোকদিগকে লইয়া—

এই সময় দুইজন বাঙ্গাল আদিয়া দেবগণকে কহিল "মোলারা কইতে পাবেন, এইটার নাম কি হোয়াটগুয়ে লেড্লর অকিচ্? আপনারা জ্ञানেন— এক একটা হাট ও সাহেবী পোষাক কর্তি মূলা কত লাগ্বে?

বৰুণ। সাহেবী পোষাকে ভোমাদের আবশ্যক কি ?

বাঙ্গা। আমরা পচ্চিম যাইবার মনস্থ ক'রেছি। হাট কোট দেখ্রি লোকে সাহেব ঠাওরাইয়া ঠানে মাব্রে না।

নারা , ভোমাদের বর্ণ রুঞ্চ, সাহেব দাজিলে মানাবে কেন ?

বাঙ্গা। কৃষ্ণবর্ণের কি সাহেব নেই ?

ইন্দ্র। যাক, ভোমরা কি ব'লে আত্মণরিচয় দেবে ?

বাঙ্গা। আমরা ডিকুঙ্গ মিকুঙ্গ থাহোক একটা কইমৃ।

নারা। বক্রণা আমাদেরও একটা সাহেবী পোধাক কিন্তে হয় নাঃ অর্গে শ্রেটাবর্তন-সময়ে সাহেব সেজে গেলে বহস্ত মন্দ হবে না।

ইহার পর একছানে উপস্থিত লইয়া বকাৰ কহিলেন, "ভদিকে দেশ্ন হারমান্কোম্পানী। উহারা কলিকাতার মধ্যে প্রধান দরদ্ধি। ঐ লোকানে অনেকে সাহেব পবিচ্ছদাদি শ্রেন্ত করাইয়া লন। অনেক ধনী বাঙ্গালীরও এখানে পোষাকাদি শ্রেন্ত হইয়া থাকে। বি. এ; এম এ; শ্রেন্ডি উপাধিধারীর পবিচ্ছদ শ্রেন্ত করা ইহাদের কন্ট্রাক্ট লওয়া আছে।

নারা। বরুণ! তুমি ব'রে বাঙ্গালীরাও ঐ দোকানে পোষাকাদি প্রভাত

ক্রাইয়া লয়, কিন্ধ উহাদের পিরাণাদি সেলাই কি দেশীয় দরজিদিগের সেলাই অপেকা উৎক্ট হয় ?

বকৰ। উৎকৃষ্ট হয় না গটে; তবে ইছারা জামার পেছন দিক্টা বেশ গাহেৰী ধ্রনের কাটিয়া পেলাই করিয়া দেয়।

ইব্রঃ বরুণ। হাইকোর্টের **স্বস্নেরা যে স্থলর পরিচ্ছ**ণ পরিয়া সেসনে থাসন, ভাহাও কি এই স্থানে প্রস্তুত হয় ?

वल्या हो, दक्त १

ইন্দ্র। স্মামারে সেই প্রকার পরিচ্ছদ খবিদ করিয়া দিতে এইবে ; কারণ স্মামার **এরণ বেশে বিচারাদনে বদিয়া বিচার করিবার একান্ত ইচ্ছা** হইয়াছে।

বক্রণ। এরপ পোষাক ধরিদ করিলে অবিকল প্রাপ্ত হওয়া যাইবে না। উহারা কিছু ইতর বিশেষ করিয়া দিবে, যেহেতু অবিকল পোষাক বিক্রয় করিবার উহাদেব অধিকার নাই।

এখান হইতে সকলে এক স্থানে উপস্থিত হইলে পিতামহ জিজালা করিলেন "বকণ! সম্মুখে দেখা যাইতেছে— ও নাড়ীট কি ?"

বরুণ। উহার নাম হামিন্টন কোম্পানীর দোকান। ইহারা কলিকাতার মধ্যে প্রধান জহরী। এই দোকানে চ্যেন, ঘড়ি, হীরকাদি এবং গ্রীলোকদিগের যাবতীয় উৎক্ট গহনাদি বিক্রয় হইয়া থাকে।

ইক্স। বক্ষণ। ভিতরে চল না, একটা চ্যেন ঘড়ি কিনে লই। এখানকার গহনাদির গড়ন যদি ভাল হয়, প্রেডগাগমন-সময়ে মহিষীর জন্ম এক প্রেক্ত ধরিদ করিতে হইবে।

বক্ষণ এই কথায় সমত হইয়া দেবসগকে ভিতরে লইয়া যাইয়া দেখেন
—একজন পালাগ্রামের জমাদার গহনাদি খরিদ করিয়া বিষম বিপদগ্রস্ত
ছইয়াহেন। সাহেবেরা চালানের পৃষ্ঠে তাঁহাকে নাম স্বাক্ষর করিয়া দিবার
জ্ঞাজেদ করিতেছে; কিছ বাবুর হাতে-থড়ি না হওয়ায় কি করিয়া নাম
স্বাক্ষর করিবেন ভাবিয়া গলদঘর্ম হইতেছেন। লোকটা চালাক, অবশেষে
আপনার নামান্ধিত মোহরের ছাপ দিয়া কাজ সারিবেন। তংপরে
সাহেবিদিগের উপরোধে টেবিলে বিদয়া কি কতকগুলো গিলিতে লাগিলেন।

পিতামহ একদৃত্তে তাহার প্রতি চাহিয়া কহিলেন, "নেখাপড়ায় ত পণ্ডিত খ্ব। এদিকে দক্ষিণ হস্তের বিষয়ে দেখ্টি পটু। বরুণ। ও পাষও কে ।" বরুণ। উনি এক পরীগ্রামের মুর্থ অমিদার। নেখাপড়ায় মূর্তিমন্ত— কিন্তু লোকের নিকট এই ভাব প্রকাশ করেন যে, উনবিংশ শতাবার একজন ফুশিক্ষিত অবতার।

ইন্দ্র। বরুণ। উনবিংশ শতাব্দীর লোকেরা কেমন ?

বকণ। ইহাদের মেজাজ ইংরাজী ধরনের। ইহাদের সভ্যতা ও চালচলনও সাহেরী গোছের। জনেকে হিলুধর্ম বিশাস করেন না, একমাজনিরাকার জ্বর স্থীকার করেন; কিন্তু কাজেও তাহা দেখান না। বৃতি
চাদর পরিধান ও মাছের ঝোল ভাত অনেকের ভালো লাগে না। ছাট
কোট পরিধান করিয়া টেবিলে বিদিয়া মন্ত-মাংসাহার বেশী পছল করেন ৮
ইহাদের স্ত্রীই সর্বাধ। অনেকে মাতাকে মাতা বলিয়া পরিচয় না দিয়া
বাপের পরিবার বলিয়া পরিচয় দিয়া থাকেন। এই উনবিংশ শতান্ধীতে পৈতা
ফেলা ও রাদ্ধ হওয়া লোকের একটা সংক্রামক রোগ হইয়া দাঁড়াইয়াছে। এই
শতান্ধীতে বাপের গায়ে পা ঠেকিলে "বেগ ইওর পার্ডন" বলিয়া ক্রমা
চায়। নিজে গাড়ী জুড়ী হাঁকান এবং বাপকে বাজার ক'র্তে পাঠান।
পরিবার রাঁধ্লে পাছে অন্ত্র্থ হয় এই জন্ত মাকে দিয়া রাঁধান হয়।
স্ত্রী-পুক্ষের কথোপকথন পাছে বাপ-মার কানে যায়, এজন্ত নীচের স্বন্ধকার
ঘরে তাঁদের ভতে দেন।

ব্ৰহ্মা। ও যাক্—কলিতে যা যা হবার তা এই উনবিংশ শতাবীতে হ'চ্চে, ও আর ভনে কি হবে। বৰুণ মূর্ব জমীদারেরা কে—আমাকে বিশেষ করিয়া বল।

বকণ। আপনার শরণ থাকিতে পারে, লক্ষণ শক্তিশেলে প্রাণ্ডাগ
করিলে হত্মান্ উধধান্বেশে গমন করিলেন। উবধ রজনীমধ্যে না আনিতে
পারিলে লক্ষণ আর জীবিত হইবেন না শুনিয়া রাবণ নিজ মাতুল কালনেমি
নামক এক রাক্ষদকে ভাকিয়া কহিলেন, "মামা! যন্তাপি তুমি কোনরূপে
হত্মান্কে প্রতারণায় বন্ধীভূত করিয়া রজনী প্রভাত করিতে পার, আমি
তোমাকে রাজ্যের আর্থাংশ তুলারূপে প্রদান করিব; তোমার বৃদ্ধি অতি
প্রথর এবং পরিমার্ক্জিত, তক্ষমাই এই মহৎ ভার অর্পণ করিতেছি। আমি
তোমাকে ভারাপণি করিয়া নিশ্চয় জানিতেছি বে, তোমারই পারা আমার
অভীই দিক হইবে। বাবণম্থে নিজ প্রশানাম্য শুনিয়া বিশেষতে রাজ্যপ্রাণ্ডির লোভে রাক্ষম হউচিত্তে প্রস্থান করিল এবং হত্মান্কে মারায়
ব্নীভূত করিয়া এক স্বোব্রে আনার্থ পাঠাইল্য জানাতে হ্মমানের

প্রত্যাগমন করিতে বিলগ হইল দেখিয়া কালনেমি মনে মনে ভাবিল, প্রকিনীতে যেরপ কুন্তীরের উপস্থব, বোধ হয় বানরটাকে এতক্ষণ উদরসাং করিরাছে; অতএর আমি রক্ষ্ণ পাকাই, নচেং কি দিয়া রাবণের আর্থ্বক বাজ্য মাপিয়া লইব। কালনেমি দড়ি পাকাইতেছে, এমন সময় হয়মান্ প্রত্যাগমন করিয়া তাহাকে সংহার করিতে উন্তত হইল। রাক্ষন প্রাণ বায় দেখিয়া রোদন করিতে করিতে কহিল, "হায়! আমার রাজ্যভোগ অদৃষ্টে হইল না, হাতের দড়ি হাতেই রহিল।" হয়মান্ তাহার রোদনে হাথিত হইয়া কহিলেন, "কালনেমি। আমি তোমাকে সংহার করিতেছি বটে, কিন্তু লোভে পড়িয়া এ কাজ করিয়াছ জানিয়া বর দিতেছি, তোমার অদৃষ্টে রাজ্যভোগ ঘটিবে। কলিতে তুমি মূর্য জমীদাররূপে বিরাজ করিবে, দেই সময় তোমার রাজ্যের জমী তোমার আমলারা ঐ হস্তন্থিত হক্ত্ খারা মাপ করিবে।"

উপ। বৰুণ-কাকা, বাঁশ দিয়ে ত মাপে ?

নারা। বরুণ। এই বোকা জমীদারটা কি ক'রে নিজের বিষয় বুঝে লয় ? আমলারা বোকা দেখিয়া ফাঁকা দিয়ে লয় না ?

বৰুণ। উনি গোমস্তাদিগকে কহেন, "আমি বকেয়া বাকী প্রভৃতি বুঝি না; যে তালুকের যত আয়, আমাকে সেই টাকা রোজ ছই তিন কিস্তিতে দিতে হইবে।"

দেবগণ ইহার পর চোন ঘড়ি থরিদ্ করিয়া টাকা দিলে দোকানের হই একজন লোক তাঁহাদিগকে জল থাইতে উপরোধ করিন। তাঁহারা ওজন আপত্তি করিয়া পলাইয়া আদিয়া রাস্তায় দাঁড়াইয়া পরস্পর মূথ চাওয়া চাওয়ি করিয়া বলিতে লাগিলেন, "সাহেবটা আমার হাত ধ'রে যেরূপ টানাটানি আরম্ভ করিল, ভাবিলাম বুঝি জাতটা মার্লে! থুব ফাঁকী দিয়ে পালিয়ে এদেছি।"

আবার সকলে চলিলেন। নাবায়ণ জিজ্ঞাসা করিলেন, "বরুণ। দেখা যাইতেছে—ও বাড়ীটি কি ?"

বৰুণ। উহা টি, টম্পন্ কোম্পানীর বাড়ী। এই স্থানে লোহা-লকড়ের স্বব্যাদি বিক্রয় হয়। উহাদের একটা কার্যানা আছে। তাহাতে নানা-প্রকার লোহের স্বব্যাদি প্রস্তুত হইতেছে।

এখান হইতে সকলে ধর্মতলার বাজারের মধ্যে প্রবেশ করিলেন। ইক্র ক্ষান্তিকান, বরুণ। এ বাজারটী কাহার ?

দেবগণের মর্জ্যে আগমন

বক্ষণ। এই বাজারটা পূর্বে হীরালাল শীলের ছিল। মধ্যে মিউনিসিপাক কমিসনর হগ সাহেব মিউনিসিপাল বাজার সংখ্যাপনকালে দেখিলেন, ধর্মতলার বাজার থাকিতে তাঁহার বাজারের উন্নতি হইবে না, স্ক্তরাং অনেক চেটা করিয়া দেখিয়া শেবে প্রচুর অর্থব্যরে বাজারটা এককালে খরিদ্ব করিয়া লইয়াছেন। এরূপ করিবার কারণ এই—মিউনিসিপাল বাজার প্রস্কৃত হইবার পূর্বে এই ধর্মতলার বাজারে গাহেবিদিগের যাবতীয় থাজ্জব্য প্রস্কৃত হইত। ওদিকে শনির মত কে গেল । আপনারা একটু দাঁড়ান, আমি শীঘ্র ক'রে দেখে আদি।

বকণ প্রস্থান করিলে এক ব্যক্তি একটা কাগছে মোড়ক করা দ্রব্য এক দৃষ্টে দেখিতে দেখিতে নারায়ণের নিকট আসিয়া অতি মৃত্যুরে কহিল, "মহাশয়। দেখুন—এই সাতনর গাছটি রাস্তায় কুড়িয়ে পেলাম, এটা সোনার ত ?"

নার্য়ণ দেখিয়া কহিলেন, "হুঁ। সোনার**ই বটে। তোমার আদ লাভের** কপাল।"

লোকটা ভৎশ্রবদে ঈষৎ হাস্ত করিয়া কয়েক পদ প্রস্থান করিল এবং ভৎক্ষণাৎ প্রভাগমন করিয়া নারায়ণকে পূর্ব্বের হ্যায় মৃত্ করে কহিল "দেখুন, কাহাকেও কহিবেন না, এ ছড়াটা আপনি আট দশ টাকা দিয়ে থরিদ ক'বে লউন। আমার নিকট থাকিলে চোর মনে ক'রে পুলিদে ধরে নিম্নে যাবে। যাহারা থোয়া গিয়াছে, অহ্মদ্ধান পাইলে ফেরত দিতাম; কিন্ধ এ সহরে ত লোক খুঁছে পাওয়া যাবে না, লাভের মধ্যে প্রতারক বেটারা এসে 'আমার' বলিয়া প্রতারণা করিয়া লইবে।"

নারায়ণ কিয়ৎকাল চিস্তা করিয়া মনে মনে কহিলেন, "এমন হুন্দর বং ও গড়ন স্বর্গের হুর্ণকারেরা করিতে পারে না। যত্তপি পরিদ্ করিয়া লইয়া গিয়া নারায়ণীকে প্রদান করি, মর্ত্তো আসিয়া কালবিলম্বনিবন্ধন দারুক্ অভিমানটা তিরোহিত হইতে পারিবে।" এই ভাবিয়া তিনি দশ টাকা মূল্য দিয়া সাত্রর ছভাটী ক্রয় করিলেন।

ইন্দ্র। আমি ভাই দাম দিচি, ও ছড়াটা আমাকে দেও।
নারা। তা আমি দেব কেন ? বলিতে কি, জলের দামে কিনেছি।
এই সময় বৰুণ আনিয়া কহিলেন, "শনি নয়, শুন্লাম সে সহবের গলিতে
গ্লিতে ফেরে; কিন্তু দেখা পাবার যো নাই দেখা পেলে উপকে হাতে হাতে
সম্পূৰ্ণ ক'রে নিশ্বিস্ত হ'তাম।"

নারা। বরুণ । তুমি গেলে—আমি দশ টাকায় একছড়া বহু মূলোর সোণার সাত্তনর কিনেচি।

বৰুৰ। কোথায় ?

নারা। একটা লোক বাস্তায় সূড়িয়ে পেরে আমাকে সম্ভাদরে বেচে পেল।

বৰুণ। মরেছ ? প্রাণারকে ঠকাইয়া গিনি সোণা ব'লে বেচে গিয়েছে।
নারা। বল কি ? দেবরাজ ! কিন্তে চাচ্ছিলে ? নেবে ? কি
আন্তর্যা ! লোকটা রাস্তায় কুড়িয়ে পেনাম বলায় আমি ব'লেছিলাম —
আজ তোমার লাভের কপাল ! শেষে লাভটা কি আমার মাধায় হাত
বুলিয়ে ক'বে গেল !

ব্ৰন্ধা। মুঁটা! কেফ, ঠক্লি? বৈলি—সোণা দানা কিনিবার কি আহ স্থান ছিল না? স্বর্গে কি সোণার অপ্রভুল আছে ॰

নারা। এথানকার গড়ন ভাল।

ৰক্ষা। গড়ন নিয়ে তৃই ধুয়ে থা।

দেবগণ আবার চলিলেন এবং যাইয়া গৈদনীর চকের মধ্যে প্রবেশ করিলেন। উঁহোরা দেখেন, অধিকাংশ দোকানে সাপেবদের কোট পেণ্টুলন বিক্রয় হইলেছে এবং অনেক মনোহারীর দোঝান রহিয়াছে। অনেকগুলি দোকানে পিত্তর ও লোহার জ্বাদি বিক্রয় হইলেছে।

উপ কহিল, "কর্তাজেঠা ! অংশার পায়ে জুলা নাই, ঐ মেলা জুলা বিক্রী
হ'চে, এক জোড়া কিনে দেবে !" দেবগণ তৎশ্রবণে জুভার দোকানেছ
নিকট উপস্থিত হইলে চতুদ্দিক্ হইলে দোকানদারেরা—"বাবু, এদিকে
শাহন, ভাব জুলা" বলিয়া চীৎকার করিতে লাগিন।

তাঁহার। একটি দোকানে প্রবেশ করিলে একজন বাঙ্গাল কহিল, "মশ্রেরা এহানে জুতা লাইবেন না, এরা ডাহাতি কর্তি পারে। আমি এই জুতা জোড়াটা পারে দিয়ে দেখ্ছিলাম বলে পাঁচ দিহার জুতার দাম পাঁচ টাকা কৈচে। লব না কইচি তাতে বল্চে—যথন পায়ে দিছ লিতেই হবে! দেহবো এরা কেমন কইরে দাম আদায় করে। সত্যি আমি মন্তবে বাঙ্গাল নই আমার নিবাস ভাহায়। সেহানেও জুতার দোকান আছে, দেহানেও জুতার কল জাইচে।"

্রাস্তা দিয়া একজন যশোহরের বাঙ্গাল যাইতেছিল, ছুটিয়া আাদিয়া

কৃছিল, "হালা, কি কৃছিচিন্। যভুৱে বাঙ্গালরা বাণের জলে ভেনে **সাইচে,** আর ভালার হালারা--।"

দেবগণ বাঙ্গালখয়ের বিবাদ দেখিতে দেখিতে চলিলেন। দোকানী কহিল, "মহাশয়েরা জুড়া- নেবেন না ?" বরুণ কহিলেন, 'না বাবা, বে তোমাদের গুণ গুন্ছি!"

দেবগণ চলিয়া যাইলে দোকানী বাঙ্গালকে কহিল, "মহাশন্ন! উঠে যান— ভাল লোককে জুত। বেচ্তে গিইছিলাম, প্রায় পঞ্চাশ ঘাট জন থড়েবকে "এরা জুয়াচোর" "এবা জুয়াচোর" ব'লে তাড়ালে। আপনি উঠে যান।"

বাঙ্গা। পাঁচ দিকায় হবে না ?

দোকা। না।

বাঙ্গাল হাসিতে হাসিতে প্রস্থান করিল। ওদিকে বকণ ঘাইতে যাইতে কহিলেন, "চাঁদনীর চকের জুতা-বিক্রেতারা বড় ছুই। উগারা পল্পীগ্রামেশ্ব লোক পাইলে পাঁচ সিকার জুতার পাঁচ টাকা লয়। প্রকৃতই উহাদের দোকানে জুতা একবার পায়ে দিয়ে, যদি দরে বনিবনাও না হয়, "কেন পারে দিলে" বলিয়া গোল করিয়া টাকা আদায় করিয়া লয়।"

এথান হইতে যাইয়া দেবগণ একটী বাটির সন্নিকটে উপস্থিত হইয়া দেখেন
—আনেকগুলি ঘোড়ার গাড়ী থামিয়া রহিয়াছে এবং অসংখ্য বাবু ঘুরে ঘুরে
বেড়াইতেছেন। তাঁহাদের প্রভাবে রই হস্তে এক এক তাড়া
কাগদ।

বঞ্চণ। ইহার নাম মিউনিসিপাল আফিস। এই আফিসটি নানা অংশে বিছক্ত। বাড়ীটি সর্বসমেত তিন তালা। প্রথম তালায় ছাপাথানা ও গরুর গাড়ীর এবং দোকান পসারের লাইসেন্স আদায়ের আফিস আছে। দিতীর তালায় ভাইস্চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার ও একাউন্টেগ্ডের আফিস আছে। ইঞ্জিনিয়ার তৃইপ্রকার যথা—জলের কলের ও রাস্তাঘাটের। তদ্তির ঐ দোতালায় সেক্রেটারি আফিস ও লাইটিং পুলিস আছে। তেতালায় চেয়ার ম্যান, ড্রাফ্টস্ম্যান (নক্ষা তৈয়ারকারী) প্রভৃতির আফিস আছে।

নাবা। কাগদ পত্র হাতে ফির্চেন—এঁবা কারা?

বক্ষ। ইহারা কলিকাতার যত ধনী লোকের ছেলে। ইহারা প্রায় প্রত্যেহই এখানে আশিয়া মিউনিসিপাল কমিশনর হইবার প্রত্যাশায় উমেদানি করিয়া থাকেন। সকলের হস্তে যে কাগন্তপত্ত দেখিতেছ, ওগুলি স্থপাবিস চিটি। উহার: মিউনিসিশাল কমিশনর হইবার প্রত্যাশার বাবে বাবে ব্রে ঐ কমক চিঠি সংগ্রহ কবিয়াছেন।

ইয়ে। মিউনিদিপাল কমিশনরদের বেতন কি ?

বক্ৰ। বেতন !—লোকের টাাক্স বৃদ্ধি করিলে গাল থাওয়া! আহা।
ঠাকুরদা! ব'ল্বো কি ? একবার এই পদ লাভের জন্ম একজন সম্পাদক
পর্যন্ত লালায়িত হইয়াছিলেন। তিনি পরের বাড়ী নিজের বলিয়া দেখাইয়
প্রদটি লাভ করিয়াছিলেন; কিন্তু পোড়া কপালে ভোগ হইল না।

নারা। বাড়ী দেখিয়ে বুঝি কমিশনর হ'তে হয় ?

বৰুণ। হাঁ! কমিশনর হইবার নিয়ম এই, করিকাভার মধ্যে **ছইখানি** বাজী থাকা চাই।

উপ। আছো—বক্লণ-কাকা! যদি ত্থানি ছোট ছোট থোলার বাড়ী থাকে?

বন্ধা। তৃই চুপ কর্। বরুণ! সম্পাদক ঐ পদটি লাভ ক'রে ভোগ ক'বতে পেলেন না কেন ?

বক্ষণ। মিউনিসিপাল কমিশনর হগ সাহেব কেমন ক'রে তাঁহার প্রতারণার বিষয় টের পেয়ে, ডাকিয়ে এনে কতকগুলো তিরস্কার করিলেন এবং নাম কাটিয়া বিদায় ক'রে দিলেন।

উপ। সাহেবটার নাম হগ ? হগ্মানে ভ শৃকর।

এথান হইতে যাইয়া সকলে মিউনিসিপাল বাজারেরই মধ্যে প্রবেশ করিলেন। পিতামহ কহিলেন, "বরুণ! এ হন্দর বাজারটি কাহার?"

বক্রণ। এই বাজারের নাম মিউনিসিপাল মার্কেট! ১৮৭৪ সালে ধর্মতলার বাজার ভালিয়া এই বাজারটী দংস্থাপিত হয়। এই বাজারে নাহেবদের থাছদ্রব্য বেশী বিক্রয় হইয়া থাকে। পূর্ব্বে এথানে অপর্য্যাপ্ত পচা মংস্ত ও পচা মাংস বিক্রয় হইত, এক্ষণে তাহা বিক্রয় করা রহিত করিয়া দেওয়া হইয়াছে। ওদিকে দেখুন মিউনিসিপাল আফিস। বাজার ও আফিস বাটী নির্মাণ করিতে ৬,৬৫,০০০ হাজার টাকা ব্যয় হইয়াছিল। ঐ টাকা গবর্ণমেন্টের নিক্ট ঋণ করা হয়। টাকার স্থদ—দোকানী প্রভৃতির নিক্ট লাইসেল টাক্স আদায় করিয়া প্রদান করা হয়।

ঁ উপ এই সময় "কর্তা জেঠা। সামায় বড় কোমর বাণা ক'বুচে, এস না

কেবগণের মর্জে: আগমন

একটু বদি" বনিয়া তুলশীগাছের বেদিশীড়ি মনে করিয়া বাংস-বিক্রয়ের স্থাকে। বাইয়া বনিল।

বৰুণ। উপ। ক'বুলি কি ? কোৰা গিয়ে ব'দলি ?

বন্ধা। কোথার ব'দেছে?

বক্রণ। ঐশুলোর উপর প্রাতে গোমাংস বিক্রন্ন করে, বৈকালে জল দিয়ে।
ধুয়ে পরিফার করিয়া রাখে।

বন্ধা। আবে ধৃ ধৃ! উপ! তুই দ্ব হ, আব আমাদের দকে: আসিস্নে।

"কর্তা ক্ষেঠা তৃমি রাগ ক'রো না, আমিহাত পা ধুয়ে আস্ছি." বলিয়া উপ ছুটিয়া একটা কলের নিক্ট যাইল।

ব্ৰহ্মা। হাত পা ধুলে কি শুদ্ধ হ'তে পাব্ৰি ? তোকে গোমর মেখে গঙ্গায় গিয়ে স্নান ক'বতে হবে।

"আমি তাই ক'র্বো, কর্তা-জেঠা—আমি তাই কর্বো।" বলিয়া উপ নিকটে আসিল। দেবগণ আবার চলিলেন। এক স্থানে উপস্থিত হইয়া নারায়ণ কহিলেন, "বঞ্জণ! এ বাড়ীটি কি ?"

বৰুণ। রোস্তমজী মাণিকজী নামক পারশ্ররাজ-প্রতিনিধির বাসা। ইনি এখানে সদাগরি কার্য্য করেন। কয়েক বৎসর পূর্ব্বে ইনি কলিকাতার সেবিফ হইয়াছিলেন।

ইন্দ্র। সেরিফ কি?

বকণ। পারশু সদাগরদিগের মধ্যে ইনি প্রধান বলিয়া ঐ উপাধি এক বৎসরের জন্ম প্রাপ্ত হন। পদটা বিলক্ষণ সম্মানের ; এত সম্মানের যে, কলিকাতার সেসন বিশ্বার সময় সেরিফ হাইকোটে যাইয়া যে স্থানে জ্বজেরা বসেন, তৎপার্যে বিস্বার স্থান প্রাপ্ত হন। সেরিফের একটা আফিস আছে; ঐ আফিসের কাজ এই,—খণী ব্যক্তিদিগের বিষয়াদি হাইকোটের অন্তমতান্থসারে নিলাম বারা বিক্রয় করিয়া টাকা জ্বমা দেওয়া। ঐ নিলামকে সেরিফ্সেল কহে। সেরিফ্সেলে কোন বিষয় খরিদ করিয়া দখল করিছেনা পারিলে সেরিফ্ ভজ্জা দায়ী নহেন; এই কারণে সময়ে সময়ে দশ হাজার টাকা মূল্যের বিষয় হাজার টাকায় বিক্রয় হইয়া থাকে। সেরিফ্ খ্ব মোটা বেতন পান।

এখান হইতে এক স্থানে ষাইয়া নাবায়ণ কহিলেন, "বৰুণ। এ বাড়ীটি কি ۴

বৰণ। ইহার নাম ফটোগ্রাফিকেল এটাব্লিস্মেন্ট। এখানে ছই টাকা মুল্য দিলে চেহারা তুলে দেয়।

ইন্দ্র। বরুণ! আমরা দেবতা হইয়া মর্জ্যে কি বেশে এমণ করিতেছি, মর্গে দেখাইবার জন্ত কয়েকখানি চেহারা তুলে নিলে হয়। কি বলেন ঠাকুরুছা দ বন্ধা। হানি কি ? একত্র সব কয়জনের তলে দেয় ?

वक्ष। एत्व ना किन १

"তবে লও" বলিয়া পিতামহ হাস্ত করিতে করিতে কহিলেন, "নারায়ণ। বংশী হাতে ত্রিভঙ্গবেশে হাটে বান্ধারে ত বিস্তর বিক্রয় হইতেছ, অতএব তোমারও চেহারা কি তলে নিতে হবে ১

নারা। হংসোপরি চতুর্মুখেরও বাজারে অসম্ভাব নাই, অভএব তিনি যখন নিচেন, আমি না নেব কেন ?

সকলে বাটার মধ্যে প্রবেশ করিয়া দর দম্বর ঠিক করিলে একঙ্গন সাহেব আসিয়া দেবগণকে একটা অন্ধনার ঘরে লইয়া গিয়া বদাইন। পিতামহ্ব গৃহুমধ্যে প্রবেশ করিয়া কহিলেন, "বরুণ! অন্ধকারে আমার বড় ভয় হ'চেচ, চেহারা ভোলায় কাজ নাই—পলাই চল।" উপ কহিল, "কর্তা-ছেঠা! সাহেবটা কি ক'রচে দেখি।" বলিয়া একবার উঠে দাঁড়ায়, একবার ব'নে উ কি মারে। সাহেব ছুটিয়া আসিয়া উপকে কহিল, "তুমি বড় চঞ্চল বালক, স্থির হয়ে বোসো, নচেৎ চেহারা খারাপ হবে।" সাহেব বহির্গত হইলেন এবং অল্প সময়ের মধ্যে দেবগণ স্থা স্থা চেহারার প্রতি চাহেন আর হাস্ত করেন। উপকেবার চেহারা দেখে আর নারায়ণের প্রতি চায়।

नावा। कि प्तथ् ছिन्?

উপ। এরা ত ঠিক এঁকেছে। বাজারে বেটারা ঠাকুর কাকাকে বাঁছরে ক'রে আঁকে কেন ?

ৰক্ষা। এত অল স্ময়ের মধ্যে এমন স্থন্দর আঁক্লে কেমন ক'রে?

বৰুণ। আজ্ঞে-কলে।

বন্ধা। ঠিক! ঠিক! আমি ভুলে গিয়েছিলাম, সাহেবেরা যে কলেই সব ক'বুতে পারে।

এই সময় একপাল নাহেব বিবি আসিয়া উপস্থিত হওয়ায় পিতামহ. ভয়ে পলাইতে চাহিলেন। বৰুণ কহিলেন, "ভয় নাই, ইহারা নাটুকে নাহেব; ইহাদের নিয়ম আছে, দলের মধ্যে স্থন্দরীদিধের চেহারা অন্ধিক্ত

-ব্যবস্থানের মর্জো জাগ্যত

ক্ষরিয়া রাস্তার রাস্তার লট্কাইরা দিরা জানার বে, অস্ত রজনীতে এই সকল স্বন্দরী অমূক নাটকের অভিনয় করিবেন।"

নারা। বরুণ। তুমি ব'লে--এই সকল ফুন্দরীরা; কিন্তু ইহাদের মধ্যে স্থন্দরী কই ?

বৰুণ। তুমি ইংরাজ স্বন্ধরী কাহাকে বলে জান না, সেই জন্তই ও কৰা বলিতেছ। ইংরাজদিগের মধ্যে যে স্ত্রীলোকের গলা লম্বা, চক্ষ্ কটা ও ক্ষ্ম, ক্লুল ভাষ্মবর্ণ এবং গায়ের রং লাল, তিনিই স্থন্দরী।

এই সময় কৃষ্ণবর্ণ কাক্সিবিশেষ একটা বাঙ্গাল যুবা, সন্ত্রীক চেহারা তুলিন্তে আসিল। স্ত্রীটি পরমা স্থলরী; পিতামহ একদৃষ্টে তাহাদের দিকে চাহিন্না শেখিয়া কহিলেন, "বরুব। এরা কারা ?"

বৰুণ। ইহারা দ্রী-পুরুষে একত্র চেহারা উঠাইতে এসেছে।

ব্রহ্মা। আরে না—বারণ কর। মাগী চেহারা তোলে তুলুক, মিলে বেন ও চেহারা আর তোলে না।

নারা। মিন্সের অপরাধ কি ? আপনি উহাকে যে চেহারা দিয়েছেন. ও লোক ভাল, তাই ছঃথ না ক'রে হেনে থেলে বেড়াচ্চে এবং মনের আনন্দে প্রতিম্তি তুল্তে এদেছে। বলি ঠাকুরদা এথাণের স্থটা ত সকলেরই আছে।

বন্ধা। আমি দে জন্ম তুল্তে বারণ ক'চিচ না। একে ঐ চেহারা, ভাহাতে আবার তুল্তে যদি থারাপ ক'রে ফেলে। মাগী হয়তো চেহারা দেখে অসম্ভই হয়ে ইংরাজী ধরনের পরিত্যাগ করে ফেল্বে। ভারতের যেরপ অবস্থা দেখ্ছি, তাহাতে কিছুই অসম্ভব নহে।

সকলে গল্প করিতে করিতে এথান হইতে চলিলেন। যাইতে যাইতে বকুণ কহিলেন, "সমুথে দেথ বাইবেল সোসাইটির ডিপোজিটারি। এই স্থানে ইংরাজদিগের যাবতীয় ধর্মপুস্তক বিক্রয় হইয়া থাকে। তড়িন্ন এথানে কিছু কিছু মাসিক টাদা দিলে লোকে প্রত্যহ আসিয়া পুস্তকাদি পাঠ করিতে পায়।"

উপ। কর্তা-জেঠা ! বাসায় চল। নচেৎ রাত্রিছে শীতে আমি কি প্রকারে গঙ্গা হইতে স্থান ক'রে আস্বো।

দেবতারা চিৎপুর রোভ ধরিয়া বাসায় চলিলেন। এই সময়ে দেবগণ
দেখেন—আফিনের কেরাণীরা ন্ধিমাতে নিমাতে আফিস হইতে প্রত্যাগমন

করিতেছে। তাহাদের মুখগুলি সমন্ত দিন খেটে গুকিরে সিয়াছে এ ককলেরই পাত্রে একটি করিয়া চাপকান। কোন কেরামীর চাপকানে লভ তালি ও শেলাই দেখা যাইতেছে। উহাদের মধ্যে কাহারও হত্তে পান, কাহারও হত্তে শালপত্রে করা মিষ্টার। বেলা অপরাহ, রাস্তায় জলের ছিটা দেওয়ার যেন এক পদলা বৃষ্টি হইয়া সিয়াছে। রাস্তার উভয়্পার্যন্থ বিভল ও বিভল অট্টালিকা সকলের বারাগ্রায় বারাঙ্গনারা বদিয়া পান চিবাইতে চিবাইতে ফরদীতে ধুমপান করিতেছে ও রাস্তার প্রতি চাহিতেছে। এক বৃষ্টী কেরাণীদিগকে দেখিয়া অপর বারাঙ্গনাকে হাত্ত করিতে করিতে কহিল, "কেরাণী মিন্সেগুলোর চলনের ভঙ্গী দেখা"

এই সময়ে কেরাণীর দল সদর রাস্তার মধা দিয়া আসিতেছিল। ছার্জাগাদিগের হথ কোথায়? হঠাৎ একথানা ছাকেরা-গাড়ী আসিয়া উপহিত
হইল এবং কোহমান্ কেরাণীদিগকে দেখিয়া "হটো" "হটো" শব্দে হাক্
করিয়া ঘোড়াকে চাব্ক মারিতে লাগিল। কেরাণীর দল সরিয়া, যে বারাখায় বেশ্যারা হাস্ত করিতেছিল, সেই দিকের ফুটপাথে যেমন উঠিলেন, অমনি
এক মাগী একটা রিসক বাবুকে দেখিয়া ইঙ্গিত করিয়া তাহার সম্মুথে যেমন
পানের পিক কেলিবে, কেরাণীর দলের মধাগত এক বাজির মস্তকে পড়িল।
ভিনি সমস্ত দিন থেটে, ছঃথে কটে বাটা ঘাইতেহেন হঠাৎ পানের পিক মন্তকে
লাগায় উদ্ধে দৃষ্টি করিয়া দেখেন—বেশ্যায়া করতালি দিয়া হাস্ত করিতেছে।
বে সকল কেরাণীর থেটে থেটে অস্থি-মজ্লা চুর্গ হইয়াছে, তাঁহায়া বিনা
বাক্যবায়ে হন্হন্ ক'বে চ'লে গেলেন। ছই এক জন তাজা কেরাণী, বাহাদের
শোণিত অল্লাপি উষ্ণ আছে, সহ্ণ করিতে পারিলেন না। কহিলেন, "জানিস
—তোদের জন্দ ক'ব্তে পারি। আমরা সরকারি পথ দিয়া ঘান্তি—তোরা
ওর্প গমনের বাাঘাত করায় অভিযোগ ক'বলে সাজা পাইতে পারিম ?
মর্ছিস বেশ্রাবৃত্তি ক'বে, তোদের এত অহলার কেন ?"

বেশ্যারা এই কথার খিল্খিল্ শব্দে হানিয়া উঠিন এবং কহিল, "আ মৰ্
মিলে। যাচেনে কেরাণীগিরি ক'বে, আবার রাগটুক আছে। আজিও বাব্দের
সথ মেটেনি—গোণ রাখা হরেছে। আমরা বেশ্যা, বেশ্যার্ত্তি করি বটে, কিছ
ভোদের মত লাইটা কেরাণীকে প্রতে পারি। এই ত সমস্ত দিন কলম পিবে
এনি—কি আন্লি? আমরা ঘরে ব'সে ঘণ্টার আট দশ টাকা উপায় করি।
তোর তিন পুরুবে চাক্রী ক'বে যা না ক'বতে পারবে, আমরা এক পুরুবে তা

এবৰগণের মর্জ্যে আগমন

ক'রেছি। কলিকাতার দীবর ইচ্ছার হুই তিন ধানা বাড়ীও আছে, আর গারেও এই দেখ, হুই তিন হালার টাকার গহনা রয়েছে। তোরা আমাদেব চাকর হবি ? আফিনে যে মাইনে পাস্—দেব।"

"তবু চৌদ্দ আইন নাই" বনিয়া কেরাণীরা একটা দে কানের নিকট যহিল।
এই স্থানে এক জন মেথর রাস্তা ঝাঁট দিতেছিল; কেরাণীদিগকে দেখিয়া
নষ্টামী ক'রে সমস্ত ধুলা সেই দিকে ঝাঁট দিয়া ফেলিতে লাগিল। কেরাণীরা
বিষয়সুথে অপর দিক দিয়া চলিলেন।

বন্ধা। দেখ বরুণ! আজ আমার কেরাণীদিগের ছরবন্থা দেখিরা বড় কট হইল। অর্থবামে বিভা শিক্ষা করার কি এই ফল । তুমি আমাকে কলিকাতার কেরাণীদিগের অবস্থা সবিশেষ বল।

বরুণ। এই কেরাণীদিগের মধ্যে অনেকে বাড়ী গিয়া দেখিবেন, ঘরে তেল শ্ব নাই: কয়লা-অভাবে বন্ধন হইতেছে না। অতএব বিশ্রাম করা দরে থাক--ধুলি পামে টাকা কৰ্জ্ব কবিতে বাহির হুইবেন। কেরাণীদিগের টাকা যেমন আদে, তেমি যায়; কারণ, ইহারা সমস্ত মাদে দোকানে উঠনা থাইয়া ধার্কেন। ওদ্ভিন্ন যে পয়দা উপ জ্জন করেন, তাহাতে অনেকের তেঁতুল-মাথা ভাত জুটে না: তাহার উপর নৌকিকতা ও আচার-ব্যবহার সকলই আছে। ইহারা আবশুক হইলে চারি প্রণা হুদেও টাকা বৰ্জ করেন; শেৰে পরিশোধের সময় দেখেন, এক টাকায় হুদে আসনে তিন টাকা ইইয়া আছে। কেরাণীদিগের এমি কপাল। পরিবার দদা সর্বাদা কহিয়া থাকেন. "লোকে খ্রীকে কত দোণা দানা নিচে, কাশী গয়া করিয়ে আন্তে। ভোমার হাতে পড়িয়া ত দে দব স্থথ হ'লো না, হবেও না; এক: ম'লকাবারে ছয় ভরির বালা দেবে কি না বল ?" বাবু কহেন, তোমাকে কি আমার দিতে অসাধ ? ভাগো জুটে না—কেমন ক'রে দিই বল ?" স্ত্রী কহেন, ''তা আমি জানি না, দেবে কি না বল ? নতেৎ খুনোখুনি হয়ে মর্বো।'' বাবু কহেন, "ভাল, তা মাদ কাবার হ'লে মাইনের টাকাগুলি এনে তোমার হাতে দেব, তুমি সংসার চালিয়ে পার, ক'রে নিও।" দ্বী কহেন, "তা নেব কেন ? তোমাকে যেখান থেকে হউক এনে দিতে হবে। - যার থাবার সংস্থান নাই, দে বে করে কেন।" এইরূপ বিবাদ করিতে করিতে রন্ধনী প্রভাত; एंथन वाबुव की भया। १ हें उ ऐठिया "जाव भावि न - व विकार के विकार বাঁদীকৈ বাদী, কেবল থেটে খেটে মধ, একথানা গমনা কি ভাল কাপড়

বেবার ক্ষতা নাই-মরণ হ'লে বাচি।" বলিয়া বছন চাণাইতে ঘাইলেন। ৰীৰ শ্যা ভাগ কৰিয়া এক ছিলিম ভাষাক টানিয়া ছেড়া কাণড় সেলাই করিতে বসিলেন। আন্দালে বেলা ঠিক করিয়া খান করিতে বাহির ছইয়া দেখেন, বেলা হয়েছে—ছই একজন কেরাণী আফিলে যাইতেছে। অন্নিছটে এনে বন্ধতাল কলের মলে ভিজিয়ে নিয়ে কাপডখানা ছেডে ফেলে ব'রেন, "গিরি, ভাত দাও-বেলা হয়েছে। তিন দিন বেলা হয়েছিল। আদ হ'লে আৰ কর্ম থাকবে না।" "ভোমার কর্ম থাকলেই বা কি আর গেলেই বা কি।" বলিয়া গিন্ধি সধ্য ভাত, ডাল, তরকারি ও চুগ্ধ দিয়ে গেলেন। বাব দেখিলেন সকলই গ্রম, ঠাণ্ডা ক'রে থাবার সময় নাই: অতএব ভাতের উপর সমস্ত ভাল ও তুরকারি ঢেলে ফেলে একটা কাঠি দিয়ে নেভে তথা তথা আঃ। উঃ। শবে গিলিতে লাগিলেন। এইরূপে অরগুলি উদরস্থ করিয়া চুৱ থাইবার সময়ে দেখেন তথনও গ্রম আছে: অতএব উবু হইয়া কয়েকবার क मिश्रा यथन किছ करिएड शादिलान ना, एथन भारतव अल खाराख जानिया দিয়া হয় পান করা হইল। কলিকাভার হুধ একে জল, ভাহাতে জল कानिया वांत्र य कि चाचान भारेत्त्रन, एाश वांत्रे कारनन। चांशांत्रास्त्र একটা পান মহস্তে দাজিয়া লইয়া ফাতপদে আফিদে বাহির হইলেন। তথার ঁ ঘাইয়া সংস্ত দিন সাহেবের কাঁটা লাখি থান, তৎপরে এত্যাগমনের স্থ व्यापनि चठत्क प्रश्रातन ।

ব্রহ্মা। দেখ বরুণ! আমি আমার মহুবাগণের অদৃষ্টে হুখ লিখি বটে কিছু "এর জীবন হুখে যাবে—ওর জীবন করে যাবে" তাহা কিছু বিশেষ করিয়া লিখি না। এত লিখিবার আমার সময়ও নাই এবং মহুবোর ললাটে ভাদৃশ স্থানও নাই। তবে আমার মাহুবেরা যে এত কট পায়, দে কেবল নিজের দোবে। আমি ব'ল্ছি,—সতা ক'রে ব'ল্ছি. ওরা কেরাণীসিরি ছেড়ে কৃষিশিছা কি শিল্পবিছা শিখুক অথবা বাবদা আরম্ভ ককক, হুখী হুটতে পারিবে। আরু কেরাণীসিরি যেন কেহু না করে।

ক্রমে সন্ধা হওগায় দেবগণ বাদায় চলিলেন। যাইতে যাইতে নারায়ণ কহিলেন, "বৰুণ! অপরাহে আহার করা হইয়াছে, এ বেলা আর তাদৃশ কুধা নাই; অতএব ঐ সমূথের দোকানটা হইতে কিছু মিষ্টার থবিদ করিগা লইলে হয় না ? রজনীতে জলযোগ করিয়া কাটান যায়, অনর্থক কট্ট করিয়া বাঁথিবার আবশ্রকতা কি ?" উপ। দেখ কণ্ডা-জেঠা, বানরকে লেখাপড়া শেখালে জন্স, ম্যাজিট্টে হ'তে পারে। উহাদের যেরপ তীক্ষ বৃদ্ধি।

নারা। উহারা যুদ্ধ-বিদ্যায়ও বিলক্ষণ পারদর্শী। মধ্যে মধ্যে বানরী শরে যে যুদ্ধ করে, দেখুলে অবাক হইতে হয়।

বক্ষণ। রূপী বানর ও ছাগলের তামাসাও মন্দ নহে। দেখ দেবরাজ ! ও দিকে যে বৃহদাকার হাড় দেখিতেছ, উহা হন্তীর। ঐ হন্তীটি তোমার অবাবতের দুশ ছিল। এক্ষণে ওরণ হাতী দেখিতে পাওয়া যায় না।

नाता। वक्न । छिम्दिक छ दुरुमाकांत्र राष्ट्रथाना किरमक ?

বরুণ। উহা তিমি নামক একএকার মংশ্রের। হাড়খানি প্রায় ধ্যাধ্য কিট হইবে। আর আর ধে দমস্ত হাড় দেখিতেছ, উহা গণ্ডার, জেবরা, বাজ্ঞ, কুছার প্রভৃতি পৃথিবীক্ষ যাবতীয় জীবজন্তর। ইহার পরা দেবগণ নানাপ্রকার মৃত পশু পক্ষী ও প্রস্তারের নির্মিত প্রতিমৃত্তি দেখিলেন।

এখান হইতে সকলে তেওলায় উঠিয়া একটা আফিস দেখিয়া বক্নকে কহিলেন, "বৰুণ! এখানে কি হইতেছে ?"

বৰুণ। এই আফি টাব নাম জিওলজিকেল দাব্তে আফিদ, অর্থাৎ পৃথিবীর কোন্ স্থানে কোন্ স্ববোর খনি আছে, তাংগংই আবিজিয়ার জন্ত এই আফি টো প্রতিষ্ঠিত হইয়াছে।

এথান হইতে বংগিত হইয়া সকলে এক স্থানে উপস্থিত হইলে নারায়ণ ক্হিলেন, "বক্ষণু দেখা যাইতেছে—উহা কি ?

বরুণ। ঐ বাড়ীটীর নাম ট্রিগনোমেটরিকেল সার্ভেয়ার্স্ আফিস।
কথন বড় হইবে, কোন্ সময় কিরুপ বায় এবাহিত হইবে, ভাহার নির্ণর এবং
গ্রাহ নক্ষ্যাদি নির্ণয় করা এই আফিসের কার্য। ইহাদের একটা কারখানা
আছে। সেই স্থানে ঐ সব বিষয়ের যে যে যন্ত্র আবস্তুক, ভাহা একত হইয়া
থাকে। বছনীতে এই আফিসের ঘুই এক বাক্তি ছাদে বসিয়া দ্ববীক্ষণ
মন্ত্রের সাহাণ্যে নক্ষ্যাদি নির্ণয় করিয়া থাকেন।

এখান হইতে এক স্থানে উপস্থিত হইয়া, "এ কোধায় আদিয়া উপস্থিত ছইলাম।" বলিয়া দে২গণ চীৎকার ক<িয়া উঠিলেন।

ইন্ত্ৰেণ এমন হক্র ছান ত কখন দেখি নাই। এ ছান্টার নাম কি শু

२वन । ८ इं कात्व नाम भावक्षि । ८ इं का है विकालां मारहरमहन ।

এখানে গবর্ণমেন্টের বন্ধ বড় বড় বেডনের ইংরাশ কমচারারা বাদ করেন। সহবের মধ্যে এই স্থানটীই সর্ব্ধেংকেটা স্থানটী যে এত স্থলব ও পরিষ্কৃত, ভাহার কারণ মিউনিসিপালিটীর নজর এই দিকে বেশী।

नाता। अपिरक दिनी (कन वक्न ?

বরুপ। এখানকার অধিকাংশ অধিবাদীই বড় বড় ইংরাজ, স্বতরাং উংগ্দিগকে অসম্ভট করিলে চরকী ঘুরিয়ে দেবার সভাবনা।

এই সময়ে তাঁহারা দেখেন একটা যুবা হংখ প্রকাশ করিতে কবিতে কবিতে পাতেবমহল দিয়া আনিতেছে। যুবাটা দেখিতে বেশ হন্দর ও হুলী। সে শৃত্যরে বলিতে বলিতে যাইতেছে "এখন আমার বিষম সঙ্কট উপস্থিত, উপায় কি ?" যুবা চলিয়া ঘাইলে পিতামহ কহিলেন, "বরুণ! উহার কি হুইয়াছে ? ও আপন মনে হুংখ প্রকাশ করিতে করিতে যাইতেছে কেন ?"

বক্ষণ। ঐ যুবা ইংরাজী ধরনের কোর্টনিপ করিয়া বিবাহ করিবার অভিলাবে এক গৃহস্থের স্থাকরী মেয়ের নিকট যাতায়াত করিত। বিবাহের পূর্বের থেয়েটার গর্ভ হইয়াছে। যুবার পিতা এ সব ঘটনা জানেন না, তিনি কহিতেছেন, "উহারা কুলীন নহে, অতএব যন্তপি আমার অমতে ওখানে বিবাহ কর, গুলি ক'রে মার্বো।" মেয়েটা যুবাকে কহিতেছে, "আমার যখন এ দশা ক'রেছ, বিবাহ না ক'র্বে সগর্ভে জলে ভূবে মর্বো।" মেয়ের মা কহিতেছেন, "আমার মেয়ের অমন দশা ক'রে, বিবাহ না ক'র্বে বিবহ না ক'র্বে হাইতেছে।

সাহেব-মহল হইতে দেবগণ জোডাতালাওয়ে যাইয়া দেখেন—পরীরা গাড়ী পাজা ধরিয়া টানাটানি করিতেছে। দেবগণ এই ঘটনা দেখিয়া অতান্ত ভীত হইনেন। পিতামহ দৌড়িয়া পলাইয়া অপার্ সার্গুলার রোভে দাঁড়াইয়া কাঁপিতে লাগিলেন। দেবতারা যাইয়া তাঁহার নিকট উপস্থিত হইনে কহিলেন, "বক্ষন, অমন স্ক্নেণে স্থানে নিয়ে যায় ও মায়ীগুলোক।"

বৰুণ। উহারা জর্মণী, ইটালী, ক্ষিয়া প্রভৃতি স্থান সকলের জীলোক। উহাদের স্বভাব—ওস্থান দিয়া গাড়ী পান্ধী যাইলে ধরিয়া টনোটানি করিয়া স্থামোদ করে।

্ব নারা। এ রাস্তাটী কি, এখানে ত ভন্ন নাই 🛚

एक्वमर्वय प्रार्था जानमन

বক্রণ। না, এখানে কোন ভর নাই। এ রাস্তাটীর নাম অপাঞ্ শাকুলার রোজ। এই রাস্তাটীকেই কলিকাতার পূর্ব্ধ নীমা বলিলে বলা যাইতে পারে। ওদিকে ঐ যে একটা নরানজ্লি দেখিতেছ, উহার নাম মহারাষ্ট্রীয় ভিচ্। নবাবী আমলে নীমা নির্দ্ধারণ করিবার অন্তাই ঐ নরানজ্লি খনন করা হইয়াছিল। ঐ নরানজ্লির পরপারের ছান সকল কলিকাতার সীমানতে।

দেবগণ রাস্তার উভয় পার্বস্থ শাহেববাড়ী সকল ও একটা সির্জ্বো দেখিয়া নাপিতের বাজারে যাইয়া উপস্থিত হইলে দেবরাজ কহিলেন, "বরুণ, এ বাজারটীর নাম কি ?"

বৰুণ। এক জন নাপিত এই বাজার স্থাপন করায় ইহার নাম নাপিতের বাজার হট্যাচে।

উপ। বৰুণ-কাকা। বাজারে মন্ত মন্ত কৈ মাছ বিক্রী হইতেছে, কর্তা জেঠার জন্মে গোটা কতক কিনে নেও না।

নারা। সতা বকুণ, বিস্তর কৈ মাছ দেখ্ছি। এমন বৃহদাকার কৈ মাছ ত কুত্রাপি দেখি নাই।

বৰুণ। এই বাজারটা কৈ মাছের জন্ত বিখ্যাত। যশোহরের যাবতীয় বড় বড় কৈ এথানে আমদানী হইয়া থাকে।

এথান হইতে যাইয়া সকলে দেখেন—একটা দ্বগায় মৃসলমানেরা ক্রতা দিতেছে। বৰুণ কহিলেন, "এই দ্বগাটির নাম মোওল-আলি দ্বগা এবং এই স্থানের নাম ইটালি পদ্মপুক্র।"

নারা: পদ্মপুকুর নাম হইবার কারণ কি ?

বৰুণ। এই স্থানের একটা পুন্ধরিণীতে অসংখ্য পদ্মসূল স্থূটীয়া থাকিত। বলিয়া ঐ নাম হইয়াছে।

हेल । वक्व ! शत्रभूक्ता प्राच हि जान गारित्व वाम जाहि।

বৰুণ। যে সকল সাহেবের অল্প আয়, তাঁহারাই আলু বালে সংসার নির্বাচ্ করিবার আশায় পল্পুকুরে বাস করেন।

এখান হইতে ৰাইয়া সকলে একটা বৃহদাকাৰ বাটাৰ নিকট উপস্থিত হইবেন; পিতামহ কহিলেন, "বৰুণ এ স্থানটাৰ নাম কি ? এবং এ বাড়ীটি কাহাব ?"

বরুণ। এ স্থানের নাম জানবাজার। এই হৃদর বাড়ীট বারী রাসমণি

নামক একটা প্রাংশকের। ইনি 'খঙাই বৃদ্ধিমতী ছিলেন। ইহার **খড়বের** নাম প্রতিরাম মাছ ।

নারা। মাড়-সাতিতে কি ?

বরুণ। ছাতিতে কৈবর্ড। ঐ প্রীতিরামই এই ছতুল ঐবর্বা করেন।
ন্যাণী বাসমণি ছার বয়সেই বিধবা হন।

ইবা ভাল বৰুণ। প্রীতিবাবের পুত্রবধ বাণী ছইলেন কেন?

বৰুণ। তন নাই ? ইংরাজেরা যাকে মনে করেন, ভাহাকেই রার্বাহাত্র, বাঙ্গা, রাণী, বাদসা ক'রে থাকেন। আমরা যে দিন কলিকাভার আসি, ভানিনাম কডকগুলো লোক এসে উপাধি নিয়ে গেল।

ব্ৰহা। প্ৰীতিবামের বিষয় বল।

বক্ষণ। ইহারা জাতিতে কৈবর্জা। ইনি ব্যবসার বারা যথেই বিষয় করেন। ইংরাজ কোয়াটারে ইহার অনেকগুলি ভাড়াটে বাড়ী আছে। প্রীতিরামের পুত্রের নাম রাজচন্দ্র মাড়। ইনি নিমতলার মরাঘাট প্রস্তুত করিয়া দিয়াছেন। তন্তির বাবুঘাট ও হাটথোলার ঘাট ইহার প্রতিষ্ঠিত।, বাণী রাসমণি বিলক্ষণ ধর্মণীলা, দাননীলা ও বৃদ্ধিমতী ছিলেন। বাসমণির প্রধান কীর্ত্তি দক্ষিণেশব্যের নবরত্ব ও তৎসংযুক্ত দরিপ্রাশ্রম। ইহার তুই কল্যা বর্ত্তমান—পদ্মমণি ও জগদখা দানী। প্রথমার তিন প্র—গণেশচন্দ্র, নলাইচন্দ্র ও সীতানাথ দান; এবং বিতীয়ার এক পুত্র—ত্রেলোকানাথ বিশাস।

নারা। বরুণ। ইংরাজরাজ লোককে যেমন রার্জা, রাণী করেন, কেই সঙ্গে কি ভজ্ঞপ বিষয় করিয়া দেন গ

বক্লণ। বিষয়ী লোক দৎকাৰ্য্য করিলেই রাজা উপাধি প্রাপ্ত হন;
নচেৎ ইংরাজরাজ কি পথের লোককে ছেকে উপাধি বিলান ?

উপ। ঠাকুর-কাকা! তুমি যদি ছাই শত টাকা দেও, কলিকাতা ছাইতে আমি 'রায় উপশনি রায় বাহাগুর মহাশয়' উপাধি নিয়ে ঘরে যেতে শারি।

ত্রনা। কেমন, ক'রে । উপাধি কি বিক্রে হয় ?

উপ। কেন, যথন দেখিব কোখাও ছার্ভিক হয়েছে, অমনি ঐ টাকা ভাইতে পঞ্চাশ টাকা এক দমে দান করিয়া ফেলিব, ওদিকে খবরের ক্লাগজওয়ালারা লিখিতে থাকিবে, কৃতজ্ঞতার সহিত দীকার করিতেছি,— মহাত্মা উপ এত টাকা দান করিয়াছেন। তৎপরে প্রীশ্রামের ছোট ছোট ছই চাহিটা স্থলে পাঁচ টাকার হিসাবে কুড়ি টাকা দান করিব; তাহারাও সংবাদপত্রে সিথিতে থাকিবে, "সম্পাদক মহাশয়! উপ বাবু 'আমাদেব স্থল ঘরের সাহায্যার্থে এই টাকা দান করিয়াছেন।" তৎপরে কিছু দিন চুপ ক'রে থেকে একটা লড়াইয়ে এক দমে এক শত টাকা দান করিয়াকেলিব, তথন গবর্গমেন্ট "আপনি ভদ্রসোক আপনি স্থলেশহিতৈবী, আপনার শুলে সম্ভই হইয়া বায়বাহাত্বর উপাধি দিলাম। দিব-কুপায় আপনি হত্ব শত্মীরে খোসমেজাজে দীর্ঘজীবী হইয়া ঐ উপাধি ভোগ দখল করিতে থাকুন" বলিয়া সেক্হাণ্ড ক'রে বিদায় দিবেন।

ব্ৰহ্মা। বায়বাহাত্ত্ব হ্ৰার পর আব তুই দান কর্বি নে ?

উপ। আবার দান ক'ব্বো কেন । যে উদ্দেশ্যে দান করা—তা হ'লে আবার কে কোথায় দান ক'বে থাকে । যদি জমিদার হইতাম, প্রজা পীড়ন ক'বে ঐ টাকাটা তুলে লইতাম ; আমি ত আর তা নই!

বন্ধা। আজিকালিকার দানটা এরপই হইয়াছে বটে; লোকে নিজেব আর্থের জন্মই দান করিয়া থাকে, পরোপকারের জন্ম নহে। বরুণ। রাসমণি কি উপায়ে রাণী হইলেন বল ?

বক্ষণ। ইনি ইংরাজ-দত্ত কাগজে ভূয়ো উপাধিধারিণী বাণী নহেন।
অথচ রাণী উপাধিতেই বিখ্যাত ছিলেন। কে তাঁহাকে রাণী করিল, কিরূপে
তিনি রাণী হইলেন, এক সময় এই বিষয়ের আন্দোলন উপস্থিত হইলে
রাসমণি বলিয়াছিলেন, "আমি মার বড় আহরে মেয়ে ছিলাম, তিনি আমাকে
আদর করিয়া রাণী বাণী বলিয়া ভাকিতেন, সেই হইতেই রাণী রাসমণি নাম
হইয়াছে।"

বন্ধা। বেশ চত্রা দ্বীলোক ! রকণ ! তুমি রাণীর বিষয় আরো বল ? বকণ। ইহার পুত্রসস্তান ছিল না, কয়েকটা মাত্র কল্যা ছিল। যত্নাথ মাড় ইঁহার বড় দেহিত্র। য়ত্নাথের মাডার—বাসমণি বর্তমানে মৃত্যু হওয়য়, য়ত্নাথ মাডামহীর বিষয়ের উত্তরাধিকারী হইতে পারেন নাই। রাসমণি অনেক সৎকীর্তি করিয়াছেন। তাঁহার কীর্ত্তির মধেল দক্ষিণেখরে বাদশটা মন্দির স্থাপন ও নবরত্ব প্রতিষ্ঠাই সক্ষ্প্রধান। ঐ স্থানে রুক্ষ, কালী ও মহাদেবের প্রতিমৃত্তি আছে। দেবালয়গুলির তিনি এমন স্বন্দোবন্ত করিয়া সিয়াছেন যে, কশ্বিন্কালে দেবালদের সেবারঃ

কোন অহবিধা হইবে না। চাঁদশালের ঘাটের দক্ষিণ দিকের বার্ঘাট ইহারই ঘারা প্রতিষ্ঠিত। আনবাজার হইতে ঐ ঘাট পর্যন্ত যে একটি রাস্তা গিয়াছে, তাহাও ইহার, রাসমনির জীবিতকালে চড়কের বড়-দমারোহ হইত। সেই সময়ে সন্নাসীরা ঢাক ঢোল বাজাইয়া ঐ রাস্তা দিয়া যাইয়া আন করিয়া আসিত। ঢাকের বাতে শাস্তিভক্ষ হইবে বলিয়া সাহেবেরা অনেক চেটা করিয়াও ঢাক বাজান থামাইতে-পারেন নাই।

রাণীরাসমণির বাড়ী দেখিয়া সকলে গড়ের মাঠের অভিমূখে চলিলেন এবং দ্ব হইতে ছর্নের শোভা দেখিয়া সবিশ্বরে চাহিতে লাগিলেন। দেবরাক্স কহিলেন, "বক্ষ। সম্মুখে দেখা যাইতেছে—ওটা কি ?"

বৰুপ। উগাৰই <mark>নাম কোট</mark> উইলিয়ম তুৰ্<mark>য। ইংলণ্ডের **রাজা চতুৰ্থ** উইলিয়মের সময়ে নির্মিত হওয়ায় ঐ নাম হইয়াছে।</mark>

ব্ৰহা। বৰুণ। ছুৰ্গটের আধ্থানা কি মাটির ভিতর আছে ?

বরুণ। আক্রেনা, আপনার ন্যায় অনেকে ই এরপ ভ্রম জনিয়া থাকে ; ফলতঃ উহার চতুর্দ্ধিকে উন্নত প্রাচীর থাকায় এরপ দেখাইতেছে।

ইন্দ্র। ত্র্গটী বড় হুন্দর! এরপ একটী স্বর্গে থাকিলে আপদ্ বিপদের সময় ক্ষীরোদ সমুদ্রের চরে পলাইয়া লুক্কায়িত থাতিবার স্থাবশ্বক হইত না।

বরুণ। ১৭৭৩ সালে ছই মিনিয়ন ষ্টার্নিং বায়ে এই ছুর্গ নির্দ্ধাণ হয়। ইহার ছয়টা গেট আছে। যথা—দেণ্ট জজ্জ গেট, ট্রেজারি গেট, চৌবঙ্কি গেট, প্রাণী গেট, ক্লিকাতা গেট ও ওয়াটার গেট।

নারা। আচ্ছা, উহার ভিতরে প্রবেশ করিতে দেয় ?

দৈবে না কেন? দিবাভাগে সকলেরই উহার মধ্যে প্রবেশ করিয়া। দেখিবার অফুমতি আছে" বলিয়া, বরুণ দেবগণকে সঙ্গে লইয়া ছর্গের অভিমুখে চনিলেন ঘাইতে ঘাইতে কহিনেন, "এই ছর্গমধ্যে প্রবেশ ও প্রত্যাগমনের ছুটা করিয়া অভেন্ন অভন্ন আছে। তন্মধ্যে দক্ষিণ পশ্চিমের ছার দিয়া প্রবেশ ও উত্তর-পূর্বদিকের ছার দিয়া বহির্গত হইতে হয়।"

দকলে ত্র্গের উচ্চ ভূমি অতিক্রম করিয়া যে দিকে চাহেন, দেখেন, প্রাচীরে অসংখ্য কামান সাজান রহিয়াছে। উপ কহিল, "কর্তা-জেঠা, পলাই চল। কি জানি, কোন্দিক দিশা যদি একটা কামানের গোলা ফস্কে এনে ুলাপে, প্রাণটা ত যাইবেই য়াইবে; কিন্তু দেহটা কোন্ মু**রুকে ,নিন্ধে-,রিন্তু** বিষল্পে, কেহ সংকার কর্বার **জন্ত গুঁজেও** পাবে না।"

ৰখা। বৰণ। উপু বা ব'লে সত্য; চল—খাব কেলা হেনিরে কাছ নাই, প্লায়ন কবি।

"এত লোক যাচ্চে—কাহারও ভয় হ'ছে না, আপনার এত ভয় হ'ৰ কেন ? আফন ভিতরে আফন" বলিয়া, বৰুণ দেবগণকে নইয়া ভিতরে প্রবেশ করিবেন।

সকলে ভিতরে প্রবেশ করিয়া দেখেন—অনেকগুলি প্রতিমৃতি রহিয়াছে।
অসংখ্য বারিক। বারিকের মধ্যে ছানে ছানে পাঁছা সাজান'র স্থার সোলা
সাজান রহিয়াছে এবং গোরারা বিরাজ করিতেছে। সকলে কোরাটার মাটার
অংকল্পাউতারের বাড়ী দেখিয়া বারিকের মধ্যছিত একটা বাজারে প্রবেশ
করিলেন। দেবরাজ কহিলেন 'বাহবা কেলার মধ্যে যে একটি হৃত্ত্র সহর
দেখিতেছি ॥"

ৰক্ষণ। পিতামহ! কেলার মধ্যে একটা পাতালগৃহ দেখুন। ঐ শৃহে বাকদাদি থাকে ও সৈজেরা বাস করে।

নারা। এ কেরাটা অনেকাংশে এলাহাবাদের কেরার স্থার দেখাকে; নয় বক্ষণ ?

ত্রী এলাহাবাদের কেলার নকল লইয়াই এই কেলা প্রস্তুত হইয়াছে; ইয়ার চতুর্দ্ধিকে ১৯২টা কামান সাজান আছে।

हेख। এक हो कम दिन ?

বৰণ। প্রস্তুত করিবার সময় কেমন ক'রে ভূল হয়।

দকলে এখান হইতে একস্থানে যাইয়া দেখেন যমদুতাকৃতি গোৱা পাহারাওরালারা বন্দুক ও থাপ খোলা তরবার হস্তে দাঁড়াইয়া আছে। তাঁহারা ভদ্পটে ভীত হইয়া অপর দিকে ঘাইয়া একটা গিচ্ছার নিকট উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বা। এর মধ্যে ইংবাজদিগের একটা ভদ্মালয়ও আছে দৈখ্চি।"

বকণ। একটা কেন ? অনেকগুলি গিব্দা আছে; তন্মধ্যে একুট্টা প্রোটেটান্ট্ গোহাদের, একটা প্রোটেটান্ট আফিনার্দের, একটা ব্যোমান্ ক্যাখলিক গোহাদের ও একটা রোমান ক্যাধ্রিকু আফিনার্দের। ণ্ডপ। ক্ৰছাজেঠা। অনেক্ষিন হইতে তোমাকে জুটা কিনে বিতে ৰ'লচি, এই কেলায় জুভা এক জোড়া কিনে দেও না।

ব্ৰহ্মা। এ জুতা পায়ে দেওয়া কি তোর সাগা ? বক্ষণ দমুখে দেখা নাচে, ও প্ৰতিমূৰ্ত্তিটি কাহার।

.বন্ধণ। উহা রাজপ্রতিনিধি লড হৈটিং সাহেবের।

ইন্ত। ইনি কেমন শাসনকর্তা ছিলেন ?

বহুণ। ইনি হুণগ্ডিত, বহুদশাঁ ও বাজনীতিক্ত ছিলেন। ইহার ব্যবহার অমারিক ও সহার ছিল। ইনি ভারতবর্ধের সর্বত্ত যুদ্ধে জরলাভ করেন এবং ইহারই শাসনকালে এই বৃহদ্ধেশের অধিকাংশ ইংরাজদিশের হভগত হয়। আপনার অধীন প্রজাদিগের বিভাশিক্ষা ও অবস্থার উন্নতিসাধনের অন্ত এই শাসনকর্তা সাধ্যমত যত্ত্ব করিতেন। ইহারই উৎসাহে কলিকাভার হিন্তু কলেজ স্থাপিত হয়। একণে সেই হিন্তু কলেজ প্রেসিভেন্সি কলেজ হইরাছে। ইনি সাহিত্য প্রচারে ও সাহিত্যের অন্তশ্মলনে বিশেষ উৎসাহ প্রদান করিয়াছেন। কারণ ইহারই শাসনসময়ে প্রথমে এদেশে বাঙ্গালা সংবাদপত্ত প্রচার হয় এবং ইনিই সংবাদপত্তের স্থবিধার জন্ত ভাক মান্তল নিভান্ত কম করিয়া

এখান হইতে সকলে একস্থানে উপস্থিত হইয়া "উঃ! বাবা। এমন উচ্চ ড কৃথন দেখি নাই।" বলিয়া উৰ্দ্ধে চাহিয়া কহিলেন "বৰুণ! এটা কি ?"

ৰক্ষণ। ইহার নাম অক্টার্লনি মহুমেণ্ট। জেনেরল অক্টারলনি সাহেবের শ্লেরণার্থ ইহা প্রতিষ্ঠিত হয়। ইহার উপর হইতে ভারমণ্ড হারবার পর্বান্ত ক্লেথিতে পাওরা যায়। ঠাকুর দা, উপরে উঠে দেখবেন ?

বন্ধ। প্রাচীন হাড়ে কি উঠ্তে পারবো ?

নারা। কেন পার্বেন না ? চদুন আপনাকে ধরাধরি ক'রে উপরে ভূলি: না হর আপনি মধ্যে মধ্যে বসিয়া বিশ্রাম করিবেন।

পিতামহ দশ্মত হইলে সকলে তাঁহার হাত ধরিয়া উপরে তুলিতে লাগিলেন। তিনি ২।৪ ধাপ উঠেন আর কহেন, "ও বক্ষণ! আর পারিনে, পা ছটোর খিল-খ'রেছে, নামিরে নিয়ে চল।"

"আর বেনীছ্র নাই, আপনি একটু বিশ্রাম করুন" বণিরা প্রবোধ দিডে ছিতে সকলে তাঁহাকে লইরা অভি কটে উপরে উঠিলেন। পদ্মবোনি ছাছে "উঠিয়া কিয়ৎকাল চকু মুদিয়া ধুঁ কিডে লাগিলেন। তৎপরে ফ্লাভি দুর ছইনে দাঁড়াইয়া চতুর্নিকে চাহেন আর হান্ত করিয়া কহেন, "এড বড় কলিকাতাটা। বেন শরার মত দেখাইতেছে।"

উপরে উঠিয়া উপ'র মহা আমোদ। দে একবার ছুটিয়া এক দিকে ধাইয়া কহে, "উ:! বাবা! গরুটাকে যেন ছাগন বোধ হ'চে।" অপর দিকে ধাইয়া কহে, "উ:! বাবা! এক মাগি যাচে—যেন বেণে পুতুল!" এই সময় একটি সাহেব ১০।১৫টি পুত্র কল্পা ও মেম সহিত উপরে উঠিনেন। দেবগণ তাঁহার বংশবৃদ্ধি দেখিয়া আশ্চর্যান্বিত হইলেন। নারায়ণ মনে মনে ভাবিলেন "উ:! যেন রক্তবীজের ঝাড়!!"

উপ'র সাহেবের দিকে জ্রাক্ষেপ নাই। সে তাঁহার গাত্রে ঠেশ মারিয়া এক দিকে ছুটিয়া গিয়া কহে "উঃ? বাবা! গঙ্গাটাকে যেন শণের দড়ি বোধ হ'চে।" পুনবায় মেমের গাত্রে ঠেশ মারিয়া অপর দিকে ছুটিয়া গিয়া কহে "উঃ! বাবা! গিজ্জাটাকে যেন হুর্গামণ্ডার মত দেখাচে।"

সাহেবকে উপ বারংবার বিরক্ত করায় সাহেব তাহার হাত ত্থানি ধরিয়া কহিলেন, "দাঁড়াও ছষ্ট বালক !—ভোমাকে নীচে ফেলে দিই!" উপ তথন চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল। সাহেব হাস্ত করিতে লাগিলেন।

বন্ধা। বৰুণ। সভাসভা ফেলে দেবে নাত?

বক্ব। না না, দেবে না। সাহেবটি অতি ভদ্র। ইংরাদ্বরাদ্ধা; এ রাদ্ধো কি রাদ্ধা, কি প্রদান কাহারও প্রতি কাহারও অত্যাচার করিবার ক্ষমতা নাই।

বন্ধা। ভাই, নেবে চগ। যেথানে সাহেব-স্থবোর সর্বাদা বাভায়াত তথায় এক তিলার্দ্ধ থাকিবার আবশ্যকতা নাই। বিশেষতঃ এই ভারতসাম্রাজ্য, এই মহুমেণ্ট ইংরাজের ভিন্ন দেশীয়ের নহে। অতএব উহারা যদি একটা কথা বলিয়া অপমান করে, সে অপমান গায়ে মাথিবার প্রয়োজন কি?

"তবে চলুন" বলিয়া, বৰুণ পিতামহের হাত ধরিয়া নীচে নামাইতে লাগিলেন। যেমন সকলে নীচে নামিয়াছেন, পিতামহ কহিলেন, "ঐ যাঃ! আমার জুতায় বিষ্ঠার মত আঠা আঠা কি লেগে গেল! বৰুণ। অত্যন্ত গা বিনু বিনু ক'বুচে ?"

বৰুণ। এথানে বিষ্ঠা কেমন ক'রে আস্বে ?

উপ। সাহেবটা যে কাচ্চা বাচ্ছা সঙ্গে ক'বে এনেছে; বোৰ হয় উহাদেবই মধ্যে কেহ ত্যাগ ক'বে থাকুবে।

बचा। छेन, बिक व'न्हिन : च क दम्य त्ला वावा।

উপ তৎশ্রবণে উবু হইয়া বসিরা কহিল "কণ্ঠাফেঠা। সাহেবের বিষ্ঠা।" নারা। উপ। তুই মরে যা, তুই কি প্রকারে জান্শি সাহেবের বিষ্ঠা ?

উপ। তানা হ'লে কি সাহেবপাড়ায় এসে বাঙ্গালীদের এই স্থব্য ত্যাস ক'রে যেতে সাহস হয় ?

দেবগণ এখান হইতে চলিলেন। পিতামছ ছই এক পদ গমন করেন আর কহেন, "বরুণ আমার অভান্ত গা ঘিন্ ঘিন্ ক'র্চে, পা না ধুয়ে যে এক পাও চলিতে পারি নে।"

এই সময়ে তাঁহার। দেখিলেন—মন্থমেন্টের অদ্বে একটি পুন্ধবিণীর তীরে কভকগুলি গরু চরিতেছে। পিভামহ সরোবর দেখিলা সেই দিকে চলিলেন এবং কহিলেন, "আঃ। বাঁচিলাম, পা ধৌত ক'রে এসে আপাততঃ বাঁচি, তখন বাসায় সিয়া স্নান করিব। সকলে ীবে উপস্থিত হইলে পদ্মেন্দেনি যেমন তাড়াভাভি ঘাটে নামিয়া পদ প্রকালনের উদ্যোগ করিতেছেন, অমি একজন পাহারাওয়ালা ছটিয়া আফিয়া নিষেধ করিল।

বন্ধা। বক্ষণ। এ কি। যাদের দেশ যাদের মাটি, যাদের জন, তাদের জনে নামিয়া হস্ত পদ ধোত করিবারও অধিকার নাই।। আহা। তবে আমার ভারতবাদীর স্বথ কৈ ? আমার ভারতসন্তান দেখিতেছি ইংরাজাধিকারে সকল বিষয়েই পরাধীন। ইহাদের জনটুকু ব্যবহার করিবার স্বাধীনতা নাই, তবে ইহাদের আর জীবনে স্বথ কোথায় ?

"আজে, জলে থে-দে নামিলে পানীয় জল নষ্ট হইতে পারে এই আশকায় পাহারা বদাইয়া জল রক্ষা করা হইতেছে। সকলেই এথান হইতে পান করিবার জন্ত জল লইতে পারে" বলিয়া, বরুণ উপ'র উড়ানীথানা জলে ভিজাইলেন এবং সেই জলে পিতামহের চরণ ধৌত করিয়া দিলেন।

এখান হইতে সকলে একস্থানে যাইয়া উপস্থিত হইলে উপ চীৎকার করিয়া কহিল, "ওরে বাপরে! দেখা যাক্তে ওটা কি ?"

বৰুণ। উহার নাম প্রেণিডেগী জেল। কলিকাতার অধীনস্থ স্থান-সমূহে
যত লোক ফৌজদারী মকদ্দমায় কয়েদ হয়, তাহাদিগকে এই জেলে আনিয়া
অবক্ত করিয়া রাখে। ইহাতে প্রায় হাদার কয়েদী আছে। ইহার মধ্যে
দেওয়ানী জেলও আছে। দেনার জন্ত যাহারা অবক্ত হয়, তাহারা উহাতে
বাস করে। এই জেলখানার দক্ষিণদিকে ফাঁদীর হব। জেলের মধ্যে কয়েছী-

ব্যবস্থের মর্জ্যে আগবন

দিদের দারা নানাপ্রকার নিয়কার্য ও বৃন্ধাদি রোপণ করান ছইভেছে। জেলের সমুখে একটি পুরুরিণী আছে, উহার চতুর্দ্দিক কাঠের দারা বেটিড।

্ইব্র। এ রাজাটির নাম কি ?

ৰক্ষণ। যোড়-দৌড়ের রাস্তা। ওদিকে ঐ যে একটি হর দেণিতেছ — উহাতে বিদিয়া সাহেবেরা যোড়-দৌড় দেখিয়া থাকে। এ রাজাটির পরিমাণ ২।৩ মাইস। রাজাটির মধ্যে মধ্যে হাফ (অর্ছ্ক), কোয়াটার (দিকি) মাইল ইত্যাদি কাঠের গাত্রে সেখা আছে। ঘোড়-দৌড়ের সমর বালালীরাও মনে রনে বাজী রাখিয়া থাকে।

নারা। সে কিরপ?

বক্প। মনে কর, চারিটি খোড়া ছুটিল দেখিরা আমরা চারিজনে এখানে দাঁড়াইরা বাজি রাখিলাম—কালটা আমার, হলদেটা তোমার, সাদাটা উপ'র, রাদাটা দেবরাজের। উহার মধ্যে যাহারটা প্রথম হইবে, সে পঞ্চাশ কি একশত ক্রীকা বাজী জিতিবে।

ব্রমা। বরুণ! বাসায় চল। আজ আর নগর শ্রমণে কাজ নাই।
আমাকে বাসায় ঘাইয়া আবার অবগাহন করিতে হইবে।

"তবে চলুন" বলিয়া বৰুণ দেবগণকে লইয়া বাদাভিমুখে চলিলেন। যাইজে
ৰাইতে দকলে দেখেন—ছইজন হিন্দুখানী তাঁহাদের নিকট দিয়া যাইতেছে;
ভন্নধ্যে একজনের শরীর জীপ শীপ কক, তাহার পরিধেয় বল্লখানি অভ্যন্ত ময়লা। অপরের শরীরটি বেশ নাতুস, ছহুস, জাকালো রকমের ভূঁড়ি; ইহার পরিধের বল্লখানি পরিকার, গলদেশে কভকগুলি মোহর মালা করিয়া ধারণ করিরাতে।

প্রথম ব্যক্তি কহিল "আপনি দেশে মাইয়া কি করিবেন ?" বিতীয় ব্যক্তি কহিল "আমি যে সংস্থান করিয়া লইয়া যাইতেছি, দেশে যাইয়া সদাগরি করিয়া ভদ্মারা এমন সংস্থান করিব যে, আর যেন আমার পুত্র পৌত্রের মধ্যে কাহাকেও বাঙ্গালায় আদিয়া চৌবেগিরি করিতে না হয়। বোকা বাঙ্গালীরা কি সংস্থান করিতে জানে ? আমি একটি লোটা ও একগাছি লাঠি সম্বল করিয়া আদিয়া সেই লোটাটি মোহরে পূর্ণ করিয়া চলিলাম।"

প্রথম কহিল "পামিও লোটা সম্বল করিয়া এদেশে আসিয়াছি। এক্ষণে কি উপারে সঞ্চয় করিতে হইবে শিথিরে দেন।" বিতীয় কহিল, "ভূমি একটা পানীপ্রামে যাইয়া কোন অমীদারের বাটিতে থোরাক পোষাক ও চটাকা আড়াই চাকা বেতনের একটি চাকরী লওগে। তথার ছই এক মান কাজকর্ম করিয়া ত'চাত টাকা বাহা পাইবে, তত্থারা কর শুক্ত একটা গাইসক থরিদ করিয়া প্রতাহ নিজ হাতে বাব ছুলে থাওয়াবে এবং আর ছ এক মান চাকরী করিয়া যে টাকা হইবে, তাহা বাব্র যত চাবা প্রজাদের কল্প দিতে থাকিবে; এবং মান মান হৃদ মানারের সময় উহাদের বাবে গিয়া আড় হয়ে শুরে পড়িবে। থবর্জার। পর্যা না নিয়ে উঠবে না। তাহারা পর্যা দিলে কোঁচার কাপড়ে বেঁধে, কলাটা মূলাটা ছোলাটা মটরটা যা সমূপে পাও, এক থাবে ছুলে নেবে। সেইগুলো তোমার প্রাতে উঠিয়াই জলথাবার হইবে, বদি বেশী জমে—বেচে কেল্বে। এদিকে তোমার গাই বড় হয়ে ছয় দেবে, তুমি সেই ছয় বিজ্ঞান ক'রো—তাহা হইলে দশ পনর বৎসরের মধ্যে বেশ সঙ্গতি করিয়া দেশে যাইতে পারিবে।" বলিয়া, উভয়ে অপর রাস্তা দিয়া প্রস্থান করিল।

ইন্দ্র। বৰুণ! কি চালাক হিন্দ্রানীরা! উহাদিগকে অসভ্য দেখে ৰাঙ্গালীরা সময়ে "গুণটানা" 'ছাতুথোর' ইত্যাদি বলিয়া ঠাট্টা করে বটে; কিন্তু নাঞ্গালীরা ইহাদের হইতে অনেক শিক্ষা পাইতে পারে। কি আশ্চর্যা! লোটা মাত্র সম্বন্ধ করিয়া আসিয়া বিলক্ষণ সম্বৃতি করিয়া দেশে চলিল!!

বঞ্জ । ইহারা ত লোটা হাতে করিয়া আদিয়া দেই লোটা বোঝাই করিয়া লইয়া যায়; কিন্ত ইংরাজেরা শৃত্ত হাতে আদিয়া বেরূপ সঙ্গতি করিয়া। লয়, দেখ তো আবো আদ্র্যা হবে।

ইন্ত্র। সে কিরপ?

বরণ। অনেক সাহেব বিলাত হইতে আদিয়া বিজ্ঞাপন দেন, একটা হোস খুলিব, এত টাকা অংশের এতজন অংশীদার চাই। অদ্ধি বাঁকে বাঁলাকী বাবুরা যাইয়া টাকা দিয়া অংশীদার হন। এক ব্যক্তি যথাসর্কাম দিয়া মৃচ্ছুদ্দি-পদ লন। বলিতে কি, ইঁহারই টাকায় একপ্রকার হোস চলে, কিছু সাহেব ভাঁহাকে বেতনভূক্ ভূতোর মত খটাইয়া লন।

नाव।। त्म कि ? উदावह हो ा नित्र উदावह हो कव करत !

বক্ষণ। তানাহ'লে মজা কি ? বাঙ্গালী এরি বোকা জাতি ! ঘরের টাকা দিরে বাবসা করিবে ; কিন্তু পরের অধীনে। তথাপি স্বয়ং স্বাধীনভাবে বাবসা করিতে সাহসী হইবে না। যাহা হউক, হৌসের দিবা আয়, থাসা চল্ছে; হঠাৎ শোনা গেল ফেল হয়েচে, অংশীগারগণ ও মৃদ্ধুদ্দি মহাশন্ত গানে হাত দিরে কাঁদছেন।

উইরণ গ্র করিতে করিতে ভাষার। বাদার ঘাইরা উপস্থিত ২ইনে পিতামহ কহিলেন "উপ। বাবা একভাল গোমর আন, সর্বাঙ্গে মেথে আন করে শুদ্ধ হয়ে তবে ঘরে চুকি।" উপ তৎপ্রবণে গোমর আনিয়া দিলে পিতামহ অয়ং মাথিয়া আন করিয়া এবং বিনামা জোড়াটীকেও আন করাইরা গুলুহ প্রবেশ করিলেন।

দেবগণের বাদার সন্নিকটে কতকগুলো বকাটে তেলে একত্র হইয়া বাদা করিয়াছিল। তাহারা সমস্ত দিন গান করিত, তাদ পাশা খেলিত। তাহাদের গলার "হো হো" শব্দ শুনিয়া উপ ছুটিয়া গেল এবং ছ চার মিনিটের মধ্যে তাহাদের দহিত দিবা সম্ভাব করিয়া লইল। ঐ বালকগণের সহিত উপর এমন আলাপ হইল যে, দেবগণ অন্ন পাঁচশত বার ডাকিলেন তথাপি দে উঠিয়া আনিল না। শেবে নারায়ণকে নিজে গিয়া ডাকিয়া আনিতে হইল।

দেবগণের ক্ধা ক্রমে মন্দা হইয়া আদিতেছিল, তজ্জন্ত রজনীতে কেছ
আর অর আহার করেন না, জলযোগ করিয়াই কাটান। বরুণ পিতামহের
হল্তে নানাবিধ মিষ্টার দিলেন; কিন্তু তিনি "গঙ্গা থাবে" "গঙ্গা থাবে" বলিয়া
ধিকাংশ তুলিয়া রাখিলেন এবং যৎসামান্ত গালে দিয়া একট্ জল থাইয়া শয়ন
করি
স্বিন্ধ

গামহ নাসিকাধ্বনি করিয়া নিজা যাইতেছেন। তাঁহার নিকটে বসিরা প্রাণ্য করিতেছেন। পদ্মঘোনির মধ্যে মধ্যে নিজাভঙ্গ ইইতেছে, অপর দেবঃ নিডেছেন না, অথচ 'রুঁনা'' 'উঃ'' শব্দে সার দিতেছেন।

কেনা গল্পই ও ধ দেববাল, এই কনিকাতা সহবে দেখিবার উপযুক্ত অনেক বকৰ। দে কিন্তু সে সব দেখাইলে হয় ত পিতামহ এই দণ্ডেই অছুত লুকোচুরি অ, চিবিনাতা পরিত্যাগ হত্যব কেনিকাতা ধ্বংস কনিকাতা পরিত্যাগ হত্যব কেনিকাতার কবিতে শ্রেক্ত হইবে; অ ভাজ দেখিতে পাওয়া যায়—এখানে পুণ্যাত্মারও অফুনন্ধান কবিলে পানীর চু.

শ্বন্তাৰ নাহ। বিনতে কি

ইস্তা। আমি কনিকাতার ব ইয়াছে।

ইংরাজেরা নানাপ্রকারে ইহাকে সাজা ভিজত ছইলেন। অভি প্রতারে যেমন

ভেড্ত হইতেন। অতি প্রতাবে যেমন্দেরণৰ গল করিতে করিতে নিজা, তুল সকলকে ভাকিয়া তুলিলেন এবং
ভিড্ ম করিয়া ভোগ পড়িল অমনি পিতা. বা যথন গলালানে যান, একজন
বল্প বগনে করিয়া গ্রন্থানে চনিক্লান ক্রিয়া গ্রন্থান চনিক্লান ক্রিয়া গ্রামন চনিক্লান ক্রিয়া গ্রন্থান চনিক্লান ক্রিয়া ব্যামন চনিক্লান ক্রিয়া চনিক্লান ক্রিয়া চনিক্লান ক্রিয়া ব্যামন ক্রিয়া ব্যামন চনিক্লান ক্রিয়া ব্যামন ক্রিয়া ব্যামন ক্রিয়া ব্যামন চনিক্লান ক্রিয়া ব্যামন ক্রিয়া ব্যামন ক্রিয়া ব্যামন চনিক্লান ক্রিয়া ব্যামন চনিক্লান ক্রিয়া ব্যামন চনিক্লান ক্রিয়া ব্যামন ক্রিয়া ব্যামন

মেধর বিষ্ঠার ভার বহন করিরা দেবগণের নিকট দিয়া চরিয়া যাইল । দেবতারা নাকে কাপড় দিয়া ওয়াক্ ওয়াক্ শব্দে জ্রুতপদে চলিবেন এবং কহিলেন, "নরক্ষমণা ইহারাই ভোগ করে।" তাহারা দগরাথের ঘাটে উপস্থিত হইরা দেখেন—ঘাটো অপূর্ব্ব শোভা ধাবে করিয়াছে। তরক্ষমানা থেন সমস্ত রজনী নিহিত থাকিয়া প্রাতে ফ্লীতল প্রতিক্ষমীরে সৈবনে আমন্তিত হইয়া আজ্লাকে নতা করিতেছে।

পিতামহ দেখন—বাটে লোকাবণা; তন্মধ্যে হিনুমানীর ভাগই অধিক।
সকলে জলে দাঁড়াইয়া গলার তব পাঠ করিতেছে। প্রতিঃকালে নৌকার
মাঝিরা কড় কড় দক্ষে নৌকার পাইল তুলিতে তুলিতে ভাগীবৌর মধাশ্বনে
নৌকা লইয়া যাইতেছে। কোন কোন নৌকা অপর ঘাট হইতে ভিড়ের মধা
িয়ো রওনা হইয়াছে।

পিতামহ একবার চতুদিকে দৃষ্ট নিক্ষেপ করিয়া জলে নামিলেন এবং পূর্ব রাত্তির সঞ্চিত সেই সমস্ত মিষ্টাম ও ফলাদি 'গঙ্গে'' 'গঙ্গে'' বলিয়া জলে নিক্ষেপ করিতে লাগিলেন।

গঙ্গা। বাবা। আমি যে তোমার মিটার নিতে পারছিনে। আমার হত পা ইংরাজেরা এমনি বৈধেছে যে, আমার আর কোন দ্রব্য প্রবণ করিবার কমতা নাই, আমার আর পাশ ফিরে শয়ন করিবার সামর্থ্য নাই পূর্ব্বে আমি কত প্রাম ও কত নগর মুখে করে লইয়া গিয়াছি, একণে ছখানা কচুরি থাইবার শক্তি নাই। বাবা! আমি যে কর্ম্ম হায়ি ফল ভোগ করিতেছি, তাহাতে আর ভুল কি? নিতেৎ কোন্ জীলোক পরম ওক্ত পতির হস্তকে পদ দিয়া বদে? কোন জীলোক পতি ও পিতৃবাক্য লক্তনে করিয়া যেজামত কাজ করে? আমি ত স্বই করেছি, ভগীংবের স্থাবে পতি ও পিতৃবাক্য লক্তনে কতি ও পিতৃবাক্য লক্তনে করিছা ও পাপের ফলডোগ কোথার যাবে?

ব্ৰহ্ম। মা! তোমার কি পাশ ফিরিবার যো নাই ?

শক্ষা। তা হলে কি কুজাপি কলিকাতা থাকে! মুখে কবে নিম্নে যাইতাম। দেখ বাবা! ইস্তব রাজা দেখিছি, কিন্তু এমন কথন দেখি নাই! ইন ! আমাকে বিনা পেট-ভাতার বাদার মত থাটিয়ে নিচে, যোনে দেখানে কাট্রে পাড়গুলো ইট দিয়ে বাধছে; আবার লক্ষার কথা বল্বো কি, আমার উপর জ-কর করে প্রমাণ্ড রোজ্গার কর্তে। এদের

দেৰগণের মর্ড্যে আগমন

একটু স্বাীর হরকার হলেই সামাকে বৃদ্ধিরে স্বামা বাহির করে এর। দেখ ।
—স্বাস্থে সামার সীমা টাকশাল পর্যন্ত ছিল; ক্রমে বৃদ্ধিরে কোপ্তাহ ।
এনেছে।

ৰখা। মা তোমার কট ভনে আমার পেটে ভাত বায় না, চকে নিবা । আইলে না, আর কিছুদিন চোক কান বুছে থাক—স্বর্গে নিরে যাচিচ। তোমার জলে যত লোক স্থান ক'ছে সকলেই হিন্দুছানী। বাঙ্গালীরা প্রশাসনি আলে না ?

গঙ্গা। তারা কলের জলে বাসার স্থান করে। বলে, গঙ্গাসানে দক্ষি_{্রং,} করার সন্তাবনা।

ব্রদা। হিন্দুখানী স্ত্রীলোকদিগের ভোমার উপর বেশ ভক্তি দেখচি।

পঙ্গা। ওরা রোজ রোজ সান কর্তে আগে। ফিরে যাবার সময় হাড নেডে আবার কত স্তব পাঠ করে।

জন হইতে উঠিয়া পিতামহ চতুর্দ্দিকে চাহিতে চাহিতে কহিলেন, "বরুণ। এ বাটটী কাহার ? ঘাটের নাম কি ?"

বৰুণ। এ ঘাটের নাম জগন্নাথের ঘ'ট হইয়াছে। বৃন্দাবনে ফে লালাবাবুর বিষয় আপনাকে বলিয়াছি, এই জগন্নাথের ঘাট ও দেবমৃত্তি ভীহারই প্রতিষ্ঠিত। লালাবাবু পাকপাড়ার বাজবংশে জন্মগ্রহণ করেন।

দেবগণ বাদার আদিরা আহার করিলেন! এই সময় গোলাপ ফুলের বং কুস্থমফুলের বং বলিয়া রাস্তা দিয়া হাঁকিয়া যাইল। আহারাস্তে কিঞ্চিৎ বিশ্রাম করিয়া সকলে নগর অমণে বহির্গত হইলেন। তাঁহারা লালদী দির ধার দিয়া বেণ্টিং ক্রীট দেখিতে দেখিতে একটা মস্ভিদের নিকট উপস্থিত ছইলেন। ইন্দ্র কহিলেন, "বরুণ। সমুখে দেখা যাইতেছে—ওটা কি ?"

বরুণ। ইহার নাম টিপু স্থলতানের মসজিদ। এই মসজিদটীর মেঞে প্রস্তার নির্মিত। এই মসজিদে অনেক মুসল্মান ভলনা করিয়া থাকে।

ইন্ত। টিপু স্পতান কে?

বকণ। ইনি হাইদারাবাদের নবাব হাইদার আলির পুত্র। রাজ-প্রতিনিধি লভ করণওয়ালিদের সময় ইহার সহিত ইংরাজনিগের যে যুদ্ধ হয়, ভাহাতে ইনি পরাস্ত হইয়া সন্ধি করেন। ঐ সন্ধিতে ইহাকে অর্দ্ধেক রাজা, বৃদ্ধের থরচ তিন কোটী টাকা এবং ছটি পুত্রকে বন্ধকম্বরূপ রাখিতে ইইরাছিল। ঐ পুত্রেরা ইংরাজের নিকট অবক্ষম থাকিয়া টালিগঞ্জে বাস করিতেন। এই মদজিদটা তাঁহারাই নির্মাণ করিয়া পিতার নামান্সারে নাম করণ করিয়াছেন।

ইন্দ্র। লভ করণওয়ালিস কিরপ ভারতশাসন করিয়াছিলেন ?

বরুণ। ইনি দৃঢ়তা ও তেজবিতার সহিত শাসন করিয়া ভারত সাম্রাজ্যে অনেকটা স্থবন্দোবস্ত কবিয়া দিয়া যান। এই মহাত্মা সরকারী কর্মচারীদিগের কুবাবছার দুর করিয়াছিলেন। তৎকালে কোম্পানীর কর্মচারীদিগের বেতন অল্প ছিল, তাঁহারা উৎকোচ গ্রহণ করিতেন। তম্ভিন্ন বেনামীতে বাণিষ্কা করিয়া অসহপায়ে অর্থ সঞ্চয় করিতেও ছাড়িতেন না। তিনি যুদ্ধাদিতে জয়লাভ করিয়া যেমন যশোভাজন হইয়াছিলেন, ডেমনি রাজ্যের চিরস্থায়ী বন্দোবস্ত করিয়া প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন। এই বন্দোবন্তে জমিদারদিগের বিলক্ষণ স্থবিধা ও প্রজার যার পর নাই অস্থবিধা হয়। কারণ যথন জমিদারেরা দেখিলেন, গ্রণ্মেন্টকে বৎদর বৎদর নিয়মিত কর প্রদান করিলে তাঁহারা ভূমির অধিকার হইতে বিচ্যুত হইবেন না. তথন তাঁহারা স্ব স্ব জমিদারির উৎকর্ষ সাধনের মানদে প্রজার করবৃদ্ধি ও লাখরাজ বন্ধত্র প্রভৃতি বান্ধেয়াপ্ত করিতে আরম্ভ করিলেন। প্রজারা সকলই সহ্ছ করিতে লাগিল: কাবন, ভাহাদের স্বত্ব ক্লার্থ কোন উপায় নির্দিষ্ট করা হয় নাই। এই গবর্ণর জেনারেল দেওয়ানী ও ফোজদারী বিচারালয়সমূহেরও সংস্কার সাধন করেন। তৎপূর্বে ভারতবাদীদিগের আচার ব্যবহারের উপযোগী যে দকল নিয়ম পুস্তকাকারে প্রচারিত হইয়াছিল, তাহাতে পুলিদ কর্মচারীদিগের ক্ষমতার অতিরিক্ত বৃদ্ধি করা হয়। ঐ নিয়ম প্রচলিত থাকিলে প্রজাদিগের উপর পুলিদ যথেষ্ট অত্যাচার করিতে পারিত। তদ্ভিন্ন ঐ আইনপুস্তকে দেশীয় দিগের বিচারসংক্রান্ত কোন কার্য্যে নিযুক্ত করিবার ব্যবস্থা করা হয় নাই: অধিক কি. তাহারা অতি সামান্ত সামান্ত সরকারি কর্ম ভিন্ন অপর কর্ম পাইবে না, এইরপ নিয়ম করা হইয়াছিল। মহাত্মা করণওয়ালিস তৎসমস্তের সংশোধন করিয়া কীর্ত্তিম্বাপন করিয়াছেন।

এখান হইতে দেবগণ একস্থানে যাইয়া দেখেন—গাড়ী খোড়ার ভয়ানক ধুমধাম। লোকে উত্তম উত্তম গাড়ী ভাড়া করিয়া লইয়া যাইতেছে। সপ্তয়ারেরা অশিক্ষিত অখপঠে আবোহণ করিয়া "টগাবগ টগাবগ" শব্দে রাস্তার এক প্রাস্ত হইতে অপর প্রাস্তে দৌড় করাইয়া শিক্ষা দিতেছে। কার্থানায় অসংখ্য গাড়ী প্রস্তুত হইতেছে ও গাড়ীতে বং মাধাইতেছে। কোন স্থানে গাড়ী

দেবগণের মর্ছো আগমন

বোড়ার নিলাম হইতেছে। দেবগণ রাস্তায় দাঁড়াইয়া যে দিকে চাহেন, দেখেন —কেবল ঘোড়া ও ঘোড়ার গাড়ী।

উপ। বৰুণ-কাকা এখানে কি কলে ঘোডা প্ৰস্তুত হয় ?

নারা। বক্রণ এ দোকানটির নাম কি?

বৰুণ। ইহার নাম কুক সাহেবের আড়গড়া। এই স্থানে গাড়ী ঘোড়া বিক্রয় হয় ও ভাড়া পাওয়া যায়। কলিকাতার মধ্যে এই কোম্পানী গাড়ীর প্রধান সদাগর। ইহাদের একটী কারথানা আছে, সেথানে গাড়ী প্রস্তুত হইতেছে। এথানে অষ্টেলিয়া দেশ হইতে ঘোড়ার আমদানী হইয়া থাকে।

এই সময়ে একটা ঘোড়া আড়গড়া হইতে বিদি-রদা ছিঁড়িয়া বাহিরে আদিয়া চারি পা তুলিয়া লাফাইতে লাগিল। বৰুণ দেখিয়া পিতামহের হাত ধরিয়া "পলারে আহ্বন" বলিয়া একদিকে ছুটিয়া পলাইলেন। উপ তাঁহার কথা না শুনিয়া রাস্তায় দাঁড়াইয়া দেখিতে লাগিল; শেবে ঘোড়াটা নিকট দিয়া যেমন ছুটিয়া গেল, উপ অমনি ধুলায় পড়িয়া "বাপরে মারে" শব্দে চীংকার করিতে লাগিল।

নারায়ণ তাহার উপর ছই চারি ঘা প্রহার করিয়া কহিলেন, "যেয়ন কথা ভনিস্নে—বেশ হয়েছে। ঐ ঘোড়া ভোর উপর দিয়া চলিয়া গেলে, কিংবা লাথি মারিলে তুই কি আন্ত থাক্তিস ?"

্রহ্মা। এ স্থানে আর না, বরুণ। পলাই চল।

বরুণ। পলাইবার আবশ্রকতা কি ? এখানে কি কেহ আদে না ? তবে সাবধান হয়ে চলা উচিত। সাবধানের মার নাই, আহমক লোকেরা এখানে আসিলে মারা পড়িতে পারে।

ইস্ত্র। এথান হইতে একথানি গাড়ী ভাড়া করিয়া একদিন সহর ভ্রমণ করিলে হয়।

্বরুণ। হানি কি ? ১৬ টাকা থরচ করিলে একথানি ফেটিং কিংবা চেরেটে বসিয়া ভ্রমণ করিতে পার। অতিরিক্ত থরচ করিলে চারি ঘোড়ার গাড়ীতে ভ্রমণ করিবার অমুমতি আছে।

্রন্ধা। অতিরিক্ত থরচ করিয়া চারি ঘোড়ার গাড়ী ভাড়া করে, এমন থবোকা কি বাঙ্গালীর মধ্যে আছে ?

এথান হইতে দকলে বেণ্টিং স্থীটে যাইয়া ডিঃ গুপ্তের ঔষধালয়ের নিকট উপস্থিত হইলে বৰুণ কহিলেন "এই ঔষধালয়টি মারকানাথ গুপ্ত নামক এক ব্যক্তির। ইহার প্রাতন জরের ঔবধ বড় উৎক্টে। ঐ ঔবধ বিক্রম ধারা ইনি যথেট টাকা উপার্জন করিয়াছেন। ডিম্পেন্সারির উপরে হোটেল। দেবগণ এই রাস্তার উভয় পার্যে সারি সারি জুতার দোকান দেখিতে দেখিতে চলিলেন। দেবরাজ একটি দোকান হইতে পক্ষিরাজ ঘোড়ায় চড়িবার জন্ত এক জোড়া রাইভিং বুট থরিদ করিয়া লইলেন এবং উপকে এক জোড়া জুতা কিনিয়া দিলেন। বরুণ কহিলেন, "এখানকার জুতা বিক্রেতারা, বোকা ও চতুর দেখিয়া, জুতার মূল্য কম বেশী করিয়া লইয়া থাকে।"

যেমন সকলে জুতা থরিদ করিয়া দোকানের বাহিরে আদিয়াছেন, উড়ে বেহারারা চতুর্দিক্ হইতে আদিয়া তাঁহাদিগকে এম্টি হাউদে যাইবার জন্ম উপরোধ করিতে লাগিন।

বন্ধা। বৰুণ! উড়ে পাণ্ডারা কি বলে ? এখানে কি কোন দেবালয় স্মাছে ?

वक्त। जानि हन्न, ७ मिवानम् जामामित नरह।

নারা। বরুণ। উহারা কোথায় যাইতে বলে ?

বক্ষণ তংশবণে নারায়ণের কানে কানে কত কি বলিতে লাগিলেন।
নারায়ণ যত শুনেন "য়া।" "উ।" শব্দে সবিশ্বয়ে প্রশ্ন করেন ও হাক্ত
করেন। উপ কিছুই বৃঝিতে পারিল না, কেবল এক দৃষ্টে নারায়ণের মুখের
দিকে চাহিয়া রহিল। পিতামহ ফিরিয়া দাঁড়াইয়া কহিলেন, "তোমরা কি
গল্প কর্চো?"

"ও আর আপনার শুনিবার প্রয়োজন করে না" বলিয়া সকলে ঘাইয়া
একটা বৃহদাকার দোতলা বাড়ীর নিকটে উপস্থিত হইলেন। বাড়ীটির
চতুর্দিকে প্রাচীর বেষ্টিত। যথন সকলে একদৃষ্টে বাড়ী দেখিতেছেন উপ ঘাইয়া
তাড়াতাড়ি প্রস্রাব করিতে বিদল। যেমন সে প্রস্রাব করিয়া উঠিয়াছে, অমনি
ছই দিক হইতে ছইজন কনষ্টেবল আসিয়া তাহাকে গুতু করিয়া লইয়া চলিল।

দেবগণ এ ঘটনা অবগত নহেন, তাঁহারা বাড়ীই দেখিতেছেন এবং বরুণ কহিতেছেন "ইহার নাম লাল বান্ধার পুলিদ।" এই সময়ে উপ চীংকার করিয়া কাঁদিয়া কহিল, "ঠাকুর কাকা! রান্ধা কাকা! কর্তান্ধ্যেঠা। বরুণ কাকা। শীঘ্র আদিয়া আমাকে বক্ষা করে কোথায় ধরে নিয়ে ঘাচ্ছে।" উপর কন্দনে সকলে কি। কি! শব্দে ছুটিয়া গিয়া সবিশেষ অবগত হইলেন পাহারাওয়ালাদিগকে তাঁহারা কত বিনয় করিয়া বলিলেন, কত জল থাবার দেবগণের মর্ছো আগমন

দিতে চাহিলেন, কিন্তু কিছুতেই তাহারা পরিত্যাগ করিল না, ধরিয়া দইয়া চলিল।

বকণ। উপ! তোর ভয় নাই; যেখানে নিয়ে যাক্ না, আমরাও তোর পশ্চাৎ পশ্চাৎ যাইভেছি।

নারা। বরুণ। উপ'র দশা কি হবে?

বরুণ। হবে আর কি—বড জোর তুই চারি আনা জরিমানা।

দেবগণ এথান হইতে পুলিদের নিকট যাইয়া দেখেন—মহা-ধুমধাম, ধেন শ্রাদ্ধবাড়ী। অসংখ্য থঞ্চ, কাণা ফিরিঙ্গি বসিয়া দরখান্ত লিখিয়া দিয়া পয়সা উপাৰ্জ্জন করিতেছে। উকীলেরা ঘুরে ঘুরে বেড়াইতেছে।

দেবগণ উপ'র উদ্ধারের জন্ম এই স্থানে প্রসা থবচ করিয়া একথানি দরথান্ত লিথাইয়া লইলেন। তৎপরে সকলেই ভিতরে প্রবেশ করিলে বরুণ কহিলেন ''দেথ দেবরাজ। ঐ যে পূর্ব্ব দিকের বাড়ী দেখিতেছ, উহার উপর পুর্বেলক হাদপাতাল ছিল।''

ইন্দ্র। লক হাসপাতাল কি ?

বরুণ। ঐ স্থানে চৌদ্দ আইনের পরীক্ষা লওয়া হইত। যে বেশ্রার রোগ থাকিত, এই স্থানে রাথিয়া আরোগ্য না হওয়া পর্যাস্ত তাহাকে চিকিৎসা করা হইত।

নারা। বলিহারি ইংরাজরাজকে ! ই হাদের দেথ ছি সকল দিকেই দৃষ্টি আছে। ভাল বরুণ। এত রোগ থাকিতে বেখাদিগের ও রোগের প্রতিরাজপুরুষদের চিন্তাকর্ষণ হইল কেন ?

বরুণ। গোরারা বেশ্রালয়ে যাইয়া ঐ রোগগ্রন্ত হওয়াতে চৌদ্দ আইন প্রচারিত হয়। যাহা হউক, নারায়ণ। লালবাজার পুলিসটা কেমন দেখিতেছ বল ?

নারা। ঠিক যেন দ্বিভীয় কালান্তপুরী।

বকণ। এই পুলিদে কলিকাতার যত ফৌঞ্চারী মকন্দমা হইয়া থাকে।
এথানে চারি জন্ পুলিদ ম্যাজিট্রেট আছেন। তাঁহারা কলিকাতার উত্তর
পূর্ব দক্ষিণ পশ্চিম চারি বিভাগের যাবতীয় ফৌজ্দারী মকন্দমা করিয়া
থাকেন; ইহা ব্যতীত অবৈতনিক ম্যাজিট্রেট মহোদ্যেরাও এথানে আদিয়া
বিচার করেন।

দেবগণ একটি গৃহে প্রবেশ করিয়া দেখেন—বিচারাসনে একটা বাঙ্গাঙ্গী

ব্দিয়া বিচার করিতেছেন। নিকটে বাদী প্রতিবাদীর উক্তীল মোজারগণ দাঁডাইয়া আছেন। পাহারাওয়ালারা উপকে লইয়া এইথানে প্রবেশ করিল এবং বাগবান্ধার থানার ইনম্পেক্টর একজন মাতালকে ঝোলায় করিয়া অতাত আসামীর সহিত আনিয়া উপস্থিত করিল। প্রথমেই উহাদের বিচার আরম্ভ হইল। হাকিম মাতালকে কহিলেন, "তুমি অমুক বাক্তির গাল কামড়াইয়া দিয়াছ কেন ?" মাতাল কহিল, "হজুর ৷ ও নিজের গাল নিজে কামডাইয়া আমার নামে মিথাা অপবাদ দিয়া আপনার নিকট অভিযোগ করিয়াছে। আপনি স্থবিজ্ঞ হাকিম, বিচার করিয়া দেখুন, উহার গাল কামড়ান'তে আমার কি স্বার্থ আছে।" হাকিম কহিলেন, "তমি বলিতেছ — ও উহার নিজের গাল নিজে কামড়াইছে; ভাল – তুমি তোমার নিজের গাল নিজে কামডাইয়া দেখাইতে পার ১" মাতাল "পারি" বলিয়া নিজের পান নিজে কামড়াইবার জন্ম নানাপ্রকার মুখভঙ্গী করিয়া অসমর্থ হইলে দেবগণ ও অপরাপর লোক হাস্ত করিতে লাগিলেন। তথন সাতালের পক্ষের উকীল দাঁড়াইয়া কহিলেন, "হস্তুর, আমার মক্কেল যাহা বলিতেছেন সত্য: এরপ মকদমা আমি বিস্তর দেখিয়াছি এবং এই বেঞ্চে অনেক হাকিমের নিকট হইয়া গিয়াছে, যাহাতে স্ববিজ্ঞ হাকিমেরা আসামীকে বেকম্বর থালাদ দিয়াছেন।" হাকিম কহিলেন, "তমি প্রলাপ কহিতেছ, ভবিশ্বতে ওরপ প্রলাপ কহিলে ভোমাকে আদালত হইতে বহিষ্কৃত করিয়া , দিব" বলিয়া মাতালের পাঁচ টাকা জবিমানা করিলেন এবং কহিলেন, 🧯 "পুনরায় এরূপ কা**জ** করিলে গুরুতর দণ্ডভোগ করিতে হইবে।"

এই মকদ্দমা শেষ হইলে কতকগুলি সাহেববাড়ীর বার্দ্চিকে কতিপর কনষ্টেবল ধরিয়া আনিল। ইহাদের অপরাধের মধ্যে—কতকগুলি কুঁক্ড়োকে গাছের ফলের মত ঠ্যাং ধরিয়া ঝুলাইয়া লইয়া ঘাইতেছিল। হাকিম কহিলেন, "তোমরা উহাদের প্রাণবধ করিবার পূর্বে অকারণ কট দিয়াছ, অতএব প্রত্যেকের চারি আনা অর্থ দণ্ড করিলাম। ভবিশ্বতে ওরূপ করিলে গুরুতর দণ্ড ভোগ করিতে হইবে।"

ইহার পর উপ'র মকদ্দমা উপস্থিত হইল। হাকিম পাহারাওয়ালাদিগকে তিরস্কার করিয়া কহিলেন, "কলিকাতায় কত লোকে কত লোকের দর্বনাশ করিতেছে, তোমরা তাহার কোন থোঁজ খবর রাখিতে পার না, অথচ এই বালককে সামান্ত দোবে ধরিয়া জানিয়া বিলক্ষণ কট দিতেছ। তোমাদের

দেবগণের মর্ডো আগমন

আর কোন ক্ষমতা নাই, কেবল কেউ কোণাও প্রস্রাব ক'র্লে ধর্বার ক্ষমতা আছে।" বলিয়া তিনি ছই আনা মাত্র জ্বিমানা করিয়া উপকে ছাড়িয়া দিলেন। দেবগণ সানন্দে যাইয়া উপ'র হাত ধরিলেন এবং গৃহের বাহিরে আসিয়া পিতামহ বরুণকে জিজ্ঞাসা করিলেন, "বরুণ, এই স্থবিচারকটির নাম কি ?"

বরুণ। বি. এল. গুপ্ত।

বন্ধা। কি?

বকণ। বি, এল, গুপ্ত অর্থাৎ বিহারিলাল গুপ্ত। ইঁহারা জাতিতে বৈছ। ইনি গৌরিভানিবালী চন্দ্রশেশর গুপ্তের পুত্র। বিহারিবার্ বাল্যকালে হিন্দু স্থলে বিছা শিক্ষা করেন। তৎপরে প্রেসিডেন্সি কলেজের বি, এ, ক্লাসে পড়িতে পড়িতে বিলাত যাত্রা করেন। তথায় দিবিল সার্বিদে পরীক্ষায় উত্তীর্ণ হইয়া স্বদেশে প্রভাগমন করেন এবং কিছুকাল কয়েকটি জেলাতে সহকারী মাজিট্রেট ও জয়েন্ট মাজিট্রেটের কার্যা করিয়া কলিকাভার পুলিস মাজিট্রেট নিযুক্ত হন। মহাত্মা হরিমোহন সেন ইঁহার মাতামহ।

নারা। হরিমোহন দেন কে ?

বরুণ। হুগলীতে যে রামক্ষল সেনের কথা বলিয়াছিলাম, উক্ত রাম কমল সেন মহাশয়ের চারিটা পুত্র ছিলেন, তর্মাধ্য জ্যেষ্ঠের নাম হরিমোহন সেন; ইনি ১৮১২ অব্দে জ্মগ্রহণ করেন। ইনি হিন্দু করেজে বিছা শিক্ষা করিয়াছিলেন। হরিমোহন সেনই বাঙ্গালা ভাষায় পুরাণ তরজমা করেন। ইনি প্রথমে চাঁকিশালে, তৎপরে ফ্রেজরিতে কার্য্য করিয়া পরিশেষে বেঙ্গল বাাছের দেওয়ান হইয়াছিলেন এবং কলিকাভা ইনষ্টিটিউট, জমিদার সভা, ভারতসভা প্রভৃতির মেহর ছিলেন। পরিশেষে জয়পুরের রাজার প্রধান মন্ত্রী হন। ইনি যত্নাথ, মহেজ্রনাথ, যোগেক্তরনাথ এবং নরেক্তরনাথ করিয়া হন। ইনি যত্নাথ, মহেজ্রনাথ, যোগেক্তরনাথ এবং নরেক্তরনাথ করিয়া করিয়া গর্জজাত পুত্র।

^{*} ইনি ইণ্ডিয়ান মিরার নামক সংবাদপত্তের সম্পাদক ছিলেন। ১৯০১ খুষ্টাব্দে হঁহার মৃত্যু হইয়াছে — সম্পাদক।

দেবগণ দাঁড়াইয়া অনেক মকদ্দমা দেখিলেন, তন্মধ্যে অধিকাংশ বেখা-সংক্রান্ত ব্যাপার।

আসামীদের অধিকাংশ ভদ্রসন্তান। কোনও বেশ্রা থোরাকীর দাবী দিয়া নালিশ করিয়াছে; কেহ চুরীর দাবী দিয়াছে; কেহ দাঙ্গাহাঙ্গামার জন্ম নালিশ করিয়াছে ইত্যাদি ইত্যাদি।

দেবগণ অপর গৃহে প্রবেশ করিয়া দেখেন—আর একজন ম্যাজিষ্ট্রেট বিচারাসনে বসিয়া বিচার করিতেছেন। নিকটে দাঁড়াইয়া একটা বেশু। কাঁদিতে কাঁদিতে কহিতেছে, "হুজুর। আমি কোন অপরাধ করি নাই, তবে কি কারণে পুলিসের লোক যাইয়া আমার হাজার, বার শত টাকা আন্দাজের গহ্নাপত্র লইয়া গেল এবং অভ বেলা দশটার সময় হুজুরের নিকট হাজির হুইতে কহিল ?"

ম্যাজিট্রেট তংশ্রাবে প্লিদকে ডাকিয়া জানিলেন, তাহারা কেছ এ কাজ করে নাই। তথন অমুদ্ধানে দ্বির হইল, জ্য়াচোরেরা প্লিদ সাজিয়া। এই কাজ করিয়াছে। বেশু। তংশ্রবণে কাঁদিতে কাঁদিতে মুর্ভিতা হইল। পরে আদালত হইতে জুয়াচোর ধরিয়া দিবার পুরস্কার ঘোষণা হইলে, বেশ্যা চক্ষু মৃছিতে মুছিতে প্রস্থান করিল। যাইবার সময় বলিয়া গেল, "অনেক ছেলের মাথা থেয়ে গহনাগুলি ক'রেছিলাম, জুয়াচোর বেটারা আমার মাথা থেলে।"

এথান হইতে যাইতে যাইতে ইন্দ্র কহিলেন "বরুণ। ঐ যে সাহেবেরা স্ত্রী পুত্র লইয়া বাদ করিতেছে, উহারা কারা ?"

বরুণ। উহারা বিলাতী কনেষ্টবল। উহারা এই স্থানে বাদ করিয়া থাকে। এই কনেষ্টবলেরা প্রত্যেক ইংরাজ্বপল্লীতে, বিশেষতঃ লালবাঙ্গারের মোড়ে, আর ইংরাজ্বপল্লীর মধ্যে যেথানে যেথানে মদের দোকান আছে তথায় ও প্রত্যেক ব্যাহে এক একজন করিয়া পাহারা দিয়া খাকে।

এথান হইতে দেবগণ বাহিরে আসিলেন। বাহিরে আসিয়া দেবরাজ আর চলিতে পারেন না, গালে হাত দিয়া বসিয়া পড়িলেন। বরুণ দেখিয়া কহিলেন, ''ইক্রণ্ড অমন ক'রে ব'স্লে যে ?''

ইন্দ্র। ভাই। আমার চোন সহিত ঘড়িটা কে অপহরণ করিয়াছে? নারা। য্যাঁ—নে কি। অমন লালবাজার পুলিদের মধ্যে জুগাচুরি। ব্রহ্মা। বেস হ'য়েছে, ভোদের ব'ল্লে ড শুনবি নে, কলিকাতায় আসিয়াঃ দেবগণের মর্ত্তো আগমন

বাবু সাজা, চ্যেন ঘড়ি ঝুলান তোদের যে রোগ হ'য়েছে—এখন উঠে এস! টাকার শোকে অধীর হ'লে হবে কি ?

ইন্দ্র। ঠাকুর দা! আমি অধীর হই নাই, তবে চমংকৃত হইরাছি বটে! আমি ভাব্ছি—ইহাদের কি চমংকার হাত বশ। কি চমংকার অভ্যাদ। বলিহারি কলিকাতার জুয়াচোরগণকে—তাহাদের সাহল ও শিক্ষাকে। আহা। ইহারা যে পরিশ্রমে এই জুয়াচুরি শিক্ষা করিয়াছে, সেই পরিশ্রমে যদি অপর কোন ভাল বিষয় শিক্ষা করিত, তাহা হইলে ভারতের অনেক হিতসাধন করিতে পারিত।

এথান হইতে এক স্থানে ঘাইয়া দেবগণ দেথেন—নিলামে অনেক দ্রবাদি বিক্রেম্ন হইতেছে। অনেক লোক দাঁড়াইয়া কিনিতেছে। বরুণ কহিলেন. "ইহার নাম পার্কার কোম্পানীর নীলাম। মেকাঞ্চি লয়েল কোম্পানী কলিকাতার যাবতীয় নীলামের কার্য্য করিতেন; এমন কি গবর্গমেণ্টের আফিস পর্যন্ত বিক্রেম্ন করিতেন। এক্ষণে পার্কার সাহেব নীলাম কার্য্যে বিলক্ষণ লাভ দেখিয়া এই আফিসটী খুলিয়াছেন। ইহাদের কার্য্য এই, কি খাত্ত সামগ্রী—কি পরিধেম্ন বস্ত্র, বিলাতে যে সমস্ত ক্রব্য বিক্রমোপযোগি না হয়, তাহাই নিলাম করিয়া থাকেন। ঘাহারা নিলামে ক্রেম্ন করিয়া ভাল জিনিস পায়, কেহ বা যাহা কিছু কেনে, একেবারে মাটি।"

''ষা থাকে কপালে—নীলামে কিছু কিনে নিই; না হয় পয়সাগুলো জলে যাবে' বলিয়া নারায়ণ কয়েকটা থান থবিদ করিলেন। দেবরাজ প্রভৃতি কহিলেন, ''ভাই। যদি ভাল হয়, আমাদের কিছু কিছু অংশ দিও।''

এখান হইতে ষাইয়া সকলে দেখেন—একটা ঔষধালয়ে অসংখ্য ঔষধের শিশি সাঞ্চান বহিয়াছে। দেবরাদ কহিলেন, "বরুণ! এ ঔষধালয়টীর নাম কি ?"

বরুণ। ইহার নাম স্মিধ স্ট্যান্ট্রীট কোম্পানীর ভাক্তারথানা। ইহারাও ব্যাথ্গেট, স্কট টম্দন্ কোম্পানীর স্থায় ঔবধ বিক্রয় করিয়া থাকেন। ইহাদের দোকানে পাকা চুল কাল হইবার অতি উৎকৃষ্ট ঔবধ আছিছ।

हेला। ठीक्त्रमारक अक मिनि किरन मिरन रम्र ना ?

ব্ৰহ্মা। কি?

ইন্দ্র। পাকা চুল কাল হইবার ঔষধ।

ব্রহ্ম। আমার আর চুল কাল ক'রে কি হবে? যাবার সময় হয়েছে। তোদের তবু কতকটা কাঁচা বয়ণ -- কিনে নিয়ে সাধ মেটা।

নারায়ণ ও দেবরাঙ্গ বরুণের কানে কানে কহিলেন, ''আমাদের ছই এক গাছি করিয়া চুল পাকিতে আরম্ভ হইয়াছে, অতএব এক শিশি কিনিয়া দেও।'' বরুণ তৎশ্রবণে তাঁহাদিগকে লইয়া ভিতরে প্রবেশ করিলেন এবং ছই জনকে ছই শিশি থরিদ করিয়া দিলেন। পিতামহ তদ্প্তে হাস্ত করিতে করিতে কহিলেন, 'তোদের দেখছি বুড়ো বয়দেও সথ মেটে নাই।''

এথান হইতে এক স্থানে যাইয়া বরুণ কহিলেন, ''দেবরাজ ৷ সমুথের দোকানের দিকে চেয়ে দেখ ৷''

নারা। এ দোকানটি কাহার ?

বরুণ। রভা কোম্পানীর দোকান। এই দোকানে বন্ধুক, তরবার, কামান প্রভৃতি বিক্রয় হইয়া থাকে।

নারা। আমাকে ভাই একটি ডবল বাারেল্বন্দৃক থরিদ করিয়া দেও, স্বর্গে লইয়া গিয়া সকলকে দেখাইতে হইবে।

বরুণ তংশ্রবণে দেবগণকে লইয়া ভিতরে প্রবেশ করিলে তাঁহারা, বন্দুকাদি দেখিতে লাগিলেন। উপ চঞ্চল স্বভাব প্রযুক্ত একবার এ বন্দুক একবার ও বন্দুক ধরিতে লাগিল। হঠাৎ দে যেমন একটা হাওয়ার বন্দুকে হস্তার্পণ ক'রেছে, অমনি বন্দুকটীর আওয়ান্ধ হইয়া একটা বেল লঠন ফাটিয়া গেল। উপ তথন ভয়ে কাঁপিতে লাগিল।

নারায়ণ উপকে তিরস্কার করিয়া কহিলেন, "তোর ছোঁড়ার কি সকল জিনিদেই হাত না দিলে নয়? তোকে দঙ্গে করিয়া আনা আমাদের অস্তায় হইয়াছে।" বলিয়া দেই ফাটা লগুনটা ও একটা ভবল ব্যারেল বন্দুক থবিদ করিয়া লইয়া বহির্গত হইলেন। বাহিরে আদিয়া দেবরাজ কহিলেন "বরুণ। এ দোকানটির নাম কি বলিলে—রড়া কোম্পানীর বন্দুকের দোকান?"

বরুণ। হাঁ। ভাই। পূর্বে এই দোকান উক্ত কোম্পানীর ছিল, স্বতাণি নেই নামেই চলিতেছে, ফলতঃ এক্ষণে দোকানটী হামিল্টন কোম্পানী থরিদ করিয়া লইয়াছেন।

এখান হইতে সকলে জেলহাউদি স্বোয়ারের উত্তরাংশের রাস্তার উত্তরদিকে এক স্থানে উপস্থিত হইলে পিতামহ কহিলেন, ''বরুণ! সম্প্রের এ বৃহৎ বাড়ীটা কি ? এখানে এত ঘোড়া পান্ধি কেন ?'' বক্ষণ। বাড়ীটির নাম রাইটার্স্ বিল্ডিং। ইট ইণ্ডিয়া কোম্পানীর' শাসনকালে এই বৃহদাকার বাড়ীটি প্রস্তুত হয়। এ বাটি প্রস্তুত হইবার কারণ, তথন এ দেশে কেরাণী পাওয়া যাইত না; এক্ষন্ত বিলাত হইতে কেরাণী আমদানী করা হইত। সেই সমস্ত কেরাণীর বদবাসের জন্ম এই বাটী প্রস্তুত হওয়াতে রাইটার্স্ বিল্ডিং অর্থাৎ কেরাণীথানা নাম হইয়াছে। এক্ষণে এই বাটীতে এক্জিকিউটীভ্ ইঞ্জিনিয়ার, ফপানিন্টেন্ডেন্ট ইঞ্জিনিয়ার, চিফ্ ইঞ্জিনিয়ারের আফিস আছে। তন্তিয় পুর্বে এই বাড়ীতে রেলওয়ে কন্সল্টিং ইঞ্জিনিয়ার, একেন্ট আফিস, অভিট আফিস, চিফ্ ষ্টোর্ কিপার আফিস, ষ্টেসনির আফিস, ক্যাস্ আফিস, অভিট আফিস, চিফ্ প্রোর্ কিপার আফিস, ষ্টেসনির আফিস, ক্যাস্ আফিস এবং চিফ পে মাষ্টাবের আফিস প্রভৃতি কতগুলি আফিস ছিল। এক্ষণে রেলওয়ে কোম্পানী নিজ বাটী প্রস্তুত করাতে তৎসম্দায় আফিস উঠিয়া গিয়াছে। এথানে বিস্তর কেরাণী কাজ কর্ম করিয়া থাকে। তাহাদিগকে বহন করিয়া আনিবার জন্মই এই সমস্ত গাড়ী পাক্ষি রহিয়াছে।

এখান হইতে এক স্থানে যাইয়া উপস্থিত ২ইলে বরুণ কহিলেন, "দেবরাঙ্গ সন্মুখে দেখ গবর্ণমেন্টের নৃতন বাড়ী। পুরের বেঙ্গল সেকেটরিয়েট প্রভৃতি কয়েকটী অফিস চৌরঙ্গী রাস্তার ধারে একটা ভাড়াটে বাড়ীতে ছিল। এক্ষণে গবর্ণমেন্ট রাইটার্স বিল্ডিংয়ের উত্তরাংশে এই তিনটী প্রশস্ত বাড়ী নির্মাণ করিয়া বেভিনিউ বোড ্এবং বেঙ্গল সেকেটরিয়েট আফিস উঠাইয়া. আনিয়াছেন।

ইন্দ্র। বেঙ্গল সেকেটরিয়েট আফিলে কি কাজ হয় ?

বকণ। বাঙ্গালার মধ্যে যত বিচারালয় আছে, এখানে তৎদংক্রাস্ত সমস্ত হিনাব পত্র প্রস্তুত হইয়া থাকে। এখানেও বিস্তব কেরাণী কাজকর্মাক্রিছে। মফঃখনের বিধাতা মাজিট্রেট মহোদয়দিগের বদলি, বাহাল ও বেতন বৃদ্ধি প্রভৃতির কার্যাও এই স্থানে হইয়া থাকে। গ্রীম্মকালে ছোটলাটের সহিত এই আফিনের অর্দ্ধেক আন্দাজ দার্জিলিঙে যায়।

নারা। কেন ? আফিদগুলোরও কি গ্রম বোধ হয় ?

বৰুণ। কাজে কাজেই। আফিসের কর্তা যথন গরমে ছট্ ফট্ করিতে থাকেন, তথন আফিস কিরূপে ঠাণ্ডা থাকে? ফল কথা, আফিস আদালত রাজপুরুষদিগের সঙ্গে নাল থাকিলে কাজ চলে না। ইহাদের শন্ধন ভোজন উপবেশনের স্থায় আফিসটীও সঙ্গে সঙ্গে থাকা চাই।

বন্ধা। আচ্ছা—দার্জিলিং না যাইয়া গ্রীমের কয়েক মাদ বিলাত যাইয়া অবস্থিতি করিলে ত রাজপুরুষদিগের শরীর আরও ভাল থাকে।

বৰুণ। এখানে না আদিলেও ত হয়।

ব্রহ্মা। তাই ত বটে; ওঁরা যে সেই সংবাদ দেওয়া কলটা হাতে করে। যেথানে সেথানে ব'সে রাজ্য ক'রতে পারেন।

এখান হইতে সকলে লায়ন্স বেঞ্জ নামক বাস্তার উত্তর ধারে যাইলে বরুণ কহিলেন 'দেবরাজ' টর্ণর মরিসন্ কোম্পানী নামক একটা বিলাতী সদাগরের অফিস দেখ। ইংারাই ১৷২৷০ নম্বর চিনি প্রস্তুত করিয়া থাকেন। ইংাদের কান্মপুরে একটা চিনির কল আছে। তন্তির ইংারা বিলাত হইতে লোহা লক্ড, মদ প্রভৃতি নানাপ্রকার সদাগরীর দ্রব্য আমদানী করিয়া থাকেন। এই কোম্পানীর ২৷০ থানি নিজের জাহাজ্ম আছে। ইংাদের হুইতে বিশ্বর বাঙ্গালী বড় মাহ্রষ হইয়া গিয়াছে। ইংাদের জাহাজ্ম হুইতে দ্রবাদি আফিসে উঠাইয়া দিবার জন্ম অনেক কন্টাক্টর আছে। কন্টাক্টবেরা ঐ কাজে বিশ্বর টাকা উপার্জন কবিয়া থাকে।

এথান হইতে যাইয়া নারায়ণ কহিলেন, "বক্রণ। সমুখের এ বাড়ীটি কি ? বক্রণ। ইহার নাম পর্মিট—অর্থাৎ যে সকল বাণিজ্যন্তব্যের আমদানী রপ্তানী হয়, এই স্থান হইতে পাশ অর্থাৎ ছাড়পত্র না লইলে যাইবার ও আসিবার হুকুম নাই। এই কারণে ইহার নাম পর্মিট অর্থাৎ অহ্মডিস্থান হইয়াছে। এই পর্মিটে বিস্তর লোক কাজকর্ম করিতেছে। এথানে লোকে ইচ্ছা করিলে প্রতারণাও করিতে পারে।

ইন্দ্র। কি প্রকারে ?

বৰুণ। মনে কর, যে সমস্ত জব্যের আমদানী হয়, সেই সমস্ত জব্যের মধ্য হইতে যথন একটা বস্তা খুলিয়া পরীক্ষা করা হয়, তথন আর একটা বস্তা বাহির করিয়া লইয়া তৎপরিবর্ত্তে একটা যে-সে জব্যের বস্তা প্রবেশ করাইয়া দেওয়া যাইতে পারে।

এই সময়ে তীর্থস্থানের পাণ্ডার ন্থায় কতকগুলো লোক ছুটিয়া আদিয়া দেবগণকে চতুর্দ্দিক্ হইতে পরিবেষ্টন করিল এবং কহিল "আপনারা কি দিতে পারেন বলুন, তাহা হইলে ফার্ম্ পুরণ করিয়া স্বাক্ষর করাইয়া আনিয়া দিয়া ঘাহাতে আপনাদিগের মালামাল শীব্র রওনা হইতে পারে, তাহার চেষ্টা করিয়া দিতেছি।" দেবগণ তৎশ্রেবণে কহিলেন, "বাপু! আমরা মহাজন

নহি, এখানে ভ্রমণ করিতে আসিয়াছি।" দালালেরা চলিয়া গেলে দেবরাজ কহিলেন, "বরুণ। ইহারা কারা ?"

বকণ। ইহারা কতকগুলি মূর্য লোক। ইহাদের বিজা বৃদ্ধি তাদৃশ নাই; সংসার প্রতিপালনের নিমিত্ত এই স্থানে আদিয়া ঘ্রিয়া বেড়ায় এবং এক প্রদা মূলোর ফারম্ পূর্ব করিয়া স্বাক্ষর প্রভৃতি করাইয়া আনিয়া দিয়া প্রদা লয়। অগ্রে ইহারা প্রদা চ্ক্তি করিয়া থাকে।

নারা। আহা ় কলিকাতা সহরে কত লোকেই কত উপায়ে জীবিকা নির্বাহ কবিতেছে।

এখান হইতে যাইতে যাইতে বৰুণ কহিলেন, "নারায়ণ! ইপ্ত ইণ্ডিয়া বেল্ওয়ে কোম্পানীর আফিস দেখ। পূর্ব্বে এই সমস্ত আফিস রাইটার্স বিল্ডিংয়ে ছিল, এক্ষণে উক্ত কোম্পানী এই বাড়ীটা নির্মাণ করিয়াছেন। এখানেও বিস্তব কেরাণী কাজকর্ম করিতেছে।"

বন্ধা। বকণ । আর কেরাণী না বলিয়া বিস্তর চাকর কাজকর্ম করিতেছে বল। কি আশ্রেণ্য যাহাকে দেখি, যাহার সঙ্গে আলাপ পরিচয় করি, সেই কেরাণী। দোকানদার, মহাজন, অধ্যাপক, চিকিৎদক, চামার, কুন্তকার, কর্মকার আর চক্ষে দেখিতে পাওয়া যায় না সকলেই কেরাণী। বকণ । পরাধীন জাতির পরাধীন থাকিতে এত সাধ ? দেশ উৎসন্ন ঘাইতেছে, দেশের শিক্ষশান্তের বিলোপ হইতেছে, যাহারা দেখিয়াও দেখে না, তাহাদের মত বোকা জাতি কি হনিয়ায় আছে ?

বকণ। ঠাকুর দা! চাকরী করা বাঙ্গালীজাতির সংক্রামক-রোগ হইয়া দাঁড়াইয়াছে। নচেৎ যে অধ্যাপকের জগৎজুড়ে মানসম্বম, যাঁহার গৃহে বিদায়ের ঘটা, বাটা, থালা, ঘড়া রাথিবার স্থান হয় না, তিনিও নিজ ব্যবদায়ে ধিকার দিয়া পুত্রকে পনের টাকার কেরাণী প্রস্তুত করিতেছেন। যে কবিরাজ ধন্মন্তরি নামে পরিচিত হইয়া অজ্ঞিত ধন বহন কবিয়া আনিতে পারিতেন না, তিনিও নিজ ব্যবদায় পরিত্যাগ করিয়া পুত্রকে ইংরাজী শিখাইয়া কেরাণী প্রস্তুত করিতেছেন। যে কৃষ্ণকার উত্তম ছবি ও পট আঁকিয়া স্থাধীনভাবে ৪০।৫০ টাকা উপার্জন করে, দেও কাদা ছানা অতি জঘন্ত ব্যবদায় বলিয়া নিজ পুত্রকে ইংরাজী শিখাইয়া কেরাণী তৈয়ার করিতেছে। এইরূপে ধোপা, নাপিত, মেথর, মৃদ্দের্যাস সকলেই কেরাণী হইবার জন্ত হাত ধুইয়া বদিয়া আছে।

ব্রহ্মা। দেশ উৎসন্ন যাবে! ইহার পর লোকের নাপিতের অভাবে স্বর্বাঙ্গে চূল, ধোপার অভাবে মলিন বস্ত্র এবং মৃদ্দেরাদের অভাবে মরে দ্বরে পচিতে হবে।

এথান হইতে যাইতে যাইতে এক স্থানে উপস্থিত হইয়া নারায়ণ কছিলেন, "বৰুণ ! ঐ যে দেখা যাইতেছে, উহার নাম কি ?"

বকণ। ইহার নাম ওরিয়েণ্টেল ব্যাহ্ব। বাঙ্গালীদের যাবতীয় বৈনেতি রোকড়ের কার্য্য এই স্থানে হইয়া থাকে—অর্থাৎ লোকে এথানে টাকা জ্বমা রাথিয়া থাকে। অনেকে কোম্পানীর কাগজপত্র বন্ধক দিয়াও এথান হইতে টাকা লয়। এই ব্যাহ্বের মূলধন এক্ষণে বেশী হওয়াতে অক্সান্ত ব্যাহ্ব অপেক্ষা ইহারা কম হুদে টাকা রাথিয়া থাকে এবং যে মেয়াদে টাকা রাথা যায়, সেই সময়ে হুদ ও নির্দ্ধিট দিবদে টাকা ফেরত দিয়া থাকে। এথানে 'যথন ইচ্ছা টাকা লইব' এরূপ সর্প্তে টাকা রাথিলে হুদ পাওয়া যায়ন।

এই বাাবের উপর গচ্ছিত টাকা বাড়াইয়া দিবার ভার দিলে ইহারা সন্তার বাজারে কোম্পানীর কাগন্ধ কিংবা ব্যান্ধবিল অথবা কোন কোম্পানীর অংশ থরিদ ও বিক্রয় করিয়া থাকে। এখানেও প্রতারণা চলে।

ব্রহ্মা। ওরে ভাই। প্রতারণার কাল প'ড়েছে, তা প্রতারণা চ'ল্বে না ? ইন্দ্র। বরুণ। এখানে কি উপায়ে প্রতারণা হয় ?

বৰুণ। ব্যাঙ্কের লোকের দাহায্যে অনেক প্রতারক অপের লোকের চেকের নম্বর জানিয়া লইতে পারে এবং এক এক থানি জাগ চেক প্রস্তুত করিয়া বেহারার দ্বারা ঐ চেক পাঠাইয়া দিয়া এথান হইতে টাকা লইয়া ঘাইতে পারে।

এথান হইতে যাইয়া দেবগণ এক স্থানে উপস্থিত হইয়া দেখেন, অনেকগুলি আফিদ রহিয়াছে এবং কতকগুলি বাঙ্গালী বদিয়া কাজকর্ম করিতেছে। নারায়ণ কহিলেন, "বরুণ। এই স্থানটির নাম কি? ও আফিদগুলি কাহাদের?"

বরুণ। এই স্থানের নাম ন্নে চীনেবাজার, এই আফিসগুলির নাম কাপ্রেনী আফিদ।

নারা। কাপ্তেনী আফিস কি ?

ব্ৰুণ। এক একজন বাঙ্গালীর ৩।৪ ঘর বিলাতী সদাগবের সহিত

দেবগণের মর্জ্যে আগমন

এইরূপ বন্দোবস্ত আছে যে, তাহাদের যত জাহাজ এথানে আমদানি হইবে, ইহারা সেই সমস্ত জাহাজের যাবতীয় জিনিস পত্রের সরবরাহ করিবে, তৎপরে জাহাজ এথান হইতে প্রস্থান করিবার সময়ে জাহাজের কাপ্তেন ইহাদের নিকট হইতে যে যে জ্রব্যামগ্রী পাইয়াছেন, তাহার একটা রিদদ দিয়া যাইবেন। পরে ঐ রিদি অফুসারে এই আফিসের কর্জা সদাগরের নিকট বিল করিলেই শতকরা কমিশন সহ টাকা পাইবেন। এই কমিশনের বারা ইহাদের বিলক্ষণ লাভ হইয়া থাকে। এথানেও বেশ প্রভারণা করা যায়।

ইন্দ্র। কি প্রকারে?

বৰুণ। মনে কর, কাপ্তেনকে পাঁচ টাকার চাউন কিনিয়া দিয়া দশ টাকার রসিদ লইলে, কে ধরিতে পারে? এই আফিনের অধীনে নিপ্সরকারেরা কাচ্চ করে। তাহারাও এই কার্য্যে বিলক্ষণ উপার্চ্ছন করিয়া থাকে; এমন কি, অনেকে যথেষ্ট সঙ্গতি করিয়া লয়।

ইন্দ্র। সিপুসরকারের অত উপার্জ্জন কিরূপে হয় ?

বকণ। দিপ্সরকারদের উপার্চ্ছনের অনেক পথ আছে। প্রথমতঃ ইহারা জাহাত্ত চলিয়া যাইবার সময়ে কাপ্তেনের নিকট পুরস্কার পায়; তিজির তাহারা এই কাপ্তেনী আফিস হইতে মাসিক বেতন পাইয়া থাকে। তৎপবে প্রতিদিন কাপ্তেনকে কোন জব্য কিনিয়া দিয়া, যথা—এক টাকার ছোলা কিনিয়া দিয়া—এই আফিসে আসিয়া পাঁচসিকার কিনিয়া দিয়াছি বলিয়া টাকা লয়। সেই পাঁচসিকার উপর আবার এই সমস্ত আফিসের বাবুরা মনে করিল ১॥ টাকায় বিল করিয়া টাকা আদায় করিতে পারেন।

এই সময় কতকগুলি লোক আদিয়া দেবগণকে কহিল, "বাবু, কোম্পানীর কাগজ কিনিবেন " তাঁহারা অস্বীকার করিলে সকলে প্রস্থান করিল। পিতামহ কহিলেন, "বরুণ। এ লোকগুলি কে এবং সন্মুখের ও আফিসগুলি কি?

বৰুণ। উহারা কোম্পানীর কাগজের দালাল। আর ঐ আফিনগুলি কোম্পানীর কাগজের দালালের আফিন। কলিকাণ্ডায় যত কোম্পানীর কাগজ ধরিদ বিক্রয় হয়, এই সমস্ত আফিনেই হইয়া থাকে। দালালদিগের মধ্যে যাহার্য সঙ্গতিশালী, তাহারা কেবল এই দালালির উপর নির্ভর করে না, সময়ে সময়ে যথন কাগজের বাজার সন্তা হয়, থবিদ করিয়া রাখিয়া মহার্য হইলে তাহা বিক্রয় কয়িয়া থাকে। নারা। বকণ। এই বাজারটীর নাম নুতন চীনেবাজার ব'লে নয় ?

বৰুণ। হাঁ ভাই। এই বাজারটা কোম্পানীর বারিকের উত্তর। এই বাজারে অনেকগুলি বড় বড় দোকান আছে। ঐ সকল দোকানে বিবিদিগের পরিধেয় বস্তাদি, কাঁচের গ্লাস ও অক্তান্ত স্তব্যাদি বিক্রয় হইয়া থাকে। বাজারটা বর্জমানের মহারাজের।

এই সময়ে একটি ১২:১০ বংশর বয়স্ক বালক থালার উপর কয়েকটী ক্ষুত্র ক্ষুত্র দধিভাগু লইয়া দেবগণের নিকট উপস্থিত হইল এবং কৃহিল, "বার্! দৈ নেবেন ? পয়দা পয়দা ভাঁড়, উত্তম দৈ।" দেবগণ লইতে অসমত হইলে ছেলেটা এমনি ভাবে তাঁহাদের গাত্রে ঠেশ্ দিয়া চলিয়া গেল যে, তাহার একটা দধিভাগু দদি সহ পড়িয়া গেল। অমনি বালক কাঁদিয়া কহিল, "আপনারা আমার দৈ ফেলিয়া দিলেন, বাবা কত ব'ক্বে, মার্বে।"

পিতামহ তাহার জন্দনে ছৃ:খিত হইয়া কহিলেন, "বাবা কাঁদিসুনে। একটা পয়দা দাম নে। নিয়ে তোর বাবাকে ব'ল্গে বেচে এদেছি।" বলিয়া, পয়দাটি দিবার উদেযাগ করিলে বরুণ কহিলেন, "করেন কি? এ বেটা জুয়াচোর, এ এঁরূপ করিয়া ভদ্রলোকের নিকট পয়দা আদায় করে।"

বালক। না বাবু। আমি ভ্যাচোর নই, সত্য সত্যই ভাল দৈ।

"আচ্ছা তোর কেমন ভাল দৈ—পরীক্ষা ক'রে দেখ্চি" বলিয়া নারায়ণ একটা ভাগু উঠাইয়া লইয়া কহিলেন, "উপ! থেয়ে দেখ্তো।"

वालक। जा तम्यून वायू, जान ना शेरन भग्नमा तम्रातन ना।

"আচ্ছা দেখ্চি" বলিয়া উপ মুখে দিয়া কহিল, "ঠাকুবকাকা। চুণের জল।" দেবগণের দৃষ্টি এই সময় উপ'র দিকে ছিল। তাঁহারা "এই বুঝি তোর ভাল দৈ ?" বলিয়া চাহিয়া দেখেন, বালক অদৃশ্র হইয়াছে। তথন পিতামহ কহিলেন, "বরুণ! এ কি ? মর্জ্যের দেখ্চি পেটের ছেলেটা পর্যান্ত প্রতাবক। উ:। ছেলেটা কি কামাই দোরত্ত ক'বেছে? আমি তাই ভাব্ছি, হঠাৎ জল সহিত কামা আন্লে কেমন ক'বে?"

একস্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন "দেবরাজ। আবুর্থনট কোম্পানীর দোকান দেথ। ইহারা বিলাত হইতে নানাপ্রকার বাণিজ্ঞারতা আমদানী করিয়া থাকেন। বাণিজ্ঞারব্যের মধ্যে লোহস্রবাই অধিক। ইহা ব্যতীত অনেক বড় বড় সাহেব ইহাদিগকে এক্ষেণ্ট্ নিযুক্ত করিয়া বিশাস-পূর্বক ইহাদের হক্তে প্রচুর পরিমাণে অর্থ জমা রাখিয়া থাকেন। ইহারা তাহাদিগের অভিমত জ্ব্যাদি খবিদ ক্রিয়া পাঠাইয়া দেন এবং ঐ টাকা অক্তাক্ত কার্বারের দারা বৃদ্ধি ক্রিয়া দেন। ইহা ভিন্ন এই কোম্পানী চাউল, ধান, গম, পাট, কাঠ প্রভৃতি বিলাতে ও অক্তাক্ত স্থানে চালান দিয়া থাকেন। সময়ে সময়ে তুর্ভিক্ষ হইলে গ্রেণিফেট ইহাদিগকে চাউল থবিদ ক্রিবার এক্ষেণ্ট্ নিযুক্ত ক্রেন। গত মাজ্রাজ তুর্ভিক্ষের সময় ইহারাই গ্রেণিফেট চাউল সর্বরাহ ক্রিয়া যথেষ্ট টাকা লাভ ক্রিয়াভিলেন।

উপ। বৰুণ কাকা! তুমি ব'লে, ইঁহারা বিলাতে চাউল ও কাঠ চালান দেন। ভাল বৰুণ কাকা! সাহেবেরা কি ভাত থায় আর ম'লে কি ভাহাদিশকে পোড়ায় ?

বরুণ। ওরে উপ! সাহেবেরা মাছের ঝোল ভাত থার, এ কি তুই জানিস নে? দেবরাজ, ওদিকে দেখা যাইতেছে জাভিন্দ্ধিনার কোম্পানী নামক একটা বিলাতী সদাগরের জাফিস। ইঁহারাও কলিকাতার মধ্যে প্রধান সদাগর। এই কোম্পানী বিলাতী স্রব্যাদি আমদানি করিয়া এখানে বিক্রের করিয়া থাকেন এবং এখান হইতে চাউল, তিদি, গম, তুলা, পাট প্রভৃতি বিলাতে চালান দেন। পূর্ব্বে ইঁহারা একটা ভাড়াটে বাড়ীতে বাস করিতেন, এক্ষণে ৩৪ লক্ষ টাকা ব্যয়ে ৺বীরুমন্নিকের জমীতে এই সত্তে বাটী প্রস্তুত করিয়াছেন যে, বিশ বৎসর বিনা ভাড়ায় বাস করিবেন, তৎপরে পাঁচ শত টাকা মাসিক ভাড়া দিবেন। এক্ষণে বাড়ীটি ভাড়া দিলে মাসিক তিন চারি হাজার টাকা আয় হইতে পারে। ঐ বাড়ীটি সব্ব সমেত তিন তালা। এখানেও অনেক বাজালী কাজ কর্ম্ম করিতেছেন। গ্রহ্ণিমেন্ট যেমন প্রাতন কর্মচারীকে পেন্সন দেন, ইঁহারাও সেইরূপ বিশ বৎসর কাজ করিলে প্রাতন ভ্তাকে বৃত্তি দিয়া থাকেন এবং প্রার সময়ে ভ্তাদিগকে এক মাসের বেতন অগ্রিম ও তুই মাসের বেতন প্রস্থার দেন।

ব্রন্ধা। ইঁহারা অতি ভদ্রলোক দেখিতেছি। আচ্ছা—উহার ওদিকের বাডীটি কি ?

বৰুণ। ফিন্পেমিওর কোম্পানী। চাপদানীর চটের কল উহাদেরই। ওদিকে দেখা যাইতেছে এণ্ড ইউল কোম্পানী। উহারা অনেক স্রবাদি বিলাত হইতে আমদানী করেন এবং এখান হইতে নানাপ্রকার স্রবাদি বিলাতে চালান দেন। বাউডে-নামক স্থানের স্থতার কল উঁহাদেরই।

এখান হইতে সকলে যাইতে যাইতে বৰুণ কহিলেন, "দেবরাজ! সন্মুখে

দেখ টখাকু কোম্পানী। ইহারা গ্রীসদেশীয় সদাপর। ইহারা বিলাভ হইতে দ্রব্যাদি আমদানি করিয়া এখানে বিক্রন্থ করে এবং এখান হইতে চাউল, পাট, গম, তুলা, প্রাচুর পরিমাণে ক্রন্থ করিয়া বিলাতে চালান দেয়।"

ব্ৰহ্ম। পাট চালান দেয় কেন ?

ৰৱণ। সেই সমস্ত পাটে তুলা মিশ্রিত করিয়া স্তা প্রস্তুত হয় এবং সেই স্থার বিলাতী কাপড় এদেশে আদিয়া লোকের হজ্জা নিবারণ করে।

ইব্র । প্রধান থাছজব্য চাউলটা এদেশ হইতে বেশীমাতায় চালান যায় ভূনিয়া বিশেষ হৃঃথিত হইলাম। বোধ হয় এই কারণে মধ্যে মধ্যে দেশে বড় অন্নকষ্ট হইয়া থাকে।

বকণ। এণেশে অন্নক ষ্টা প্রায় চিরদিন আছে, মহার্ঘ থেয়ে থেয়ে লোকের একপ্রকার সহ্ছ হয়া গিয়াছে। এত সহ্ছ হয়াছে য়ে, লোকে একলে আর অন্ধনা ভাল বুঝিতে পারে না। তবে য়ে বৎসর বেশী মহার্ঘ হয়, চতুর্দ্ধিকে হাহাকার পড়ে, সেই বৎসর অকাল জানিতে পারে। আহা! অভাপি এদেশে যে প্রকার চাউল ধান জয়ে, য়িদ সমস্তই এদেশে থাকিতে পাইত, চৌদ্ধ বৎসর উপর্যুপরি বারিবর্ষণ না হইলেও ভারতে অন্নকত্ত হইত না। পুর্বে পুর্বেষ অন্ধনার বৎসরেও লোকে এক টাকার চাউল কিনিয়া ঘরে রাখিবার স্থান পাইত না; কিন্ধ এক্ষণে স্কল্পনার বৎসরে লোকে এক টাকার চাউল কিনিয়া কোঁচার যুঁটে বাধিয়া আনিত্তে পারে; এক্ষণে ক্রমায়রে হই বৎসর আকাল হইলে বোধ হয় বিলাত পর্যান্থ হাহাকার শব্দ উথিত হইবে। সাহেবেরা ভাত থাইতে শিথিয়া নিজেরাও মরেছেন, বাঙ্গালীদেরও মেরেছেন। কিন্ধ হৃথের বিষয়, লোকে আকালের প্রকৃত কারণ বুঝে না, কেবল বলে—দেবতাদিগের কেমন কুদৃষ্টি পড়িয়াছে, ভারতবাসীর আর কিছুতেই স্থখ নাই।

নারা। দেবতাদিগের অপরাধ ? তাঁহারা কি আসিয়া বার্দের জন্ত স্বহস্তে লাঙ্গল চযিবেন, কাপড় বুনিবেন ?

এখান হইতে তাঁহার। একটা বাজারের মধ্যে প্রবেশ করিয়া দেখেন— রাস্তার উভর পার্দ্ধে অসংখ্য দোকানশ্রেণী। কোন কোন দোকানে কাগদ কলম বিক্রয় হইতেছে, কোন কোন দোকানে বালালা ও ইংরাজী পুস্তক স্কল বিক্রয় হইতেছে; কোন কোন দোকানে কাচ ও গ্লাদের স্তব্য, সাহেব ও বিবিদিগের পরিধেয় নানাপ্রকার স্তা রেশম ও পশ্মের ব্যাদি বিক্রয় হইতেছে; কোন কোন দোকানে থেলনা স্তব্য, কাষ্টের গড়ন, থাট, চেয়ার, বান্ধ প্রভৃতি বিক্রয় হইতেছে; কোন দোকানে সাহেবদের থাগুদ্রব্য ও মদ এবং ছুবি, কাঁচী, বৃদ্ধুক ও লোহার দ্রব্যাদি বিক্রয় হইতেছে।

উপ। দোকানী বেটাদের জ্ঞালায় কোন দিকে চেয়ে দেখবার যো নাই। তাহ'লে কি চাই কি চাই" শব্দে চীৎকার করে।

নারা। বাজারটীর নাম কি বরুণ ?

বরুণ। এই বাজারের নাম পুরাতন চীনে বাজার। এই বাজারই বড় বাজারের দক্ষিণ ও রাধাবাজারের উত্তর। এ বাজারটী প্রকৃত বাজার নহে; কেবল রাস্তার উভয় পার্শ্বে দেকান শ্রেণী। বাজারটী একজনের সম্পত্তি নহে, ইহার অনেকগুলি অধিকারী আছে। তরুধ্যে অধিকাংশেরই ৪।৫ হাত দার্শ্বে প্রক একটী ঘর আছে। কিন্তু এখানকার এক একটি ঘরের এত উচ্চ ভাড়া যে, সেই ঘরের অধিকারীর ঐ উপসত্তে স্থলররূপে দিনপাত হইয়া থাকে। স্থতরাং দোকানাকৈও বিক্রেয় প্রব্যের উপর ঘরভাড়াটা চাপাইয়া তবে লাভ করিতে হয়; নচেৎ থরচ পো্যায় না। যদিও এ বাজারে প্রবাদি মহার্ঘ দরে বিক্রেয় হইয়া থাকে বটে; তথাপি সাহেবদের দোকান অপেক্ষা অনেক সন্তা পাঞ্জা যায়, এজন্ত বিস্তর থরিদ্দার এখানে আসিয়া থাকে। এখানে অনেক ধনী বাঙ্গালী, সাহেব বিবিদিগের সহিত সম্ভাব হইবার আকাজ্জায় দোকান করিয়া থাকেন।

এই সময়ে তীর্থের পাণ্ডার স্থায় চতুর্দ্দিক হইতে দালালগণ আসিয়া দেব-গণকে পরিবেষ্টন করিল এবং কহিল—"কম্ সার্ মাই আফিন, চিফ আর্টিকেল, লো রেট।" পিতামহ তাহাদিগকে দেখিয়া সশক্ষতাবে কহিলেন, "বরুণ! ইহারা আবার কে ?"

বরুণ। ইহারা চীনাবান্ধারের দালাল। দালালি ইংরান্ধিতে আমাদিগকে স্তব্যাদি কিনিতে অন্তব্যাধ করিতেছে।

উপ। বৰুণ-কাকা! মেলা কেতাবের দোকান, সমুথের ঐ দোকানটা -হইতে আমাকে কতকগুলো বাঙ্গালা বৈ কিনে দেওনা।

বরুণ তৎশ্রবণে কতকগুলো পৃষ্ণক থরিদ করিয়া দিয়া কহিলেন, "এই দোকানটা পদ্মচন্দ্র নাথের।"

নারায়ণ তৎশ্রবদে মৃথে কাপড় দিয়া হাস্ত করিতে করিতে কহিলেন "নাথের দোকানে পৃস্তক থরিদ হইল—এখন প্রেয়সীর দোকানের কিছু কেন; নইলে ছঃখিত হবেন। নামটা কি পদ্মচন্দ্র নাথ গু" উপ। বরুণ-কাকা! এই বৈওয়ালারা সকলেই কি নাথ ?

এই সময় একজন প্রাচীন মুসলমান, পিঠে একটা বোচকা—হাতে ত্ই তিনটা টুপী, দেবগণের নিকট জাদিয়া কহিল "বাব! টুপী নেবেন ?"

দেবতারা এথান হইতে বাদাভিম্থে চলিলেন। যাইতে যাইতে দেখেন—
একব্যক্তি জলের কলের নিকট দাঁড়াইরা ঘন ঘন নাড়া দিতেছে। পিতামহ
কহিলেন, "দাঁড়্য়ে কে যম! তুমি দেই পর্যান্ত কলিকাণার আছে?" যম
তৎশ্রবদে নিকটে আদিয়া প্রণাম প্র্বেক বিনীতভাবে কহিলেন, "আমি
হুগলীতে নেবে হালিসহর, কাঁচড়াপাড়া, মদনপুর, চাক্দা পর্যান্ত গিয়েছিলাম।
সম্প্রতি কলিকাণার আসিয়াছি। কলিকাণার উপর আমার মায়াটা বেশী
বিদিয়া গিয়াছে, কিন্তু থাকিতে পারি না।"

নারা। তুমি কলের কাছে দাঁড়াইয়া কি করিতেছ ?

যম। কল থারাপ করিবার চেষ্টায় আছি। মধ্যে মধ্যে থারাপও করিয়া থাকি; কিন্তু রাজপুরুষদিগের এমনি ক্ষমতা, কল থারাপ হ'তে না হ'তে মেরামত ক'রে ফেলেন।

ইন্দ্র। বাজপুরুষেরা তোমাকে বড় জন ক'রেছেন ?

যম। জন্দ আর কি ক'রেছেন!—বরং দেই রাগে আমি ই হাদের রাজ্য ধ্বংস করিতে প্রবৃত্ত হইয়াছি। এক একটা পল্পীগ্রাম প্রায় ফতে হ'য়ে গেন। তোমরা বাদা কোথায় ক'রেচ?

ইন্দ্র বড় বাজারে,--চল না।

ব্ৰহ্মা,। না, দেখানে গিয়ে কা**জ** নাই। পাশের বাদায় অনেকগুলি ছেলে আছে, তাদের উপর আবার চোক্ প'ড়বে।

যম। ঠাকুরদা, আপনি কি মনে করেন—যার তার উপর আমার চোক পড়ে ? আমারও অফুচি হয়, এমন লোক অনেক আছে। উপ! সে ছেলেগুলো কেমন রে ?

নারা। উপ'রই মত বকাটে।

यम । তা र'क्—वनि, তাদের মা বাপের আব আছে কি না ?

ব্ৰহ্মা। কেন ?

ষম। ২,৩টা ছেলে যার, তার তাতে হাত দিইনে, একানে পেলেই নিই।

বন্ধা। তুমি চ'লে যাও, উঃ। কি পাষ্ড! কি মহাপাপী। তোমার মুথ দেখ্লে পাপ হয়।

ব গণের মর্ক্তো আগমন

যম। ঠাকুবদা। আমার প্রতি অমন চোটে উঠ লেন কেন?

ব্রহ্মা। যাও যাও, তোমার সহিত আব কথা কহিতে ইচ্ছা করি না ; একানে পেলেই নেন, উঃ ় কি পাপী ়

যম। আপনি রাগ ক'র চেন কেন? ভেবে দেখুন, অসম্পূর্ণ স্রব্য থাকিতে সহজে কেহ সম্পূর্ণ স্রব্যে হাত দেয় না। আপনিই বলুন দেখি, আপনার গৃহে যদ্দি একটা পূর্ণ কলস এবং একটা অর্দ্ধ কলস ঘত থাকে এবং. ঠানদিদির কিছু ঘতের আবশ্যক হয়, তিনি কোন কলসের ঘত আগে লন।

ব্ৰহ্মা। যেটাতে অৰ্দ্ধেক থাকে।

যম। পূৰ্ণ কলস হইতে ঘত লন না কেন?

বন্ধা। অৰ্দ্ধ কলস থাকিতে কে কোথায় পূৰ্ণ কলসে হাত দেয় ?

যম। তবে ঠাকুরদা! আমার অপরাধ কি ? আমি থুচরা থাকিতে একটা পূর্ণ কলদে কেন হাত দেব ?

ব্ৰহ্মা। যমের দেখ চি ধর্মে বেশ জ্ঞান আছে। যা হউক ভাই—ধর্ম ভেবে কান্ধ ক'রিস্। লোকে যেন "ওরে বিধি তোর মনে এই ছিল" বলিয়া কপাল না চাপড়ায় বা আমাকে গা'ল না দেয়।

যম। এক্ষণে আমি বিদায় হই। আমাকে একবার সন্ধ্যার সময় আলিপুরের জেল দেখে আসতে হবে।

हेका। फित्न दुवि भारम रय ना?

যম। ভাই ! যে থাবার বন্দোবস্তা, দেথ্লে মৃচ্ছা হয়। সেই জন্ত আন্ধকারে যাব ভাব চি।

যম চলিয়া যাইলে দেবগণও বাসাভিম্থে চলিলেন। তাঁহারা যাইতে ছিতে দেখেন—বাসার অতি সন্ধিকটে একটা বারোয়ারী-ভলায় কথকতা হুইভেছে। কথকের বক্তৃতায় শ্রোভ্বর্গ কথন হাসিভেছেন, কখন কাঁদিভেছেন। দেবতারা দাঁড়াইয়া অনেকক্ষণ কথকতা ভূনিলেন। পিতামহ কথকতা ভূনিয়া বিশেষ সম্ভষ্ট হইয়া কহিলেন "বৰুণ! এই কথকটা কে "

বরুণ। ইনি হৃবিখ্যাত কথক ৺ধরণীধর তর্কচ্ডামণি মহাশারের একজন শিক্ষিত ছাত্র।

ব্রহ্ম। ধর্ণীধর তর্কচূড়ামণির বিষয় আমাকে সংক্ষেপে বল। বরুণ। ইহার নিবাস জেলা চবিষশ প্রগণার অন্তর্গত খাঁটুবা গোবর- ভাঙ্গায়। ইনি রামধন তর্কবাগীশের প্রাতৃপুত্র এবং শ্রীশ বিভারত্বের পুরতাতের পুত্র। ইনি আহুমানিক ৬৬।৬৭ বংদর বয়সে ১৭৯৬ শকে জ্বরবিকারে প্রাণ ত্যাগ করেন। ইহার সংশ্বত বিভায় বিলক্ষণ পারদর্শিতা ছিল। চূড়ামণি শ্রামবর্ণের বড় স্থন্দর পুক্ষ ছিলেন। দেহ স্থুল ছিল, ঠিক মহাদেবের মত। কথিত আছে, যৌবনে চরিত্র বড় ভাল ছিল না। ইনি জ্যেইতাত রামধন তর্কবাগীশের নিকট কথকতা শিক্ষা করেন ও অবিতীয় কথক হইয়া উঠেন। কথকতা ধারা ইনি বেশ সঙ্গতি করিয়া গিয়াছেন। ইহার এক পুত্র ও একটা কল্যা আছে। ইনি ছই তিন জনকে কথকতা শিক্ষা গিয়াছেন। তাহারাও এক্ষণে কলিকাতা ও অল্যাল্য স্থানে কথকতা করিয়া বেশ পশার করিয়াছেন। সেই শিক্ষিত ছাত্রদিগের মধ্যে এই বথক একজন।

এই সময় "বরফ বরফ" শব্দে রাস্তায় হাঁকিতে হাঁকিতে একজন লোক যাইল। এখান হইতে সকলে বাসায় যাইয়া হস্তপদ প্রকালন করিলেন। দেবরাজ ও নারায়ণ ভাড়াভাড়ি সন্ধ্যা আহ্নিক সারিয়া চুল কাল হইবার ঔষধের শিশি খুলিয়া মস্তকে দিতে বসিলেন। ঔষধ দেবার ১০।১৫ মিনিট পরে তাঁহাদের শিরঃপীড়া আরম্ভ হইল। তখন তাঁহারা "বাপ্রে প্রাণ গেল!" বলিয়া চাঁৎকার আরম্ভ করিলেন। পিতামহ ও বরুণ অপর গৃহে ছিলেন, তাঁহাদের কাত্রোজিতে "কি! কি!" শব্দে ছুটিয়া আসিলে নারায়ণ কহিলেন, "বরুণ। চুল কালর কি ছাই ঔষধ কিনে দিলে—প্রাণ যায়, রক্ষা কর। উঃ। বাবা, রগ ছটো যেন ছিঁডে প'ড্চে।"

বরুণ। ভয় কি ? ও ঔষধে প্রথমে ঐরপ হয়; একটু কট সন্থ ক'বে পাক, এখনি জালা যন্ত্রণা নিবৃত্তি হবে ?

ইন্দ্র। না না, প্রাণ যায়, উপ শীব্র ক'রে একঘটা জল আান্, মাথাটা ধুয়ে কেলি। বাপ! কি যন্ত্রণা; তবু যমকে ভেকে আনিনি।

ব্ৰহ্মা। ভাই, ছংথ বিনা হ্ৰথ হয় না, একটু কট্ট সম্ভ ক'বে থাক তা হ'লে কাল চুলে হুৰ্গে যেতে পাৰ্বে।

জাহারা পিতামহের ব্যক্ষোক্তিতে বিনা-বাক্যব্যরে শরন করিয়া বহিলেন।
পিতামহ কহিলেন "উপ, কি কভকগুলো কেতাব কিনে এনেছিদ, একখানা পভ দেখি ?" উপ তৎশ্রবণে নীলদর্পণ নাটক পড়িতে আরম্ভ করিল।
পিতামহ নাটক ভনেন আর শিউরে শিউরে উঠিয়া বন্ধণকে কহেন "সত্য সত্য দেবগণের মর্জ্যে আগমন

নাকি ? উঃ সাহেবদের মধ্যেও কি এমন চণ্ডাল আছে ? কেডাবধানা বজ্ঞো নিথ চে ! এ লোকটা কে বকণ ?"

বঞ্ব। ইহার নাম দীনবন্ধ মিত্র। ইনি কৃষ্ণনগরের অস্কঃপাতী চোবেড়ে নামক প্রামে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম পকালাটাদ মিত্র। প্রথমে ইনি হগলী কলেজে ও তৎপরে হিন্দু কলেজে বিভাধ্যয়ন করিয়াছিলেন। বিভালয় পরিত্যাগ করার পর ইনি কিছুদিন হিন্দু কলেজের শিক্ষকভার কার্য্য করেন ও তৎপরে পোষ্ট আফিস সংক্রান্ত কার্য্যে নিযুক্ত হন। ইনি নীলদর্পন, লীলাবতী, সধব্বার একাদনী, বিয়েপাগলা বুড়ো, নবীন তপন্থিনী, স্বরধূনী কার্যা, আদশ কবিতাবলী, জামাইবারিক ও কমলে কামিনী প্রভৃতি উৎকৃষ্ট প্রকৃষ্ট প্রকৃষ্ট কিথিয়া অমরত লাভ করিয়াছেন। গ্রপ্নেণ্ট ইহার বিভা-বৃদ্ধির পরিচয় পাইয়া রায় বাহাত্ব উপাধি প্রদান করিয়াছিলেন।

বন্ধা। আহা। ভাল লোকগুলিকেই যম আগে লয়।

এই সময়ে দেবরাজ ও নারায়ণের শিরংপীড়া কমিয়া যাওয়ায় উঠিয়া বিদিলেন। পিতামহ উপকে পুস্তক পাঠ বন্ধ রাখিতে বলিয়া জলযোগের উদ্যোগ করিতে আদেশ দিলেন। জলযোগ সমাপ্ত হইলে তাঁহাদের কর্পে ক্ষেন জীলোকের ক্রন্দনধ্বনি প্রবেশ করিল। তথন সকলে ছুটিয়া ছাদে আদিয়া দেখেন—তাঁহাদের বাসার পশ্চাজাগের একটা গলি হইতে একথানি ঘোড়ার গাড়ী বাহিরে আসিভেছে। গাড়ী-থানির ঘার বন্ধ। ভিতরে একটা জীলোক কাঁদিতে কাঁদিতে কহিতেছে—দাদা! আমাকে চোরের মত ধ'রে কোথায় নিয়ে যাচ্চ? আমার বড় ভয় ক'রচে, তোমার পায় পড়ি নিয়ে যেও না।

"চুপ করু, এ বড়বাজার, এখনও অনেক লোক জেগে আছে। গোল ক'বুবি কি, কেটে ফেল্বো। আমি তোকে বাগানে নিয়ে যাচিচ।"

"দাদা! বল কি? কৈ কেউ ত কথন বোন্কে বাগানে নিয়ে যায় না।" "দরকার হ'লে সকলেই নিয়ে যায়। তোর পেটের ওটাকে নষ্ট ক'র্তে হবে। নচেৎ ছেলে হ'লে কি মুখ দেখাতে পার্বি?"

গাড়ীথানি চলিয়া যাইলে পিতামহ কহিলেন, "বৰুণ! আমি ত কিছু বুঝিতে পারিলাম না।"

বরুণ। কোন বাবুর বিধবা ভন্নীর গর্ভ হইয়াছে, দেই জন্ত বাগানে জ্রণহত্যা করিতে লইয়া যাইতেছেন।

পিতামহ বিদা-বাকাব্যমে গৃহমধ্যে প্রবেশ করিয়া কহিলেন, "উপ, সে

ময়লা কাপড়গুলো কোধায় বাবা ?" বরুণ তৎশ্রবণে কছিলেন "কেন ঠাকুরদা ?"

বন্ধা। পালাই। এখানে আর কি থাকিতে আছে! এ সব ভন্দে পাপ, দেখুলেও পাপ।

বরুণ। চক্ষের উপর দেখালে পাপ কি? আপনি কিংবা আমি কিছু স্বহস্তে এরপ করাচ্চিনে। যে যে প্রকার কাজ করিতেচে, সে তদ্ধপ ফলভোগ করিবে। সকলেই পর্বাঙ্গন্মের পাপ পুণোর ফলাফল ভোগ করিয়া থাকে; নচেৎ এ জগতের এ প্রকার গতি কেন ? কেহ রাজা, কেহ পথের ভিথারী: কেহ প্রত্ত লাভ করিয়া আনন্দিত, কেহ পুত্র হারাইয়া নিরানন্দ; কেহ মুষ্টিভিক্ষার জন্য লালায়িত, কেহ শত শত লোকের আহারীয় দ্রব্য পশু পক্ষীকে থাওয়াইতেছে। দেখুন, এই রজনীতেই কত লোকের কত দর্বনাশ হইতেছে, কত লোকের আজি স্বথের নিশা উপস্থিত হইয়াছে। কোন দম্পতী স্বথে হাস্থ পরিহাস করিতেছে, কোন দম্পতী জন্মের মত পরস্পরের নিকট হইতে চিরবিদায় লইতেছে। কেহ স্বস্থিরচিত্তে নিদ্রাস্থ্য অমুভব করিতেছে, কেহ মৃত্পুত্র ক্রোডে পাগলিনীপ্রায় বনিয়া নিশা যাপন করিতেছে। আমি কে? বিধাতা কে? সকলই মহুষ্যের হাত। মহুষ্য সংপথে থাকিয়া সংকার্য্য করিলে স্থভাগ এবং অসংপথে থাকিয়া অধর্মাচরণ করিলেই তঃথ পায়। দেখন, একজনের একমাত্র পুত্র, অন্ধের যষ্টি, হাদয়ের ধন, চক্ষের মাণিক,—কাল হরণ করিল। সকলেই তু:খিনীর তু:খ ও সকরুণ বিলাপবাক্য প্রবণে কহিল, "আহা ঈশ্বর, —তোমার কি বিভন্ন।" কিন্তু তাহারা ভাবিল না যে, ঈশবের এ বিষয়ে কোন দোষ নাই: ঐ ছঃথিনী নিম্নকর্ম্বের ফলাফল ভোগ করিল। নচেৎ কালের এমন কি সাধ্য যে, বিনা অপরাধে অকালে ভাহার পুত্রকে স্পর্শ করে ? এই জগতে প্রতিনিয়ত কত অধর্মাচরণ ঘটিতেছে। কত লোকে কভ লোকের দর্বনাশ করিভেছে; দকল সমাচারই কি আমাদের কানে আদে? না. তৎদম্দায়ের বিচার করিবার সময় থাকে? অতএব এই স্থানেই লোকে নিজ কর্মামুষায়ী ফলাফল ভোগ করে—বর্গ ও নরক এই স্থানেই আছে। মেথব জাতি সেই নবক্ষম্বণা ভোগ করিতেছে এবং ধনাচ্য ব্যক্তিরা বর্গম্বধ প্রাপ্ত হইতেছে। আপনার পলাইবার আবস্তক কি ? আম্বন, আমবা মহয়-চবিত্র ভাল কবিয়া পবীক্ষা কবি। তাহা হইলে পরে স্বর্গে ইহাদের কার্য্যের উচিত বিচার করিতে সমর্থ হইব।

দেবগণের মর্ছ্যে আগমন

পিতামহকে বৃশাইতে অনেক বেজনী হইল, তথন দেবপৰ নিজাভিতৃত হইলেন। প্রাতে যেমন তোপ পড়িয়াছে, পিতামহ "উপ! ওঠ, গঙ্গান্ধানে যাই" বলিয়া, চাহিয়া দেখেন—দেবরাজ ও নারায়ণ তৎপূর্বে উঠিয়া, আয়না ধরিয়া মুখ দেখিতেছেন এবং পরশ্পরে কহিতেছেন, "ভাই, চুলগুলি ত বেশ কাল হ'য়েছে—এখন থাক্লে বাঁচি!"

পিতামহ কহিলেন, "আর কি ৷ তৃঃথ ঘুচিল—এক্ষণে চল গঙ্গাস্থানে যাই ৷" নারায়ণ কহিলেন, "জলে ধয়ে যাবে না ত ?"

ব্ৰহ্মা। জলে ধুয়ে যাবে ব'লে কি স্নান পরিত্যাগ ক'র্বি ? চল্ গঙ্গাস্থানে যাই।

পদ্মযোনি সকলকে সঙ্গে করিয়া গঙ্গাস্থানে চলিলেন এবং ধীরু মল্লিকের ঘাটে ষাইয়া উপস্থিত হইলেন। ডিনি "গঙ্গে গঙ্গে" শব্দে চীৎকার করিয়া কহিলেন "কেমন আছু মা ?"

পঙ্গা। সেই একই অবস্থা। বাবা। আরু যে দিন যায় না।

ব্রহ্মা। যাবে বৈকি, চিরদিন কি কাহারও সমান যায় মা? দেখ বৃক্ণ, আমরা যেমন মর্জ্যে আসিয়া লোকের পাপকর্ম দেখিয়া পাপে নিমন্ন হইতেছি, তেমনি গঙ্গানরপ তাহার অমোঘ ঔষধও রহিয়াছে। বরুণ, তুমি বোধ হয় গঙ্গার মাহাজ্মা জান না?—এই গঙ্গাতীরে যে ধর্মকর্ম করে, তাহার আক্রয় পুণা সক্ষম হয়। যে ব্যক্তি ভিজির সহিত এই জন গ্রহণ না করে, তাহার কোটা কোটা পুণারাশি নষ্ট হইয়া থাকে এবং যে ব্যক্তি গঙ্গান্ধান করিতে যাইতেছে, তাহাকে নিষেধ করিলে শত জন্ম ঘোর নরকে বাদ করিতে হয়।

গঙ্গা। দেখ বাবা, আজ কাল অনেকে স্থান করিতে আদিয়া জলে নামিবার উদ্যোগ করিতেছে, এমন সময়ে আর কতকগুলো লোক ছুটিয়া আদিয়া তাহাকে নিষেধ করিয়া বলে, "গুরে নামিদনে। বড় হাঙ্গরের ভয়, চল্ আমরা হেদোয় গিয়ে স্থান করি।"

বন্ধা। আহা মা! সকলে কি ভোমার মাহাত্মা জানে? দেখ বৰুণ, এই জলে কেহ মৃত্র ও পুরীষ পরিত্যাগ করিলে শতকোটা করেও তাহার পাপের মৃক্তি নাই। যে এই জলে ক্লেমা নিক্ষেপ করে, তাহাকে ঘোর নরকে বাদ করিতে হয়। এই জলে কেহ কোন উচ্ছিষ্ট বা মল পরিত্যাগ করিলে দে বন্ধহত্যা-পাপের ভাগী হয়। অপরাপর তীর্থস্থানে পাপ করিলে দে পাপের মৃক্তি আছে, কিন্তু গঙ্গাতীরে পাপ করিলে দে পাপের মৃক্তি নাই। যে দেশে

শঙ্গা নাই, সে দেশ দেশই নহে, শৈলও নহে এবং বনও নহে; এছন্ত শত সহত্র অহবিধা দত্তেও পণ্ডিতগণ গ্রন্থাতীর পরিত্যাগ করিয়া অপর হানে যাইতে স্বীকৃত হন না। ভিক্ষারে উদারপূর্ত্তি করিয়া গঙ্গাতীরে বাদ করা ভাল, তথাপি রাজ্যপদবাধা করা উচিত নহে। ভাহুবীতীরে প্রাণত্যাগ হইলে ব্রন্থহত্যাজনিত পাপে উদ্ধার হওয়া যায়, কিন্তু অন্তত্ত্ব শত অখমেধ যজ্ঞেও সে পাপের প্রায়শিক্ত নাই। যে ব্যক্তি মৃত্যুকালে "গঙ্গা গঙ্গা" বলিয়া প্রাণত্যাগ করে, সে অযুত্ত বৎসর হুর্গে বাদ করিতে পায়। যে ব্যক্তির অস্থি যত কাল গঙ্গাগর্ভে থাকে, সে তত্ত কোটা কল্প মহেক্তত্ত্বনে বাদ করে; এবং যাহার অস্থি, ভস্ম, নথ ও কেশ গঙ্গাজলে নিমগ্ন হয়, সে বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া থাকে। দেখ বক্তণ,— মার আমার কত মাহাত্মা।

বৰুণ। আপনি ভাগীরথীর যে সমস্ত মাহান্ম্যের ব্যাথ্যা করিলেন, ছঃথের বিষয়, লোকে তাহা না মানিয়া পদে পদে বিপরীত ব্যবহার করিয়া থাকে! ইহার তীরই মলত্যাগের এবং ইহার গর্ভই এঠো হাঁড়ি ফেলিবার প্রধান স্থান হইয়াছে। ইহার তীরেই একণে যত পাপকার্যা হইয়া থাকে। কারণ, জলদস্থাদিগের গঙ্গা প্রধান আড্ডা ও প্রধান সহায়। এই জলে কত লোক কত লোকের সর্ব্ধনাশ করিতেছে, কত ব্রহ্মহত্যা ও গো-হত্যা ঘটিতেছে। আপনি ব'লেন, "যে দেশে গঙ্গা নাই, দে দেশ দেশই নয়, শৈলও নয় এবং বন নয়।" কিন্তু আজি কালি লোকের ধারণা হইয়াছে "যে দেশে রেলওয়ে নাই, সে দেশ দেশই নয়।" অনেকে চাকরীর উপরোধে গঙ্গাগর্ভ ছাড়িয়া, যে দেশে বেলওয়ে আছে, তথার আসিয়া বাস করিতেছেন।

গঙ্গা। বাবা! আমার এত মাহাত্ম্য, আমার প্রতি লোকের যত শ্রহা ভক্তি ভনলে ত ?

ব্ৰহ্ম। না! লোকের যদি শ্রহাও ভক্তি থাকিবে, তুমিই বা মর্ড্য হইতে । যাইবে কেন? আমিই বা ভোমাকে লইয়া যাইবার জন্ত এত আগ্রহ প্রকাশ করিব কেন? যথন লোকের শ্রহাও ভক্তি ছিল, তথন ত তুমি ভন্নীরবের । স্থাবে তুই হইয়াই আসিয়াছিলে; এখন শ্রহা ভক্তি সিয়াছে, তুমিও ছই চারি বংশর থাকিয়া হর্মে চল। আমরা একণে বিদায় হই।

গঙ্গা। কি ক'রে থাক্তে বলি ? অধিককণ জলে থাক্লে পাছে সর্জি কাসি হয়।

দেবগণের মর্ভো আগমন

তীরে উঠিয়া পিতামহ কহিলেন, "বা ! ঘাটটি ত বড় স্কলর। এ ঘাটটি কাহার বৰুণ ?"

বরুণ। কলিকাতার বীরু মল্লিক নামক এক ধনাচ্য ব্যক্তির। তিনি প্রচর অর্থব্যয়ে এই ঘাট স্থন্দররূপে বাঁধাইয়া দিয়াছেন।

এই সময়ে উপ চীৎকার করিয়া কহিল "বা।— আমার রেপার নিয়ে গেল কে ? বাহবা। আমার রেপার নিয়ে গেল কে ?"

বৰুণ। বেশ হ'য়েছে ভোকে আমি দশ দিন ব'লেছি, ঘাটে বড়-জুয়াচোবের ভয়, উড়েদের কাছে বাথিস্।

উপ। ও বেটারা যে পয়দা লয়।

ব্রদা। যা হ'রেচে হ'রেচে; এখন বাসায় আয়।

উপ। আপনারা যান, আমি রেপার আদায় ক'রে বাদায় যাব।

নারা। তুই আয়, তারা বাসায় গিয়ে দিয়ে আসবে।

উপ। আপনারা যান, আমি আদায় ক'রতে পারি কি না দেখি।

দেবগৰ কত ভাকিলেন, কিন্তু উপ কিছুতেই বাদায় আদিল না, অগত্যা তাঁহারা বাসাভিমুখে চলিলেন। ষাইতে ঘাইতে দেবগণ দেখেন—এক স্থানে বিসিয়া কতকগুলি লোক গল্প করিতেছে। একজন কহিতেছে "ইংরাজের রাজা করা—প্রজার অন্নমারা। দেখ, আমি জাতিতে ভিস্তি, পূর্বের আমরা ৩৬ জনে এক একটা বাস্তায় জল দিতাম; একণে দেই কাজ চুজনকে দিয়ে করাচে, কি এক একটা কল ক'বে দিয়েছে; ছঙ্গন লোকে ফর ফর শব্দ ক'বে পাঁচ মিনিটে এক একটা বাস্তাকে কাদা ক'রে দিছে। ঐ কল হয়ে পর্যান্ত আমি বেকার ব'দে আছি।" অপর কহিল "আমার হঃখও কম নয়, আমি জাতিতে মেখর, পূর্বের মাধা গণে চারি পয়দা নিয়ে প্রত্যেক বাড়ীর ময়লা দাফ ক'র্তাম, ইহাতে ৩০৷৩১ টাকা উপাৰ্জন হইত : এক্ষণে ইংবাজেবা প্ৰত্যেক বাজীর চারি. পাঁচ আনা টেক্স ক'রেছেন ও আমাদের ১।৬ টাকা মাইনে ক'রে রেখেছেন।" অপর কতকগুলো লোক কহিল "আমাদের দফা ইংরাজেরা একবারে সেরেছে। আমরা উৎকল হইতে আদিয়া কলিকাতায় জনের ভারীর কাল ক'বৃতাম। আমাদের শুমর কত ছিল, কেহ ভাক্লে কথা কইতাম না: চারি পয়সা ছয় পরদা নিয়ে তবে গঙ্গা থেকে জন এনে দিতাম। এখন এখনি কল ক'রে দিয়েছে, দোভালায় ব'দে কল নেডে **জ**ল পাচেচ।"

নিকটে একজন কোচম্যান গাড়ীর উপর বিদিয়া ধরিন্দারের প্রভ্যাশাঃ

করিতেছিল, সে কহিল "আমার কট্ট দেখ না, পূর্বের এমন ক'রে কি ব'সে থাক্তাম? এখন অন্ন মেলা ভার হয়েছে। লক্ষ্ণ লাক ট্রাম গাড়ীতে বয়ে নিয়ে যাচে। আর আমাদের রাস্তার মধ্যে দেখ্লে ঘন্টার শব্দে ভাড়া দিয়ে স'রে যেতে বলে।" অপর কহিল "আমরা তাঁতি, আগে তাঁত বুনে বেশ দশ টাকা পেতাম, কাপড়ের কল হয়ে পর্যান্ত আমাদের দফা রফা হ'য়েছে।" নিকটে একজন দাঁড়াইয়াছিল; সে কহিল "আমি পারের মাঝি। ইংরাজেরা ষ্টিমার ও বেলগাড়ী করায় আমার ত্থে দেখ না, পথে এসে লোক ভাক্ছি, তবু কেহ আদ্রে না।"

এই সময় কতকগুলো বেশা চীয়া পাথী হাতে ,গঙ্গাম্মানে যাইতেছিল দেখিয়া, মাঝি কহিল, "হুথী এরা; কোম্পানী বাহাছর কলে কতকগুলো মাগী বানাতে পারেন, তাহ'লে এরা জব্দ হয়।" বেশারা তৎশ্রবণে "তুমি নোকো ডুবি হয়ে মর—" বলিয়া বাপাস্ত করিতে করিতে চলিয়া গেল।

এদিকে উপ ঘাটে ছুটাছুটি করিয়া যে স্নান করিতে আদে, তাহার নিকটে ঘাইয়া চীৎকার করিয়া কহে "ওগো তোমরা দাবধান হ'য়ে স্নান ক'রো, ঘাটে জুয়াচোরের উপদ্রব হয়েছে।" উপ এইরপ করিয়া জুয়াচোরদিগের বিস্তর ক্ষতি করিল; কারণ, সকলেই সতর্ক হইয়া স্নান করিতে লাগিল। কেহ কেহ বা উপকে দ্রবাদি রক্ষা করিতে দিয়া জলে নামিল। জুয়াচোরের দল দেখিল, ছেলেটা বিস্তর ক্ষতি করিতেছে, তখন গোপনে ভাকাইয়া কহিল, "তোমার কি হারাইয়াছে বল? আদায় করিয়া দিতেছি।" উপ তংশ্রবদে রেপার হারাইয়াছে বলায় তাহারা সঙ্গে করিয়া এক স্থানে লইয়া ঘাইল এবং অপক্ষত দ্রব্যের মধ্য হইতে তাহার বেপারখানি বাহির করিয়া দিল। উপ তখন রেপার গাত্রে দিয়া হাসিতে হাসিতে বাসায় গিয়া উপস্থিত হইল। দেবগণ আশ্রুঘান্থিত হইয়া কহিলেন, "উপ! তুই কি ক'রে রেপার পেলি?" তখন উপ যে উপারে রেপার আদায় করিয়াছে, সবিশেষ ভাঙ্গিয়া বলিলে তাঁহারা তাহাকে বাহবা দিতে লাগিলেন।

আহারাদি করিয়া কিঞ্চিৎ বিশ্রামের পর দেবগণ নগরভ্রমণে বাহির হইলেন। এই সময় তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ হাঁকিতে হাঁকিতে যাইল—'ছুরি চাই, কাঁচি চাই'' ইত্যাদি। তাঁহারা নগরের রাস্তা ঘাট দেখিতে দেখিতে একটা পুস্তকালয়ের নিকট উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বৰুণ! এ দোকানটা কি ?''

বৰুণ। ইহার নাম থ্যাকার্ শিঙ্ক কোম্পানীর পুস্তকের দোকান। ইহাদের একটা ছাপাথানাও আছে। কলিকাতা বিশ্ববিচ্ছালয়ের যাবতীয় পাঠ্যপুস্তক ইহারাই মুদ্রিত করিয়া থাকেন। ইংরাজদিগের যত পুস্তকের দোকান আছে, তক্মধ্যে এই দোকানটিই প্রধান।

ইন্দ্র। এ বাড়ীটি দেখিতে বড় স্থন্দর!

বৰুণ। ইনা—এই বাড়ীটি সৰ্বসমেত তিনতালা। প্ৰথম ও দিতীয় তালায় পৃস্তকের দোকান এবং তৃতীয় তালায় সাহেবেরা বাস করিয়া থাকেন।

দেবগণ ভিতরে যাইয়া দেখেন—কেবল চকচকে বৈ।

এথান হইতে যাইয়া বকণ কহিলেন, "পিতামহ। সলোমন কোম্পানীর দোকান দেখুন। ইহারা চশমা বিক্রয় করিয়া থাকেন। চক্ষ্ থারাপ হইলে লোকের যে প্রকার আবেশুক, ইহাদিগের নিকটে পত্রসহ মূল্য পাঠাইলে পাঠাইয়া দেন। সোনার ভাণ্ডিওয়ালা চশমাগুলি এথানে ১৬ টাকা হইতে ৭৪ টাকা, রূপারগুলি ৮ হইতে ১৬ টাকা, এবং সামাশ্য ষ্টিলেরগুলি ৮ টাকা মূল্যে বিক্রয় হইয়া থাকে। সমস্ত চশমাই প্রায় প্রস্তাবনির্মিত; কাচের নহে। এথানে নীল, সবুজ, সাদা, সকল রঙের চশমাই পাওয়া যায়।

ব্রহ্মা। বরুণ ! আমাকে আমার চক্ষের উপযুক্ত একজোড়া চশমা থবিদ করিয়া দেও।

বক্রণ তৎশ্ববে দেবগণকে লইয়া ভিতরে প্রবেশ করিলেন এবং পিতামহকে ১৬ টাকা মূল্যের রোপ্যের ডাণ্ডিওলা চশমা থবিদ করিয়া দিলেন। তিনি চশমা লইয়া চক্ষের সহিত মিলাইয়া কহিলেন, "আঃ! প্রাচীন বয়সে আবার চক্ষু পেলাম।" নারায়ণ ও দেবরান্ধ এক এক জোড়া সবুজ রঙ্গের ৬৪ টাকা মূল্যের চশমা কিনিয়া লইলেন।

চশমা চক্ষে দিয়া সকলে বাহিরে আসিয়া চতুর্দিকে চাহিতে চাহিতে চলিলেন এবং একটা বৃহদাকার বাড়ী দেখিয়া কহিলেন, "বরুণ! এ বাড়ীটে কি?

वक्न। नार्षेमारश्त्व आखावन।

ইন্দ্র। মঁনা! আন্তাবল ? আন্তাবলটা ত বড় হম্পর ও নয়নপ্রীতিকর! এখানে কি ভন্ধ লাটসাহেবের গাড়ী ঘোড়া থাকে ?

বৰুণ। এখানে লাট্যাহেবের গাড়ী, খোড়া, খান্যামা, কোচম্যান ও আর্দানীরা বাস করে, এবং ভোষাধানার উপরে ছোট দেওয়ানের বাসপ্ত। নিমতালায় আবদালীর। বাদ করে। লাটদাহেবের থানা এই স্থানেই প্রস্তুত হয় এবং ঐ দেওয়ানের জেন্দায় থাকে; ঘোড়ার থোরাকও ইহার জেন্দায়। দেওয়ান ইচ্ছা করিলে এমন দব দ্রব্য থাইতে পান, যাহা কোন বাঙ্গালী কথন চক্ষে দেথিয়াছেন কি না সন্দেহ।

দেওয়ান এই সময় নিকটে দাঁড়াইয়াছিলেন, কিন্তু দেবগণ **তাঁহাকে** চিনিতেন না। তিনি দেবগণের কথোপকথন শুনিয়া হাস্ত করিতে করিতে কহিলেন, "মহাশগদিগের নিবাদ ?"

वक्ष। इतिशास्त्रत व्यनचित्रता

দেওয়ান। এথানে কি অভিপ্রায়ে আদা হইয়াছে ?

বৰুণ। কলিকাতা দেখিতে।

দেওয়ান। আপনারা যাহার কথা বলিতেছেন, আমি ছোট দেওয়ান। আমি হিন্দুসন্তান, এজন্ত যে থাতদ্রবোর কথা কহিলেন ও সমস্ত আমাদের শাল্পে আহার করা নিষেধ। আপনারা কি গ্রব্যেন্ট ভবন দেখিতে ইচ্ছা করেন ?

বরুণ। আমাদের দেখিবার ইচ্ছা আছে, কিন্তু কি প্রকারে দেখি ? "আমার সঙ্গে আহন" বলিয়া দেওয়ান দেবগণকে সঙ্গে লইয়া চলিলেন।

দেবগণ ছোট দেওয়ানের সহিত গণগমেন্ট্পালেস দেখিতে চলিলেন। তাঁহারা প্রথম-দারে উপস্থিত হইয়া দেখেন, সঙ্গীন ঘাড়ে করিয়া দিপাহিগণ পাহারা দিতেছে। পিতামহ তদ্টে অত্যস্ত ভীত হইয়া বরুণকে কহিলেন, "বরুণ। পলাই চল—রাজভবন দেখিবার আব্ভাক নাই।"

বরুণ। কোন ভয় নাই, আপনি ভিতরে আহন। এই রাজপ্রাসাদের চারিটী ফটক আছে, প্রত্যেক ফটকেই এইরূপ পাহারা দিতেছে।

ভিতরে প্রবেশ করিয়া পিতামহ যে দিকে চাহেন, দেখেন, দলে দলে পুলিদ কনেষ্টবলগণ ফিণিতেছে। তিনি তদ্ধ্যু কহিলেন, "বরুণ! এখান হইতে প্লায়ন বিধেয়; কারণ, জানি কি – যদি অপুমানিত হই।"

বরুণ। আপনার কোন ভয় নাই, যখন ছোট দেওয়ান সঙ্গে করিয়া আনিয়াছেন, তখন ভয় কি ?

ইন্দ্র। বরুণ। এই যে প্রথম তালা ফোরের উপর রহিয়াছে, ঐ ফোরগুলি কি ফুন্সর। ফোরের ফুন্সর ফুন্সর দর্মাও জানালা বসাইয়া দেওয়ায় আরো ফুন্সর দেখাইতেছে। এই স্থানে কি হয় বরুণ?

দেবগণের মর্ছ্যে আগমন

বরুণ। এই স্থানে সেক্টোরী আফিস, এডিকংদিগের আফিস এবং ছোট দেওয়ানের আফিস আছে।

দেবগণ এক একটা করিয়া আফিদ দেখিয়া ঘরগুলি দেখিতে লাগিলেন। তাঁহারা দেখেন— ঘরগুলি নানাবিধ আদবাবে পরিপূর্ণ। এখান হইতে দকলে উপর তালা দেখিতে চলিলেন। সিঁ ড়ির নিকট যাইয়া দকলে উপরে উঠিবেন কি দারি সারি হক্ষর প্রতিমূর্ত্তি টাঙ্গান বহিয়াছে, তাহাই আশ্চর্যান্বিত হইয়া দেখিতে লাগিলেন। বরুণ কহিলেন, "এই দকল প্রতিমূর্ত্তি ভারতের যাবতীয় স্বাধীন রাজার।"

বন্ধা। মঁটা। এগুলি প্রতিমৃত্তি। আমার ত প্রকৃত মৃত্তি বলিয়া বিশাষ
জিরিয়াছিল। আহা! কি আঁকাই এঁকেছে। চোক, কান, হাত, পা,
কিছুরই কোন ক্রটী হয় নাই। আবার সাজপোষাকগুলিও কি তেমন
আঁকিয়াছে। যেথানকার যে হীরেথানি—যেথানকার যে মৃ্ক্রারমালা ছড়াটী
— তাহা পর্যান্ত অবিকল বসাইয়া দিয়াছে। আবার প্রতিমৃত্তি রাথিবার
স্থানটিই বা কি মনোহর! আহা! উপযুক্ত স্থানেই স্থাপিত হইয়াছে।

দেবগণ উপরে উঠিয়া দেখেন, গৃহগুলি অতি স্থল্যরূপে স্থাজ্জিত করা। মেজেগুলিতে যে সমস্ত কার্পেট পাতা রহিয়াছে, তাহাতে গিল্টি এবং এমন কারুকার্য্য করা যে, দেবগণ যথেষ্ট প্রশংসা করিয়া স্বর্গীয় শিল্পীদিগের নিন্দা করিতে লাগিলেন। তাঁহারা প্রাচীরে দৃষ্টি নিক্ষেপ করিয়া আর নয়ন ফিরাইতে পারেন না। যদিচ তাহাতে নীলকান্ত, অয়স্কান্ত মণিম্ক্তাদি নাই; কিন্ত গিল্টির ছারা এমনি রং ফ্লাইয়া দিয়াছে যে, তাহার কাছে মণিম্ক্তা তুচ্ছ বোধ হয়। গৃহের কার্ণিশগুলি দেখিয়া দেবগণের প্রথমে স্থাব বিলয়া ভ্রম জয়ে; কিন্ত বরুণ ব্ঝাইয়া দেন, "সোনা নহে; গিল্টি করা।"

এথান হইতে সকলে একটা দালানে যাইয়া শুণ্ডিত হইয়া দাঁড়াইলেন। আনকক্ষণ পর্যান্ত কাহারও মুখে বাক্য নাই। পরিশেষে দেবরান্ধ কহিলেন, "এমন উচ্চ এবং প্রশন্ত দালান ত কথন চক্ষে দেখি নাই! পৃথিবীর মধ্যে স্থী এই লাট সাহেব। ইহার পদের কাছে আমার ইক্ষণ্থ পদ তুচ্ছ বলিয়া বোধ হয়। আহা! না জানি কত কোটা বংসর তপন্তা করিলে এই পদ লাভ হয়।"

নারা। বক্ষণ! এ দালানটির নাম কি এবং এখানে কি হয় ?

বৰুণ। এই দালানটির নাম ষ্টেট্ হল্। এখানে কাউন্দেল ও লেভি অর্থাৎ বড় বড় রাজাদিগকে নিমন্ত্রণ করিয়া আনিয়া সভা করা হয়।

ইক্স। দালানটাতে যে সমস্ত চেয়ার রহিয়াছে, যেমন স্থলর, তেমনি কাককার্য্যে থচিত। ও বড় চেয়ারখানিতে কি হয় ?

বৰুণ। ওথানি লাট সাহেবের সিংহাসন। ওথানি কেমন স্থন্দর দেখিতেছ ? সিংহাসনথানি আমাদের স্বর্ণসিংহাসন অর্পেক্ষা স্থন্দর কি না ?

দেবগণ এক এক করিয়া সমস্ত গৃহগুলি দেখিতে লাগিলেন। তাঁহারা দেখিলেন, কোন গৃহ সৌন্দর্যো কম নহে। বরুণ কহিলেন, "এই রাজবাড়ীটি ১৭৯৯ অবেদ নির্মিত হয়।"

ব্রনা। বরুণ। আমাদের রাজদর্শন ঘটিবে না ?

বৰুণ। এক্ষণে লাটদাহেব চাণকে আছেন, অতএব কি প্রকারে দর্শনলাভ ঘটিবে ? তিনি এক্ষণে এখানে না থাকাতেই গৃহগুলির সৌন্দর্য্য কম দেখিতেছেন; তিনি উপস্থিত থাকিলে ধুমধামের সীমা পরিসীমা থাকিত না।

দেবগণ এখান ইইতে বহির্গত হইয়া দেওয়ানকে অসংখ্য ধল্যবাদ দিয়া একদিকে চলিলেন এবং এক স্থানে উপস্থিত হইলে নারায়ণ কহিলেন "বৰুণ! সম্মাথের এ বাড়ীটি কি ?"

বকণ। এ বাড়ীটির নাম টেলরি বিল্ডিং। সমস্ত ভারতবর্ষের হিসাবপত্র এই স্থানে প্রস্তুত হইয়া থাকে। এথানে একাউণ্টেণ্ট জেনেরল্, ডেপ্টা একাউণ্টেণ্ট জেনেরল্ প্রভৃতি বড় বড় সাহেবেরা কাছারি করেন। বাঙ্গালা, বেছার, উড়িয়া, বন্ধে, মান্তাজ ও পঞ্চাব প্রভৃতি ভারতের যাবতীয় প্রদেশ হইতে যাবতীয় হিসাবপত্র এই স্থানে আনে এবং সমস্ত হিসাবপত্র প্রদেশ হইতে যাবতীয় হিসাবপত্র এই স্থানে আনে এবং সমস্ত হিসাবপত্র প্রদেশ হইতে যাবতীয় হিসাবপত্র এই স্থানে আনে এবং সমস্ত হিসাবপত্র প্রদেশ হইতে যাবতীয় হিসাবপত্র এই স্থানে আনি বহুনে লিগের একটা তালিকা প্রস্তুত হয়। আমাদিগের যেমন কারকুনদিগের আফিস, ইংরাজদিগের এ আফিসটা ঠিক তক্রপ। এথানেও বিস্তুব মোটা বেতনের বাঙ্গালী কর্মচারী কাজ করিতেছেন। এথানকার সামান্ত বেতনের কেরাণীদিগের বেতন ৪০ টাকা। সহজে কেহ এখানে চাকরী পায় না; যিনি পান, তিনি সোভাগ্য খীকার করেন। এল, এ, পরীক্ষোত্তীর্ণ না হইলে এবং ২৫ বৎসরের অধিক বয়স হইলে এখানে লগুয়া হয় না।

নারা। বাড়ীটিও বুহৎ!

বরুণ। বাড়ীটি সর্বসমেত তিন তালা। ঐ তিন তালাই কাগজপত্র ও কেরাণীতে পরিপূর্ণ। রেজিষ্টার সাহেবদিগের এখানে বিলক্ষণ আধিপত্য। তাঁহারা আফিস্টীকে যেন একচেটীয়া করিয়া লইয়াছেন। ঐ মহাত্মারা এক্ এক ভিপার্টমেন্টের বা অংশের হেড্ অর্থাৎ প্রধান। জুভিন্তাল, ফাইন্ডানন্তাল প্রভৃতি এখানে নানারপ বিভাগ আছে। বাড়ীটি দেখিতে বড় মন্দর। ইহা টাউনহল নামক দালানের ঠিক পূর্বে পার্যে অবন্ধিত। কাহারও হাফ্নোট খোয়া যাইলে এই আফিসে সংবাদ দিলে এবং তিন মাসের পর অপর হাফ ফেরড দিলে নগদ টাকা পাওয়া যায়।

ইন্দ্র। ওদিকে ও বাডীটি কি ?

বরুণ। উহার নাম গবর্ণমেন্ট প্রিন্টিং আফিস। গবর্ণমেন্টের যাবতীয় কাগজপত্র এই স্থানে ছাপান হয়। পূর্ব্বে এই ছাপাথানাটার নাম মিলিটারি অরফান্ প্রেদ ছিল। এক্ষণে গবর্ণমেন্ট আপনার অধীনে আনিয়া প্রিন্টিং আফিস নাম দিয়াছেন। এই প্রেদেই এলোকেশীর স্থামী নবীন কাজ করিত।

এখান হইতে তাঁহার। এক স্থানে উপস্থিত হইয়া দেখেন—একটা দোকানে জাহাজের বদার্থান, ক্যাম্বিদ ও নোক্সরাদি বিক্রয় হইতেছে। পিতামহ কহিলেন, "বরণ। এ দোকানটার নাম কি ?"

বরুণ। এই দোকানের নাম আমৃটী কোম্পানীর দোকান। ইহারা জাহাজের রসারসি প্রভৃতি বিক্রয় করিয়া থাকে। ইহাদের দোকান হইতে গবর্ণমেন্ট এবং ইংলপ্তীয় যাবতীয় জাহাজের নাবিক ঐ সমস্ত প্রব্য থরিদ করিয়া থাকে। এই কোম্পানীর একটী মদের ভাঁটি আছে, তাহাতে রম্ নামক একপ্রকার মদ প্রস্তুত হইয়া থাকে। ঐ রম মদ কলিকাতার অনেক বাবু এক্ষণে ব্রাণ্ডির পরিবর্গে পান করিতে আরম্ভ করিয়াছে।

এখান হইতে সকলে একটা গিৰ্জ্জার নিকট উপস্থিত হইলে বৰুণ কহিলেন, "এই গিৰ্জ্জার নাম পাণুরে গিৰ্জ্জা। গোর নগরের ধ্বংসাবশেষ প্রস্তুর আনিয়া নির্দ্ধাণ করায় ঐ নাম হইয়াছে। গির্জ্জাটির চতুর্দ্ধিকে অনেকগুলি করর আছে। চূড়ার উপর যে একটা ঘড়ি দেখিতেছ, ঐ ঘড়িটা কলিকাতার অপরাপর গির্জ্জার ঘড়ি অপেক্ষা বৃহৎ।"

এখান হইতে যাইয়া বৰুণ কহিলেন, "দক্ষ্থে গবর্ণমেন্টের কালেক্টারী অর্থাৎ থাজনাথানা। কলিকাতার এলেকাধীন যাবতীয় ছানের কর আদায় হইয়া এই ছানে আমদানি হয়। এধানে একজন কালেক্টর ও তাঁহার অধীনে কভকগুলি আমলা আছে। ওদিকে দেখা যাইতেছে, গবর্ণমেণ্টের ষ্টেশনারি আফিদ। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের যত আফিদ আদালত আছে, তাহাতে যত কাগজ কলম প্রভৃতির আবশুক হয়, এই আফিদ হইতে প্রদন্ত হইয়া থাকে।"

এই সময়ে দেবগণ দেখেন ২৫,৩০ জন লোক তাঁহাদিগকে লক্ষ্য করিয়া উর্দ্বধাদে দৌড়িয়া আসিতেছে। তাঁহাদের গাত্রে চাপকান, মাধায় পাগড়ী, কানে একটা একটা লম্বা কলম। তাহাদিগকে দেখিয়া উপ কহিল, "কর্ত্তা-জ্বেচা! পলাই চল। এ লোকগুলো আমাদিগকে ধ'রতে আসছে।"

ব্রহ্মা। সত্য বরুণ! উহারা আমাদের দিকে ছুটিয়া আদিতেছে কেন ? আহা! একটা স্থলকায় লোক ছুটিতে না পারায় হাঁপাচেচ দেখ।

বলিতে না বলিতে লোকগুলি ছুটিয়াআদিয়াপিতামহেরহাত ধরিয়া হাঁপাইতে লাগিল। পিতামহ ভীত হইয়া যত কহেন, হাত ছাড়, আমরা কি করিয়াছি ?' তাঁহারা ঘন ঘন নিশ্বাদ ফেলিয়া "বলি" বলিয়া হাঁপাইতে লাগিল। পিতামহ কহিলেন, "আর বলিতে হইবে না—হাত ছেড়ে দেও, আমরা কলিকাতা আসিয়া কাহারও পাতথানি কেটে ভাত থাইনি।" আগন্তক ব্যক্তি কিঞিৎ কাল বিশ্রাম করিয়া কহিল "আমি আগে এনে হাত ধ'রেছি আমাকে মোক্তার নিযুক্ত করুন।" অপর কহিল "আমার সহিত ভাল ভাল উকীলের আলাপ আছে, আমাকে মোক্তারি দেন, জন্মলাভ করিতে পারিবেন।" আর একজন কহিল "উকীলদিগের মধ্যে আমার আপনার লোক অনেক আছে; আমাকে মোক্তারি দেন—খুব কম খরচে ভাল কাল্ব পাবেন।"

ব্রহ্মা। বাবা, আমাদের সাতপুরুষে কথন মামলা মকদ্দমা করে নাই ক'র্বেও না। হাত ছাড়, আমরা ভ্রমণকারী, কলিকাতা ভ্রমণ করিতে আদিয়া পথে পথে ঘূরে বেড়াচিচ।

মোক্তারের। তৎশ্রবণে পরস্পর মৃথ চাওয়া চাওয়ি করিয়া হাত ছাড়িয়া দিল এবং মনে মনে ভাবিতে লাগিল—"এত পরিশ্রম, এত ছুটাছুটি দেখিতেছি পণ্ড হইল।"

নারা। যে কা**দ্রে ছু**টাছুটি করিয়া লোক ধরিয়া পয়সা উপা**র্জ্জ**ন ক্রিতে হয়, ভোমরা এমন উ**ধ্**বৃত্তি কর কেন ?

মোক্তার। কি করি—নচেৎ পেট চলে না। কাচ্চা-বাচ্চা জনেকগুলি, দিন চলিবার একটা উপায় করা উচিত, লেখা পড়াও তেমন জানিনে।

দেবগণের মর্ভো আগমন

উপ। কাচ্চা-বাচ্চার গাছ আগে রোপণ না ক'রলেই ত হইত।

মোক্তার। বাবা! আমরা অজ্ঞানক্কত অপরাধে অপরাধী। আমরা
স্ব ইচ্ছায় এ গরল ভক্ষণ করি নাই. বাল্যকালে পিতা মাতা গলায় পাথর চাপিয়ে
দিয়েছেন। তোমাদের বয়স অল্প; আমাদের চুর্দ্দশা দেখ—সাবধান হও—
যেন কার্যাক্ষম না হইলে ও পাপ ঘরে আনিও না।

বন্ধা। ভোগাদের ছুটে আসিয়া লোক ধরিবার তাৎপর্যা কি ?

মোক্তার। আজে, আজকাল ডেপুটি মোক্তারের সংখ্যা এত বেশী হইয়াছে যে, এ উপায়ে লোক না ধরিলে মন্দেল পাওয়া যায় না।

মোক্তারেরা চলিয়া যাইলে, দেবরাজ কহিলেন, ''বরুণ, ডেপুটি মোক্তার কি ?''

বরুণ। এক বাক্তি অপরের নামে মিথ্যা অভিযোগ করিলে তাহার যাহাতে জয়লাভ হয় অর্থাৎ দাক্ষীদিগকে শিথান প্রভান, সভাকে মিথাা ও মিথাাকে সতা করিয়া সাজাইয়া দিবার জন্ম একপ্রকার লোক আছে, ভাহাদিগকে মোক্তার কহে। মোক্তারি কান্ধটী বড হেয় বলিয়া পূর্বে কেহ সহজে এ কাজে প্রবৃত্ত হইত না। ক্রমে কাজকর্ম সকলের ভাগো জটিয়া না উঠায়, তুই একজন করিয়া এই কাজে প্রবৃত্ত হয়। পর্বের এ ব্যবসায়ে বিলক্ষণ লাভ ছিল। তথন যে সে ইচ্ছা করিলে মোক্তারি করিতে পারিত: কিন্তু ক্রমে ক্রমে মোক্তারের সংখ্যা এত বুদ্ধি হইতে লাগিল যে, গবর্ণমেণ্ট মোকারি পরীক্ষার স্বষ্টি করিতে বাধ্য হইলেন। মোকারি পরীক্ষার স্বৃষ্টি হইয়া এক দিকে মোজারের সংখ্যা হ্রাস হইতে লাগিল অপরদিকে তেমনি ছেপুটি মোক্তারের সংখ্যা বৃদ্ধি হইয়া উঠিল। কতকগুলি নিরক্ষর লোক মোক্তারদিগের সহিত পরামর্শ করিয়া ভেপুটী মোক্তারি করিতে আরম্ভ কবিল ৷ ইহাদের কাজ ছুটাছুটি কবিয়া লোক ধবিয়া আনিয়া দিবে, মোক্তার বা উকীল আসামী অথবা ফরিয়াদীর নিকট হইতে যে টাকা পাইবেন, তাহা হইতে কিছু কিছু অংশ দিবেন। নিম্ন আদালতে ডেপুটী মোক্তারের সংখ্যা অধিক। ইহাদের মধ্যে অনেকেই পাচক ব্রাহ্মণের কাল্প করে এবং দৃশটার সময় তালি লাগান চাপ্কান গায়ে দিয়া পাগ্ড়ী বাঁধিয়া আদালতের নিকট উপছিত হয়। চাষাভ্রার মকন্দমাই ইহাদের অধিক জুটে। ইহারা মকন্দমায় জয়লাভ করিলে চাষা-মক্কেলের গাত্তের চাদরখানা বক্সিসরূপে লইবারও যথেষ্ট প্রয়াস পায়। এই অবতাবদিগের গুলে নবৰীপ হইতে ক্লফনগরের পথে, চুঁচুড়া হইতে

হুগলীর দিকে বর্দ্ধমানের ষ্টেসন হইতে সহরাভিমুখে পথিক দিগের গমনাগমন করা ভার হইরাছে। ইহারা ঐ সমস্ত রাস্তার ছই ধারে দলে দলে বসিয়া থাকে এবং পথিক দিগকে ধরিয়া টানাটানি করে। সময়ে সময়ে ছই চারি পয়দা দিলে ইহারা মিথাা দাক্ষ্য পর্যাস্ত দেয়।

নারা। মিথ্যা সাক্ষ্য দিলে জেরার মুখে ধরা পড়ে না ? এদের বাড়ী কোথায় আর আসামী ফরিয়াদির বাড়ী কোথায়। ইহাদের সাক্ষ্য কি ব'লে গ্রাহ্য হয় ?

বকণ। ইহারা হাকিমকে বলে, আমার বাড়ী থেকে বন্ধরবাড়ী ষাইবার পথে আদামীর বাড়ী। আমি যে দিন আমার বাড়ী যাচ্ছিলাম, দেখি উহাদের ঐরপ মারপিট হইতেছে। একবার একজন কালা নবলীপ হইতে কফ্ষনগরে আদিতেছিল, পথিমধ্যে ডেপুটী মোক্তারেরা বলে "ভোমার কি কোন মকদ্দমা আছে?" কালা বধিরতা-প্রকাশভয়ে "হুঁ" বলিয়া উত্তর দেওয়ায় ঐ মোক্তারের দল তাহাকে কাঁধে করিয়া গোয়াড়ী পর্যন্ত আনিয়াছিল। আর এক সময় একজন প্রতারক কোন ডেপুটী মোক্তারের বাদায় যাইয়া মকদ্দমা আছে বলায় গুরু-আদেরে বাদায় স্থান প্রাপ্ত হয় এবং রজনীযোগে মোক্তারের ঘণাদর্বর অপহরণ করিয়া লইবারও স্থযোগ পায়। আর একজন মোক্তার একটী মক্ষেল জুটায়। এই মোক্তারের পরিবার ইতিপুর্বের কুলটারুন্তি অবলম্বন করিয়া গৃহ হইতে পলাইয়া যায় এবং এই মক্ষেলের সহিত থাকিয়া প্রান্ধর আর রায়ায় হরকয়া করে। কিন্ত মোক্তার এ বিষয় জানিত না, স্কতরাং মক্ষেল মকদ্দমায় জয়লাভ করিলে তাহার বাদায় পুরস্কার আনিতে যায় এবং "মাঠাকক্ষণের নিকটেও খুদি হয়ে বিদায় লব" বলিয়া, বাটীর মধ্যে প্রবেশ করিয়া দেখে সর্বনাশ !!

দেবগণ ক্রমে গল্প করিতে করিতে ছোট আদালতে যাইয়া,উপস্থিত হইলেন। ইন্ত্যা, বরুণ । এ আদালতের নাম কি ?

ব্রুণ। ইহার নাম কলিকাতার ছোট আদালত।

ব্ৰহ্মা। ছোট আদালতে কি কাজ হয় ?

বরুণ। এই আদালতে কলিকাতার যত সামাগ্র শাষাগ্র মকদ্মার বিচার হইয়া থাকে। এথানে সর্বসমেত পাঁচজন জজ আছেন, তরুধ্যে একজন বাঙ্গালী ও চারিজন ইংরাজ। ৺হরচন্দ্র ঘোষ ও রসময় দত্ত এই স্থানের জজ ছিলেন। মৃত হরচন্দ্র ঘোষের প্রস্তরনির্দ্ধিত অর্ধ-প্রতিম্তি জ্ঞাণি ঐ দেখুন

দেবগণের মর্ত্তো আগমন

বর্তমান আছে। হাইকোর্টে পদার করিতে না পারিলে অনেক উকীল এই আদালতে আসিয়া শাক মাছের মকন্দমা করিতে প্রবৃত্ত হন। এথানে মকন্দমা এক কথার ডিক্রি ও এক কথার ডিস্মিস্ হয় এবং ঐ মকন্দমার আর আপীল হয় না। এই আদালতে বেশ্রাদিগের মকন্দমাই অধিক। এম্টি হাউদের মকন্দমাও এথানে হয়। এথনকার চাপরাশী প্রভৃতি যথেষ্ট উপাজ্জন করে। এমন কি—আদালত হইতে বাসায় যাইবার সময় পকেটের ভারে নড়িতে পারে না।

উপ! বরুণ-কাকা! তবে আমাকে একটা চাপরাশিগিরি ক'রে দেওনা। নারা। বর্ত্তমান কেরাণীগিরি অপেক্ষা চাপরাশিগিরি করা আমার বিবেচনায় ভাল।

বৰুণ। চাপরাশিরা মাসে শতাবধি টাকা উপাক্ষন করে দেখিয়া একবার একটা প্রবেশিকা-পরীক্ষোন্তার্ণ বালক ঐ পদলাভের জন্ম দরখান্ত করিয়াছিল, কিন্তু আফিসের আমলারা তাহাকে ঐ কাজ করিতে দিলেন না; কহিলেন, "এক সময়ে এই পদের জন্ম অনেক বি, এ; এম, এ, উমেদার জ্টিবে সত্য, কিন্তু এক্ষণে চাক্রীর এমন অবস্থা হয় নাই যে, তুমি এণ্ট্রান্স্ পাশ করিয়া এ কাজে প্রবৃত্ত হও। যাহা হউক আর কিছু দিন অপেক্ষা করিয়া থাক, ভবিষাতে কোন কাজ কর্ম থালি হইলে যাহাতে তুমি পাও, তৎপক্ষে বিশেষ যম্ম করা যাইবে।"

ইব্র। বরুণ! ছোট আদালতে আর কি হয়?

বৰুণ। এথানে দেনদারের নামে পাওনাদারেরা সর্বাদা নালিশ করিয়া থাকে এবং সময়ে সময়ে দক্তক করিয়া টাকা আদায় করিতেও ছাডে না।

ব্ৰহ্মা। দম্ভক কি?

বরুণ। দেনদার সক্ষম হইয়া টাকা না দিলে পাওনাদার তাহাকে জব্দ করিবার অভিপ্রায়ে খোরাকী আমানত করিয়া জেলে দিয়া থাকে।

ইন্দ্র । এমন লোক আছে—খণ করিয়া পরিশোধ করে না ?

বৰুণ। বিস্তব; ঐ মহাত্মারা কেবল নিতেই জানেন, দেওয়া উছিদের কোন্নতে লিখে নাই।

এই সময়ে দেবগণ দেখেন, একটি বেক্সা উপপতির নামে নালিশ করিবার অভিপ্রায়ে মোক্তারদিগের সহিত পরামর্শ করিতেছে। বেক্সা কহিতেছে, "তাহার একজন উপপতি খত লিখিয়া দিয়া ছই তিন মাস্ যাতায়াত করিয়াছিল, এক্ষণে সে আর আসে না এবং টাকা দিবার নাম পর্যন্তও করে না। এক্ষণে তিন যাস মেয়াদ উত্তীর্ণ হয়, নালিশ করা যায় কি না ?

ব্ৰহ্মা। উঃ! কি সৰ্বনেশে কালই প'ড়েছে!! আজকাল দেখ্ছি দেনায় সবই চলে।

দেবগণ ইহার পর সিঁড়ি ভাঙ্গিয়া উপরে উঠিয়া, জজগুলিকে দর্শন করিলেন; তাঁহারা দেখিলেন—বারাণ্ডায় শত শত লোক দাঁড়াইয়া আছে এবং পর্বতপ্রমাণ দোকানদারী থাতাপত্রের আমদানী হইয়াছে।

এথান হইতে যাইতে যাইতে নারায়ণ কহিলেন, 'বৈরুণ, সমুখে দেখা যাইভেছে ও বাজীটি কি ?"

বরুণ। উহার নাম দিবিল এও মিলিটারি পে এক্জামিনের আফিদ।
যাবতীয় দিবিল এবং মিলিটারি কর্মচারীদিগের বেতন এই স্থান হইতে পাশ
হইয়া যাইলে তবে প্রাদত্ত হয়। এই আফিদে অনেক বাঙ্গালী এবং ইংরাজ কর্ম
করিয়া থাকেন। পে এক্জামিনারের পদে যিনি নিযুক্ত আছেন, তাঁহাকে পে
এক্জামিনার অর্থাৎ বেতন পাশ করা সাহেব কহে। ইনি একজন উচ্চ বেতনের বড় সাহেব। ও দিকে দেখা যাইতেছে রেভিনিউ বোর্ড। ঐ স্থানে
সন্ট্ বোর্ড ও আফিং নীলাম হইয়া থাকে। তুইজন সেকেটারী আছেন,
তাঁহারাই সমস্ত কার্যোর তন্তাবধান করেন। গবর্ণমেন্টের আয় সংক্রান্ত যাবতীয়
কার্যা ঐ স্থানেই সম্পন্ন হয়। বিস্তর বাঙ্গালীও ঐ আফিদে কাজকর্ম করিয়া
থাকেন।

দেবগণ এখান হইতে একথানি গাড়ী ভাড়া করিয়া জেনেরল পোষ্ট আফিনের নিকট উপস্থিত হইলে বরুণ কহিলেন, "ইহার নাম জেনেরল পোষ্ট আফিন অর্থাৎ ভারতে যত পোষ্ট আফিন আছে, তাহাদের কর্তা আফিন। এখানে শত শত লোক কর্ম করিতেছে।"

ইন্দ্র। এমন স্থলর ও বৃহৎ বাড়ী ত কথন চক্ষে দেখি নাই ! ইহার চূড়াটা গিয়ে আকাশে ঠেকেছে।

বরুণ দেবগণকে দেখাইতে লাগিলেন—"ঐ ফুটোয় চিঠি দিলে বিলাত চ'লে যায়, ঐ ফুটোয় চিঠি দিলে আমেরিকায় যায় ইত্যাদি। আহা। এই পোষ্ট আফিদ ষে স্থানে, এই স্থানেই অন্ধরুপ হত্যা-নামক ভয়ানক হত্যা-কাণ্ডের অভিনয় হইয়াছিল।"

বন্ধা। অন্ধকুপ হত্যা কি ? "

দেবগণের মর্জো আগমন

বকণ। তুর্দান্ত নবাব দিরাজন্দোলা, ইংরাজ বণিকেরা বিশেষ সক্ষতিশালী লোক শুনিয়া এক দিন গোপনে আদিয়া তাঁহাদের কেলা আক্রমণ করেন। আনেক ইংরাজ ল্রীসহ পলাইয়াছিলেন। কেবল ১৪৬ জন লোক ধরা পড়ে। উহাদিগকে তাঁহার অন্তচরেরা একটি ২২ হাত দীর্ঘ ও ১২ হাত প্রস্থ অন্ধকার ঘরে অবকৃদ্ধ করে। ঐ দিন অত্যন্ত গ্রীম থাকায় বিশেষতঃ ঘরে ছোট ছোট তুটি মাত্র জানালা থাকায় ঐ ১৪৬ জন মারামারি করিয়া এবং এ ওর কাঁধে দাঁড়াইয়া, ও ওর কাঁধে দাঁড়াইয়া জানালার নিকট ঘাইয়া বাতাস লইবার চেষ্টা পায়। এবং সমস্ত রাত্রি জল জল শব্দে চাঁৎকার করে। প্রাতে দেখা যায়, ১৪৬ জনেব ২৩ জন মাত্র জাঁবিত আছে। এই ঘরটা ফোর্ট উইলিয়ম তুর্গের একটা সৈনিক জেল ছিল। ১৭৫৬ খ্রীঃ অব্দের ১০ই জুন এই ঘটনা হইয়াছিল।

ব্রমা। আহা। কি অভ্যাচার।

গাড়ী ক্রমে বৌবাজারের মধ্য দিয়া কলেজ ষ্ট্রীটে আসিয়া পহঁছিল। এবং তথা হইতে গোলদীঘির ধারে ঘাইল। বরুণ কহিলেন, "এই স্থানের নাম কলেজস্কোয়ার। ঐ যে মসুদ্র অপেকাও উচ্চ লোহ বেলিং ঘারা পরিবেটিত স্থান দেখিতেছেন, যাহার দক্ষিণদিকে একটি পুন্ধরিণী আছে, ঐ স্থানের উত্তরদিকে হিন্দু স্থল এবং সংস্কৃত কলেজ। পূর্বে ঐ স্থানেই প্রেসিডেন্সি কলেজ ছিল একণে নৃতন বাড়ী প্রস্তুত হওয়ায় প্রেসিডেন্সি কলেজটি উঠিয়া গিয়াছে। সংস্কৃত কলেজের বাড়ীটি তুই তালা এবং ইহাতে একটি পুস্তুকালয় আছে। অপর তুটি বিজান্য এককোনা।

দেবতারা গল্প করিতে করিতে একটি বৃহদাকার অট্টালিকার নিকট ঘাইয়া স্থিত্য চাহিতে লাগিলেন এবং দেবরাজ কহিলেন, "বরুণ ! এ বাড়ীটি কি ?"

বরুণ। ইহার নাম ইউনিভার্সিটি বিল্ডিং। কলিকাতার মধ্যে ইহা একটী উৎক্ট বাড়ী। ইহার সদৃশ বৃহদাকার ফল্পর দালান কলিকাতার বিতীয় নাই। পূর্ব্বে টাউনহলের দালানটীকে সব্বে (ৎক্ট বলা ঘাইত। এক্ষণে এই দালানটী সব্বে কি স্থান প্রাপ্ত হইয়াছে। বাড়ীটির সন্মুখন্থ পামগুলি কেমন উচ্চ ও সুলাকার দেখ। বাড়ীটি নির্মাণ করিতে গ্রব্দমেন্টের বিপুল অর্থ বায় হইয়াছে।

এই বাড়ীতে সিণ্ডিকৈট বসে এবং কলিকাতা বিশ্ববিভালয়-সংক্রান্ত যাবতীয় সভাদির অধিবেশন হয়, এইজন্তই ইহার নাম ইউনিভার্সিটি বিল্ডিং অর্থাৎ বিশ্ববিভালয় নাম হইয়াছে। পূর্ব্বে বিশ্ববিভালয়ের পরীক্ষার্থী বালকগণকে স্থানাভাবে দবিদ্রের বাড়ীতে বান্ধা ভোজনের ন্তায় পাত হাতে করিয়া নানাস্থানে ঘুরিয়া বেড়াইতে হইত ; এক্ষণে গবর্ণমেন্ট এই বাড়ীটি নির্মাণ করায় সে ছঃথ দুর হইয়াছে।

এখান হইতে সকলে প্রেসিডেন্সি কলেজের মধ্যে প্রবেশ করিলেন এবং বৰুণ কহিলেন. "পৰে হিন্দ কলেজ নামে একটা কলেজ ছিল। ঐ কলেজে হিন্দু ছাত্র ভিন্ন অপর জাতি অধায়ন করিতে পাইত না। সেই সমরে বিভালয়টিতে কলেজ ও স্থল ঘটা বিভাগ ছিল। স্থল বিভাগে জুনিয়ার ছাত্ত্রতি পরীক্ষা পর্যান্ত শিক্ষা দেওয়া হইত। একণে ঐ পরীক্ষাকে এন্টাব্দ বা প্রবেশিকা পরীক্ষা কহে। ঐ পরীক্ষায় উত্তীর্ণ ২ইলে বালকেরা কলেছে পড়িত। সেই সময়ে কেহ বেতন দিয়া কলেজে পড়িবার ইচ্ছা করিলেও লওয়া হইত। কিন্তু ক্রমে ক্রমে মুদলমান ও অপরস্থাতীয় ছাত্র-সংখ্যা এত বুদ্ধি হইতে লাগিল যে, শিক্ষাবিভাগের কর্ত্ত পক্ষগণ বিবেচনা করিয়া দেখিলেন. হিন্দ কলেজ নাম রাথিলে হিন্দ ভিন্ন অপর ছাত্র লওয়া ঘাইবে না। অতএব কলেন্সটীকে তুই ভাগে বিভক্ত করা হউক, তাহা হইলে উভয় জাতিরই পাঠ করিবার অধিকার জন্মিবে। তাঁহারা এইরূপ স্থির করিয়া স্থলটীর হিন্দু স্থল নাম রাখিলেন এবং কলে**জ**টির নাম প্রেসিডেন্সি কলেজ রাখিয়া পৃথক করিয়া ফেলিলেন। এক্ষণে কলেজে সকল শ্রেণীর বালকের পাঠামুমতি হইয়াছে: কেবল হিন্দুস্থলে হিন্দু ছাত্র ভিন্ন অপর ছাত্র লওয়া হয় না। হিন্দুকলেজ ১৮১৭ অব্দের ২৩শে জাতুয়ারী গ্রাণহাটার গোরাটাদ বসাকের বাটীতে প্রথম সংস্থাপিত হয়।

ব্ৰহ্মা। প্ৰেসিডেন্সি কলেজের সকল শিক্ষকই কি ইংবাজ ?

পূর্বের তাই ছিল বটে, এক্ষণে অধিকাংশ বাঙ্গালী আছেন। বাঙ্গালী দিগের মধ্যে ভাক্তার পি, কে, রায় অর্থাৎ প্রসমকুমার রায় প্রধান।*

বন্ধা। তুমি প্রসন্ন মারের বিষয় বল।

বকণ। ইনি ১৮৪৯ অবে ঢাকা নগবের সন্নিকটম্ব শুভাত্যা নামক গ্রামে অন্প্রহণ করেন এবং ঢাকা পোগোস স্থল হইতে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন। ইহার কিছু দিন পরে ইনি ঢাকার সঙ্গত সভায় প্রবিষ্ট হইয়া ব্রাশ্বর্যন্ত্রহণ করায় সমাজচ্যুত হয়েন। ইহার পর ইনি ঢাকা কলেজ হইতে এফ, এ, পরীক্ষায় উত্তীর্ণ হন; তৎপরে গিল্কাইট পরীক্ষা দিয়া উত্তীর্ণ হন ও বৃত্তি লইয়া

কয়েক বৎসর হইল ভাক্তার পি, কে, রায় পেন্সন লইয়াছে।—সম্পাদক।

বিলাত যাত্রা করেন। ১৮৭১ অবেদ ইনি লগুন ইউনিভারসিটি কলেজের পরীক্ষার উত্তীর্ণ হন এবং ১৮৭৩ অবেদ বি, এন, সি, পরীক্ষার ক্রতকার্য্য হইরা উপাধি প্রাপ্ত হন। ১৮৭৬ অবেদ এভিনবরা বিভালর হইতে ও তৎপরে লগুন বিশ্ববিভালর হইতে মনোবিজ্ঞান শাল্রের পরীক্ষা দিয়া ভাক্তার অব্ সায়ান্স উপাধি প্রাপ্ত হইয়াছেন। এই পরীক্ষার বাঙ্গালীর মধ্যে ইনি ও আনন্দমোহন বস্ক, এই ছই জন মাত্র উত্তীর্ণ হইয়াছেন। ইহাদের মত্বে লগুনে ইণ্ডিয়ান সোসাইটী, রাক্ষসমাজ ও বাঙ্গালা প্রত্বালয় স্থাপিত হয়। ইনি ইণ্ডিয়ান সোসাইটীর সম্পাদকের কাজ করেন। ১৮৭৬ অবেদ ইনি স্বদেশে প্রত্যাগমন করেন ও পাটনা কলেজে সহকারী অধ্যাপকের পদে নিযুক্ত হন। ইহার প্রণীত একথানি ইংরাজী লজিক পুস্তক আছে।

প্রদরক্মার সর্বাধিকারী নামক এক ব্যক্তি এখানকার অধ্যাপক ছিলেন। ইহার বাড়ী থানাকুল ক্লফনগর। পূর্বেষে রাজক্মার সর্বাধিকারীর কথা বলা হইয়াছে, ইনি তাঁহারই জ্যেষ্ঠ জাতা। ইহারা জাতিতে কায়স্থ। প্রসন্ত্র্মার প্রথমে হেয়ার স্থলের শিক্ষকতা করিয়া পরে সংস্কৃত ও বহরমপুর কলেজের প্রিশিপাল হন। ১৮৮৩ অব্দে ইহার মৃত্যু হইয়াছে। ইহার পাটীগণিত ও বীজগণিত নামক তুইথানি পুস্কক আছে।

ইন্দ্ৰ। স্থল হইতে কলেজটী পুথক হইয়াই কি এই বাড়ীতে আইসে?

বরুণ। না, প্রথমে কলেজ স্কোয়ারের উত্তরাংশে একটা ভাড়াটে বাড়ীতে কলেজটা থাকে। তৎপরে গবর্ণমেন্ট বিশ্ববিদ্যালয় গৃহ প্রস্তুত করিবার সময়ে এই বাড়ীটি নির্মাণ করিয়া দিয়াছেন। বাড়ীটি তিন তালা। দ্বিতীয় তালায় এফ, এ, ক্লাসের ছাত্রেরা এবং তাহার উপর তালায় তাহার উপর ক্লাসের ছাত্রেরা অধ্যয়ন করে।

্রক্ষা। বরুণ! গৃহমধ্যে যত বালক দেখিতেছি, ওন্মধ্যে অধিকাংশই বোধ হয় মুসলমান। এ কলেছে হিন্দু বালক খুব কম আছে নয় ?

বরুণ । আজে না, মুসলমান বালক খুব কম আছে, হিন্দু বালকের সংখ্যা এখানে বেশী।

ব্ৰহ্মা। কেমন ক'রে? 'হিন্দু বালকের দাড়ি নাই, মুসলমান বালকগণের .
দাড়ি আছে, এই হিসাবে দেখ কোনু বালকের সংখ্যা বেনী হয় ?

বরুণ। আপনি ও হিসাবে জাতি নির্ণয় করিতে পারেন না। আজকাল হিন্দু বালকগণের মুদলমানী ধরনে দাড়ি রাখা একটা ফ্যাদান হইয়া পড়িয়াছে এবং দাড়ি রাথাই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদিগের প্রধান চিহ্ন হইয়াছে। অনেকে মনে করে, দাড়ি রাথিলে সন্মান বৃদ্ধি হয় এবং দাড়ি নাড়িয়া ইংরাজী বলিলে নাহেব-সাহেব দেখায়। তাহাদের মনে সংস্কার আছে—দাড়ি থাকিলে, পেটে কিছু থাক্ বা না থাক্, লোকে মনে করে পেটে বিদ্যার জাহাজ পুরিয়াছে এবং তজ্জাই মুথে পাইল্রপ দাড়ি বিরাজ করিতেছে।

উপ। দাড়ি রাখিলে এই হয়—নাপিত বেটারা অন্ধূল মট্কে আশীর্কাদ করে এবং বোকা পাঁটারা দলে মিশিবার জন্ম অগ্রাসর হয়। ভাল বরুণ-কাকা, তুমি ব'ল্লে বিন্ধানেরা আজ কাল কাল দাড়ি রাথে; কিন্তু পেটে বোমা মারিলে কোঁক করে না—এমন সব লোকেরাও ত দাড়ি রাথ্ছে।

বরুণ। সে সব দেবতার মানিত দাড়ি রে উপ! বিভার দাড়ি নয়। বন্ধা। যা হ'ক ছেলেগুলো বাহাত্ব যে, দাড়ি না ফেলে কুটকুটুনি সহু ক'রচে! আমরা ত এক সপ্তাহ না কামালে অস্থির হই।

ইন্দ্র। বরুণ, বালকগণের চক্ষে চসুমা কেন? চাল্দে ধ'রেচে নাকি ? বরুণ। উহাও একটা ফ্যাসান। আপাততঃ মা বাপ মনে করেন, বাছা আমার রাত দিন প'ড়ে চক্ষ্ থারাপ ক'রে ফেল্চেন, ভাল ক'রে ঘি তুধ থাওয়াই; নচেৎ পাছে অন্ধ হ'য়ে যান। কিন্তু পিতা মাতা জানেন না যে, এই চসুমা ধরাতে তাঁহাদেরই সর্বনাশ হবার উদেষাগ হইতেছে।

ব্ৰনা। কেন?

বরুণ। ইহারা কার্যাক্ষম হইলে সাহেবী ধরনে স্ত্রীকে লইয়া ভাস্বেন। তথন ইহাদের আমাদের দেশ, আমাদের ছাতি এবং পিতা মাতা বলিয়া পরিচয় দিতে লজ্জা হইবে। অনেকে পিতা মাতার সেবা শুক্রমা করা দূরে থাক, থরচপত্র দিয়াও সাহায্য করিবেন না; অতএব সেই সময় যদি চক্ষ্ লক্ষ্যা হয়, এজন্য এই সময় হইতে চক্ষে চন্মা দিয়া লক্ষার মাথা খাইয়া রাখিতেছেন।

নারা। বরুণ! ছেলেগুলোর মস্তকে স্ত্রীলোকদিগের ভায় সোজা সিঁতি এবং পরিধানে শাড়ী কেন ?

বরুণ। উহাও একটি ফ্যাসান।

ব্রহ্মা। না বরুণ, এইবার তোমার ভুল হ'য়েছে।

বৰুণ। কেন?

ব্রহ্মা। যথন কলি আমার আজ্ঞায় পৃথিবীতে আগমন করে, তথন জিজ্ঞাদা করিয়াছিল, "পিতামহ। আমি মর্জ্যে ঘাইয়া কোনু সময় কিরপ বেশে অবস্থিতি করিব ?" আমি তত্ত্তরে বলিয়াছিলাম—কলি ! তুমি পৃথিবীতে ঘাইয়া প্রথম, মধ্যম ও শেষ এই তিন অবস্থাতে বাস করিবে। তোমার প্রথম অবস্থার লোকের ধর্মকর্মে অনেকটা মতি থাকিবে এবং পাপপুণাের ভয় করিবে। এই সময় জাতিভেদ দেশমধ্যে প্রচলিত থাকিবে এবং জীলােকেরা পতিভক্তি করিবে। লোকে শত বৎসর জীবিত থাকিবে। মধ্য অবস্থায় জাতিভেদ বড় একটা থাকিবে না এবং লােকে ধর্মাধর্ম মানিবে না। এই সময় পুরুষে জীব পরিচ্ছদ এবং জীলােকে পুরুষের পরিচ্ছদ পরিধান করিতে আরম্ভ করিবে, অর্থাৎ প্রথমে জীলােকের ভায় পাড়ওয়ালা বস্ত্র পরিয়া মস্তকের মধ্যস্থলে সিঁতি কাটিবে এবং জীর আজ্ঞা বাতীত কোন কাজ করিবে না, সকল কাজেই স্তীর অস্থমতি লইবে এবং কথায় কথায় কহিবে "কেমনগা—এ কাজ কি করা যায় ? ও কাজ করিলে কি কোন দােষ আছে ?" এই সময় তাহারা স্তীর অঞ্চন ধরিয়া যশােদার গোপালের ভায় নেচেথেলে বেড়াবে এবং অন্ধকারে গ্রের বাহির হইতে স্তীর সাহাযা লইবে।

দেবতারা বাহিরে আদিয়া দেখেন—অসংখ্য চস্মার দোকান রহিয়াছে।
নারায়ণ চস্মার দর জিজ্ঞাসা করিলেন তাহারা কহিল, "এ সকল আপনদিগের
ব্যবহারোপযোগী নহে—স্থুলের সোখীন ছেলেদের জ্বন্তই আনা হইয়াছে।"
দেবরাজ এই সময় উপরদিকে চাহিয়া কহিলেন "বাঃ! বিভালয় গৃহের উপরে
গম্বজ্বের মধ্যে একটি স্থান্দর বহদাকার ঘড়ি বহিয়াছে দেখ।"

্বরুণ। ঐ ঘড়িটা কুফ্তনগরের একজন পাল—প্রেসিডেন্সি কলেজকে দান করেন, পাল মহাশয় বোধ হয় আস্তরিক ইচ্ছার সহিত দান করেন নাই।

ইন্দ্র। কেন?

বরুণ। ঘড়িটে থেকে থেকে বন্ধ হয় ও বংসরের মধ্যে তিন মাদ চুরি করে, অর্থাৎ সকল ঘড়ি অপেক্ষা আধ ঘণ্টা আগে চলে।

এখান হইতে যাইয়া সকলে আর একটা বিভালয়ের মধ্যে প্রবেশ করিলে নারায়ণ কহিলেন, "বরুণ এ স্কুলটীর নাম কি ?"

বৰুণ। হেয়ার স্থুল। ডেভিড হেয়ার সাহেব এই বিভালয়টী সংস্থাপন করায় তাঁহার নামামুদারে হেয়ার স্থুল নাম হইয়াছে। এই বিভালয়টীর সংস্থাপন-সময়ে দেশীয় ধনী লোকেরা বিস্তর সাহায়্য করিয়াছিলেন। এক্ষণে যদিও গবর্ণমেন্টের ভন্ধাবধানে বিভালয়টী চলিতেছে, কিন্তু ইহার আয়, বায় আপেকা বেশী। বাড়ীটি ছই তালা। পুরেব এই বিভালয়টি একটি ভাড়াটে

বাড়ীতে ছিল, তৎপরে গবর্ণমেন্ট বিশ্ববিষ্ঠালয়-গৃহ নির্মাণ-সময়ে এ বাড়ীটিও প্রস্তুত করিয়া দিয়াছেন। কলিকাতার মধ্যে ইহা একটি প্রধান ও উৎকৃষ্ট বিচ্ঠালয়। বাবু প্যারিচরণ সরকার এই স্থ্লের প্রধান শিক্ষক ছিলেন। তাঁহার মারা বিচ্ঠালয়টির বিশেষ উন্ধতি হয়। প্যারিবাবুর পর বাবু গিরিশচক্র দেব ইহার প্রধান শিক্ষকের পদ পান; তাহার পরে বাবু ভোলানাথ পাল ঐ পদে নিযুক্ত হইয়াছিলেন। কলিকাতার যত বড় লোকের ছেলে এই স্থলে এবং হিন্দুস্থলে অধ্যয়ন করিয়া থাকে। এখানে বকাটে ছেলেদেরও অসন্তাব নাই। পরীক্ষার্থী ছাত্রসংখ্যা যে বৎসর বেশী হয় ও সকলের স্থান সমাবেশ না হয়, সেই বৎসর বিশ্ববিচ্ঠালয়গৃহে ও এই স্থলে, প্রেসিডেন্সি করেজ এবং হিন্দুস্থল ইত্যাদি স্থানে তাহাদিগের পরীক্ষার স্থান প্রদন্ত হয়। এই বিচ্ঠালয়টি ১৮৩৪ অব্যে সংস্থাপিত হইয়াছে।

বনা। বৰুণ! আমাকে হেয়ার সাহেবের বিষয় বল।

বরুণ। ডেভিড হেয়ারের পিতা লগুনে ছড়ি প্রস্তুত ও মেরামত করিতেন। স্কটলণ্ডের অস্তঃপাতী এবার্ডিন নগরে ১৭৭৫ খৃঃ অন্দে ডেভিড হেয়ারের জন্ম হয়। ইনি পঁটিশ বৎসর বয়ঃক্রমকালে কলিকাতায় আসেন এবং কিছুকাল ঘড়ির কাজ করিয়া অর্থ সঞ্চয়পুর্ব্বে ক তাঁহার একজন ঘনিষ্ঠ বদ্ধু গ্রে সাহেবকে আপনার কার্যাভার সমর্পণ করেন। তিনি এখানে কেবল অর্থ উপার্জ্জনের মানসে আসেন নাই; এ দেশের অধিবাসীদিগকে আপনার ভ্রাতার ক্রায় দেখিতে লাগিলেন এবং তাহাদের উপকারের জন্ম যথাশক্তি পরিশ্রম ও যত্ন করিতে প্রস্তুত্ব হইলেন।

হেয়ার সাহেব সন্ধান্ত হিন্দুদিগের বাটিতে ঘাইতেন এবং ঘাহাতে পরম্পরের মধ্যে একতা ও সৌহান্দি জয়ে এবং উভয় সম্প্রদায় যাহাতে পরম্পরকে ভ্রাতৃভাবে আলিঙ্গন করে, ইহা তাঁহার একান্ত ইচ্ছা ছিল। এই সময়ে কলিকাতায় ইংরাজী অথবা বাঙ্গলা পাঠশালা ছিল না। ছাত্রেরা সামান্তরূপ লেথা পড়া অভ্যাস করিয়াই শিক্ষা সমাপ্ত করিত। পাঠোপযোগী ভাল বাঙ্গলা গ্রন্থও ছিল না। কিসে এদেশের লোক উচ্চতর শিক্ষা পাইয়া বহুদর্শী ও বছু-গুণান্বিত হইয়া উঠে ইহাই তাঁহার চিন্তার বিষয় হইল। সে সময়ে রামমোহন রায়, নারকানাথ ঠাকুর, রাধাকান্ত দেব, বৈভ্যনাথ মুথোপাধ্যায় কলিকাতার মধ্যে বিজ্ঞ সন্ধান্ত লোক বলিয়া পরিচিত ছিলেন। হেয়ার সাহেব ইহাদের সহিত এ বিষয়ে পরামর্শ করেন। প্রধান বিচারপতি সার হাইভ ইষ্ট

সাহেবের এ দেশের প্রতি বিশেষ ষত্ন ছিল; হেয়ার সাহেব উাহার নিকট যাইয়াও একটি প্রধান বিভালয় স্থাপনের ইচ্ছা প্রকাশ করেন। এ বিষয়ে আমাদের দেশের লোকের কিরুপ মত জানিবার জন্ম প্রধান বিচারপতি বৈভানাথ মুখোপাধ্যায়কে সকলের নিকট পাঠাইয়া দেন।

বৈভনাথ সমাজের সমস্ত সম্ভ্রাস্ত ব্যক্তির নিকট এ বিষয়ের প্রস্তাব করিলে, সকলেই তাহাতে আহলাদ সহকারে সম্মতি প্রকাশ করেন। বৈছনাথ প্রধান বিচারপতির নিকট যাইয়া সকলের সম্বতি জানাইলে একটা উচ্চশ্রেণীর বিদ্যালয় স্থাপনের উদযোগ হইতে লাগিল। সমদম প্রস্তুত হইয়াছে, এমন সময়ে একটা বিশ্ব উপস্থিত হইল ৷ রাজা বামমোহন রায় পৌত্তলিক ধর্মের বিরুদ্ধাচরণ করাতে হিন্দু সম্প্রদায় তাঁহার উপর অভিশয় বিরক্ত হইয়া উঠিয়াছিলেন: এক্ষণে এই রামমোহন রায়, প্রস্তাবিত বিভালয়ের একজন অধ্যক্ষ হইলেন ভূনিয়া হিন্দুগণ পূক্র অভিপ্রায় অমুসারে কার্য্য করিতে অসমত হইলেন। তাঁহার। প্রতিজ্ঞা করিলেন, যাবৎ বিজালয়ের দহিত রামমোহন রায়ের সম্বন্ধ থাকিবে. তাবৎ তাহার। কোনরূপ আত্মকুলা করিবেন না। ছেভিড হেয়ার কোন কার্যাই অসম্পন্ন বাথিবার লোক ছিলেন না। উপস্থিত বিষয়ে এইরপ বিষ দেখিয়া, তিনি অকুতোভয়ে কার্যাক্ষেত্রে প্রবেশ করিলেন। তিনি রামমোহন বায়ের স্বভাব বিলক্ষণ রূপে ছাদয়ক্ষম করিয়াছিলেন, স্বতরাং সাহস-সহকারে তাঁহাকে প্রস্তাবিত বিভালয়ের সহিত সংস্রব পরিত্যাগ করিতে অমুরোধ করিলেন। রামমোহন রায় স্বভাবসিদ্ধ উদারতাগুণে এই অমুরোধ রক্ষা করিতে সমত হইলেন। অবিলম্বে প্রচার হইল; রামমোহন রায় বিভালয়ের সহিত কোনরূপ সংস্রব রাখিবেন না। হিন্দুগণ ইহাতে সম্ভষ্ট হইলেন; এবং প্রতিশ্রুত অর্থ প্রদানপূর্বেক বিচ্চালয় স্থাপনের অভিপ্রায় জানাইলেন।

অবিলয়ে একটা সাধারণ সভার অধিবেশন হইল। বান্ধণ অধ্যাপকগণ পর্যান্ত এই সভায় উপস্থিত হইলেন। ইহার পর একটা কার্যানিকাহিক সভা সংগঠিত হয়। ১৮১৬ অব্দের ২৭শে আগন্ত বিভালয়ের কার্যাপ্রণালীর নির্দ্ধারণ জন্ম এই সভার অধিবেশন হয়। হেয়ার সাহেব এই সভার সভ্য ছিলেন না, তথাপি নিয়মিত সময়ে আসিয়া সৎপরামর্শ দিয়া আপনার কার্যাতৎপরতা দেখাইতে লাগিলেন। তিনি কেবল এইরূপ পরামর্শ দিয়াই নিরম্ভ হইলেন না; বিভালয়ের জন্ম ক্রেম তাঁহার অসাধারণ যত্ন প্রকাশ পাইতে লাগিল। তিনি এই উদ্দেশ্যে বাবে বাবে ভিক্লা করিয়া অর্থ সংগ্রহ করিতে লাগিলেন।

হেয়ার দাহেবের এইরূপ অদামান্ত উৎদাহ, যত্ন ও পরিশ্রমে ১৮১৭ খৃঃ অব্দের ২০শে জাম্মারি কলিকতিয়া হিন্দু কলেজ স্থাপিত হইল।

যতম বাটার অভাবে হিন্দুকলেজ প্রথমে গরাণহাটায় গোরাটাদ বসাকের বাটাতে বদে। সাহেব প্রতিদিন এই বিভালয়ে উপস্থিত হইয়া উহার উন্নতি সাধনের চেষ্টা করিতে থাকেন। পটোলডাঙ্গায় তাঁহার কিছু ভূমপ্পত্তি ছিল, বিভালয়ের বাটা নির্মাণ জন্ম তাহার কিয়দংশ তিনি আহলাদ সহকারে দান করিলেন। এই স্থলে সংস্কৃত ও হিন্দু কলেজের বাটা নির্মিত হইল। হিন্দু কলেজে দীর্ঘকাল গরাণহাটায় থাকে নাই। ইহার পরে চিৎপুরে রপচরণ রায়ের বাটাতে যায়। ঐ স্থান হইতে খুয়ান কমল বহুর বাটাতে আইসে। প্রসিদ্ধ পণ্ডিত ডাজার উইলসন সাহেবের যত্তে হিন্দু ও সংস্কৃত কলেজের জন্ম নৃতন বাটা নির্মাণের বন্দোবস্ত হয়। ১৮২৪ অন্বের ২৫শে জায়ুয়ারি নৃতন বাটির ভিত্তি স্থাপিত হয়। তৎপরবর্তী বৎসর নির্মাণকার্য্য শেষ হইয়া উঠে। এই নৃতন বাটির মধাভাগ সংস্কৃত কলেজ এবং তই পার্যে হিন্দু কালেজের কার্য্য হইতে থাকে।

হেয়ার সাহেব, পরে হিন্দুবিভালয়ের অবৈতনিক কার্যা-নির্বাহক সভোর পদ গ্রহণ করিলেন। যে বৎসর হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়, সেই বৎসর হেয়ার সাহেব কলিকাতায় স্থলবুক সোনাইটি নামে সভা স্থাপন করেন। বিভালয়ের উপযোগী পুস্তক সকল প্রণায়ন পুরুক অল্প অথবা বিনা মূল্যে প্রচার করাই এই সভার উদ্দেশ্য। এই সভায় যে কয়েকজন সভা ছিলেন তাঁহারা নৃতন বিছালয় স্থাপন ও বর্ত্তমান পাঠশালাসমূহের সংস্করণ জন্ম বিশেষ চেষ্টিত হন। এই উদ্দেশ্যে পরবর্তী বৎসর স্কুল সোসাইটি নামে আর একটি সভা প্রতিষ্ঠিত হয়। হেয়ার দাহেব ও রাজা রাধাকান্ত দেব এই সভার সম্পাদকের ভার গ্রহণ করেন। সভা তিন শাখায় বিভক্ত হয়। এক শাখা বিভালয় সমূহের সংস্থাপনের ভার, অপর শাখা পাঠশালা-সমূহের পরিদর্শনের ভার এবং তৃতীয় শাখা উচ্চতর শিক্ষা দানের ভার গ্রহণ করেন। প্রস্তাবিত সভার তত্তাবধানে কলিকাতার স্থানে স্থানে কয়েকটি পাঠশালা প্রতিষ্ঠিত হয়। এই সকল পাঠশালায় মধ্যে আরপুলি লেনের পাঠশালায় এ দেশের বিখ্যাত শ্রীযুক্ত কুঞ্মোহন বন্দ্যোপাধ্যায় প্রথমে বাঙ্গালা শিক্ষা করেন। পুর্বোক্ত স্থল সোসাইটির যত্নে এই শেষোক্ত পাঠশালার নিকট এবং পটোলভাঙ্গায় ছটি ইংরাজী বিভালয় ছাপিত হয়। তাহাদের মধ্যে একটি হেয়ার স্থল। যে ছাত্র পাঠশালায় থাকিয়া বাংপত্তিলাভ করিত তাহারা ইংরাজী বিভালয়ে প্রবেশ দেবগণেয় মর্ছ্যে আগমন

পূব্ব ক উচ্চতর শিক্ষায় অভিনিবিষ্ট হইত। হেয়ার সাহেব যথাসময়ে এই সকল বিভালয়ের ত্রাবধান করিতেন।

যাহাতে এদেশের লোকের বাঙ্গালা ভাষায় বিশেষ ব্যুৎপত্তি হয় এবং বাঙ্গালা ভাষা যাহাতে সম্মাৰ্জ্জিত হইয়া উঠে, হেয়ার সাহেবের মে বিষয়ে বিশেষ মনোযোগ ও যত্ন ছিল। সমস্ত কলিকাতা চারিথওে বিভাগ করা হইয়াছিল; এক একজন প্রতিথণ্ডের পাঠশালাগুলির তত্বাবধান করিতেন চারি জন পরিদর্শকের মধ্যে বাবু ফুর্গাচরণ দত্ত ৩ টি পাঠশালার তত্বাবধানের ভার গ্রহণ করেন। এই সকল পাঠশালায় প্রায় ৯০০ ছাত্র পড়িত। বাবু বামচন্দ্র ঘোষকে ৪৩টি স্থল দেওয়া হয়, ইহাতে ৮৯৬ জন শিক্ষার্থী ছিল! বাবু উমানন্দ ঠাকুর ৩৬টি পাঠশালা গ্রহণ করেন, ইহাতে প্রায় ৬০০ ছাত্র ছিল। ৫৭টি পাঠশালার পরিদর্শনের ভার রাজা রাধাকান্ত দেবের হস্তে সমর্পিত হয়, ইহাতে ১.১৩৬ জন ছাত্র বিভাভাান করিত।

১৮৩০ খঃ অবেদ হিন্দু স্কুল ও অক্সান্ত বিভালয়ের ছাত্রেরা সমবেত হইয়া হেয়ার সাহেবকে একথানি অভিনন্দন পত্র সমর্পণ করেন। রুষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় ও হরচন্দ্র ঘোষ প্রভৃতিব যত্নে এই কাৰ্যা সম্পন্ন হয়। বাঙ্গালীগণ যাহাতে ব্যবদায় অবলম্বন পূৰ্বেকি স্বাধীনভাবে জীবিকা নির্বাহ করিতে পারে ভাহার জন্ম কোনরূপ শিক্ষালয় স্থাপন করিবার জন্য এক্ষণে বিশেষ আগ্রহায়িত হইলেন। এই সময়ে লভ[ি]উইলিয়ম বে**টি**জ ভারতবর্ষের শাসনকর্তা ছিলেন। হেয়ার সাহেব প্রায়ই তাঁহার সহিত সাক্ষাৎ করিতে ষাইতেন,, প্রস্তাবিত সময়ে এতদ্দেশীয়দিগকে চিকিৎসা বিভা শিক্ষা দিবার জন্ম একটি কলেজ স্থাপন করিবার প্রস্তাব হয়। বেণ্টিঙ্ক এ দেশের একজন প্রকৃত হিতৈষী ছিলেন: হেয়ার সাহেব তাঁহার সহিত সম্মিলিত হুইয়া. মেডিকেল কলেজ স্থাপন করিবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু এতদ্দেশীয়েরা মৃতদেহ স্পর্শ বা ছেদন করিবে কি না, তদ্বিষয়ে অনেকেই সন্দিহান হইলেন; চিরস্তন ধর্মহানির আশকা করিয়া কেহ হিন্দুদিগের নিকট এ বিষয়ের প্রস্তাব করিতেও সাহসী হইলেন না। মধুস্থদন গুপ্ত তাঁচার নিকট উপস্থিত হইলে হেয়ার সাহেব জিজ্ঞাসা করিলেন, "মধু! শব ব্যবচ্ছেদ সম্বন্ধে হিন্দুদের কি কোন আপত্তি হইবে ?"

মধুস্থদন উত্তর করিল, **আপত্তি উপস্থি**ত করিলে পণ্ডিতেরা বিচারে ভাঁহাদিগকে পরা**জি**ত করিবেন। হেয়ারের মূথ প্রদন্ধ হইল, কহিলেন, আমি কলাই লর্ড বেণ্টিছের নিকট যাইয়া এ বিষয় বলিব।

১৮০৫ খ্রং অব্দেক লিকাতায় মেডিকেল কলেজ স্থাপিত হইল। মধুস্দন শুপ্ত প্রথমে শব বাবছেদ করিয়া সাধারণের শ্রদ্ধাম্পদ ইইলেন; তাঁহার প্রতিকৃতি মেডিকেল কলেজে অতাপি আছে। হেয়ারের উত্তেজনায় অনেক ছাত্র হিন্দু কালেজ ও তাহার নিজের স্কুল হইতে মেডিকেল কলেজে প্রবিষ্ট হইল। হেয়ার এই কলেজের কার্যা-সম্পাদক হইলেন। তিনি প্রতিদিন মেডিকেল কলেজে আসিয়া, ইহাক্র তত্বাবধান করিতেন। এতদ্বাতীত চিকিৎসালয়ে যে সমস্ত বোগী থাকিত, যথানিয়মে তাহাদের শুশ্রমা করিতেন। কিরুপে রোগীরা আরামে থাকিতে পারে, তৎপ্রতি তাঁহার বিশেষ যত্ম ছিল। হেয়ার এই দকল কার্যাে কিছুমাত্র বিচলিত বা অসন্তর্ত হইতেন না। তিনি পরের উপকার উদ্দেশ্তে জীবন উৎসর্গ করিয়েভিনেন, পরের উপকার সাধিত হইলে তিনি জীবনের সার্থকতা অম্বত্ব করিতেন।

ডেভিড হেয়ার স্বদেশীয় ও বিদেশীয় সকলের শ্রহ্মাম্পদ হইয়াছিলেন। এই সময়ে আমাদের সমাজের স্ত্রী-শিক্ষার উন্নতির জন্য বিশেষ যত্ন হইতে থাকে। বাঙ্গালী ও ইংরেজ এ উদ্দেশ্য সাধনার্থ একতা সম্মিলিত হন। ১৮২০ খঃ অব্দের পূর্বেক কলিকাতায় জ্বিনাইল সোসাইটি নামে একটি সভা প্রতিষ্ঠিত হয়। এ সভা খ্রী-শিক্ষার ভাব গ্রহণ পূর্বক কলিকাতার খ্যামবাজার, জানবাজার ও ইটিলিতে এক একটি বালিকা বিভালয় স্থাপন করেন। রাজা রাধাকান্ত দেব স্ত্রী-শিক্ষার একজন প্রধান উৎসাহ দাতা ছিলেন। তিনি এই সময়ে স্ত্রী-শিক্ষা-বিধায়ক নামে একথানি পুস্তক রচনা করিয়া, উক্ত সভায় দান করেন। এই পুস্তকে প্রদর্শিত হয় যে, নারীজাতিকে শিক্ষা দেওয়া উচ্চ শ্রেণীর হিন্দুদিগের চিবস্তন ধর্ম। প্রাচীন সময়ে অনেক নারী স্থশিক্ষিতা ছিলেন। একণে স্ত্রী-শিক্ষার প্রতি বিশেষ মনোযোগ দিলে আমাদের দেশের বিস্তর মঙ্গল হইবে। সভা এই পুস্তক মুদ্রিত করিবার সঙ্কল্প করেন। সভার স্ত্রীশিক্ষার উন্নতির চেষ্টা নিফল হয় নাই; ক্রমে এ বিষয়ের উৎকর্ষ হইতে থাকে। হেয়ার সাহেব নিয়মিতরূপে অর্থ দিয়া সূভার সাহায়া করিতেন। বালকদিগের শিক্ষাকার্য্যের স্থায় বালিকাদিগের শিক্ষা-কার্যোর প্রতিও তাঁহার বিশেষ যত্ন ছিল।

প্রসিদ্ধ মিশনরী কেরি ও মার্শমান, সাহেব একটা সভা স্থাপনপূর্বক বাঙ্গালা ভাষার উন্নতির নিমিত্ত অনেক চেষ্টা করেন। ডেভিড হেয়ার এই

দেবগণের মর্ত্তো স্বাগমন

সভায় নিয়মিতরূপে চাঁদা দিতেন। যাহাতে সাধারণে স্বাধীনভাবে সংবাদপত্ত্রে লিখিতে পারে, তজ্জন্ত তিনি অনেক চেষ্টা করেন। কুলিদিগকে তাহাদের অসমতিতেও দ্ব দেশে পাঠান হইত। এইরূপ অনেকগুলি কুলিকে মরিস্দ্ দ্বীপে পাঠাইবার জন্ত কলিকাতায় আবদ্ধ রাখা হইয়াছিল; হেয়ার সাহেব এই বিষয় অবগত হইয়া পুলিদের সাহায়ে তাহাদিগকে বিমৃক্ত করেন।

হেয়ার প্রতিদিন বেলা দশটার সময় পান্ধিতে স্থল ও কলেজ দেখিতে আসিতেন। তাঁহার পান্ধিতে একটি ক্ষুদ্র শুষধালয় ছিল; ইহাতে সমৃদয় প্রয়োজনীয় ঔষধ সজ্জিত থাকিত। তিনি স্থলে আসিয়া প্রথমে উপস্থিতি ও অমুপস্থিতির বইথানি দেখিতেন। যে যে বালক অমুপস্থিত থাকিত, অবিলম্বে তাহাদের অমুসন্ধানে বহির্গত হইতেন, কেহ বাড়ীতে পীড়িত থাকিলে, ষথাযোগ্য ঔষধ দিয়া তাহার ভক্রমা করিতেন। যে সকল বালক অর্থাভাবে পড়িতে পারিত না, তিনি তাহাদিগকে অর্থ দিয়া সাহায্য করিতেন। যাহারা গ্রাসচ্ছাদনের সংস্থানে অসমর্থ, তাহাদিগকে অন্তর বস্ত্র দিয়া বিভাভাাস করাইতেন। পটোলজাঙ্গায় স্থল সোসাইটীর স্থলের ছাত্রদের পাঠাপুস্তকাদির বায় তিনি আপনা হইতে দিতেন। যাহারা স্থলিক্ষিত হইয়া বিভালয় হইতে বাহির হইত, তিনি তাহাদিগকে কর্ম দিয়া সংসারী করিয়া তুলিতেন। ১৮৪২ অন্তের ৩১শে মে রাত্রিতে ইহার ওলাউঠা রোগে মৃত্যু হয়।

হেয়ারের মৃত্যু-সংবাদে সকলে গ্রে সাহেবের বাটাতে আসিতে লাগিলেন।
সকলের মৃথই বিবর্ণ, ক্রমে সহস্র সহস্র লোকের সমাগম হইল। ডেভিড
হেয়ারের দেহ স্বাভাবিক বেশে সজ্জিত হইয়া শবাধারে স্থাপিত ছিল। এই
দিন আকাশমণ্ডল ঘোরতর মেঘে আছের ছিল, অবিশ্রাপ্ত রৃষ্টি হইতেছিল;
তথাপি সাধারণে তাঁহার শবের অফুগমন করিতে কিছুমাত্র কাতর হইল না।
১লা জুন সন্ধ্যার প্রাকালে হেয়ারের দেহ যথানিয়মে হিন্দুকলেজের সন্মুখে
সমাহিত হইল। বিভালয়ের ছাত্রেরা প্রত্যেকে এক একটা টাকা টাদা দিয়া,
তাঁহার সমাধির উপর একটি স্বদ্র্য স্তম্ভ নির্মাণ করাইয়া দিল। এই টাকা
এত অধিক হইয়াছিল যে, শেষে কতক টাদা আদায় করা আবশ্রক হইল না।

বাঙ্গালা দেশের রুতবিছগণ ডেভিড হেয়ারের স্মরণার্থ অর্থ সংগ্রহ পূর্বক তাঁহার একটি প্রস্তবময়ী প্রতিমূর্ত্তি নির্মাণ করেন। ঐ দেখুন, সেই প্রতিমূর্ত্তি হেয়ার স্থল ও প্রেসিডেন্সি কলেন্দের মধ্যভাগে অবস্থিত বহিয়াছে। এই সময়ে একটি স্থলার ছেলে বাহিরে আসিল। ছেলেটীর বয়স অভি
আল্ল; কিন্তু এমন ফিটফাট বাবু সাজিয়াছে, এমন কেতা-সই চুল ফিরাইয়াছে
এবং এমন ভঙ্গীর সহিত কালাপেড়ে কোঁচান ধুতির কোঁচা বাম হস্তে ধরিয়া।
আছে, যে দেবগণ অবাক্ হইলা দেখিতে লাগিলেন। নারায়ণ কহিলেন
"বাবু! কোন ক্লাশে পড়" বালক বলিল, "বাবুজ ক্লাশে পড়ি" বলিয়া,
হান্ত করিয়া চলিয়া যাইল।

ইন্দ্র। বাবুজ ক্লাশ কি বক্রণ ?

বরুণ। অধিকাংশ বিভালয়ের এক একটা ক্লাশ বা শ্রেণীতে মধ্যে মধ্যে এত বালক হয় যে, একজন শিক্ষক পড়াইয়া উঠিতে পারেন, না হুতরাং স্বতম্ব স্বতম্ব শিক্ষক নিযুক্ত করিয়া ঐ শ্রেণীকে তুই থণ্ডে বিভক্ত করিয়া ফোলা হয়। তাহার নাম হয় প্রথম ও দ্বিতীয় (সেক্সন) বিভাগ। ঐ সময় ভাল ছেলেগুলিকে প্রথম ও বকাটে বাবু ছেলেগুলিকে দ্বিতীয় বিভাগে লওয়া হয়। ঐটি দ্বিতীয় বিভাগের ছাত্র; ছাত্রদিগকে শিক্ষকেরা সময়ে সময়ে উপহাসছলে বাবু বলিয়া ভাকেন। সেই হইতেই ক্লাশের নাম বাবুক্ত ক্লাশ

ব্রহ্মা। আহা! পিতা মাতা বালকগণের বিভাশিকার্থে বিভালরে দিয়া ষথেষ্ট খরচপত্র করিতেছেন; কিন্তু ছেলেরা যে অল্ল বয়সে বাবু সাজিয়া অধঃপাতে ঘাইতেছে, তাঁহারা সে বিষয়ের কি সন্ধান রাথেন না ?

বরুণ। ঐ বাব্-ছেলেদের পিতা মাতার টাকার অসম্ভাব নাই। তাঁহার।
অর্থোপার্জন কিংবা জ্ঞানোপার্জন উদ্দেশ্যে বালকগণকে বিভালয়ে পাঠান
না। গাড়ী ঘোড়া রাখা, চিড়িয়াখানা করা যেমন বড় লোকের দক, ছেলে
সাজাইয়া স্থলে পাঠান, ইহাও একটি সকের মধ্যে। নচেৎ পিতা মাতা
স্বহস্তে বালকগণকে বাবু সাজাইয়া বিভালয়ে পাঠাইবেন কেন? তাঁহাদের
অনেকে মনে করেন, কত তপস্তা ক'রে নীলকাস্তমণি কোলে পেয়েছি;
বাছা আমার লেখা পড়া শিশুক, আর না শিশুক, নির্বোধ হয়ে বেঁচে থাকুক।

ইন্দ্র। ছিঃ! ছিঃ। তাহা হইলে দেই সমস্ত পিতা মাতা বড় নির্বোধের জায় কার্য্য করিতেছেন। তাঁহারা কি জানেন না—লন্ধী চিরদিন এক স্থানে থাকেন না, অতএব আজ যদি তিনি তাঁহাদিগকে ছেড়ে পালান—নির্বোধ নীলকান্তমনি নিয়ে কি ক'ব্বেন ? বিষয়ী হইলে বিভাশিকা বিষয়ে উপেকা করিতে হইবে—এই বা কোনু কথা ? সকলেই কি অর্থোপার্জন উদ্দেশ্ত

বিভাশিকা করিয়া থাকে? বিভাশিকার উদ্দেশ্য জ্ঞানোপার্জন। অতএব পিতা মাতার উচিত, বালকেরা সে বিষয়ে কতদ্ব ক্রতকার্যা হইয়াছে; তথিবরে তীক্ষ দৃষ্টি রাথা। বালকগণ যদি বাল্যকাল হইতে সংশিক্ষা ও সত্পদেশ প্রাপ্ত না হয়, পিতা মাতা সঞ্চয় করিয়া কুবের ভাণ্ডার রাথিয়া ঘাইলেও তাহারা তুই দিনে উড়াইয়া দিবে।

ব্রহ্ম। বরণ! আমাকে প্যারীচরণ সরকারের জীবনচরিত বল ?

বৰুণ। পাাবীচৰণ ১৮২৩ খুঃঅক্টের ২৩শে জ্বাকুয়ারি সরক বি কলিকাভান্থ চোরবাগানে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম ভৈরবচন্দ্র সরকার ইনি প্রথমে হেয়ার স্থল, পরে হিন্দু স্থলে বিভাভাাস করেন। ইনি ্ষতান্ত প্রতিভাশালী থাকায় প্রতিবংদর পারিতোষিক পাইতেন এবং ক্ষেক বংসর কলেঞ্চের একটা ছাত্রবৃত্তিও ভোগ করিয়াছিলেন। কলেঞ্চ পরিত্যাগ করিয়া প্রথমে হুগলীর ব্রাঞ্চ স্থল, পরে বারাসত গবর্ণমেন্ট স্থলের প্রথম শিক্ষকের কাজ করেন তংপরে হেয়ার স্থলের প্রধান শিক্ষকের পদে প্রতিষ্ঠিত হন। ইহার পর প্রেসিডেন্সি কলেজের সাহিত্য-শান্তের সহকারী ष्यशाभकभार नियक रहेशां हिलान । होने "होत्रवांशांन लिभाविहां केन" নামক একটা মধ্যশ্রেণীর বিভালয় স্থাপন করিয়াছিলেন। এতদ্বাতীত वहमःथाक पृथ्वी वानकदक ऋत्नव दिएन ७ शृष्ठकानि नान कविएएन। हेनि निक পাছায় একটা বালিকা-বিছালয় স্থাপন করেন এবং বেক্স টেম্পারেন্স নামক একটা স্বরাপান-নিবারণী সভা করেন। এতদ্যতীত হিতৈষী নামক পত্রিকার ও এড়কেশন গেজেটের সম্পাদকতা করিয়াছিলেন। ইনি বছমুত্র েরোগে ১৮৭৫ খঃ অস্বের ৩০শে সেপ্টেম্বর প্রাণত্যাগ করেন। ইহার প্রণীত ফার্টবুক, দেকেও বুক প্রভৃতি অনেক্গুলি পুস্তক বাঙ্গানীর ছেলেদের ইংরাজী শিক্ষার প্রথম সোপান।

দেবগণ হেয়ার স্থূন হইতে যথন হিন্দু স্থূল দেখিতে যান, এক ব্যক্তি আদিয়া তাঁহাদের হস্তে লাল ছাপান কাগজ দিল। তাঁহারা কাগজ পাঠ করিয়া দেখেন লেখা রহিয়াছে—

"বৈক্ঠবাদী" সংবাদপত্ত। আগামী চৈত্র মাদ হইতে বাহির হইবে। ইহাতে রাজনৈতিক, সামাজিক, সমস্ত বিষয় থাকিবে। কলিকাতার গ্রাহকগণ ১৪০ ও মফংখলে মান্তলদহ ২ টাকায় পাইবেন। আম্বা গ্রাহকগণের নাম নম্বর ভায়ারি করিয়া বাথিতেছি, তাহার কারণ পরে লটারী হইবে। লটারিতে ৬০ জন লোককে নিম্নলিখিত মত দ্রব্য দেওয়া হইবে। যে প্রথম হইবে, ১২ হাজার টাকা আরের এক তালুক। যে ছিতীয় হইবে, ১২ মাদে ৬০০ শত টাকার তালুক। যে তৃতীয় হইবে, ৩ শত টাকার তালুক ইত্যাদি। ওডিন্ন লটারিতে দিবার জন্ম এই প্রকার দ্রব্যাদি মজ্ত আছে—৮০০০ টাকার কোম্পানীর কাগন, ৫০০০ টাকার একটি খেত হস্তী। কলিকাতার ১৫ খানা ভাডাটে বাডী ও এক রাজকন্মা ইত্যাদি।

বন্ধা। এ বোধ হয় জুয়াচোর।

বরুণ। তা আবার একবার ক'রে ব'ল্ডে? এখন নাম দিয়েচে বংশীধর মণ্ডল,—পরে ২০৷৩০ হাজার টাকা হাত ক'রে শ্রীদাম ঘোষ হইয়া বাগবাজার হইতে শ্রামবাজারে গিয়া বাস কবিবে।

সেই সময় কয়েকজন পথিক যাইতেছিল—কহিল, "মহাশয়, আমি একবার বিজ্ঞাপনে দেখি ৮০০ পাতার ভাল মহাভারত ১॥০ টাকায় দিতেছে। তদ্ধ্যে মূল্য পাঠাইলে ॥০ আনা দামের বটতলার এক মহাভারত গিয়া উপস্থিত হইল।"

আর একজন কহিল, 'আমি একবার বিজ্ঞাপনে দেখি, আট থানা দামের অম্ল্যানিধি নামক পৃস্তক ক্রম্ন করিলে একটি টাইমপিন্ পাইব। আটআনা দাম পাঠাইলাম—পৃস্তক যাইল, টাইমপিনের কোটার মত একটি কোটাও যাইল। আহ্লাদে থুলিয়া দেখি, কোটার মধ্যে পাধরের কুচি পোরা। পোরা। পত্র লেখায় উত্তর দিলে—পোষ্ট আফিনেরা ঐ কাজ করিয়াছে।" আর একজন কহিল, "আপনি ত যাহা হউক কিছু পেয়েছেন। আমি একবার একখানা পৃস্তকের বিজ্ঞাপন দেখে আড়াই টাকা পাঠাই। সে আড়াই টাকা জলে গেগ—তার উনরে আট দশ আনার পোষ্ট কার্ড থরচ ক'রে উত্তর চাহিলাম, তাহাও গেল। উত্তর পর্যান্ত দিলে না।"

এখান হইতে যাইয়া বৰুণ কহিলেন, "পিতামহ! কলেজ স্বোয়ারের উত্তরাংশে ঐ যে একটি হন্দর থামগুয়ালা একতালা বাড়ী দেখিতেছেন, উহার নাম হিন্দুছলে পূব্ব দিকে ঐ যে দোতালা হন্দর বাড়ী দেখা যাইতেছে, উহার নাম সংস্কৃত কলেজ। ১৮২৫ খৃঃ অব্বের জাত্ত্যারী মানে এই বাটী নিশ্বিত হয়।

পিতামহ সংস্কৃত কলেজ দেখিবার ইচ্ছা প্রকাশ করিলে বরুণ তাঁহাদিগকে লইয়া কলেজের মধ্যে প্রবেশ করিলেন এবং কছিলেন "স্থবিধ্যাত পণ্ডিত দ্বীরচন্দ্র বিছাসাগর পূর্বে এই কলেজের অধ্যক্ষ ছিলেন। এই কলেজটা ১৮২৩ ব অবে স্বাপিত হয়।"

ব্ৰহ্ম। স্থবিখ্যাত ঈশবচন্দ্ৰ বিভাগাগৰ কে? আমাকে বল।

বক্রণ। ইনি ১৭৪২ শকে অধুনা মেদিনীপুর জেলার অভর্গত বীরসিংহ নামক গ্রামে জনগ্রহণ করেন। ইহার পিতার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়। ইনি পাঁচ বংসর বয়:ক্রম কালে পাঠশালায় লেখা পড়া শিক্ষা করিতে জারম্ভ করেন এবং আট বৎসর বয়ক্রেম কালে কলিকাতায় আইসেন। ১৮২৯ অবে ইনি সংস্কৃত কলেজে ভর্ত্তি হন। কলেজের মধ্যে ইনি সর্বোৎকুট ছাত্র ছিলেন: পিতার অবস্থা মন্দ থাকায় পাঠাবস্থায় ইহাকে অনেক কট পাইতে হইয়াচিল। ১৮৩৬ অবে ইনি দার পরিগ্রহ করেন। ১৮৪১ অবে সংস্কৃত কলেজের পাঠ শেষ করিয়া ফোর্ট উইলিয়াম কলেজে ৫০ টাকা বেতনে প্রধান পণ্ডিতের পদে নিযুক্ত হন। ১৮৪৬ অবে বেতাল্পঞ্বিংশতি নামক পুস্তক মৃদ্রিত করেন। ঐ অব্দের এপ্রেল মাসে ইনি প্রবর্গক বেতনে সংস্কৃত কলেজের সহকারী সম্পাদকের পদ প্রাপ্ত হন। ইহার পর বাঙ্গালার ইতিহাস ইহার ছারা প্রচারিত হয়। ১৮৪৯ অব্দে ৮০ টাকা বেতনের ফোর্ট উইলিয়ম কলেজের প্রধান কেরাণীর পদে নিযুক্ত হন। এই সময় জীবনচরিত পুস্তক মুদ্রিত এবং ইহার কিছুদিন পরে বোধোদয় গ্রন্থ প্রকাশিত হয়। ১৮৫০ অবে ইনি ৯০ টাকা বেতনে সংস্কৃত কলেজের অধ্যাপক নিযুক্ত হন এবং ১৮৫১ অবে ১৫০ টাকা বেডনে ঐ কলেজের অধ্যক্ষের পদ প্রাপ্ত হন। এই সময়ে ইনি উপক্রমণিকা, ব্যাকরণ কোমুদীর প্রথম ভাগ প্রচার করেন এবং ইহার এক বংদর পরে উক্ত ব্যাকরণ-কৌমুদীর দিতীয় ও তৃতীয় ভাগ প্রকাশিত হয়। ১৮৫৪ অন্দে ইনি বাঙ্গালা ভাষায় অভিজ্ঞান-শকুস্তলা লেখেন এবং বিধবা-বিবাহের প্রথম পুস্তক প্রচার করেন। ১৮৫৫ অবে ঐ পুস্তকের দ্বিতীয়ভাগ প্রকাশিত হয়। ইহার প্রার্থনামুদারে ১৮৫৬ অবে গবর্ণমেন্ট বিধবা-বিবাহ-বিষয়ক ১৫ জাইন প্রবর্ত্তিত করেন। ১৮৬৫ অবে প্রীশচক্র বিভারত্ব প্রথম বিধবাবিবাহ করিয়াছিলেন। হিন্দুরা এই সময় বিভাসাগরের উপর চটিয়া উঠেন, কিন্তু ইনি তাহাতে ভীত না হইয়া আবো অনেকগুলি বিধবা-বিবাহ দিয়া ফেলেন। বিধবা বিবাহ প্রচলিত করিতে গিয়া ইনি গুৰুতর খণজালে জড়িভূত হইয়া পড়িয়াছিলেন। পাইকপাড়ার বাজা প্রতাপচন্দ্র সিংহ ইহাকে বিস্তব অর্থ সাহায্য করিয়াছিলেন: কিছ

তথাপি ইহার প্রায় ৫ • হাজার টাকা ঝণ থাকে।

১৮৫৫ অবে বিভাগাগর মহাশয় হুগলী, বর্দ্ধমান, মেদিনীপুর এবং নদীয়া জেনার ইনম্পেক্টরের পদ প্রাপ্ত হন। ইহার পর বর্ণ পরিচয় প্রথম ভাগ ও দিতীয় ভাগ, কথামালা এবং চরিতাবলী প্রচারিত হয়। ১৮৫৭ অবে ইনি কলিকাতা বিশ্ববিভালয়ের সদস্ত নিযুক্ত হন এবং তৎপর বৎসর গ্রন্থেন্টের কর্ম পরিত্যাগ করেন। ইহার পর মহাভারতের উপক্রমণিকা বাঙ্গালা ভাষায় প্রচারিত হয় এবং ব্যাক্রণ-কৌমুদীর চতুর্থ ভাগ ও দীতার বনবাদ মৃত্রিত হয়। ১৮৬০ অবে মাথানমঞ্জবী প্রচার করেন এবং ইছার ছই চারি বৎসর পরে উক্ত পুস্তকের বিতীয় ভাগও প্রচারিত হয়। ১৮৬৮ অবে মেঘদতের টীকা মুদ্রিত করেন। ইহার পর ভ্রাম্ভিবিলাদ, টীকা সহিত উত্তর-চরিত এবং অভিজ্ঞানশকুন্তলা প্রকাশিত হয়। ১৮৭১ অবেদ ইনি কুলীন ক্সাদিগের ড:থে ড:থিত হইয়া বছবিবাহ নামক গ্রন্থ প্রচার করেন। অনেকগুলি পণ্ডিত এই পুস্তকের বিপক্ষে কৃত্র কৃত্র পুস্তক লেখায় ইনি তাঁহাদের মত থওনার্থ বছবিবাহ গ্রন্থের দ্বিতীয় ভাগও প্রচার করিতে বাধা হন। ইনি নিজ গ্রামের উপকারার্থ তথায় একটি বিজ্ঞালয় ও দাতবা চিকিৎসালয় প্রতিষ্ঠা করিয়াছেন। গ্রামস্থ অনাথদিগকেও মাসিক বুত্তি দিয়া থাকেন। ইনি দরিজ বালকদিগকে স্বয়ং বেতন দিয়া বিছ্যাশিক্ষা করাইয়া থাকেন এবং তাহাদের মধ্যে কেহ পীড়িত হইলে স্বয়ং রাজি জাগরণ করিয়া দেবা ভশাষা করেন। ইহার প্রধান কীর্ত্তির মধ্যে কলিকাতা মেউপলিটন বিভালয়। ইহার দারা দেশের যে কতদূর উপকার হইয়াছে, তাহা বলা যায় না। দেশে শিক্ষা বিস্তাবে ইহার মত্র অসাধারণ। গবর্ণমেণ্টও ইহার বিবিধ সদগুণের জন্ত ইহাকে যথেষ্ট সম্মান করিয়া থাকেন। ইহার স্থন্সর পুস্তকালয়ে বিবিধ মূল্যবান প্রস্থ সংগৃহীত আছে। *

ইন্দ্র। পরে বিভাগাগরের পদে কে নিযুক্ত হন ?

বরুণ। মহেশচন্দ্র স্থায়বন্ধ। তারানাথ তর্কবাচস্পতি এই কলেঞ্চে ব্যাকরণ শিক্ষা দিতেন, এবং ভরতচন্দ্র শিরোমণি এই কলেঞ্চে শ্বতিশাল্লের অধ্যাপনা করিতেন। শিরোমণি একজন উৎক্রপ্ত শ্বতিশাল্লের অধ্যাপক ছিলেন।

১৮৯১ এটাকে ইহার মৃত্যু হইয়াছে।—সম্পাদক।

দেবগণের মর্ছো আগমন

ব্ৰহ্মা। বৰুণ। কি নাম ব'লে, মহিষ্চন্দ্ৰ নাজবৃত্ব ?

বৰুণ। আজে না. মতেশচন্দ্ৰ লায়বত।

ব্রহ্মা। বরুণ ! তুমি আমাকে ভরত শিরোমণির বিষয় সংক্রেপে বল।

বক্ষ। ইনি চবিশে পর্গণার অন্তঃপাতী কলিকাভার দক্ষিণ লাঙ্গলবেডে নামক প্রামে জন্মগ্রহণ করেন। ইনি দাক্ষিণাতা বৈদিক। বালাকালে চতুসাঠীতে অধায়ন করেন, তৎপরে কলিকাতার সংশ্বত করেছে ভর্ত্তি হন। এই কলেজ হইতে ইনি প্রশংদাপত্র পাইয়া কিছুদিন—কমিটির পণ্ডিত হন. তৎপরে জন্ধপণ্ডিত হইয়া কিছুকাল ছাপরা ও অস্তান্ত কয়েকটা জেলায় পরিভ্রমণ করেন। ইহার পর সংস্কৃত কলেঞ্চের স্মৃতিশান্তের অধ্যাপক হইয়াছিলেন। কাছেল সাহেবের রাজ্যকালে ইহার পেন্সন হয়। অনেকদিন পর্যাস্ত সেই পেন্সন ভোগ করিয়া ১২৮৫ সালের ২২শে অগ্রহায়ণ কয়েক পুত্র পৌত্র এবং প্রপৌত্র রাখিয়া মানবলীলা সংবরণ করেন। ইহার মূর্ত্তি অতি সৌমা ছিল, বর্ণ গৌর, দেখিলে ঋষি বলিয়া বোধ হইত। স্মৃতিশান্তে ইহার প্রগাঢ় বিভা ছিল। ইনি একজন অবিতীয় স্মার্গ্ড ভট্টাচার্যা ছিলেন। ধর্মশান্ত্রীয় বাবস্থার দলেত হইলে লোকে ইহার দারা মীমাংদা করাইয়া লইত। ইনি ধর্মণাজ্বের ব্যবস্থা বিষয়ে প্রমাণস্থল হইয়া উঠিয়াছিলেন। वाक्यन, कावा, अनदायामि भारत्व हैराव विनक्तन बुल्लिख हिन। हैराव মন্ত্রমের পরিদীমা ছিল না। এমন কি, একপত্রী ছিলেন বলিলে অত্যক্তি হয় না। স্বভাব অতি উত্তম ছিল। ইনি অমায়িক, সরল ও মিষ্টভাষী এবং বঙ্গের একজন প্রাতঃশ্বরণীয় লোক ছিলেন। হিন্দু সমাজ ইহার নিকট অনেক বিষয়ে খণী। স্বপ্রসিদ্ধ সোমপ্রকাশ সম্পাদক প্রায়কানাথ বিষ্ঠাভূষ এই কলেজে সংস্কৃত সাহিতা ও ব্যাকরণ শিকা দিতেন।

বন্ধা। বৰুণ! আমাকে প্লারকানাথের জীবন-চরিত বল।

বকণ। দারকানাথ চিক্রিশ পরগণার অন্তঃপাতী চিংড়িপোতা গ্রামে ১৭৪২ শকে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম হরচক্র ক্যায়রত্ব; ইহারা দাক্ষিণাত্য বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ। ইহার পিতা শ্বতিশাল্পে ও ব্যাকরণে ব্যুৎপন্ন ছিলেন। বিষয় বিভব তাদৃশ ছিল না। সামাক্তমাত্র ব্রেছির ভূমি ভিন্ন অক্তপ্রকার ভূমপতি ছিল না। ব্রাহ্মণপণ্ডিতের বৃত্তিই তাঁহার প্রধানক্ষ জীবনোপায় ছিল। ছারকানাথ ১১ বংসর পর্যান্ত পিতার নিকট ও সর্বানক্ষ

সাবর্বভৌম মহাশয়ের নিকট ব্যাকরণ শিক্ষা করেন। ১২ বৎসর বয়সের সময় ইহার পিতা ইহাকে সংষ্কৃত কলেজে ভর্ত্তি করিয়া দেন। ১১।১২ বংসর ইনি শংশ্বত কলেজে সাহিতা, অনন্ধার, শ্বতি, জ্যোতির, তার ও বেদান্ত অধার**ণ** করেন। প্রত্যেক অধ্যক্ষই ইহাকে অত্যম্ভ ভালবাদিতেন। বাল্যকালে ইনি পিতাকে অত্যন্ত ভয় কৰিতেন, সেই জন্ম অধুক্ষত কিংবা অসংকর্মের আচরণে সাহসী হইত না। ইহার অসংসঙ্গে অর্থাৎ মন্দ লোকের সংসর্গে আজীবন অত্যন্ত ঘুণা ছিল। এই ঘুণা তাঁহার জীবদশায় উত্তরোত্তর বৃদ্ধি ব্যতীত হ্রাস পায় নাই। ইনি যাহাকে অসৎ বলিয়া জানিতেন তাহার উপর আন্তরিক চটিয়া যাইতেন এবং তাহার সহিত বাকালাপ করিতেন না। ইনি যে বংসর সংস্কৃত কলেজে প্রথম হইয়া প্রথম ছাত্রবৃত্তি প্রাপ্ত হন, সেই বংসর উক্ত কলেজে ইংরাঞী শিক্ষা দেওয়া প্রচলিত হওয়ায় ইনি আরো এক বংসর খাকিয়া ইংরাজী শিক্ষা করেন। পরে নিজের পরিশ্রমে ইংরাজী ভাষা উত্তমরূপ শিক্ষা করিয়াছিলেন। কলেজ পরিত্যাগ করিয়া ইনি কিছু দিন ফোর্ট উইলিয়ম কলেজে দিবিল দার্বেণ্ট পড়াইতে আরম্ভ করেন। তৎপরে সংস্কৃত কলেজের বাাকরণের শ্বিতীয় অধ্যাপকের পদে নিযুক্ত হন ৷ ইহার পর হইতে বিভাভূষণ মহাশয় ৩৭ বংদর পর্যান্ত সংস্কৃত কলেজের অধ্যাপনা কার্য্যে নিযুক্ত ছিলেন। মধ্যে কিছুদিন ঈশ্বচন্দ্র বিভাগাগর অবদর গ্রহণ করিলে ইনি তাঁহার কার্যা করিয়াছিলেন। ১২৮০ সালে ইনি পেন্সন গ্রহণ করেন। ইহার অধ্যাপনা সময়ে ছই চারিটি ঘটনা ঘটে, তন্মধ্যে সোমপ্রকাশ প্রকাশ একটি প্রধান ঘটনা। সারদাপ্রসাদ নামক সংস্কৃত কলেজের একটি বধির ছাত্রের ভরণ-পোষণের জন্ম বিভাগাগর ও বিভাভূষণ মহাশয় প্রভৃতি পরামর্শ করেন যে, সোমপ্রকাশ নামে একথানি সাপ্তাহিক সংবাদপত্র বাহির করিয়া সারদা-প্রসাদকে ঐ কাগজের সম্পাদক করা হইবে। আমরা সকলে লিখিব, যাহা लाफ इहेर्द, मात्रशांक्षमाम्हरू क्षमान कतित। এहेन्नभ क्षमान हरेल मात्रमा প্রদাদ বর্দ্ধমানের মহারাজের মহাভারত অমুবাদকের পদ পাইয়া চলিয়া ষাইলেন; স্বতরাং সোমপ্রকাশ আপাতত: স্বৃগিত বহিল। এই সময় বাঙ্গালায় ভাল সংবাদপত্ত না থাকায় বিভাসাগর একদিন বিভাভূষণ মহাশয় প্রভৃতিকে ভাকিয়া পুনরায় দোমপ্রকাশ প্রকাশের প্রস্তাব করেন। সকলে শিথিবেন স্বীকার করেন এবং বিভাভূষণ মহাশন্ন সম্পাদকের পদ গ্রহণ করেন। সকলেই কিছু দিন লিখিয়া অবসর গ্রহণ করিলে বিভাভূষণ মহাশয়ের স্কলেই সমস্ত

ভার পড়িল। যথন দোমপ্রকাশ প্রথম প্রচারিত হয়, কলিকাতা চাঁপাতলায় ছাপাথানা ছিল। ১৮৫২ অবে মাতলা বেলওয়ে থোলা হইলে তিনি তাঁহার ছাপাথানা নিজবাটী চিংডিপোতায় লইয়া যান। চিংডিপোতায় ছাপাথানা লইয়া যাওয়ার উদ্দেশ্য এই.—ইনি দেখিলেন, অনেক বালক কর্মাভাবে অলস ও ছক্ষরিত্র হইতেছে। তিনি ঐ সমস্ত বালককে কিছু কিছু জনপানিস্বরূপ দিয়া ছাপাথানার কান্ধ শিথাইতে আরম্ভ করেন। বিচ্চাভূবণ মহাশয়ের প্রদাদে ছবিনাভি অঞ্চলে বিস্তব লোক কম্পোজের কান্ত কবিতেছে এবং কলিকাতায় এমন ছাপাথানা নাই, যেথানে চুই একজন ঐ প্রদেশের কম্পোজিটার নাই। ইহার যত্নে মিউনিদিপালিটার স্থবন্দোবস্ত হয় এবং ইনি নিজ ব্যয়ে হরিনাভিতে একটি উচ্চ শ্রেণীর ইংরাজী বিভালর প্রতিষ্ঠা করেন। ইনি বিলক্ষণ দাতা ও পরোপকারী ছিলেন; কিন্তু দান ও পরোপকার এমনভাবে করিতেন, সাধারণে তাহা প্রচার হইত না। প্রচার হইলে খাতাম্ব বিরক্ত হইতেন। বাঙ্গালা ভাষায় স্থপদ্ধতিক্রমে ও ফুরুচিসহকারে সংবাদপত্র প্রচার প্রথা ইনি প্রথমে দেখাইয়া দেন। ইনি গ্রীদ ও রোম রাজ্যের ছই থানি বিস্তৃত ইতিহাদ লিথিয়া শুক্তিত করেন। তন্তির বিভালয়ের নিম্ন শ্রেণীর পাঠোপযোগী কতকগুলি গ্রন্থ বচনা করেন; যথা-নীতিদার প্রথম, দ্বিতীয় ও তৃতীয়; বিশেশর বিলাপ, ও উপদেশমালা ১ম ও দিতীয় ভাগ, সাংখ্যদর্শন এবং ভূষণদার ব্যাকরণ। বিভাভূষণ পরিশ্রমী, অধ্যবসায়ী, দৃঢ়প্রতিজ্ঞ, সত্যনি , ও মিতবায়ী ছিলেন। মিতবায়িতাগুণে ইনি নিজের অবস্থা বিলক্ষণ উন্নতি করিয়া তুলিয়াছিলেন। ইনি বড় তেজম্বী ছিলেন এবং চাটুকারদিগকে অত্যন্ত ম্বণা করিতেন। সমাজ সংশ্বংশ বিষয়ে ইহার বিশেষ যত্ন ছিল। ইনি বৈদিক জাতির কুলপ্রথা অমুদারে বিবাহ দেওয়া রহিত করেন এবং ইহার দৃষ্টান্ত দর্শন করিয়া অনেকেই সেই পথে চলিতে আরম্ভ করিয়াছেন। ইহার বছমূত্র রোগনিবন্ধন স্বাস্থ্য ভাল ছিল না। স্বাস্থ্যের জন্ত জন্মগপুরের অন্তর্গত সাতনা নামক স্থানে যাইয়া বাদ করিতেছিলেন। তথায় ১২৯০ দালের ৮ই ভাজ বেদা ছুই প্রহরের সময় গলদেশে ছষ্ট ব্রণ হওয়ায় কলেবর পরিত্যাগ করেন। ইনি অত্যস্ত পাছীরপ্রকৃতি ছিলেন এবং সর্বাদাই বিভার আলোচনা করিতে ভাল বাসিতেন। সোম-প্রকাশে ইহার যে সকল প্রবন্ধ প্রকাশিত হইত, তাহা পাঠ করিয়া অনেকে বাঙ্গালা শিথিয়াছেন। ইনি কল্পছম নামক একথানি প্রাসিদ্ধ ষাসিকপত্ত প্রচার করেন।

বন্ধা। ইহার চেহারা ভোলা আছে ?

বকণ। না, ইনি তাহাতে বড় নারাজ ছিলেন। গান্তীর্য ইহার মনের স্বাভাবিক ভাব ছিল। বুধা আমোদ প্রমোদে কথন সময় যাপন করিতেন না; প্রস্থের মধ্যে ইতিহাস, জীবনচরিত, মনোবিজ্ঞান ও ধর্মণান্ত প্রভৃতি গান্তীর্যরসপূর্ণ গ্রন্থই পড়িতে ভাল বাসিতেন। হালকা বিষয় পড়িয়া ভৃতি পাইতেন না। তাঁহার প্রকৃতি এমন গল্পীর ছিল যে, বাড়ীর লোক পর্যান্ত সহসা তাঁহার সমীপে যাইতে সাহদী হইতেন না। তাঁহার প্রকৃতি রুঢ় বা কর্কশ ছিল না; এমন কি, তাঁহার বয়ঃপ্রাপ্ত পুত্রদিগকেও কথন "তুই" বলিয়া সমোধন করিতে ভানা যায় নাই, অথচ কেহ সহসা তাঁহার সম্মুখীন হইতে সাহনী হইতেন না। তিনি যখন নির্দ্ধনে চিন্তা করিতেন, তথন তাঁহার মাতাও হঠাৎ গিয়া কোন কথা বলিতে সন্থ্রিত হইতেন। বড় লোকের মা বড় হইয়া স্বাকে। বিত্যাভূষণ মহাশয়ের মাতা অতিশয় উদার-হৃদয়া রুখী ছিলেন।

বিভাভ্রণ মহাশয়ের চরিত্রের আর একটা গুণ ছিল—ভামপরতা। নি**ভে** যাহার যাহা প্রাপা, তাহা কডায় গণ্ডায় হিদাব করিয়া দিতেন। এবং অপরেও ভাহাদের দেয় কভায় গণ্ডায় দেন এই ইচ্ছা করিতেন এবং সে বিষয়ে ক্রটী দেখিলে অভান্ত বিবক্ত হইতেন। যে সকল কর্মচারী স্বীয় কর্মে মনোযোগী. তিনি তাহাদের প্রতি সম্ভষ্ট হইতেন, এবং ষথাসাধ্য তাহাদের উন্নতি করিতেন : কিন্তু যাহারা কর্ত্তব্য পালনে উদাদীন, তাহারা অতি নিকট আত্মীয় হইলেও ভাহাদিগকে ক্ষমা করিতেন না ও ভাহাদিগকে দেখিতে পারিভেন না। কেছ অপরের প্রতি অক্সায় করিতেচে দেখিলে তিনি সহ্য করিতে পারিতেন না। অনেক সময় তুর্বলের পক্ষ হইয়া অন্তায়কারীর দমন করিবার চেষ্টা করিতেন। একবার তাঁহার প্রতিবেশিনী একজন অনাধা বিধবা দ্বীলোকের কিছু জমী কাডিয়া লইবার জন্ম একজন ধনী লোক চেষ্টা করেন। স্ত্রীলোকটীর সহিত বিবাদ হওয়াতে তাহার৷ কয়েকজনে একদিন তাহাকে প্রহার ও অপমান করিবার জন্ম তাহার ঘরে প্রবেশ করে। বিজাভ্রণ মহাশয় পূর্বে হইতেই তাহাদের আচরণের বিষয় শুনিয়া বিরক্ত হইয়াছিলেন। এক দিন তিনি নিজের ঘরে বসিয়া লিখিতেছেন, এমন সময় ঐ বিধবার পুত্রটি ছুটিয়া আসিয়া বলিল "বড় বাবু। স্মামার মাকে করেক জনে ঘরে ঢুকিয়া মারিতেছে।" বিভাভূবণ মহাশর ভনিবামাত্র নিজ কনিষ্ঠকে ভাকিয়া লইয়া ঐ বিধবার গৃহাভিমুধে ধাবিভ হুইলেন এবং দেখানে পৌ ছিয়া নিজ সহোদ্যকে ঐ ছবু ত্ত দিগকে সমূচিত

ছেবগণের মর্ছ্যে আগমন

প্রহার করিতে অমুমতি দিলেন। তৎপরে বোধ হয় রা**জ্বারেও** তাহাদিসকৈ দণ্ডিত করিয়াছিলেন।

এইরপ অক্সায়কারীর প্রতি বিরাগ থাকাতে অনেক লোকের সঙ্গে ভাঁছার শক্রতা হইত: কিন্তু তিনি যাহাদিগকে শান্তি দিতেন, তাহারাপ্ত তাঁহাকে শ্রন্ধা করিত। তাঁহার স্থায়পরায়ণতার আর একটি দটান্ত দেওয়া যাইতেছে। তিনি ব্রাহ্মণপণ্ডিতের বৃত্তি পরিত্যাগ করিয়া বিভাগয়ের শিক্ষক হইয়াছিলেন। ধনীদিগের নিকট বান্ধণপণ্ডিত যে বৃত্তি পান, তাহা লওয়া তাঁহার পক্ষে অভায় বলিয়া মনে করিতেন। এইজন্ত শংস্কৃত কলেজের অধ্যাপকদিগের নামে যে দকল রুত্তি আদিত, তাহাতে তাঁহার যে অংশ প্রাকিত, তাহা তিনি লইতেন না। এরপ শুনিয়াছি একবার বর্দ্ধমান রাজবাড়ী হইতে কিংবা অন্ত কোন মহাবিভবশালী ব্যক্তির বাড়ী হইতে জনেকগুলি মুলাবান দ্রব্য ব্রাহ্মণপণ্ডিতের বৃত্তিরূপে তাঁহার নামে প্রেরিত হইয়াছিল। তাঁহার পরিবারত্ব দকলে দেই সমুদ্র মুল্যবান বস্তু রাথিতে বিশেষ অন্তরোধ করিলেন, কিন্তু তিনি কোনমতেই রাথিতে দিলেন না. প্রেরয়িতার মর্যাদা রক্ষা করিরা সেই সমুদ্য দ্রব্য ফিরাইয়া দেওয়া হইল। মহারাণী স্বর্ণময়ীর ভূতপূর্ব্ব কার্য্যাধ্যক স্থপ্রসিদ্ধ রাজীবলোচন রায় মহাশয়ের ইহার প্রতি প্রগাঢ় শ্রদ্ধা ছিল। তিনি অনেকবার অনেক প্রকারে বিছাভূষণ মহাশয়কে ব্রাহ্মণপণ্ডিতের বৃত্তি দিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু পারেন নাই। তিনি কোন বিপন্ন বাক্তির উপকারার্থ রাজীববাবুর নিকট পত্র দিলে তিনি তাহার যথেষ্ট সাহায্য করিতেন: এবং যাহাকে পত্র দেওয়া অনাবশুক त्वांध कविरत्न, खग्नः यथानांधा लाहारक नाहाया कविया विनाम कविरत्न।

তাঁহার আর একটা গুণ ছিল—শ্রমনীলতা। রাত্রি ১১টা। ১২টা বাজিয়া গিয়ছে, পরিবার পরিজন সকলেই নিস্তিত, তথনও বিছাত্বণ মহাশয় অধ্যয়ন করিতেছেন। আবার প্রাতে ৪টা হইতেই তাঁহার ঘরে প্রদীপ অলিতেছে; তিনি উঠিয়া লিখিতেছেন। তিনি যত স্কম্ম ও সবল ছিলেন, চারি ঘণ্টার অধিক কাল কথনই নিস্রা যান নাই। অতি প্রত্যুবে উঠিয়া পরিবারস্থ সকলকেই জাগাইতেন। প্রথমে পুরক্ল্যাদিগকে তুলিতেন, তৎপরে ভ্রাতা ও ভগিনীদিগকে প্রত্যেকের নাম ধরিয়া ভাকিয়া জাগাইতেন। সকলকে না তুলিয়া নীচে নামিয়া আসিতেন না। আলম্ম তিনি দেখিতে পারিতেন না—অলম ও অকর্মণা লোককে যেরপ স্থান করিতেন, চোয়

ভাকাতকে তত ঘ্ণা করিতেন না। সর্বদাই বলিতেন—"উদেবাগিনং পুরুষসিংং মুপৈতি লক্ষী:—উদেবাগশীল পুরুষসিংহকেই লক্ষ্ম আলিঙ্গন করিয়া থাকেন। যাহার উদেবাগ নাই, সে সংসারে লক্ষ্মীছাড়া হয়।"

এই সকল গুণে বিভাভ্বণ মহাশয় সাধারণের প্রদাভান্ধন ছিলেন।
কিন্তু তাঁহার সর্বপ্রধান কীর্তি—সোমপ্রকাশ। এই সংবাদপত্র প্রকলম দিয়াছিলেন। তাঁহার প্রের্থি যে

হই একথানি বাঙ্গালা খবরের কাগজ ছিল, ভাহাতে কেবল কবিতা ও ছড়া
ও লোকের গালাগালি প্রকাশ হইত। তিনি প্রথমে এ দেশের লোককে
গন্তীরভাবে রাজনীতির আলোচনা করিতে শিথাইলেন। ১৫।২০ বংসর
প্রের্থিনি ঘথন পরিপ্রমে সমর্থ ছিলেন, তথন সোমপ্রকাশ সর্ব্বাগ্রগণ্য
কাগজ ছিল। গ্রন্থিনেট ইহার মতামত মনোঘোগ প্রের্থক শুনিতেন,
লোকেও ইহার মত কি, জানিবার জন্ত উংস্ক থাকিত। পরিশেষে
বিভাভ্বণ মহাশয়ের বার্দ্ধকা ও শরীরের অস্ক্রন্তা নিবন্ধন দোমপ্রকাশের
আর দে দশা ছিল না। ঈশ্বরচন্দ্র বিভাগাগর ও অক্ষয়কুমার দত্ত যেমন
বাঙ্গালা ভাষার জন্মদাতা, বিভাভ্ষণ মহাশয় দেইরূপ বাঙ্গালা সংবাদপত্রের
জন্মদাতা। এজন্ত ও দেশের লোক চিরদিন ইহার নিকট খণী থাকিবেন।

বিভাভ্ষণ মহাশয়ের আর এক সদ্গুণ ছিল। তাঁহার কাপুরুষতা ছিল না। নিজের প্রম ও চেষ্টাতেই উন্নতি করিব, এই প্রতিজ্ঞা তাঁহার মস্তবে অত্যন্ত প্রবল ছিল। জীবনে কথন কাহারও তোষামোদ করেন নাই। বড় বড় ধনীর শক্রতা দেখিয়া এক দিনের জন্ত ভীত হন নাই; সহস্র প্রতিবন্ধকতাসত্তেও কর্ত্তব্য পালনে এক দিনের জন্ত ভীত হন নাই। তাঁহার স্বাধীন-চিত্ততার একটি দৃষ্টান্ত দেওয়া যাইতেছে। স্বীয় গ্রামে একটি ভাল ইংরাজী স্থূল হয়, এই ইছাতে তিনি প্রথমে একজন ধনীর সহিত মিলিত হইয়া উক্ত ধনীর তত্বাবধানস্থিত একটি স্থলের উন্নতি সাধনে নিযুক্ত হন। কিছু দিন পরে দেখিলেন যে, সেথানে স্বাধীনভাবে স্থলের উন্নতি করা ছকর; সে স্থলটি ভাল হইবার নহে। তথন নিজে একটি উৎকৃষ্ট দরের ইংরাজী-সংস্কৃত বিভালয় স্থাপন করিলেন। ইহাতে গ্রামের ধনীদিগের অনেকে তাঁহার প্রতিপক্ষ হইলেন; কিন্তু তিনি সে দিকে দৃক্ পাত না করিয়া নিজ বায়ে ও ব্যবস্থার গুণে উক্ত স্থলটিকে একটি প্রথম শ্রেণীর স্থল করিয়া তুলিলেন। সে জন্ম মানে মানে তাঁহাকে জনেক অর্থবায় করিতে হইত। এ স্থলটির হারা তাঁহার গ্রামের ও

পার্বর্জী গ্রাম সকলের যে কত উপকার হইন্নাছে, তাহার বর্ণনা হয় না। ইনি সংস্কৃত কলেজে যে বেতন পাইতেন, তাহা প্রায় ঘরে যাইত না, হরিনাভি স্থলের শিক্ষকগণের বেতন দিতে ফুরাইরা যাইত। জিজ্ঞাসা করিলে বলিতেন "স্বন্ধ বেতনভোগী শিক্ষকগণের বেতন ফেলিয়া রাখিলে উহাদের বাটির পরিবারবর্গের বিশেষ কট্ট হইবে।" ইনি স্বাধীন ব্যবসায় বড় ভাল বাসিতেন এবং লোককে ব্যবসায়-বাণিজ্য করিবার উপদেশ দিতেন।

ইন্দ্র। সংশ্বত কলেজে কি শুদ্ধ সংশ্বত ভাষা শিক্ষা দেওয়া হয় ?

বরুণ। না, কলেছে ইংরাজী শিক্ষাও দেওয়া হইয়া থাকে। এখানে বাঙ্গালী শিক্ষকদিগের ঘারা বি. এ. পর্য্যন্ত পড়ান হয়। উপরতালায় একটি স্বন্ধর পুস্তাকালয় আছে, তাহাতে বিস্তব স্বন্ধর স্বন্ধর পুস্তক রক্ষিত আছে।

ইন্দ্র। আমি ইংরাজ প্রতিষ্ঠিত বিভালয়গুলি দেখিয়া বড়ই সম্ভট্ট হইয়াছি। প্রজাগণকে বিভালিকা ধারা জ্ঞান দান করা রাজার প্রধান কার্য্য; অতএব ইংরাজরাজ এই কার্য্যের ধারা মহৎ ধর্মাছ্টান করিতেছেন। বরুণ! বাঙ্গালায় কতগুলি ইংরাজ প্রতিষ্ঠিত বিভালয় আছে, আমাকে বিশেষ করিয়া বল এবং কোন্ সময়েই বা দেশে ইংরাজী বিভালয় সকল প্রথম প্রতিষ্ঠিত হয় জানিতেইছা করি।

বরুণ। ১৮১৪ অন্দের জুলাই মানে চুঁচুড়ার প্রথম ইংরাজী বিভালর প্রতিষ্ঠিত হয়। মে সাহেব নামক একজন খৃষ্টান ধর্মধাঙ্কক ঐ বিভালর প্রতিষ্ঠিত করেন। কলিকাতার সর্বর্ণ সাহেব কর্তৃক প্রথমে ইংরাজী বিভালর সংস্থাপিত হয়। ইনি একজন ফিরিঙ্গি; স্বতরাং ফিরিঙ্গির খারা বিভালর স্থাপনের প্রথম স্বর্ঞাত হয়। বঙ্গদেশে প্রেণিডেন্সি, হুগলী, কুঞ্দনগর, বহরমপুর ও সংস্কৃত কলেজ নামক গবর্গমেন্টের খারা প্রতিষ্ঠিত কয়েকটি কলেজ আছে। তভিন্ন ইহাদের সাহাযাক্তত কলেজও অনেকগুলি আছে। যথা,— সেন্ট জেভিয়ার্গ, ক্ষিচ্চের্চ, জেনারল এসেমব্লি, ক্যাথিড়াল মিসন, ভবটন এবং লগুন মিসন কলেজ।

ইন্দ্র। ছাত্রগণ ভালরণ পরীকা দিলে তাহাদিগকে উৎসাহ দেওয়া হয় ?

শ একণে ফ্রিচর্চে ও এ জেনালের এনেম্ব্রি ইন্টিটিউশন মিলিত হইর।
 ছটিশচর্চেন্স কলেল হইরাছে ও ক্যাথিপ্রাল মিশন উঠিয়া গিয়াছে।—সম্পাদক।

বকণ। গবর্ণমেন্ট যথেষ্ট উৎদাহ দেন; তদ্ভিদ্ন প্রেমটাদ বায়টাদ নামক একজন পার্শিবণিক্ কলিকাতা বিশ্ববিচ্ছালয়ে ঘুইলক্ষ টাকা দান করেন। ঐ টাকার স্থদ হইতে বার্ষিক ১৮০০ টাকার একটি বৃত্তি প্রদত্ত হয়; তদ্ভিদ্ধ প্রেসিভিন্দি কলেজের বি, এ উপাধি প্রাপ্ত ছাত্রদিগের গুণাম্থদারে দাতি বৃত্তি এক বৎদরের জন্ম প্রদত্ত হইয়া থাকে। ঐ দকল বৃত্তির মধ্যে বর্দ্ধমানের ছাত্রবৃত্তি মাদিক ৫০ টাকা, খারকানাথ ঠাক্রের মাদিক ৫০ টাকা, বার্জ্বলজের জন্ম তিনটি, প্রত্যেকটি ৪০ টাকা করিয়া দেওয়া হয়। বি. এ পরীক্ষায় প্রথম হইলে ঈশানচক্র বম্বর মাদিক ৫০ টাকা ছাত্রবৃত্তি প্রদত্ত হইয়া থাকে। দকল কলেজের ছাত্রেরাই এই বৃত্তি লইতে পারেন।

নারা। মৃসলমান বালক দিগের বিভাশিক্ষার জন্ত কি কোন স্বতন্ত্র বিভালর আছে ?

বরুণ। কলিকাতা মাদ্রাদা কলেজ নামক একটি বিভালয় আছে। এখান হইতে মৃদ্দমান ছাত্রেরা বিশ্ববিভালয়ের পরীক্ষা দিয়া থাকে। কলিকা ব্রাঞ্চ নামক ঐ বিভালয়ের একটি শাখা-স্থল আছে। উভয় বিভালয়ে গবর্ণমেন্টের অম্বান ৩৫৪১৫ টাকা বায় হয়। হগলীতে একটি মাদ্রাদা আছে। উহাতে গবর্ণমেন্ট বার্ষিক ৩৬০০ টাকা দাহায্য করিয়া থাকেন। হাজি মহম্মদ মহদীনের প্রদত্ত মূলধনের হৃদ হইতে ব্যয়ের অধিকাংশ প্রদত্ত হইয়া থাকে।

ইন্দ্র। গবর্ণমেণ্ট প্রজার হিতার্থ অপর কোন শাস্ত্রের বিভালয় প্রতিষ্ঠা করিয়া দিখাছেন ?

বৰুণ। পূৰ্গুকাৰ্য্যাদি শিক্ষা করিবার জন্ম গবর্ণমেণ্ট বাঙ্গালা দেশে একটি মাত্র কলেন্দ্র প্রতিষ্ঠা করিয়াছেন। ইহার নাম দিভিল ইঞ্জিনিয়ারিং কলেন্দ্র। এই কলেন্দ্রের ব্যুয়ার্থ গবর্ণমেণ্টকে ২৭০৯৩ টাকা দান করিতে হয়।

ব্রহ্মা। ইংরাজবাজের শিকা় বিষয়ে উৎসাহ দেওয়া দেখিয়া বিশেষ স্থী হইলাম।

এই সময় চাপকান গাত্রে মাষ্টারের দল স্থল হইতে বাহির হইলেন। পিতামহ কহিলেন, "বরণ। এঁরা কারা ?"

বক্ৰ। ইহারা স্থল-মাষ্টার।

ব্ৰহ্মা। চেহারা ও মুখের ভাবে দেখা যাচেচ বড় ভক্ত। আহা! মুখগুলি সব ভক্নো ভক্নো।

দেবগণের মর্জ্যে আগমন

বক্ষণ। মৃথতগানোর আর অপরাধ কি, দশটার সময় এসেছেন আর এ পর্যান্ত কেবল চীৎকার ক'রে পড়াইয়াছেন। তছ কি পড়ান? বালকগণের মকদ্দমা মামলা ভন্তে ভন্তে আলোভন হয়েছেন। বাড়ীতে দেখেছেন ত— চারি পাঁচটা ছেলে থাকলে বাপ মার কড কট, আর ইহাদের একপাল ছেলে আগলাতে হয়, এ কি কম কট!

নারা। মাষ্টারদের কিছু উপরি আছে ?

বরুণ। উপরি—চেয়ারে ঠেশ দিয়ে একটু আধটু ঘুমান, তাও কি ছেলে-গুলোর চাঁা ভাঁাতে হবার যো আছে ?

ব্রহ্মা। মাষ্টারদের উপরি নাই কেন? ছেলেরা হাতে খড়ি দিলে কি কলাপাত ধ'র লে ত সিদে পান ও দোলে র'থে পার্বণী পান।

বৰুণ। সে গুৰুমহাশয়েরা, ইহারা কেন? ইহারা দশটায় আসেন চারটেয় যান। ইহারা সব বড় লোক, তিন চারিটা পাশ করা। এক এক জনের মাইনে একশ দেডশ টাকা।

ব্ৰহ্মা। হবে ; কালে সকলেরই পরিবর্ত্তন দেখচি। নচেৎ তিন চারি টাকার বেশী ত কোন গুরুমহাশয় মাইনে পান নি।

দেবগণ এখান হইতে যাইয়া একটা বাজাবের মধ্যে প্রবেশ করিলেন। উাহারা দেখেন—নানাপ্রকার ফল মূল, ভরিভরকারি ও মৎস্তাদি বিক্রয় হইতেছে। বাজাবের চতুর্দিকের দোকানে হাঁড়ি, কল্দী, বেণে-মসলা বিক্রয় হইতেছে। নারায়ণ কহিলেন "বক্ষণ! এ বাজার্মীর নাম কি ?"

বরুণ। ইহার নাম মাধব বাবুর বাজার। এই বাজারটা ইউনিভারসিটি সিটি বিভিংরের ঠিক দক্ষিণে। কল্টোলা-নিবাদী বাবু মাধবচন্দ্র এই বাজারটা সংস্থাপন করায় ঐ নাম হইয়াছে। এক্ষণে মৃত গুরুদাস দত্তের পুত্রগণ এই বাজারের অধিকারী।

দেবগণ দেখেন—মেছুনিরা স্বর্ণালন্ধারে বিভূষিতা হইয়া বাজারে বসিয়া মংশু বিক্রম করিতেছে এবং বাজারে যে সমস্ত লোক আসিতেছে, তাহাদিগকে আদর করিয়া ভাকিতেছে—"ও বাবু, ও খ্যাংরাগুঁপো লম্বামুথো বাবু, ভাল মাচ নিয়ে যাও; জিয়াস্ত মাচ, এখনও লাফাছে।" দেবগণ দেখেন—কভকগুলি লোক মংশু দর করিতেছিল, দরে বনিবনাও না হওয়াতে যেমন ভাহারা পশ্চাৎ ফিরিয়া প্রস্থান করিবার উদ্যোগ করিতেছে, অমনি মেছুনী মাগীরা তাহাদিগের গাত্রে আইস-জল ছিটাইয়া দিয়া কহিতেছে,—"একটু আঁস

ৰাল মেথে যাও, মাচ ত কিন্তে পালে না, তবু এই আঁদ-গলে যদি ভাত গালে উঠে।"

উপ। কর্ছা-ক্ষেঠা! আমি একটু আস-জল মেথে আস্বো?

ব্ৰহ্ম। কেন?

উপ। অকৃচি মত হয়েচে, ঐ আদ-গন্ধে যদি চাটি ভাত গালে উঠে।

নারা। আহা! উপ'ব আমাদের দিন দিন ক্ষর্ত্তি ধুল্চে। বকণ, অপর রাস্তা দিয়া চল। মেছুনী মাগীরা বড় তৃষ্ট, ওদিক্ দিয়ে ঘাইবার আবশ্রকতা নাই। মাগীগুলো অত সোণা পেলে কোথায় ?

বরুণ। অনেক বাবু উহাদের সঙ্গে —। এই বাজারটীর স্বায় যথেষ্ট। এখানে প্রায় সকল প্রকার জ্ববাদি পাওয়া যায়।

এই সময়ে এক ব্যক্তি "চানী চুব ভাঞ্চি ভুড় কড়াকড়ি বোলে" হুর করিয়া হাঁকিতে হাঁকিতে চলিয়া ঘাইল।

দেবগণ মেডিকেল কলেজের নিকট উপস্থিত হইলে পিডামহ কহিলেন, "বরণ। এবাডীটি কি গ"

বকণ। ইহার নাম মেজিকেল কলেজ বা চিকিৎসাবিভালয়। এই বিভালয়ে বালকদিগকে ইংরাজী চিকিৎসাশাস্ত্র শিক্ষা দেওয়া হয়। কলেজটা ১৮৩৫ অব্বে সংস্থাপিত হইয়াছে। বাঙ্গালায় একটা মেজিকেল কলেজ ও চারিটা মেজিকেল স্থল আছে।

ইন্দ্র। ভিতরে প্রবেশাধিকার আছে ?

"আছে" বলিয়া জলাধিপতি তাঁহাদিগকে লইয়া ভিতৰে প্ৰবেশ কৰিলেন এবং বাম পার্থের এক স্থানে যাইয়া পিতামহ দেখেন— যম দেই স্থানে উপস্থিত! তাঁহাকে দেখিয়া যম প্রণাম করিলেন।

বন্ধা। যম! তুমি যে এখানে ?

যম। আজে, সম্মুথে দেখুন আমার মাল বোঝায়ের জন্ত গুদামঘর। গুদামে বিস্তর মাল ঠাসা বহিয়াছে; চালান দিলেই হয়। যথন কলিকাভায় আসিয়াছি, তথন গুদাম ঘরটা একবার দেখে না গেলে হয় না। আমার বিস্তর কাল, এক্ষণে প্রস্থান করি। কারণ সিয়ালদার গুদামে যেতে হবে।

যম অনৃত্য হইলে পিতামহ চাহিয়া দেখেন, গৃহে বিস্তব বোগীর আমদানী

হইয়াছে। রোগীর মধ্যে কোনটার খাদ হইয়াছে। কোনটা গেঙ্গাইতেছে। বিশ্বর নৃতন নৃতন রোগী রহিয়াছে, কাহারও পা ভাজারেরা করাত দিয়া কাটিতেছে, কাহারও হাইড়োনিল্ কাটিবার জন্ত ১০।১৫ জন ভাজার রোগীটাকে চিৎ করিয়া শোয়াইয়া কি উপায়ে জন্ত বদাইবে তাহার মতলব করিতেছে।

উপ। বৰুণ-কাকা! ওরা কি তরমূল হাঁসাচে ?

নারা। ভাল বরুণ। রোগীগুলোকে যে স্বমন ক'রে কাট্চে, উহাদের কি যন্ত্রণা বোধ হ'চেচ না ?

বৰুণ। কাটিবার অগ্রে ক্লোরোফরম করিয়া অচৈতত্ত করিয়া ফেলে, স্থতরাং রোগীরা কোন কট্ট অমুভব করিতে পারে না।

हेखा नार्थक बन्न हिकिश्ना! चाउ तफ मिनिनही काहे तन एथ!

বরুণ। দেখুন ঠাকুরদা! এই স্থানের নাম ফিভার হাঁসপাতাল। এখানে নানা রকমের রোগীদিগকে চিকিৎসা করা হয়। কোন ন্তন রকমের রোগী পাইলে এখানকার চিকিৎসকগণ যত্ত্বের সহিত চিকিৎসা করিয়া থাকেন। এই মেডিকেল কলেজে অনেকগুলি অধ্যাপক আছেন। তাঁহাদের এক এক জনের উপর এক এক রোগ দেখিবার ভার অর্পিত আছে। ঐ অধ্যাপকদিগের অধীনে আবার এক একজন করিয়া আাসিষ্টান্ট অর্থাৎ বাঙ্গানী সরকারী ছাজার আছেন। তাঁহারাই রোগী দেখিয়া ঔবধের ব্যবস্থা করেন এবং রোগ নির্ণর কবিত্তে অসমর্থ হইলে অধ্যাপককে আনিয়া দেখান। অধ্যাপকেরা বেলা ৬টা হইতে ১টা পর্যন্ত সহকারী ভাকারদিগের প্রদন্ত ঔবধের ব্যবস্থাপত্র সকল দেখিয়া ভাল মন্দ বিচার করেন।

নারা। বরুণ! এক একজন ভাক্তারের দঙ্গে ২০।২৫টা করে ছেলে ঘুরে বেড়াচে কেন ? এত ছেলে ছুটালে কোথা হতে ?

বক্রণ। ছেলেরা সব এই মেডিকেল কলেজের ছাত্র। এই ছাত্রেরা শিক্ষকের সহিত আসিয়া রোগীদিগকে ঔষধ থাওয়ায়, ক্ষত স্থান ধৌত করিয়া ঔষধ লেপিয়া দেয়। রোগিগণ মনে করে, ইহারাই আমাদের পেটের ছেলে। ফলত: ইহারা অসময়ে পুত্রের কাজ করিয়া থাকে। কিন্তু এই সময় হইতেই মাহাৰ মারা শিক্ষা করে ? উপ। বৰুণ-কাকা! তৃমি বলে অসময়ে পুত্রের কাল করে তবে কি মুখারি পর্যান্ত করিয়া থাকে ?

নারা। ভাল বরুণ। রোগীগুলো মলে কিঁ করে ?

বৰুণ। মলে মৃতদেহ মেভিকেল কলেজের মধ্যে লইয়া যায়। তথায় ।
লইয়া গেলে চামকাটারা যেমন মরা গরু পেলে চতুর্দ্দিকে বিদ্য়া চামড়াখানা ।
কাটিয়া লয়, ভক্রণ ছেলেরা ঐ মৃতদেহটাকে পরিবেষ্টন করিয়া দেহের মধ্যে
কোথার কোন শিরা আছে কাটিয়া দেখে। ইহাদের দেখা শেব হইলে ঐ
মৃতদেহ কাম্বেন হাঁগণাতালে প্রেরিত হয়, তথাকার বাঙ্গলা ক্লাদের ছাত্রেরা
আবার দেখে। তাহাদের দেখা শেব হইলে লাস জালাইবার ছকুম দেওয়া
হয়। আবার সময়ে সময়ে কলেজের মৃদ্ধাফরাসেরা চুণের জনে দেহ পচাইয়া
কন্ধানগুলি লয় ও যেখানকার যে হাড় — ঠিক করিয়া তারে গাঁথিয়া বিক্রের
করিয়া থাকে! এই ফিভার হাঁগণাতালের নীচে বাঙ্গালী, উপরে ইংরাজ্ব

এখান হইতে বাহির হইয়া দেবরা**জ জিজ্ঞা**সা করিলেন "বরুণ! বাহিরে দেখা যাইতেছে ওটা কি ?"

বক্ষণ। উহার নাম মিডুইফরি ওয়াড অর্থাৎ অসহায় জীলোকদিগের প্রদব করাইবার স্থান। ঐ স্থানে কয়েকজন বিবি দাই আছেন। কোন জীলোকের প্রদব-বেদনা উপস্থিত হইলে ঐ বিবি দাইয়ের। প্রদব করাইয়া থাকেন। তাঁহাদের অসাধ্য হইলে প্রথমতঃ ছাত্রগণ, পরে আসিষ্টান্ট সার্জ্জুন্ এবং তৎপরে অধ্যাপক আসিয়া দেখেন। তাঁহাদের সকলের অসাধ্য হইলে শমন আসিয়া হাত দেন।

এথান হইতে সকলে মেডিকেল কলেজের হলে উপস্থিত হ**ইলে** বরুক কহিলেন এই দালানটীতে বেথুন সোসাইটী বসিয়া থাকে এবং এই হলে কলেজের এনাটমির লেক্চার অর্থাৎ দেহতত্ব সংক্রাস্ত বস্কৃতা হয়।

এখান হইতে তাঁহারা অপর গৃহে যাইয়া দেখেন, ছেলেরা টেবিলের উপর আন্ত আন্ত মড়া ফেলিয়া কাটিয়া কাটিয়া দেখিতেছে, অধ্যাপক নিকটে বিসিষ্ট প্রস্তা জিজ্ঞাসা করিতেছেন। পিতামহ কহিলেন "বরুণ। এ স্থান হইতে পালাই চল।"

`বক্ৰ। আজি চলুন।

তৎপরে দেবগণ চিত্রশালার মধ্যে প্রবেশ করিয়া দেখেন—কাচের মধ্যে

আশ্বর্ণ আশ্বর্ণ মৃতদেহ দকল সাজান রহিয়াছে। কাহারও ছই মাথা, কাহারও চারি হস্ত কাহারও ছই অঙ্গ একত্র করা কাহারও বানরের মত আকৃতি ইত্যাদি। ইহার পর তাঁহারা অপর একদিকে গিয়া দেখেন—বড় বড় বোতলের মধ্যে নানাঞ্চাতীয় মৃত দর্প স্পিরিটে ডুবান রহিয়াছে। পরে ইাদপাতালের মধ্যে প্রবেশ করিলে দেবরাজ্প বাড়ীটির সৌন্দর্যের মধ্যে প্রশংসা করিতে লাগিলেন এবং কহিলেন "দেথ বরুণ। কলিকাতার মধ্যে আমি যত বাড়ী দেখিয়াছি ভয়ধ্যে এইটীকেই দর্বাপেক্ষা স্থান্তর উঠায় এবং হইভেছে। ইহার মোটা মোটা খাম্গুলি তিন তালা পর্যন্ত উঠায় এবং চতুর্দ্দিকে বারাণ্ডা থাকায় আরো সৌন্দর্যা রন্ধি হইয়াছে।

ব্রহ্মা। বরুণ ় মেডিকেল কলেঞ্জ হইতে চল। আর মড়া কাটা দেখিবার আবিশ্রকতা নাই। হিন্দুরা সহজে এ কাজে প্রবৃত্ত হইয়াছে দেখিয়া আমি বড় বিশ্বিত হইলাম।

বরুণ। প্রথমে কি কেছ জাতি যাইবার ভয়ে সহজে এ কাজে প্রবৃত্ত হইয়াছিল। ভাজার মধুস্দন গুপু প্রথমে এই কলেজে ভর্তি হইয়া পথ দেখান। ভৎপূর্বে বাঙালীমাত্রেই ইংরাজী চিকিৎসাকে দ্বণা করিতেন। ইংরাজ ভাজারেরা প্রথমে মধুস্দন গুপুকে ভাজার হইতে দেখিয়া ইংরাজী বাভ বাজাইয়া ভাঁহার সন্মান করিয়াছিলেন। অভাপি এই মেভিকেল কলেজে ভাঁহার প্রতিমৃত্তি আছে। এক্ষণে মেভিকেল কলেজের ছাক্রদংখ্যা খুব বেশী হইয়াছে।

বক্রণ এখান হইতে দেবগণকে লইয়া চুণাগণির মধ্যে প্রবেশ করিয়া কহিলেন এই স্থানে ফিরিন্সিরা বাদ করে। এই স্থানই তাহাদিগের হোম অর্থাৎ বিলাত। এই চুণাগলিতে বিস্তর বেশ্যাও বাদ করে। এ স্থানটী খালাগীদিগের মন্ত্রপান ও বেশ্যা লইয়া আমোদ করিবার প্রধান আড্ডা।

দেবগণ দেখেন—বাস্তায় কাল কাল স্থুলকায় পেট মোটা মাগীওলো মাগরা পরিয়া দাঁড়াইয়া আছে। দেবতারা যেমন তাদের প্রতি চাহেন, অমনি তাহারা এক মুখ দস্ত বাহির করিয়া হাসিয়া কহে কম হিয়ার—

बका। वक्न । मांगी अला वल कि ?

বৰুণ। কে জানে মদ খেয়ে কি বলচে!

নারা। বরুণ! বিশ্বর কুৎসিত ও কদাকার চেহারা দেখচি—এমন মুর্ত্তি ত কুত্রাপি দেখি নাই। মাসীগুলো ঐ বেশে অন্ধকারে দাঁড়াইরা থাকিলে পেত্রী বলিয়া ভয় হয়।

এই সময় জাহাজের থালাসিরা দলে দলে আসিয়া উপস্থিত হইল। মাগী গুলো তাহাদিগের এক একটাকে যেন লুপে নিয়ে অদুখ হইল।

উপ। বৰুণ-কাকা! এখান হতে চল; মাগীগুলো মিন্দে-ধরা।

বৰুণ দেবগণকে গলি ঘ্জির মধ্যে দিয়া হাড়কাটা গলির মধ্যে আনিয়া উপস্থিত করিলেন।

ব্ৰহ্মা। বৰুণ । এ বাড়ীটি কাহার ?

বক্ৰ। বডালদের।

বন্ধা। ইংবাদবাজ্যে দকলই অন্তত!

বরুণ। এতে আর অস্তত হলো কি ?

বন্ধা। অভুত নয়! বেড়ালেরা এমন স্থলর ও এত বড় বাড়ী করলে এর চেয়ে স্থার অভুত কি হতে পারে।

বৰুণ। আজে বেডাল নয় বডাল।

কিছু দ্ব অগ্রসর হইয়া বৰুণ কহিলেন "এই স্থানে যত বাঙ্গালী বেষ্ঠারা বাস করে। স্থানটি বদমায়েসীর প্রধান আডা। আমাদের সোভাগ্য যে বেষ্ঠামাগীরা একণে ঘুমাইতেছে। সমস্ত রাত্রি জাগিয়া এই সময়ে মাগীগুলো ঘুমার আবার সন্ধ্যাকালে সকলে উঠিবে এবং যাহার যেমন সম্বল সাজ গোজ করিয়া এই রাস্তাগুলার ছুটাছুটি করিয়া তোলপাড় করিবে। ঐ সময়ে ইহারা কি ভদ্র কি ইতর যাহাকে পায় হাত ধরিয়া টানাটানি করে। ঐ সময়ে আবার এই ব্যবদায়ের দালালেরাও রাস্তায় রাস্তায় ঘুরিয়া বেড়ায়।"

ব্রহ্মা। এ স্থানের নাম কি ?

বৰুণ। আজে এই স্থানে মহিষের শৃঙ্গ প্রভৃতি থারা চিকুণী প্রভৃতি প্রস্তুত হওয়ায় স্থানটীর নাম হাড়কাটা গলি হইয়াছে।

উপ। বরুণ কাকা ! এখান থেকে পলায়ে চল—আমার বড় ভর করচে বরুণ। তোর ভর করচে কেন ?

উপ। ভাল ভাল লোকের মূখে ভনেছি এ রাস্তা দিয়ে লোক যাইলে দাঁত কেটে নেয়।

এই সময় দেবগণ দেখেন—একটা বাড়ী হইতে একজন শিথাধারী বৃদ্ধ ব্রাহ্মণ পুত্রের সহিত বাহির হইলেন, উহাদিগের হল্তে বল্লে বাধা নানাপ্রকার ক্রব্যসামগ্রী। উভরে তথন পাণ চিবাইতেছে। বৃদ্ধ কৃহিল দেখলে বাবা! কেমন যজমান করেছি ? ইহারা বেশা বটে; কিন্তু দিতে থুতে রাজা রাজড়ার অপেকা ভাল। মেরের বাপ কেমন দাতা দেখলি ? মাগী যা বরে তৎক্ষণাৎ তাই দিলে। ইহাকে পরিবার অপেক্ষাও ভাল বাদেন ও কথা ভনেন্। বাবু বড় কম লোক নন, একজন উচ্চ বংশের বংশধর। বাড়ীতে অফাপি দোল-হর্গোৎসব হয়। উহার দান ধয়রাতও যথেষ্ট আছে। এবার প্লায় আমাকে বিদায় দিতে চেয়েছেন। তোমাকে এনে সকলের সঙ্গে আলাপ পরিচয় করিয়ে দিচি, কি জানি কবে আছি কবে নাই। তৃমি যদি এই সব যজমানের মন-যোগাইয়া চলিতে পার স্থথে কাটাবে। কিন্তু সাবধান! দেশে এ কথা প্রচায় করো না, লোকে একঘরে করে আমাদের জাতি মারিবে। আমি এ বৎসর একা একশত ঘর যজমানের বাড়ী কালীপ্জা করেছি। তোমাকে শেখাই—বেশা বাড়ীর পূজায় প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করে ঘেঁটাইতে নাই, শুদ্ধ নমঃ নমঃ করিয়া ফুল ফেলিয়া যত কাজ সারিতে পার ততই ভাল।"

উহারা চলিয়া যাইলে পিতামহ কহিলেন, "বরুণ! ঐ বৃদ্ধ ব্রাহ্মণ কি: বলিতেছেন ?"

বক্ষণ। উহারা কোন পল্লীগ্রামের ভাল ব্রাহ্মণ। সংসার নির্বাহার্থ বেখ্যাবাড়ীতে পৌরোহিত্য গ্রহণ করিয়াছে। সম্প্রতি যজমান কন্সার ক্ষমপ্রাশন উপলক্ষে কলিকাতায় আদিয়াছে। এবার পুত্রকে দঙ্গে করিয়া আনিয়া যজমানদিগের সহিত প্রিচয় করিয়া দিতেছে এবং কি উপায়ে বেখ্যালয়ে ক্রিয়া কর্মা কর্মা করিতে হয় তেগুদেশ দিতেছে।

ূ বন্ধা। হঁ! কলিতে যাহা কিছু ঘটিবার সকলই ঘটিয়াছে আহা!
বুড়ো বামূন মরিবার বয়েস এখনও শমনের ভয় নাই! মাথায় ত শিখাটিথা
রেশ রেখেছে।

উপ। কণ্ডা জেঠা। বলত ছুটে গিয়ে ওর শিখাটা ছিঁড়ে জানি।
্রইক্স। পাছে হৃদ্ধ বয়দে হঠাৎ মৃত্যু হইলে পুত্র এই সমস্ত যঞ্জমান জানিতে
না পারে এই আশ্বায় পরিচয় দিতে জানিয়াছে।

ু এই সময় দেবগণ দেখেন—একটি বাড়ীর দরদা তালাবদ্ধ। বাটীর মধ্যে মেন ঘৃই তিনটী শ্রীলোক বলাবলি করচে আমাদের মৃত্যুই ভাল, মহয়জীবনের কোন সাধই আমাদের ভাগ্যে ঘটিল না। পিতা মাতা কুলীন দেখে বে দিলেন এর চেয়ে যদি জলে ফেলে দিতেন ভাল হত। আমাদের হুখ কি পূ

স্বামী পাবার যো নাই; সমস্ত রাত্রি তিনি বেশ্যাবাড়ী পড়ে আছেন।
সন্তান সন্ততি নাই। সংসারের কাজ? তাই বা কি কাজ—তাঁরা যথন
আন্দেন, কোঁচায় চাল, হাতে মাচ ও তরকারী, বগলে শালপাতা। স্বাধীনতা
আমাদের এমন, পাশ দোরে পর্যান্ত তালা দিয়েছে। বে মিন্সেরা নিজে
খারাপ তারা পরিবারকেও থারাপ দেখে।

নারা। বরুণ এ কি ?

বকণ। তিন প্রতার তিন পরিবারে ছঃথের কণা কহিতেছে। এই তিন ভাই তিনটি বেশ্চার সথের উপপতি। উহাদের বেশ্চাকে কিছু দিতে হয় না; বরং বেশ্চারা প্রভাহ একটি করে সিদে দেয়। আর মাস মাস ২০৷২৫ টাকা করিয়া মাসহারা দেয়। তদ্ভিম বেটাদের জুতা কাপড় যথন যাহা আবশ্রক, ঐ মাগীরা কিনে দেয়। বড়টাকে ৫০০ টাকা দিয়া তার বেশ্চা কাপড়ের দোকান ক'রে দিয়াছে। মিন্সেগুলোকে যদি দেথ, মাণার চুল ফিরান, গায়ে পীরাণের উপর চোন ঘড়ী বাতীত বাহির হয় না।

নারায়ণ মৃত্রুরে কহিলেন, "কলিকাতার এ ত বড় কম স্থবিধা নয়। 'যাক্ বেটারা বাড়ী আ্বাসে কথন ?"

বৰুণ। বড়টা আদে বাত্তি ২॥ • টাব সময়। মেজটা আদে ৩ টাব সময়
এবং ছোটটা আদে উধাকালে। আড়াইটে রাত্তির পর হইতে পাড়ার
লোকের ঘুমাবার যো থাকে না। বেটারা এদে ছারে ঘন ঘন ঘা মারে,
"ওগো দোর থোল" "দোর থোলো" শব্দে চীৎকার করে।

এথান হইতে তাঁহারা বৌবাজারের মধ্যে প্রবেশ করিয়া দেখেন—নানা জব্যের দোকান-শ্রেণী। দোকানের মধ্যে মিষ্টান্নের দোকানই অধিক। বরুণ কহিলেন, "এই বাজারের সন্দেশ বড় বিখ্যাত। এখানে অনেক বাঙ্গালী দোকানদার খুচরা জ্ব্যাদি নিলামে ক্রন্ন করিয়া আনিয়া বিক্রন্ন করিয়া যথেষ্ট লাভ করিয়া থাকে। বাজারটার অধিকারী বাবু মতিলাল শীল।"

এই সময় দেবগণ দেখেন—একটা লোক সন্দেশ কিনিয়া মূটে ভাড়া করিভেছে এবং কহিতেছে, "ওরে মূটে। কিছু মিইন্রব্য এবং কয়েক খান কাপড় লইয়া ভবানীপুরে আমার মেয়ের বাড়ী ষেতে কি নিবি ?" মূটে আট আমা চাহিল। লোকটি তাহার সহিত চারি আনা চুক্তি করিয়া সন্দেশ সাধায় তুলিয়া দিয়া বস্তু ক্রের করিয়া দিতে চলিল।

বৰুণ। পিতামহ! ভাক্তার সরকারের সারেন্স সভা দেখুন।

দেবগণের মর্ত্তো আগমন

বন্ধা। ডাক্তার সরকার কে ?

বরুণ। ইহার নাম মহেন্দ্রগাল সরকার। এমন ভাক্তার কলিকাতায় বিত্তীয় নাই; ইনি হোমিওপ্যাথিক মতে চিকিৎসা করেন।* ইনি কলিকাতা মেডিকেল কলেজের একজন অত্যুৎকৃষ্ট ছাত্র। ১৮৬০ খুটান্দে উক্ত কলেজের সর্ব্বোচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া প্রথম স্থান অধিকার করেন। তদবধি ইনি অতি স্থ্যাতির সহিত এলোপ্যাথি চিকিৎসা করিতে থাকেন। পরে বিভাসাগর মহাশয়ের প্ররোচনায় ও রাজেন্দ্র দত্তের দৃষ্টাস্তে ইনি হোমিওপ্যাথি চিকিৎসা আরম্ভ করেন, ও এ পর্যান্ত হোমিওপ্যাথি চিকিৎসা করিতেছেন। ইহার কলেরা পৃস্তক হোমিওপ্যাথির একথানি শ্রেষ্ঠ পৃস্তক। দেশে বিজ্ঞানসভা প্রতিষ্ঠিত হয়। এই সভা বহুবাজারে অবস্থিত। ইহার ছারা দেশে বিজ্ঞানসভা প্রতিষ্ঠিত হয়। এই সভা বহুবাজারে অবস্থিত। ইহার ছারা দেশে বিজ্ঞানসভা প্রতিষ্ঠিত হয়। এই সভা বহুবাজারে অবস্থিত। ইহার ছারা

পিতামহ! এই বছবাজার বিড়ালের বের জন্ম বিখ্যাত। কোন বিখ্যাত জমীদার এথানে একটা বেশা রাখেন এবং ঐ বেশার সখের বিড়ালের "বে" তে বিজ্ঞর টাকা ব্যয় করিয়া, বাটা যাইয়া স্ত্রীকে সগর্বে কহেন "আমার মত জমীদার কে আছে? আমি একটা বিড়ালের "বে"তে এত টাকা থরচ করিয়া আসিলাম।" তৎশ্রবণে তাঁহার স্ত্রী কহিলেন, "এমন লোকও আছে যে বানরের "বে"তে ভোমার বেড়ালের বের থরচ অপেক্ষা বিশ গুণ টাকা ব্যয় করিয়াছেন।" বাবু তৎশ্রবণে কহিলেন, "তোমার মিখাা কথা, দে লোক কে?" স্ত্রী শুনিয়া কহিলেন, "কেন আমার শশুর,—ভোমার "বে"তে প

নারা। এখনও কি বিড়ালের পিতা বাবুর বিষয় আছে? বরুণ। আছে। বিস্তর টাকার বিষয়—সহজে যাবে না।

এখান হইতে সকলে বৌবান্ধার বৈঠকখানার মধ্যে যাইয়া প্রবেশ করিলেন এবং অনেক স্থন্দর স্থন্দর ছবি দেখিয়া প্রশংসা করিতে লাগিলেন। বরুণ কহিলেন, "প্রাতে ৭ ঘটিকা হইতে ১০ ঘটিকা পর্যান্ত এবং অপরাহ্ন ৩ ঘটিকা হইতে ৬ ঘটিকা পর্যান্ত এই স্থান সাধারণ দর্শকদিগের নিমিত্ত খোলা থাকে।"

এথান হইতে বহির্গত হইয়া পিতামহ কহিলেন, "বরুণ! বাদায় চল, আজ আর না।" দেবগণ তাঁহার কথায় সম্মত্ হইয়া বাদাভিম্থে চলিলেন। যাইতে যাইতে বরুণ কহিলেন, "পিতামহ! আই স্কুল দেখুন।"

করেক বৎসর হইল ভাক্তার সরকারের মৃত্যু হইয়াছে ।—সম্পাদক।

ব্ৰনা। এ কুলে কি শিক্ষা দেওয়া হয় ?

বকণ। এখানে কারিগরি শিক্ষা দেয়—অর্থাৎ অন্ধিত করা, কোদাই করা, প্রতিমৃতি নির্মাণ করা প্রভৃতি শিক্ষা দেওয়া হইয়া থাকে। এই বিভালয়ের ছাত্রগণ কতৃক দেব-দেবীর প্রতিমৃত্তি দকল প্রবাপেক্ষা অনেক উন্ধত আকারে অন্ধিত হইয়া বাল্লারে বিক্রয় হইতেছে।

ব্রন্ধা। বেশ বেশ—বর্ত্তমান সময়ে চাকরীর যেরপ অবস্থা, ভাছাতে এইরপ স্থারে সংখ্যা যত বেশী হয় ততই ভাল। কলিকাতার স্তর্ধর ও কর্মকারের বিভা শিক্ষা দিবার কোন স্থল আছে ?

রক্রণ। আজেনা; ঐস্থ্ন ঢাকা, রাঁচি, রঙ্গপুর প্রভৃতি স্থানে আছে। ব্রহ্মা। দেখানে থাক্লে কি হবে ? কলিকাতার মধ্যে তুই চারিটী থাকা উচিত।

এই সময় দেবগণ একটি বাড়ীর ন্বাবের নিকট যাইয়া দেখেন—এক আশী বৎদবের বুড়ো,—চুলগুলি শাদা হইয়াছে, চক্ষে চশমা আছে, কহিতেছেন— "এ-এ-এ-তেওয়ারি! ছোট বাবু কোথায়?"

"আজে, আজ শনিবার, তিনি বাগানে গিয়াছেন।"

"এ-এ-এ-মেজো, বড় ও শেকো বাবু ?"

"আজে, সকলেই বাগানে গিয়াছেন।"

"এ-এ-এ-মামি বৃঝি একা বাড়ী থাক্বো ? একথানা গাড়ী ভাক্।"

ইন্ত্র। বৰুণ! বাগানে কি?

বক্ণ। বাবুরা মোদাহেব ও বেখা লইয়া গিয়া আমোদ করেন। কলিকাতার ধনী বাবুদের মধ্যে যাঁগার বাগান নাই বা যিনি বাগানে যান না. তিনি বাবুই নন। ঐ বাগানে বাবু যান, বাবুর রক্ষিতা বেখা যান ও মোদাহেবরা যান। মোদাহেবদের দেবার জন্ত মাছ মাংদ ও থাত জব্যের সহিত ২।৪টে ভাড়াটে বেখাও দক্ষে লইয়া যাওয়া হয় এবং সমস্ত রাত্রি মদ, মাংদ, বেখা, পান, তামাক, ভাদ ও পাশা থেলার শ্রাদ্ধ হয়।

নারা। বুড়ো বেটার মরবার বয়েদ, কিন্তু রদ ত মবে নাই! ইক্স। রদ মর্বে নিমতলার ঘাটে গেলে।

দেবগণ বাদার নিকট উপস্থিত হইয়া দেখেন—পূব্বপরিচিত দক্ষেশ-ক্রেতা বাবু একটি দোকানের মধ্যে প্রবেশ করিয়া উত্তম উত্তম বস্ত্র বাছিয়া স্থানার করিয়া দ্ব দম্ভব করিতেছেন। মুটে দক্ষেশের হাড়ি কোলে করিয়া

দেবগণের মর্জ্যে আগমন

দোকান-ঘরের বারাণ্ডায় বদিয়া আছে। বত্তের দর করা শেষ হইলে বারু মুটেকে দেখাইয়া কহিলেন, "এ আমার চাকর বনিয়া রহিল, আমি একবার চট ক'বে বাড়ী থেকে দেখাইয়া আনি" বলিয়া প্রস্থান করিলেন। দেবতারাও বাসায় যাইয়া প্রবেশ করিলেন। হস্তপদ প্রকালন করিয়া গল্প করিভেছেন. এমন সময়ে শ্বনিলেন দোকান্যরে ভয়ান্ক গোল্মাল। তাঁহারা তংশ্রবে বাহিরে আদিয়া দেখেন, লোকে লোকারণা। যে ব্যক্তি বস্তু থবিদ করিতেছিল, দে জ্বাচোর। মটেকে ভতা বলিয়া বসাইয়া বাথিয়া যাওয়ায় माकानीया याहेर्छ नियाण्डिन. अक्ट्र लाकिंग चात्र फितिन ना मिथिया মুটেকে ধরিয়া টানাটানি করিতেছে, "তুই বেটা বল, তোর মনিবের বাড়ী কোথায় ?" মুটে অবাক হইয়া কহিতেছে, "দে বেটা আমার দাতপুক্ষের শনিব নয়। আমি মুটে; মুটেগিরি ক'রে দিন কাটাই; আমাকে চারি ·স্থানা দিয়ে ভবানীপুরে পাঠাবে চুক্তি ক'রে ভেকে আনাতেই সঙ্গে দক্ষে আদিয়াছিলাম, তার পর তোমাদের দোকানের মধ্যে গিয়া কি ব'লে কাপড নিয়ে গেল-সে জানে আর ভোমরা জান, আমি কি জানি।" দোকানী কহিল, "শালা জ্বাচোর প্রবঞ্চনা ক'রে প্রায় ৫০:৬০ টাকা হাতিয়ে নিয়ে গেছে। নে, মটে বেটার নিকট হইতে সন্দেশের হাঁড়িটে কেড়ে নে; শালা ভ সবর্বাশ ক'রেছেই, তর মিষ্টিমুখ করা যাবে।"

ব্ৰহ্মা। বৰুণ! একি ? কলিকাতা ইংরাজ রাজধানী না বদমায়েদের আডো।

দেবগণ বাদায় আদিলেন। উপ ইয়ারগণের বাদায় গেল। দেবগণ বদিয়া যখন কলিকাতার জ্য়াচোর সম্বন্ধে কথোপকথন করিতেছিলেন, তথন উপ'র সমবয়স্কেরা এই গীতটি গাহিতেছিল।

এবার আমি বুঝব হবে।

ঐ যে ধ'বুবো চরণ লব জোরে।

পিতা পুত্রে দেখা হ'লে একটা কথা কব তারে।

দে যে পিতা হয়ে মায়ের চরণ হৃদে ধরে কোন্ বিচারে।
ভোলানাথের ভূল ধ'রেছি, বল্ব এবার যাবে তারে।
ভোলা আপন ভাল চায় যদি সে চরণ ছেড়ে দেক আমারে।
মায়ের ধন কি পায় না বেটায়, সে ধন নিলে কোন বিচারে।
ভোলা মায়ের চরণ ক'রে হরণ, মিছে মরণ দেখায় কারে।

ď

প্রসাদ বলে বল্বার নয় মা, ব'লে পরে আপন পরে। মায়ের ধনে প্রভ্রের দাবী, দে ধন দিলি ভোর কোন বাবারে॥

দেবগণ গান শুনিয়া হাস্ত করিতে লাগিলেন। নারায়ণ কহিলেন, "ভোলাদার উপযক্ত গান হয়েছে।"

ব্রহা। বরুণ। আমাদের উপ'ও গান ক'র্চে নম ? ছোড়ার গলাটা ড মিষ্ট আছে, ওকে যাত্রার দলে দিলে হয়।

বৰুণ। এক্ষণে বাবদার মধ্যে যাত্রার ব্যবদাতে একটু লাভ আছে, ও গেলে সে পথও ঘুচে যাবে।

বন্ধা। বৰুণু! ছেলেরা যে গানটা গাইলে, ঐ গানের শেষে ব'ল্চে— প্রদাদ বলে,—প্রসাদটা কে ? এ ব্যক্তি উত্তম সঙ্গীত রচনা ক'রেছেন; ইহার বিষয় আমাকে বিশেষ করিয়া বল।

বরুণ। ইনি আন্দান্ত ১৯৪৩ মকে হালিসহর প্রগণার অন্তর্গত কুমার হট্ট নামক গ্রামে জন্ম গ্রহণ করেন। ইহার পিতার নাম রামরাম দেন। ইহারা জাতিতে বৈছ। বামপ্রসাদ বাল্যকালে বাঙ্গালা, সংস্কৃত, পাবশু ও হিন্দি ভাষা স্থলবন্ধপে শিক্ষা করিয়াছিলেন। যৌবনের প্রারম্ভে ইহার পিতবিয়োগ হওয়ায় সমস্ত সংসারের ভার তাঁর নিজ স্কন্ধে পড়ে, স্নতরাং কলিকাতার কোন ধনাত্য ব্যক্তির বাড়ীতে আসিয়া একটা মুহুরিগিরি কর্মে নিযুক্ত হন। ইনি যে সমস্ত থাতা পত্রে জমীদারি হিসাবাদি লিখিতেন, অবসর পাইলেই ঐ থাতার চারি ধারে যে শাদা স্থান থাকিত, তাহাতে সঙ্গীত লিথিয়া পরিপূর্ণ করিয়া রাথিতেন। এক দিন ইঁহার প্রভূ ঐ থাতা দেথিয়া অত্যক্ত বিবক্ত হন, অবশেষে পাঠ করিয়া বিশ্বিত ও মুগ্ধ হইয়া রামপ্রসাদকে 'কেন ডিনি ্**দাসত্ত স্থীকার করিয়াছেন ?' ভিজ্ঞা**সা করেন। বামপ্রাসাদ তত্ত্বরে সংসারের কটের বিষয় জ্ঞাত করাইলে তিনি ত্রিশ টাকা করিয়া মাসিক বৃত্তি দিবেন প্রতিশ্রত হইরা দাসত্ব হইতে মুক্ত করিয়া দেন। এই বৃত্তি পাইয়া রামপ্রসাদ বাটী আসিয়া অহোরাত্র কেবল শক্তিবিষয়ক সঙ্গীত, সংকীর্ত্তন ও সাধন ভজনায় অতিবাহিত করিতে লাগিলেন। এই সময় ক্লফনগরের রাজা ক্লফচন্দ্র রায় তাঁহার গুণের কথা ভূনিয়া সাক্ষাৎ করেন এবং গুণের পরীক্ষা লইয়া বিশেষ আহলাদ প্রকাশ করেন। রাজা তাঁহাকে নিজের সভাসদ করিবার প্রস্তাব করিলে রামপ্রসাদ অসমত হন। যাহা হউক, রাজা ইহাতে অসম্ভষ্ট না হইয়া ক্বিরঞ্জন উপাধি ও এক শত বিঘা নিষয় ভূমি প্রদান ক্রিয়াছিলেন।

রাজদত্তভূমি ও উপাধি প্রাপ্ত হইয়া রামপ্রাদাদ ক্লবজ্ঞতাম্বরূপ একথানি বিভাস্থলর পুস্তক লিথিয়া রাজাকে উপহার প্রদান করেন। ইনি কালীকীর্ত্তন নামক একথানি কারাগ্রন্থও প্রণয়ন করিয়াছিলেন। তদ্ভিম্ন লিবকীর্ত্তন প্রভৃতি আরও কতকগুলি কারা লিথিয়া গিয়াছেন। ইহার কালীকীর্ত্তন গ্রন্থখানি অধিকতর উৎকৃত্ত। ইহার ক্ষত নৃতন স্থর অতি সহজ অবচ শ্রুতিমধূর ও ভক্তিরসাত্মক। ইনি রাজা কৃষ্ণচক্র রায়ের প্রিয়পাত্র হইয়া এক সময় তাঁহার সহিত মূরশিদাবাদে যাইতেছিলেন। যথন তিনি ভাগীরব্ধী-বক্ষে নোকোপরি কালীনাম কীর্তন করিতেছিলেন, ঘটনা-ক্রমে নবাব সিরাজউদ্দোলা সেই সঙ্গীত শ্রবণে বিমুদ্ধ হইয়া তাঁহাকে ভাকিয়া গান করিতে আদেশ করেন। রামপ্রসাদ নবাবের প্রিয়্ন হইবার ইচ্ছায় হিন্দিতে মূসলমান ধর্মের গান করিতেছিলেন; কিন্তু নবাব তাহাতে অসম্ভন্ত হইয়া কহেন, "না না—সেই কালী কালী গান কর।" রামপ্রসাদ তৎপ্রবণে কালীবিষয়ক গান করিলে নবাবের পায়ণ-হদয়ও প্রবীভূত ও বিমৃদ্ধ হইয়াছিল। ইহার কোন রোগে মৃত্যু হয় নাই, ভাবে মৃত্যু হইয়াছিল। মৃত্যুর দিন এক গলা গঙ্গাজনে দাঁড়াইয়া কয়েকটি শক্তিবিয়য়ক গান করেন, সেই স্থলেই তাঁহার প্রাণ-বিয়েগ হয়।

বন্ধা। আহা ! রামপ্রদাদ শাধু লোক ছিলেন।

নারা। উপ বেটা কত বাঙ্গালা পুস্তক জুটায়েছে দেখ! বরুণ, একখানা পাঠ কর শোনা যাক।

বরুণ তৎশ্রবণে বাসবদত্তা লইয়া পাঠ করিতে লাগিলেন। দেবগণ অনেকৃষ্ণ পর্যান্ত ভূনিয়া কহিলেন, "এ লোকটা এক্জন স্কবি বটে, ইংগর জীবনবুতান্ত বল।"

বকণ। এই কবির নাম ৺মদনমোহন ওর্কালঙ্কার। ইনি ১২২২ সালে
নদীয়া জেলার অন্তর্গত বিঅপুদ্ধরিণী নামক গ্রামে রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন।
ই হার পিতার নাম রামধন চট্টোপাধ্যায়। মদনমোহন সংস্কৃত কলেজে বিজ্ঞা
শিক্ষা করেন। ইনি এবং বিজ্ঞানাগর মহাশয় এক শ্রেণীতে পাঠ করিতেন
এবং উভয়েই কলেজের মধ্যে উৎকৃষ্ট ছাত্র ছিলেন। পাঠ্যাবস্থায় ইনি সংস্কৃত
রসতরঙ্গিণী নামক গ্রন্থের বাঙ্গালা অন্থবাদ করেন এবং বাদবদত্তা গ্রন্থখানি
পত্যে রচনা করিয়াছিলেন। ১২৫০ সালে ইনি পাঠ সমাপ্ত করিয়া কলিকাতার
একটী বাঙ্গালা বিজ্ঞালয়ে ১৫ টাকা বেতনে পণ্ডিত নিযুক্ত হন। ইহার পর ২৫
টাকা বেতনে বারাসত্তর স্কুলের প্রধান পণ্ডিতের পদ পান! তথায় এক বৎসর

মাত্র থাকিয়া ফোর্ট উইলিয়ম কলেজে ৪০ টাকা বেতনে অধ্যাপকের পদ প্রাথ হইয়াছিলেন। ইহার পর ইনি ৫০ টাকা বেতনে ক্ষ্ণনগর কলেজের প্রধান পণ্ডিত হইয়াছিলেন। তথায় এক বংশর মাত্র কাজ করিয়া সংস্কৃত কলে**জের** সাহিত্য-শাস্ত্রাধাপকের পদে ১০ টাকা বেতনে নিযুক্ত হন। ১২৫৭ সালে মদন-মোহন শিশুশিক্ষা প্রথম, দ্বিতীয়, তৃতীয় ভাগ রচনা করেন। ইহার কমেক বৎদর পরে ইনি মরশিদাবাদের জ্বন্ধ পণ্ডিতের পদ প্রাপ্ত হন। ঐ পদের বেতন ১৫০ টাকা। চয় বৎসর কাল জজ পণ্ডিতের কাজ করিয়া ঐ স্থানের ডেপুটী ম্যাজিষ্টে হইয়াছিলেন: এই সময়ে ইনি মুংশিদাবাদের হিতের জন্ত মধ্যে মধ্যে সভা করিয়া বক্ততা করিতেন এবং বিধবা ও অনাথ বালকদিগের সাহাযাার্থে একটি দাত্রা সভা সংস্থাপিত করিয়াছিলেন। তদ্তির ঐ স্থানে একটি অতিথিশালাও স্থাপন করেন। ১৮৬৫ সালে : ৫ আইন পাশ হয়। এই আইনের সার মর্ম বিধবাবিবাহজাত পুত্রগণ পৈতৃক বিষয়ের উত্তরাধিকারী হইবে। এই আইন প্রচলিত হইলে মদনমোহন ঘটক হইয়া ঐশচন্দ্র বিভারত্ত্বের সহিত এক বিধবার বিবাহ দিয়া ফেলেন। এই দোষের জন্ম তর্কালম্বারকে দেশে প্রায় ৮। ম রৎসর পর্যান্ত সমাজচ্যত হইয়া থাকিতে হইয়াছিল। ইহার পর ইনি কান্দি সবজিবিসনের ভার প্রাপ্ত হন। ইনি কান্দির অনেক উন্নতি করিয়াছিলেন! তথায় হঁহার হত্তে একটি বালিকা-বিভালয়, একটি অতিথিশালা, চিকিৎদালয় এবং রাজপথ প্রভৃতি নির্মিত হয়। এ স্থানেই ১২৬৪ দালে ইঁহার বিস্থৃচিকা রোগে প্রাণত্যাগ হইয়াছিল।

দেবগণ যথন কবি মদনমোহন তর্কালস্কারের সম্বন্ধে কাথাপকথন করিছে-ছিলেন, সেই সময়ে উপ সমবয়স্কদিগের বাসা হইতে কতকগুলো বাঙ্গালা ও ইংরাজী সংবাদপত্র বগলে করিয়া আসিয়া উপন্থিত হইল। নারায়ণ তাহার প্রতি চাহিয়া হাল্য করিয়া কহিলেন, "উপ যেন আমাদের বৃহস্পতির প্রশৌত্র সেক্ষে এসেছে।"

দেবতারা ইহার পর জলযোগ করিলে ইন্দ্র কহিলেন, "পিতামছ! মর্জ্যে আদিয়া কেবল পাপকার্যা দেখা যাইতেছে। লোকের আচার-ব্যবহার দৃষ্টে বোধ হয় এক্ষণে কলির শেষ দশা; অতএব আপনি কলিমাহাত্মা বর্ণন করকন।

ব্ৰহ্মা। , এই কলিকালে সভা, ধৰ্ম, পবিত্ৰতা, ক্ষমা, দয়া, আয়ু, বল এবং শ্বৃতি বিনষ্ট হইবে। এই কালে ধনই মহন্তোর দক্ষ শ্রেষ্ঠ পদার্থ হইবে এবং ধর্মনিদ্ধারণ-বিষয়ে ধনই বলবৎ হইবে। এই কলিতে কচি অমুসারে বিবাহ ক্রয়-বিক্রয় হটবে। এই কালে ব্রাহ্মণদিগের চিহ্ন মধ্যে কেবল যক্তস্ত্র গাছটি গলে থাকিবে: আচার বিনয় বিভা প্রভৃতি গুণগুলি তাঁহাদিগের নিকট হুইতে বিদায় লইবে। কলির পণ্ডিতেরা বছবাকা বায় করিবেন এবং অর্থলোভে অন্তায় ব্যবস্থা-পত্ত প্রদান করিতেও সঙ্কৃচিত হইবেন না। এই সময়ে কেশধারণ কেবল স্পেন্ট্রের জন্ম হইবে। মহারাগণ সর্বাদা শীত. বাত, বেজি, বর্ধা, ক্ষধা, তৃষ্ণা, বাাধি এবং চিস্তার দ্বারা অভিশয় কট্ট পাইবে। ্ মন্ত্রাদিগের পরমায় ৫০ বংসর স্থির থাকিবে, কিন্তু অধিকাংশ ২২,২৫ বংসর বয়দেই মানবলীলা শেষ কবিবে। এই কালে দেহিদিগের দেহ থব্দাকৃতি ও ক্ষীণ হটবে এবং মক্সাদিগের জাতিভেদ ও বর্ণভেদ থাকিবে না। মছুয়েরা চৌর্যার্কার্য্যে তৎপর হইবে, মিথ্যা ভিন্ন সত্য ভ্রমেও বলিবে এবং বুথা হিংসা ইহাদিগের স্বভাবসিদ্ধ গুণ হইবে। এই কালের গো সকল ছাগবং থকাঁক্বতি হইয়া অল্প ত্রম প্রদান করিবে, ঘুতাদিতে পূকের ক্রায় গন্ধ ও মিষ্টতা থাকিবে না এবং বৃক্ষাদিতেও প্রচর পরিমাণে ফল জন্মাইবে না। লোকে পিতা মাতার প্রতি বীতশ্রদ্ধ হইবে, প্রাতা প্রাতার সর্ব্বনাশের cbष्टा कवित्व। श्रेवंध मकलाव श्वन क्लीन हरेत्व. त्यच हरेला खल हरेत्व ना. কেবল বিদ্যাৎ ও বজ্রপাত হইবে এবং মহুয়গণের গদিভের ন্যায় আচরণ হইবে। কলিতে ছল, মিধ্যা, আলভু, হিংদা, তঃখ, শোক, মোহ, ভয় ও দৈত্তদশার প্রাধান্ত হইবে। এই সময়ে মমুবাগণ কুরদর্শী, অল্পভোগী ও ধনহীন হইবে। প্রত্যেক গ্রাম ও নগর পাষও ও দফা বারা পরিপূর্ণ থাকিবে। ব্রাহ্মণেরা অত্যন্ত পেটুক হইবে, নিমন্ত্রণ হইলে জাতিবিচার করিবে না। খ্রীলোকেরা থব্দান্ধতি, অধিকভোষী হইবে এবং বছ সম্ভান প্রাসব করিবে! তাহাদের লব্দার হ্রাস হইবে। স্বামীরা গুরুর ক্রায় স্ত্রী-দেবা করিবে ও অত্যম্ভ জৈণ হইবে। শৃদ্রেরা ব্রাহ্মণের ন্তায় গুণ প্রাপ্ত হইয়া ধর্মচর্চা করিবে এবং ব্রাহ্মণেরা শুদ্রের স্তায় তাহাদিগের নিকট ব্যবস্থা লইতে ষাইবে। অন্নকষ্ট, অভিবৃষ্টির প্রাছর্ভাব ছইবে এবং লোকের অন্নবন্ত্র, পান-ভোজন-স্থান ও ভূমি থাকিবে না। যৎসামান্ত অর্থ লইয়া প্রাভবিচ্ছেদ ঘটিবে। লোকে অন্নাভাবে মাতা, পিতা, পুত্র, কন্সা ও পত্নীকে প্রতিপালন করিতে সক্ষম হইবে না। খ্রী পুরুষ বাদক বৃদ্ধ প্রত্যোককেই পরিশ্রম করিয়া শাভত্রব্য সংগ্রহ করিতে হইবে। কপট ধর্ম প্রচারকের সংখ্যা বৃদ্ধি হইবে।

দেশে বেদের চর্চ্চা বিল্প হইয়া মন্ত্র সকলের পাঠবিক্বতি হইবে ও বাদ্ধণেরা সেই সকল বিক্বত মন্ত্র পাঠ করিয়া নিজেদের ও ঘল্পমানদিগেব সর্ব্ধনাশ করিবে।

वक्र। यादा विल्लन, ममख्डे इहेग्राह्म।

ইন্দ্র। কলিতে যথন পাপীর সংখ্যা এত বৃদ্ধি হইবে, তথন নরকে স্থান হইবে না।

উপ। কতকগুলো নৃতন নরক নির্মাণ ক'রতে হবে।

ব্রহা। এই কালে লোকে দিনাস্তে একবার্মাত্র হরিনাম উচ্চারণ করিলে সক্ষণিণ হইতে মুক্ত হইবে।

ইন্দ্র। কলির শেষ দশাতে কিরূপ দাঁড়াইবে ?

ব্রহ্ম। যখন পাপীর সংখ্যা অত্যস্ত বৃদ্ধি হইবে এবং লোকের জাতি-বিচার ও ধর্ম বিচার থাকিবে না, সেই সময় নারায়ণ সম্বলপুরে বিষ্ণুযশার গৃহে কজিরপে জন্মগ্রহণ করিবেন এবং দেবদত্ত অখারোহণে পৃথিবী পরিভ্রমণ পূর্বক কোটি কোটি পারওকে হস্তস্থিত থড়া ধারা শমনসদনে পাঠাইবেন। তৎপরে তাঁহার গাত্রের চন্দনগদ্ধ বায় ধারা যে ব্যক্তির গাত্র স্পর্শ করিবে, সে সর্ব্বপাপ হইতে মৃক্ত হইবে এবং আবার সত্যযুগ আরম্ভ হইবে। সেই সময়ে চন্দ্র, স্থ্যু, এবং বৃহম্পতি এক রাশিতে মিলিত হইবেন।

অনেক রঙ্গনী পর্যান্ত দকলে কলিমাহাত্মা শুনিয়া নিদ্রাভিভূত হইলেন এবং প্রাতে উঠিয়া কলের জলে স্নান করিলেন। পিতামহের সর্দ্ধিবোধ হওয়ায় অছা আর স্নান কবিলেন না। ভিজা গামছায় গাত্র মার্জ্জন করিলেন। বরুণ কহিলেন, "ও কাঁচা-পাকা জলে স্নান করিলে ভাল হইত; নচেৎ সর্দ্ধি বসিয়া যাইলে বড় কট্ট পাইবেন।" নারায়ণ কহিলেন, "অপরাত্রে কতকগুলি গ্রম জিলাপী থাইবেন, সর্দ্ধির পক্ষে উহা আমোঘ ঔষধ।"

আন্ন ব্যঞ্জন প্রস্তুত করিয়া সকলে আহারে বসিবার উদ্যোগ করিয়া উপ'কে বারংবার ভাকিতে লাগিলেন। উ'প "যাচ্চি" "যাচ্চি" বলিয়া বিলম্ব করিলেন নারায়ণ কহিলেন ও কতকগুলো বাঙ্গালা ও ইংরাজী সংবাদপত্র দেখিয়া কি লিখিতেছে। দেবরাজ কহিলেন, "বোধ হয় হাত পাকাচ্চে, ভনেছে—হাতের লেখা ভাল না হ'লে কলিকাতায় চাকরী হয় না।"

উপ'কে অনেক ভাকাভাকি করার পর আসিয়া আহারে বসিল। আহারাস্কে পাণ ভামাক থাইয়া দেবগণ বিশ্রাম করিতে লাগিলেন। পিতামহের

দেবগণের মর্জ্যে আগমন

শরীরটা অহস্থ থাকার অভ অপরাহেই সকলে নগরভ্রমণে চলিলেন এবং মুর্জাপুরস্ত্রীট্ দিয়া এলবার্ট কলেন্স, রিপন কলেন্স, টাপাতলার দীঘি ও কতকগুলো কার্ছের গোলা এবং টাপাতলার ভিস্পেন্সারি দেখিয়া শিরালদহ ষ্টেশনে উপস্থিত হইলেন।

নারা। বরুণ! এ ষ্টেশনটি বড় ফুলর। এস্থানের নাম কি?

বরুণ। এই স্থানের নাম শিরালদহ। এই শিরালদহ ষ্টেশন হইতে পূর্ববঙ্গ বেলওরে আরম্ভ হইরা আনেকগুলি ভন্তপলীর মধ্য দিয়া পদ্মানদী-ভীরস্থ গোয়ালন্দ নামক স্থান পর্যান্ত গিয়াছে। কলিকাভার পর পারে যেমন হাবড়া, এ পারে তেমনি শিরালদহ। এই ষ্টেশনের মধ্যে রেলওয়ের এজেন্ট আফিন, ইঞ্লিনিয়ার আফিন, একাউন্টেন্ট আফিন, অডিট ও ট্রাফিক অফিন এবং লোকোমটিভ অফিন নামে কতকগুলি আফিন আছে।

উপ। এ বেলওয়েতে আমার কর্ম হয় না? এথানেও কি বড়বাবু আছে?

দেবগণ একটি স্থন্দর দালানের মধ্যে প্রবেশ করিলে বরুণ কহিলেন "এই দালানে রেলওয়ে যাত্রীরা আদিয়া টেণের জন্ম অপেক্ষা করিয়া, থাকে। দালানটি বড় স্থন্দর, ইহার উপরিভাগটী দেখ, কেমন নানা বর্ণে চিত্রবিচিত্র করা। ১৮৬২ অব্দ হইতে রেলওয়ের গাড়ী চলিতে আরম্ভ হইয়াছে। এই রেলওয়ের একটি শাখা চিৎপুর ও বাগবাজারের মধ্য দিয়া আরমানী ঘাট পর্যান্ত গিয়াছে। পূর্বের এই আরমানী ঘাটে, ই, আই, রেলওয়ের কলিকাতা ষ্টেশনছিল। ভাগীরণীতে পোল হওয়া পর্যান্ত ষ্টেশনটি উঠিয়া গিয়াছে। এক্ষণে এই রেলওয়ে কোপানী ষ্টেশনটি ক্রেয় করিয়া মালগুদাম করায় কলিকাতার মহাজনদিগের যত মালামাল যাইয়া জমিতেছে, তৎপরে ফ্রেনে বোলাই হইয়া রেলপথে এখানে আদিতেছে। হাটখোলা প্রভৃতির মধ্য দিয়া যথন গাড়ি আইদে, তথন মহাজনেরা মালামাল তুলিয়া দিয়া থাকে।

এখান হইতে বহির্গত হইয়া দেবগণ দেখেন—একটা মাতাল অপরিমিত মন্ত পান করিয়া রাস্তায় পড়িয়া বমি করিতেছে। আর একটা মাতাল নেশায় জ্ঞানশৃক্ত হইয়া সেই বমিগুলো লইয়া খাইতেছে। দেবগণ তদ্ধ্তে "ওয়াক্" "ওয়াক্" শব্দে অক্তদিকে যাইগেন। পিতামহ কহিলেন "শ্রীবিষ্ণু! মাতালদের কাগুগুলো দেখে আমি বড় আশ্রুণান্থিত হইতেছি।"

এখান হইতে সকলে ২৪ পরপণার মৃদ্দমী আদালত, ছোট আদালত

দেখিয়া ক্যানিং বাজারের নিকটে যাইয়া উপস্থিত ইইলেন এবং নারায়ণ কহিলেন, "বরুণ! এ স্থানটীর নাম কি ?"

বকণ। এই স্থানের নাম ক্যানিং বাজার। রাজপ্রতিনিধি লভ ক্যানিং এই বাজারটী প্রতিষ্ঠা করায় তাঁহার নামাত্মনারে ইহার নাম ক্যানিং বাজার ইইয়াছে। পূর্ব্বে এই স্থানে নাপিতের বাজার ভিন্ন অন্ত বাজার না থাকায় ইংরাজ অধিবাদীদিগের কট হওয়ায় বাজারটী প্রস্তুত করা হয়। কিন্তু লোকদান হওয়ায় বাজারটী উঠিয়া গিয়াছে।

ব্ৰনা। একণে কি হয়?

বকণ। এক্ষণে এথানে ক্যান্থেল হাঁসপাতাল ও ক্যান্থেল স্থল বসিতেছে। ক্যান্থেল স্থলে বাঙ্গালা ভাষায় ইংরাজী চিকিৎসাশান্ত শিক্ষা দেওয়া হয়। এই স্থলের ছাত্রেরা পরীক্ষায় উন্তীর্ণ হইলে কম্পাউণ্ডার উপাধি* পাইয়া গবর্ণমেন্টের অধীনে ২৫ টাকা বেতনের চাকরী পায়। স্থলটা প্রতিষ্ঠা করিবার প্রধান উদ্দেশ্য—গবর্ণমেন্ট হাঁসপাতাল মাত্রেই একজন করিয়া কম্পাউণ্ডার আরশ্যক, কিন্তু ঐ কাজ অশিক্ষিত লোকের হস্তে দিলে কি শুষধ দিতে কি দিয়া বিপদ ঘটাইতে পারে; এজন্য এই বিগালয়ের উন্তীর্ণ ছাত্রদিগকে ঐ পদে নিযুক্ত করা হইয়া থাকে। তাহাতে চিকিৎসা করা ও শুষধ দেওয়া উভয় কাজই স্থচাক্রমণে নির্বাহ হয়। মেভিকেল কলেজের যত পচা মড়া স্বর্ণশ্বে এই স্থলের ছেলেদের জন্য আসিয়া থাকে।

ইন্দ্র। বরুণ। ভিতরে চল না।

বন্ধা। ভিতরে গিয়াকি হবে? পচা মড়ার গন্ধ ভূঁক্তে বুঝি বড় সাগ হয়েছে ? বক্ষণ তৎপ্রবণে ক্যান্থেল হাঁদপাতাল না দেখাইয়া দেবগণকে লাইয়া বোবাজারের অক্রুর দত্তের বাড়ীর সন্মুখে জলের কলের নিকট যাইয়া উপস্থিত হইলেন এবং কহিলেন, "পিতামহ! জলের কল দেখুন। পলতা, টালা ওয়েলিংটন স্থয়ার এই তিন স্থানে তিনটী জলের কল আছে। কলের খারা জল আনিয়া এই স্থানে প্রথমে সংশোধন করা হয়, তৎপরে পাইপের খারা লোকের বাড়ী বাড়ী ও রাস্ভা ঘাটে বিতরণ করা হইয়া থাকে।*

এক্ষে ক্যামেল স্থলের পরীক্ষোতীর্ণ ছাত্রেরা হন্পিট্যাল এদিষ্ট্যান্ট উপাধি পাইয়া থাকেন।—সম্পাদক।

দেবগণের মর্ছ্যে আগমন

ইন্দ্র। এথানে জল আনিয়া কোথায় সঞ্চিত হইতেছে ?

বৰুণ। এই স্থানে পূৰ্বে ওয়েলিংটন স্বয়ার নামক একটা পুছবিণী ছিল। একণে সেই পুছবিণীটার জল শুছ করিয়া গজগিরি করিয়া বাঁধান হইয়াছে। ঐ পুছবিণীর উপরটী থিলান করা এবং ভিতঃটী উত্তমরূপ চূণকাম করিয়া তাহাতে বালি প্রভৃতি যাহাতে জল বিশুদ্ধ হয় এমন সব প্রব্য পরিপূর্ণ করা হইয়াছে।

উপ। ভিতরে মেলা মড়ার হাড় আছে না ?

বরুণ। মড়ার হাড় থাকুবে কেন ?

উপ। তা না হ'লে জল পরিকার হ'বে কেন ? গঙ্গার জল যে এত পরিকার ভূম কেবল মডার হাড থাকাতে।

বকণ। তুই থাম্। সেই পুষ্করিণীর উপর যে থিলান আছে, তত্পরি মাটি চাপা দিয়া স্থানে স্থানে কাঁজেরি করিয়া দেওয়া হইয়াছে। ঐ দেখুন দেখা যাইতেছে। যথন আবশুক হয়, ঝাঁজরি খুলিয়া জল পরীক্ষা করিয়া দেখা হইয়া থাকে। ঐ স্থানের মধ্যস্থলে দেখুন, একটী ফোয়ারা রহিয়াছে। ঐ ফোয়ারা দিয়া জল উঠাইয়া পরিষ্কার হইয়াছে কি না দেখা গিয়া থাকে, তৎপরে উহার চতুল্পার্স্থ ঐ সমস্ত স্থপাকার প্রস্তবের উপর জল পতিত হওয়ায় ময়লা পরিষ্কার হয়, আবার ভিতরে প্রবেশ করে, এবং পাইপের মধ্য দিয়া লোকের বাড়ী বাড়ী যায়। প্রথমে কলের জল কলিকাভার লোকে পান করে নাই; কিন্তু যথন সোমপ্রকাশ-শম্পাদক প্রারকানাথ বিছাভ্রপ সোমপ্রকাশে বুঝাইয়া দেন—কলের জলে কোন দোষ নাই, তথন সকলে পান করে।

বন্ধা। বৃদ্ধিবলৈ ইংবাজেরা জলকেও বশ করিয়াছে।

বরণ। ঐ হংথে আমি আমার জলাধিপতিত্বের কান্ধ একপ্রকার পরিত্যাগ করিয়াছি। তবে অনেককালের চাকরী, এন্ধ্য মারাটা পরিত্যাগ করিতে না পারিয়া সময়ে অসময়ে এক আধ্ বার বারিবর্ধণ করিয়া থাকি। ফলে আমার আর কান্ধকর্মে কোন হর্থ নাই। এই গলীর মধ্যে অক্রুর দত্তের বাড়ী। ঐ বাড়ীতে সাবিত্রী লাইবেরি নামে একটা হুন্দর পুস্তকালয় আছে। প্রসিদ্ধ হোমিওপ্যাথিক চিকিৎসক বাবু রাজেক্ত দত্ত এই পরিবারে জন্মগ্রহণ করেন।

ব্রহ্ম। আমাকে তাঁহার বিষয় বল।

বরুণ। বাজেন্দ্র দত্ত ১৮১৮ সালে জন্মগ্রহণ করেন। তাঁহার বিবিধ সদগুণের জন্ম লোকে তাঁহাকে রাজা বাবু বলিয়া ভাকিত। তিনি শৈশবাবস্থায়

পিতৃহীন হইয়াছিলেন। কিছুকাল অন্তত্ত অধায়ন করিয়া তিনি হিন্দু কলেকে প্রবিষ্ট হন। যথাসময়ে কলেছের পাঠ সমাপ্ত কবিয়া কয়েক বৎসর মেডিকেল কলেন্দের অভিরিক্ত ছাত্ররূপে চিকিৎসাশাল্প অধ্যয়ন করেন। সেই সময় হইতেই চিকিৎদাশান্ত্রে তাঁহার বিশেষ অমুরাগ জন্মে। চিকিৎদাবিভায় পাবদর্শী হইয়া দীন দরিত্রের কটু মোচন করিব, ইচাই উ:হার ইচ্ছা। এই উদ্দেশ্যে তিনি তাঁহার বন্ধ ডাক্তার তুর্গাচরণ বন্দোপাধায়ের সহিত মিলিত হইয়া নিজ বাটীতে একটা ঔবধালয় প্রতিষ্ঠিত করেন। এই ঔবধালয় হইতে দ্বিদ্র ব্যক্তিদিপকে বিনা মূলো ঔষধ বিতর্ণ করা হইত। এই সময় হোমিওপাথিত চিকিৎদাপ্রণানীর প্রতি তাঁহার অন্ধরাগ জন্ম। ভাকার টনার নামক একজন প্রসিদ্ধ ইংরাজ হোমিওপাথিক চিকিৎসাল সেই সময়ে কলিকাতায় আদিয়াছিলেন। রাজেজ বাব তাঁহাকে কলিকাতায় প্রতিষ্ঠিত করিবার জন্ম যথেষ্ট চেষ্টা করিতে লাগিলেন। এই সূত্রে তাঁহার চেষ্টায় কলিকাতায় একটি হোমিওপ্যাথিক হাসপাতাল স্থাপিত হয়। পরে যথন ডাক্তার বেরিনি কলিকাতায় আদেন, তথনও রাজা বাবু তাঁহার প্রধান সহায় হন। এই বাবে তিনি এ দেশে হোমিওপ্যাথির প্রচাবে বদ্ধপরিকর হইয়াছিলেন। এ দেশীয়দিগের মধ্যে তিনিই প্রথম হোমিওপ্যাথিক চিকিৎসক। তঁ, হার সহয়তা বড়ই প্রশংসনীয়। রোগীকে বাঁচাইবার জন্ম তিনি যেরুপ নিঃস্বার্থভাবে চেটা করিতেন, সেরূপ অধুনা প্রায় দেখা যায় না [১৮৮৯ সালে তাঁহোর মৃত্যু হইয়াছে।]

এখান .হইতে সকনে লালবাজারের মধ্যে প্রবেশ করিলে দেবরাজ কহিলেন, "বরুণ! এ বাজারটীর নাম কি? বাজারের মধ্যে অনেক কাঠ কাঠরার দোকান দেখিতেছি।"

বকণ। এই বাজারটার নাম লালবাজার। এই বাজারে অনেকগুলি বাঙ্গালীর কাঠ কাঠরার দোকান আছে। ল্যাজ্বস কোশনী নামক ইংরাজ সদাগরের দোকানে স্থলর ফুলর কোঁচ প্রভৃতি প্রস্তুত হয়। বাঙ্গালীর দোকানে ইংরাজ দোকানদারের অপেক্ষা সন্তা দরে পাওয়া যায় বলিয়া অনেক ইংরাজেও এথানে দ্রবাদি থরিদ করিয়া থাকে। এই বাজারে বিস্তুর মদের দোকান আছে, এবং হিন্দুস্থানী মূচীর দোকানও বিস্তুর। এক সময়ে লালবাজারের জুতা বড় বিখ্যাত ছিল। কিন্তু হৃথের বিষয়, এক্ষণে লোকের ক্রচির এত পরিবর্ত্তন ইইয়াছে, চীনেম্যানের বাড়ীও দূরে থাক—সাহেব বাড়ীর জুতা না ইইলে পছল হয় না।

দেবগণের মর্ভ্যে আগমন

উপ। বৰুণ কাকা। সাহেবদের কেমন জুতা, সেটা বল ?

बचा। वक्षा अमित्क त्रथा याहेत्व कि ?

বৰুণ। উহার নাম লালবাজার হোটেল। অনেক ইংরাজ থালাদী এই হোটেলে বাদ করে। যদিচ গ্রবর্গনেন্ট থালাদীদিগের জন্ম দেলর হোম নির্মাণ করিয়াছেন, তথাপি এথানেও অনেক দেলর বাদ করিয়া থাকে। এই থালাদীরা পরস্পরে কেবল দাঙ্গা মারামারি লইয়াই থাকে। এক বোতল মদের জন্ম ইহারা জীবন পর্যস্ত দিতে পারে। এই জন্মই পুলিদ সর্ববদা ইহাদিগকে সত্র্কভাবে রক্ষা করিতেছে।

দেবগণ দেখেন—একটী ঘরে কতকগুলি কাপড় রহিয়াছে। একজন

মণ্টা বাজাইতেছে এবং একজন ৬ মানা ৬ মানা শব্দে চীৎকার

করিতেছে। বাহিরে ১০৷১৫ জন লোক ৬॥০ মানা ৭ মানা শব্দে দর

দিতেছে এবং থরিদ করিয়া বলিতেছে ৭ মানায় এত বড় থানটা মন্দ

কি ? নাবায়ণ ছুটে গিয়ে একটা থানের উপর ৭ মানা দর দিলে তাঁহার

নামে বীট হইল। তিনি থানটা লইয়া প্যুদা দিবার সময় নীলামবিক্রেতা
কহিল, "মার কৈ ?"

নারা। আবে কি?

নীলামবিক্রেতা। ৩ টাকা ৭ আনা যে।

মারা। তাত বল নাই, কেবল ৭ আনা ব'ল্ছিলে।

বাহিবের লোকগুলো কহিল "ও টাকা ৭ আনাই ত ব'ল্ছিল বাব্!' নারায়ণের সহিত এই সম্বন্ধে বচনা আরম্ভ হইল। দেবগণ কিছু দূর অগ্রনর হুইয়াছিলেন, প্রভাগমন করিয়া দেখেন—নারারণ ঠকিয়াছেন, প্রভারকেরা প্রভারণা করিয়াছে। বরুণ তাঁহাকে ভিরন্ধার করিয়া টাকা দিলেন এবং মুক্তনে অগ্রনর হুইলেন।

বন্ধা। সদর রাস্তার উপর ঘণ্টা বান্ধায়ে এ কিরুপ জুয়াচুরি ?

বক্ব। এ একপ্রকার জুয়াচুরি। এই জুয়াচুরিতে বিস্তর লোক প্রতারিত হইতেছে। বাহিরের যে লোকগুলো কহিল, "০ টাকা ৭ আনাই ত ব'লেছিল বাব্" উহারা ঐ জুয়াচোরের দল। প্রতারকেরা একমান এক স্থানে বাকে না। কখন মুরগীহাটা, কখন চিৎপুর রোভ, কখন ধর্মতলা, এইরূপ স্থান পরিবর্ত্তন করিয়া থাকে। ইহারো গ্রথণিয়েন্টকে লাইসেন্স দিয়া সিদ্ধ হইয়া বসিয়াছে। ইহাদের প্রতারণা ধরিয়া প্রমাণ করা কঠিন। কারণ. বিদেশী লোক কলিকাতায় আদিয়া ঠকিল সতা; কিন্তু সাক্ষী সাবৃদ পাবে কোথায় ? প্রতারকদের সাক্ষীর অভাব নাই। প্রায় এক লক্ষ গুণ্ডা ইহাদের দলভুক্ত।

এথান হইতে কিছু দ্ব যাইয়া দেবগণ দেখেন—একটা লোক হায় হায় করিয়া বুক চাপড়াইতেছে। জিজ্ঞাদা করিলে কহিল, "মহাশয়, আমি দোমড়ার মৃস্তফী বাবুদের একগাড়ী জিনিধ পত্র নৌকা হইতে তুলিয়া গাড়ী ভাড়া করিয়া তাঁহাদের বাদায় নিয়ে যাচ্ছিলাম। গাড়োয়ান বেটা এই ৫৬ থানা গাড়ীর গোলে মিশিয়া কোন্ গুলি দিয়া পালাইয়াছে খুঁজিয়া পাচ্চিন।"

এথান হইতে যাইয়া দকলে চিৎপুর রোডের দক্ষিণ অংশে উপস্থিত হইয়া একটি বাজারের মধ্যে প্রবেশ করিলে নারায়ণ কহিলেন, "বরুণ! এ বাজারটীর নাম কি ?"

বকণ। এই বাজারটীর নাম টিরেটা বাজার। মৃত টিরেটা সাহেব কর্তৃক এই বাজার সংস্থাপিত হওয়ায় ইহার নাম টিরেটার বাজার হইয়াছে। উক্ত সাহেবের মৃত্যুর পর লটারির ঘারা বাজারটা হস্তাস্তরিত হইয়া এক্ষণে বর্দ্ধমানের মহারাজার সম্পত্তি হইয়াছে।

ইন্দ্র। বাজারটী বড স্থন্দর।

বৰুণ। এই বাজারে বাঙ্গালী ও ইংরাজ প্রভৃতির নানাজাতীয় খাছারবা বিক্রেয় হইয়া থাকে। কাজলা, কোকিল, কাকাত্যা, ময়না, ময়র প্রভৃতি পক্ষী এই বাজার ভিন্ন অন্থ বাজারে বিক্রয় হয় না।

छि। वक्न काका। अकहा प्रथमा कित्न नित्न हरू।

নারা। বরুণ। বাজারের দোকানগুলির উপরের ঘরে কি হয় ?

বরুণ। ইহাতে ভাড়াটেরা বাদ করে। ভাড়াটেদিগের মধ্যে ইহুদীদিগের সংখ্যাই বেশী। এই টিরেটার জুতা বড় বিখ্যাত। এখানকার
নাকটাদী, ভোতা এবং লালটাদ প্রভৃতির দোকানের জুতা বড় মজবুদ।
ইহাদের দোকানে জুতা ফরমাজ দিলে নির্দিষ্ট দিনে পাওয়া যায়। জুতাগুলি
এক বংসর পর্যাস্ত টেকিয়া থাকে। কলিকাতার অধিকাংশ বড় লোক এই
স্থান হইতে জুতা থবিদ করেন। এখানে ৬০।৬৫ টাকা মূলোরও জুতা
পাওয়া যায়। প্রত্যেক জুতার দোকানে অর্ডার লইবার জন্য একজন করিয়া
করাণী আছে।

দেবগণের মর্জো আগমন

এখান হইতে যাইতে যাইতে বৰুণ কহিলেন, "পিতামহ! ফোজদারী বালাথানা দেখুন। পূর্বে কলিকাতার যাবতীয় ফোজদারী মকদ্দা এই স্থানে হইত বলিয়া ঐ নাম হইয়াছে। এক্ষণে একজন ধনী মুদলমান এই বাড়ী থরিদ করিয়াছেন।"

এথান ২ইতে সকলে মাধব দত্তের বাড়ী দেখিয়া হীরালাল শীলের বাড়ীর নিকট উপস্থিত হইলে দেবরাজ কহিলেন, "বরুণ! ওদিকের ঐ গলির মধ্যের বাডীতে কি হয় ?"

বরুণ। ঐ গলির ভিতরে বঙ্গবাদী নামক একথানি সংবাদপত্র বাহির হয় *। বঙ্গবাদী আধুনিক বাঞ্চালা সংবাদপত্রের মধ্যে স্বর্গাণেক্ষা পুরাতন।

বন্ধা। সমুখে এ বাড়ীটি কাহার ?

বরুণ। হীরালাল শীলের। ইনি স্প্রসিদ্ধ মতিলাল শীলের পুত্র। ব্রহ্মাণ মতিলাল শীলের বিষয় আমাকে বল।

বরুণ। ইনি ১১৯৮ দাল (১৭৯১ খঃ অবেদ) কলিকাতার কলটোলায় জন্ম গ্রহণ করেন। ইহার পিতার নাম ১ৈত্রুচরণ শীল। ইহারা জাতিতে বর্ণবিণিক। চৈতকাচরণ শীল মধ্যবিত্ত লোক ছিলেন। তিনি বস্তব্যবসা দারা জীবিকা নিকাহ করিতেন। মতিশীলের পাঁচ বংগর বয়ক্তম কালে পিতৃবিয়োগ হয়। ইনি বাল্যকালে গুরুমহাশয়ের বিভালয়ে বিভাশিক্ষা করিয়াছিলেন। ১৮ বৎপর বংঃজ্রম কালে ইহার বিবাহ হয় এবং বল্লৱের সম্ভিব্যাহারে রুশাবন, অয়পুর প্রভৃতি ভীর্থ পরিভ্রমণ করিয়া ১২২২ সালে (১৮১৫ খ্রী: অবে) কলিকাতায় প্রত্যাগমন করেন। কলিকাতার গড়ে প্রথমে ইহার একটা দামান্ত কর্ম হয়। এই কর্ম করিতে করিতে ব্যবদা করিবার স্থত্রপাত করেন এবং ১২২৬ সালে (১৮১৯ খ্রী: অব্বে) বোতন ও কর্কের ব্যবসা আরম্ভ করেন। ইনি বোতদের কর্ক বিক্রয় দ্বারা যথেষ্ট লাভ করেন এবং দেই লাভেই ইহার লক্ষ্মীনী হয়। ইহার পর কেলার কর্ম পরিত্যাগ করিয়া কাপ্তেনদিগের মুজুদ্দিগিরি কর্ম করিতে আরম্ভ করেন। বিলাত হইতে যে সকল অব্যাদি আসিত, বিক্রয় করিয়া দিতেন এবং এদেশ হইতে যে সকল জব্যাদি বিলাতে যাইত, ক্রয় করিয়া দিতেন! নয় বৎসর এই কাজ ক থিয়া বিলক্ষণ ধনবান্হন। ১২৩৫ সালে ইনি তিনটী

 ^{*} বঙ্গবাদী অফিদ এক্ষণে ভবানীচরণ দত্তের গলিতে উঠিয়া গিয়াছে।
 এক্ষণে কলুটোলায় হিতবাদী অফিদ আছে।— সম্পাদক।

ইউরোপীয় হাউদের মৃচ্ছুদ্দি পদে নিযুক্ত হন। এইরপে মতিলাল শীল বিলক্ষণ সক্ষতিপন্ন লোক হইয়া উঠেন। ১২৪৯ সালে (১৮৪২ খ্রীঃ অব্দে) ইনি একটী বিভালয় স্থাপন করেন। এই বিভালয়ের নাম শীল্স ফ্রিক কলেজ। এই বিভালয়টীকে এক্ষণে শীল্স ফ্রী স্থান বিলয়া থাকে। ইহাতে বালকগণকে বিনা বেতনে বিভাশিক্ষা দেওয়া হয়। ইনি বেল্ছবিয়া নামক স্থানে একটী অতিথিশালা প্রতিষ্ঠা করিয়াছিলেন, ঐ অতিথিশালায় অভাপি প্রায় ৪।৫ শত লোক প্রতাহ আহার করিয়া থাকে। ১২৬১ সালে (১৮৫৪ খ্রীঃ অব্দে) ইহার মৃত্যু হয়, মৃত্যুকালে ইহার বয়ঃ ক্রম ৬০ বৎসর মাত্র ইয়াছিল।

কলিকাভার মধ্যে সোণার বেণেরাই বড়মান্থয়। বেণে পাঁচ প্রকার, ভন্মধ্যে সোণার বেণে ও গন্ধবেণে বিখাত। গন্ধবেণের জল আনেকে খায়, কিন্তু সোণার বেণের জল আর্ল করে না। ভবে আছ কাল. বিশেষভঃ কলিকাভায়, সে সমস্ত বিচার কেহ করে না। এখন কলিতে সব একাকার।

ব্রহ্ম। কেন, সোণার বেণেরা এত নীচ হইবার কারণ কি ?

বরুণ। বৈভাবংশীয় রাজা বল্লাল্সেন ইহাদিগকে নীচ করেন।

ব্ৰহ্মা। বল্লালসেন কে?

বরুণ। রাজা বল্লালদেন কুলীন ও মৌলিক শ্রেণী বদ্ধ করেন। তিনি চাকার অন্তর্গত রামপাল নামক স্থানে বাদ করিতেন। অভাপি ঐ স্থানে একটা প্রশস্ত পরিথা-বেষ্টিত তাঁহার প্রকাণ্ড বাড়ী ভগ্নাবস্থায় দেখিতে পাওয়া যায়।

ইন্দ্র। বেণেরা বড় লোভী, ঠাকুরের গহনার সোণাও চুরি করে। বরুণ। উহারা পরিবারের গহনার সোণা চুরি করে ঠাকুর ত মাধায় থাক।

ইন্দ্র। সম্মুখে দেখা যাচেচ ওটা কি ?

বরুণ। ওটা আন্তাবন। ইহাদের আন্তাবন বড় বিখ্যাত। অবিকল কুক সাহেবের আড়গড়ার স্থায়। বাটার সমূথের বাগানে ওটা বৈঠকথানা।

তাঁহারা একস্থানে উপস্থিত হইলে বরুণ কহিলেন, "পিতামহ! গুরিয়্যান্টাল গ্যাস রিফাইন করিবার স্থান দেখুন।"

ব্ৰনা। এথানে কি হয় ?

বৰুণ। যেমন বৌবালাবের জলের কলে জল পরিষ্কার হইয়া লোকের বাড়ী বাড়ী যায়, তেমনি এই স্থানে গাস পরিষ্কার হইয়া লোকের বাড়ী

দেবগণের মর্ত্তো আগমন

বাড়ী ও রাস্তাঘাটে চালিত হয়। এই গ্যাস্ নারিকেল্ডাঙ্গা নামক স্থানে পাথুরে কয়লা হইতে প্রস্তুত হইয়া এই স্থানে আইদে; তৎপরে কলের মারা পরিষ্কার হয়।

ব্ৰহ্মা। ইংরাজ-ক্ষমতাকে শত শত ধন্মবাদ। যে জ্বাতি জল ও বাষ্পকে ক্ষমতামত চালাইতে পারে, তাহার অসাধ্য কাজ কিছুই নাই।

এথান হইতে একস্থানে যাইয়া দেখেন—আন্ত আন্ত গৰু টাঙ্গান বহিয়াছে। বৰুণ কহিলেন "এই স্থানের নাম, খালাসীটোলা। মেছুয়াবাজার বোড এই স্থান হইতে আরম্ভ হইয়াছে। মুসলমান ও কাষ্ক্রি প্রভৃতি তুর্ব্ত থালাসীরা এই স্থানে বাস করায় নাম খালাসীটোলা হইয়াছে। সন্ধ্যার সময় এখান দিয়া গমনাগমন করা তঃসাধ্য।"

এখান হইতে এক স্থানে উপস্থিত হইয়া বৰুণ নারায়ণ ও দেবরাজকে গোপনে কহিলেন, "এই স্থানের নাম দিশুরেপটী। ইহা চিংপুর রোভের একটা শাথা মাত্র। এথানে ২।৪ পয়সা মূল্যের সম্ভা বেশ্যারা বাস করে। সন্ধ্যার সময় এই পাপিষ্ঠারা দলবন্ধ হইয়া রাস্তায় দাঁড়াইয়া থাকে এবং কোন ব্যক্তি রাস্তা দিয়া যাইলে "ও মাহ্বৰ" "ও মাহ্বৰ" শব্দে চীংকার করিয়া ভাকে। ভক্র লোকেরা মান সম্ভমের ভয়ে পলায়, নষ্ট লোকেরা হাশ্য করিয়া নিকটে যায় এবং যথন দেখে, মাগীগুলো ছুটিয়া আসিয়া "আমার বাড়ী চল" "আমার বাড়ী চল" বলিয়া টানাটানি আরম্ভ করে, সেই সময় হাস্তে হাস্তে জিজ্ঞানা করে, "বলি, রামভদ্রখুড়ো তোমার হবে নাই ত?" অমনি মাগীগুলো ভাহার হাত ছাড়িয়া দিয়া যা মূথে আদে তাই বলিয়া গালি দেয়।"

নারা। এর কারণ কি?

বরুণ। এই স্থানের বেশ্যাদিগের মধ্যে একজনের, রামভদ্রখুড়োর নাম করায় পদার হয় নাই বলিয়া কোন বেশ্যা ঐ নাম উচ্চারণ কিংবা শ্রবণ করে না।

বন্ধা। বরুণ! বাসায় চল; সন্ধ্যাও প্রায় হ'ল এবং আমার শরীরটাও ভাল নহে, আজ আর নগর ভ্রমণে আবশ্রুক নাই।

বৰুণ তৎশ্রবণে পিতামহকে একথানি গাড়ী ভাড়া করিয়া উপকে সঙ্গে দিয়া কহিলেন, "আপনি বাদায় ঘান, আমরা ৪।৫ মিনিট পরে ঘাইভেছি।" পিতামহ চলিয়া ঘাইলে তিন জনে মেছুয়াবাজারের মধ্যে প্রবেশ করিয়া দেখেন—অভুত বাাণার! রান্তার ঘৃই ধারে বেশ্রালয়। বেশ্রাগণ নানা বেশে বিভ্বিত হইয়া বারাণ্ডায় বিসন্ধা ফরলীতে ভামাক থাইভেছে, নিয়ে মালীরা নানাপ্রকার স্থান্ধি পুল্পের মালা, গুড়গুড়ি, আড়ানি, পাথা প্রভৃতি প্রস্তুত্ত করিয়া বিক্রয় করিয়া বেড়াইভেছে। রান্তার ধারে ধারে আতর, গোলাপ, ফুলল তৈন বিক্রয় হইভেছে। মধ্যে মধ্যে মদের দোকানের সম্মুথের ফুলরি, চিক্রড়ি, ভঙ্গী, ইলিশ মাচ ভাজা, পাঁঠা ও হাঁদের ভিম নিদ্ধ, আলুর দম, পোঁয়াল্ল দিয়ে ভেলে ভাজা ছোলা সাজান রহিয়ছে। মধ্যে মধ্যে গ্রহ একথানি মিঠায়ের দোকানও আছে। লম্পটেরা কোন বাড়ীর মধ্যে প্রবেশ করিভেছে এবং কোন বাড়ী হইভে প্রভাগমন করিভেছে। বেশ্রাগণ বারাণ্ডায় বিদ্যা লোক ভাকিভেছে—না যাইলে গালি দিভেছে এবং স্ববিধা পাইলে থ্রু দিজে ছাড়িভেছে না। কতকগুলো বালক মাথায় ফেটী বাঁধিয়া ছুই একটা বাটীডে প্রবেশ করিবার উত্যোগ করিভেছে; কিন্তু নৃত্ন বলিয়া সাহস হইভেছে না, আবার ফিবিয়া আসিভেছে।

নারা। বরুণ। ঐ ছেলেগুলো কি মাগীদের ছেলে?

বরুণ। না, না, উহারা ফেরারী বালক। এক্ষণে উৎসন্ন থাইবার পথে পদার্পণ করিবার চেষ্টা করিতেছে।

এই সময় সন্ধা হওয়ায় স্থানটীর শ্রী ফিরিয়া গেল। এখানকার লোকগুলো আর যেন নিরানন্দ কাহাকে বলে জানে না। স্বর্গ ও নরক আছে কি না, তাহাও তাহাদের মরণ নাই। পাপ পুণ্য কাহাকে বলে, সে বোধ দ্রে পপাইল। সকলেই বেশ্রা ও মদে মজিল।

নারা। বরুণ! ঐ সমস্ত মাছভাঙ্গা, পাঁঠা, হাসের ভিম থায় কারা?

বরুণ। ব্রাহ্মণ, বৈশ্য ও শৃদ্র; যে বেশ্রা-বাড়ী যায় সেই থায়। মদের মূখে এ সমস্ত দ্রব্যই উপাদেয়। বেশ্রাসক্ত ব্যক্তিদিগকে মন্তপান ও সৎসঙ্গে জাতি, মান, বিষয়, বিভব সকলই বিসর্জন করিতে হয়।

এই সময় প্রত্যেক বেশ্রা-বাড়ীতে তবলার চাঁটি সহ সঙ্গীত আরম্ভ হইল। কোন বেশ্রা গান ধরিল:—

> ঐ আস্ছে বেদিনী রূপসী। আড়নয়নে মৃচ্কে হাসি প্রাণ করে খুনী, তাহে দাঁতেতে মিশি॥

অপর বাড়ীতে গান ধরিল ঃ—

দেবগণের মর্ত্তো আগমন

আবার কি বদস্ত এল! অসমরে ফুট্লো কুন্ম,
সৌরভে প্রাণ, (যাত্ আমার) সৌরভে প্রাণ আকৃল হ'ল।
কোন স্থানে গান ধ'রেছে:—

আমি রাজবালা, কি ছার বিচার ক'রে সন্ন্যাসিনী হব।
তুমি দেখায়েছ যারে, আমি লো বরিব তারে,
যতপি না মিলাও তারে, প্রাণে মরিব।

দেবগণ দেখেন—চতুর্দিক হইতে ধনী লম্পটদিগের ফেটিং, জুড়ি আসিতে আরম্ভ ংইয়াছে। গাড়ীস্থিত বাবুদিগকে দেখিয়া ছই একটা লম্পট এমন ভাবে ল্কাইভেছে যেন কোন রাজা ওমরাহের নাতি, কলিকাতার সকলেই ইহাদের চেনে, গাড়ীস্থিত বাবুরা দেখিলে লজ্জা পাইতে হইবে—যেহেতু ইহারা পদর্জে এসেছে।

ইক্র। বরুণ! এগুলোর লুকাইবার চং দেখ! এরা কারা?

বকণ। ইহারা ৮ টাকা বেতনের কেরাণীর দল। ইহারা পোষাক ভাড়া করিয়া এমন বাবু সাজিয়া আসে যে, দেখিলে বোধ হয় কোন বড় লোকের সন্তান। ইহাদের বাড়ীর অবস্থা এমনি যে, মা কাট্না না কাট্লে হাঁড়ি ঠন্ ঠন্ করে। কিন্তু ইহাদের এমনি শুণ, মাতার নিকট কাট্না কাটা পয়সা নিয়ে ভাঁড় হাতে ক'রে তেল কিনে প্রত্যাগমনসময়ে সম্থে যদি কোন বেভাকে দেখে, তৎক্ষণাৎ দূরে ফেলিয়া দেয়; কারণ পাছে ঐ বেভা বলে "তুমি ভেজচন্দ্র রাহাছ্রের নাভি হয়ে তেল কিন্তে এসেছ।" শেষে হতভাগোরা বাটা গিয়া মাতার নিকট বকুনী খেয়ে মরে।

এই সময় দেবগণ দেখেন—চারি ঘোড়ার গাড়ী করিয়া একজন সম্রাম্ভ মুসলমান আসিল এবং গাড়ী ধীরে ধীরে চালাইয়া কোন্ বাড়ীতে প্রবেশ করিবে দেখিতে লাগিল।

নারা। বরুণ! বেখারা কি জাতি-বিচার করে না?

বৰুণ। বেখাদের আবার জাতি! ওদের কধির নিয়েই কথা, জাতি-বিচারের কোন প্রয়োজন হয় না।

নারা। বরুণ! ওদিকের ও বাড়ীতে নহবৎ বাজিতেছে, বারেণ্ডার আলো জলিতেছে, নিশান উড়িতেছে ও বিস্তর গাড়ী পান্ধি আদিতেছে কেন ?

বৰুণ। উহা একটা খোট্টা বেখার বাড়ী। কোন বেটা বুঝি ভর্তি হইল, ভাই সমারোহ হইভেছে। ইন্দ্র। বেশ্রাবাড়ী আবার ভর্ত্তি কি ?

বক্ষণ। খোট্টা বেক্সাদিশের নিয়ন—একটি উপপতি ছাড়িয়া ঘাইলে বিস্তর বাব্ উপপতি হইবার জন্ম উমেদারি করে। উহারা দেই সময়ে একটা ফর্দ্ধ দিয়া কহে, "এত টাকা যিনি প্রথমে খরচ করিবেন, তাঁহাকে উপপতিত্বে গ্রহণ করা হুইবে।" এই সময় পাঁচ সাত শত টাকার ফর্দ্ধ দেখিয়া জ্পনেকে পলায়। যে সেই খরচ বহন করিতে পারে, তাহাকেই গ্রহণ করে এইরূপ করার মানে—বেক্সা—এই উপলক্ষেই বাব্ দাতা কি রূপণ হুইবে পরীক্ষা করিয়া লয় এবং বাবুকে সর্ববান্ত করিয়া নিজের উদর পূর্ণ করে।

দেবগণ দেখেন— যত অন্ধকার হইতেছে, স্থানটা ততই গুল্পার হইতেছে। কোন দোকানী হার করিয়া হাঁকিতেছে—"চানাচ্র কড়াকেদার, কড়া কোড়িবোলে।" কেহ বলিতেছে—"মজাদার নকোলদানা, এই বেলা নে আর পাবি না।" মধ্যে শব্দ হইতেছে—ক্ষীরের ছাঁচ, ক্ষীরের মাচ, ক্ষীরের আঁচ, ক্ষীরপুলি চাই।" দরে শব্দ হইতেছে "ব্রফ"—"চাই বেল ফুল।"

এ দিকে বামক্ষ ভূঁ ড়ির দোকানের কাছে দাঁডাইয়া একটা বেখা মদ দিতে কহিতেছে। রামকৃষ্ণ একটা ছেলের হাতে বোতল দিয়া বেখার দহিত পাঠাইয়া দিতেছে। সম্থের দোকানী বেখাকে লক্ষ্য করিয়া চীৎকার করিতেছে "তঙ্গী মাছ" "ইলিশ মাছ।" কোন দোকানে মদের বোতল বগলে করিয়া একজনলম্পট শালপাতার ঠোঙ্গায় মাছভাঙ্গা, ফুল্রি, ভিম সিদ্ধ কিনিতেছে। দ্রে হাঁকিতেছে "গোলাপী থিলি।" বরুণ কহিলেন, "এয়ানের বাইওয়ালির মধ্যে ইলাহি জানু এবং থেম্টা-ওয়ালীর মধ্যে হরিদানী ও কামিনী বিথাত।"

-দেবগণ এথান হইতে বাসায় চলিলেন। যাইতে যাইতে দেখেন—একটা ঘরে কতকগুলো ছেলে দাঁড়াইয়া আছে। নারায়ণ কহিলেন, "আমাদের উপ'র মত কে দাঁড়াইয়া ?"

'বরণ। উপ'ই বটে, এটা ফুলবাবু দাজিবার আডড়া। উপ বোধ হয় এয়ারদেব সঙ্গে ফুলবাবু দাজিতে আদিয়াছে।

ইন্দ্র। ফুলবাবু সাঞ্জিবার আড্ডা কি ?

বরণ। এই স্থানে চ্টা করিয়া পরদা দিলে বেশ ক'রে ব্রস দিয়া চুল ফিরাইয়া দেয় এবং মাথায় একটু গন্ধজ্বা দিয়া গোঁপে ও জ্রতে আতর মাথাইয়া দৈয় ও বিদায়কালে হাতে একটা গোলাপী থিলী ও পকেটে একটা গোলাপ ফুল গুঁজিয়া দেয়। শ

দেবগণের মর্ছ্যে আগমন

"হতভাগা ছেলে মরেছে!" বলিয়া নারায়ণ "উপ" "উপ" শব্দে ভাকিতে লাগিলেন। উপ'র এই সময় ফুলবাবু সাজা শেষ হইয়াছিল। "যাই" বলিয়া, বাহিরে আসিয়া কহিল, "আমি স্ব-ইচ্ছায় আসিনি, ওরা আমাকে জেদ ক'রে এনেছিল।"

ইন্দ্র। "বেশ সেজেছিস, এখন বাসায় চল্" বলিয়া দেবগণ উপ'কে সঙ্গে লইয়া বাসায় গিয়া সকলে দেখেন, পিতামহ শয়ন করিয়া আছেন। জিজ্ঞাসা করিলে কহিলেন, "হুইখানা গরম জিলেপী খেয়ে একটু ভাল আছি।"

দেবগণ হস্তপদ প্রকালন করিয়া বসিয়া গল্প করিতেছেন, এমন সময় সঙ্গীত-ধ্বনি তাঁহাদের কর্ণে আসিল। দেবরাজ কহিলেন, "নিকটে কোধায় গান হইতেছে ?"

বক্প। বোধ হয় বারইয়ারিতলায় বারইয়ারি পূজা আরম্ভ হওয়ায় পাঁচালি হইতেছে।

নারা। বারইয়ারিতলা এথান হইতে কত দুর ?

বরুণ। কেন, দেই যে, দে দিন কথকতা ভনে এদেছ।

বন্ধা। সে স্থান ত নিকট। বকণ। আমি কখনও পাঁচালি শুনি নাই— নিয়ে চল না।

এই সময় দেবগণ দেখেন, একটা বাবু দিব্য সাজ পোষাক করিয়া রাস্তা দিয়া কোথায় বাইতেছে। তাহাকে দেখিয়া একপাল বাবু নিকটে আসিয়া কহিল, "তুমি ভাই কোথায় যাচ্চ?" বাবু কহিলেন, "আমি নিমন্ত্রণ থেতে যাচ্চি, যাবে?" হানি কি বলিয়া সেই সমস্ত বাবুর দল তাঁহার সঙ্গে চলিল।

নারা। বরুণ ! এ কি ! এক জনের নিমন্ত্রণে এরা যে সকলেই চলিল ? বরুণ। ইহারা সকলেই পাড়াগেঁয়ে, অল্প বেতনের কেরাণী। এখানে কর্ম করে, একথানি সামান্ত খোলার ছরে আট দশ আনা ভাড়া দিয়া বাসালয়। প্রত্যাহ নিজে নিজে হাত না পোড়াইয়া এক দিন রেঁধে তিন দিন খায়। যে বেতন পায়, পরিবার নিকটে রাখিলে চলে না, এজন্ত মাসে ছই একবার বাড়ী যায় ও প্রত্যোগমন সময় বিশম্বে ব্যাগে কাঁচকলা কচু ও লাউ বোঝাই করিয়া আনিয়া সেই গুলো বেশ খায়। প্রত্যাহ হাত পোড়াইয়া খেয়ে খেয়ে লাজ ও অকচি হইবার উপক্রম হইলে মদি কোন স্থানে শেখে ৩০৬০ জন লোক খাইডেছে, বিনা নিমন্ত্রণ যাইয়া পাত পাতিয়া বসে।

ইন্দ্র। গুহস্বামী বিদায় ক'রে দেয় না ?

বরুণ। ভদ্রলোক, থাসা গোঁপ, গলায় ঘড়ীর চেন, স্থুতরাং বিদায় করিতে চক্ষ্পজ্ঞা হয়। ফলতঃ এই কর্ডাদের গুণে সহরে থাওয়ান-দাওয়ান সম্বেই লোপ হইবে। কারণ, সময়ে শিময়ে এমন ঘটনাও ঘটেছে, কোন মধ্যবিক্ত অবস্থার লোক পুত্রের অন্ধপ্রাশন কিংবা উপনয়ন উপলক্ষে একশত বা দেড়শত লোকের নিমন্ত্রণ করিয়া এই শ্রেণীর ১০।১২ শত ভদ্র কাঙ্গালী না থাওয়াইয়া নিস্তার পান না। কি করেন, পরিবারের গহনা বিক্রেয় করিয়া দায় হইতে উদ্ধার হন।

নারা। হঠাৎ এত লোকের আয়োজন হয় ?

বৰুণ। কলিকাতা সহরে পয়সা দিলে এক ঘণ্টায় এক হাজাব লোকের খাওয়ান'র জোগাড় হয়। যাহা হউক, একবার ঘূটী বাবু বিনা নিমন্ত্রণে ঘাইয়া বড় জব্দ হইয়াছিলেন।

ইন্দ্র। দে কিরূপ?

বরুণ। ঐ বাবুদের এক বন্ধু ছিলেন, তিনি কল্র বামুন; কিন্তু তাহা তাঁহারা জানিতেন না। এক দিন কল্র বামুন বাবু, যজমানের বাড়ীতে বিবাহের নিমন্ত্রণ খাইতে যাইতেছেন, এমন সময়ে ঐ বাবু ছটা তাঁহার পেছু নিলেন। সকলে মজ্বলিদে যাইয়া স্থান নিলে বাবুরা কল্র বামুন বাবুকে কহিলেন, "যেমন ব'লে জাস নাই, কেমন গোপনে গোপনে এদে ধ'রেছি!" কল্র বামুন মনে মনে ভাবিলেন—অভাগার বেটারা মরেছে, এ কল্র বাড়ী তা ত জান না। এই সময় বাড়ীর কর্তা কল্ একবাটা সর্বের তৈল লইয়া বাবুদের নিকট আসিয়া কহিল, "মহাশয়েরা পায়ের মোজা খুল্ন—তৈল দিয়ে দিই।" বাবুরা তৎশ্রবণে আশ্র্যান্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন, "সে কি?" কল্ কহিল, "আজ্ঞে, কল্র বাড়ীতে ব্রাহ্মণ আসিলে পায়ে তেল দিয়ে দেয়, একি আপনারা জানেন না? নচেৎ এত তেল সন্তা কাদের ঘরে?" বাবুরা তৎশ্রবণে পায়ের ইকিং খুলিয়া তৈল মাথাইয়া লইয়া, ছল করিয়া একে একে সরিয়া পড়িলেন। সেই অবধি নাকে কানে থত দিয়া প্রতিজ্ঞা করিলেন—চির দিন হাত পুড়িয়ে থেয়ে অকচি জয়ে সেও ভাল, তথাপি আর বিনা নিমন্ত্রণে মুর্থ বদলাইতে যাইব না।

সকলকে লইয়া বৰুণ বারইয়ারিওলার অভিমুখে চলিলেন। দেবগণ উপস্থিত হইয়া দেখেন, লোকে লোকারণ্য। একথানি গৃহে বিদ্যাবাদিনী মূর্ত্তি বিরাজ করিতেছেন। আটচালাথানিকে ঝাডলর্গন দিয়া চমৎকার করিয়া সাম্বাইরাছে। ঝাড়লগুনের উপর শোলার সালিক ও বুলবুলি পাথীগুলি বিদিয়া আছে। থামগুলিতে নানাপ্রকার আয়না ও দেয়ালগিতি দেওয়ায় অতি আশ্রুষ্য শোভা হইয়াছে। আটচালাথানির ভিতরটা রেল দিয়া বেষ্টন করা। রেলিঙের মধো শ্রোতবর্গ গায় গায় হইয়া বদিয়া আছে। আটচালার চতুম্পাথে লোকগুলো কাতার দিয়া দাঁডাইয়া গান শুনিতেছে। দেবগণ এক স্থানে দাঁভাইলেন। তাঁহারা দেখেন কয়েকটা লোক ঢোল তবলা লইয়া বদিয়া আছে। এক ব্যক্তি দাঁডাইয়া ছড়া কাটাইতেছে :--"পুলকে গোলোকেশ্বর, নিক্ষেপ করিবেন শ্বর, লঙ্গেশ্বর দেখে প্রাণ যায়। বসন গলে নয়ন জলে, পতিত হইয়া বলে, পতিতপাবন রামের পায়॥ ওচে বিরিঞ্চি বাঞ্ছিত ধন, করি নাই ওপদ সাধন, জ্ঞানধন মোর লয়েছিলে

হরি।"

ভোমাকে ভেবে বৈরঙ্গ, হলো চুঃখের তরঙ্গ, আজি নিদ্রাভঙ্গ হ'ল হরি॥ এত ব'লে দশানন কি বলিতেছেন :--

এই সময় দোয়ারেরা যন্ত্রের ভার ঠিক করিয়া বদিয়াছিল – ই ই শব্দে স্বর দিলা গান ধরিল :--

> "দিন গত কিন্তু নয় হে রাম তোমার চরণে এ দীন গত। আমার গত অপরাধ কত. প্রাণ নির্গত সময়ে দেও হে চরণ. হ'লাম চরবে শরণাগত ৷

সৎসক্তে হয়ে স্বতন্ত্র. করি অসৎ ক্রিয়া সদত, তোমায় শত শত ম**ন্দ** বল্লাম রামচন্দ্র না ভাবিয়া ভবিয়ত ॥ ওতে গুণধাম স্বগুণ প্রকাশ, গুণহীন জ্ঞানহীন দোষ নাশ, স্বগুণে তরিলে কি পৌক্ষ, সে ত স্বগুণে পাবে স্থপথ। জননী-জঠরে কঠিন যন্ত্রণা আর দিবে রাম কত. ওহে দশরথাত্মন্ধ দাশরথি, ঘুচাও দাশরথির গতাগত ॥

দেবগণ পাঁচালী শুনিয়া সম্ভুষ্ট হইলেন। পিতামহ কহিলেন, "বকণ! প্রত্যেক গানের শেষ চরণে দাশর্থি নাম রহিয়াছে, দাশর্থি কে আমাকে বল।"

वक्र । ध्रामविधि वाय ১७२७ मंदक (১৮०৪ थ्रेडोर्स) खनार्थर्व करवन। ইহার পিতার নাম ৺দেবীপ্রসাদ রায়। ইহারা রাটী শ্রেণী ব্রাহ্মণ—কেনা বৰ্দ্ধমানের অন্তঃপাতী কাটোয়ার অতি দল্লিকটন্থ বাদস্বভা নামক গ্রামে ইহার পৈতৃক বাদ। দাশরখি বাল্যকালে পীলা নামক গ্রামে মাতৃলালয়ে বাদ কবিতেন। তিনি হংসামাত্ত ইংবাদী ও বাঙ্গালা শিক্ষা কবিয়া প্রথমে একটা নীলকুঠিতে কেবাণীগিরি কর্মে নিযুক্ত হন। তৎপরে কিছদিন কবির দলে গান বাঁধিয়া দিতে দিতে নিজে একটি পাঁচালীর দল করিয়াছিলেন। দেই পাঁচালী হইতেই দান্তরায়ের নাম দেশব্যাপী হইয়া পড়ে। ইনি যে সমস্ত পালা ও গীত বাঁধিয়াছিলেন, তৎসমস্ত পাঁচ থতু পাঁচালী নাম দিয়া বটতলা হইতে পুস্তকাকারে মন্ত্রিত হইয়াছে। ঐ পাঁচ থও পাঁচালী ভিন্ন ইনি মৃত্যুর পুর্বে অংরো অনেক পালা ও গান বাঁধিয়াছিলেন, তাহা নিজেও গাইতে পারেন নাই। ১৬৭৯ শকে (১৮৫৭ খুষ্টান্দে) ইহার মৃত্যু হয়। ইহার পুত্ত-সন্তান ছিল না, একটা মাত্র কলা ছিল। দান্তরায়ের মৃত্যুর পর তাঁহার কনিষ্ঠ ভ্রাতা তিনক ডি রায় কিছকাল দল রাথিয়াছিলেন। একণে সকলেই গত হওয়ায় ঐ বংশে দল াথিবার কেহ নাই। দান্তবায়ের প্রণীত ছড়া ও গীতে কবিত্তের অনেক পরিচয় পাওয়া যায়। মধ্যে মধ্যে করুণ ও হাস্তরদের ছড়া যথেষ্ট আছে। এক সময় এই পাঁচালী লোকের হারে হারে প্রতিধ্বনিত হইয়াছিল। অভাপি বঙ্গদেশে দাভবায়ের কোন না কোন গান জানে না এমন লোক বিবল। বামপ্রসাদী ক্রবের ভার দাভবারের ক্রব সরল ও ক্রমিষ্ট। এজভা অনেকেই উহা সথ করিয়া গাইয়া থাকে। কি ইতর কি ভন্ত, সকলেই এই গানের পক্ষপাতী। ইহার প্রণীত ছড়াগুণীতে প্যারের ক্যায় অকর দ্বির নাই। ইহাঁর প্রণীত থেউড় সকল অতি জঘতা ও অল্লীল; উহা পাঠ করিলে দালবায়ের প্রতি অভজি হয়।

দেবগণ পাঁচালী শুনিয়া বাসায় থাইয়া শয়ন করিলেন এবং অধিক রাত্রি জাগরণ হওয়ায় সকলে অকাতরে নিজা যাইতে লাগিলেন।

অনেক রাত্রি জাগরণ করায় দেবগণের উঠিতে কিছু বিলম্ব হইল। তাহারা উঠিয়া মৃথ হাত ধৌত করিলে বরুণ কহিলেন. "ঠাকুরদা, কাল সমস্ত রাত্রি থক্ থক্ করিয়া কাসিয়াছেন, আজও স্থান বন্ধ থাক।" দেররাজ কহিলেন, "না—কাঁচা পাকা জলে স্থান করান যাক। তাহাতে কেমন থাকেন দেখিয়া রজনীতে তেজপাত কজেয় গাজিয়া থাইতে দেওয়া যাইবে।"

ব্রহ্মা। ভাই! আমার শরীরে যথন ব্যাধি দেখা দিতেছে, তথন নিঃসন্দেহ পাপ প্রবেশ ক্রিয়াছে। আমার মতে আর মুর্জ্যে থাকিবার প্রদেবগণের মর্ছ্যে আগমন

আবশ্রকতা নাই, সম্বর স্বর্গে চল।

নারা। আর ছই চারি দিন দেখি, যদি নিভান্ত বাড়াবাড়ি দেখি, স্বর্গেই যাইতে হইবে। সত্য সত্য আমরা মর্জ্যে কিছু জীবন দিতে আদি নাই।

ব্ৰহ্মা। উপ! থাক্বি, না আমাদের সঙ্গে যাবি? তুই কতকগুলো ছাপার কাগজ খুলে দেখে দেখে কি লিখ্চিস্?

উপ। কর্জাজেঠা ! আমি দেখলাম চাক্রীতে অথ নাই, সহজেও হইবে না। বাবদা ভাহাতেও মূলধন চাই। তদপেক্ষা একটা সহজ কাজ আছে, অর্দ্ধ আনা মূল্যের সংবাদপত্রের সম্পাদক হওয়া; আজ কাল অনেকেই ঐ কাজে প্রবৃত্ত হইতেছেন দেখিয়া মনে মনে স্থির করিয়াছি, স্বর্গে ঘাইয়া সংবাদপত্র চালাইব। অর্গে কোন সংবাদপত্র না থাকাতে আমার যথেষ্ট লাভও হইতে পারিবে এবং প্রজার তৃংথ রাজার কানে তৃলিয়া দেওয়ায় সাধারণের বথেষ্ট উপকার করা হইবে। এই সব মনে ভাবিয়া সংবাদ পত্র কি উপায়ে লিখিতে হয়, মোটাম্টি টুকিয়া লইতেছি।

নারা। কিরূপ লিথ্লি পড়ে শোনা দেথি ?
উপ। আমি অবিকল পাঠ করিয়া ঘাইতেছি, আপনারা শ্রবণ করুন—

বরুণোদয় পত্রিকা

সংবাদপত্তের তুল্য কিবা আছে আর। শোনাতে রাজায় প্রজার তুঃথ সমাচার॥

১ থও।) ১২৮৯ সাল। ৫ই শ্রাবণ বুধবার।) অগ্রিম বার্ষিকমূল্য ২ টাকা ২ সংখ্যা। ইংরাজী ১৮০২ সাল। ২০এ জুলাই) টাউনে ১॥০ টাকা

বিজ্ঞাপন

"আবার আমি" নাটক—মূল্য ছই টাকা—ভাক মান্তল ২ আনা। যম এণ্ড কোং লাইব্রেরি এবং রবিরাজের দোকানে প্রাপ্তব্য।

দোণার চাদ (ঐতিহাসিক উপক্রাস।)

শ্রীকান্তিকচন্দ্র ঠাকুর প্রণীত। মূল্য এক টাকা। রবিরাজের দোকানে প্রাপ্তব্য।

সংবাদপত্রের অভিপ্রায়

এই পৃস্তকের তুল্য স্বরলোকে অভাপি কোন উপস্থাস বাহির হয় নাই।
—বক্রণোদয়।

এই পুস্তকের প্রতি ছত্তে মধু চালা।—শনিপ্রকাশ।
কার্ত্তিক বাবু যে হুলেথক, তাহা আমরা বিশেষ জানি।—বুধাদয়।
এই পুস্তকখানি পাঠে আমরা অতীব সম্ভোব প্রাপ্ত হইয়াছি।

--অক্রণাদয়।

"খুন না জবাই।" অত্যাশ্চর্য ভিটেকটিভ উপস্থাস, শ্রীপদ্মলোচন চক্র প্রণীত। মূল্য ও টাক: ১৪ আনা (আগাগোড়া ছবিতে ভরা।)

বিবিধ সংবাদ

পূর্বান্ধর্মের ছভিক্ষ অভাপি নরম পড়ে নাই। শুনিতেছি, গ্রব্নেন্ট প্রজার সাহায্যার্থ দশ জাহাজ ধাতা প্রদান করিবেন। যদি প্রদান করিতে হয়, সত্রে করাই উচিত, গরীব প্রজারা মারা যাইলে তাঁহার ধান থাবে কে?

শৃত্য প্রদেশে এক মৃসলমানের একটা পুত্র জন্মিয়াছে, তাহার চারি মৃথ, আট চক্ষ। ছেলেটি বাঁচিয়া থাকিলে আমাদের পিতামহ ব্রহ্মা বলিয়া ভ্রম হইবে।

দক্ষিণ স্বর্গে একপ্রকার বৃক্ষ আছে, তাহারা মান্থর থায়। অনেক পথিক রোদ্রে ক্লাস্ত হইয়া দেই বৃক্ষভলে শয়ন করিয়া নিদ্রা যাইলে শাথাগুলি নামিয়া আসিয়া মান্থবটীকে গ্রাস করিয়া ফেলে এবং পূর্ব্বের ন্তায় বৃক্ষে উঠিয়া বসিয়া থাকে। আমাদিগের ম্যাজিষ্ট্রেট মহোদয়ের উচিত, এক দিন স্বয়ং যাইয়া শয়ন করিয়া পরীক্ষা লওয়া।

শনিপ্রকাশ বলেন, এ বংগর কৈলাদে অত্যস্ত সর্পভয় হইয়াছে। এমন কি থাণটা লোক ঘাল হইয়াছে। এ কথা বদি সতা হয়, সদাশিবের উচিত, সাপ গুলোকে স্কন্ধ হইতে না নামান।

একথানি ইংরাজী পত্তে দেখা গেল, বৈকুঠে একটি সাত হাত দীর্ঘ আট হাত প্রস্থ ব্যাদ্র আসিয়াছে। ব্যাদ্র গর্জনে মহারাজ্ঞী শচী দেবীর কয়েক দিবসাবধি স্থানিস্রা হইতেছে না। শচীনাথ ব্যাদ্র মারিবার বিশেব বন্দোবস্ত করিতেছেন। নারায়ণ ২৩ এ জাহুরারি যমালয় দর্শনে গমন করিবেন এবং নরকাদি দর্শনের পর ২৫ এ তারিথে পশ্চিম-আসমানে উপস্থিত হইবেন।

গত সোমবার পদ্মযোনির একটি পুত্র সস্তান জনিয়াছে। এত বুড়ো বয়নে যে পুত্র হয়, ইহাই বড় জাশ্চার্যোর কথা।

৫ই জাৈচ যে সপ্তাহ শেষ হয়, তাহাতে বৈহুচের ১০৮ জন লােকের মৃত্যু হইয়াছে।

দেবগণের মর্জো আগমন

আমাদের একজন সংবাদদাতা বলেন, তাঁহাদের গ্রামের একজন গোয়ালার:
একটা গরু আছে। এক সময় ঐ গরুর মাথায় ঘা হয় এবং ক্ষত স্থানে একটা:
অশ্বথ কল প্রবেশ করে। একলে ঐ বীজে একটা প্রকাণ্ড বৃক্ষ জামিয়াছে।
গাড়োয়ান কোন স্থানে ভাড়ায় গেলে আং রোজে কট পায় না। সে সময়ে
সময়ে মাঠের মধ্যে গাড়ী থামাইয়া বৃক্ষ ইইতে হাঁড়ি নামাইয়া বৃদ্ধন করিয়া
থায় এবং বৃক্ষভলে নিজা যায়। ভগবানের কি আণ্ডগ্য মহিমা!

ধুমকেতু প্রদেশের এক স্থানে পুরুরিণী খনন করিতে করিতে ঘুত উঠিয়াছে। এইবার ঘুত বিক্রেতাদিগের সর্ব্বনাশ উপস্থিত।

গত সোমবার শৃত্য প্রদেশে আবার সাইক্লোন হইয়া গিয়াছে। আহা! শৃত্য প্রদেশটা আর থাকে না।

এ বংসর পোয়াতে প্রদেশ হইতে ১০০৮ টন স্বর্ণ পাওয়া গিয়াছে।
সম্পাদকীয় উচ্চি

আমাদিগের আশা ছিল, সংবাদপত্র ও মাদিক পত্র হইতে দেবভাষার সমূহ উন্নতি সাধিত হইবে। কিন্তু তৃঃথের বিষয় দিন দিন কতকগুলো অশিক্ষিত এবং চরিত্রহীন সম্পাদক সেই গুকুভার বহন করিতে গিয়া আমাদের আশার বাসা ভাঙ্গিয়া দিতেছে। অনেকে স্থলভ মূল্যের প্রলোভন দেখান, কেহ কেহ বিনা মূল্যের লোভ দেখাইয়া অপ্রে কিঞ্চিৎ ভাকমান্তল বিদ্যা গ্রহণ করিয়া ২০ খানি কাগন্ধ দিয়া অদৃশ্য হন, পাঠকগণের লোভে পড়িয়া একুল ওঞুল তৃঞুল যায়। যাহারাও রীতিমত বাহির করেন, কি যে লেখেন মাথা মৃপ্ত বোঝা যায় না। পত্রের চারি পৃষ্ঠা বিজ্ঞাপন পূর্ণ, প্রবন্ধাদির জন্ম অভ্যন্তমাত্র স্থান থাকে। আমাদের দেশের মাদিক পত্রগুলির অবস্থা আরও ভয়ঙ্কর। অনেকগুলি সম্পাদকের এরপ বিদ্যা নাই যে, পত্রের লেখা ভাল মন্দ বিচার করিয়া পত্রন্থ করেন। অথচ সম্পাদকের পদ লইতেও ছাড়েন না—লাভের মধ্যে থিয়েটারের টিকিট পান। আমাদিগের দেশীয় ক্বতবিভ সম্প্রদায় যত দিন না এই গুকুভার হস্তে লইতেছেন, ততদিন কোন উপকার হইতেছে না। ভরদা করি সকলে এই কার্যে; ব্রতী হইবেন।

১৮৮০ অব্দের জেল রিপোর্ট

মহামাশু কালান্তক বাহাত্ব অমুগ্রহ করিয়া আমাদিগের এক এক কাশি জেল রিপোর্ট পাঠাইয়াছেন, তৎপাঠে অবগত হওয়া গেল—যমালয়ে প্রতি বৎদর কয়েলীর সংখ্যা বৃদ্ধি হইতেছে। ঐ কয়েলীদিগের মধ্যে জাতিচাত ও বাপ-মা-প্রহারকের সংখ্যা বেশী। স্থের বিষয়, চৌর্য্য-অপরাধীর সংখ্যার পূর্ব্ব বৎসর অপেক্ষা অনেক হ্রাস দেখা যাইতেছে। প্রতারকের সংখ্যা এ বংসর অতিরিক্ত বৃদ্ধি হইরাছে।

এক্ষণে দেবগবর্ণমেন্টের কর্ত্তব্য কি ?

ইংবাজবাজ দিন দিন মর্জ্যে যেরপে স্বাধিকার বিস্তার করিতেছেন, তাহাতে অনেকের মনে বিশ্বাস, সতরেই স্বর্গ রাজ্য ইংরাজরাজের করতলগত হইবে। আমাদিগেরও অনেক কারণে এ বিষয় মথার্থ বলিয়া বোধ হয়, কিন্তু বৃদ্ধ মন্ত্রী বৃহস্পতি এ বিষয় বিশ্বাস করেন না। ১৮ই জুলাই মহেল্রভবনে যে পার্লামেণ্ট সভার অধিবেশন হয়, তাহাকে সচিবপ্রেষ্ঠ বৃহস্পতি বলিয়াছেন, কয়েকটী কারণে ইংরাজদিগের প্রতি আমার আশকা হইতেছে না। প্রথমতঃ স্বর্গে আসিবার কোন রাস্তা ঘাট নাই। দ্বিতীয়তঃ স্বর্গের মন্ত্রিবটে এত শীত যে, পানীয় জল পর্যান্ত জমিয়া ঘাইবে। আমরা এ কথার প্রত্যুক্তরে ইহাই বিদি—মদি ইংরাজরাজ আসেন, রাস্তা ঘাট না করিয়াই কি আসিবেন প জল্ল ভ্রমিলে আগুলন করিয়া গলাইয়া লইতে পারিবেন না প্

মফঃস্বলে খোদকর্ত্তা

পাঠকগণ। তারকপুরের মাজিট্রেট শনৈশ্চরের বিষয় অনেকে শুনিয়াছেন, সম্প্রতি ইনি আর একটা লীলা খেলা দেখাইয়াছেন। তাঁহার বাড়ী মেরামতের জন্ম কতকগুলি কুলি নিযুক্ত হয়। উহারা দঙ্ভবমত ইউক ও প্রন্তরাদি হস্তকে করিয়া বহন করিয়া আনিতেছিল, কিন্তু কর্ত্তা দেখিলেন, ওরপ করিলে তাঁহার ১০,১৫ টাকা মজুরিতেই যাইবে, অতএব স্বহস্তে কুলির মাধায় বোঝা চাপাইয়াদিতে লাগিলেন, সে পারি না বলিয়া চাঁথকার করিলেও ছাড়িলেন না। শেষে বোঝাই দিতে দিতে লোকটার মাধার খুলি কাটিয়া যাওয়ায় মৃত্যু ইইল ধি বিচারে স্থির হইয়াছে. ইহার মাধাটা ঘূলে ধরা ছিল।

ই হুরের প্রত্যুৎপন্নমতিত

আমাদিগের যন্ত্রালয়ের সন্ধিকটন্থ রামলাল বণিকের গুলাম ঘরে অত্যন্ত ই ত্রের উপদ্রব। একদিন এবটা সাপ একটা ই ত্রকে তাড়া করিয়া গিং। যেমন ধরে ধরে হইয়াছে, অমনি ২০৷২০টি ই ত্র ছুটিয়া আসিয়া উহার ল্যাজে দংশন করিতে আরম্ভ করিল। সাপটি দংশন-যন্ত্রণায় অন্থির হইয়া যেমন তাহাদিগকে তাড়া করিয়াছে, অমনি এক একটা এক এক দিকে নিরাপদে প্লায়ন করিল।

দ্বেগণের মর্ত্তো আগমন

পুস্তক সমালোচনা

এমন স্থের মূথে ছাই। নাটক।

শ্রীগণেশচন্দ্র ঠাকুর কর্ত্বক প্রণীত। গণেশ বাবু অতি অলেথক। ঠাকুর মহাশরের লেথার পরিচয় নৃতন করিয়া কি দিব। এ প্রকার পুস্তকের সংখ্যা যত বৃদ্ধি হয়, দেবলোকের ততই উপকার। গণেশ-প্রণীত পুস্তকের প্রতি ছত্তে প্রতি শত্রে মধ ঢালা। পাঠকগণের দষ্টার্থে নিমে কয়েক ছত্ত উদ্ধৃত করা যাইতেছে:—

১৫ পৃষ্ঠায় ভোমা স্বন্দরী কাষ্ঠ ভাঙ্গিতে ভাঙ্গিতে বলিভেছেন ;— থর্জ্জবের মানতুতো ভাই ,রস কস কিছু নাই আঁটি আর চামড়া। কোন গুণ নাই ভোর ওবে বেটা আমড়া।

প্রস্থকারের কি ক্ষমতা! ইনি থর্জ্ব ও আমড়া থাইয়া দোব গুণ তর তর করিয়া দেখিয়া লেথনী বারা মনের ভাব ব্যক্ত করিয়াছেন। যিনি এরূপ প্রাতনকে নৃতন করিয়া না বলিতে পারেন, তিনি যেন কলম ধরেন না। ঠাকুর গুণ্ডী দীর্ঘজীবী হইখা কেবল পুস্তক লিখিতে থাকুন, অক্যান্ত প্রস্থকারগুলো মরে যাক।

গবর্ণমেন্ট নিয়োগ।

এ, জ্ঞি, চক্র তিন মাসের বিদায় লইলেন। আর, জ্ঞি, শনি তৎপদে নিযুক্ত হইলেন।

থম, সি. কান্তিক হাজার টাকা বেতনে মিলিটারি জিপার্টমেন্টের আসিষ্ট্যান্ট জেনরেল নিযুক্ত হইলেন এবং বি, সি, আই, গণেশকে তৎসহকারী নিযুক্ত করা হইল।

এম, এ, ভট্টাচার্য্য বুধ সাত শত টাকা বেতনে অমরাবতী কলেজের প্রিশিপাল নিয়ক্ত হইলেন।

এম, ডি, ধ্রুম্বরি ১৮ শত টাকা বেতনে মেডিকেল কলেজের অধ্যক্ষের পদ পাইলেন।

ভারের সমাচার

২রা মে আরবিনট দামক দেবজাহাজ কীরোদ সম্ভ্র পরিত্যাগ করিয়া ক্ষিউপকূলে উপন্থিত হইলে বানচাল হইয়া ১০৮ জনের প্রাণত্যাগ হইয়াছে।

১ • ই মে প্রধান মন্ত্রী বৃহস্পতি শীকারে মাইয়া একটি ব্যান্ত মারিয়াছেন।

১১ই মে পার্লামেণ্ট সভার মহারাজ শচীনাথ বলিরাছেন, আশ্মান প্রালেশটা তোপে উডাইয়া দিবেন। ১২ই মে উক্ত সভার খাসমহল সম্বন্ধে বোরতর আন্দোলন হইয়া গিয়াছে।

প্রেরিত পত্র

(সম্পাদক পত্রপ্রেরকদিগের মতামতের জন্ম দায়ী নহেন)
বধা ক্রন্দন

সম্পাদক মহাশয়! আমার প্রেরিত পত্র থানি আপনার জগবিখাতি পত্রে হান দান করিয়া বাধিত করিবেন। আহা! ভেকগণ কি নিষ্ঠ্র জাতি! ইহারা সস্তান প্রের করিয়া পানায়ণ করে। সন্তানগণ মংস্ত বালকের তায় জলে সাঁতার থেলে, ক্রীড়া করে, শেষে লাজটি থিসিয়া চারিটী ক্রু ক্রু পদ বাহির হইলে পিতা মাতার অহ্পদ্ধানে জল হইতে ভাঙ্গায় উঠিয়া থাকে। কিন্তু পিতা মাতা এমনি নিষ্ঠ্র — সন্তান বিসর্জ্জন দিয়া পাছে তাঁহারা খুঁজিয়া লয়, এই আশস্কায় গর্ভের মধ্যে ল্রুায়িত হয়, সহজে বাহিরে আদে না। তবে বর্ধা বাদলের দিনে গর্ভে জল প্রবেশ করিলে পাল্লীয়ামের রাজায় বসিয়া আজকার রজনীতে দল বল সহ কাঁ। কোঁ। শব্দ করিতে থাকে।

বিষম সন্দেহ

সম্পাদক মহাশয়! রামায়ণে বলে দশাননের দশটী বদন ছিল। কিন্তু ঐ ম্থশ্রেণী এক লাইনে ছিল, কি দেহের চতুম্পার্যে ছিল, তাহা কেহ খুলিয়া বলেন নাই। এক লাইনে থাকিলে তিনি কি প্রকারে শয়ন করিতেন এবং দেহের চতুর্দ্ধিকে থাকিলে কি প্রকারেই বা দক্ষিণ হল্তে ভোজনগ্রাদ পশ্চাতের মুখে তুলিতেন ?

নদীতটে।

কলোলিনী কল কল বহিতেছে ধারা বে।
ভানিতে মধ্র বড়, মরি কিবা মনোহর
জলে বুঝি জলদেবী বাজায় সেতারা বে॥
নৌ'পরি নাবিকগণ, আঘাতিছে ঘন ঘন,
মীনগণে প্রাণভয়ে জাল মধ্যে যায় বে।
দেতারের সঙ্গে বুঝি ঢোল বাস্ত হয় বে॥
কোন স্থানে জাল ঝাড়ি, ফেলিছে ঝপ ঝপ করি,
আহা কিবা বুজিবলে জাল দড়া বোনে রে।
বাজালীর তরকারি যাহা দিয়া ধরে বে॥

দেবগণের মর্ভো আগমন

উত্তম উত্তম। লেথক অক্ষর ঠিক রাখিতে পারিলে একজন স্থককি হইতে পারিবেন। ব—স।

পত্রপ্রেকদিগের প্রতি

শ্রীঃ স্বাক্ষরিত বাবু! আপনার প্রবা নাম না পাইলে পত্রস্থ করিতে পারি না।

দিংহ! আপনি যাহা লিথিয়াছেন, ও বিষয়ের অনেক আন্দোলন হইয়া গিয়াছে।

শ্রীনবীনচন্দ্র ঘোষ। আপনার পত্রথানি বারাস্তরে প্রকাশিত হইবে।
শ্রীবি, বে, দেন! আপনার পত্র প্রকাশ করিবার যোগ্য নহে।
বিজ্ঞাপনের নিয়ম

প্রত্যেক পংক্তি প্রথম তিনবার তিন আনা। তৎপরে স্বতন্ত বন্দোবস্ত করা যাইবে।

'অর্দ্ধ আনা মূল্যের ভাক টিকিট ভিন্ন আমরা মূল্য গ্রহণ করিব না। গ্রাহ্কগণ টিকিট প্রেরণ কালে অর্দ্ধ আনার হিসাবে বেশী টিকিট পাঠাইবেন। কারণ আমাদিশকে কমিশন দিয়া টিকিট বেচিতে হয়।

গ্রাহকগণ বীতিমত সময়ে পত্র না পাইলে থামথানি পাঠাইয়া দিবেন। কেহ বীতিমত সময়ে মূল্য না দিলে কাগজ দেওয়া বন্ধ করিব। আমরা বেয়ারিং পত্র গ্রহণ কারিব না।

এই যন্ত্রালয়ে যবওয়ার্কের কার্য্য অতি স্বরে ও স্থন্দররূপে সম্পন্ন হইয়া থাকে। আমরা প্রাফ সংশোধনেরও ভার লইয়া থাকি।

শ্রীমিথ্যাবাদী দেব ম্যানেজার

বিজ্ঞাপন

তা কপুরের বঙ্গ বিভালয়ের প্রধান শিক্ষকের পদ থালি হইয়াছে।
মাসিক বেতন পাঁচ টাকা। যিনি নির্মাল স্কুলের তৃতীয় বাৎসরিক পরীক্ষায়
উত্তীর্ণ হইয়া কিছুদিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন এবং যাঁহার উত্তমরূপ
সংশ্বত ভানা আছে, তাঁহারই আবেদন সর্বাপেক্ষা আদরণীয় হইবে।
আবেদনকারী ভাতিতে ব্রাহ্মণ হওয়া চাই। ইহার দশকর্ম জানা থাকিলে
বাসা থরচ চলিতে পারে।

শ্রীরামচক্র সেনের গণোরিয়া মিক্স্চার। প্রতি শিশি এক টাকা।

আমি এই মিক্স্চার্ দেবনে বহু কালের গণোরিয়া রোগ হইতে আরোগ্য লাভ করিয়াছি। শ্রীগণেশচন্দ্র দেব

কৈলাস

কালনিজা তৈল। মূলাবার আনা।

আমি এই তৈল দেবন পর্যান্ত সন্ধার সময় শয়ন করিয়া বেলা ১:১॥টার সময় নিলা হইতে উঠি। শ্রীভোলানাথ

কুম্বলেশ্ব তৈল। মূল্য এক টাকা।

এমন মনম্থাকর হৃদয়বিদ্ধকর তৈল এক্সণতে আর নাই। ইহার সৌসাধ্ধ এমন যে, এ গ্রামে একটু বাবহার করিলেও গ্রামের লোকেরা গন্ধে উন্মাদ হইয়া যাইবে। গুধু তাই নয়—গন্ধ দীর্ঘকালস্থায়ী — অন্ততঃ তুই বংসর আর গন্ধদ্রব্য মাথিতে হইবে না। যাঁহাদের মাথায় টাক আছে, ইহা বাবহারমাত্র ভাঁহাদের মন্তক ভ্রমরক্ষণ ক্ষিত কেশে বিম্নিত্ত হইবে।

এই তৈল মাথিলে গাত্রের কাল বং ঘুচিয়া শাদা হয়! যদি কাহারও ফরুসা হইবার ইচ্চা থাকে, এক এক শিশি থরিদ করিয়া পরীক্ষা করুন।

প্রশংসা পত্র দেখুন---

ষ্ট্যাছড়। প্রামের মহারাজাধিরাজ প্রবলপ্রতাপান্বিত শ্রীযুক্ত লম্বাচওড়া রাম বিটকেলোপাধাায় বাহাত্র কুন্তলেশ্বর তৈল সম্বন্ধে লিথিয়াছেন—

"মাপনার কৃত্তলেশ্বর তৈলের গুণ একম্থে প্রকাশ করিতে পারিলাম না। যে সমস্ত গুণের কথা আপনি বিজ্ঞাপনে উল্লেখ করিয়াছেন, তাহা কড়ায় গণ্ডায় মিলাইয়া পাইলাম। টেকোর চূল উঠিবে ইহাতে আর বিচিত্র কি? সে দিন আমার ছোট কাক। আমার টেবিলের উপর থানিকটা তেল চালিয়া ফেলিয়াছিল। পর দিন দেখি, টেবিলের উপরটায় ঝাঁক্ড়া ঝাঁক্ড়া চূল গজাইয়াছে। আন্চর্যা ব্যাপার! আর এক শিশি পাঠাইবেন।"

এই পত্রিকা প্রতি শনিবারে বরুণোদয় কার্য্যালয় হইতে শাথাশনি কর্তৃক প্রচারিত হইয়া থাকে।

ব্ৰহ্মা। লিখেছে মন্দ নয়।

ইহার পর দেবগণ আহারাদির উত্যোগ করিলেন এবং আহারান্তে বিশ্রাম করিয়া অপরাক্তে নগর ভ্রমণে বহির্গত হইলেন।

তাঁহারা চোরবাগানের মধ্যে কিছু দূরে যাইয়া দেখেন, দক্ষিণে একটা স্থান্য অট্রালিকা শোভা পাইতেছে। বাড়ীটির দরজায় সঙ্গীন ঘাড়ে

দেবগণের মর্ভো আগমন

শান্তিপাহারা। বাড়ীটির সমুথ লোহ রেলিং দ্বারা পরিবেটন করা। তম্মধ্যে নানাপ্রকার বৃক্ষ এবং অসংখ্য টবে পূব্দাবৃক্ষদকল শোভা পাইতেছে। দেবগণ ফটক দিয়া উন্থানের মধ্যে প্রবেশ করিয়া দেখেন, স্থানে স্থানে নানা প্রকার পশু পক্ষী বিচরণ করিতেছে।

ইন্ত্র। বরুণ। এ বাড়ীটি কাহার ? বাড়ীটি কলিকাভার মধ্যে স্থন্দর বলিয়া বোধ হইতেছে।

বরুণ। বাড়ীটি রাজা রাজেন্দ্রলাল মল্লিকের। ইহার বাড়ীর প্রতি অত্যন্ত সথ থাকায় বৎসর বৎসর মেরামত ও ন্তন নৃতন ফ্যাসানে স্থসজ্জিত করেন।

ইন্দ্র। বাটীর ভিতরে প্রবেশাস্থমতি আছে ?

"চল না" বলিয়া বরণ সকলকে লইয়া ভিতরে প্রবেশ করিলেন। ভিতরে যাইয়া দেখেন—বাড়ীটি বড়ই স্থানর। উঠানটা মার্কেল প্রস্তুর হারা বাঁধান। মধান্থলে নৃত্য গীতের স্থান। নিম্নে ও উপরে স্থানর বারাণ্ডা সকল বিরাজ করিতেছে। নীচের বারাণ্ডার এক স্থানে কতকগুলো ছবি বহিয়াছে। দেবগণ পূজার দালানটা দেখিয়া অতান্ত আহলাদ প্রকাশ করিতে লাগিলেন; দালানটা অতি বৃহৎ অথচ এক ফুকুরে। ঐ ফুকুরের উপরিস্থ খিলানটা এত বৃহৎ যে সাত ফোকর তুমাধা দিয়া গমনাগমন করিতে পারে। এখান ইইতে সকলে বৈঠকখানা দেখিয়া চমৎক্ষত হইলেন। বৈঠকখানাটা এমন স্থান্ধর সাজান যে, দেবগণ কহিলেন, "আমরা এরপ কথন চক্ষে দেখি নাই।" গৃহটা বছমূলা দ্রব্যাদির হারা পরিপূর্ণ করা রহিয়াছে এবং সোণা, রূপা হীরার বৃক্ষসকল বিরাজ করিতেছে। বরুণ কহিলেন "ইনি ছভিক্ষের সময় দীন ছঃখীদিগকে অকাতরে অর দান করায় রায় বাহাছর উপাধি প্রাপ্ত হন। তৎপরে মান্রাজ হভিক্ষে কয়েক লক্ষ টাকা সাহায্য করায় রাজা বাহাছর উপাধি পাইয়াছেন, তদবধি হারে শান্তি পাহারা বিসয়াছে। অভাবধি ইহার বাটাতে প্রত্যহ সহস্র কালালীকে অর দেওয়া হইয়া থাকে।

বন্ধা। বন্ধুণ, এই বংশের বিষয় বল।

বরুণ। ইহারা কলিকাভার বছদিনের অধিবাদী। জাভিতে স্বর্ণবণিক্। এই বংশের যাদবচন্দ্র শীল নবাব দরকার হইতে মল্লিক উপাধি প্রাপ্ত হন। এবং জন্মরাম মল্লিক প্রথম আদিয়া কলিকাভায় বাদ করেন। রাজা রাজেন্দ্রলাল মল্লিক এই বংশোন্তব। ১৮১৯ দালে ইহার জন্ম হয়। ১৮৬৭ সালে ইনি গ্রবন্ধেন্ট হইতে রায় বাহাত্বর উপাধি প্রাপ্ত হন। এ সালের ছভিক্ষে ইনি থথেষ্ট বায় করায় ১৮৭৭ সালে কলিকা ভার দরবারে উচ্চতর উপাধি প্রাপ্ত হন। ইহার বৈঠকথানা ও চিড়িয়াথানা বড় ফলর। কলিকা ভার জিওলজিকেল গাডেনে ইনি নিজ বায়ে একটা গৃহ নির্মাণ করিয়া তাহাতে অনেক মূল্যবান্ জন্ধ প্রদান করিয়াছেন। এ গৃহে লেখা আছে "মল্লিকের ঘর।" ইহার বাগানে অনেক ফলর ফলর গাছ আছে। রাজার তুই পুত্র, কুমার গিরীক্রনাথ ও স্থবেক্তনাথ মল্লিক।

দেবগণ এথান হইতে মেছুয়াবাজারের রাস্তায় আসিলেন। তৎপরে সকলে একটা তেতালা বাড়ীর নিকট উপস্থিত হইয়া দেখেন, অনেকগুলি লোক দাড়াইয়া কথোপকথন করিতেছে। পিতামহ বরুণকে কহিলেন "বরুণ। এ বাড়ীটি কি "

বরুণ। ইহার নাম আদি ব্রহ্মণমাজ। এই সমাজে নিরাকার ব্রক্ষোপাসনা হইয়া থাকে। এথানকার ব্রাহ্মদিগের পৈতা ফেলা অথবা গ্রীলোকদিগকে লইয়া উপাসনা করার পদ্ধতি নাই।

পিতামহ হাস্ত করিয়া কহিলেন, "য়াঁ।' এটা ব্রাহ্মান্দর ! বরুণ ! ভিতরে চল না।"

বরুণ। এখন ভিতরে দেখিব'র কিছু নাই। রজনীতে যখন আলো জালিয়া সভাগণ স্তব স্থোত্র এবং সঙ্গীতাদি করেন, সেই সময় সমাজগৃহে উপস্থিত থাকিলে মনোমধ্যে ধর্মভাবের উদয় হয়।

বন্ধা। চল, না হয় শৃত্য গৃহটীই দেখিয়া ঘাই।

বরুণ তৎশ্রবণে দেবগণকে লইয়া ভিতরে প্রবেশ করিয়া উপরে উঠিলেন, এবং সমাজ-গৃহ দেখিয়া হর্য প্রকাশ করিতে লাগিলেন। বরুণ কহিলেন, "১৭০ শকে জোড়াসাঁকোর কমলবহুর বাটাতে প্রকাশরূপে ব্রহ্মোপাসনার জন্ত প্রথমে এই ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠিত হয়। পর বৎসর এই আদি ব্রাহ্মসমাজ গৃহটী নির্মিত হইলে সমাজ এখানে উঠিয়া আসিয়াছে। প্রথম প্রথম এই ব্রাহ্মসমাজের বিপক্ষে রাজা রাধাকান্ত দেব বাহাত্ত্র প্রভৃতি অনেক হিন্দু দণ্ডায়মান হইয়াছিলেন এবং প্রতিহ্বনী ধর্মসভা নামে একটা সভাও সংস্থাপন করিয়াছিলেন। কিন্তু তাহাতে ব্রাহ্মসমাজের কিছুমাত্র ক্ষতি করিতে পারেন নাই। ১৮৩০ খুটান্দে ব্রাহ্মধর্ম সংস্থাপক রাজা রামমোহন রায় বিলাত যাত্রা করিলে সভার বিশেষ ক্ষতি ও ত্রবহা হইয়াছিল। কিন্তু দেবেক্সনাথ ঠাতুর

এই ধর্মে যোগদান করা পর্যন্ত ইহার বিলক্ষণ উন্নতি হইয়াছে। এই সভা হইতে তথবোধনী নামক একথানি পত্তিকা বাহির হইলে ব্রাক্ষধর্ম সাধারণের নিশেষরূপে বিদিত হইয়া পড়ে। পরিশেষে বাবু কেশবচন্দ্র সেন এই ধর্মে যোগদান করিলে ব্রাক্ষধর্মের গৌরবের বিশেষ বৃদ্ধি হয়। এই ব্রাক্ষসমাজ হইতে দেশের অনেক উপকার সাধিত হইয়াছে। বিশেষতঃ এই ধর্ম হিন্দু সন্তান্কে খুই ধর্ম গ্রহণ করিবার পথ হইতে একপ্রকার ফিরাইয়া আনিয়াছে।"

ব্রহ্ম। এ ধর্মকে আমি মন্দ বলি না; তবে পৈতা ফেলা প্রভৃতি বাড়াবাড়িগুলো ভুনিলে ঘুণার উদ্রেক হইয়া থাকে।

ইন্দ্র। বরুণ! ও প্রতিমূর্ত্তি কাহার ?

বরুণ। রাজারামমোচন রায়ের।

ব্রন্ধ। আমাকে সংক্ষেপে রাজা রামমোহন রায়ের জীবনবৃত্তান্ত বল।

বরুণ। ইনি ১৭৭২ খুটান্দে বর্তমান হুগলী জেলার অন্তঃপাতী রাধানগর গ্রামে জনগ্রহণ করেন। ইহার পিতার নাম প্রাধাকান্ত রায়। ইনি প্রথমে বাঙ্গালা ভাষা শিক্ষা করিয়া পাটনায় ঘাইয়া আরবী ও পারসী ভাষা শিক্ষা কংনে। দেখান হইতে বারাণদীতে যাইয়া দংস্কৃত অধ্যয়ন কবেন। প্রত্যাগমন করিয়া "হিন্দুদি**গে**র পৌত্তলিক ধর্মপ্রণালী" নামক একথানি পুস্তক লেখেন। তাঁহার পিতা ইহাতে তাঁহাকে বাটী হইতে বহিষ্কৃত করিয়া দিলে তিনি ভারতের নানা স্থানে পরিভ্রমণ করেন এবং অবশেষে তিব্বত দেশে যাইয়া ব্রাহ্মধর্ম্মের উপদেশ দেন। তৎপরে চারি বৎসর দেশ ভ্রমণ কবিয়া বাড়ীতে প্রত্যাগত हन । हैनि २२ वरनव वशक्कमकारन है दानी अक्षावन कविए आवस करवन এবং অচিরাৎ ঐ ভাষায় বিলক্ষণ বৃৎপত্তি লাভ করেন। ইহার পর সংসারভার নিম্ব স্বন্ধে পড়ায় ইনি বঙ্গপুরের কালেক্টরিতে একটা কর্মে নিযুক্ত হন এবং সন্বরেই সেরেক্টাদারি পদ প্রাপ্ত হন। ইহার কিছুদিন পরে তিনি কর্ম পরিত্যাগ করিয়া মুরশীদাবাদে গমন করেন এবং তথার "পৌত্তলিকতা সকল ধর্মের বিরুদ্ধ" নামক একথানি পুস্তক পার্ভ্র ভাষায় প্রণয়ন করেন। ১৮২৪ খুষ্টান্দে তথা হইতে কলিকাতায় আদেন এবং এই স্থানে সর্বাদা বান্ধধর্মেরই আলোচনা করিতে থাকেন। এই সময় অনেকগুলি বিশ্বান্ ও বৃদ্ধিমান্ লোক আসিয়া তাঁহার দলভুক্ত হইয়া ব্রাহ্মধর্মের উন্নতি চেষ্টা করেন। এই সময় অর্থাৎ ১২৩৪ দালে (১৮২৭ খৃষ্টাব্দে) কলিকাতার কমল বাবুর বাটীতে একটা ব্রাহ্মস্যাঞ্চ স্থাপিত হয়। রামমোহন বায় সহমরণ প্রথা উঠাইয়া দিবার প্রস্তাব করায় ১৮২০ খুৱান্দে রাজপ্রতিনিধি লভ বৈশ্বিদ্ধ দারা তাহা রহিত হয়। ১২৩৭ সালে (১৮৩০ অন্দে) দিলীর সমাট ইহাকে রাজা উপাধি প্রদান করিয়া নিজের কোন কার্যোপলকে বিলাতে পাঠান।

তথায় যাইয়া ইহার অনেক বড় বড দাহেবের দহিত আলাপ হয় এবং তির্নি
যথেষ্ট প্রতিপত্তি লাভ করেন। দেখান হইতে তিনি ফ্রান্সে যাত্রা করেন
এবং তথা হইতে ইংলণ্ডে প্রত্যাগমন করিয়া ব্রিষ্টল দর্শনে গমন করিলে ঐ স্থানে
তাঁহার পীড়া হওয়ায় ১৮৩১ অব্দের ২৭এ দেপ্টেম্বর প্রাণত্যাগ করেন। ১২৫০
সালে (১৮৪৩ খুটান্দে) স্বারকানাথ ঠাকুর বিলাত যাত্রা করিয়া রামমোহন
বারের কবরের উপর একটা স্থলর শ্বরণস্কন্ত নির্মাণ করিয়া দিয়াছিলেন।

ইনি প্রায় १।৮ প্রকার ভাষা শিক্ষা করিয়াছিলেন; তন্মধ্যে কয়েকটা ভাষাতে রাক্ষধর্মের কয়েবথানি পুস্তকও রচনা করেন। ইঁহার ধারা বাক্ষাপা গাত লিখনারন্থ হয়। ১৮১৪ সালে ইনি সাধারণের বোধ জত্ত সংস্কৃত বেদাস্তের অফ্রবাদ করেন এবং সংক্ষেপে বেদের সার মর্ম উদ্ধৃত করিয়া মুক্তিত ও বিনামূল্যে বিতরণ করেন। ১৮১৬ অব্দে ইনি সংক্ষিপ্তরূপে বেদ ইংরাজীতে অফ্রবাদ করিয়া প্রচার করিয়াছিলেন এবং শ্রীরামপুর হইতে মার্সম্যান সাহেব তাঁহার প্রতিকূলে কয়েকথানি পুস্তক লিখিয়া প্রতিবাদ করিয়াছিলেন। ইনি নিজ বায়ে কলিকাতায় একটা বিভালয় ও মুদ্যায়র স্থাপন করেন। ইনি জাতিভেদ কিংবা বর্ণতেদ বিচার করিতেন না, ইংরাজদিগের সহিত এক টেবিলে বিদিয়া আহার করিতেন এবং সময়ে সময়ে নিজ বাটাতে নিমন্ত্রণ করিয়া আনিয়া ভোজ দিতেন। ইহার প্রণীত বাক্ষমঙ্গীতগুলি বড় শ্রুতিমধুর এবং উদারভাবপূর্ণ ভক্তিরগাজ্বক। রামমোহন রায় কর্ত্বক আদি বাক্ষমাজ প্রতিষ্ঠিত হয়।

এখান হইতে সকলে যাইতে যাইতে দেখেন, এক স্থানে অনেকগুলি লোক জমা হইয়াছে। একটা লোক হাঁ করিয়া দাঁড়াইয়া আছে। ভাহার নিকট দাঁড়াইয়া পুলিসের ২।১ জন জিজ্ঞাশা করিতেছে—নে লোকটার আকার কিপ্রকার, বয়স কত, দেখুতে কেমন, ভোমার বাগে কি কি দ্রবাদি আছে?

দেবগণ কারণ অস্পদ্ধানে জানিলেন, এই লোকটা পলীগ্রামের। ন্তন কলিকাতায় আদিয়াছে। সংবের রাস্তা ঘাট না জানায় একজনকে জিজ্ঞাদা করে, "মহাশন্ম, গোপাল রায়ের বাদা কোথায়?" যাহাকে জিজ্ঞাদা করে, দে একজন প্রভারক। অতএব স্থবিধা দেখিয়া "আমার দঙ্গে আস্থন" বলিয়া একটা ভন্নানক গলির মধ্যে লইয়া যায় এবং ইহার ছুই চক্ষে কভকগুলো

দেবগণের মর্ক্তো আগমন

ধুলি নিক্ষেপ করে। যখন এ ব্যক্তি চক্ষে ধুলা যাওয়ায় ব্যাগ নামাইয়া চক্ষু বগড়াইতেছিল, দেই সময় সে ব্যাগটা লইয়া অদৃশ্য হইয়াছে। এ ব্যক্তি পেটে না খেয়ে ২।৩ শত টাকা সংস্থান করিয়াছিল এবং সম্প্রতি দেশে একটা কাপড়ের দোকান করিবার অভিপ্রায়ে কলিকাভায় বস্ত্র খরিদ করিতে আসিয়াছিল।

ব্রহ্মা। কলিকাতা কি সর্বনেশে স্থান! এথানে অসাবধান লোকের পদে পদে বিপদ্ ঘটিতে পারে। এ লোকটার ভাগ্য ভাল যে, প্রাণ না নিয়ে-ব্যাগটা নিয়ে গিয়েছে। আহা। কষ্টের ধন একজন বিনা কষ্টে গ্রহণ করিয়াছে।

এখান হইতে যাইয়া তাঁহারা একটি বহুদ্র বিস্তৃত তেতালা স্থাদর বাড়ীর নিকট উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বরুণ! এ স্থানের নাম কি এবং এ স্থাদর বাড়ীটি কাহার ?"

বক্ষণ। এই স্থানের নাম জ্বোড়াসাঁকো। বাড়ীটি মহর্ষি দেবেজ্রনাথ-ঠাকুরের।

ব্ৰহ্মা। মহর্ষি? বরুণ, তুমি আমাকে মহর্ষির বিষয় বল।

বৰুণ। ইনি স্থবিখ্যাত দাৱকানাথ ঠাকুরের পুত্র। ১৭৯৩ শকে কলিকাভায় জনগ্রহণ করেন। ইনি প্রথমতঃ রাজা রামমোহন রায়ের স্থলে এবং তৎপরে হিন্দু কলেছে বিভাশিক্ষা করিয়াছিলেন। কলেছ পরিত্যাগের পর ই হার পিতা ই হাকে নিজ প্রতিষ্ঠিত "কার ঠাকুর এও কোম্পানী" এবং "ইউনিয়ন বাাক্ব" প্রভৃতি বাণিজ্য কার্য্যালয়ে কার্য্য শিক্ষার নিমিত্ত নিযুক্ত করেন। এই সময়ে ইনি সঙ্গীত ও সংস্কৃত ভাষা শিক্ষা করিতে এবং বাঙ্গালা ভাষায় রচনা করিতে আরম্ভ করেন এবং কিছুদিন পরে বাঙ্গালা ভাষায় এক সংস্কৃত ব্যাকরণ ১৭৫১ শকে ইঁহার স্বারায় রামচক্র বিভঃ বাগীশের সাহায্যে তত্তবোধিনী সভা সংস্থাপিত হয়। তত্তজান ও ঈশ্বরভন্তনা এই সভাব প্রধান উদ্দেশ্য। বালক দিগকে বাঙ্গালা, সংস্কৃত ও ধর্ম শিক্ষা দিবার নিমিত্ত ই হা কতুৰ্ক ১৭৬২ শকে তত্তবোধিনী সভাস্কৰ্গত তত্তবোধিনী পাঠশালা স্থাপিত হয়। ১৭৬৩ শকে ইনি ব্রাহ্মসমাজে যোগদান করেন এবং ১৭৬৫ শকে ই হার বত্ব ও বায়ে তত্তবোধিনী পত্রিকা প্রচারিত হয় এবং ঐ শকে ইনি চারিজন পণ্ডিতকে বেদাধায়ন জন্ত কাশীধামে প্রেরণ করেন। তাঁহারা কাশী হইতে প্রত্যাগমন করিলে ইনি বেদের প্রকৃত তত্ত্ব অস্থপদ্ধান করিতে যাইয়া দেখেন, বেদ বৈতবাদে পরিপূর্ণ। ইনি অক্ষয়কুমার দত্তের যত্নে বেদকে পরিত্যাগ করেন এবং ব্রাহ্মনমাঞ্চ इटेट देविषक धर्मारक विषाय एपन। त्वष विषाय इटेटन ১११२ खरन टेनि

ব্রাহ্মধর্মের করেকটা বীজ্ঞমন্ত্র সংগ্রহ করিয়া ব্রাহ্মধর্ম্ম গ্রন্থ প্রচার করেন এবং ১৭৭৮ শকে ঘোগদাধনের জন্ত হিমালয়ে যান। ১৭৮৪ জন্তে কেশবচক্র সেন আসিয়া ই হার সহিত ঘোগদান করেন এবং ব্রাহ্মধর্মের উন্নতি করিতে প্রবৃত্ত হন। ইনি নানাস্থান হইতে সংগ্রহ করিয়া এক উপাসনা-প্রণাদী সংগঠন করেন এবং তাহা পৃস্তকাকারে প্রকাশিত হয়।

১৮৮২ সালে দেবেজনাথ ঠাকুর সিংহল যাত্রা করেন। ১৭৮৩ শকে ইহার অর্থনাহাযো বাবু মনোমোহন ঘোষ কর্ত্তক মিরার পত্র প্রচারিত হয়। মনোমোহন বাবু বিলাত থাত্রা করিলে বাবু কেশবচন্দ্র সেন ঐ পত্তের সম্পাদক হন। ১৭৮৪ শকে দেবেন্দ্রনাথ ঠাকুর নিজ দিতীয় পুত্রকে দিবিল দার্বিদ পরীক্ষার জন্ম বিলাতে প্রেরণ করেন। ১৭৮৫ শকে "ব্রাহ্মধর্মের অফুষ্ঠান" নামক একথানি ক্ষুত্র গ্রন্থ প্রকাশিত হয়। এই গ্রন্থ বাহির হইলে ইনি উপবীত ত্যাগ করেন এবং ব্রাহ্মধর্ম্মতে নিজ কল্যার বিবাহ দেন। এই সময় ইনি কেশবচন্দ্র সেনকে ব্রাহ্মসমাজের সম্পাদক এবং প্রতাপচন্দ্র মজমদারকে ভন্ববোধনী পত্রিকার সম্পাদক নিযুক্ত করিয়াছিলেন। ১৭৮৬ শকে উপবীত পরিত্যাগ লইয়া ব্রাহ্মদিগের মধ্যে বিবাদ হয় এবং কেশব বাবু ভাঙ্গিয়া গিয়া একটী দল করেন। মিরার পত্রখানি এই সময় তাঁহার সঙ্গে যাওয়ায় ক্যাসক্যাল পেপার নামক একথানি ইংরাজীপত্রের জন্ম হয়। বাবু নবগোপাল মিত্রের উপর ঐ পত্রের সম্পাদকীয় ভার অর্পিত হয়। দেবেক্সনাথ ঠাকুর ঐ পত্রের বায়ভার স্বয়ং বহন করেন। ১৮৫১ খুষ্টাব্দে ভারতবর্ষীয় ইণ্ডিয়ান এলোদিয়েশন নামক সভা সংস্থাপিত হইলে ইনিই প্রথমতঃ তাহার সম্পাদক নিযক্ত হন : কিন্তু অল্প দিন পরেই ঐ পদ পরিত্যাগ করেন। এই সভায় থাকিলে ইনি এতদিন রাজা উপাধি প্রাপ্ত হইতে পারিতেন। কিন্তু ইহার ধর্মের দিকে বেশী মন থাকায় রাজা না হইয়া মহর্ষি উপাধি প্রাপ্ত হইয়াছেন।

এথান হইতে যাইতে যাইতে একস্থানে উপস্থিত হইয়। পিতামহ কহিলেন "আহা! একথানি কালী দেখ, ঘটে শুক্নো ভাব, মার হাত ভাঙ্গা, চক্ষ্ নাই, ভাঙ্গাঘরে রয়েছেন। সম্মুথে একটা পাঁটা টাঙ্গান, হালদাররমণী মল পায় দিয়া বিদিয়া আছেন। উপ, শীব্র প্রণাম কর্? বকণ! এ ঠাকুর কাহার এবং ঠাকুরের নাম কি?"

বরুণ। ঠাকুর হ'চেচ বেখা ও লম্পটের, নাম ক্লাই কালী। ব্রহ্মা। কি-?

দেবগণের মর্জো আগমন

বৰুণ। কলিকাতার অনেকে বুধা মাংস ধান না। এ জন্ত অনেক লম্পট নিজের এবং বেশ্রার ভরণ পোষণ জন্ত কলিকাতার স্থানে স্থানে এরূপ এক এক কালী মৃত্তি স্থাপন করিয়া প্রত্যহ ৫।৭টা পাঁটা জ্বাই করিয়া মাংস বিক্রেয় করে।

ব্রহ্মা। পাপিষ্ঠদের বংশ থাকে ?

বরুণ। উহাদের বংশের মধ্যে মৃত্যুকালে বংশলোচন এবং বংশাবলীর মধ্যে কলা হ'চ্চে মাগী ও পুত্র হ'চ্চে মিন্সে।

এখান হইতে যাইয়া একস্থানে উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বরুণ! এ ফুলুর বাডীটি কাহার ?"

বকণ। এটা শ্রাম মল্লিকের বাড়ী। বাড়ীটি অতি স্থন্দর এবং দরজায় দিপাই পাহারা আছে। বাড়ীর পার্থে ইহার প্রাতা শ্রীক্ষণ্ধ মল্লিকের বাড়ী। দক্ষ্প থে বাড়ীটি দাণ্ডেল বাব্দিগের। দাণ্ডেল বাব্রা ঐ বাড়ীটি বর্ণ্ কোম্পানীকে বিক্রয় করেন; তৎপরে আশুতোষ মল্লিক বর্ণ্ কোম্পানীর নিকট হইতে থরিদ করিয়া লইয়া ঐ প্রকাণ্ড বাড়ী নির্মাণ করিয়াছেন। বাটী নির্মাণসময়ে তাঁহার উৎকট পীড়া হওয়ায় স্থান পরিবর্তনের জন্ম পশ্চিমে যান, তথায় তাঁহার মৃত্যু হয়। ন্তন বাড়ীতে বাদ করা তাঁহার ভাগো ঘটে নাই।

ব্রহ্মা। আহা! দথ্ক'রে কোন বস্তু প্রস্তুত করিয়া ভোগ করিতে নাপাওয়াবড়ই ছঃথের বিষয়। তুমি এই মলিকদিগের বিষয়বল।

বকণ। ইহারা জাতিতে স্বর্ণবিণিক্। আদি বাস সপ্তগ্রাম। জয়রাম
মল্লিক বর্গীদিগের ভয়ে প্রথমে আদিয়া কলিকাতায় বাস করেন। ইহার
প্রাদের নাম পদ্দলোচন। পদ্দলোচনের পৌজের নাম শ্রামস্থলর মল্লিক।
ইহার ছই প্রা—রামক্রক ও গঙ্গাবিষ্ণু মল্লিক। ইহারা ব্যবসা করিতেন।
বাঙ্গালা, বেহার, সিঙ্গাপুর, চীন প্রভৃতি দেশে ইহাদের বাণিজ্যাগার ছিল।
ইহারা অত্যন্ত দাতাও ছিলেন। ধর্মশালা স্থাপন করিয়া শত শত অতিথিকে
আহার দিতেন। এবং স্বজাতীয় দীন ছংখীকে ভরণ পোষণ করিতেন।
রোগীদিগকে উবদ বিতরণ করিতেন। ১৭৭০ সালের মন্ধত্তরের সময় ইহারা
আটটী অল্লছত্ত খুলিয়া অকাতরে দরিজ্ঞদিগকে অল্লদান করিয়াছিলেন।
বৃন্দাবনে ইহাদের একটা ছত্ত আছে।

১৭৪৪ সালে গঙ্গাবিষ্ণু মল্লিকের মৃত্যু হয়। ইহার পুত্রের নাম নীলমণি

মল্লিক। রামকৃষ্ণ মল্লিকের ১৮০৩ সালে মৃত্যু হয়। ইহার ছই পুজ, বৈষ্ণবদাস মল্লিক ও সনাতন মল্লিক।

নীলমণি মল্লিক অভান্ত ধার্মিক ও দাতা ছিলেন। ইনি চোরবাগানের জগন্নাথজীউর ঠাকুরবাড়ী অভিথিশালা স্থাপন করিয়াছিলেন। রথের সময় বিস্তর টাকা বায় করিতেন। ইনি পুরীর যাত্রীদিগকে পথে জলর্ষ্টতে কন্ট পাইতে দেখিয়া রাস্তার মধ্যে মধ্যে গৃহ নির্মাণ করিয়া দিয়াছিলেন এবং ঐ যাত্রীদিগকে আঠার নালার পারাণীর প্রদা যাহাতে না দিতে হয়, ওজ্জ্জ্জ্য বিস্তর টাকা কালেক্টরিতে প্রদান করিয়াছিলেন। ইনি শ্রীক্ষেত্রে একটা নাটমন্দির নির্মাণ করিয়া দেন এবং কলিকাভার গঙ্গায় নীলমণি মলিকের ঘাট নামক একটা ঘাট প্রতিষ্ঠা করেন।

বৈষ্ণবদাস মল্লিকের অনেক সৎকার্য ছিল। ইনি সদাবত স্থাপন করেন, বিচ্ছালয় স্থাপন করেন এবং সমারোহে বাটীতে ত্র্গেংশ্বির করিতেন। এই উপলক্ষে ১৫ দিন নাচ তামাসা হ'ত। বিস্তর ব্রাহ্মণ পণ্ডিত বিদায় পাইত। ইনিই ফুল আথড়ায়ের স্বষ্টি করেন—যাহা হইতে এক্ষণে হাফ আথড়াই হইয়াছে। ১৮২১ দালে ইহার মৃত্যু হয়। রাজা রাজেজনাল মল্লিক ইহার পোয়পুত্র।

এই বংশের ব্রন্ধবন্ধ মল্লিক অত্যন্ত দিয়ালু ও ধার্মিক ছিলেন। ইনিই ক্লাইব বো নামক রাস্তার জমী দান করেন এবং ঐ রাস্তার পার্যে উৎকৃষ্ট উৎকৃষ্ট বাড়ী নির্মাণ করাইয়াছেন। ১৮৫৯ সালে ইহার মৃত্যু হয়। আগুতোষ মল্লিক প্রভৃতি ইহার পুত্র।

ব্রহা। সাত্তেল বাবুদিগের বিষয় বল।

বকণ। ইংবার প্রথমে কলিকাতায় আদিয়া বাদ করেন এবং হাটথোলার দন্তদিগের সহিত ব্যবদা করিয়া বিষয়ী হন। বাঙ্গালার ভিন্ন ভিন্ন স্থানে ইংাদের ২৫টা নীলের কুঠা ছিল—যাহা হইতে বাৎদরিক ৬০ লক্ষ টাকা আয় ছিল; তন্তিন্ন যথেষ্ট জমীদাবীর আয় ছিল। ইংবার হুই পুত্র—মধুস্থদন ওকালিদাদ দাণ্ডেল। মধুস্থদন চিৎপুর রোজের ধারে হুই প্রকাণ্ড বাজ়ী নির্মাণ করান। বাজ়ী হুইটিকে লোকে ইন্ডিয়ান প্যালেদ বলিত। বাজ়ী ছুইটি এক্ষণে আশুত্রেষ মল্লিক থরিদ করিয়াছেন।

এথান হইতে যাইয়া নৃতন বাজারের মধ্যে প্রবেশ করিয়া দেখেন, দোকানগুলিতে হাঁড়ী, কলগী, ফল, মূল, মংশু, তরকারী, খেলনা জব্য এবং বল্লাদি বিক্রয় হইতেছে। ছানার জগে বাজারের মধ্যে যেন বান এসেছে।

-দেবগণের মর্জ্যে আগমন

ব্ৰহ্মা। বৰুণ ! এ বাজারটীর নাম কি ?

বরুণ। এই বাজারটার নাম ন্তন বাজার। রাজা রাজেন্তলাল মরিক, বাজারটা ন্তন স্থাপিত করাতে ইংহার নাম ন্তন বাজার হইয়াছে। কলিকাতার মধ্যে এই বাজার ভিন্ন অন্ত বাজারে ছানা বিক্রয় হয় না।

এখান হইতে বাহিরে আসিয়া দেবগণ দেখেন, কতকগুলো লোক হাস্ত করিয়া কহিতেছে—"চাল কলা খেগো বামুন পেয়ে জুয়াচোর বেটা আছা ঠকান ঠিকিয়েছে—ভট্টাচার্য্য মহাশরের আর স্থান হলো না—বাটীর বাহিরে আসিয়া কানে পৈতে গুঁজে যেমন প্রস্রাবে বসেছেন, এক বেটা জুয়াচোর এনে কহিল, "ঠাকুর মহাশয়! আপনার ধন্ত সাহস, তাই গাড়ু নিয়ে রাস্তার ধারে প্রস্রাব ক'চেন। এই কতক্ষণ হাতিবাগানে দেখে এলেম, ঠিক আপনার মত বসে এক টুলো পণ্ডিত প্রস্রাব কছিল; এমন সময় একবেটা জুয়াচোর এসে, দেখুন, এমনি ক'রে গাড়ু নিয়ে পালাল।" ব'লে জুয়াচোর বেটা ভট্টাচার্য্য মহাশয়কে চক্ষণান দিয়েছেন।"

দেবগণ যথন রাস্তা দিয়া যান, এক ব্যক্তি আসিয়া তাঁহাদের হাতে কতকগুলো রাঙ্গা ছাপান কাগন্ধ দিয়া যাইল। তাঁহারা পাঠ করিয়া দেথেন, লেথা রহিয়াছে—নৃতন পুস্তক, নৃতন পুস্তক, নৃতন পুস্তক, "সংসার সহচরী" মূলা ও টাকা—পৌষ মাস মধো লইলে নিম্নলিখিত পুস্তকগুলি তৎসহ উপহার দেওয়া যাইবে। গোলকধাম ১ টাকা, রাধা বাই ॥॰, মৃক্তিতত্ব ২ আনা, হারানিধি ১ টাকা ৪ আনা, মহাভারতের সারসংগ্রহ ১৪ আনা, রামায়ণী কীর্ত্তি ১ টাকা ২ আনা, সোভজাহরণ ১ টাকা ৪ আনা, বিষ্টি পড়ে অবিরত্ত ৪ আনা ২ প্রসা, এক কল্মী, মধু ২ প্রসা, শালা মেঘে জ্বল ৮ আনা, আমারই চিস্তা ১ টাকা ১২ আনা, প্রভাসমিলন ২ টাকা ৪ আনা, আশালতা ১ টাকা, হৈমন্তিক ধান্ত ২ টাকা ৪ আনা, চোরা গরু ৮ আনা, কম্পোজ শিক্ষা ১২ আনা আরো ৩৬ থানা উৎক্রপ্ত গ্রন্থ।

নারা। মণিঅভার নিয়ে কলা দেখাবে বুঝি?

বৰুণ। না, পুস্তক দেবে; কিন্তু যে নেবে, হাতে পেয়ে কেঁদে মর্বে। উপহারের পুস্তকশুলি একপাতা—কোন খানি হুপাতা। মলাটে বিজ্ঞাপনে লেখামত মূল্য ফেলা থাকিবে এবং হুই পয়দা ভাকমান্তলে গ্রাহকের নিকট পুঁছহিবে।

बचा। वक्रण! मधूरथ ७ इम्मद वाड़ी है काहाद ?

বক্ষ মহারাজ যতীক্রমোহন ঠাক্রের। ইনি ক**লিকা**তার একজন প্রধান লোক।

ব্রহ্মা। এই বংশের বিষয় বল।

वक्ष । ইহারা ভটনারায়ণের বংশোদ্ভব। বৈশ্ববংশীয় রাজা জাদিশুর কনোজ হইতে যে পঞ্চ বান্ধাকে আনয়ন করেন, ভট্টনারায়ণ তন্মধ্যে একজন। ইহার প্রণীত মৃক্তি বিচার, প্রয়োগরত্ব, বেণীদংহার নাটক প্রভৃতি কতকগুলি পুস্তক আছে। এই বংশে হলায়ধ জন্মগ্রহণ করেন। ইনি রাজা লক্ষণসেনের मजी ছिल्म। हैशंत शूल्वत नाम विज् । विज् त घटे शूल, महस्त ७ खांत्मस । মহেক্রেব পঞ্চম পুরুষ পরে রাজারাম জন্মগ্রহণ করেন। ইনি শ্রুতিসিদ্ধান্ত পুস্তক প্রণয়ন করিয়াছিলেন। ইহার পর জগরাধ জন্মগ্রহণ করেন। ইনি বদগদাধর, ভামিনীবিলাদ এবং রেখা গণিত প্রণয়ন করেন। ইঁহার পুত্রের নাম পুরুবোত্তম বিভাবাগীশ। ইনি প্রয়োগরত্বমালা, মুক্তিচিন্তামণি, বিষ্ণুভক্তি কল্পলতা প্রভৃতি পুস্তুক প্রণয়ন করেন। ইনিই প্রথমে পিরালী নামে খ্যাত হন। কেহ কেহ বলে—পিরালী নামক একজন মুদলমান আমিনের থাত দ্রব্যের আদ্রাণ লওয়ায় ঐ উপাধি হয়। আবার কেহ কেহ বলে ইনি যাঁহাকে জামাতা করেন, সেই ব্যক্তি উক্ত আমিনের থাত দ্রব্য লইয়া থাওয়ায় ঐ উপাধি হয়। পুরুষোত্তমের পুত্রের নাম বলরাম। ইনি প্রবোধপ্রকাশ নামক পুস্তক প্রণয়ন করেন। ই হার ৬ ছ পুরুষ পরে পঞ্চানন জন্ম গ্রহণ করেন এবং ইনিই কলিকাতায় আদিয়া ফোর্ট উইলিয়ম ছর্মের নিকট বাদ করেন এবং ঠাকুর উপাধিতে বিখ্যাত হন। ইংগাজেরাও তাঁহাকে ঠাকুর বলিয়া ভাকিত। ই হার পুতের নাম জয়রাম। ই হার সময় ইটই ওিয়া কে: পানী ভাঁহার বাদস্থান লওয়ায় পাথুরেঘাটায় আসিয়া বাদ করেন। ই হার দ্বিতীয় পুত্রের নাম দর্পনাবায়ণ। ইনি বাণিচ্চা করিয়া ও ফরাসী প্রবর্গের অধীনে কর্ম করিয়া যথেষ্ট বিষয় করেন। ই হার ছই পরিবার। প্রথমার গর্ভে রাধামোহন, গোপীমোহন, কৃষ্ণমোহন, হরিমোহন, প্যারীমোহন পাঁচ পুত্র জন্মগ্রহণ করেন এবং দিতীয়ার গর্ভে লাদলিমোহন ও মোহিনীমোহন জন্মগ্রহণ করেন। গোপীমোহনের পাঁচ পুত্র, তর্মধ্য হরকুমার ও প্রদর-কুমার বিখ্যাত। মহারাজা যতীক্রমোহন ঠাকুর ও রাজা সৌরেক্রমোহন ্ঠাকুর হরকুমার ঠাকুরের পুত্র।

গোপীমোহন ঠাকুর বাড়ীতে সমাবোহের সহিত ছর্গোৎসব করিতেন

দেবগণের মর্জ্যে আগমন

এবং লাট সাহেব পর্যন্ত নিমন্ত্রণে আসিতেন। ইনি কৃতিওয়ালা রাধা গোয়ালা, লক্ষ্মীকান্ত বেহালাণার ও কালোয়াত কালী মির্জাকে বেহন দিয়া রাথিয়াছিলেন। এই মহাত্মা কর্মচারী দিগের প্রতি অত্যন্ত সদয় ছিলেন। এমন কি ই হার দেওয়ান গোঁদলপাড়ার রামমোহন মুখোপাধ্যায়কে এক খানি উচ্চ আয়ের জমীদারী প্রদান করেন—যাহা উক্ত মুখোপাধ্যায়রে পৌত্র গোণালচন্দ্র অত্যাপি ভোগ করিতেছেন। গোপীমোহন ঠাকুর ম্লাঘোড়ে হাদশশিবমন্দির ও এক কালীমূর্ত্তি ত্থাপন করেন। ই হার পাঁচ পুত্র—তর্যার, চন্দ্রক্মার, নন্দক্মার, কালীকুমার, হরকুমার এবং প্রসন্ধ্রার। হরকুমার ঠাকুর অত্যন্ত সংস্কৃতক্ত ও হিন্দু ছিলেন। ইনি দান্ধিণাতা পর্যাইন, হরত্থানি পুত্রক প্রণয়ন করেন। ১৮৫৮ সালে ই হার মৃত্যু হয়। মৃত্যুকালে মহারাজা যতীক্রমোহন ঠাকুর ও রাজা সৌরেক্রমোহন ঠাকুর নামক হই পুত্র রাথিয়া যান।

বন্ধা। আমাকে তুমি যতীক্রমোহনের জীবন বৃত্তান্ত বল।

বরুণ। ইনি ১৮৩১ খুষ্টান্দে জন্ম গ্রহণ করেন। ই হার পিতার নাম ৺হরকুমার ঠাকুর। ইনি প্রথমে হিন্দু কলেছে বিভাভ্যাস করেন ও ছাত্রবন্তি প্রাপ্ত হন। কলেজ পরিতাগের পর ইনি প্রায় তিন বৎসর কাল ভি, এল, রিচার্ড পন সাহেবের নিকট ইংরাজী সাহিত্য শান্ত অধায়ন করিয়াছিলেন। ই হার বাল্যকাল হইতেই ইংরাজী ও বাঙ্গালা ভাষা বচনা করিবার ক্ষমতা ছিল। বালাকালে ইনি অনেক কবিতা লিখিয়া প্রভাকরে প্রকাশ করিয়াছিলেন। পঠদশাতে ইনি সংস্কৃত শিক্ষা করিতে আরম্ভ করেন। পরে বিছালয় পরিত্যাগের পর অনেক দিন ঐ ভাষার চর্চ্চা করিয়াছিলেন। দঙ্গীত শাস্ত্রেও ই হার বিলক্ষণ দৃষ্টি ছিল। বেলগেছিয়ার বাগানে প্রথমে রত্বাবলী নাটকের অভিনয় কালে ই হা কর্তৃক দেশীয় কন্সার্ট বাজের প্রচলন হয় এবং ইনি নৃতন বীতি বাহির করেন। ইনি ১৭।১৮ বৎসর বয়ক্রমকালে জমীদারি শাসনের কতক ভার পিতার নিকট হইতে প্রাপ্ত হন। তৎপরে ২৩।২৪ বৎসরে পিতৃবিয়োগ হওয়ায় সমস্ত বিষয়ভার নিজ হল্তে আদে। বিংশতি বংসর বয়:ক্রমকালে "স্বভাববর্ণন" নামক একথানি কবিভাগ্রন্থ প্রচার করেন। তত্তির ইঁহার প্রণীত আরও অনেক পুস্তক আছে। যথা:--বিভাস্থলর নাটক, যেমন কর্ম তেমনি ফল, বুঝিলে কি না, উভয় সঙ্কট ৷ সংস্কৃত মালতীমাধ্য নাটক ইনিই বাঙ্গালাভাষায় অনুবাদ করেন। গীতাভিনয়: প্রথমে ইঁহার দারা প্রচলিত হয়। শক্সলা গীতাভিনয় ইনিই প্রথমে প্রণয়ন করিয়া ঐ পথ দেখান। পিতৃব্য শপ্রদার ঠাকুরের অক্রোধে ভারতবর্ষীয় সভার অবৈতনিক সম্পাদকতা পদ গ্রহণ করেন। ইনি পাব্লিক লাইবেরির মেশ্বর, মিউজিয়মের ইন্ধি এবং জ্ঞিস্ক্ অব্ দি পিস ও অবৈতনিক মাজিট্রেটর পদ প্রাপ্ত হন এবং সার উইলিয়ম গ্রে সাহেবের সময় বাঙ্গালার ব্যবস্থাপক সভার সভা পদ প্রাপ্ত হন। তিনিই ইঁহাকে রাজা উপাধি প্রদান করিয়াছিলেন। সার জ্ঞা ক্যান্থেল সাহেবের সময় পুনরায় ইনি উক্ত ব্যবস্থাপক সভার সদশ্য নিয়ক্ত হন। ১৮৬৬ অব্দের ত্রভিক্ষে ইনি প্রজাদিগকে ৭০ হাজার টাকা দান করায় গ্রহণিমেন্টের নিকট বিশেষ স্ব্যাতি লাভ করেন। অস্তান্য ভুভ কার্য্যেও ইনি যোগদান করিয়া থাকেন। যথা:—কেশবচন্দ্র সেনের আলবার্ট হল, ভাক্তার সাহেবের বিজ্ঞান সভার ইনি ট্রিটি এবং নেটিভ হাসপাতালের গ্রহণিরি পদে নিযুক্ত আছেন। দিলীর দরবাবে ইনি মহারাজা উপাধি লাভ করেন। *

ইন্দ্র। রাজা সৌরীক্রমোহন ঠাকরের বিষয়ও বল।

বকণ। ইনি ১০৪০ সালে জন্মগ্রহণ করেন। প্রথমে হিন্দু কলেজে অধ্যয়ন কবিয়াছিলেন। ১৮৫৭ সালে ইহার প্রণীত ভূগোল ও ইতিহাস ঘটিত রুত্তান্ত ছাপা হয়। ইহার যথন ১৫ বৎসর বয়ংক্রম, তথন মৃক্তাবলী নাটক প্রকাশ করেন। পৌরীক্রমোহন অত্যন্ত পক্ষী ভাল বাসেন। ইনি ক্ষেত্রমোহন গোস্থামীর নিকট বেহালা শিক্ষা করেন ও কালিদাদের মালবিকান্ত্রি মিত্র নাটক বাঙ্গালা ভাষায় অম্বর্গদ করেন। এই মহাত্মা সঙ্গীত সম্বন্ধীয় পুস্তক নানা দেশ হইতে সংগ্রহ ক্রিয়াছিলেন—যাহা হইতে ক্ষেত্রমোহন গোস্বামীর সঙ্গীতসার নামক প্রক প্রচার হইয়াছে। গৌরীক্র-মোহন বিপুল অর্থ বায়ে চিৎপুর ব্যোজে একটী সঙ্গীত বিভালয় স্থাপন করিয়াছেন। ১৮৮০ সালে ইনি রাজা উপাধি প্রাপ্ত হন।

ইন্দ্র। বরুণ। ও দিকের বাডীটি কাহার?

বরুণ। দেওয়ান রামলোচন ঘোষের। ইনি লেভি হেটিংসের দেওয়ান ছিলেন। ঐ কর্ম করিয়া বিপুল অর্থ উপার্জন করেন। রামলোচন ঘোষের

^{*} ১৯০৮ খুটাবে ইহার মৃত্যু হইরাছে। ইনি খীর প্রাতৃপুত্র মহারাজ প্রভাতকুমার ঠাকুরকে পোক্তপুত্র রূপে গ্রহণ করেন। ইনিই একণে মতীক্রমোহনের সমস্ক বিষয়ের উত্তরাধিকারী হইরাছেন।—সম্পাদক।

দেবগণের মর্ভো জাগমন

ভিন পুত্র। শিবনারায়ণ, দেবনারায়ণ ও আনন্দনারায়ণ। দেবনারায়ণের পুত্রের নাম থেলচক্ত ঘোষ। ইনি দয়া, দাকিণা ও দানের জন্ত বিখ্যাত। ইতার পুত্রের নাম আন্ন্দনারায়ণ। ধর্মতলার আনন্দ বাজারের ইনিই মালিক।

এখান ছইতে যাইয়া দেবরাজ কহিলেন, "বরুন! এ বাড়ীটি কাছার ?" বরুব! বাজা স্থময়ের।

के छ। हैं श्रंत विषय वन।

ক্ষণ। রাজা স্থমর পরম হিন্দু ও দাতা ছিপেন। ইনি ঐকেজের বাজীদিপের স্বিধার জন্ত একলক পঞ্চাল হাজার টাকা ব্যরে কটক রাজা নির্মাণ করিয়া দেন। ইনি ইংরাজ গবর্ণমেন্টের ও দিলীবরের নিকট হইতে রাজা বাহাছর উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। ইঁহার ভূতীর প্তের নাম বাজা বৈজ্ঞনাথ। ইঁহাকে লক্ত আমহারের রাজা বাহাছর উপাধি প্রদান করেন। ইনিও অত্যন্ত ধার্মিক ও দাতা ছিলেন। ইনি হিন্দু কলেজে ৫০ হাজার টাকা, কানীপুর গন্ ফাউগুরিতে ৪০ হাজার টাকা, নেটিভ কিমেল এভুকেশন ফণ্ডে ২০ হাজার টাকা, কর্জনাল টাকা, কর্জনাল টাকা, কর্জনাল টাকা, কর্জনাল টাকা, কর্জনাল টাকা করিয়াছিলেন। ইঁহার পুত্ত শক্ষার কালীকৃষ্ণ রার বাহাছর চিৎপুর হাঁদপাতালে এককালীন দুই হাজার পাঁচ শত টাকা ও মানিক একশত টাকা চালা দিরা থাকেন।

এখান হইতে দেবগণ কিয়ৎ দূরে যাইয়া দেখেন একটা লোক অভি ক্রভবেগে আদিভেছে। তাহার পরিচ্ছদাদি নিতান্ত মন্দ নহে, মন্তকে একটু দি বিও আছে। লোকটা দেবগণের নিকট আদিয়া একবার উর্ভ দৃষ্টি করিল, এবং কহিল, "দর্মনাশ! আহারান্তে একটু শয়ন করিয়া নিজা যাওয়ায় বেলাটা একেবারে শেব করিয়া ফেলিয়াছি।"

ঐ ব্যক্তি চলিয়া যাইলে দেবরাজ কহিলেন, "বরুৰ। ও লোকটা কে ।" বরুৰ। উনি একজন মোগাছেব।

ইন্দ্র। মোসাহেব কি ? এবং ইহাদের কাজই বা কি, বিশেব করিরা বল।
বরুণ। মোসাহেব শব্দের প্রকৃত আর্থ ভাবক। ইহাদের কাজ ধনী
লোকের ভব করা ও মিষ্ট কথার তাঁহাদিগকে সম্ভষ্ট রাখা। ইহারা বারু আর
শক্ষার যাহা বলেন, তাহার ভাল মন্দ বিচার না করিয়া "আক্রে" "বে আক্রে"
শব্দে সার দের। এই "আক্রে" "বে আক্রে" কথা ছটী মোসাহেবেরা সর্বাদ্য

বাবহার করে এবং ভালরপ অভ্যন্ত করিয়া রাখে। মোসাহেরদের কার্য্য প্রত্যহ বাব্র শ্যাভাগের পূর্বে এবং অপরাহে তাঁহার বৈঠকথানার আসিবার অত্যে যাইয়া আসর সরগরম করিয়া বিসিয়া থাকা এবং বাবু আসিলে গাজোখান করিয়া অভ্যর্থনা করা; মোসাহেবেরা বাবু হাঁচ্লে "জীব" বলে এবং হাই তুলিলে তুড়ি দেয়। বাবু চলিতে পাছে কট্ট পান, এজন্ত প্রত্যাব করিতে যাইবার সময় "আপনি বহুন, আমি আপনার হয়ে যাচ্চি" ব'লে মন যোগাইয়া খাকে এবং তামাক চাহিলে পাছে তাঁহার তামাক চাহিতে গলা ভাঙ্গে এই আশহার তাহারা চতুর্দ্দিক্ হইতে "তামাক দেবে" বলিয়া নিজের গলা ভাঙ্গিয়া ফেলে। ইহারা ধনী লোকের বাস্ত মৃত্ব। যে বাড়ীতে ইহাদের যাতায়াত হয়, সেথানে মৃত্বনা চরায়ে ছাড়ে না। বাব্র জীলোক আবক্তক হইলে তাহাও আনিয়া দেয়।

এশান ছইতে যাইয়া প্রদন্তকুমার ঠাকুরের বাড়ীর নিকট উপস্থিত হইলে পিতামহ কহিলেন, "বরুণ! এ বাড়ীটি কাহার ?"

বকণ। এ বাড়ীটি প্রসন্ধনার ঠাকুরের। বাড়ীর সমূখে তাঁহার বৈঠকথানা বাড়ী। ঐ বৈঠকথানার জ্মীদারী সংক্রান্ত কাজ কর্ম হইরা থাকে। তিনি মৃত্যুকালে যাবতীর বিষয় নিজ পুত্র জ্ঞানেক্রমোহনকে না দিয়া আতুশুত্র মহারাজ যতীক্রমোহন ঠাকুরকে দান করিয়া যান।

ইন্ত্র। পুত্রকে বিষয়ের উত্তরাধিকারী না করিবার কারণ কি ?

বৰুণ। কারণ জ্ঞানেক্রমোহন পিতার অনভিমতে খ্রীইথর্মাবলনী রুফবন্দ্যার কন্তার পাণিগ্রহণ করিয়াছিলেন। এই কারণে পিতা পুত্রের উপর এতদুর অসম্ভই হইয়াছিলেন যে, মৃত্যুর পূর্বে জ্ঞানেক্রমোহন আসিয়া পিতার সহিত সাক্ষাৎ করিবার অভিসাধ জ্ঞানাইলে তিনি আসিতে নিবেধ করিয়াছিলেন। পিতৃবিয়োগের পর পৈতৃক বিবয়ের উত্তরাধিকারী হইবার জন্ত জ্ঞানেক্রমোহন অনেক মকত্রমা করেন, শেবে হাইকোর্টের বিচারে দ্বির হয় যে, ষতীক্রমোহনের অবর্ত্তমানে জ্ঞানেক্রমোহন পৈতক বিবয়ের উত্তরাধিকারী হইবেন।

এখান হইতে যাইরা সকলে বীভন গার্চেনের মধ্যে প্রবেশ করিরা একখানি বেক্টে উপবেশন করিলেন, এবং পরস্থারে গল্প করিতে আরম্ভ করিলেন। দেবরাজ কহিলেন, "কলিকাভার দেখিতেছি, অনেকগুলি নন্দান্তন আছে। এ বাগানটীর নাম কি বক্রণ ?"

বৰুণ। ইহার নাম বীভন গাভেন। ছোট লাট বীভন সাছেলের সমঙ্কে

এই বাগানটা নির্মিত হওয়াতে তাঁহার নামাস্থদারে ইহার নাম হইয়াছে! এখানে সন্ধ্যার প্রাকালে কলিকাতার অনেক বড় বড় লোক অমণ করিতে আদিয়া থাকেন। মধ্যে মধ্যে বাবু কেশবচন্দ্র সেন, কালী খ্রীষ্টান এবং পাদরি ম্যাক্ডনাক্ড সাহেব এখানে আদিয়া বজুতা করিয়া থাকেন।

বাগান হইতে বাহির হইয়া সকলে বাসার অভিমুখে চলিলেন। ষাইতে যাইতে বৰুণ কহিলেন, "দমুখে দেখুন ছাতু বাবুর বাটী। ইঁহার পিতা রামচলাল সরকার চিরম্মরণীয় লোক ছিলেন।"

"রামত্লাল সরকার বিষয় করিয়া যান, কিন্ধ তাঁহার পুত্র ছাতৃ বার্, বার্গিরি ছারা দেই সমস্ত বিষয় নষ্ট করিয়াছেন। তাঁহার লাভা নাটু বার্ বিষয়কার্যে বড় দক্ষ ছিলেন। জ্যেষ্টের ন্যায় তাঁহার বার্গিরি ছিল না। তিনি উভয় প্রাতার বিষয় রক্ষার বিস্তর চেষ্টা পাইয়াছিলেন, কিন্তু সম্যক্রণে কৃতকার্য্য হইতে পারেন নাই। তবে তাঁহার জ্যেষ্টের সম্পত্তি যেরূপ নষ্ট ইয়াছে, তাঁহার নিজ অংশের সম্পত্তি সেরূপ নষ্ট হয় নাই।"

বন্ধা। সংক্ষেপে আমাকে রামছলাল সরকারের জীবনচরিত বল।

বৰণ। দমদমার অনতিদ্বস্থ বেক্জানি গ্রামে ইনি জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম বলরাম সরকার। বাল্যকালে ইহার পিত্যাত্বিয়োগ হওয়ায় কলিকাভায় মাতামহীর নিকট বাদ করিতেন। ইহার মাতামহী কলিকাভায় মদন দত্তের বাড়ীতে পাচিকা ছিলেন। রামচুলাল ঐ বাড়ীতে থাকিয়া বিভাশিক্ষা করেন এবং বৃদ্ধিবলে অচিরাৎ একজন স্থলেখক ও মৃত্র হইয়া উঠেন। প্রথমে রামত্বলাল পাঁচ টাকা বেতনে উক্ত মদন দক্তের অধীনে ্রকটী বিলস্বকারের কর্ম পান: কিন্তু তাঁহার কার্যাদকতা দেখিয়া উক্ত মদন দত্ত তাঁহাকৈ একটা শিপসরকারের কার্য্যে নিযুক্ত করিয়া দেন। এই কর্ম করিতে করিতে এক সময় রামহলাল টাল কোম্পানীর বাড়ী হইতে চৌদ হাজার টাকা মূল্যে মদনমোহন দত্তের নামে একথানি জলমগ্ন জাহাজ নীলামে থবিদ করেন। ঐ জাহাজের মালিক পরিশেষে চৌদ হাজার টাকার উপর এক লক টাকা দিয়া নিজ আহাজ ফিরাইয়া লন। এই জাহাজ রামহলাল নিজ প্রভুর অনভিমতে থরিদ করেন; কিন্তু সমস্ত টাকা লইয়া গিয়া প্রভুর চরণে অর্পিত করিয়াছিলেন। মদনমোহন ইহাতে সম্ভুট হইয়া সমস্ভ টাকা রামগুলালকে দিলেন। ঐ লক্ষ টাকাই ইহার সোভাগ্যের মূল। ঐ টাকার ব্যবসা করিয়া এত বৃদ্ধি করেন যে, মৃত্যুকালে এক কোটা, তেইশ লক্ষ টাকা রাখিয়া গিরাছিলেন।

ইনি বিশক্ষণ দাতা ছিলেন। মান্তাজ ছণ্ডিকে এক লক্ষ, হিন্দু কলেজ প্রতিষ্ঠা কালে তিন হাজার এবং প্রত্যহ প্রায় ক্ষ ক্ষ দানে १০ টাকা করিয়া ব্যর করিতেন; তদ্বিদ্ধ চারি শত আন্দাজ দরিত্র প্রতিবেশীকে প্রত্যহ আহার দিতেন। ইনি দঙ্গিত্র ব্যক্তিদিশের যথেষ্ট সাহায়া করিতেন; এমন কিণ্ তাহাদের কাহার কি কট্ট আছে, তাহার অমুসন্ধান জন্ম চাকর পর্যান্ত নিমৃক্ত করিয়াছিলেন। ই হার প্রতিষ্ঠিত বেলগাছিয়ার অতিথিশালায় অভ্যাপি সহম্র সহম্র লোক অন্ধ পাইতেছে। ইনি ২২২০০০ তৃই লক্ষ বাইশ হাজার টাকা বায়ে কাশীতে ত্রেয়াদশ্রী শিবমন্দির স্থাপন করিরা দিয়াছেন। ১২১৩ সালে ৭৩ বৎসর বয়াক্রম কালে ই হার মৃত্যু হয়। মৃত্যুকালে ইনি তৃই পুত্র এবং পাঁচ কলা বাথিয়া যান। ই হার প্রাক্ষে গাঁচ লক্ষ টাকা বায় হইয়াছিল।

ইক্র। বরুণ, সমূথে হাতীর আন্তাবলের মত ও ছটা কি দেখা যাইতেছে ? বরুণ। ও ছটি নাটকাভিনয়ের দ্ব।

ইন্দ্র। বাঙ্গালার নাটক কিরূপ ? নাটকান্তিনয় খারা বোধ হয় দেশের যথেষ্ট উপকার সাধিত হইতেছে ?

বরুণ। প্রথমে লোক ভাবিয়ছিল, ইহা ষারা যথেষ্ট উপকার হইবে।
কিন্তু, এক্ষণে দেখা যাইতেছে, উপকার না হইয়া বরং দিন দিন বিষম্ম দল
ফলিতেছে। পূর্বে শিক্ষিত লোক নাটক প্রণমন করিতেন, এক্ষণে কতকগুলি
অশিক্ষিত বা অর্ছশিক্ষিত ব্যক্তি ছই পর্মা উপার্জনের আশার ছাই ভঙ্ম
লিখিতেছে। *. তাহাদের গ্রন্থে নাটকীয় কোন গুণই লক্ষিত হয় না; আছে
কেবল কর্মগ্য গান ও কুৎসিত এয়ারকি। অপরিণতবৃদ্ধি যুবকেরা এই সকল
নাটকের অভিনয় দর্শনে উৎসয় যাইতেছে। ছই একটি সম্লান্তবংশীয় যুবক
এই থিয়েটারের নেশায় একেবারে নষ্ট হইয়াছে। আল দেখিতেছি, মেখনাদবধের অভিনয় হইবে। অতএব সন্ধ্যার পর ভোষাদিগকে অভিনয় দেখিতে
লইয়া আসিব।

বাসায় যাইয়া দেবভারা পদপ্রকালন ও সন্ধ্যা আহ্নিক সারিয়া অভিনয় দেখিতে চলিলেন। তাঁহারা বঙ্গভূমে প্রবেশ করিয়া দেখেন, দর্শকে স্থান

^{*} স্থের বিষয় আজকাল বাবু বিজেঞ্জলাল বায়, ক্লীরোদপ্রসাদ বিভাবিনোদের ফায় তুই একজন শিক্ষিত বাজি নাটক লিখিতেছেন। বাবু গিরিশচন্ত্র ঘোষ ও অমৃতলাল বহুর ঘারা বাঙ্গালা বঙ্গমঞ্চের অনেক উন্নতি সাধিত হইরাছে—সম্পাদক।

দেবগণের মর্ভ্যে আগমন

পরিপূর্ণ হইয়া গিয়াছে। ২০১ট দর্শক মছপান করিয়া আসিয়া মৃথের ছুর্গঞ্চ চাকিবার জন্ত ছোট এলাচ চিবাইতেছে। বৰুণ কহিলেন, "দমুখে ঐ যে পরদা টাঙ্গান রহিয়াছে, উহা তুলিলেই ভিতরে স্থন্দর অট্টালিকা, দেবমন্দির, পুম্পোছান প্রভৃতি দেখিতে পাইবেন।"

উপ। বরুণ কাকা, ঐ পরদাটা তুল্লেই বাগান, পুকুর হবে। কেমন ক'রে ক'বুবে ?

অভিনয়ের বিশ্ব দেখিয়া দর্শকগণ গল্প আরম্ভ করিয়াছেন। একজন অপরের কানে কানে কি বলিতেছেন, শ্রোতা তৎশ্রবণে দাঁত বাহির করিয়া হাসিতেছেন। কোন সৌখীন বাবু গ্রীম বোধ হওয়াতে তালরুস্তে বাতাদ খাইতেছেন, এবং ছোট ছোট যে ছেলে মেয়েগুলিকে সঙ্গে আনিয়াছেন "ব্ম পাবে না ত ?" বলিয়া তাহাদিগকে জিজ্ঞাদা করিতেছেন, অভিনেতাদের মধ্যে ২০ জন প্যান্টুলান চাপকান গাতে এবং টুপি মাধার ঘ্রিয়া বেড়াইতেছেন। উপ কহিল, "ঠাকুর কাকা, ঐ লোকগুলো কি নকিব সাজিবে ?"

এই সময় ঐক্যতান বাদন আরম্ভ হইল। লোকগুলো নিস্তন্ধ হইয়া শুনিতে লাসিল। তৎপরে সোঁত করিয়া যেমন পরদা উঠিয়াছে, দেবগণ আশ্চর্য্যের সহিত দেখেন, সভামধ্যে লঙ্কাধিপতি বাবণ পাত্রমিত্র-পরিবেষ্টিত হইয়া বীরবাছর শোকে বিলাপ করিতেছেন—তাঁহার তুই চক্ষু দিয়া দরদরিত ধারা বহিতেছে। যেমন পর্দ্ধা উঠিল, সেই সঙ্গে উপও উঠিয়া দাড়াইল।

বন্ধা। আহা। যেমন দাল, তেমনি কথাবার্তা।

উপ। কর্জা জেঠা, ওরা কি চোথে লহা দিয়ে জন বার ক'র্ছে ?

এই সমন্ন বীরবাহজননী আলুলান্থিত কেশে পাগলিনীর মত আসিন্না "নাধ! আমার বীরবাহ, প্রাণাধিক বীরবাহ কই ?" বলিন্না কপালে করাঘাত ও বিলাপ করিতে করিতে বমি করিন্না কেলিলেন। তথন রাবণ কহিলেন, "মন্ত্রিগণ, প্রোন্নদীকে গৃহে লইন্না যাও, উনি শোকে বড় বমি ক'রেছেন।"

এই সমরে পরদা পড়িরা গেন এবং প্নরায় ঐক্যতান বাদন আরম্ভ হইল। ইস্রে। বকণ ! রাণী চমৎকার অভিনয় করিতেহিলেন, হঠাৎ এমন হ'লেন কেন ?

বৰূপ। উনি যে স্থা পান করিয়া আদিয়া স্থাসম অভিনয় করিতেছিলেন, দেই স্থা উদর মধ্যে বাধিতে না পারিয়া বাহির করিয়া ফেলিলেন।

দেবগণ আছোপান্ত অভিনয় দেখিয়া সন্তই হইলেন। বাবণের খেলোভিতে তাঁহাদের চক্ হইতে অঞ্চ পতিত হইতে লাগিল। পিতামহ বলিলেন, "এই পুস্তুক বচয়িতা একজন স্থকবি বটে। বকুণ, ইঁহার নাম কি ?"

वक्ष । हैँ होत्र नाम माहेरकल मधुण्यन पछ ।

বন্ধা। মাইকেন। তুমি তাঁর বিষয় আমাকে বল।

वक्ष । होन ४०२७ थीः चर्य घरनाहरत्व चरुःभाजी मानवृक्षेष्ठी तारव জন্ম এইণ করেন। ইঁহার পিতার নাম রাজনারায়ণ দত্ত। ইনি হিন্দ কলেলে বিভাশিকা করেন এবং ১৬,১৭ বংসর বয়ক্রমকালে এটারান চন। ডক্ষর মাইকেন নাম হইয়াছে। খুইধর্ম গ্রহণ কবিবার পর ইনি বিশক্ষ কলেছে গ্রীক ও ল্যাটিন ভাষা শিক্ষা কবিয়া মাজাক যাত্রা কবেন। তথায যাইয়া মাল্রান্ত কলেজের প্রধান শিক্ষকের কলাকে বিবাহ করেন। ২৩ বংসর বয়ক্রমকালে ইনি ইংবাজী ভাষায় একথানি পছ গ্রন্থ প্রচার করেন এবং ঐ স্থানের "এথিনিয়ম" নামক একথানি ইংরাজী সংবাদপত্তের সহকারী শম্পাদক নিযুক্ত হন। ইনি কিছু দিন মান্ত্রাজ কলেজে শিক্ষকতা কার্য্য করিয়া সন্ত্রীক বাঙ্গনাদেশে প্রভাগিত হন এবং কলিকাভায় একটা কেরাণীগিরি কর্ম করেন। ১৮৫৮ সালে ইনি র্যাবলী নাটকের ইংরাজীতে অমুবাদ করেন। তৎপরে বর্ষিষ্ঠা, পদ্মাবতী নাটক, তিলোক্তমাসন্তব কাবা, বড়ো শালিকের ঘাছে রো. মেঘনাদবধ কাব্য, ব্রজাঙ্গনা কাব্য, কুফকুমারী নাটক এবং বীরাঙ্গনা কাবা প্রণয়ন করেন। ১৮৩২ সালে ইনি পণ্ডিত ঈশবচক্র বিভাসাগরের ষড়ে.. বিলাতে আইন শিক্ষা করিতে যান। তথার ইনি চতুর্দ্দশপদী কবিতাবলী রচনঃ करतन। हिन कीरानत रमय मनाएउ टिक्टेंब वर्ष नामक अकथानि शेष्ठ धाकः রচনা করিয়াছিলেন। ১৮৩৭ খ্রীঃ অবে মধুস্থদনের মৃত্যু হইয়াছে। অর্থাভাবে ইহার আলিপুর দাতবা চিকিৎদালয়ে মৃত্যু হয়।

কথা কহিতে কহিতে দেবগণ বাদায় আদিয়া শয়ন করিলেন। তৎপক দিন উঠিতে তাঁহাদিগের কিছু বিলম্ব হুইল। যথন দকলে উঠিয়া মৃথ হাড খৌত করিতেছেন, তথন পিতামহ কহিলেন, "বৰুণ! ঢোলকের বান্ধ বান্ধে: কোথায় ?"

বৰুণ। বাৰোইয়াবিতগায় বোধ হয় যাত্ৰা ছইতেছে, শুনিতে যাইবেন ? বন্ধা। হানি কি ? মৰ্জ্যে আৰু কিছু থাক্, না থ'ক বং তামাসা বিশক্ষণ আছে। নাবায়ণ চল, গান শুনে আসি।

দেবগণের মর্জো আগমন

নারা। আমি আর যাব না, আপনারা যান।

ইন্দ্ৰ। তুমি যাবে না কেন ?

নারা। গিয়ে কি ক'র্বো ? হয়ত গিয়ে দেখ্বো কতকগুলো ছেলেকে কৃষ্ণ বাধিকা সাজাইয়ে ননী মাথন চুরী করাইতেছে।

বৰুণ। না-না-আধুনিক দলে ওদব নাই।

নারা। যে দলটার গান হ'চেছ, আধুনিক কি সাবেক—তৃমি কেমন ক'বে জানলে?

্বক্**ণ।** সাবেক হইলে ঢোলের শব্দের পরিবর্তে খোল করতালের খচামচ শব্দ হইত।

নারা। ভবে চল।

নকলে যাত্রা শুনিতে যাইয়া দেখেন—আসরটা যাত্রার দলেই পরিপূর্ণ।
সকলের সাজ পোষাকও চমৎকার। এই সময় বালক "অভিময়া" সপ্তরথী
কর্ত্বক পরিবেষ্টিত হইয়া বিলক্ষণ বীরত্ব প্রকাশ ও তৎসহ থেদ উক্তি
করিতেচিলেন।

ইয়া বরুণ! এ যাজার দলটা ত মন্দ নহে। ইহারা থিরেটারের ন্যায় স্থন্দর অভিনয় করিতেছে। তদ্তির থিরেটারে পয়সা থরচ বাতীত কেহ দেখিতে কিংবা শুনিতে পায় না, ইহাদের অবারিত থার। ইহাদিগের থারা বোধ হয় বঙ্গভাষারও সমূহ উন্নতি হইতেছে। কারণ, ইতর শ্রেণীর মধ্যেও ইহা থারা ক্রমে সাধুভাষা প্রচলিত হওয়া সম্ভব।

যতক্ষণ না যাত্রা ভাঙ্গিল, দেবগণ দাঁড়াইয়া দাঁড়াইয়া ভানিলেন। আজিনেতাদিগের মৃচ্ছা যাওয়া দেখিয়া সকলে ধন্তবাদ দিতে লাগিলেন। নারায়ণ কহিলেন, "ইহাদের আমি এই আশ্চর্যা দেখিতেছি, দাঁড়াইয়া সটাং মৃচ্ছা বাইতেছে, অধ্বচ আঘাত পাইতেছে না।"

ব্রহা। বরুণ। এ প্রকার যাত্রার দল কভগুলি আছে এবং দলটির অধিকারীকে?

বৰুণ। এ প্ৰকাৰ যাত্ৰাৰ দল সম্প্ৰতি অনেক হইয়াছে; অনেক ভৱলোক চাকৰীৰ শোচনীয় অবস্থা দেখিয়া যাত্ৰাৰ দল কৰিতে আৰম্ভ কৰিয়াছে, তক্ষধ্যে বজমোহন বাৰ, আভতোৰ মুখোপাধ্যাৰ, গণেশচক্ৰ উকীল, মডিলাল বাৰ, বৌ-কুড়ু এবং যাদবচক্ৰ বন্দ্যোপাধ্যাৰ প্ৰভৃতি অনেকগুলি দল শ্ৰেষ্ঠ। যে দলটিৰ গান ভনিলেন, ইহাৰ অধিকাৰীৰ নাম প্ৰজমোহন

রায়। ইহার নিবাস হগণী জেলার অন্তর্গত বলাগড় ধানার সরিকটস্থ চাদড়া নামক একটি পল্লীগ্রামে। ইহার প্রথমে একটা পাঁচালীর দল ছিল, কিন্তু অপর দলের সহিত লড়াই হইলে তাহারা অত্যন্ত পিতৃ মাতৃ উচ্চারণ করিয়া গালি দিত বলিয়া ব্রজরায় কনিষ্ঠ আতা গোপীরায়ের পরামর্শে এই দলটা করেন। ই হার ন্তন হবে গান বাধিবার ক্ষমতা ছিল, তাঁহার মৃত্যুর পর অবধি গোপীমোহন বার দল চালাইতেছেন।

এখন হইতে যাইয়া সকলে সিমলার বাজারের মধ্যে প্রবেশ করিয়া দেখেন, নানা প্রকার ফল মূল এবং দোকানে উৎক্রাই উৎক্রাই বন্ধাদি বিক্রায় হাইতেছে। বক্ষ কহিলেন, "নিমলার ধৃতি বঢ় বিখ্যাত, দে ধৃতি এই বাজারেই পাওয়া যায়।"

শিমলার বাজার দেখিয়া সকলে একটা গির্জ্জার সন্ধিকটে উপস্থিত হইলে নারায়ণ কহিলেন, "বহুণ! এ গির্জ্জাটী কাহার ?"

বৰুণ। ডাব্ৰার কৃষ্মোহন বন্দ্যোপাধ্যায়ের।

हेला । वल्लाभाषाराव विका । वक्ता क्रिकात क्रीवनहिंव वन । বক্ণ। ১৮১৩ অবে কলিকাতায় জন্মগ্রহণ করেন; ই হার পিতার नाम भौरनकृष्ण वत्मापाधाम । हेनि द्यात मूल पार्ठ कविमाहितन। তৎপরে ১৮২৪ অবে হিন্দু কলেছে ভর্ত্তি হন। ১৮২৯ অবে বিদ্যালয় পরিতাাগ করিয়। হেয়ার গুলে শিক্ষকতার কার্য্য করেন। এই সমন্ন ইনি এনকোয়ারার নামক একথানি সংবাদপত্তের সম্পাদক হন। ১৮৩২ অব্বে ইনি খুটধর্ম্মের দীক্ষা গ্রহণ করেন এবং ১৮৩৭ অব্বে ধর্মমাজকের পদে প্রভিষ্ঠিত হন। ১৮৫২ অব্দে ইনি গবর্ণমেটের দাহায়ে দর্বার্থসংগ্রহ নামক গ্রন্থতার করেন। ১৮৫৩ অন্দে ইনি বিশপ কলেজের অধ্যাপক হন এবং ১৮৬৮ অন্তে কর্ম হইতে অবসর লন। ১৮৬১ অন্তে ইনি বড় দূর্লন সংগ্রহ এবং ১৮৬৫ चास अतिशान উইট निम नामक श्रष्ट श्रेकाम करवन। हिन मरम्ब রম্বংশ, কুমারসম্ভব, ভট্টিকাবা এবং ক্ষমেদ সংহিতার চীকা করিয়া মূলের সহিত প্রকাশ করিয়াছেন। এতবাতীত ই হার কুন্ত কুন্ত অনেক প্রস্থ আছে। বান্ধালীর মধ্যে ইনি একল্পন উৎকৃষ্ট ইংরাজী লেখক। ইনি ব্রিটিশ ইণ্ডিয়ান সভার একজন সভা ছিলেন। ১৮৫১ অসে বেখুন সভা স্থাপিত হইলে ইনি প্রথমে তাঁহার সভা এবং তৎপরে সহকারী সভাপতির পদে নিমুক্ত হন। হেরার সাতেবের শ্বরণার্থ যখন হৈ সভা হইরাছিল, ইনি প্রভ্যেক সভাতেই

দেবগণের মর্ভো আগমন

যোগদান করিয়াছিলেন। ১৮৫৮ অবে ইনি বিশ্বিভালয় সভার সভাপতি ছিলেন। ১৮৭৬ অবে কলিকাতা বিশ্বিভালয় হইতে ভাজার ইন্ল উপাধি প্রাপ্ত হন। এই বংসর ইনি কলিকাতা মিউনিসিণালিটীর একজন সভ্য নিযুক্ত হইয়াছিলেন। ইনি ১৫,১৬ বংসর বয়ঃক্রমকালে বিবাহ করেন। গৃইধর্ষে দীক্ষিত হইবার পর জীকে স্থলররূপে লেখা পড়া নিখাইয়াছিলেন। একণে ইহার কয়েকটী কঞা বালিকাবিভালয়ের পরিদর্শিকা পদে নিযুক্তা আছেন।

ব্রহ্মা। বরুণ, সমূথে যে চক্রোগের চিকিৎদালয় দেখা ধাইতেছে, ঐ স্থানে আমাকে নিয়ে চল না।

वक्ष। (कन?

বন্ধা। একবার চকু ছইটা দেখাইব ; কলিকাতায় আদিয়া পর্যান্ত যেন বেশী বেশী কাপ্সা বোধ হইতেছে। ও ভাক্তারটা কেমন এবং উহার নাম কি ?

বক্ব। উহার নাম কৃষ্ণহরি ভট্টাচার্য। বাড়া হুরো নামক স্থানে।
ইনি পাধ্রিয়া ঘাটার জমীদার গিরিক্সচক্র ঘোষ ও পণ্ডিত ঈশরচক্র বিভাগাগর
মহাশরের অন্ধ্রাং কলিকাতা সংস্কৃত কলেজে সন্মান ও বৃত্তি সহকারে উচ্চ
শিক্ষা সমাপন করিয়া চারি বৎসর কাল মেভিকেল কলেজের চক্ হাঁসপাতালে
কেরাণীগিরি কর্ম করেন। এই সময় হইতেই ইনি ভাজার কেলি সাহেবের
অন্ধ্রাহে লোকের বাটীতে চিকিৎসা করিয়া থাকেন। ইঁহার প্রণীত
কয়েকথানি ভাজারি পৃস্কক আছে—তয়াধ্যে চক্ চিকিৎসা পৃস্ককথানি
নেটিভ ভাজারদিগের পাঠা। কলিকাতায় বাঙ্গালী চক্ চিকিৎসকদিগের
মধ্যে নীলমাধব হালদার, লালমাধব মুখোপাধ্যায় ও কৃষ্ণহরি ভট্টাচার্য বিখ্যাত।

পদ্নবোনি উপূ'র হস্তবিত একখানি পুস্তকের প্রতি লক্ষ্য করিয়া বলিলেন "ও পুস্তকখানার নাম কি ?"

বৰূপ। টেকটাদ ঠাকুর প্রণীত "আগালের ছরের তুলাল।" টেকটাদ ঠাকুরের প্রকৃত নাম প্যারীটাদ মিত্র।

বন্ধা। আমাকে পাারীচাঁদ মিত্রের জীবন চরিত বল।

বৰুণ। ১৮১৪ খৃঃ অবে ২২ জুলাই কলিকাতার ইনি জন্মগ্রহণ করেন। ইনি প্রথমে বাঙ্গালা ও পারসী শিক্ষা করিয়া ১৮২০ খৃঃ অবে হিন্দু কলেজে প্রবিষ্ট হন। যথন ইনি কলেজের প্রথম শ্রেণীতে উন্নীত হন, তথন ১৬ টাকা করিয়া বৃদ্ধি প্রাপ্ত হইতেন। ইনি পঠদশার ভার দন পিটার গ্রাণ্ট প্রদন্ত পুরস্কার লাভ করেন। ১৮৩৬ খুঃ অবে ইনি কলের পরিত্যাগ করিয়া কলিকাতা প্ৰবিক লাইব্ৰেবির ছেপ্টা লাইব্ৰেবিয়ান হন। এই লাইব্ৰেবি পূর্বে এনগানেড বোডে ডাজার ট্র:কর বাটীতে ছিল। মুদ্রাযন্ত্রেক স্বাধীনতাদাতা সার চার্লন মেটকাফ যথন সাধারণের চাঁদাতে গঙ্গাতীরে মেটকাফ হল প্রতিষ্ঠ: করেন, তথন সেইস্থানে উঠিয়া যায়। প্যারীচাঁদ ক্রমে এই লাইবেবির লাইবেবিয়ান, সেক্টোরি ও কিউরেটার পর্যান্ত ১৮৩৭ থঃ অবে ইনি প্রসিদ্ধ বাগা জর্জ টমশনের সহিত মিলিয়া ব্রিটিশ ইপ্রিয়ান সোদাইটা নামে সভা স্থাপন করেন। ই হারই চেষ্টায় বেপুন সাহেব কর্ত্তক বেপুন স্থল স্থাপিত হয়। ইনি বালা দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়ের সহিত মিলিয়া "জ্ঞানাম্বেষণ" ও বামহগাপাল ঘোষ এবং বুসিককৃষ্ণ মল্লিকের সাহায়ো "বেঙ্গল স্পেক্টের" পত্র বাহির করেন। মাসিক পত্র নামে প্রথম বাঙ্গালা সাময়িক পত্রের ইনিই জন্মদাতা। গবর্ণর সার উইলিয়ম প্রেই হাকে বেক্স কাউন্সিলের মেশ্বর করেন। ই হারই যতে ১৮৬০ খঃ অবেদ প্রুদিণের প্রতি निष्ठेदरा निरादेश क्रम आहेन शांत हा। हिन क्रमिकारा विश्वविद्यानात्वर একজন 'ফেলো'—একজন পুরাতন জষ্টিস অব্ দি পিস্ ও অনরারি ম্যাজিষ্টেট ছিলেন। ইনি একেশ্ববাদী। ১০৮২ খঃ অব্দে পারীটাদ কর্ণেল অলকট ভারতবর্ষে আদিলে থিয়দভিষ্ট সম্প্রদায়ভুক্ত হন। ১৮৮৩ অব্দের ২৬শে নবেম্বর ই হার উদরী রোগে মৃতা হয়। "আলালের ঘরের ছলাল"নামক পুস্তক, "অভেদী," "কুবিপাঠ," "যৎকিঞ্চিং," "মদ থাওয়া একি দায়, জাত থাকে না কি উপায়," "বামাতোবিণী," "ৱামবঞ্জিকা," "আধ্যাত্মিক্" এবং বামকমণ দেন ও কোলসভয়ার্দিগ্রাণ্ট সাহেবের জীবনচরিত লেখেন। সঙ্গীতশাল্লে ইঁহার বিশেষ বাংপত্তি ছিল। ইঁহার স্বরণার্থে মেটকাঞ্চ হলে একখানি অরেন পেন্টিং ও টাউন হলে এক প্রস্তরমূর্ত্তি স্থাপিত হইরাছে।

দেবগণ মেছুয়াবান্ধার রাস্তা দিয়া ঘাইতেছিলেন, এমন সময় বীণা থিয়েটারের সম্মুখে আসিয়া উপস্থিত হইলেন।

हेखा वक्षा अ वित्रिष्ठीय काहाय ?

বকণ। থিয়েটাবটা পূর্বেক বিবর শ্রীযুক্ত বাদকৃষ্ণ বার মহাশয়ের ছিল। ইঁহার "অবসর সবোজিনী" প্রভৃতি কতকগুলি ভাল ভাল কবিতা পুত্তক আছে।

দেবগণের মর্জো আগমন

ব্ৰহ্মা। ভাল বৰুণ, রাজকুষ্ণ বাবু একজন উচ্চদরের কবি হইয়া আবার থিয়েটার কবিলেন কেন?

বরুণ। আজে, ইনি বেঙ্গল থিয়েটারে প্রহ্লাদচরিত্র প্রভৃতি উৎক্রষ্ট উৎক্রষ্ট পুস্তক লিথিয়া দিয়া ভাহাদের যেমন গোরব বৃদ্ধি করেন, ভাহারা তাঁহার ভাদুশ সন্মান রক্ষা না করায় বীণা থিয়েটারের জন্ম হয়।

ব্রহ্মা। বাজকুষ্ণ বারের বিষয় বল १

বকণ। বর্দ্ধমান জেলার অন্তর্গত রামচক্রপুর নামক একটা ক্ষ্ম পলীতে ইহার জন্ম হয়। ইহার পিতার নাম রামদাস রায়। জাতিতে তিলি। তিনি নিতান্ত দরিদ্র ছিলেন। রাজক্ষ অতি শৈশবে পিতৃমাতৃহীন হন। ইহার আত্মীয় বজন কেহই ছিল না; স্তরাং শৈশবেই অত্যন্ত হৃংখে পতিত হন এবং পরের অক্সগ্রহে সামান্ত মাত্র লেখা পড়া শিক্ষা করেন। বালাকাল হইতেই ইহার কবিতা লেখা অভ্যাস থাকায় অনেকগুলি সংবাদপত্রে কবিতা লিখিতেন, শেষে ২২ টাকা বেতনে কলিকাতার একটা ছাপাখানায় ইহার কর্ম হয়। ঐ টাকা হইতে কিছু কিছু সঞ্চয় করিয়া বয়ং প্রেস করেন এবং অবসর সরোজিনী প্রথম ও বিতীয় ভাগ, নিশীধ চিস্তা, হির্মায়ী কির্মায়ী প্রভৃতি উপজ্ঞাস ও পত্যাক্রবাদ রামায়ণ ও মহাভারত এবং তারকসংহার, হরধক্ষতক্ষ, তরণীসেন বধ, প্রহ্লাদচরিত্র প্রভৃতি নাটক লেখেন। ১৩০০ সালের ২৮ ক্ষান্তন রবিবার ইহার মৃত্যু হইয়াছে।

দেবগণ একস্থানে উপস্থিত হইয়া কহিলেন, "বা! বেশ কীর্জন গাইছে।"
নারায়ণ কহিলেন, "অনেকগুলো মাগীর গলা, বোধ হয় দম্থের এই বাড়ীটেতে
আদ্ধ আছে।" বলিয়া, দকলে উপরে উঠিয়া দেখেন, মধ্যস্থলে বেদীর উপর
এক ব্যক্তি চক্ মুক্তিত করিয়া বদিয়া আছেন। তাঁহার ছই পার্বের বেঞ্চিতে
কতকগুলি জীলোক এবং দম্থের বেঞ্চিগুলিতে প্রক্ষেরা চক্ষ্ মুক্তিত করিয়া
বিদ্যা আছে। রবিবার স্তরাং বিস্তর কলেক্তের ছেলে জীলোকদিগের
বেঞ্চির নিকট গিয়া বদিয়াছে। তাহাদের চক্ষ্ মুক্তিত নহে, কেবল এক দৃষ্টে
চাহিয়া দেখিতেছে ও মধ্যে মধ্যে চিমটি কাটিতেছে; কেহ কেহ ভাবিতেছে—
আক্ষ হ'লে হয়।

ইক্র। বরুণ! এত আহ্বাড়ী নয়? এহানের নাম কি?

বৰুণ। এ স্থানের নাম সাধারণ ব্রাহ্ম সমাজ। কেশবচন্দ্র সেন কুচবেহারে মেরের বে দেওয়াতে কভকগুলি ব্রাহ্ম তাঁহার সমাজ পরিভাগে করিয়া আসিয়া এই সমাজ নির্মাণ করে। এ সমাজটী কেশবদেনের ভারাদল।

ব্রহ্মা। কেশব সেন রাজ্জামাতা করায় কি ব্রাহ্মেরা হিংসাতে তাঁর দল ছেডে এলো ?

বরুণ। আজে না—ব্রান্ধেরা কুচবেহাবে বিবাহ দিতে নিষেধ করে, কেশববারু সে কথা শোনেন নাই, এই স্থতে মনোমালিক হওয়ায় জনেকে চ'টে চ'লে আলেন।

ইক্র। আচ্ছা—কূচবেহারের রাজা হ'চেন কোঁচ, তাঁহার কলিকাতার একটী বৈজ্ঞের মেয়ে বে করবার ইচ্ছা হ'ল কেন ?

বরুণ। স্থা ও দেখতে ভন্তে ভাল, সভা ভবা, লেখা পড়া জানা স্ত্রী কার নাইছে। হয় ?

বন্ধা। ও সব যাক্—বরুণ, কেশব সেনের দমান্ধ ও এ সমান্ধে প্রভেদ কি ? বরুণ। প্রভেদ বড় বেশী। এ সমান্ধে বাঙ্গালের ভাগ বেশী আর স্ত্রী পুরুষ একত্র উপাদনা করে। স্ত্রীলোকদিগের প্রকাশ্য স্থানে বদিয়া উপাদনা করার প্রধা উকীল তুর্গামোহন দাদ প্রচলিত কবেন।

ব্ৰহ্মা! হুৰ্গামোহন দাদের বিষয় বল।

বরুণ। ১২৪৮ সালে ইনি বিক্রমপুরের অন্তর্গত তেলিরবাগ নামক গ্রামে জন্মগ্রহণ করেন। ১২৬৪ সালে ১৬ বংসর বন্ধদে প্রদর্শনী বৃত্তি লইয়া কলিকাতা প্রেসিছেন্সি কলেন্দ্রে প্রবেশ করেন। ১২৬৭ সালে ইনি বাবস্থাপক শান্তের পরীক্ষায় উত্তরীর্গ হইয়া হাইকোর্টে ওকালতি করিতে আরম্ভ কবেন। ইহার পরে ইনি গবর্গমেন্টের উকীল হইয়া বরিশাল যান ও তথায় বিস্তর টাকা উপার্জন করেন। ১২৭১ সালে ইহার যত্তে বরিশালে ত্ইটী কাম্মন্থ বিধবার বিবাহ হয়। এই বিবাহের কিছু পূর্বের কলিকাতার ইহার বিমাতারও বিবাহ হয়া যায়। বরিশালে ইহার যত্তে একটি ব্রাহ্ম সমাজ স্থাপিত হয়। ১২৭৬ সালে ইনি কলিকাতার আসিয়া হাইকোর্টে ওকালতি করেন। ইনি অত্যস্ত দাতা এবং খ্রীশিক্ষার প্রতি ইহার বিশেষ যত্ন। ইনি ভারতসভার একজন প্রধান সাহায্যকারী।

বন্ধা। সাধারণ বান্ধ সমাজে ভাগ ভাগ লোক কে আছে ?

বক্ষ। শিবনাথ শালী, বিজয়ক্তফ গোস্থামী ইত্যাদি। শিবনাথ শালীর জন্মস্থান, মজিলপুর, পিতার নাম হারানক ভট্টাচার্য। শিবনাথ সংস্কৃত কলেজের এম, এ,—ইনি স্থপ ঐশ্বর্য যাহা কিছু বান্ধনমান্তে দিয়াছেন এবং বান্ধনমান্ত্র নিয়াই ব্যতিব্যস্ত আছেন। ইনি অনেকগুলি পৃক্তক রচনা করিয়াছেন, যথা—
নির্কাসিতের বিলাপ, পৃত্যমালা, গৃহত্থধর্ম, হিমাজিকুত্বম ও মেজো বৌ।
বিজয়কুক গোলামী শান্তিপুরের আতাবুনে গোঁসাইদের ছেলে। ইনি একজন
গোঁড়া বান্ধ, পৈতা পর্যাস্ত পরিত্যাগ করিয়াছেন।

দেবগণ সমাজগৃহ হইতে বাহির হইলে বৰুণ কহিলেন, "পিতামহ! আদ পাড়া দেখুন, এই গলির মধ্যে যত আদ্ধ ও আদ্ধিকারা বাস করে।"

বন্ধা। সন্মূখের বাড়ীটি কি ?

বৰুণ। ব্ৰাহ্ম ব্যাবাক। উহার বহিৰ্ব্বাটীতে একটী ব্ৰাহ্মমিশন প্ৰেস ও শবিবাহিত বা স্ত্ৰীহীন ব্ৰাহ্মেরা বাস করেন এবং ভিতৰ বাটীতে বিবাহিতা, শবিবাহিতা বা স্বামিহীনা ব্ৰাহ্মিকারা বাস করেন।

ব্রহ্ম। বরুণ! ব্রাহ্ম স্ত্রীলোকেরা বিধবা হলেই স্মাবার নাকি বিবাহ করে?

বৰুণ। ৰাশ্বদিগের মধ্যে বিধবা বিবাহ প্রচলিত আছে বটে—কিন্ত ওা বলে আলী বছরের বৃড়ী মাসী কি আবার বিবাহ করে। তবে ৰাশ্বদিশের মধ্যে ত্রী আধীনতা খুব বেনী। ইহাদের চালচলন ঠিক ইংরাজদের মতন। সাহেব মেমেদের মত আমী স্ত্রী হাত ধরাধরি ক'রে—কিংবা খোলা পাড়ীতে বেড়াতে যায়। সাহেবদের মতন উপাসনা-মন্দিরে স্ত্রীপুরুবে সকলে, একসন্দে, ব'সে চন্তু মুদে নিরাকার বন্ধের উপাসনা করে— হাতমোনিয়ম বাছিরে বন্ধসনীত করে।

ইন্ত। বাৰেরা কি পূজা আহিক তপ জপ কিছুই করে না?

বৰুণ। বাধামাধব ! পুতৃৰ পূজা মহাপাতক ব'লে সে সমস্ত ওয়েব নিবেধ। আন্ধ পৈতাগাছটা একেবারে অগ্নিদেবকে সমর্পণ ক'রে তবে আন্ধ সমাজে নাম লেখাতে পারেন। তবে "নববিধান" সম্প্রদায়ভূক্ত আন্দেরা অনেকটা হিন্দুগানি মানেন।

বাদ্যসাদ দেখিয়া দেখগণ লাদের বাড়ী দেখিলেন; বরুণ বলিলেন, "এই বাড়ীটী বাজা হুর্গাচরণ লার। বাড়ীটি গোরাচাঁদ দত্তের ছিল। গোরাচাঁদ দত্ত বাবুগিরিতেই বিষয় নষ্ট করেন। এত বড় বাড়ী কলিকাতার মধ্যে কাহারও নাই। বাটীর ভিতর বাগান পুকুষ প্রভৃতি আছে। আর একটু গোজা ঘাইলে ঠনঠনেতে যাওয়া যায়।"

বন্ধ। বন্ধ। আমাকে চুর্গাচরণ লার বিষয় বল।

বকণ। ইঁহার পিতার নাম প্রাণকৃষ্ণ লা। ইঁহাদের আদি বাস চুঁচ্ডার। প্রাণকৃষ্ণ লা একজন বিখ্যাত সদাগর ও সন্ধান্ত লোক ছিলেন। হুর্গাচরণ লা ১৮২৩ সালে জন্মগ্রহণ করেন। ইনি হিন্দুকলেজে বিভা লিক্ষা করিয়াছিলেন। বিভালর ছাড়িয়া ইনি বাণিজ্য ব্যবসা আরম্ভ করেন। একণে ব্যবসার ঘারার যথেষ্ট সন্ধ্রম ও বিষয় করিয়াছেন। কলিকাতার এমন ইংরাজ বাণিজ্যাগার নাই, যাহার ইনি বেনিয়ান নহেন। বাঙ্গালির মধ্যে একমাত্র ইনি পোর্ট কমিসনারের পদ পাইয়াছেন। ইনি জন্টিস্ অব্ দি পিস্, ফেলো অব্ দি ইউনিভারসিটি, মেওইাসপাতালের গ্রণর এবং বেঙ্গল নেটিভ কাউজেলের মেম্বর। ইঁহার লাতার নাম স্থামাচরণ লা। হুর্গাচরণ লা কলিকাতা ইউনিভারসিটিকে ৫০ হাজার টাকা দান করিয়াছেন। ইনি গ্রণমেন্ট বর্জুক মহারাজা উপাধি প্রাপ্ত হইয়াছেন।

নারা। ঠনঠনে কিসের জন্ম বিখ্যাত ?

বরুণ। পৃস্তক ও চটিজুতার দোকান এবং অমৃক ঘোষের জন্ম বিধ্যাত। এখান হইতে মেছুয়াবাজার খ্রীট দিয়া রাজা দিগছর মিত্রের বাটীর নিকট উপস্থিত হইলে পিতামহ কহিলেন. "এ বাজীটি কাহার ?"

বক্ষ। বাজা দিগখর মিত্রের।

ইন্ত। তুমি আমাদিগকে এই বাজার বিষয় সংক্ষেপে বল।

বকণ। ইনি ১২৯৬ সালে কোরগরে জন্মগ্রহণ করেন। ইঁহার পিডার নাম শিবচক্র মিত্র। ইনি ৮।৯ বৎসর বয়ঃক্রমকালে কলিকাভার আসিরা ইংরাজী শিক্ষা করিতে আরম্ভ করেন। ইনি প্রথমে হেয়ার মূলে, পরে হিম্ কলেজে অধ্যরন করিয়াছিলেন। ১৯ বৎসর বয়ঃক্রমকালে ইনি মুরশীদাবাদ নিজামত কলেজের শিক্ষক নিযুক্ত হন। তৎপরে রাজসাহীর কালেউরির প্রধান কেরাণী হইয়া যান। ইহার কিছু দিন পরে মুর্শীদাবাদের পাসমহল বন্দোবস্তের ভার প্রাপ্ত হন। ইহার পর কাশীমবাজারের রাজা ক্রম্নাথ য়ায়ের বিষয় সম্পত্তির তত্ত্বাবধায়ক নিযুক্ত হইয়াছিলেন। উক্ত রাজা ইঁহাকে ক্রম্কগতান দেন। ঐ টাকায় ইনি নিজের উপাক্ষিত টাকা যোগ করিয় মুরশীদাবাদে একটি রেসমের ও কোয়ার কারবার প্লেন। এই ব্যরসারে ইনি বিলক্ষণ লাভবান্ হইয়া তিনটী রেসমের কৃঠি চালাইতে থাকেন। ইহার পর ইনি ছাপ্রা জেলার তুটী নীপের কুঠি ক্রম্ব করিয়াছিলেন। এইরলে বাণিজ্য

ষারা ইনি যথেষ্ট সঙ্গতি করিয়া জমীদারি থবিদ করেন এবং কলিকানায় বাস করেন। ১৮৫১ অবে ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েসন সভা সংস্থাপিত হইনে প্রথমে ইনি ঐ সভার সভা এবং পরে অবৈতনিক সহকারী সম্পাদকের পদ প্রাপ্ত হন। ইহার পর ইনি এই সভার সভাপতি নিযুক্ত হইয়াছিলেন। ১৮৬৪ অবে ম্যালেরিয়া জরের কারণ অমুসন্ধানার্থ যে কমিসন নিযুক্ত হয়, ইনি সেই সভার সভা ছিলেন। ১৮৬৫ অবে ইনি বাঙ্গালা ব্যবস্থাপক সভার সভা নিযুক্ত হন। ইনি এ প্রদেশীয় দাত্ব্য সভার সভা ছিলেন। ইনি বাটাতে ৫০।৬০ জন দরিজ ছাত্রকে রাথিয়া প্রতিপালন করিতেন। এই উপলক্ষে মাসিক প্রায় ২০৬ শত টাকা ইহার বায় হইত। ১৮৪৬ অবে গ্রব্মেণ্ট হইতে ইহাকে সি, এস্কু আই এবং দিল্লীর দরবারে রাজা উপাধি দেওয়া হইয়াছিল; কিন্তু ইহাকে রাজা উপাধি বেনীদেন ভোগ করিতে হয় নাই।

ব্ৰশা। সকলই অদৃষ্ট !

এথান হইতে যাইয়া তাঁহারা একটা সমাজগৃহের মধ্যে প্রবেশ করিলেন। পিতামহ কহিলেন, "এ স্থানের নাম কি বরুণ ?"

বকণ। ইহার নাম ভারতবর্ষীয় বাহ্মদমান্ত। মহবি দেবেজ্মনাথ ঠাকুরের সহিত বাবু কেশবচন্দ্র সেনের মতের বিরোধ হইলে, তিনি ঐ দল হইতে বতন্ত্র হইয়া ১৭৮৮ শত্তে এই সমান্ত্রী সংস্থাপন করেন। ১৭৯১ শকে এই সমান্ত্র মন্দ্রিটী প্রতিষ্ঠিত হইয়াছে। ১২৭৭ সালে বাহ্মমন্দিরের প্রকাশ স্থানে ব্রাক্ষিকাদিগকে বসিবার আদান প্রদান করা হয়।

ইক্র। আদি বাদ্ধসমাজ এবং ভারতবর্ষীয় বাদ্ধসমাজে প্রভেদ কি ?
বরুণ। এ সমাজে পৈতাকেলা ও দাড়ি রাথা বাদ্ধ না হইলে প্রবেশায়ুমতি
নাই। দাড়ি নেথেই সেনের দল চিনিতে পারা পারা যায়। ভঙিল ই হারঃ
হবিনাম সংকীর্তন কবিয়া থাকেন।

নারা। এ সমাজ্ঞী ত বেস্।

ইন্ত্রে কেন, এঁরা যে তুকুল রাথ্চেন।

বৰুণ। তুকুল নয়, এঁরা আজকাল বেদ, কোরাণ, বাইবেল, সকল কুলই বাথ্চেন। শেষকালে যে কুলে গিয়ে কিনারা হয়।

বন্ধা। বৰুণ! কেশবচক্র সেনের জীবনচরিত বল।

বরুণ। ইনি ১৮৩৮ আবে কলিকাতায় জন্মগ্রহণ করেন্। ইনি বামক্ষল দেনের পৌত্র এবং প্যারীমোহন দেনের পুত্র। ই হার জন্ম বয়দে

পিভবিয়োগ হওয়ায় বিধবা মাভার সহিত বাল্যকাল হইতে নিরামিব থেরে খেয়ে ই হার আমিব ভোজনের প্রতি বিষেষ জারিয়া গিয়াছে। ইনি বালাকাল হইতে হিন্দ কলেন্তে বিদ্যা শিক্ষা করিয়াছিলেন। ১৮৫৫ আন্দে ইনি কল্টোলায় একটি নাইট স্থল স্থাপিত কবিয়া নিজে তাহার সম্পাদক হন। ইহার পর ইনি গুড় উইল ফাটানিটি নামক এক সভা স্থাপনা করেন। এই সময় হইতে ই হার ২ফুডা করা অভাাস হইতে থাকে। ইনি কলে পরিভাগের পর ২৫ টাকা বেতনে টাকশালে একটা কেরাণীসিরি কর্ম পাইয়াছিলেন। এই সময় হইতে ই হার ধর্মতঞা প্রবল হয় এবং দেবেক্সনাথ ঠাকুরের সহিত ঘাইয়া আলাপ করেন। ১৮৫০ অবে ইনি উক্ত ঠাকুরের সহিত সিংহল **যা**ত্ৰা করেন এবং তথা হইতে প্রত্যাগমন করিয়া ২৫ টাকা বেতনে বেঙ্গল ব্যান্তে একটা কেরাণীগিরি কর্মা লন। কিন্তু হস্তাক্ষর ভ্রম্বর থাকার অল্প দিন মধ্যে পঞ্চাশ টাকা পর্যান্ত বৃদ্ধি হইয়াছিল। এই সময় ইনি ইয়ং বেঙ্গল নামে একথানি পুস্তুক প্রচার করেন। ইহার পর ইনি ব্রাহ্মধর্ম প্রচার জন্ম বোম্বাই ও মান্তাল যাত্রা করিয়াছিলেন। ইনি জাভিডেদ স্বীকার করেন না। বিধবা ও অসবর্ণ বিবাহ প্রচলন, ব্রান্ধিকা সভা সংস্থাপন প্রভৃতি অনেকগুলি নৃত্ন নৃত্ন কাজ করিয়াছেন। ১৮৬১ অবে ইনি ধর্ম প্রচার ব্রতে ব্রতী হইয়া ব্যাঙ্কের কর্ম পরিত্যাপ করেন। এই সময় ব্রাহ্মদলের মধ্যে মতভেদ উপস্থিত হইয়া গৃহবিচ্ছেদের স্থ্রপাত হয়। ১৭৮৬ শকে ধর্মতত্ত্ব পত্রিকা প্রচার হইতে আরম্ভ হয়। এই সময় ইনি ইণ্ডিয়ান মিরারের সম্পাদক হইয়াছিলেন। ১৭৮৮ শকে সাধারণ আক্ষদিপের এক প্রকাশ্র সভা করিয়া। ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ সংস্থাপন করেন এবং ইহার কিছুদিন পরে সশিশ্র দিমলা যান। দিমলায় লভ লবেশ ইহাকে সমাদরের সহিত অভ্যর্থনা করিয়াছিলেন। এই স্থানে ইনি বিধবা বিবাহ বিধিবদ্ধ করিবার প্রস্তাব করেন। সিমলা হইতে প্রত্যাগমন সময় মূঙ্গেরে আসিয়া কিছু দিন অবস্থিতি করিয়াছিলেন। ঐ স্থানের ব্রান্ধের। ই হাকে অসমত ভক্তি দেখায় এবং ইনিও তাহাতে বাধা না দেওয়ায় অনেকের মনে সংস্থার জন্মিয়াছিল মে. কেশব বাবু অবভাব হইবার চেষ্টা কবিভেছেন। ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ অনেক দিন পর্যান্ত তাঁহার গুহে হইত, তৎপরে ১৭৯১ শকে এই ব্রাহ্ময় দিরে প্রতিষ্ঠা হইলে উঠিয়া আইনে। এ সালে কেশব বাবু বিলাতে যাত্রা করেন। বিলাতে ইনি মথেষ্ট সমাদ্য প্রাপ্ত হইয়াছিলেন এবং তথাকার লোকে ই হার

বক্ততায় যথেষ্ট প্রশংসা করিয়াছিলেন। ইনি তথায় ভারতবর্ষীয়ের প্রতি ইংলণ্ডের কর্ম্বব্য বিষয় একটা চমৎকার বক্ততা করেন। ঐ বক্ততায় দেখানকার অনেক ইংবাল বাজপুকৰ চটিয়াছিলেন। কুমারী কলেট নামক এক বমণী ইঁহার ইংলণ্ডের বক্ততা সকল পুস্তকাকারে প্রচার করিয়াছিলেন। ইনি বিলাত হইতে প্রত্যাগমন করিয়া ভারতসংস্কারক সভা সংস্ক'পিত করেন। এই সময় এক প্রদা মল্যের ফলভ সমাচার প্রচার হয়। ঐ পত্র এই সভার অধীনে আছে। এই সময় ইণ্ডিয়ানমিরার দৈনিক আকারে হয়। ইনি আলবার্ট হল নামক একটি দালান প্রস্তুত করিয়া কলিকাতার বাঙ্গালীদিগের বিশেষ অভাব মোচন কবিয়াছেন। বাঙ্গালা ভাষায় ই হার বিলক্ষণ অধিকার ছিল। ইনি বাঙ্গালা ভাষার শ্রীবৃদ্ধিকারী দিগের একজন অগ্রগণ্য। কয়েক বৎদর পূর্বেইনি কুচবেহারের বালক মহারাজের দহিত নিজ কন্তাব বিবাহ দেন। ঐ বিবাহের পর হইতে ইনি বড অন্তায় করিতেছিলেন—কখন বলেন "ঈশ্বর শিশুরে বসিয়া আদেশ দিলেন।" কথন বলেন "মকা হইতে মহম্মদ দেখা করিতে আদিয়াছিলেন এবং যিতথ্য পত্ৰ লিথিয়াছেন," তন্তির প্রতি বাৎসবিক উৎসবে একটা নুতন কাণ্ড দেখাইলেছেন এবং ক্রমে ক্রমে সমাজগ্রহে যোগ, যাগ, হোম আবিতিও আবন্ত হইয়াছে। কখন ইনি "হবি হবি হবি" বলিলে মুচ্ছা যান এবং কথন কথন "স্থী" সেজে নুতা করেন। সম্প্রতি বেদ. কোরাণ. বাইবেলের সারাংশ লইয়া নববিধানের স্বষ্টি করিয়াছেন।"

বন্ধা। লোকে সাকার ভজে নিরাকার পায়, কেশব দেখছি নিরাকার ভজে শেষে সাকার লাভ করিলেন; এ দলে কতগুলি ব্রাহ্ম আছেন?

বরণ। বেশী নাই। যে কয়েকজন আছেন, তন্মধ্যে ভাই প্রতাপচন্দ্র মজুমদার, ভাই উমানাথ গুপু, ভাই অমৃতলাল বহু, ভাই ত্রৈলক্যনাথ মিত্র এবং ভাই প্রদন্মার দেন বিখ্যাত।

ইক্স। বৰুণ! তুমি প্ৰত্যেক নামের পূর্বে এক একটি "ভাই" শব্দ যোগ করিলে কেন?

বক্ষণ ই হারা রেভারেও ভাই নামক একটা "ভাই" উপাধির স্বষ্ট করিয়াছেন এবং পরস্পর পরস্পরকে ভাকিবার সময় ঐ উপাধিতেই ভাকিয়া থাকেন।

* ১৮৮৪ খ্রী: অব্দের ৮ই জাছুয়ারি ইনি কলেবর পরিত্যাগ করিয়াছেন।

উপ। বৰুণ কাকা! বাপ বেটায় যদি আশ্ব হয়, তাহা হইলেও কি ভাই ব'লে ভাকবে ?

এখান হইতে তাঁহার। কিছু দ্বে যাইয়া কেশব বাব্ব লিলিকটে**ল** দেখিলেন।

ব্ৰমা। শিলিকটেছ কি ?

বরুণ। পদ্মকুটীর। এই পদ্মকুটীরে অনেক ব্রাহ্ম ও ব্রাহ্মিকারা বাদ ক্রেন।

এথান হইতে কিছু দূরে যাইলে পিতামহ কহিলেন, "বক্ণ! ও দিকে দেখা যাইতেছে ও বাজীটি কাহার ?

বকুণ । মহারাণী স্বর্ণমন্ত্রীর বাগান বাটী।

ব্ৰহ্মা। কোন্স্থৰ্ময়ী, সেই মস্ত দানশীল বাণী ? এ বাড়ীতে তাঁহাৰ কি হয় ? বাড়ীটিও বৃহৎ! বকণ, বাটীৰ ভিতৰ কি আছে ?

বরুণ। ভিতরে ঐ যে বড় বাড়ীটি দেখা যাইতেছে, উহাতে রাণী যথন কলিকাতায় ছিলেন, বাস করিতেন। বাগান বাটীর মধ্যে বৃহৎ বৃহৎ চারিটী পুরুরিণী আছে এবং নানাপ্রকার ফুলের গাছ আছে।

ব্রহ্মা। রাণীর এ বাডীতে কি হয় ?

বরুণ। ইহার মধ্যে তাঁহার কাছারি হয়। অনেক দরিদ্র বালককে রাণী আহারাদি ও বিভালয়ের বেতন দিয়া লেখা পড়া শেখান।

ইন্দ্র। রাণীর দেব দেবীতে ভক্তি কেমন ?

বকণ। খ্ব, বিশেষ নারায়ণের প্রতি। তিনি নারায়ণকে লক্ষ্মীনারায়ণ
মৃত্তিতে স্থাপন করিয়া দেবা করিতেছেন এবং রাধাগোবিন্দলী রূপে স্থাপন
করিয়া মনের মত ভোগ থাওয়াইভেছেন। আবার গঙ্গারধারে নিজ স্ত্রীধন
দ্বারায় বহুমূল্য ও স্থান্থ হর্ম্মা প্রস্তুত করিয়া শালগ্রাম মৃত্তি স্থাপন করিয়াছেন।
এখানে অন্তপ্রহর নহবৎ ও কাঁদর ঘণ্টা বাজে এবং অকাতরে অতিথি দেবা
হয়। দেবরাজ ব'ল্বাে কি ? রাণীর জন্য মৃর্শিদাবাদে দীন তৃঃখী নাই।

ব্ৰহ্মা। হবে না ? রাণী যে কলিব অৱপূৰ্ণা। আহা ! বৰুণ, রাণীর কভকগুলো মোটামোটী দানের কথা বল ।

বরুণ। এই রাণী ১৮৭৯ দালে মৃত রমানাথ কবিরাজের ঋণ পরিশোধার্থ ফণ্ডে ৫০০ টাকা, ত্রিটিশ এদোদিয়েদনদের বার্ষিক চাঁদা ৫০০ টাকা, কলিকাতার স্থুল বালকদিগের থাকিবার জন্ত যে হিন্দু হোটেল প্রস্তুত হয়,

ভাহার সাহায্যার্থ চারি হাজার টাকা, রাজকুমারী আলিসের শ্বরণ চিক্ত নির্শ্বাণ अग छहे हास्त्रांत होका अदर स्रांख्नांत हि. हे. हार्नम, अम कि करण दांशी मिश्रंत ফোর করিবার জন্ম তুই হাজার টাকা এককালীন দান করেন। ইনি ১৮৮০ সালে আইরিদ ফামিন বিলিফ ফণ্ডে দশ হাজার টাকা, পেটিছটিক ফণ্ডে পাঁচ হাজার টাকা দান করেন। ১৮৮১ দালে আমেরিকান ফ্যামিন রিলিফ ফণ্ডে হাজার টাকা, মেন্ট জেমদ স্থল বাড়ী নির্মাণার্থ পাঁচ শত টাকা, সংস্কৃত কলেজের চারি শান্তে যে চারি জন বালক সর্ব্বোৎক্রষ্ট হইবে, ভাহাদিগকে এতি দিবার জন্ম আট হাজার পঞ্চাশ টাকা গবর্ণমেন্টে জমা দেন, জেনারেল এন্মেব্লি নামক কলেজের যে বালক সব্বৈক্তি হইবে, তাহাকে এক বংসরের জন্ম মাসিক পঞ্চাশ টাকা হিসাবে ছয়শত টাকা দান করেন। ১৮৮২ সালে হেভারেও লাফোর্ড সাহেবের **ভরীকে পাঁচ** শত টাকা, মে'ক্ষমূলারের স্থন্ধে হেয়ার যে লেকচার দেন, তাহা ভিন্ন ভিন্ন ভাষায় অমুবাদ করিবার জন্ম বি. এম. মালাবারিকে হাজার টাকা, ইচ্ছেন মেমেরিয়েল ফণ্ডে পাঁচ শত টাকা, ইণ্ডিয়ান এসোসিয়েসনের বাড়ী নির্মাণফণ্ডে চুই হাজার টাকা, দেশীয় স্ত্রীলোক-দিগের উচ্চ শিক্ষার্থে তিন শত টাকা দান করেন। ১৮৮৪ সালে সিমলা রিপণ হাঁদপাতাল নির্মাণার্থে ছই হাজার টাকা, হাবড়ার টাউনহল বিল্ডিংফণ্ডে হাজার টাকা, বেকল টেনাম্সি বিলম্বণ্ডে ছই হাজার পাঁচ শত টাকা, ভগলি মিউনিসিপলিটাকে পাঁচশত টাকা দান করেন। ১৮৮৪ সালে ইণ্ডিয়ান এসোসিয়েসন ফণ্ডে হাজার টাকা দান করেন। ১৮৮৫ সালে কলিকাভার মেডিকেল কলেজের স্ত্রীলোক ছাত্রীদিগের জন্ম যে হোটেল নির্মাণ হয়, তাহার সাহায়ার্থে এককালীন এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা, টেনান্সি বিলের বিপক্ষে আন্দোলন করিবার জন্ত পাঁচ শত টাকা, মাহাত্মা লালমোহন ছোবের নির্বাচন ফতে হাজার টাকা, কাউন্টেস ভফরিণ ফণ্ডের সাহায্যার্থ আট হাজার টাকা, কুঠ বোগীদিগের গৃহে কুগ্রা হিন্দু রমণীদিগের নির্মাণ জন্ত আট হাজার টাকা. ১৮৮৬ সালে যে লণ্ডন একজিবিসন হয়, তাহাতে হিন্দু দ্বীলোকদিগের আবরণ রক্ষা জন্ম তিন হাজার টাকা, রোভার স্থলের সাহায়ার্থে পাঁচ শত টাকা, কেশব একাডেমীতে পাঁচ শত টাকা, লভ ইউলিক ব্রাউনের মেমোরিয়েল ফণ্ডে পাঁচ শত টাকা, দান করেন। ১৮৮৭ সালে কলিকাতা মেছিকেল ইনষ্টিটিউসনের সাহায্যার্থে পাঁচ শত টাকা, কাউন্টেস ভফরিণ ফণ্ডের সাহায্যার্থে পুনরার সাত শত সম্ভব টাকা, লগুনের ইম্পিরিএল জুবিলি ইন্স্টিটেউসন উপলক্ষো পাঁচ হাজার টাকা, বালী বিপণ হলের সাহাযার্থে হাজার টাকা দান করেন। ১৮৮৮ সালে কেশব একাডেমির সাহাযার্থে পাঁচ শত টাকা, ভকরিণ মেমোরিয়েল ফণ্ডে তিন হাজার টাকা, দার্জ্জিলিং স্বায়ানিবাস নির্মাণ জন্ম আট হাজার টাকা দান করেন। এতডিয় ক্ষু ক্ষু দানে এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা দিয়াছেন। এবং দেবগণের মর্গ্রে আগমনের সাহাযার্থে একশত টাকা দান করিয়াছেন।

উপ। ওমা। দেবগণের বেলায় এত কম?

ইন্দ্র। তুই থাম্—ভাল পিতামহ। এমন ধর্মণীলা রাণী পতিপুত্রবিহীনা কেন ?

ব্রহ্মা। ভাই, ওদৰ জ্ঞান থাক্লে কি রাণীর ধর্মকর্মে এরপ মতি থাকিত, না ভবিয়তের জন্ম অক্য পুণ্য সঞ্চিত হইত ?

এথান হইতে একটা গলির মধা দিয়া সকলে লং সাহেবের গির্জাব নিকট আসিয়া উপন্থিত হইনেন বৰুণ কহিলেন, "এইটা লং সাহেবের গির্জা। ইনি একজন বঙ্গবন্ধ ছিলেন। নীলদর্পন নাটক প্রচার হইলে ইনি নীলকরগণ কিরপ প্রজাপী দুন করে তাহা রাজপুরুষদিগের গোচর করাইবার অভিপ্রায়ে উক্ত পুস্তক ইংরাজীতে অহুবাদ করিয়া প্রচার করেন। ইহাতে ইংলিসমান সম্পাদক আপনাদিগের খ্যাতিলোপকর পুস্তক মৃত্তিত করিয়াছে বলিয়া মুলাকরের বিক্লকে কলিকাতা স্থপ্রীমকোর্টে অভিযোগ করেন। ইহাতে ১৮৬১ অন্দের জুলাই মানে মহাস্মা লং সাহেবের এক মান কারাবান এবং হাজায় টাকা অর্থপণ্ড হয়। ঐ টাকা প্রকানীপ্রসর সিংহ মহাশয় তৎক্ষণাৎ দিয়াছিলেন, লং সাহেবকে দিতে হয় নাই। লং সাহেবের কারাবান হইলে বাঙ্গানীমাত্রেই হুঃখিত হইয়াছিলেন।"

"দেবরাজ! ও দিকে দেথ মিউনিসিপান হাঁদপাতান। কনিকাতার ৰত পাহারাওয়ালা আছে এবং মিউনিসিপালিটির সামাগ্র সামাগ্র কর্মচারী আছে, পীডিত হইলে এই স্থানে চিকিৎসা করা হয়।"

এখান হইতে কিছুদূর **ষাইলে** নারায়ণ কহিলেন, "বরুণ। ওদিকের প্রটা কি ৮"

বক্ষণ। উহার নাম পণার এদাই সম বা আম্হাউদ। এই স্থানে গরীব ছঃখী দাহেব—যাহাদিগের ভবণ পোষণের কোন উপার নাই—নাম দেখাইয়া বাদ করে। গবর্ণমেন্ট তাহাদিগকে আহার দিয়া নানাপ্রকার কাজকর্ম করাইয়া

দেবগণের মর্ভো আগমন

লন। উহার ও দিকে ঐ যে বড় বাড়ী দেখা যাইতেছে, ঐথানে লেপার এনাইলম ছিল। মহাব্যাধি-বোগগ্রস্ত লোকদিগকে ঐ স্থানে রাথিয়া চিকিৎসা করা এবং পথ্যাদি দেওয়া হইত। ঐ এনাইলমটি স্থপ্রসিদ্ধ বারকানাথ ঠাকুরের অর্থে সংস্থাপিত হইয়াছিল।

ব্ৰহ্ম। দীনত্বংথীকে ঔষধ ও পথ্য প্ৰদান ত সহজ পুণ্য নহে। বকুণ, ভূমি আমাকে মাবকানাথ ঠাকুরের জীবনচরিত বল।

বক্ৰী টুনি ১২০১ সালে জন্মগ্ৰহণ করেন: ইনি ইহার পিতবা রামলোচন ঠাকুরের পোয়পুত্র। দিরবোরণ সাহেবের স্কুলে সামাত ইংরাজী শিক্ষা করিয়া শেষে নিজের বৃদ্ধিবলে শাস্তাদির আলোচনা করিয়া যথেষ্ট উন্নতি করিয়াছিলেন। প্রথমে ইনি একজন গোঁডা হিন্দ ছিলেন। পরিশেষে রামমোহন রায়ের স্হিত আলাপ হইলে বান্ধাৰ্ম গ্ৰহণ করেন। ইনিও প্ৰথমে ওকাল্ডী. তৎপরে নিম্কির কালেক্টবির সেরস্ভাদার হন। এই কার্য্য করিতে করিতে ক্রমে বোর্ছের দেওয়ান হন। অনেক দিন এই কার্য্য করিয়া শেষে কর্মত্যাগ করিয়া বাণিজ্য ব্যবসা আরম্ভ করেন। ইনি প্রথমে এই স্বাধীন ব্যবসা আরম্ভ করায় গবর্ণর লভ উইলিয়ম বেন্টিং একখানি অভিনন্দন পত্র প্রদান করিয়া-ছিলেন। ইহার পর ইনি কয়েকজন বাঙ্গালী ও সাহেবের সহিত একত হইয়া একটি ব্যাহ্ব খুলেন এবং নীল, রেশম, চিনির কয়েকটি কুঠি স্থাপন করেন। এই সময় ইনি অনেকগুলি জমীদারী থবিদ কবিয়াছিলেন। ইনি অত্যন্ত প্রোপকারী ও দাতা ছিলেন। ২৪ পর্গণার দাতব্য চিকিৎসালয়ে লক্ষ টাকা দান করেন। কলিকাতার জ্মীদার সভা ইহারই যত্নে ১২৬৫ সালে স্থাপিত হয়। ঐ সভাকে একণে ব্রিটিশ ইণ্ডিয়ান সভা কহে। ১২৪২ সালে বিলাভ যাত্র' করিলে মহারাণী ভারতেশ্বরী যথেষ্ট সমাদর করিয়াছিলেন। ইহার পর ইনি ইউরোপের অপরাপর দেশ দেখিয়া খদেশে প্রত্যাগত হন। ১২৫১ সালে পুনরায় ইনি বিলাত্যাত্রা করেন এবং নিম্ন ব্যয়ে বিলাত হইতে ভাক্তারি শিথিয়া আসিবার জন্ম ভোলানাথ বস্থ ও স্থাকুমার চক্রবন্তীকে (গুভিব চক্রবন্তী) সঙ্গে করিয়া লইয়া যান। ১২৫৩ দালে ৫২ বৎসর বন্ধক্রম কালে বেলফাষ্ট নগরে ইহার মৃত্যু হয়। কেন্সালগ্রীন নামক স্থানে ইহার সমাধি হইয়াছে। সমাধিস্কত্তে রজতফলকে লেখা আছে "১৮৪৬ খুষ্টাব্দের ১লা আগষ্ট কলিকাভার জমীদার ৰাবকানাথ ঠাকুরের মৃত্যু হইল।" বারকানাথ ঠাকুরের বেলগেছিয়ার বাগান বভ বিখ্যাত।

নারা। এ দিকে এ গলির ভিতর কি আছে?

বক্ষণ। মেউপলিটান ইনিষ্টিটিউসন। ঐ বিভালয়টি প্রথমে বিভাসাগর ও ঠাকুরদান চক্রবর্ত্তী প্রভৃতি কয়েক জন শুম্লান্ত লোকের যতে টেণিং স্থল নাম দিয়া সংস্থাপিত হয়। ক্রমে ম্যানেজারদিগের মতের অনৈক্য হওয়ায় বিভালয়টা ছই ভাগে বিভক্ত ইইয়াছে। এক ভাগের নাম মেউপলিটন ইন্ষ্টিউসন—ইহার তত্বাবধান ভার বিভাসাগর মহাশয়ের উপর ছিল। অপর ভাগের নাম টেণিং একাডেমি—ঐ অংশের ঠাকুরদাস চক্রবর্ত্তী তত্বাবধান করিতেন।

এই সময়ে কুঁকড়ো ভাকার শব্দ শুনিয়া পিতামহ কহিলেন, "কলিকাতার মুসলমান পাড়ায় এলাম নাকি ১"

বঞ্চণ। আজ্ঞে না, রমাপ্রদাদ রায়ের বাটীর নিকট আদিয়াছি।
রমাপ্রদাদ রায়ের পূত্র হরিমোহন রায় বড় ব্যবদাদার লোক; কুঁকড়োগুলোর
বেশী বাচ্ছা হয়, এজতা কুঁকড়ো পুরিলে লাভ হইবার আশায় তিনি অসংখ্য
কুঁকড়ো পুরিয়াছেন। এই দেখুন বাবুর কদাই কালী, তাহার পর রয়াল
হোটেলে একজন চাচা কুঁকড়ো জ্বাই করিতেছে। তাহার পর সঙ্গীন
পাহারা বাবুর বাটী। ও দিকে দেখুন, বাবু দোকান ঘরে বিদিয়া সটকায়
ভামাক থাইতেছেন।

নারা। বাবুর আশে পাশে বিস্তর ঝাঁকড়া চুলো ছেলে ব'সে, উহারা কারা?

বকুণ। বাবুর একটা যাত্রার দল আছে, ছেলেগুলো সেই দলের বালক।
এথান হইতে দেবগণ একথানি ছেক্ড়া গাড়ী ভাড়া করিয়া একেবারে
নিমতলায় ঘাইয়া উপস্থিত হইলেন।

हेक्स वक्षा अञ्चादन नाम कि ?

বক্ষণ। এ স্থানের নাম নিমতলা। ও দিকের ঐ দামান্ত বাটীতে আনন্দময়ী নামে কালীমূর্ত্তি আছেন। ঐ গৃহে ছটী কুঠারি আছে, কুঠারিছয়ের মধ্য দিয়া একটী নিমগাছ উঠায় এ স্থানের নাম নিমতলা হইয়াছে। ঐ দেবীমূর্ত্তি শিবকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় নামক এক ব্যক্তির। দেবালয়টি একথানি ভালুক বিশেষ।

ব্ৰহ্মা। বৰুণা এই বংশের বিষয় বল।

বক্ধ। দেওয়ান বাধামাধ্ব বন্দ্যোপাধ্যারের আদি বাস কাদিচাটি।

ইনি গবর্ণমেণ্টের পাটনার আফিংয়ের কৃতির দেওয়ান ছিলেন। ঐ কর্ম করিয়া বাধামাধন যথেষ্ট নিষয় করেন।ইনি নিমতলার লানের ঘাট ও আনন্দম্মীর মন্দির নির্মাণ করিয়া দেন। ইহার পাঁচ পুত্র —নবক্রফ, গোপালক্রফ, শিবক্রফ ও তারাক্রফ। শিবক্রফ কলিকাতার মধ্যে একজ্বন প্রতাপান্ধিত জমীদার ছিলেন। ইনি বেশ ইংরাজী জানিতেন। যথন রাজা দিয়া বগী হাকাইয়া যাইতেন, যে সন্মুথে পড়িত চাবুক মারিতেন। ইনি শেষে জালিয়াৎ মকদ্মায় ১৪ বৎসরের জন্ম স্বীপাস্করিত হন। যথন থালাস হইয়া দেশে প্রত্যাগমন করেন, পথিমধ্যে তাঁহার মৃত্যু হয়।

কিছুদ্ব যাইয়া তাঁহারা একটা বাড়ীর সম্থে আসিয়া উপস্থিত হইলেন।
বকণ। পিতামহ! নিমতলার মথ্রমোহন সেনের বাড়ী দেখন। ইহারা
জাতিতে স্বর্গবিণিক। ইহার পিতার নাম জ্বয়মণি সেন। ইনি কলিকাতার
মধ্যে বিথাতে পোন্দার ছিলেন! ইনি প্রকাণ্ড বাড়ী নির্মাণ করিয়া গবর্ণমেন্টের
বাড়ীর ক্লায় চারিটি গেট প্রস্তুত করান। এক্ষণে এই বাটার ধ্বংসাবস্থা।
বাটার সংলগ্প ঠাকুরবাটা ও জুলবাগান অভাপি বর্ত্তমান আছে—যাহাকে মথ্র
সেনের জুলবাগান কহে। মৃত্যুকানে ইনি অল্পমাত্র বিষয় রাথিয়া যান।

এথান হইতে দেবগণ একটি ঘাটে যাইয়া উপস্থিত হইলে বৰুণ কহিলেন, "এই ঘাটের নাম নিমতলার ঘাট। ঘাটের এক দিকে স্ত্রী, অপর দিকে পুরুষেরা সান করে, মধাস্থল দিয়া ড্রেনে ময়লা নির্গত হয়। দক্ষিণ দিকে দেখুন, নিমতলার মড়াঘাট। এক সময় এই ঘাটে কলে মৃতদেহ সংকারের ব্যবস্থা করিয়াছিল; কিন্তু স্প্রসিদ্ধ রামপোপাল ঘোরের বক্তৃতার চোটে হইতে পায় নাই।

বন্ধা। কলে মড়া পোড়ান প্রচলিত হইলে বড় অক্সায় হইত। রাম-গোপাল ঘোষের বক্ষুতা-শক্তিকে ধন্তবাদ করি। তুমি আমাকে তাঁহার বিষয় কিছু শ্রবণ করাও।

বরুণ। ইনি জাতিতে কায়স্থ। ১২২১ সালে কলিকাতায় ইঁহার জন্ম হয়। পিতার নাম গোরিন্দচক্র ঘোষ। প্রথমে ইনি সিরবোরণ সাহেবের স্থলে, পরে হিন্দুস্থলে বিভা শিক্ষা করেন। বিভালয় পরিত্যাগের পর একজন ইংরাজ সদাগরের কৃঠিতে কর্মে নিযুক্ত হন এবং ক্রমে ক্রমে ঐ সদাগরের মৃক্ত্দি পর্যান্ত হইয়াছিলেন। এই সময় ইনি স্থানে স্থানে বক্তৃতা করিয়া সক্ষা বলিয়া প্রসিদ্ধ হন এবং সংবাদপত্রে রাজনৈতিক ও সামাজিক বিবরের আন্দোলন করিতে থাকেন। ইনি ইংরাজ বণিক্ দিগকে সম্ভট করিয়া শেষে অংশীদার হন এবং নিজ নামে কৃঠি করেন। ১২৫২ সালে ইনি বণিক্-সভার সভা হইয়াছিলেন। ইহার দানও যথেষ্ট ছিল। ইনি একবার নির্দিষ্ট পরীক্ষোন্তীর্ণ ছাত্রগণকে হাজার টাকার পারিতোষিক দিয়াছিলেন এবং মার্সমান সাহেবের ভারতবর্ধের ইতিহাস এক শত থও ক্রেয় করিয়া বালক দিগকে বিতরণ করিয়াছিলেন; ভঙ্তিয় হিন্দু কলেজে ছাত্রদিগকে বৎসর বৎসর বহু-সংখ্যক সোণা রূপার পদক দিতেন। ইহাকে কলিকাতার ছোট আদালতের জজের পদ দিবার প্রস্তাব হইলে অস্বীকার করেন। ১২৫৫ সালে ইনি কলিকাতার ভিষ্টিক্ত দাতব্য চিকিৎসালয়ের মেম্বর হইয়াছিলেন। ১২৭৫ সালে ইহার মৃত্যুকালে ইনি তিন লক্ষ টাকার বিষয় রাখিয়া যান, তন্মধ্যে বিশ হাজার টাকা ভিষ্টীক্ত দাতব্য চিকিৎসালয়ের এবং চরিশ হাজার বিশ্ববিভালয়ে দান করেন। বন্ধুগণের নিকট ইহার যে চরিশ হাজার টাকা পাওনা ছিল—তাহা এককালে ছাভিয়া দেন।

ব্ৰহ্ম। আহা। ইনি যথাৰ্থ দাতা ছিলেন।

গঙ্গার ধারে গিয়া দেবগণ একটা ঘাটে উপস্থিত হইলে পিতামহ কহিলেন, "এ ঘাটটা বড স্থান্দর। এ ঘাট কাহার বরুণ ?"

বরুণ। এ ঘাটটা প্রসন্ধুমার ঠাকুরের। মহারাজ যতীক্রমোহন ঠাকুর কর্ত্তক স্থব্দর করিয়া মেরামত করিয়া দেওয়া হইয়াছে।

বরুণ ইহার পর দেবগণকে লইয়া গবর্ণমেণ্ট ডাক্তারখানার নিকট উপস্থিত হইলেন এবং কহিলেন, "পূর্বে এই ডাক্তারখানাটি টাদনিতে ছিল, তখন বেলি সাহেব ইহার ডাক্তার ছিলেন। তৎপরে প্রসন্ধর্মার ঠাকুর প্রভৃতির যত্তে টাদা ঘারা এই বাড়ীটি নির্মাণ করা হইয়াছে।" এখান হইতে দেবতারা পাটের গাঁটক্সা কল দেখিলেন।

বরুণ। পিতামহ। কবির গান হ'ক্রে—ভন্তে যাবেন ?

अका। शनि कि, ठल ना।

বকণ তৎশ্রবণে দেবগণকে লইয়া বারোইয়ারিতলায় উপস্থিত হইলেন; দেখেন, লোকের ভিড়ে যাতায়াত করা ফ্কঠিন। তাঁহারা অতি কটে ভিতরে প্রবেশ করিয়া দেখেন. অন্থ আর্কফলা-মস্কক ব্রাম্মণপণ্ডিত প্রোভার সংখ্যাই বেশী।
এই সময় কবিওয়ালারা ঢোলের বান্থের সহিত তালে তালে নাচিতেছে। দেবতারা উহাদিগের আহ্লাদের অক্তকীর সহিত নৃত্য দেখিয়া হান্থ করিতে লাগিলেন।

দেবগণের মর্ডো আগমন

এই সময় এক ব্যক্তি একথানি বেরাটোপ-ঢাকা বৃহৎ থাঁচা হস্তে চুম্কূড়ী দিতে দিতে দেবগণের নিকট দাঁড়াইল এবং এ-দিক ও-দিক্ চাহিয়া দেখিয়া "পড় বাবা আত্মারাম" বলিয়া চলিয়া যাইল। বকুণ কহিলেন, "ঐ লোকটা ছুতাচোর। থালি থাঁচা আনিয়াছে, এক থাঁচা ছুতা বোঝাই ক'রে নিয়ে যাবে।"

দেবগণ কবি শুনিয়া অত্যন্ত সম্ভষ্ট হইলেন। যতক্ষণ না ভাঙ্গিল, বাসায় যাইলেন না। পিতামহ কহিলেন, "দেখ বৰুণ, যাত্ৰা ও থিয়েটার দেখা অপেক্ষা কবি আমার বড় ভাল লাগিল। গানগুলি কেমন হুরদাল ও কবিছে পরিপূর্ণ।"

বরুণ। আজে এক সময় এই কবির দলের যথেষ্ট সমাদর ছিল। সেই সময় অনেকগুলি স্থপ্রসিদ্ধ কবিওয়ালা জন্মগ্রহণ করেন।

বন্ধ:। তুমি বিখাত কবিওয়ালাদিগের নাম উল্লেখ কর।

বরুণ। ঐ কবিওয়ালাদিগের মধ্যে রাম বস্থু একজন বিখ্যাত। ইনি জাতিতে কায়স্থ। কলিকাতার পশ্চিম পারস্থ শালিথায় জন্মগ্রহণ করেন। বাল্যকালে ষোডাস কোম্ব প্রারাণদী খোষের বাটীতে ইনি ই হার পিতার নিকট বাদ করেন। ইনি অনাকবি ছিলেন। কারণ পাঁচ বৎসর বয়:ক্রমকাল হইতেই কবিতা বচনা করিতেন। ভবানী বেণে নামক একজন কবিওয়ালা ইহার নিকট হইতে গান বাঁধিয়া লইতেন। ইনি যৎসামান্ত ইংরাজী শিক্ষা করিয়া প্রথমে কেরাণীগিরি কর্ম করেন, তৎপরে কর্ম পরিত্যাগ করিয়া কবির দলে গান বিক্রয় করিয়া অর্থোপার্জন করিতে থাকেন। ভবানী বেণে, নীলুঠাকুর, মোহন সরকার, ঠাকুরদাস সিংহের দলেও ইনি গান দিতেন। পরিশেষে স্বয়ং একটা দল করেন। তাঁহার নিজের দল হইলে বাঙ্গালার সর্বত্রই লোকে সমাদরের সহিত ভাকিতে লাগিল। ১২৩৫ সালে ৩২ বৎসর বয়াক্রমকালে ইহার মৃত্যু হয়। হরুঠাকুর কলিকাতা সিমলার ১১৩৬ সালে জন্মগ্রহণ করেন। ইহারা জাভিতে ব্রাহ্মণ বলিয়া ঠাকুর উপাধি হয়। ইনি প্রথমে গান বাঁধিলে রঘুনাথ দান সংশোধন করিয়া দিতেন। 10 বৎসর বয়সে ইহার মৃত্যু হয়। নুত্যানন্দ বৈবাগ্য চন্দননগরে জন্মগ্রহণ করেন। ৬০ বৎসর বয়ঃক্রমকালে ইহার মৃত্যু হয়। ভবানী বেণে কলিকাতা যোড়াসাঁকোয় জন্মগ্রহণ করেন এবং १ • বৎসর वयरम याता थान । वनवाय,—हेशांव वाफ़ी क्लननभरव हिन । नीन अवरः রামপ্রসাদ ই হারা ছই আতা। ই হাদিপের কলিকাভার দল হয়। ই হাদিপের উপাধি চক্রবর্তী। নীলুর ৬০ এবং রামপ্রসাদের ৮০ বৎসর বয়সে মৃত্যু হয়। ভোলা ময়রা কলিকাভা সিমলায় জন্মগ্রহণ করেন। ৭২।৭০ বৎসর বয়ক্রম কালে ই হার মৃত্যু হয়। একণে ই হার উত্তরাধিকারিগণ দল চালাইভেছেন। রামচরণ বস্থা কলিকাভায় জন্মগ্রহণ করেন। ইনি জয়নারায়ণ বস্থার প্রথম প্রা। রামস্থান্দর স্বর্ণকার,—ইনি পূর্বেকেরাণীগিরি কর্মা করিছেন, ৮০ বৎসর পর্যান্ত জীবিত ছিলেন। এই সময় এন্টনি সাহেব প্রভৃতি আরপ্ত কয়েক বাক্তির করিব দল ছিল।

এই সময় কবি ভাঙ্গিল। ও দিকে "মার, মার" শব্দ আরম্ভ হইলে লোকগুলো নেইদিকে ছুটিতে লাগিল। দেবতারাও "কি কি!" শব্দে ঘাইয়া শুনিলেন—জুতাচোর এক থাঁচা জুতা চবি ক্রিয়া ধরা পড়িয়া মার থাইতেছে।

দেবগণ বাদায় আদিয়া দেখেন, উপ একখানি ইংরাজী পত্র খুলিয়া বাঙ্গালা ভাষায় তরজমা করিতেছে। দেবতাবা উপবেশন করিয়া কহিলেন, "উপ'র যে আজ লেখা পড়ায় বড় যত্ন! এক মনে বদিয়া কি লিখিতেছে। ও কাগজখানার নাম কি ?"

উপ। হিন্দুপেটি যট।

ব্ৰহ্মা। কিং

বৰুণ। হিন্দুপেটি মট। অপ্রসিদ্ধ বাবু ক্লফদাস পাল ইহার সম্পাদক।

ব্ৰহ্ম। বাঙ্গালীতে এত বড় খবরের কাগজ্ঞানা প্রভাষায় লেখেন—ইনি ত কম লোক নন।

বরুণ। আজে একণে অনেক বাঙ্গালী ইংরাজী সংবাদপত্র লিখিতেছেন; বাবু নরেজনাথ দেন প্রাত্যহিক "মিরার" পত্র ও শ্রীয়ৃত স্থরেজনাথ বন্দ্যোপাধাায় "বেঙ্গলী" বাহির করিয়াছেন। পেটিয়ট কাগজখানি বছদিনের। প্রথমে ইহা শহরিশ্চন্দ্র মুখোপাধ্যায় বারা সম্পাদিত হয়; তৎপরে বাবু রুঞ্গাস পাল ইহার ফুম্পাদকতা ভার গ্রহণ করিয়াছিলেন। পেটি রুট বারা দেশের যথেষ্ট উপকার হইয়াছে, ইহাতে রাজ্নৈতিক বিষয় সকলেরই বিশেষ আন্দোলন করা হয়।

ব্ৰহ্মা। তুমি আমাকে কৃষ্ণদাদের জীবনচরিত বল।

বরুণ। ইনি ১৮৩৮ অব্দে কলিকাতার জন্মগ্রহণ করেন। ইনি প্রথমে ওরিয়েন্টাল দেমিনারীর বাঙ্গালা পাঠশালার লেথা পড়া শিথেন। ১৮৪৮ অব্দে পাঠশালার পরীক্ষায় দর্বোৎকৃষ্ট হইয়া এক রোপ্য পদক প্রাপ্ত হন এবং ঐবংসুরেই ঐ বিভাগয়ের ইংবাজী বিভাগে পড়িতে আরম্ভ করেন। ১৮৫২ অব্দে

ইনি ক্লি ডিবেটিং ক্লবের সভাপদ প্রাপ্ত হন। ইহাতে ইংরাজী ভাষার বক্তৃতা করিবার ক্ষমতা জন্মে। ইহার পর ইনি মিল নামক একজন পাদরি সাহেবের নিকট বাইবেল পাঠ করেন। ১৮৫৫ অবে মেট্রপলিটন কলেজ সংস্থাপিত হইলে ইনি এ কলেন্তে ভর্তি হন এবং ১৮৫৬ অস হইতে ইনি ইংরাজী পত্তে লিখিতে আরম্ভ করেন। ১৮৫৭ অব্দে কলেজ পরিত্যাগ করেন এবং ঐ বংসবেট ব্রিটিশ ইণ্ডিয়ান সভার সহকারী সম্পাদক এবং ইহার কিছদিন পরে হিন্দুপেটি য়টের লেথক হন। ১৮৬০ অব্দে ঐ কাগজের সম্পাদক হইয়াছিলেন। ১৮৬৩ অবে ইনি অবৈতনিক মাজিটেট ও ১৮৭৬ অবে মিউনিসিপাাল কমিসনার এবং ১৮৭৭ অব্দে বাঙ্গালার বাবস্থাপক সভায় সদস্ত নিযক্ত হন। ইনি একজন সহজা, ১৮৬৭ অবের চর্ভিক্ষমকে ইঁহার বক্ততা, ১৮৭০ অবের ইনকম ট্যাক্সের বিক্ষে বক্ততা এবং বাঙ্গালা ব্যবস্থাপক সভার কতকগুলি বক্ততা বিশেষ উৎকৃষ্ট ও গণনীয়। ইনি অনেকগুলি কৃত্ৰ কৃত্ৰ পুস্তক লিথিয়াছেন। ১৮৬৬ অব্বে ইনি নব্য বাঙ্গালীদিগের পক্ষমর্থন করিয়া যে প্রস্তাব লেখেন, তাহা পুস্তকাকারে প্রকাশিত হইয়াছে। ১৮৫২ অবে ইনি "বিদোহ ও প্রজামগুলী" নাম দিয়া একখানি প্রস্তুক প্রকাশ করিয়াছেন। এ পুস্তকে, এদেশীয়েরা যে রাজভক্তিবিহীন নহে, তাহা স্থাদররূপে দেখান হইয়াছে। ১৮৬ অবে ইনি নীলের চাব এবং ১৮৬ঃ অবে জলের কল সহজে ২;১ টা প্রবন্ধ দিখিয়া প্রকাশ করেন। ১৮৭৩ অবে ই হাকে ১৫৪০ শত টাকা বেতনে কলিকাতা মিউনিসিপালিটীর সহকারী সভাপতি পদ প্রদানের প্রস্তাব হইলে ইনি ঐ পদ গ্রহণে জনিচ্ছা প্রকাশ করিয়া বলেন "কোন বিশেষ কার্য্যে নিয়ক্ত হওয়া অপেকা আমি প্রকৃত স্থদেশামুরাগীর ন্যায় দেশের সাধারণ হিডকর কাৰ্য্যে আজীবন নিযুক্ত থাকিতে ইচ্ছা করি।" ইঁহার মৃত্যুতে দেশের বিশেষ ক্ষতি হইয়াছে।

ব্ৰহা। সাধু! সাধু!

ইন্দ্র। দেথ বরুণ ! এপ্রকার মহাত্মাদিগের জীবনচরিত ভূনিলে মনে বড় আইলাদ হয়, তুমি হরিশ্চক্র মূথোপাধ্যায়েরও জীবনচরিত বল।

বৰুণ। ইনি ১২৬১ সালে ইংরাজী ১৮২৪ খুটাব্দে ভবানীপুরে জন্মগ্রহণ করেন। ইনি কুলীন ব্রাহ্মণের পুত্র। এজন্ম মাতুলালয়ে ই হার জন্ম হয় এবং সেই স্থানেই প্রতিপালিত হন। বাল্যকালে ভবানীপুরের একটা ইংরাজী বিভালরে অধ্যয়ন করেন এবং বিভালয় পরিত্যাগের পর কোন আফিলে আট

টাকা বেতনে একটা কর্ম পান এবং কার্যাদকতাগুণে এক বংসর পরে ঐ আফিসে এক শত টাকা বেতন বুদ্ধি হয়। ক্রমে ইনি মিলিটারি অভিটের সম্মানস্ক্রক পদ পর্যান্ত প্রাপ্ত হইয়াছিলেন। "হিন্দু ইন্টেলিজেন্সর" নামক একথানি সাপ্তাহিক পত্রে ইনি রীতিমত লিখিতেন। কিন্তু সম্পাদকের সহিত বিবিধ কারণে বিবাদ হওয়ায় ঐ পত্তে লেখা বন্ধ করেন। ইহার পর পেটি য়ট পত্তের সৃষ্টি চইলে ভাচাতে লিখিতে আরম্ভ করেন। কিন্তু সম্পাদকের ক্ষতি ছওয়ায় তিনি কাগভের সত্ম হরিশ বাবুকে বিক্রয় করিয়াছিলেন। হরিশবাবুর যতে এই কাগজের যথেষ্ট আয় হয় এবং ইহা দেশবিখাত হইয়া উঠে। সিপাহী বিলোহের সময় যথন রাজপুরুষেরা দলেত করেন যে, বাঙ্গালীরাও রাজবিলোহী হইয়াছে, তথন গুদ্ধ এই হরিশ বাবুর লেখায় তাঁহারা জানিতে পারেন যে, বাঙ্গালীর স্থায় রাজভক্ত ছাতি দিতীয় নাই। ইনি ভবানীপুরে একটা সভা কবিয়াছিলেন। ঐ সভায় কঠিন শাল্ত সকলের আন্দোলন হইত। নীলকর দাহেবদিগের অত্যাচার হরিশ বাবুই নিজ পত্রে লিথিয়া গবর্ণমেন্টের কর্ণগোচর করেন এবং এই উপলক্ষে যথেষ্ট কষ্ট স্বীকার ও অর্থ ব্যন্ত করেন। ইনি ব্রিটিশ ইপ্রিয়ান সভার একজন সভা ছিলেন। ইনিই ঐ সভা স্থাপনের প্রধান উল্যোগী। ভারতবাদীর তুঃথ ইংল্ডীয় মহাসভার গোচর করা এই সভার প্রধান উদ্দেশ্য। ১৬৬৪ সালের ১১ই আষাত ই হার মৃত্যু হয়।

নারায়ণ এই সময় কহিলেন, "দেখ বরুণ, আমার শরীর এমন পাণ্ডুবর্ণ হইল কেন ? মুথ দিয়ে অনবরত জল উঠিতেছে, ইহার কারণ কি ?"

বকুণ। ভোমার লোণা লাগিয়াছে।

লোণা লাগার কথা শুনিরা দেবগণ শহিত হইয়া বরুণের মৃখের দিকে চাহিতে লাগিলেন। পিডামহ কহিলেন "রঁটা! লোণা লেগেছে? লোণা লাগা কি? লোণা লাগাতে প্রাণহানি হয় নাত ?"

বৰুণ। না—উহাতে কোন ভয় নাই, স্বৰ্গ মিঠে দেশ এবং কলিকাত। লোণা দেশ, এজন্তই লোণা লাগিয়াছে।

ইন্দ্র। আমারও লোণা লেগেচে, একণে ইহার ঔবধ কি ?

বৰুণ। ঔষধ—শীত্ৰ পলায়ন কৰ, নচেৎ যত গ্ৰীম বাড়িবে, লোণা লাগাও ভত বৃদ্ধি হইতে থাকিবে।

ব্ৰহ্মা। বৰুণ! তুমি যত সম্বর পার, কলিকাতা দেখাইয়া আমাদিগকে অর্গে লইয়া চল।

দেবগণের মর্জ্যে অাগমন

আহারান্তে নারায়ণ ও দেবরাজ বিমর্বভাবে শন্ত্রন করিলেন দেখিরা পিতামহ কহিলেন "তোমরা উদ্বিধ হইও না, কোন পীড়া হইলে চিস্তা করিলে রোগের শান্তি না হইয়া বৃদ্ধি হইবারই সন্তাবনা। তোমাদের ভয় কি ? স্বর্গে যাইলে ধ্যস্তবি হুই দিনে ভাল করিয়া দিবেন। উপ! হু একথানি বাঙ্গালা পুস্তক পাঠ কর্ শোনা যাক্।" উপ তৎশ্রবণে পদ্মিনীর উপাধ্যান পাঠ করিতে আরম্ভ করিলে, পিতামহ কহিলেন, "এ কেতাবখানা লিখ্ছে ভাল, বরুণ এ গ্রন্থকারের নাম কি ?"

বরুণ। ইঁহার নাম রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়। ইনি ১৮৪০ অন্ধে কালনার সন্নিহিত বাকুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম পরামনারায়ণ বন্দ্যোপাধ্যায়। রঙ্গলাল বাল্যাবন্থায় মিদনারি স্থলে বাঙ্গালা শিক্ষা করিয়া হুগলী কলেজে কিছুদিন ইংরাজী শিক্ষা করেন। শারীরিক পীড়া নিবন্ধন বিভালয়ে অধিক পড়ান্ডনা করিতে পারেন নাই। বিভালয় পরিত্যাগের পর নিজের যত্নে যথেই উন্নতি করিয়াছেন। বাল্যকালাবিধি ইঁহার কবিতা রচনায় অন্থরাগ ছিল এবং মধ্যে মধ্যে কবিতা লিথিয়া "প্রভাকরে" প্রকাশ করিতেন। ১৮২৫ অন্ধে এডুকেশন গেজেট প্রচারিত হইলে ইনি তাহার সহকারী সম্পাদক হন। ১৮৫৮ অন্ধে এই পদ্দিনী উপাখ্যান প্রচার করেন। ইহার ক্ষেক বংসর পরে প্রথমে ইনি ইনকম ট্যাক্সের আদেসর, তৎপরে ভেপুটী ম্যাজিট্রেটের পদ প্রাপ্ত হন। ১৮৬২ অন্ধে ইঁহার প্রণীত কর্মদেবী এবং ১৮৬৮ অন্ধে স্বর্মন্দরী নামক কাব্য প্রচারিত হয়। ইঁহার কাব্যগুলি ইতিহাসমূলক। এই সকল গ্রন্থ ভিন্ন ইনি "বাঙ্গালা কবিতাবিষয়ক প্রবন্ধ" ও "শরীরসাধিনী বিভার গুণকীর্জন" নামক আর তুইথানি পন্থ গ্রন্থ রচনা করিয়াছেন। সংস্কৃত কুমারসম্ভব কাব্যের বাঙ্গালা অন্থবাদও ইঁহার ছারা হইয়াছে।

উপ। "কর্জাজাঠা। এই বইথানায় মাতৃত্বেহ কেমন লিথ্চে শোন" বলিয়া পাঠ করিতে লাগিল।

পিতামহ তৎশ্রবণে কহিলেন, "এ লেখকও মন্দ নছে। বরুণ, এ পুস্তকের এবং লেখকের নাম কি ?"

বরুণ। পুস্তকের নাম "স্থারঞ্জন।" ইহার প্রণেতা ৺ধারকানাথ অধিকারী। ইনি নদীয়া জেলার অন্তর্গত গোঁদাই হুর্গাপুর নামক গ্রামে অধিকারী বংশে জন্মগ্রহণ করেন। ইনি রুঞ্চনগর কলেজে অধায়ন করিয়াছিলেন। প্রভাকর পত্রে প্রায়ই পত্তে গত্তে প্রবন্ধ িলিখিতেন। বিশ্বালয় পরিত্যাগের পর **ইনি কৃষ্ণনগরে একটা** বিশ্বালয়ে মাষ্টারি করিতেন! ১২৬৪ সালে অভি অল্প বয়সে ইহার মৃত্যু হয়, স্থতরাং "স্থবীরঞ্জন" ব্যতীত জ্বার পুস্তক লিখিতে পারেন নাই।

অপরায়ে দেবগণ নগর অমণে বাহির হইবার সময় উপকে ভাকিলেন।
উপ কহিল "আপনারা যান—আমি আজ যাব না. বড় হাত পা কামড়াচে।"
পিতামহ তংশ্রবণে তাহাকে যাইতে নিষেধ করিয়া সকলে হাটঝোলায় যাইয়া
উপস্থিত হইলেন। তাঁহারা এই স্থানে উপস্থিত হইয়া যে দিকে চাহেন,
দেখেন কোন গদীতে চাউলের যেন পাহাড় সাজান রহিয়াছে। কোন
গদীতে গম ও অলাল শশু সকল তুপাকার হইয়া বহিয়াছে। কোন কোন
গদীতে ঘত, চিনি, লবণ, পাট ঠাসা রহিয়াছে। ছোট ছোট দোকানও বিশ্বর
রহিয়াছে। বকণ কহিলেন "এই স্থানের নাম হাটথোলা। এথানে চাউল,
ধান, গম, তুলা, ঘত, চিনি, লবণ, পাট, পেঁয়াজ, রন্তন, লকা লল্দ প্রভৃতির
বিশ্বর ক্ষু ক্ষু দোকান আছে। এই স্থানে অনেক ধনী মহাজনের উক্ত হার্য
সকলের আড়ত ও গদী আছে। উক্ত মহাজনদিগের মধ্যে অধিকাংশই
প্র্বদেশী বাঙ্গাল। কোন দ্রবাদি এথানে চালান দিলে আড়তদারেরা ক্রয়
করিয়া তংকণাৎ টাকা দেয়।

এথান হইতে দেবগণ হাটথোলার দত্তবাড়ী দেথিতে যান এবং তথায় উপস্থিত হইয়া পিতামহ কহিলেন, "বরুণ। দত্তদিগের বিষয় বল।"

বকণ। ইহাদের আদি বাস বালীতে। দিলীর সম্রাটের নিকট কলিকাতার জায়ণীর প্রাপ্ত হওয়ায় ইহারা এই স্থানে আদিয়া বাস করেন। এই বংশে মদনমোহন দত্ত জন্মগ্রহণ করেন। ইনি স্থপ্রসিদ্ধ জমীদার ও সপ্তদাগর ছিলেন; ইহারই ছারায় রামছলাল দে অতুল ঐশর্যের অধিকারী হন মদনমোহন অত্যন্ত দয়ালু দাতা ও ধার্মিক ছিলেন। ইনি বিপুল অর্থ বায়ে গয়ার প্রেতশিলায় উঠিবার সিঁ ড়ি প্রস্তুত করিয়া দিয়াছিলেন। জ্বপৎরাম দক্ত নামক এই বংশের অপর এক ব্যক্তি ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর পাটনার কূটীর দেওয়ান ছিলেন। ইনি পাটনার পাটনেশরী দেবীর মন্দির ও অনেক বিষয় করিয়া দিয়াছেন। এই বংশের অপর কোন মহাত্মা কোয়গর ও পানীহাটিতে গঙ্গাতীরে ছাদশ শিব মন্দির ও বাধা ঘাট প্রতিষ্ঠা করিয়াছেন।

এখান হইতে দেবগণ এক দিকে যাইতেছিলেন, লক্ষা মরিচের কাঁছে থক্
-থক করিয়া কাসিতে কাসিতে মুথে কাপড় দিয়া অপর দিক্ দিয়া দর্মাহাটার

দেবগণের মর্ত্তো আগমন

মধ্যে যাইয়া উপস্থিত হইলেন। বৰুণ কহিলেন, "এই স্থানের নাম দ্রমাহাটা, এথানেও বিস্তর মহাজনের গদী আছে।" এথান হইতে শোভাবাজারে যাইয়া একটী বাড়ীর নিকট উপস্থিত হ্ইলে দেবরাজ কহিলেন, "বৰুণ। এ স্কলর বাড়ীটি কাহার ।"

বরুণ। ইহারই নাম শোভাবাদারের রাজবাড়ী। মহারাল্প নবরুষ্ণ এবং. রাল্পা রাধাকান্ত দেবের এই বাড়ী।

ব্রহ্মা। বরুণ। তুমি আমাকে মহারাজ নবরুষ্ণের জীবনচরিত বল।

বরুণ। মহারাজ নবরুঞ্চ বাহাতুর ১১৩৯ সালে (১৭৩৩ খ্রী: আন্দে) গোবিদ্দপুর নামক স্থানে জন্মগ্রহণ করেন। ইঁহার পিতার নাম দেওয়ান রামচরণ দেব। ইঁহারা জাতিতে কায়স্থ। নবকুষ্ণ বাহাতুরের বাল্যকালে পিতৃবিয়োগ হওয়ায় এবং ভদ্রাসন বাটী ভাগীর্থীতীরে ভাঙ্গিয়া প্ডায় ই হাব মাতা পুত্রক স্থাপণকে লইয়া শোভাবান্ধারে আসিয়া বাস করিতে লাগিলেন। ইনি মাতার যত্নে ও নিজের মেধাবলে অল্লবয়দে পার্স্ত ভাষায় বিলক্ষন ব্যুৎপত্তি লাভ করেন। ইহা ব্যতীত বাঙ্গালা, উৰ্দ্ধ, আৰ্থ্যি ও ইংরাজী ভাষাও শিক্ষা করিয়াছিলেন। ১৬ বৎসর বয়াক্রমকালে ইনি কলিকাতার নূতন বাজারে নকুড় ধরের নিকট চাকরীর উমেদারী করিতে থাকেন এবং জাঁহার ছারা ইংরাজদিগের সহিত পরিচয় করিয়া লন। ইনি ওয়ারেণ হেষ্টিং সাহেবকে পারশ্র ভাষা শিথাইবার জন্ম শিক্ষক নিযুক্ত হন। উক্ত সাহেব এই সময় কোম্পানীর একঙ্কন কেরাণী ছিলেন। ইনি নবক্লফকে অত্যন্ত স্নেহ করিতেন। ১৭৫০ অবে হেষ্টিং সাহেব মুরশীদাবাদের অন্তর্গত কাশিমবান্ধারের কুঠিতে প্রেরিত হইলে নবক্রফকে দঙ্গে করিয়া লইয়া যান। ইহার পর তিনি ৬০ টাকা বেতনে নবকুফকে কোম্পানীর মুন্সীগিরি কাব্দ করিয়া দেন। তব্দত্ত প্রথমে ইঁহার নবু মূলী নাম হয়। ইনি মূলীগিরি কার্যো এমন পারদর্শিত। লাভ করেন যে, সময়ে সময়ে ক্লাইভ সাহেব ই হাকে তক্কহ দৌত্যকার্যোরও ভার দিতেন। যে সমরে সিরাজউদ্দৌলা কলিকাতা আক্রমণেচ্ছার আসিয়া হালদীবাগানে উমিটাদের উভানে শিবির সংস্থাপন করেন, মূলী নবকুঞ্ সদ্ধি-স্থাপনের বাসনায় উপঢ়েকিন সহ যাইয়া দুতের কার্য্য করিয়াছিলেন। তিনিই আসিয়া নবাবের সৈক্তসংখ্যা কম বলায় ক্লাইব তৎপর দিন প্রত্যুবে আক্রমণ করেন। লভ ক্লাইবের এই বীরত দর্শনে ভীত হইয়া নবাব সন্ধি স্থাপন করিয়াছিলেন। সিরাজউদ্দীলা পলাশী সংগ্রামে পরাজিত হইলে তাঁহার c

ধনাগার লুর্ছন করা হয়, ভাছাতে ছই কোটি টাকার অধিক ছিল না। ঐ টাকা ক্লাইব প্রভৃতি বিভাগ করিয়া লন ; কিন্তু সিরাজের অন্তঃপুরে আর একটি যে গুপু ধনাগার ছিল, তাহাতে স্বর্ণ ও বৌপাদিতে প্রায় আট কোটি টাকার मन्निखि हिल। ये ठाका भीत्रकाकत, जाभीत त्वा थी, तामठांक ७ नवक्रक বিভাগ করিয়া লইয়াছিলেন। এইরূপে নবরুষ্ণ এক কালে প্রায় কোর টাকা প্রাপ্ত হন। লভ ক্লাইব দিতীয়বার ভারতবর্ষে আদিয়া নবক্লফের উপর মহারাজ বলবস্তু সিংহের সহিত কাশীর এবং সিভাব রাম্নের সহিত বেহারের বন্দোবস্ত করিবার ভারার্পণ করিলে তিনি তাহাও অতি স্থন্সররূপে সম্পন্ন করিয়াছিলেন। ইহাতে ক্লাইব সম্ভষ্ট হইয়া দিল্লির সমাটের নিকট হইতে প্রথমে নবক্ষের "রাজা বাহাত্র" ও তৎপরে "মহারাজ বাহাত্র" উপাধি সনন্দ আনিয়া দেন এবং কোম্পানীর বাঙ্গালা, বেহার ও উডিয়ার দেওয়ানীর বাজনৈতিক মংফুদ্দি পদে অভিবিক্ত করেন। রাজা বাহাতর উপাধির সনন্দ প্রদান সময় লাট সাহেব কলিকাতায় একটি দরবার করেন এবং কলিকাতান্থ যাবতীয় ইংরাজকে নিমন্ত্রণ করিয়া আনিয়া নবক্লফকে একটা অর্ণপদক, মুলাবান পরিচ্ছদ, তরবারি এবং বছমূল্য রত্ন প্রদান করিয়াছিলেন। নবক্রফের উপর মুন্দীর দপ্তর ব্যতীত আরম্বরেগী দপ্তর, জাতিমালা কাছারি, ধনাপার, ২৪ পরগণার লাল আদালত ও তহশীল দপ্তবের ভাব ছিল। নবক্ষফের ধন ও মানসম্ভ্রম বৃদ্ধি দেখিয়া তাঁহার কতিপয় শক্ত ১৭৬৭ খন্তাবে তাঁহার নামে উৎকোচ গ্রহণের মিধ্যা অভিযোগ উপস্থিত করে, কিন্তু বিচারে ইনি নির্দোষী দপ্রমাণ হওয়ায় শত্রুদিগের দণ্ড হয়। ১৭৭৮ অন্দে হেষ্টিং সাহেব নবক্লফকে নপাড়া প্রভৃতি গ্রামের বিনিময়ে ভুতামুটীর তালুকদারী প্রদান করেন।

ইন্দ্র। ঐ স্থানের নাম স্থভাস্থটী হয় কেন ?

বক্ষণ। বড়বাজারের শেঠ ও বসাকেরা কলিকাতার আদি অধিবাসী। ইহারা হোগলাবন কর্ত্তন করিয়া বাস করায় ইহাদিগকে অঙ্গলকাটা বাসিন্দা কহে। ইহারা জাতিতে তন্তবায়; ইহাদের স্থতার স্থটী হাটখোলা প্রভৃতি স্থানে বৌদ্রে শুকাইত, এজগু ঐ স্থানের নাম স্থতাস্থটী হয়।

बन्धा। তার পর-নবক্তফের বিষয় বল।

বক্ষণ। ১৭৭০ অবে নবক্সফ বর্তমানের নাবালক রাজা কুমার তেজচন্দ্র বাহাত্বের অহি নিযুক্ত হন। নবক্সফ গোড়া হিন্দু ছিলেন। তিনি বংসর বংসর বাটাতে তুর্গোৎসব করিয়া দীন তুঃথীকে অকাতরে অর

দেবগণের মর্ভো আগমন

বল্প দান করিতেন। তাজিল নপরত্ব হিন্দু, মুদলমান, ইংরাজ, বিছদি প্রভৃতিকেও নিমন্ত্রণ করিয়া আনিয়া ভোল দিতেন। এই উৎসব উপলক্ষে লাট সাহেব ও প্রধান প্রধান রাজপুরুষেরা ইহার বাটীতে আসিতেন। ইনি স্বভবনে গোপীনাথ ও গোবিন্দন্তী নামক চুইটি দেবমর্থি প্রতিষ্ঠা করিয়াছেন। हेनि मान्यांबा, क्याहेमी ७ हफ्रक व्रमाय विखन वर्ष वाय कति एन। সমস্ত কার্য্য তাঁহার উত্তরাধিকারীরাও অভাপি করিয়া থাকেন। ইঁহার পুত্র না হওয়ায় অগ্রজের তৃতীয় পুত্র গোপীযোহনকে দত্তক গ্রহণ করেন। নবকুঞ্চ মাতৃপ্রান্ধে অতি সমারোহ করিয়াছিলেন। এমন কি বাঙ্গালীদিগের জন্ম বাজারে চাউন, গাছে পাতা এবং ক্ষেত্রে তরকারি ছিল না এবং কুমারটলিতে হাঁডি কল্পী প্রয়ন্ত পাইবার যো ছিল না। এই উপলক্ষে তাঁহার নয় ক্রক টাকা বায় হয়। অনেকে বলেন, প্রান্ধোপলকে নানা দেশ হইতে ব্রাহ্মণ পণ্ডিত ও কাঙ্গালীগণ আগমন করাতে স্থানটির চমৎকার শোভা হয়। তাহাতেই শোভাবাজার নাম হইয়াছে। ১৭৮২ অব্দে নবকুফের চতুর্থ স্ত্রীর গর্ভে একটি পুত্র জন্মে। তাঁহার নাম রাজক্ষণ বাহাছর। পুত্র হইলে নবকুঞ্চের আহলাদের পরিদীমা ছিল না। তিনি এতত্বপলকে প্রজাদিগের বাকী খালানা বহিত করেন। ইহার হুই বৎসর পরে অর্থাৎ ১৭৮৩ অব্দে নবক্লফের দত্তক পুত্র গোপীমোহনের এক পুত্রসম্ভান জ্বে: ইনিই মহাস্থা রাধাকান্ত "শস্ক্তল্পডুম" লিখিয়া ইনি চিরুদারণীয় দেব বাহাত্ব। স্থবিখ্যাত হইয়াছেন।

১৭৯৪ অব্দের নবেম্বর মানে ৬ং বৎসর বয়ঃক্রম কালে নবরুক্ষের মৃত্যু হয়।
পুত্রাভিলাহে ইনি সাত বিবাহ করেন; তয়হো প্রথম স্ত্রীর গর্ভে এক কয়া
এবং চতুর্থ স্ত্রীর গর্ভে এক পুত্র ও চুই কয়ার জয় হয়। ইনি বেহালা ইইতে
কুল্লী পর্যান্ত ১৬ কোশ দীর্ঘ "রাজার জাঙ্কাল" নামে একটি রাজা করিয়া দেন।
ভনিতে পাওয়া যায়, হেষ্টিং সাহেব তিন লক্ষ টাকা ইহার নিকট হইতে ঋণ
গ্রহণ করেন, তাহা আর পরিশোধ করেন নাই; ইনিও ঐ টাকা লইবার
অভিলাব জানান নাই। কলিকাতা চিৎপুর রোভ হইতে অপার সারকুলার
রোভ পর্যান্ত একটি রাজা প্রস্তুত করিয়া দিয়া নিজের নামান্ত্রসারে উহার নাম
রাজা নবক্রফের লেন রাথেন। এক্ষণে কর্ণগ্রালিস ফ্রীট হইয়াছে। ইনি
বাগবাজার ও কুমারটুলির লোকের আনের জয়্র ছটি ইইকনির্দ্ধিত ঘাট প্রস্তুত
করিয়া দেন এবং শেষোক্ত স্থানে ইহার প্রথমা স্ত্রী গঙ্গাঘাত্রীদিগের বাসার্থ

একটি **অট্টা**লিকা প্রস্তুত করান। পোর্ট কমিশনারের **অমুগ্রহে** এই বাড়ী একণে ভাঙ্কিয়া গিয়াছে।

বন্ধা। বরুণ। তুমি রাজা রাধাকান্ত দেবের জীবনচরিত বল।

বরুণ। ইনি ১১৯১ সালে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম গোপীমোহন দেব। এই গোপীমোহন দেবের দঙ্গীতে বিলক্ষণ অমুৱাগ ছিল। ইহারই মতে হাফ আখডাই স্কৃষ্টি হয়। ইনিও একজন গোঁড়া হিন্দু ছিলেন। যথন সতীলাহ নিবারণ বিষয়ে রামমোহন রায় ও ভারকানাথ ঠাকুর প্রভৃতি চেটা করেন, তথন ইনি ধর্মদভার অধ্যক্ষ হইয়া অনেক প্রতিবাদ করিয়াছিলেন। ১২৪০ দালে ইহার মৃত্যু হয়। রাধাকাম্ভ দেব বাটীতে সংস্কৃত পণ্ডিতের নিকট সংস্কৃত ভাষা শিক্ষা করেন। ইনি একজন উৎক্লষ্ট রাজনীতিজ্ঞ ছিলেন। এই মহাত্মা নানা বিভাগ বিভূষিত হইগাও সাহেব সাজেন নাই; হিন্দুধর্মে ইহার দৃঢ় বিশ্বাদ ছিল এবং এই ধর্মেরই আলোচনা করিতে ভাল বাসিতেন। ইহার পরামর্শে হিন্দরা মেডিকেল কলেজে পুত্রগণকে পড়িতে দেন; তৎপুর্বে সকলের মনে বিখাস ছিল, ছেলেরা খ্রীষ্টানী পুস্তক পড়িয়া খ্রীষ্টান হইয়া ষাইবে। রাধাকান্ত দেব প্রথমে ইংবাজী পুস্তকের অমুকরণে বাঙ্গালা বর্ণপরিচয় ও নীতিকথা নামে কুন্ত গ্রন্থ বচনা করেন। এতন্তির আরও কতকগুলি পুস্তক বচনা করিয়াছিলেন। ১২২৯ সালে স্থবিখ্যাত শব্দকল্পজ্ঞম প্রথম থণ্ড প্রকাশিত হয়। ইনি ন্ত্রীশিক্ষারও যথেষ্ট উৎসাহ প্রদান কবিতেন। ১২৪২ সালে ইনি গবর্ণমেন্ট হইতে কলিকাতার জষ্টিদ্ অব্দি পিদ্ এবং অবৈতনিক মাজিষ্ট্রেটের পদ প্রাপ্ত হন। ইনি স্থলবুক দোশাইটা নামক শভার দেকেটরি ছিলেন। কৃষি ও উত্থান কার্য্যের উন্নতি করিবার জন্ম যে রাজকীয় সভা আছে, তাহার ইনি সভাপতি ছিলেন। তঙ্কি ইনি বিটিশ ইণ্ডিয়ান এদোসিয়েসনের সভাপতি থাকেন এবং লাখরাজ বাজেয়াগু করিবার জন্ম বয়ং উচ্চোগী হইয়া এক সভা করেন। ১২৭৩ সালে ইনি ইংলণ্ডেশ্বরীর নিকট হইতে ভারতনক্ষত্র (होद खब हे खिशा) छे भाधि थाश हन। है नि त्यर मगांत्र त्रमांवतन याहेश वाम करवन । अ श्वारन ১২৭৪ मारल ৮६ वरमत वत्रस्म मुकुः हत्र ।

দেবগণ এখান হইতে যাইয়া ৰাগবাজাবে দিজেখরী ও মদনমোহন দর্শন করিলেন। বৰুণ কহিলেন "এই ঠাকুর পুর্বে বিষ্ণুপুরের রাজার ছিল।"

দেবগণের মর্ছো আগমন

এখান হইতে এক স্থানে উপস্থিত হইয়া বৰুণ কহিলেন, "পিতামহ, রাজা রাজবল্পতের বাড়ী দেখন।"

ব্ৰহ্মা। ইতার বিষয় বল।

বকণ। মহারাজ রাজবল্পভ রায়রাঁইয়া বাহাত্বর জাতিতে কায়ছ। ইনি হুবেদারের বকসী ছিলেন। নবাব সিরাজউদ্দোলা ইহাকে রায়রাঁইয়া উপাধি প্রদান করেন। পলাশীর যুজের পর সিরাজউদ্দোলা সিংহাসনচ্যত হইলে মহারাজ রাজবল্লভ কলিকাতায় আসিয়া বাস করেন। ইনি কিছু সময়ের জন্ম ইইইগুয়া কোম্পানীর কাউন্সেলের অনাবারি মেম্বর হইয়াছিলেন। ইনি কলিকাতার গঙ্গাতীরে রাজা রাজবল্পভের ঘাট নামক একটা স্নানের ঘাট প্রস্তুত করিয়া দিয়াছেন।

এখান হৈছৈত সকলে একস্থানে উপস্থিত হইলে বৰুণ কহিলেন, "পিতামহ! দেওয়ান হুৰ্গাচরণ মুখোপাধ্যায়ের বাটী দেখুন। ইনি পাটনার আফিংয়ের কূটীর দেওয়ান ছিলেন এবং ঐ কর্ম করিয়া যথেষ্ট অর্থ উপার্জ্জন করিয়াছিলেন। কলিকাভার গঙ্গাভীরে হুর্গাচরণ মুখোপাধ্যায়ের ঘাট নামক একটী স্থানের ঘাট প্রতিষ্ঠা করিয়াছেন। ইনি অভ্যস্ত হিন্দু ছিলেন।"

এখান হইতে সকলে শুহদিগের বাটী দেখিতে যান এবং উপস্থিত হইয়া বৰুণ কহেন :---

"রামকান্ত গুহ হগলী জেলার সিংহটী নামক স্থানের প্রসিদ্ধ জমীদার। ইহারা জাতিতে কায়ন্ত্ব, মৃশলমান নবাব কর্তৃক সরকার উপাধি প্রাপ্ত হন। ইহাদিগের প্রতিষ্ঠিত সিংহটীতে সিংহবাহিনী মৃত্তি আছে। রামকান্ত গুহের পাঁচ পুত্র; তন্মধ্যে জ্যেষ্ঠের নাম গঙ্গানারায়ণ সরকার। তাঁহার পুত্রের নাম শস্তুচক্র সরকার। ইনি গোকুল মিত্রের বিষয়ের ম্যানেজার ছিলেন।

ব্রহ্মা। গোকুল মিত্রের বিষয় বল।

বরণ। ইহার পিতার নাম সীতারাম মিত্র। আদি বাস বালীতে।
সীতারাম প্রথমে কলিকাতার আসিয়া বাগবাজারে বাস করেন। ইনি
যৎসামান্ত বিষয় রাখিয়া যান। গোকুল মিত্র লবণের ব্যবসা করিয়া বিষয়
বৃদ্ধি করেন। এবং বিষ্ণুপ্রের রাজা দামোদর সিংহকে এক লক্ষ টাকা
দিয়া তাঁহার গৃহলন্দ্ধী মদনমোহন বিগ্রহকে ক্রের করেন। ঐ ঠাকুর আসা পর্যন্ত
গোকুল মিত্র লক্ষ্মীবস্ত ও বিষ্ণুপ্রের রাজা লক্ষ্মীছাড়া হন। গোকুল মিত্র চিৎপুর
রোভের ধারে মদনমোহনের বৃহৎ মন্দির ও রাসমঞ্চ তৈয়ারি করিয়া দিয়াছেন।

এথান হইতে যাইতে যাইতে বৰুণ কহিলেন, "পিতামহ! নিধুৰাম বোসের বাড়ী দেখুন। ইনি ইংরাজদিগের রাজা বিস্তাবের পূর্বের আসিয়া কলিকাতায় বাস করেন। এই বংশের মোহনটাদ বস্থ বেশ হাফ আথড়ায়ের. গান বাঁধিতে পারিতেন।"

এখান হইতে যাইতে যাইতে ব্রহ্মা কহিলেন, "বৰুণ! সমুখের বাড়ীটি কাহার ?"

বরুণ। দেওয়ান হরিঘোষের বাড়ী। হরিঘোষ মৃঙ্গের কেলার দেওয়ান ছিলেন। ইনি যথেষ্ট উপার্জন করেন। কিন্তু দান ধ্যানেই অধিকাংশ বায় করিয়া ফেলেন। ইনি বিস্তর নিরাশ্রম এবং জ্ঞাতি ও বন্ধু বাদ্ধবিদিগকে নিজ বাটীতে রাখিয়া ভরণ পোষণ করিতেন, এজন্ত লোকে অভাপি 'হরি-ঘোষের গোয়াল' বলিয়া থাকে। ইহার সমস্ত বিষম ইহার কোন বন্ধু বিশাসঘাতকতা করিয়া ফাঁকি দিয়া লইয়াছিল। শেষ দশায় ইহার অর্থাভাবে অভাস্ত কষ্ট হয় এবং কাশীতে ঘাইয়া বাস করেন।

এখান হইতে দেবতারা কালীক্বফ ঠাকুরের বাড়ীর সন্মুখে উপস্থিত হইলে পিতামহ কহিলেন, "বরুণ! এ স্থন্দর বাড়ীট কাহার ?"

বৰুণ। ইহা কালীকৃষ্ণ ঠাকুরের বাড়ী। বাড়ীর সমুথে ইহার কাছারী বাড়ী। ইনি কলিকাতার মধ্যে একজন বিখ্যাত ধনী ও দাতা। ইনি সংকার্ষো বিশ্বর দান করিয়া থাকেন।

এথান হইতে ঘাইতে ঘাইতে বরুণ কহিলেন, "সমূণে বীরুমন্ত্রিকের বাড়ী। বাড়ীর সমূথে আস্তাবল। আস্তাবলের উপর উহার বৈঠকথানা এবং উহার পার্বে প্রমোদকানন নামে একটী উত্থান। ঐ উত্থানের মধ্যে নানাপ্রকার পুষ্পাবৃক্ষ শোভা করিভেছে। ওদিকে দেখা ঘাইতেছে, রমানাথ ঠাকুরের বাড়ী। রমানাথ ঠাকুর একজন প্রকৃত স্বদেশহিতৈথী লোক ছিলেন।"

ব্রহ্মা। তুমি রমানাথ ঠাকুরের জীবনচরিত বল।

বরুণ। ইনি ১৮০০ অবে জন্মগ্রহণ করেন। ঐ সমন্ন কলিকাভার বিভাশিক্ষোপযোগী কোন বিভালন না থাকার ইনি সারবরণ সাহেবের স্থ্নে সামাল্যমাত্র বিভাশিক্ষা করিয়াছিলেন; কিন্তু ঘরে শিক্ষক রাথিয়া নিজের মেধাবলে বাঙ্গালা, ইংরাজী ও সংস্কৃত বিভার যথেষ্ট উন্নতি করিয়াছিলেন। ইনি কিছু দিন ইউনিয়ন ব্যাঙ্কের দেওয়ান হন। রাজা বামমোহন বায়ের বিলাভ যাত্রার পর ইনি ব্রাহ্ম সমাজের একজন ইন্তি নিযুক্ত হইয়াছিলেন।

ইনি প্রজার পক্ষ হইয়া গ্রণমেন্টের সহিত বাদামুবাদ করিতেন এবং ভুমাধিকারীদিগের সভার একজন সভ্য ছিলেন। সভা উঠিয়া যাইলে ইহার উৎসাহে ও উল্লোগে ব্রিটিশ ইণ্ডিয়ান সভা সংস্থাপিত হয়। রমানাথ ঠাকুর প্রথমে এই সভার সহকারী সম্পাদক এবং তৎপরে সম্পাদকের পদ প্রাপ্ত হইয়াছিলেন। ইনি বদেশীয়দিগের বিভাশিক্ষার উন্নতির জভা বিশেষ চেষ্টা করিতেন। ইনি হিন্দুয়নের সম্পাদক ও শিক্ষাবিভাগের সদশু ছিলেন। রমানাথ ঠাকুর কলিকাতার প্রত্যেক সভার এবং মিউনিসিপালিটির প্রত্যেক অধিবেশনে যোগদান করিয়া সাধারণের উন্নতি পক্ষে যত্ন করিতেন। ১৮৫৯ অব্দে রেন্টবিল সহজে যে আন্দোলন হয়, ইনি তৎসহজে একথানি ক্ষুদ্র পুস্তক প্রচার করিয়া ঐ বিলের দোষ দেখাইয়াছিলেন। ইনি বাঙ্গালা লেজিসলেটিভ কাউন্সেলে উপস্থিত হইয়া প্রধান প্রধান বিষয় লইয়া তর্ক করিতেন। ব্রিটিশ ইণ্ডিয়ান সভায় ইহারই পরামর্শ মত কার্য করা হইত। ইনি অতি সম্বক্তা ছিলেন, প্রত্যেক বিষয়েই বক্ততা দ্বারা নিজ মত বাহাল রাখিতেন। সাধারণ হিতকর কার্য্যে দান করা ইহার যেন ব্রতম্বরূপ ছিল। ইনি দেশের লোকের অভাব ও হঃথ ফ্রন্দররূপে বুঝিতে পারিতেন এবং ছুঃথ দুর করিবার সাধ্যমত চেষ্টা করিছেন। রমানাথ ঠাকুর রাজা প্রজার কিরূপ বাবহার করা উচিত, তাহাও বিলক্ষণ জানিতেন। লভ নর্থক্রক ইহাকে রাজা ও ষ্টার অফ ইণ্ডিয়া উপাধি প্রদান করেন এবং দিল্লীর দরবারে লভ লিটন ইহাকে মহারাজা উপাধি দেন। ইহার স্থায় সম্মান লাভ কোন বাঙ্গালীর ভাগ্যে ঘটে নাই। এই মহাত্মা ১৮৭৭ অব্দের জুন মানে কলেবর পরিতাাগ করিয়াছেন।

এথান হইতে যাইরা বরুণ কহিলেন, "পিতামহ! সমুথে শিবক্লফ দাঁর বাড়ী দেখুন। ইনি তুর্গোৎসবের সময় অতি সমারোহের সহিত পূজা করিয়া থাকেন। প্রতিমার দাজ জর্মণী হইতে আমদানী করা হয় এবং তাহাতে প্রায় তিন হাজার টাকা বায় হইয়া থাকে।"

নারা। ওদিকের ও বাডীটি কাহার ?

বৰুণ । মহাত্মা কালীপ্রসন্ধ সিংহের। ইনি কলিকাতার জন্মগ্রহণ করেন। পিতার নাম নন্দলাল সিংহ। ইনি সপ্তদশ বর্ধ বয়:ক্রমকালে সংস্কৃত বিক্রমোর্কশী নাটক বাঙ্গালা ভাষায় অন্থবাদ করিয়াছিলেন। ইঁহার হতোম পেঁচার নক্ষা রচনা করিয়া বঙ্গভাষায় এক নৃতন রক্ষের রচনাঃ দেখান। ইনি ছই লক্ষ টাকা ব্যয়ে সংস্কৃত মূল মহাভারত উৎক্ট গোড়ীয় সাধুভাষায় অমবাদ করিয়া বিনা মূলা বিভরণ করেন। মহাভারত ইহার একটা দৃঢ়তর কীর্তিস্কন্ত। ১৮৭০ সালে ২৯ বংসর বয়:ক্রমকালে ইহার মৃত্যু হয়। অপরিমিত মন্তপানই ইঁহার অকালমৃত্যুর কারণ। ইঁহার পত্নী শ্বলাইটাদ সিংহ মহাশয়ের পুত্র শ্রীযুত বিজয় সিংহকে দত্তক পুত্র গ্রহণ করিয়াছেন।

ইজ্র। বরুণ। সম্মুখে ও বাড়ীটি কাহার ?

বরুণ। ছোট আদালতের জজ ৺হরচক্র ছোষের।

ইক্র। তুমি ই হার বিষয় আমাকে বল।

বকণ। ইনি জাতিতে কায়স্থ। ১৮০৮ সালের জুলাই মাসে জনপ্রহণ করেন। ইহার পিতার নাম ৺অভয়চরণ ঘোষ। হরচন্দ্র ঘোষ হিন্দুকলেজে বিভাশিক্ষা করেন। ১৮৩২ সালে ইনি বার্ডায় মুক্ষেফ নিযুক্ত হন এবং ১৮৪১ সালে ২৪ পরগণার আমিনের পদ প্রাপ্ত হন। ১৮৬৮ সালে ইনি কলিকাতা ছোট আদালতের জজের পদ প্রাপ্ত হন। ১৮৬৮ সালে ইহার মৃত্যু হয়। ইনি বার্ক্ডা ও বেহালায় বিভালয় স্থাপন করিয়া দিয়াছিলেন। ইহার চারি প্র তন্মধ্যে জ্যেষ্ঠ বার্ প্রতাপচন্দ্র ঘোষ কলিকাতায় সব্রেজিট্রার। ইহার প্রণীত ইংরাজী, বাঙ্কালা ও সংস্কৃত কয়েকথানি পৃত্তক আছে।

এখান হইতে যাইয়া তাঁহারা কাঁসারিপটাতে প্রবেশ করিলে বক্ষণ কহিলেন, "গুরুচরণ প্রামাণিকের পুত্র তারক প্রামাণিকের বাড়ী দেখুন। গুরুচরণ প্রামাণিক ব্যবসায় খারা বিষয় করেন। ই হাদিগের অনেকগুলি ছক আছে। ইনি অতাস্ত দাতা ছিলেন। কালী সিংহের পিতা এক সময় গুরুচরণ প্রামাণিককে নামাবলি গাত্রে দিয়া স্নান করিতে ঘাইতে দেখিয়া উপহাস করিয়াছিলেন, তাহাতে তিনি ৪০।৫০ হাজার টাকার বনাৎ কিনিয়া ব্রাহ্মণদিগকে দান করেন। তাঁহার পুত্র তারক প্রামাণিকও একজন বিখ্যাত দাতা ছিলেন।

বন্ধা। তুমি তারক প্রামাণিকের বিষয় বল।

বক্ষণ। ইনি ১২২৩ সালের ৫ই আখিন জন্মগ্রহণ করেন। ইনি পৈতৃক বিষয় হইতে বড়বাজারে বাসনের দোকান ও অক্সান্ত অনেক দোকানের অংশীদার হইয়া বিস্তব আয় বৃদ্ধি করেন। ইনি ধনী হইয়া মনে মনে ভাবিতেন,

দেবগণের মর্জ্যে আগমন

ভাগদীশর ধন দিয়াছেন পরোপকারের জন্ত; অতএব তিনি ক্রিয়া কর্ম উপলক্ষে হাজার হাজার গরীবকে দান করিতেন। এমন দিন ছিল না যে, হাজার হাজার দরিত্র এই ঘারে বিদিয়া অয় প্রাপ্ত না হইয়াছে। ইনি একজন গোঁড়া ছিল্ম ছিলেন। ইনি যাহা দান করিতেন, অতি গোপনে করিতেন। ইনি গরীব ছাত্রদিগের বেতন দিবার জন্ত মাসে ১৫০ টাকা বায় করিতেন। কিছ গোপনে দান করিলেও ইহার সর্ব্যত্র স্থ্যাতি ছিল। এমন কি ১৮৭৭ সালে দিল্লী দরবারে রাজপ্রতিনিধি লভ লিটন বাহাত্র ইহার দানের স্থ্যাতি করিয়াছিলেন। ইনি মৃত্যুর ৭৮ বংসর প্রেই বিষয়কর্ম হইতে অবসর লন এবং দিবারাত্রি কেবল আহ্নিক, পূজা, শান্ত্রপাঠ, হরিসংকীর্ত্তন করিয়া কাটান। ১২৯১ সালের ৭ই চৈত্র ইহার মৃত্যু হইয়াছে।

ওদিকে দেখুন কৃষ্ণদাস পালের বাটী। তাহার ওদিকে ঐ যে বাড়ী দেখা যাইভেছে, যাহাতে হিতৈরী প্রেস লেখা আছে, উহা গোপালচন্দ্র বন্দোপাধাারের বাটী। গোপাল বাবু নর্মাল স্থলের প্রধান শিক্ষক ছিলেন। উহার জন্মদান হালিসহর নামক স্থানে। গোপাল বাবুর অনেকগুলি পুস্তক আছে; যথা—পাটাগণিত, পাটাগণিত-প্রবেশিকা, মানসাম্ব ১ম হইতে বাষ্ঠ পর্যান্ত; তম্ভিন্ন ইংরাজী বাঙ্গালাতে আরও গাচ থানি পুস্তক হইবে। ইনি এক্ষণে মৃত।

এথান হুইতে সকলে পালেদের বাড়ীর নিকটে উপস্থিত হুইলে বঁকণ ক্রিলেন:---

"ইহারা জ্বাভিতে তেলি। কালীচরণ পাল বিষয় করেন। তাঁহার পুদ্র রাধাচরণ পাল অত্যন্ত ধার্মিক ও পরোপকারী ছিলেন। তাঁহার পুদ্র রাম-গোবিন্দ পাল ২৫ হাঙ্কার টাকা বায়ে কালীঘাটের মন্দিরের সন্নিকটন্থ রাস্তা পাথরের করিয়া দেন। এই মহাত্মা ২৪ হাজার টাকা বায়ে থড়দায় স্নানের ঘাট প্রস্তুত করিয়া দিয়াভিলেন।

বৰুণ কহিলেন, "ওদিকে দেখা যাইতেছে শ্রীশ বিভারত্বের বাড়ী। ইনি
বিখ্যাত কথক রামধন শিরোমণির পুত্র। ইহার জন্মভূমি থাঁটুরা প্রামে।
ইনি কলিকাতা সংস্কৃত কলেজে অধ্যয়ন করেন এবং সর্ব্বোচ্চ শ্রেণী পর্যান্ত সংস্কৃত শিক্ষা করিয়া পারিতোষিক প্রাপ্ত হন। বিভাসাগর যথন বিধবাবিবাহ দিবার জন্ম উজােগী হন, সেই সময় শ্রীশ বিভারত্বের জী মরিয়া যাওয়ায় বালিকা বিবাহ করা অপেকা যুবতী দেখিয়া একটা বিধবা বিবাহ করিয়া কেলিলেন। ইহার বিবাহে বেশ সমারোহ হইয়াছিল; অনেক অধ্যাপক নিমন্ত্রণ করিয়াছিলেন; তাঙির বঙ্গদেশের ছোট লাট পর্যন্ত বিবাহসভায় উপস্থিত হইয়াছিলেন। বিভাসাগর মহাশয় ১০ হাজার টাকা এই বিবাহে বায় করেন। শ্রীশ সংস্কৃত কলেজ পরিত্যাগের পর কিছু দিন জজ-পণ্ডিতের কাজ করিলে ভেপ্টা মাজিট্টের পদ পান। তিনি ৩০ বংসর ঐ কাজ করিয়া পেন্সন লন। পেন্সন লওয়ার অল্পকাল পরে তাঁহার পক্ষাঘাত রোগ হয় ও তাহাতেই মৃত্যু হয়।

এথান হইতে সকলে শ্রামবান্ধারের অভিম্থে চলিলেন। যাইতে যাইতে বক্রণ বলিলেন, "পিতামহ, হোগলকুঁড়ের গুহদের বাড়ী দেখুন।"

अका। हैश्रामन विषय वन।

বরণ। ইহারা জাতিতে কায়স্থ। প্রায় ১২৫ বৎসর হইল কলিকাভায় বাস করিতেছেন। শিবচন্দ্র গুহ হইতে এই বংশ উজ্জন হইয়াছে। ইনি ১৭৯০ সালে জনগ্রহণ করেন। পিতার নাম ব্রজনাথ গুহ। পিতার অবস্থা নিতান্ত ভাল না থাকায় শিবচন্দ্র ১৪ বৎসর বয়ঃক্রমকালে একটা ইংরাজ সদাগরের আফিদে কেরাণীগিরি কর্ম করিতে আরম্ভ করেন। ইহার পর ইনি বেনিয়ানের কাজ করেন। তৎপরে স্বয়ং বাবসা আরম্ভ করেন এবং বাবসা ছারায় অতুল ঐশ্বর্যোর অধিকারী হন। ইনি অত্যন্ত হিন্দু ছিলেন। বাটাওে ইনি ১২ মাদে ১০ পার্মণ করিতেন এবং একবার তৈল পার্মণ করিয়া অনেক টাকা বায় করিয়াছিলেন। ইনি বৃন্দাবন বহুর লেনে এক শিব ও নিজারিণী মৃত্তি প্রতিটা করেন। ১৮৯৪ সালে ইহার মৃত্যু হয়। ইহার পুত্রের নাম মভয়চরণ গুহ ও তারাটাদ গুহ। ছই লাতাই বেনিয়ানের কাজ করিতেন। ইহারা পৈতৃক বিষয় যথেষ্ট বৃদ্ধি করিয়াছিলেন।

এখান হইতে স্বাইয়া সকলে দেওয়ান রুঞ্জাম বস্থর বাটীর নিকট উপস্থিত হইলে পিভামহ কহিলেন, "বরুণ, এই বংশের বিষয় বল।"

বক্লণ। ইনি ১৬৫৫ সালের পৌষ মাসে জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম দয়ারাম বহু। কৃষ্ণরাম কলিকাতায় আসিয়া পিতার সামাত্ত সম্পত্তি স্থারায় ব্যবসা আরম্ভ করেন। ব্যবসার ঘারায় মূলধন বৃদ্ধি করিয়া একেবারে লবণ একচেটে করিয়া লন এবং ৫।৭ দিনের মধ্যে উহা বিক্রেয় করিয়া চল্লিশ হাজার টাকা লাভ করেন। ঐ টাকায় ব্যবসা করিয়া বিপুল ধন উপার্জ্জন করিলে চাকরী করিতে ইচ্ছা হয় এবং ঘুই হাজার টাকা বেতনে ইইইভিয়া

দেবগণের মর্ছো আগমন

কোম্পানীর ভগনীর দেওয়ান নিযক্ত হন। কয়েক বংসর কর্ম করিয়া কলিকাতায় আসিয়া খ্রামবাজাবের এই বাটী নির্মাণ করান। ইনি এক সময় বাবসার জন্ম এক লক্ষ টাকার চাউল খবিদ করিয়াছিলেন: কিন্তু বিক্রম্ করিবার পর্বে দুর্ভিক হওয়াতে অন্নদত্ত থালিয়া সমস্তই বিতরণ করেন। প্রতি বংসর বাটিতে সমারোহে তুর্গোৎসব করিতেন। প্রতিমা বিসর্জন দিয়া বাটিতে প্রভাগমনসময় যত লোক তাঁহাকে পূর্ণকৃত্ব (এক কলসী করিয়া জল) দেখাইত, তাহাদের সকলকে এক টাকা করিয়া দান করিতেন। ঐ দিন ১০/১৬ হাজার লোক গঙ্গার তীর হইতে তাঁহার বাটির দরজা পর্যান্ত পূর্ণকুন্ত লইয়া বসিয়া থাকিত। ইনি ধর্মসম্বন্ধে যথেষ্ট বায় করিতেন। যশোহরের মদনগোপালজী এবং বীরভমের রাধাবলভাষী ইঁহারই প্রতিষ্ঠিত। ইনি কাশীতে অনেক মন্দির ও শিব স্থাপন করেন, গ্যায় রামশিলার পাহাডে উঠিবার সিঁডি প্রস্তুত করিয়া দেন। এই মহাত্মা জীক্ষেত্রের যাত্রীদিগকে রোক্তে কইভোগ করিতে ও পিপাসায় কাতর হইতে দেখিয়া কটক হইতে পুরী পর্যান্ত বিশ ক্রোশ রাস্তার উভয় পার্থে আদ্রবন্ধ রোপণ করিয়া দিয়াছেন। যাত্রীরা উহার তলে বদিয়া আম থাইয়া পিপাদা নিবারণ করিয়া থাকে। ইনি পরীর জগন্নাথের মন্দিরের প্রবেশপথের নিকট প্রকাণ্ড সরোবর খনন করিয়া দিয়াছেন। ৭৪ বংসর বয়দে ইঁহার মৃত্যু হয়। মৃত্যকালে মদনগোপাল ও গুৰুপ্ৰদাদ বন্ধ নামক হুই পুত্ৰ বাথিয়া যান।

দেবগণ এখান হইতে গোবিন্দরাম মিত্রের বাড়ী দেখিতে যাইলেন এবং তথায় উপস্থিত হইয়া ব্রহ্মা কহিলেন, "বহুণ! গোবিন্দরাম মিত্রের বিষয় আমাকে বল।"

বরুণ। ইঁহার পিতার নাম রত্নেশ্বর মিত্র। ইঁহারা ১৬৮৬ সালে কলিকাতার আদিরা বাস করেন। স্বর্ণর ধ্ব চার্ণক গোবিন্দরামকে ইংরাজী বাসালা ও সংস্কৃত ভাষার পারদর্শী দেখিয়া ইউইগুরা কোন্পানীর অধীনে কর্ম্ম দেন। ১৭৫৬ খৃঃ অব্দে পলানী যুদ্ধের পর গোবিন্দরাম ইউইগুরা কোন্পানীর অধীনে ডেপুটী ফোজদারীপদ প্রাপ্ত হন। সার গ্রবর্ণর হলওয়েল্ সাহেব অন্ধক্রপহত্যার পর হইতে ইঁহাকে "ক্লাক ডেপুটী" বলিয়া ভাকিতেন। ইনি অত্যস্ত হিন্দু ছিলেন। চিৎপুর রোভের ধারে ইঁহার প্রতিষ্ঠিত নবরম্ব অভাপি বর্ত্তমান আছে। গোবিন্দরামের রাজ্যা বড় বিখ্যাত। অভাপি চলিত কথারু লোকে বলিয়া থাকে:—

গোবিন্দরামের চেড়ি। (১) বনমালী সরকারের বাড়ী। (২) ওমিটাদের দাড়ী। (৩) জগংশেঠের কডি। (৪)

১৭৬৬ দালে গোবিন্দরামের মৃত্যু হয়। ইঁহার পুরের নাম রঘুনাথ মিত্র। ইনি অভ্যন্ত দাতা ও ধার্দ্মিক ছিলেন। বাটীতে দোল ফুর্গোৎসবে অনেক টাকা বায় করিতেন। ইনি ঢাকার কালেক্টবির দেওয়ান ছিলেন। ইঁহার পুত্র রামচন্দ্র মিত্রের বিবাহের সময় গবর্ণর লভ্য কর্ণভয়ালিশ্ কুমারট্লিভে কামানের শব্দ করিবার হুকুম দিয়াছিলেন এবং কেলা হুইভেও কয়েকটা কামান দাগা হুইয়াছিল। এই বংশীয়দিগের মধ্যে কেহু কেহু নন্দনবাগানে বাটা নির্দ্মাণ করিয়া বাস করিভেছেন।

এখান হইতে সকলে বনমালী সরকারের বাটী দেখিতে যান এবং উপস্থিত হইয়া বরুণ বলিলেন।—

"ইঁহারা জাতিতে সদ্যোপ। আদি বাস তদ্রেশর। আত্মারাম সরকার প্রথমে কলিকাতায় আদিয়া বাস করেন। বনমালী পাটনা রেসিডেন্সির দেওয়ান ছিলেন। পরে ইনি ইটইগুরা কোম্পানীর কলিকাতার তেপ্টা ট্রেডারের পদ প্রাপ্ত হন। বিপুল অর্থ উপার্জন করিয়া ইনি কলিকাতা, হুগলী প্রভৃতি স্থানে বিষয় থরিদ করেন। ইঁহার বাটি কুমারটুলির মধ্যে বৃহৎ। ইনি খ্যামস্থদর ও শিব প্রতিষ্ঠা করেন। এই বংশের অহ্য কেহ নাই। সমস্ত বিষয় বিগ্রহের সেবার্থ দান করিয়া গিয়াছেন।"

এখান হইতে যাইয়া একস্থানে উপস্থিত হইলে পিতামহ কহিলেন, "বৰুণ, এ বাজী কাহার ?"

বৰুণ। বেণীমাধ্য মিত্রের।

ব্রহ্ম। বেণীমাধব মিত্রের বিষয় বল।

বৰুণ। ছঁহাদের বাস চাকদার নিকট গোঁড়পাড়া। বেণীমাধনের পিতামহ নিধিরাম ফিত্র প্রথমে কলিকাতায় আসিয়া বাস করেন। ইনি কুমারটুলির বোসেদের বাড়ী বিবাহ করেন এবং ঐ স্থতেই কলিকাতার বাস

⁽১) রাস্তা। (২) বৃহৎ বাড়ী ছিল। (৩) প্রকাণ্ড দাড়ী ছিল। (৪) অত্যস্ত ধনী ছিলেন।

হয়। বেণীমাধব ফার্গুসন্ কোম্পানীর বাড়ী চাকরী করিয়া অতুল ঐশ্ব্য করেন। ইহার পুত্রের নাম বাবু বরদাচরণ মিত্র বি. এ। ইহার কন্তাকে কলিকাতার রেজিষ্ট্রার বাবু প্রতাণচক্র ঘোষ বিবাহ করিয়াছেন।

ক্রমে একস্থানে যাইয়া দেবগণ দেখেন, শত শত বোগী ঔষধ লইয়া বাহির হইতেছে। তদ্প্তে পিতামহ কহিলেন, "এটি কবিরাজ-বাড়ী বলিয়া বোধ হইতেছে। বরুণ, এই কবিরাজ-বংশের বিষয় বল।"

বরুণ। ইহারা পূর্ববেশের বৈশ্ব কবিরাজ। এই বংশের স্থবিখ্যাত কবিরাজ নীলাম্বর দেন প্রথমে কলিকাতার কুমারটুলিতে আদিয়া বাস করেন। ইনি স্থটিকিৎসা-গুণে ধন্ধস্থবি নামে প্রদিদ্ধ হন। ইহার জ্যোষ্ঠ পুত্র গঙ্গাপ্রদাদও কলিকাতার মধ্যে একজন বিখ্যাত কবিরাজ। ইনি প্রতাহ শত শত রোগীকে বিনাম্ল্যে মহামূল্য ঔষধ দান, বিস্তর ছাত্রকে আহার ও বিশ্বা দান করিতেন। ১৮৭৭ সালের কলিকাতা দর্বারে ইনি গ্রন্মেণ্ট হইতে প্রশংসাপ্ত প্রাপ্ত হইয়াছিলেন।

ইহার কনিষ্ঠ ভ্রাতা হুর্গাপ্রসাদ সেন ও অন্নদাপ্রসাদ দেনও বিধান্
স্থাচিকিৎসক। অন্নদাপ্রসাদ হোগলকুঁড়ের থাকিয়া চিকিৎসা করেন। এই
বংশের কালীপ্রসান্ন সেন "চক্রদন্ত" প্রভৃতি পুস্তক বাঙ্গালার অন্তবাদ
করিয়াছিলেন। ইহাদের ঢাকা জেলায় জ্মীদারী ও কলিকাতার অনেকগুলি
ভাড়াটে বাড়ী আছে।

সদ্ধা হইতেই দেবগণ বাসায় আসিলেন এবং পরদিন প্রাতে উঠিয়া কালীঘাট দর্শনে চলিলেন এবং সকলে ঘাইয়া ধর্মতলায় ট্রামগাড়ীতে উঠিলেন। ট্রামগাড়ী ভবানীপুরে উপস্থিত হইলে বরুণ বলিলেন, "পিভামহ, এই ভবানীপুরে হাইকোর্টের জ্ঞাল শস্তুনাথ পণ্ডিত বাস করিতেন।"

বন্ধা। বৰুণ, আমাকে শভুনাথ পণ্ডিতের বিষয় বন।

বরুণ। ইনি ১২২৬ সালে কলিকাতার জন্মগ্রহণ করেন। ইঁহার পিতার নাম শিবনারায়ণ পণ্ডিত। শস্তুনাথ প্রথমে গৌরমোহন আত্যের স্থলে পাঠ করেন। অল দিনের মধ্যে বিদ্যালয় পরিত্যাগ করিয়া ২০ টাকা বেতনে সহকারী মহাফেজের কর্মে নিযুক্ত হন। ১২৫১ সালে ভিক্রীজারীর মোহরার নিযুক্ত হন। এই সময় ইনি ভিক্রীজারীর আইন সম্বন্ধে একথানি ক্তু পুস্তুক লেখেন। ঐ পুস্তুক কার্য্যোপযোগী হওয়ায় গ্রন্মেটের পরিচিত হন। ১২৫৬ সালে ওকালতী সনন্দ লইয়া ঐ ব্যবসা আরম্ভ করেন। উট্টার

কার্যাদক্ষতায় সম্ভষ্ট হইয়া বিচারপতি জে, আর্, কলতীন্ সাহেব তাঁহাকে ১২৬০ সালে জ্নিয়ার উকীল পদ প্রদান করেন। ১২৬০ সালে গবর্ণমেন্টের সিনিয়ার অর্থাৎ প্রধান উকীলের পদ প্রদান করেন। ১২৬০ সালে হাইকোর্ট সংস্থাপিত হইলে রাজা রমাপ্রসাদ রায়কে একজন দেশীয় বিচারপতিপদে নিম্কু করিতে গবর্ণমেন্ট অভিপ্রায় প্রকাশ করেন; কিন্তু বিচারাসনে উপবেশনের পূর্বেই তাঁহার মৃত্যু হওয়ায় শভুনাথ পণ্ডিত ঐ পদ প্রাপ্ত চন। ইনি অতি সম্মান ও সন্বিচারের সহিত ঐ পদে কার্য্য করিয়াছিলেন। ১২৭৪ সালে সামান্ত জরে ও একটা বিক্ষোটকে ই হার মৃত্যু হয়। ইনি একেশ্রবাদী ব্রাক্ষ ছিলেন।

ব্রহ্মা। ভবানীপুরে আর কি আছে গ

বরুণ। এথানে হাইকোটের দেশীয় জজেরাই বাদ করিয়া থাকেন। জজ অমুকুল মুখোপাধ্যায়েরও এথানে বাড়ী আছে।

বন্ধা। অনুকুলের বিষয় বল।

বকণ। ইহার পিতার নাম লক্ষ্মীনারায়ণ মুখোপাধ্যায়। ইহারা কলিকাভার মধ্যে একজন সন্ধান্ত লোক। অফুক্ল হিন্দু কলেন্তে অধ্যয়ন করিয়াছিলেন। বিভালয় পরিভাগের পর ইহার হাবড়ার মাজিট্রেটের আফিসেনাজিরি কর্ম হয়। ঐ নাজিরি করিতে করিতে ইনি ১৮৭৬ অন্দে কমিটি একজামিন দিয়া হাইকোর্টে ওকালতি করিতে আরম্ভ করেন। ইহার হাইকোর্টে-ক্রমে এমন পশার হয় যে, মন্কেল একটেটিয়া করিয়া লইয়াছিলেন। ইহার গুণের কথা গবর্গমেন্টের কানে উঠিলে প্রথমে ইনি জ্নিয়ার উকলি ওতংপরে কৃষ্ণকিশোর ঘোষ পদত্যাগ করিলে সিনিয়র উকীল হন। ১৮৭২ অন্দে ইনি বাঙ্গালা লেজিস্লেটিভ কাউলেনের মেম্বর হইয়াছিলেন। ইহার পর ইনি হাইকোর্টের প্রতিনিধি জন্মের পদ প্রাপ্ত হন। কিন্তু ঐ কাজ করিতে করিতে ১৮৭১ সালের আগেই মাসে ইহার মৃত্যু হয়। মৃত্যুকালে বয়্যক্রম ৪১ বংসর মাত্র হইয়াছিল।

দেবগণ টামগাড়ি হইতে নামিলে কতকগুলি লোক নিকটে আসিয়া, কহিল, "মহাশয়েরা কি কালীমাকে দর্শন করিবেন ?"

্ ইন্দ্র। কেন, সে থোঁজে তোমাদের আবস্থক কি ?

লোক। আজে, আমরা হালদার মহাশয়দের বাড়ী কাজ কল করি। সঙ্গে ক'রে নিয়ে গিয়ে ভাল ক'রে দর্শন করাব।

কেবগণের মর্ছ্যে সাগমন

বকণ। তীর্থস্থানে তোমাদের মিখ্যা বলিবার আবশ্রক কি ? এসেছ দালালি ক'ব্তে যাত্রীদিগের নিকট হ'তে ফাঁকি দিয়ে পূজার পরসা গ্রহণ ক'ব্তে; হালদারদের বাড়ী কাজ করি ব'লে কেন নরকে যেতে ব'সেছ ? ডোমাদের এই জন্মে এই দশা, পেটের জন্ম রাস্তায় রাস্তায় ঘুরিয়া লোক ধরিতেছ, একবার পরজন্মের ভাবনা ভাব।

লোকগুলো চলিয়া যাইলে বরুণ দেবগণকে লইয়া বন জঙ্গলের মধ্য দিয়া কালীবাড়ীর নিকট উপস্থিত হইলেন। তাঁহারা যাইয়া দেখেন, মহাসমারোহ ব্যাপার! দারি দারি দন্দেশের দোকান, ফলের দোকান, খেলানার দোকান। বিজ্ঞর যাত্রী আদিতেছে; কেহ রাস্তায়, কেহ দোকানে, কেহ কালীবাড়ীর ঘারে ও গঙ্গাস্পানের পথে দাঁড়াইয়া আছে। দোকানদারেরা দার্থক জন্মিয়াছে, দ্রব্যাদি বেচিয়া বিস্তর লাভ করিতেছে। যাত্রীদিগের পূজার দ্রব্যা কম করিয়া দিয়া ঠকাইতেছে। আহা! হতভাগারা জানে না যে, এ ঠকান—যাত্রীদিগকে হইতেছে না, কালী মাকেই হইতেছে।

কালীঘাট

্দেবগণ বাটার মধ্যে যাইয়া নাটমন্দিরের নিকট উপস্থিত হইলে পিতামহ কহিলেন, "মার এ দরজা এখনও খোলা হয় নাই কেন ?"

বরুণ। তাহা হইলে শিকার ফস্কাবে অর্থাৎ দকলে এক স্থান হইতে
মাকে দেখিয়া পাণ্ডাদিগকে কলা দেখাইবে—এই আশকায় এ হারটা সহজে
থোলে না। মন্দিরের গুধারে একটা ক্ষুদ্র হাছে, তাহার বক্ষক
৮।১০ জন যমদুতের ন্যায় বণ্ডা বাগ্রাক্রণ; তাহাদিগকে টিকিট দিবার ন্যায়
এক একটা প্যুদা দিয়া তবে মন্দির মধ্যে প্রবেশ প্রবিক মাকে দেখিতে হয়।

ব্রহ্মা। উ: কলিতে দেখছি দকল বিষয়েই দোকানদারী। এক্ষণে ক পৃথিবীর ধ্বংস হওয়াই ভাল। আহা! দরিত্র ব্যক্তিরা যে মাকে দর্শন করিয়া চরিতার্থ হইবে, তাহারও উপায় নাই। মাহোক্, তাহারা মনে মনে মাকে দর্শন করিয়া—পয়দা দিয়া দর্শন করা অপেক্ষা অধিক পুণালাভ করিতে পারে।

দেবগণ মন্দিরের পশ্চাৎ ভাগ দিয়া কালীমার গুপ্তথারের নিকটন্থ রোয়াকে উঠিয়া দেখেন, একটা অলঙ্কারবিভূষিতা যুবতী বদিয়া আছে, এবং বক্ষের কাণড় খুলিয়া বালিকাকে স্থনপান করাইতেছে। যাত্রিগণ দেই দিকে চাহিয়া আছে। নারায়ণও আড়চক্ষে দেই দিকে চাহিতে লাগিলেন। পিতামহ কহিলেন, "মা, বাড়ীর ভিতর যাও, তুমি ভদ্রগোকের বাড়ীর কুলবধু, তুমি এখানে কেন ?"

ন্ত্ৰী। আমার কি যাবার যো আছে, আমি ব'দে ব'দে পাহারা দিচ্ছি, নইলে এ দোরের মিন্সেরা দর্শনীর প্রসা চুরি ক'র্বে।

ব্ৰহ্মা। এ কাছ ভোমার স্বামীর ক'র্লে ভাল হয় না?

ন্ত্ৰী। আহা ! মিন্সের কি মন্তার কথা ! স্বামী বাজার কর্তে যাবে না ?
পিতামহ স্ত্রীলোকটাকে মুখরা দেখিয়া আরু কোন কথা না বলিয়া বকণকে
কহিলেন, "বরুণ, কালীঘাটের উৎপত্তি বল।"

বরুণ। দক্ষর্যজ্ঞে সভী প্রাণত্যাগ করিলে নাহায়ণ যথন চক্রদারা তাঁহার স্তদেহ থণ্ড থণ্ড করেন, তথন দেবীর দক্ষিণাসূচ এই কালীঘাটে পড়ায় এই কালী ও নকুলেশর শিবের উৎপত্তি হয়। এই ঠাকুর বঁড়িযার সাবর্ণ দেবগণের মর্জ্যে আগমন

চৌধুরীদিগের ছিল। পূর্ব্বে ইহার কিছুই আয় না থাকায় চৌধুরী মহাশয়েরা কালীর পূজারি হালদারদিগকে দান করেন। এক্ষণে ইহার ঘথেষ্ট আয় হইয়াছে। এত আয় যে, হালদারদিগের রাবণবংশ স্থথভছলেও বাব্পিরির সহিত কাটাইতেছে এবং প্রতাহ হাজার লোক ইহার বারা প্রতিণালিত হইতেছে। ১২১৬ সালে কালীঘাটের এই মন্দির নির্মিত হয়।

हेक । हानमात्रापत कि उपाय नास हम ?

বরুণ। একানে হালদার দিগের বংশ বৃদ্ধি হওয়ায় দেবী সাধারণের ভাগে পড়িয়াছেন। কাহারও ভাগে এক দিন, কাহারও ভাগে এক বেলা। এথানে প্রভাহ শত শত রাজা, জমিদার, মায়ের প্রাা দিতে আনে, এবং কেহ স্বর্ণের হাত, কেহ মুগুমালা, কেহ মুক্ট প্রভৃতি দিয়া পূজা দেয়। যাঁহার পালার সময় এই সমস্ত পূজা হয়, তিনিই উহা প্রাপ্ত হন।

দেবগণ স্বারে প্রদা দিয়া অতি কটে ভিড় ঠেলিয়া মার নিকট ঘাইয়া দেখেন, তিনি কাঁদিতেছেন। ব্রহ্মা তদ্দুটে কহিলেন, "মা ! তুমি কাঁদুচো !"

কালী। বাবা, আমার কারা বৈ আর কি আছে? আমায় যে চুখে চুষে রক্ত থাচে।

ব্ৰহ্মা। কে মা?

কালী। ছারপোকার বংশ। যখন প্রথম বাহির হই, তখন একটী ছারপোকা ছিল, এখন পঙ্গপাল! দেখ বাবা, এমন বংশবৃদ্ধি কখন দেখি নাই।

বন্ধা। হালদাবেরা তোমার সহিত কেমন বাবহার করেন?

কালী। আমি হইয়াছি তাঁদের প্রসা উপার্জ্জনের পুতৃল। যেমন লোকে একটা গ্রুব পাঁচটা শিং, একজন মান্তবের পাঁচখানা হাত দেখিয়ে প্রসা নেয়, এরা তেয়ি আমার বারায় প্রসা রোজগার ক'ব্চে। শীতে কেঁপে মর্ছি দেখে যদি কেহ আমার গাতে একখানি ভাল কাণড় দেয়, "আমার পালা" "আমার পালা" ব'লে, খুলে নিয়ে পালায়। আমার হাত নাই দেখে যদি কেহ চারিখানি সোণার হাত বা মাখায় মৃক্ট গড়িয়ে দেয়, তৎক্ষণাৎ খুলে নিয়ে গিয়ে পরিবাবের গহনা গড়ায়।

নারা। এথানে বিস্তর পূজা আদে নর ?

কালী। আদে সতা; কিন্তু স্থামি কথনও চক্ষে দেখ্তে পাইনি। বিশ্বর জ্যাচোর জুটেছে, তাহারা হালদারদের লোক ব'লে ধর্মতল্য থেকে লোক ধ'বে আনে, এবং এখানে একটা জাল হানদার তৈয়ের ক'বে তাহার নিকট হাজির করে। তার পরে ফাঁকি দিয়ে তাহার নিকট হইতে পূজার টাকাগুলি হাত ক'বে নিমে এক প্রদার কলা ও একটু চিনি খরিদ ক'বে আমার মন্দিবে আনে। পূজা করা দ্বে থাক, আমার সিঁদ্বগুলো মৃচে নিয়ে গিয়ে তাদের হাতে দেয়। বেচারারা কিছু জানে না, প্রদাদ নিয়ে ছবে যায়।

ব্ৰহ্মা। ও সব লোকের বংশ থাকে ত ?

কালী। একদল নির্কাংশ হ'লে আর একদল আদে। ভারাও পেটের জালায় আদে, আমিও পেটের জালায় ভাদের থেয়ে ক্ষা নিবৃত্তি করি। হতভাগারা মনে করে, লোকে যেন ওদেরই পূজা দিতে এসেছে।

উপ। কালী পিনী! তুমি খুব পাঁটা থেতে পাও?

কালী। কৈ পাই বাবা ? পুঞ্চাও করে না, উৎদর্গও করে না, যেখানে দেখানে কাটে, আর মেচুনী মাগীরে ভাগা দিয়ে বেচে।

বনা। তোমার প্রদাদে মা, অনেকে প্রতিপালন হ'চে।

কালী। তাতে ত আমি স্থী হই। প্রতারণা করে কেন ? সন্দেশ ওয়ানারা ভাল সন্দেশ ব'লে চিনির সন্দেশ বেচে; আর পৈতে, ভাব, স্থারি, শাথা ও পূজার জ্বোড় গুলো বারবার অ:মার ঘরে ও দোকানে যাতারাত করে।

বন্ধা। সে কেমন?

কালী। পূজা হ'চেচ আর দোকানে গিয়ে বেচে আস্ছে। আবার যাত্রীরা তাই কিনে পূজা দিচেচ, আবার দোকানে যাচেচ ইত্যাদি।

ইন্দ্র। হালদার বাড়ীর মেয়েরা ভোমাকে খুব ভক্তি শ্রদ্ধা করেন ?

কালী। ভজি ক'ব্বে কেন ? আমি কে ? তাহাদের দেহ হিংসার পরিপূর্ব—"ওদের পালায় এত পেলে, আমার পালায় কম হ'ল" এই হংখেই মবে।

ব্রহা। মিন্সেগুলো?

কালী। মিলেরা সর্বাদাই পালা কিন্চে, পালা বেচে, যেন বাপ পিতামহের জমীদারী। দেখ বাবা! দেবতা অপেকা মাছ্রর ভাল, মলো না চুকে গেল; আর আমি দেবতা, আমার হৃঃথ দেখ! যক্ষয়েকে ম'রে কালী হয়ে নিস্তার নাই। কালীঘাটে কারাক্ত হয়ে আছি। ঠাকুরপো, ভোমরা আমাকে নিতে এসেছ?

দেবগণের মর্ভো আগমন

নারা। আমরা কলিকাতা দেখ তে এসেছি।

কালী। নিতে আাদনি ? তা আাদ্বে কেন ? আমার কি তেমন কপাল ?

নাবা। দাদার বিনা মতে কি নিয়ে যেতে পারি? তাঁকে জিজাদা ক'বে নিয়ে যাব।

কালী। তিনিও এথানে আছেন, তাঁহার অবস্থা আমা অপেকাও থারাপ। সমস্ত দিন হুধ গঙ্গাঞ্জল থেয়ে কাটাতে হয়।

এই সময় কপালে নিঁদ্র, গলায় মালা, একপাল বাঙ্গাল ঠেলাঠেলি করিয়া কালীমন্দিরের মধ্যে প্রবেশ করায় ব্রহ্মা কহিলেন, "মা! পালালাম, নিশ্চিম্ভ হয়ে থাক; কলিতে ভোমাদের কাহাকেও মর্ছ্যে রাথিব না।"

দেবগণ অতি কটে ভিড় ঠেলিয়া বাহিবে আদিয়া নিখাদ ফেলিয়া বাচেন এই সময় একটা বালিকা আদিয়া নাবায়ণের গলায় মালা দিলে নাবায়ণ দবিশ্বয়ে বলিলেন, "আহা! কি কব্লে আমি বুড়ো মাহ্বৰ আমার কি বে কব্বার সময়।" বালিকা অবাক্ হইয়া নাবায়ণের প্রতি চাহিতে লাগিল। এই সময় আর একটা বালিকা আসিয়া মালা দিল। নাবায়ণ কহিলেন, "ভোমবা কি কুলীনের মেয়ে ভাই পাত্রাভাবে আমাকে বরমাল্য দিতেছ।" সেও তৎপ্রবণে অবাক হইয়া দাঁড়াইল। এই সময় দলে দলে আসিয়া মালা দিতে লাগিল। নাবায়ণ তদ্ধী কহিলেন বড় দা সর্কনাশ। এথানেও আমার বেছ্লা গোণিনী কুটিল।

উপ। "ঠাকুর কাকা! মন্দ কি হইল? এই খুড়িমা ঘর নিকাবেন এই খুড়িমা রাধ্বেন, এই খুড়িমা কুটনো কুটবেন" বলিয়া আঙ্গুন দিয়া দেখাইতে লাগিন।

্রক্ষা। বৌমা। তোমরা বড় মৃদ্ধিলে ফেলে। বাদার দবে একটী ঘর, তোমাদের নিয়ে গিয়ে রাখি কোখার ?

মেয়েগুলো এই সময় ব্রহ্মার গুলায় মালা দিতে আরম্ভ করিল। তথন শিতামহ কহিলেন, "ছি'। ছি! কি করলে আমি যে ভোমাদের ভাগুর, ভোমরা কি কলির মৌপদী হলে?"

মেরেপ্রলো এই সময় দেবগণের কোঁচা ধরিয়া "পয়সা" "পয়সা" শব্দে টানিতে লাগিল। টানাটানিতে পিতামছের পরিধের বল্প থুলিয়া গেল, নারামণের কাপড়খানি ছিঁড়িয়া যাইল। তিনি রাগিয়া কছিলেন, "বা তোরা দ্বহ! এমন গ্রীতে আমার দরকার নেই, ভোদের কালীবাটে বনবাদ দিলাম।"

দেবগণ যেমন সংবাবে বাহিরে আসিলেন, কভকগুলো লোক ছুটিয়া আসিয়া তাঁহাদের কপালে সিন্ধুর লেপিতে লাগিল। উপ কহিল "শালার এদেশে সবই উন্টা, খুড়িমারা ওদিকে আছেন, তাঁদের কপালে সিন্ধুর দিগে না ।"

সকলে বাহিরে আদিয়া দেখেন, ছোট ছোট পাঁটাগুলোকে এমন ভাবে বাঁধিয়া রাখিয়াছে যেন গাছের ফল। পিতামহ কহিলেন, "হায় রে পাতর প্রতি অত্যাচারনিবারিণী সভা! একবার কানীঘাটে এদে দেখে যাও এখানে কি অত্যাচার! বরুণ! শীদ্র গাড়ী ভাড়া কর, এই দণ্ডেই কানীঘাট পরিত্যাগ করিব।" বরুণ তৎপ্রবণে একথানি গাড়ী ভাড়া করিলে দেবগণ ভাহাতে উঠিয়া আলিপুরে আদিয়া উপস্থিত হইলেন। তাঁহারা জল আদালত প্রভৃতি দেশিয়া স্থল ও কাছারির নিকট উপস্থিত হইয়া দেখেন, একটা ঘরের ভিতর এজলাদে বিদিয়া হাকিম বিচার করিতেছেন।

দেবতারা বাহিবে স্থাসিলে পিতামহ কহিলেন, "বরুণ! দেশী হাকিমদের উৎপত্তির কারণ বল।"

বকণ। এক সময় ষমালয়ে কয়েদীদিগের আহারাদির কট দেওয়ায় ভাহারা বিজ্ঞাহী হয় এবং যম মফঃস্বল ভ্রমণে যাইলে জেল ভাঙ্গিয়া বাহিরে আদে। কয়েদীগণ ভাহাদের মধ্যে একজনকে রাজা করে। যম প্রভ্যাগমন করিয়া সিংহাদন না পাওয়ায় কাঁদিতে কাঁদিতে বৈকুঠে ঘাইয়া নারায়ণের নিকট দর্মান্ত করিলেন। নারায়ণ যমালয়ে আসিয়া মিষ্ট কথায় ভাহাদিগকে তুট করিয়া মর্জ্যে পাঠান, এবং কহেন, "ভোমরা যমের তায় ভথায় গিয়া বিচারাদনে বিদয়া বিচার করিবে।"

্ এখান হইতে সকলে যাইয়া জুওলজিকেল গাডেনের থারে উপস্থিত হইলেন। অন্নি ব্যাত্মগণ "হালুম" হালুম শব্দে বানরগণ "উপ আপ" শব্দে ও বনমান্তবেরা "উকু উকু" শব্দে চীৎকার আবিস্ত করিয়া।

তাঁহারা প্রথমে যাইরা ব্যাদ্র ভর্ক দেখিলেন। ব্যাদ্র ও ভর্কগণ তাঁহাদিগকে দেখিরা চঞ্চল চরণে বেলিংরের বাহিবে আসিরা তাহাদের চরণে আছাড়িরা পড়িবার প্রয়াস পাইতে লাগিল, কিন্তু অকুভকার্য্য হইল। তৎপরে উট, গণ্ডার, শূকর প্রভৃতি দেখিরা বানরগণের মবে আসিলে ক্ষুক্ত কানরগণ কর্যোড় করিতে লাগিল। মনের ভাব "দেবগণ! আমরা হাধীনতা সংৰও পরাধীন হইয়া কট পাইতেছি, উদ্ধার কর।" বড় বড় বানরগণ রেনিং নাড়িয়া নিজ প্রতাপ দেখাইতে লাগিল। মনের ভাব "আমাদের এত বল, কিন্তু ইংবাজবলের নিকট পরাজিত হইয়াছি।" বনমান্ত্রৰ "উকু উকু" শব্দে এদিক্ হইতে ওদিকে যাইতে লাগিল এবং দোল থাইতে লাগিল। মনের ভাব, "আমি ভাল মান্ত্র, নিরপরাধ ব্যক্তি; আমার এ দশা কেন ?" জ্বলজিকেল গাডেনি হইতে বাহির হইলে বক্ষণ কহিলেন, "পিতামহ। এই যে হইটী অশ্ব বৃক্ষ দেখিতেছেন, ইহারই তলে হেষ্টিংদের সহিত ক্রাজিদের হন্দ্যুদ্ধ হইয়াছিল।"

দেবপণ ইহার পর ছোট লাটের বাড়ী দেখিতে ঘাইলেন। বরুণ কহিলেন, "এই আলিপুরের বেলভেডিয়ার বাগান। এই ছানে বঙ্গের বাস করেন। ইহারই পশ্চাৎ ভাগে হেষ্টিংসের বাগানবাটী ছিল। আলিপুরের আরাকট বাগানের নিকট হেষ্টিংস হাউস নামক একটী প্রশস্ত বাগানবাটী অভাপি বর্তমান আছে।"

এথান হইতে তাঁহার। বালকগণের চরিত্রসংশোধিনী জেল, সেণ্ট্রাল জেল কলাবাগান (এই স্থানে লক হস্পিটেল ছিল) গোরস্থান (সৈঞ্চিগের কবর) গোরে যে পাধর বসান হয় তাহা বিজ্ঞারের স্থান, কুলি চালানের জিপো, ইংরাজ পাগলা গারম ও বালালী পাগলা গারদ, জেনেরল হস্পিটাল (নামে জেনেরল কিন্তু কেবল ইংরাজেরা থাকে, আর্মি হস্পিটাল) নৈজেরা থাকে, হরিণ বাড়ী, দেখিয়া ধর্মতলায় আসিয়া উপন্থিত হইলেন।

এই সময় এক ব্যক্তি আসিয়া তাঁহাদের হাতে লাল কাগদে ছাপান কতকগুলো বিজ্ঞাপন দিয়া যাইল। দেবগণ দেখেন লেখা বহিয়াছে— "ইলেকট্রিক কামিকেল গোল্ড বিং। মূল্য পাঁচ টাকা। এক ভন্তন থবিদ করিলে একটি ভাল ওয়াচ ও একসেট বোতাম এবং ওটা থবিদ করিলে একটী উত্তম টাইম্পিস ছড়ি ও একগাছি কুকুরমুখো ছড়ি উপহার দেওয়া যায়।

'এই আংটী ব্যবহারে কি হয়?—এই আংটী হল্তে থাকিলে জন্মের চন্দ্ হয়, থোড়ার পা হয়, বোবার বোল কোটে, নির্ধনী ধনী হয়, আইবুড়ো ছেলের বে হয়, গোক হারালে গোক মেলে। স্ত্রীলোকেয়া যদি ধারণ করেন, ভাহা হইলে বন্ধ্যা পুত্রবভী হয়, কুরপার রপ হয়, স্বামী বলে থাকেন, সর্বান্ধে পোণা হয়, বৃদ্ধার যৌবন হয়। বৃদ্ধের পক্ষেও এ আংটী বিশেষ উপকারী, কারণ পাকা চুপ কাল হয়, নড়া দাঁত শক্ত হয় এবং নবযৌবন ফিরে আদে। সাধারণের পক্ষে আংটীর কেমন গুণ দেখুন। যাহার হাতে থাকে, তাহার সপ্তদশ পুরুষের রোগ, শোক ও দর্পভয় থাকে না, দে বংশের কেহ জলে ভোবে না, আগুনে পোড়ে না, অস্তাঘাতে মরে না, অধিক কি গ্যায় গিয়া পিগু দিবারও আবশুক হয় না। আমরা নিজে নিজে পরীক্ষা করিয়া তবে এই আংটি দাধারণে প্রচার করিয়াছি।

দত্ত, সেন, দাস, মল্লিক, মুখো, মিত্র, চট্টো, গড়গড়ি, সাধুখা এণ্ড ব্যানাজ্জী বাদাবদ্, মুদ্ধাপুর ষ্টাট। দেবগণ এথান হইতে বাদায় যাইয়া আহারাদি করিয়া স্বর্গে যাইবার জন্ত মোট মাটারি শুছাইতে লা দিলেন এবং পরদিন প্রাতে মূটের মাথায় মোট দিয়া দকলে যাইয়া ষ্টেশনে উপস্থিত হইলেন। তাঁহারা ষ্টেশনে যাইয়া দেখেন টিকিট-দিবার ১ ঘন্টা বিলম্ব আছে। তথন সকলে একটি পাথরের বেঞ্চের উপর বদিলেন এবং পিতামহ কহিলেন "বরুণ! কলিকাতার ইতিহাস বল।"

বরুণ। ছই শত বংসর পূর্বে এই কলিকাতার অবস্থা স্বতম্ভ ছিল, তথন এ সকল কিছুই ছিল না। একণে দিন দিন ইহার অবস্থা ফিরিতেছে এবং অধিবাদীদিগের স্থা স্বচ্ছন্দতা ক্রমেই বাড়িতেছে।

ইন্দ্র। কলিকাতা সহর কত দিনের ?

বকণ। বর্ত্তমান সহর যদিও বেশী দিনের নয়; কিন্তু এন্থানের নাম বছদিন পর্যান্ত আছে। আইন-আকবরিতে এই স্থানের নাম দেখিতে পাওয়া যায়। প্রাণে, কলিকাতা যে স্থানে, এই স্থানকে কালীক্ষেত্র বলিয়া উল্লেখ করিয়াছে। কালীক্ষেত্র একটি বিখ্যাত পীঠন্থান। এই স্থান বায়ায় পীঠের মধ্যে একটি মহাপীঠ। প্রাচীন পীঠের উপের কালীমন্দির নির্মিত হয় নাই। কালীক্ষেত্র বহুলা নামক স্থান হইতে দক্ষিণেশর পর্যান্ত বিস্তৃত আছে, বহুলোকে এক্ষণে বেহালা কহে এবং দক্ষিণেশর অভ্যাপি বর্ত্তমান আছে। ইংরাম্প অধিকারের স্থানা হইতে কালীক্ষেত্র সন্ধৃতিত হইয়া এক্ষণে কালীঘাট নাম হইয়াছে। বলাল সেনের জীবনী পাঠেও এই স্থানের উল্লেখ দেখা যায়। আকবর বাদসার সময় কলিকাতার উল্লেখ আছে। কারণ তোড়রমল্ল যে "ওয়াশিল তুমার জ্মা" নামে একটি রাজস্ব হিসাব প্রস্তুত করেন, তাহাতে কলিকাতার নাম আছে। এই আকবরের স্ময় ১৫৮৬ অব্দে বেলা তিন ঘটিকার সময় ভয়ানক ঝড়ও সম্ক্রের জল উথলিয়া উঠিয়া দক্ষিণ দিক্ নাই হইয়া য়ায়ও প্রায় তই লক্ষ্প্রাণীর প্রাণ নাই হয়। ঐ দক্ষিণ ভাগকে এক্ষণে ফ্রন্সর বন কহে।

কলিকাতার উন্নতি ইংরাজ হইতে হয়। এই ইংরাজেরা ইউইণ্ডিয়া কোম্পানি নাম ধরিয়া ১৬৫১ অবে বাণিজ্ঞা করিতে আদেন। ১৬৮৬ অবের ২০এ ডিনেম্বর জব্চার্ণকু সাহেবের সহিত হুগলির ফৌজদারের বিবাদ হওয়ার সাহেব দলবল্পহ স্ভাষ্টী অর্থাৎ বর্তমান কলিকাভায় পলাইয়া আদেন। ১৬৯**• অন্দে ডিনি স্**ভান্নটিতে একটি কৃঠি স্থাপন করেন। এ**ই হইভেই** কলিকাতা নগরের স্ত্রপাত হয়। চার্ণক অত্যন্ত সাহসী ও যোগা ছিলেন। তিনি যে স্থানে বাঙ্গালা নির্মাণ করিয়া বাস করেন, ঐ স্থানকে বায়াকপুর কহে, ১৬৯২ অব্দে চার্ণকৈর মৃত্যু হয়। একণে যে স্থানকে বৈঠকখানা কছে, এ স্থানে একটা প্রকাণ্ড বটগাছ ছিল। বণিকেরা নানা স্থান চ্টত্ত আদিয়া উহার তলে বিশ্রাম করিত। তাহারা আমোদ করিয়া ঐ বক্ষতদকে বৈঠকখানা বলিত, তাহা হইতেই বৈঠকখানা নাম হইয়াছে। বৃক্ষটি ১৮৭০ অৰূপৰ্যান্ত ছিল। ১৬৯৮ অন্দে ইংবাজেবা ফোর্ট উইলিয়ম নামক এক দুৰ্গ নিশাণ করিতে নবাবের নিকট অনুমতি পান। প্রায় ঐ সময়েই জাঁহারা সম্রাট আছিম ওসমানের নিকট স্থতাহুটী, গোবিলপুর ও কলিকাতা ক্রয় করিয়ালন। ফোট উইলিয়ম তুর্গ বর্তমান তুর্গ হইতে স্বতম্ভ স্থানে চিল। ঐ স্থানে অর্থাৎ ফেয়ারলি প্লেদে একণে বর্ত্তমান কাষ্ট্রম হাউদ প্রস্তৃতি অবস্থিত আছে। ১৭১৬ অনে রাইটার্স বিল্ডিংয়ের পশ্চিমে ইংরাজেরা প্রথম গির্জ্জা নির্মাণ করেন। উহার চড়া ১৭৩৭ সালের ঝড় ও ভূমিকম্পে ভাঙ্কিয়া যায়। তৎপরে সিরাম্বউন্দোলা কলিকাতা আক্রমণ করিয়া উহাকে একেবারে ভূমিলাৎ করেন। এই সময় চাঁদপালের ঘাটের দক্ষিণে অত্যন্ত বন ছিল, এক্ষণে সেই স্থানে চৌরক্ষী শোভা করিতেছে। ১৭২৭ অব্দের অক্টোবর মাসে ঝড়ে ও ভূমিকম্পে দেণ্ট জন্ম চর্চের চূড়া ভাঙ্গে ও কলিকাতার প্রায় ছই শত গৃহ নট হয় এবং প্রায় ২০.০০০ ডিঙ্গা, নৌকা ও জাহাজ স্থান-অষ্ট হয়। ইংবাজদিগের নয় থানি জাহাজের মধ্যে আট থানি নষ্ট হয়। এই ঝড়েও ভূমিকম্পে প্রায় ৩০,০০০ লোক মারা যায়। ১৭৪০ দালে বঙ্গদেশে "বর্গীর হাকাম।" হয়। ১৭৫৬ অবে বিথাত অন্ধকূপহত্যা ঘটে ও কলিকাতা ইংরাজদিগের হাত ছাড়া হয়। ১৭৫৭ অবের ২বা জামুয়ারী তাঁহারা কলিকাতা পুনর্ধিকার করেন। অন্ধকুপহত্যার শ্বরণার্থ হল ওয়েল সাহেব ৫ ফুট উচ্চ একটি ক্সন্ত নির্মাণ করিয়াছিলেন। ঐ ক্সন্ত লালদিখীর উত্তর-পশ্চিম কোণে ছিল, ১৮৪ • অব্দেশ মাকু हेन অব্ হেষ্টিংন নাহেবের আদেশে ভাঙ্গিয়া ফেলা হয়। ১৭৫৭ অবে ইংরাদেরা পলাশী যুদ্ধে জয় লাভ করেন এবং সিরাজউদ্দৌলাকে বাজাচাত করিয়া মির্জাফর্কে নবাব করেন। ঐ অন্সের ১৭ই আগষ্ট ইংবালবালনামান্তিত প্রথম মুদ্রা প্রচাব হয়। এই অস হইতেই কলিকাতার

দেবগণের মর্ছো আগমন

প্রীবৃদ্ধি আরম্ভ হয়। কারণ দিবাঞ্জের আদেশে একপ্রকার এই স্থান নই হইয়াছিল, বডবাঞ্চার অঞ্চলের সমস্ত গৃহ তাঁহার সৈলেরা অগ্নিবারা নই করিয়াছিল। লভ ক্লাইভ ১৭৫৮ অবেদ বঙ্গদেশীয় কুঠিনমূহের গবর্ণর হন। এই সময় কোম্পানী মির্দ্ধাফরের নিকট হইতে কলিকাতার চতুম্পার্থবতী ভভাগের স্বত্ব লাভ করেন। উহাকেই ২৪ প্রগণা কহে। ১৭৬৫ অব্দের ১২ই আগষ্ট ইংরাজেরা সম্রাট সাহ আলমের নিকট বাঙ্গালা, বেহার ও উডিয়ার দেওয়ানি প্রাপ্ত হন। ১৭৬৭ অব্দে ক্লাইব স্বদেশে প্রস্থান করেন। বাঙ্গালায় ১১৭৬ দালে একটা ভয়ানক তভিক্ষ ও মহামারী হইয়া বঙ্গদেশ ছারথার হয়। ইহারই নাম "ছিয়াত্তরের মন্বস্তর।" ইহাতে কলিকাতায় ১০ই জুলাই হইতে ১০ই দেপ্টেম্বর মধ্যে ৭৬,০০০ লোক মারা যায়। ইহার উপর অধিকাণ্ডও ঘটিয়াছিল। টাকায় চারিসের চাউল বিক্রয় হইয়াছিল। ১৭৭২ সালে তেষ্টিংস সাতের গর্বের হন। ইতার সময় বাঙ্গালা ও বেছার দেশ ১৮ জেলায় বিভক্ত হয়। কলিকাতায় বেভিনিউ বোর্ড স্থাপিত হয় এবং বোহিলা যুদ্ধ ঘটে। এই সময় মহাবাজ নন্দকুমারের ফাঁদী হয়। বারাণদীর রাজা চৈতদিংহের দর্বনাশ হয়, প্রথম ও বিতীয় মহারাষ্ট্রযুদ্ধ সংঘটিত হয়।

ইজ। বৰুণ। নন্দকুমারের জীবনচরিত বল।

বরণ। রাজা নদকুমার রাড়ী শ্রেণীর প্রাহ্মণ। ১৭৪৫ খৃঃ অন্দে মূর্ণীদাবাদের অষ্টংপাতী ভদ্রপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ১৭৫৬ খ্রীঃ অন্দে ইনি হর্গলীর ফৌজদার হন। ১৭৬৩ খৃঃ অন্দে নবাব মীরকাসিমের দেওয়ান হন। ইনি মন্দন্ প্রভৃতির পক্ষ হইয়া গবর্ণর হেষ্টিংসের দোষ প্রকাশ করিতে আরম্ভ করিলে, হেষ্টিংদ মোহনপ্রসাদ নামক একজন ব্যবসামীকে উপলক্ষ করিয়া মিথা। জাল করা অপরাধে ইহাকে স্থামকোটে উপদ্বিত করেন। ছেষ্টিংসের যত্তে প্রধান বিচারপতি সার ইলাইজা ইম্পি নন্দকুমারের প্রাণদণ্ডের আদেশ করেন।

্রন্ধা। যাক, কলিকাভার বিষয় আরও বল !

বক্ষণ। চাঁদপালের ঘাট এই সময় বর্ত্তমান ছিল। থিদিরপুরের উত্তরস্থিত টালিগঞ্জের থাল ১৭৭৫ খৃঃ অব্দে কর্ণেল টলি কর্ত্ত্ক থনন করা হয়। ১৭৭৫ অব্দে কর্ণেল হেন্বি ওয়াট্সন্ সাহেধ থিদিরপুরের ডক্ প্রস্তুত করিয়া আহাজের কাজ আরম্ভ করেন এবং ইহাতে দশ সক্ষ টাকা ক্ষতিগ্রস্ত হন। ১৭৮৬ অবে সার উইলিয়ম্ জোক্ স্থ্রীমকোটের জন্ধ হইয়া কলিকাভার আদেন। এথানে আসিয়া তিনি "এদিয়াটিক দোসাইটী অব্ বেক্ল" নামক সভা স্থাপন করেন এবং সংস্কৃত উত্তমরূপ শিক্ষা করেন। ১৭৮৯ অবে কালিদাসের অভিজ্ঞান শক্স্থলা ইহার ছারা ইংরাঞ্চীতে অম্বাদিত হয় এবং ১৭৯৪ খ্রীঃ অবে ইঁহার অম্বাদিত মন্থ্যংহিতা প্রচার হয়। ১৭৯৪ খ্রীঃ অবে ইঁহার মৃত্যু হয়।

বন্ধা। দোসাইটা কোণায় ?

বক্ষণ! পার্কষ্টীটের উত্তর পশ্চিম কোণে এই সভা সাছে। প্রথমে এই সভায় একটা চিত্রশালা ছিল, উহা ১৭৬৫ অব্দে গন্ধথিটের হস্তে অর্পন করেন। এক্ষণে সভার হস্তে প্রাচীন মুদ্রা, ভাষ্মশাসনমূর্ত্তি ও পুস্তকালয় মাত্র আছে। পুস্তকালয়ে অন্ন ১৫.০০০ গ্রন্থ আছে, ভাষার মধ্যে ৫০০ সংস্কৃত, বক্তী অপরাপর ভাষার।

১৭৮৪ অন্দে দেণ্ট্জনের গির্জার ভিত্তি স্থাপিত হয়। ইহা পাথ্রে গির্জা নামে প্রদিদ্ধ। ১৭৪৬ অন্দে গ্রবর্ণ কর্ণ ওয়া নিমের সময় শিবপুরের বোটানিকেল গাডেন্ স্থাপিত হয় ও তাহার কিছু উত্তরে বিসপ্কলেজ স্থাপিত হয়। ১৭০৮ অন্দে তিরেতা (টেরিটির) বাজার স্থাপিত হয়। কর্ণ ওয়ালিসের পর সার্জন সোর গ্রবর্ণ হন।

ইনি সার্ উইলিয়ম্ ক্লোন্সের জীবনচরিত লেখেন। ১৭৯৪ খ্রী: অন্সে ধর্মতলার বাজার স্থাপিত হয়। পূর্কে ইহাকে দেক্ষপীরের বাজার বলিত। ইঁহার সময় আর কোন ঘটনা হয় নাই।

ইহার পর মাকু ইন্ অব্ ওয়েলেন্নি গবর্ণর হন। ফোট উইলিয়ম কলেজ স্থাপিত হয় এবং ১৭৯৯ অব্দে ৫ই ফেব্রুয়ারি গবর্ণমেন্ট হাউদের ভিত্তি য়াপিত হইয়া ১৮০৪ অ: নির্মাণ সমাপ্ত হয়। ইহা নির্মাণ করিতে ১০ লক্ষ্টাকা বায় হইয়াছিল। ইহার ছাদের নিয়ভাগ, গবর্ণমেন্টের শিল্প বিভালয়ের অধ্যক্ষ এচ্ এচ্ লক্ সাহেবের ভিজাইন্ অফুলারে সভ্জিত করা। এই বাড়ীতে মহারাণী ভিক্টোরিয়া, তৃতীয় জর্জ ও তাহার বাজ্ঞী, ক্লাইব. হেষ্টিংস, টিনমৌর, কর্ণ্ওয়ালিদ, ওয়েলেন্নি, মিন্টো প্রভৃতির প্রতিমৃত্তি আছে। ই হারই শাসনকালে এনিয়াটিক্ বিসার্চেন্ বাহির হইতে আরম্ভ হয় এবং ১৮০০ খঃ আঃ ফোট উইলিয়ম্ কলেজ স্থাপিত হয়। এই সময় হইতে বাজালাভাবার চর্চা বন্ধিত হয়। ১৮০৪ অব্দে বর্জমান টাউন হল ৭ লক্ষ

টাকা ব্যয়ে নির্মিত হয়। এই স্থানে ওয়াবেণ হেষ্টিংদ, কর্ণ্ওয়ালিদ্দে মহারাণী ভিক্টোরিয়া, লড গফ্, দার্ চর্লদ্ মেটকাফ্ ও বারকানাথ ঠাকুরের প্রতিমৃত্তি আছে। ১৮১৪ খৃঃ অবদ লড ময়রা গবর্ণর হন। ই হার সময় নেপাল যুদ্ধে দার ভেবিড অক্টরলোনী বিশেষ প্রসিদ্ধি লাভ করেন। ই হার সময় নেপাল যুদ্ধে দার ভেবিড অক্টরলোনী ময়মেন্ট স্থাপিত হয়। ইহা ১৬৫ ফুট উচে। ১৮৫১ অবদ দেন্ট আন্করে চার্চ্চ নির্মিত হয়, ইহাকে লাট দাহেবেরঃ গির্জ্জা কহে। ১৮৮২ অবদ কাষ্টম্ হোদ্ নির্মিত হয়। ইহার ছই বৎসর পরে বিদপ কলেজ স্থাপিত হয় এবং এই বৎসরেই এগ্রিকল্চারের ও হার্টিকল্চারেল দমিতি কেরী দাহেব কর্ড্ক স্থাপিত হয় এবং "সমাচার দর্পণ" নামক প্রথম বাঙ্গালা সংবাদপত্র প্রচার আরম্ভ হয়।

নারা। কেরী সাহেবের জীবনচরিত বল।

বরুণ। ইনি প্রথমে সামান্ত লেখা পড়া শিথিয়া জুতা সেলাই করিতে শিক্ষা করেন এবং এই ব্যবসা কবিতে করিতে ইংরাজী ও ল্যাটিন শিক্ষা করেন। ইনি ১৭৯২ অঃ কলিকাতায় আসেন এবং মালদহের নীলরুঠির অধ্যক্ষ হন। এদেশে আসিয়া সংস্কৃত ও বাঙ্গালা শিক্ষা করেন। প্রথমতঃ ইনি "নিউটেই মেন্ট" বাঙ্গালায় অন্থবাদ করিয়া মুদ্রিত করেন। এবং মার্স্ ম্যান্ প্রভৃতির সহিত মিলিয়া শ্রীরামপুরে ঘাইয়া ধর্মপ্রচার করেন। ১৮০১ অঃ ইনি ফোর্ট উইলিয়ম কলেজের বাঙ্গালা অধ্যাপক হন। এই সময় ই হার ব্যাকরণ ও কথাবলী প্রচার হয়। মিন্টোর শাসন সময়ে ইনি রামায়ণ ইংরাজীতে অন্থবাদ করেন ও স্মাচারদর্শন নামক একথানি সংবাদপত্র বাহির করেন। ইহার পর ইনি বাঙ্গালায় একথানি অভিধান সঙ্কলন করেন। ১৮০৪ অন্ধে ই হার মৃত্যু হয় এবং শ্রীরামপুরের গির্জ্জায় ই হারঃ সমাধি হয়।

১৮২০ খঃ অং লভ আম্হাষ্ট গবর্ণর হইয়া আসেন। ইহার সময় বর্জমান টাকশাল নির্মিত হয়, সংস্কৃত কলেজ ও বেঙ্গল কব স্থাপিত হয়। এই সময় কলিকাতার উন্ধতির দশা। কারণ এই সময় অনেকগুলি বিখ্যাত-লোক আবিভূতি হন। যথা,—বামমোহন রায়, ঘারকানাথ ঠাকুর, রাম-গোপাল ঘোর প্রভৃতি। ১৮২৮ অং লভ বেন্টিক্ ভারতবর্ষের গবর্ণর হন। ই হার সময় রামমোহন রায় ব্রাহ্মধর্ম স্থাপন করেন। ১৮০০ অং ভিট্রীক্ট চারিটেব্ল সোমাইটি স্থাপিত হয়। ১৮৩৮ অং ঘারকানাথ ঠাকুর দরিক্র-

অন্ধদিগের সাহায্যার্থে এই সভাতে অনেক টাকা দেন। ১৮৩ আঃ কবিবর ঈশরচন্দ্র গুপ্তের দংবাদপত্ত "প্রভাকর" বাহির হয়। ১৮৩৮ ছঃ মহাত্মা ভাষা কলিকাতায় আদিয়া তাঁহার বিভালয় স্থাপন করেন। ১৮০০ অ: জোড়াসাঁকোতে ব্রাহ্মণমাজ প্রথমে স্থাপিত হয়। ই হারই নাম বর্তমান আদি বান্ধসমাজ এবং এই সালেই রাজা রাধাকান্ত দেব বাহাতুরের যত্ত্বে "সনাতন ধর্মারক্ষিণী" সভা সংস্থাপিত হয় এবং সভীদাই নিবারণ আইন বন্ধ করিবার জন্ম বিলাতে আপীল হয়। আপীলে কোন ফল হয় নাই। ১৮৭৫ খঃ সার চার্লস মেটকাফ এদেশের গ্রপ্র হন। ১৮৩৫ আঃ मुम्ब साथीनए। चाहेन विधिवक इयः। ১৮৪० चः स्मिक्तिराज्य नाम हितस्वर्गीय কবিবার জন্ম ভাগীবগীতীরে "মেটকাফ" হল প্রস্তুত হয়। ১৮৭৬ অব্বে কলিকাতায় সাধারণ পুস্তকাগার স্থাপিত হয়। ই হার শাসন সময়ে ১৮৩৭ গৃঃ অব্দে মহারাণী ভিক্টোরিয়া ইংল্ডের দিংহাসনে আরোহণ করেন। মহর্ষি দেবেজনাথ ঠাকুরের যত্ত্বে তত্ত্বোধিনী সভা স্থাপিত হয় এবং ছারকানাথ ঠাকুর বিলাত যাত্রা করেন। ১৮৪২ অব্বের ওরা জ্বন কলিকানায় একটি ভয়ানক ঝড় হয়। এই বংশরে মতিলাল শীলের দাতবা বিস্থালয় স্থাপিত হয়। এই সময় অক্ষয়কুমার দক্ত ভত্তবোধিনী পত্রের সম্পাদক হন। এই সময় দারকানাথ ঠাকুর দ্বিতীয়বার বিলাত যান। ১৮৪২ অবে গবর্ণর লভ অকলাণ্ডের ভূগিনী মিশ ইভেন, ইভেন গাভেনি নামক উত্থান স্থাপনা করেন। ১৮৪৬ অবে বিলাতে দারকানাথ ঠাকুরের মৃত্যু হয়। এই সময় কলিকাতায় গোয়ালিয়র মহুমেণ্ট নিশ্বিত হয় এবং মেডিকেল কলেজ হস্পিটেলের ভিত্তি স্থাপিত হয়। ১৮৫৫ অকে ইছেন গাছেনে বন্ধদেশীয় প্যাগোড় আনিয়া স্থাপিত করা হয়। এই সময় মহাত্মা ক্যানিং গ্রণ্র হইয়া ক্লিকাতায় আসেন। ইঁহার সময় পাথুরেখাটায় রাজপরিবাবে প্রথম ঐক্যতান বাদন স্ষষ্ট হয়। ১৮৫৭ অবে সিমুলিয়ায় আভতোৰ দেব (ছাতুবাৰু) মহাশয়ের বাটীতে শকুস্থলা নাটক অভিনয় হয়। তৎপরে কলুটোলায় কেশব চব্র সেন মহাশয়ের তত্ত্ববিধানে বিধবাবিবাহ নাটক অভিনীত হয়। ক্যানিং সাহেবের সময় দিপাহী বিদ্রোহ সংঘটিত হয়। ১৮৫৮ আঃ কেশবচন্দ্র দেন ব্রাহ্মসমাজে যোগদান করেন। ১৮৫৮ থু: অব্দে "দোমপ্রকাশ" প্রকাশ আরম্ভ হয়। ইহার পর লভ ভেল হাউসি গবর্ণর জেনেরল হন। তিনি উডিয়ার থক্ষ জাতির মধ্যে যে নরবলি প্রথা প্রচলিত ছিল তাহা উঠাইয়া দেন। ১৮৪২ অঃ ওয়াকোপ সাহেব বাঙ্গালার ভাকাইত কমিশন হন এবং ভাকাইত দলকে উৎসন্ন দেন। ১৮৫১ আঃ রেলওয়ে কার্যা আরম্ভ হয় এবং তৎপর বংসর ডাব্রুবার ওসান্দি সাহেব টেলিগ্রাম প্রবৃত্তিত করেন। ই হার সময় ভাকের জন্ম স্বতন্ত্র কার্য।বিভাগ স্থাপিত হয় এবং ডাক বিভাগের কার্যাধ;ক ওজন ববিয়া মান্তন গ্রহণ পর্বক পতাদি চালাইবার বন্দোবস্ত করেন। ই হার সময় সাধারণের গমনাগমন ছন্ত প্রশন্ত রাজ্পথ প্রস্তুত হয়। ইনি শিক্ষা বিভাগের স্ববন্দোবস্ত করেন। ই হার সময় মধাশ্রেণী, নিমুশ্রেণী ও মডেল স্থল স্থাপিত হয়। বালিকাদিগকে শিকা দিবার জন্ম মহাত্ম। বীটন সাহেব কলিকাতায় বীটন স্কল স্থাপন করেন। গ্রথমেন্ট বিভালয়দমহের দাহায়ার্থে "এড" দিবার নিয়ম করেন। এডম্ভিন্ন প্রত্যেক প্রেসিডেন্সিতে এক একটা বিভাগয় স্থাপিত হয় এবং "ডাইরেক্টর" ও "ইনম্পেক্টর" পদের সৃষ্টি হয়। ১৮৫৩ আ: বঙ্গদেশে একজন লেফটেনেন্ট পবর্ণর হইবে। ইংলণ্ডে যাইয়া দিবিল দার্কিন পরীক্ষায় উত্তীর্ণ হইলে দিবিলিয়ান এবং ভারতবর্ষীয় বাবস্থাপক সভায় চয় জন সদস্তের স্থলে বার জন হইবে স্থির হয়। ১৮৫৬ আঃ লভ কোনিং প্রণ্র হন। ইঁহার সময় দিপাহী যুদ্ধ আরম্ভ হয়। ১৮৫৮ অ: মহারাণী ভিক্টোরিয়া স্বহস্তে ভারত সাম্রাজ্যের শাসনভার গ্রহণ করেন। ১৮৫৯ আঃ প্রার অব ইণ্ডিয়া উপাধির সৃষ্টি হয়। ই হার সময় ইনকম ট্যাক্স (আরু কর) প্রচলিত হয়। ১৮৬২ অ: লভ এলগিন্ প্রণ্র হন।

ইঁহার সময় সদর আদালত ও স্থপ্রীমকোর্ট একত্র হইয়া হাইকোর্ট স্থাপিত হয়। ১৮৫৪ অং লভ লবেন্দ গবর্ণর হন। ইঁহার সময় ১৮৬৬ অং উড়িয়্রায় ভয়ন্বর ত্র্ভিক্ষ হয় ও বহু সংখ্যক লোক প্রাণত্যাগ করে। ইঁহার সময় বীষ্ত্রন লাহেব বাঙ্গালার লেকটেনেন্ট গবর্ণর ছিলেন। ১৮৬১ অং লভ মেয়ো গবর্ণর হন। ইঁহার সময় ১৮৭০ অং মহারাণীর দিতীয় পুত্র ভিউক অব এভিনবরা ভারতবর্ধ দর্শনে আহেন। ইঁহার হারা কৃষিবিভাগ স্থাপন ও ষ্টেট রেলওয়ে স্থাপনের স্ত্রপাত হয়। ১৮৭২ অং ফেব্রুয়ারী মানে আন্দামান দ্বীপপুঞ্জের অন্ধর্গত পোটরেয়ারে লের আলী নামক এক ম্দলমান ইঁহাকে হত্যা করে। ১৮৭২ অং লভ নর্থক্রক গবর্ণর জেনেরেল হন। ১৮৭৪ অং বাঙ্গালায় ভৃত্তিক্ষ হয়। ইঁহার সময় বরদার গাইকবাড় রাজাচ্যত হন। ১৮৭৬ অং ভারতেশ্বরী ভিক্টোরিয়ার জ্যেষ্ঠ পুত্র (স্বর্গাত ভারত সম্রাট সপ্তম এভোয়ার্ড) ভারতবর্ষে আনেন। ১৮৭৬ অং লভ লিটন ভারতবর্ষের গবর্ণর হন। ১৮৭৭ অং ইনি এদেশের সংবাদপত্রের বিক্ষেত্র আইন বিধিবৃদ্ধ করেন। ১৮৭৭ অং ইনি

কর্ত দিলীতে একটা দরবার হয় এবং মহারাণী ভিক্টোরিয়া ভারত সাম্রাজ্ঞার অধীশবী উপাধি গ্রহণ করেন। ই হার সময় দক্ষিণ ভারতবর্ষে ভয়ন্তর তুর্ভিক্ষ হইয়া ১০ লক্ষ লোক প্রাণত্যাগ করে। ১৮৭০ অং লভ রিপন গবর্গর জেনেংল হন। ই হা কর্ত্বক ভ আইন উচ্ছেদ ও আত্মণাসন প্রণালীর স্ক্রপাত হয়। ১৮৮১ অং তুলাজাত জবোর আমদানী শুদ্ধ বহিত হয় এবং ইল্নাট বিল লইয়া মহা গগুগোল বাধে। ইনি হাইকোর্টের প্রধান বিচারণতি গার্থ ছুটি লইলে প্রিযুক্ত রমেশ চক্র মিত্রকে ঐ পদে নিযুক্ত করিয়াছিলেন। ই হার সময় নৃত্তন রাইটর্স বিভিং স্থাপিত হয়। ইভেন হাঁসপাতাল স্থাপিত হয় এবং ট্রামণ্ডরে গাড়ী চলে ও এক পয়সা মূল্যের পোটকার্জ প্রচলিত হয়। ১৮৮৪ খৃং অং লভ ভিক্রিণ গবর্ণর জেনারল হন। ই হার সময় ব্রহ্মদেশ ইংরাজরাজ্ঞার অস্তর্ভুক্ত হয় এবং ব্রহ্মাধিপতি থিবো ভারতবর্ষে বন্দী অবন্ধায় আনীত হন। ১৮৮৭ অং মহারাণী ভিক্টোরিয়ার পঞ্চাণ বৎদর বাজ্বের "জ্বিলী" উৎসব হয়।

কলিকাতার অনেকগুলি সভা আছে। যথা মুদ্দাপুর ব্লীটে ভারতসংস্কার সভা। এই সভা ১৮৬১ অবে স্থাপিত হয়। ইহার চারিটা বিভাগ আছে যথা—গ্রীপিকা ও জাতীর উরভি, স্থলভ সাহিত্য বিভাগ, দাতব্য বিভাগ এবং স্থাপান নিবারিণী সভা। জাতীর সভা,—এই সভার তথাবধানে প্রতি বংসর মাঘ মাসে একটা করিয়া মেলা হয়। বিজ্ঞান সভা,—১৮৭৬ অবে ভান্ডার মহেক্রলাল সরকার কর্ত্বক প্রতিষ্ঠিত হয়। বৈজ্ঞানিক সভার আলোচনা ও অক্সন্ধান এই সভার উব্দেশ্র। কলিকাতা ক্রিসমান্ত —১৮২০ অবে স্থাপিত হয়। ক্রিত্ত্ব এই সভার কার্য্য। সাহিত্য সভা—১৮২৭ অবে স্থাপিত হয়। সাহিত্য সংজ্ঞান্ত আলোচনা ও বক্তৃতাদি এই সভার কার্য। রাজনৈতিক সভা—১৮৩৮ অবে স্থবিথ্যাত ঘারকানাথ ঠাকুর কর্তৃক সংস্থাপিত হয়। এই সভা একণে আর নাই। ১৮৫১ অবে রাজা রাধাকান্ত দেব ও প্রসন্ধার ঠাকুর প্রভৃতির যত্নে ব্রিটিশ ইন্ডিয়ান এগোসিয়েশন সভা স্থাপিত হয়। ১৮৫৭ অবে ইন্ডিয়ান লিগ সভা প্রতিষ্ঠিত। ভারতসভা আনন্দমোহন বস্থ ও ভ্রেক্রনাথ বন্দ্যোপাধ্যায়ের যত্নে ১৮৮৬ অবে সংস্থাপিত হয়।

এই সময় টিকিট দিবার ঘণ্টা দেওয়ায় দেবগণ ধাইয়া দাৰ্জ্জিলিংয়ের টিকিট কিনিয়া আনিলেন এবং সকলে ভিতরে ঘাইয়া গাড়ীতে উঠিয়া বসিলেন।

দেববাল কহিলেন, "বৰুণ ওদিকে কতকগুলো গাড়ী দেখা ঘাইতেছে। যাহা ছাড়িবার উপক্রম করিতেছে ও গাড়ীগুলো কোধার ঘাইবে ?"

দেবগণের মর্জো আগমন

বক্ণ। ওগুলো মাতলা লাইনের গাড়ী। ঐ মাতলা রেল কলিকাতার দক্ষিণ দেশ দিয়া গিয়াছে। মাতলা রেলের ধারে, গোণারপুর চাঙ্গড়িপোতা মন্ত্রিকপুর প্রাভৃতি অনেকগুলি ভদ্রগ্রাম আছে। সোণারপুর বা চাঙ্গড়িপোতার নামিয়া রাজপুর হরিনাভি নামক স্থানে যাওয়া যায়। রাজপুরে বিস্তর বৈদিক ব্রান্ধণের বাস। বৈদিক ব্রান্ধণ নাটুকে রামনাবায়ণ তর্করত্ব হরিনাভি গ্রামে জন্মগ্রহণ করেন।

বন্ধা। নাটুকে কি ? তুমি আমায় বামনাবায়ণের জীবনচরিত বল।

বকণ। ইঁহার পিতার নাম ৺রামধন শিরোমণি। ১৭৪৪ শকে ইঁহার জন্ম হয়। ইনি কলিকাতা সংস্কৃত কলেজে বিদ্যা শিক্ষা করেন এবং পাঠ সমাপ্ত করিয়া ঐ কলেজে একটা শিক্ষকতা পদ পান। ১৮৫২ অলে ইনি পতিব্রতোপাধান এবং ১৮৫৪ অলে কুলীন কুলসর্বস্থ নাটক লেখেন। ইহার পর রত্বাবলী, বেণীসংহার, শকুস্থলা, নবনাটক, মালতীমাধব ও কল্পিণী হরণ নাটক নামক ৬ থানি নাটক রচনা করেন।

এই সময়ে ট্রেণ ছাড়িতে ইঙ্গিত করার ট্রেন ছপাছপ শব্দে দমদমা, বেলঘরিয়া, সোদপ্র, খড়দহ, (বারারুপ্র), ভামনগর, অভিক্রম করিয়া নৈহাটিতে উপস্থিত হইলে বক্ষণ কহিলেন, "নৈহাটী, ভাটপাড়া, কাঁঠালপাড়া নামক তিনটা ভক্রপ্রাম সারি সারি আছে। ভাটপাড়ার গুরুগুজীরা বড় বিথাতে। ঐ স্থানে অনেকগুলি টোল আছে। পণ্ডিতদিগের পাণ্ডিত্যের মধ্যে, টাকা দিলে সকল বিষয়ের বিধান প্রস্তুত্ত করিয়া দিতে পারেন। কাঁঠালপাড়ায় রাধাবয়ভন্তী নামে একটা বিপ্রহ আছেন। বিপ্রহটা উক্তম্বানের চাটুর্ব্যে মহাশম্রদিগের, ঠাকুরের বেদ সেবা করা হয় এবং অনেক অভিথিদেবা হইয়া থাকে। বিপ্রহের স্কুপায় চাটুর্ব্যেরা ধনে পুত্তে লক্ষ্মীলাভ করিয়াছেন। ঐ বাড়ীর প্রায় সকলেই ভেপ্টিমাজিট্রেট। উপস্থান লেখক স্থবিখ্যাত বন্ধিমচন্দ্র চট্টোপাধ্যায় ঐ বাড়ীতে জন্মগ্রহণ করেন।"

ব্রহ্ম। আমাকে বন্ধিমের জীবনচরিত বল।

বৰুণ। ইনি যাদবচক্স চট্টোপাধ্যায়ের পুত্র। যাদব বাবু লভ হার্ভিঞ্চের সময় একজন স্থানিক ভেপ্টীমাজিট্রেট ছিলেন। বছিমের শারণশজ্জি এত শীক্ষ যে, যে দিন হাতেখড়ী হয়, সেই দিনই প্রহ্লোদের ক্সায় ৩৪ জন্মর শিক্ষা করিয়াছিলেন। ইনি পিতার নিকট থাকিয়া প্রথমে মেদিনীপুর স্থলে পড়েন। তথায় ইনি বংসরে তুই ক্লাশ করিয়া উঠিতেন। ১৮৫১ সালে ই হার পিতা

২৪ পরগণায় বদলী হইয়া আদিলে বৃদ্ধিম হুগলী কলেকে ভুত্তি হন। হুগলী কলেকে ছারকানাথ মিত্র ও বঙ্কিম চটোপাধাায়ের কায় প্রতিভাশালী ছাত্র আরু কখন আদে নাই। হুগলী কলেজ হইতে ইনি সিনিয়ার স্বলারশিপ লইয়া প্রেসিডেন্সি কলেজে প্রবেশ করেন। ইহার পর ইনি এফ এ ও বি এ পরীক্ষা দেন। বি এ পরীক্ষা ইনি শিক্ষকের সাহায়্য বাতিরেকে তিন মাদ মাত্র ঘরে পাঠ করিয়া দিয়াছিলেন। ১০ বৎসর বয়:ক্রম হইতেই ইনি ও হিন্দু কর্লেছের ছাত্র প্রীনবন্ধ মিত্র ও কৃষ্ণনগর করেন্তের ছাত্র প্রারকানাথ অধিকারী তিনজনে ঈরুর শুপ্তের প্রভাকরে কবিত। লিখিতেন। ১২৫০ সালে ইনি একজন জ্বাপকের निकट मरश्रू जिक्का करवन अवर अक वर्षात्वत मध्य मुश्चत्वाध वाकित्रन, त्रणुदर्भ. ভট্টিকাব্য, মেঘদুত, উদ্ধবদুত প্রভৃতি অধায়ন করিয়াছিলেন। ইনি বি. এ পাশ করিলে, লেপ্টনেন্ট গভর্ণর হালিডে সাহেব উপ্যাচক হইয়া ই হাকে ভেপটা মাজিটেট করেন। ২৪ পর্মণার ভেপটা মাজিটেট হইয়া हैनि वि, এन পरीकांग्र উखीर्प इन। ১৮৫৮ माल हैनि यानाहरत वननि इन এই স্থানে ই হার প্রিয় স্নছদ দীনবন্ধর সহিত প্রথম সাক্ষাত হয়। ইহার পর বৃদ্ধিম খুলনায় বৃদ্লি হইয়া নীলকর দিগের দুমন করিয়া প্রস্থা করিয়া-ছিলেন এবং স্থন্দরবনের ভাকাত নির্দান করিয়াছিলেন: এই স্থানেই हैं होत खबर छेने जान कूर्णनिम्मिनी नियनावस हम। देहां प्र देनि বাক্ইপুরে বদলি হন। এই স্থানে অবস্থিতি কালে ই হার হর্গেশনন্দিনী, কপালকুণ্ডলা, মুণালিনী এই তিন্থানি উপক্তাস বাহির হয়। ১২৭০ সালে ই হার বঙ্গদর্শন বাহির হয়। ইহার পর ইনি বছরমপুর, বারাশত, মালদহ প্রভৃতি অনেক স্থানে কর্ম করিয়া ১৮৯২ দালে পেন্সন লন। ব্হুদর্শন বাহির হইবার পর ইনি অনেকগুলি পুস্তুক লিখিয়াছেন। --- 19B

১২৭৯ সালে বিষর্ক ও ইন্দিরা; ১২৮০ সালে চক্রশেখর ও যুগলাল্বীয়;
১২৮১ সালে রন্ধনী; ১২৮২ সালে কমলাকান্তের দপ্তর; ১২৮৪ সালে
কৃষ্ণকান্তের উইল; ১২৮৫ সালে রাজসিংহ; ১২৮৬ সালে আনন্দমঠ;
১২৮৭ সালে মৃচিরাম গুড়ের জীবনচরিত; ১২৮৮ সালে দেবীচোধুরাণী;
১২৮৯ সালে কৃষ্ণচরিত; ১২৯০ সালে ধর্মতন্ত; ১২৯১ সালে সীতারাম
প্রকাশিত হয়। ইনি গ্রেণ্টে হইতে রায়বাহাত্ব ও সি, আই, ই উপাধি
প্রাপ্ত হন। ১৬০০ সালের চৈত্র মানে ইঁহার মৃত্যু হয়।

দেবগণের মর্ত্তে: আগমন

দ্বেণ পুনরায় ছাড়িল এবং ধুম উদগার করিতে করিতে কাঁচড়াপাড়া ষ্টেশনে যাইয়া উপস্থিত হইল।

বৰণ। এই স্থানের নাম কাঁচড়াপাড়া। যে স্থানে টেশন দেখিতেছেন, ইহা পূর্বের মাঠ ছিল; কিন্তু বেলওয়ে কোম্পানীর প্রদাদে একণে এখানেও জামালপুরের স্থায় কলকারখানা প্রস্তুত হইতেছে ও বিস্তুর কেরাণী খাটিতেছে। টেশন হইতে এক কোশ দূরে কাঁচড়াপাড়া গ্রাম। গ্রামটী এক সময় বড় স্থানর ও বিস্তুর লোকের বাস ছিল, একণে কেবল বন জঙ্গলে পরিপূর্ণ কাঁচড়াপাড়ায় রুঞ্চরায়লী নামক একটা বিগ্রহ আছে, রখে তাঁহার বেস স্মারোহ হয়। কাঁচড়াপাড়ার চাপা বড় বিখ্যাত। এই স্থানে স্থবিখ্যাত কবি লখর গুপ্তের বাড়ী ছিল।

ব্ৰদা। তুমি দশ্ব গুপ্তের বিষয় আমাকে বল।

বকণ। ইনি ১৭১০ শকে এই স্থানে জন্মগ্রহণ করেন। ইঁহার পিতার নাম হরিনারায়ণ গুপ্ত। ইঁহারা জাতিতে বৈছে। ইনি বাল্যকালে কেবল বিছালয়ে পাঠ করিয়া থ্যাতি প্রতিপত্তি কিছুই লাভ করেন নাই; কিছ করিম্বণক্তি থাকায় জনসমাজে অধিকতর আদৃত হন। ১৮০০ সালে ইঁহার "সংবাদ প্রভাকর" বাহির হয়। এই পত্র প্রথমে সাপ্তাহিক, পরে ঘাহিক, তৎপরে প্রাভাহিক হইয়া বাহির হইয়াছিল। ইহাতে গছ্ত পদ্ধ উভয়ই থাকিত, তয়য়ের প্রেল্ড ভাগ বেলী। সাধুরলন ও পাষত্তপীড়ন নামক ইনি আর ছইখানি সাপ্তাহিক পত্র প্রচার করিয়াছিলেন, এই শেবোক্ত পত্রের সহিত ৺গৌরীশহর (গুড়গুড়ে) ভট্টাচার্য্যের রসরাজ্ঞ নামক সাপ্তাহিক পত্রের সর্বাদা বিবাদ হইত। ঈশর গুপ্ত শেবাবন্থায় প্রবাধ প্রভাকর, হিত প্রভাকর, বোধেশ্বিকাশ এবং কলি নাটক নামক চারিখানি পৃক্তক রচনা করেন। তয়য়ের কলি নাটক সমাপ্ত হয় নাই। ১৭৮০ শকে (১০৮৫ খঃ অন্তে) ইঁহার য়তুল হয়। য়তুলকালে ইঁহার বয়দ ৪৯ বৎসর হইয়াছিল।

এই স্থান হইতে খোৰপাড়ার যাওয়া যায়। ঐ খোৰপাড়া কণ্ডাভন্সার জন্ম বিখ্যাত।

বন্ধা। কর্তা ভন্ধা ধর্ম কে প্রচার করে ?

বৰুণ। ঘোষপাড়ার রামশরণ পাল এই ধর্মপ্রচার করেন, কিছ ইহার প্রবর্ত্তক আউলচাদ নামক এক উদাসীন। ব্রনা। আউলচাঁদের বিষয় আমাকে বল।

বৰুণ। উলার মহাদেব বাকুই ১৬১৬ শকের ফাস্কন মাসে তাহার আকের থেতে ৮ বংসরের একটা বালক পায়। বালকটা ১২ বংসর বাকুই গৃহে থাকিয়া কোথায় চলিয়া যায় এবং নানা স্থানে ভ্রমণ করিয়া ২৭ বংসর বয়সে বেজরা গ্রামে উপস্থিত হয়। ই হারই নাম আউলটাদ। তথায় হটু ঘোষ প্রভৃতি ২২ জন তাঁহার অনুগত ও সমভিব্যাহারী হন এবং তংপরে রামশরণ পাল তাঁহার নিকট উপদেশ গ্রহণ করেন। এই সময় একটা গান উঠে—

এ ভবের মাত্রুষ কোথা হতি এলো।
এনার নাইকো রোষ, সদাই তোষ, মূথে বলে সত্য বল।
এনার সঙ্গে বাইশ জন, সবার একটা মন, জয় কর্তা বলি,
বাহ তুলি, কল্লে প্রেমের চলাচল।
এ বে হারা দেওয়ায়, মরা বাঁচায়, এর ছকুমে গলা ভকুলো।

ইতর লোকেরাই প্রথমে কর্তাভজা হয়। ১৬১৯ শকে বোয়ালে গ্রামে আউলচাদের মৃত্যু হয়।

বন্ধা। এত নাম থাকতে ইহার নাম আউলটাদ হয় কেন ?

বকণ। হিন্দু ও মৃদলমান দকলকেই ইনি সমান ভাবিতেন ও দকলেরই অন থাইতেন। মৃদলমানেরা ইঁহার নাম আউলটাদ রাথে। কর্ডাভজারা ইঁহাকে ঈশ্বাবতার বলিয়া থাকে। তাহারা কহে, ক্ষচন্দ্র, গৌরচন্দ্র আর আউলচন্দ্র তিনে এক, একে তিন। ইহারা আরো কহে, মহাপ্রভু পুরুষোত্তমে কলেবর পরিত্যাগ করিয়া আউল মহাপ্রভুন্নপে আবিভুতি হন। প্রীক্ষেরে দহন্দ্র নামের ন্যায় ইঁহারও দহন্দ্র নাম আছে। যথা;—আউলটাদ, আউল বন্ধচারী, আউলে মহাপ্রভু, ককির ঠাকুর ইত্যাদি। কর্তাভজারা কহে, ইনি অনেক অলোকিক ক্ষরতা দেখাইয়াছেন। যথা—অন্ধকে চকু, থঞ্জকে পা, রোগীকে হক্ষ, মৃতকে দল্লীব ও দ্বিক্তকে ধনী করিয়াছেন। ইনি খড়ম পায়ে গঙ্গার জলের উপর দিয়ে চ'লে যেতেন। কর্তাভজাদিগের বিজ্ঞানের বহে "এক বিশ্বকর্তাকে ভঙ্গনা করাই আমাদের ধর্ম।" কর্তাভজার গুরুদিগের নাম মহাশয় ও শিক্তদিগের নাম বরাতি। গুরু শিক্তকে প্রথমে "গুরুসতা" এই এক আনা মন্ত্র প্রেদান করেন, তৎপরে জ্ঞান পরিপক হইলে যোল আনা মন্ত্র দেন।

দেবগণের মর্ভ্যে স্মাগমন

ব্ৰহ্মা। বোল আনা মন্ত্ৰ কি ?

বকণ। বোল আনা মন্ত্র হচ্চে—"কণ্ডা আউলে মহাপ্রভু, আমি ভোমার হথে চলি ফিরি, তিলার্দ্ধ ভোমা ছাড়া নহি, আমি ভোমার দক্ষে আছি, দোহাই মহাপ্রভু।"

আউলটাদ ইন্দ্রিয় দোবের ভূয়োভূয়: নিবেধ করিয়াছেন। যথা—
"মেয়ে হিজড়ে, পুরুষ থোজা, তবে হয় কর্ডাভজা।" কর্ডাভজারা জাতিভেদ
খীকার, উচ্ছিষ্ট বিচার করে না; কিন্তু কাঁচড়াপাড়ার বৈত্য কর্ত্তাভজারা
জাতিভেদ খীকার করে। কর্ত্তাভজারা মন্ত্রজপ ও প্রেমাম্কান থারা ক্রমে
ক্রমে সিদ্ধিলাভ করিতেছে। ইহারা মধ্যে মধ্যে বৈঠক করিয়া নানা আমাদে
সমস্ত রাত্রি অতিবাহিত করে। শোনা যায়, বস্ত্ররণ পর্যান্ত বাকী থাকে না।
কর্ত্তাভজার মহাশরের। কহে—মন্ত্রদাতা, জগৎপ্রভু আউল্টাদের ধর্প।

ঐ ঘোষপাডার পালদিগের বাটীতে এক গদি আছে: বে তাহার উত্তরাধিকারী হয়, তাহাকে ঠাকুর বলে এবং কায়স্থ ও বান্ধণ প্রভৃতি কণ্ডাভন্ধারা যাইয়া দেই ঘোষ ঠাকুরকে প্রণাম করে ও পুদুধুলি লইয়া পরে পাতের প্রদাদ খাইয়া পবিত্র হয়। আউল্টাদের প্রদাদে পালেদের স্থুথ সোভাগ্যের দীমা নাই। উহাদের বিস্তর সম্পত্তি হইয়াছে। মহাশয়েরা পালেদের গোমস্তা হরপ। ভাহারা শিশু সংগ্রহ, ধর্মোপদেশ ও দান গ্রহণাদি করে এবং শিশ্বদিগের নিকট কর আদার করিয়া পাল কর্তাকে দিয়া আদে। মহাশয়দের লাভ এই, শিশুবাড়ী জামাই , আদরে থেতে পায়, ভাল ভাল কাপড পায়, আবো কত কি পায়। ঘোষপাড়ায় বৎসর বৎসর হুটী করিয়া উৎসব হয়: যথা দোল ও রাস। দোলে সমারোহের সীমা পরিসীমা থাকে না : বিস্তৱ স্ত্রী ও পুরুষ, নেড়া ও নেড়ী আসিয়া উপস্থিত হয়, এবং এক পাতে ১২ট জ্বী ও ৮ জন পুরুষ একত্র ব'লে আহার করে। গান বাছ সামোদ প্রমোদ ঘোষপাড়া মাতাইয়া তুলে। এই উপলক্ষে এত যাত্রী জুটে যে, বাগান ও মাঠে তিলাগ্ধ- স্থান থাকে না। পালকর্ডাদের বাড়ীতে পর্বতাকার ভাত রালা হয়। মহাশরেরা দলে দলে শিশু সঙ্গে আসিয়া ঝমাঝম্ শব্দে পাল কর্তাকে টাকা দিয়া প্রণাম করে। এই সময় অনেক বন্ধ্যা নারী ও শত শত রোগী আসিয়া পালদিগের বাটার দাড়িমতলায় হত্যা দেয়। অনেক রোগী কর্তাদের হিম্সাগর নামক পুকুরে স্থান করিয়া পাপ স্বীকার করে।

মহোৎসবের সময় গ্রামের মাঠে ঘাটে চতুর্দ্দিকে নানারূপ গান ভ্রা; যথা—

ও কে ভাঙ্গায় তবি যায় বেয়ে।
কোন বদিক লেয়ে।
আছে দাঁড়ি মাঝি দশ জনা, ছয় জনা তার গুণ টানা,
সে কে জেনেও জানে না।
আনন্দেতে যাচেচ বেয়ে, যত অন্থ্রাগী সাবি গেয়ে,
এ কোন বদিক লেয়ে।

অপর স্থানে---

ক্যাপা এই বেলা তোর মনের মাত্রুষ চিনে ভজন কর।
যথন পালাবে দে রদের মাত্রুষ পড়ে রবে শৃক্ত ঘর॥
এই সময় টেন হাচকা টান দিয়া হুপাহুপ শব্দ করিয়া চাকদহ ঘাইয়া
ভিপন্ধিত হইল।

ব্ৰহ্মা। বৰুণ! এ স্থানের নাম কি ?

বক্রণ। এই স্থানের নাম 'চাকদা'। ভগীরথ যথন গক্সাকে দগরবংশ উদ্ধার জন্ম লইয়া যান. এই স্থানে তাঁহার রপের চাকা বসিয়া যাওয়ায় চাকদা নাম হইয়াছে। এই চাকদার সন্ধিকটে স্থ্যাগর। ৫০ বৎসর পূর্বে স্থ্যাগর বড় সমৃদ্ধিশালী নগর ছিল। তথন অট্টালিকাদিতে এই স্থান পরিপূর্ণ ছিল। লভ কর্ণপ্তয়ালিদ প্রীয়কালে এই স্থানে আসিয়া বাস করিতেন। এখন হেমন গ্রন্থরো সিমলা পাহাড়ে যান, তথন গ্রীয়কালে স্থ্যাগরে আসিতেন। রেভিনিউ বোড মুরশীদাবাদ হইতে উঠিয়া আসিয়া এই স্থানেই সংস্থাপিত হয়। স্থ্যাগরের সমস্কই এক্ষণে গক্ষায় ভাকিয়া লইয়াছে। ১৮২৩ সালের বস্থায় স্থ্যাগরের বাদ্ধার ধ্বংস হইয়াছে।

এই সময় স্বার একথানি ট্রেণ স্বাসিবে বলিয়া চাকদায় এ ট্রেণ থানি । বিলম্ব করিতে লাগিল। বরুণ কহিলেন—

ত "চাকদার পরপারে অনেকগুলি ভক্ত স্থান আছে। যথা—জিরেট বলাগড়; এই স্থানে বিস্তব কুলীন বামুনের বাস! জিরেটে গোপীনাথ নামক একটা বিগ্রহ আছেন, তাঁহার বেশ সেবা হয়। ইহার প্রসাদে গোসাঁই মহাশয়েরাও বেশ স্থ বচ্ছন্দে দিন কাটাইতেছেন। বলাগড়ের পর শ্রীপুর। শ্রীপুরে অনেকগুলি মৃক্তফী-উপাধি কায়স্থ বাস করেন। এক সময় ইহাদের বেশ বিষয় বিভব ছিল, এক্ষণে অবস্থা অতি হীন
হইয়া পড়িয়াছে। তৎপরে স্থাড়িয়া সোমড়া। স্থাড়িয়ার মৃত্তকী-উপাধি
কায়ন্থেরা বেশ সঙ্গতিশালী লোক। বড় মান্থবের সমস্ত চিহ্ন আছে,
অর্গাৎ দেবালয় প্রভৃতি আছে এবং প্রায় একশত আন্দান্ধ শিব গ্রামে
বিরাজ করিতেছেন, কিন্তু তাঁহাদিগকে হুধ গঙ্গাজল থাইয়াই দিন কাটাইতে
হয় এবং বর্থাকালে জলে ভিজিয়া মরেন, কারণ মন্দিরগুলি মৈরামত হয়
কিনা সন্দেহ। তছিন্ন হরস্ন্দরী, আনন্দময়ী প্রভৃতি বড় বড় কালীমৃত্তি
বিরাজ করিতেছে, সন্মুথে একটা করিয়া নাটমন্দিরও আছে, কিন্তু
প্রতিমাগুলির আহারাভাবে আর সৌন্দর্যা প্রভৃতি নাই। স্থাড়িয়ার
দেবদেবীদিগের মধ্যে নিস্তারিণী দেবী স্থথে আছেন। ইহার প্রতিগ্রাহার
নাম শ্বাশীগতি মৃস্তফী! কাশীগতি শেষ দশাতে এই মূর্ত্তি প্রতিগ্রাহা
করিয়া দিবারাত্রি ইহার হোম যাগে মগ্ন থাকিতেন। দেবীর নামে যথেষ্ট
বিষয় দিরাছেন। বিষয়ের আয় হইতে অভ্যাপি অভিথিসেবা ও প্রান্ধণভাজনাদি
হইয়া থাকে। ইহার পুত্রেরাও বাপের কীন্তি বজায় রাথিবার নিমিন্ত
বিশেষ যত্ন ও মনোযোগ্য করিয়া থাকেন।

হুখড়িয়ার পশ্চিমে দোমড়া। ইহা অতি প্রাচীন গ্রাম। বছদিন হইতে এই গ্রামে বৈছের বাদ আছে; ইহা বৈছপ্রধান স্থান বলিয়া থ্যাত। এই গ্রামস্থ বৈছগণ মোগল দামাটের অধিকারকালে দিল্লী, লক্ষ্ণৌ, ম্বশীদাবাদ, ঢাকা প্রভৃতি স্থানে রাজকার্য্যে উচ্চপদার্ক্ত হইয়াছিলেন। ইহাদের মধ্যে রাম রামশন্তর ঢাকার নবাবের নারেব দেওয়ান ছিলেন। তিনি এই গ্রামে ১৬৭৭ শকে নবরত্বশোভিত মন্দির প্রতিষ্ঠিত করিয়া তয়ধ্যে "মহাবিছা" নামে জগন্ধানীমৃত্তি স্থাপিত করেন। অভাপি উক্ত মন্দির ও প্রতিমা বর্তমান আছে। রামশন্তরের কনিষ্ঠ ভ্রাতা রাজকিশোর মহীশ্র রাজ্যের দেওয়ানী করিয়াছিলেন। তাঁহার প্রতিষ্ঠিত দেবমৃত্তি আছে।

এই স্থানের রায়রায়ান্ রামচক্র দৃঢ়প্রতিজ্ঞ স্ক্রদর্শী বিধান্ ও বিচক্ষণ বাজি ছিলেন। মহারাজ রুঞ্চক্র ইহার পিতা রুঞ্বামকে কারাক্রর করিলে, প্রতিশোধ লইবার জন্ম ইনি দিল্লী যাত্রা করেন এবং সম্রাট আহল্পদাকে সন্তঃ করিয়া "রায়রায়ান্" উপাধি সহ এক সহস্র সৈল্প রাখিবার অনুমতি প্রাপ্ত ব্যক্তি হয়েন এবং মহারাজ রুঞ্চক্রকে মুরশীদাবাদের নবাব আলিবন্ধি সহ পরিচিত হয়েন এবং মহারাজ রুঞ্চক্রকে মুরশীদাবাদে কারাক্র করিয়া নদীয়া রাজ্য শাসন করেন। রাজার কারামুক্তি

সংবাদে সোমড়ায় আসিয়া বাস করেন। অতাপি তবংশীয়েরা বর্ত্তমান আছেন। রামচন্দ্রের সহিত মহারাজা নলকুমারের বিশেষ সৌহত্ত ছিল। নলকুমারের বিক্রমে অভিযোগ উপন্থিত হইলে ইনি প্রাণপণে তাঁহার উদ্ধারের চেষ্টা করিয়াছিলেন, কিন্তু কৃতকার্য্য হইতে পারেন নাই। কর্পেন মনসন্, জেনারেল ক্রেভারিং ও ফ্রান্সিন্ ফিলিপ্ প্রভৃতি রাজপুরুষদিগের সহিত ইহার বিশেষ বন্ধুছ ছিল। গঙ্গাগোবিন্দ সিংহ পদচ্যত হইলে ইনি নায়ের দেওয়ান পদে নিযুক্ত হইয়াছিলেন। লভ কর্বপ্রানিশের সময় দশশালার বন্দোবন্তে সাহায্য করিয়াছিলেন এবং পূর্ববঙ্গ ও দিনাজপুর বন্দোবন্তের ভার ব্যয়ং লইয়াছিলেন। তাঁহার স্বাক্ষরিত লাথরাজের ছাড় এথনও পূর্ববঙ্গ আনেকের গৃহে আছে। তিনি এই সময় শালগ্রাম শিলা লক্ষ্মীনারায়ণ জ্বীউকে প্রাপ্ত হয়েন। অতাপি ঐ শিলা বর্ত্তমান আচেন।

এই গ্রামের বলরাম রায় আরাকানের নবাবের দেওয়ান ছিলেন। তাঁহার প্রতিষ্ঠিত রাজবাঞ্চেরীমূর্তি বর্তমান আছেন।

বৈছ ভিন্ন এই স্থানে অভাক্ত জাতির মধ্যে অনেক শিক্ষিত ল**ৰপ্ৰতিষ্ঠ** লোক ছিলেন। অধুনা গ্ৰামে অতান্ত বানবের উপদ্ব, নর-বানবেরও অসম্ভাব নাই।

এই সময় ওদিকের গাড়ীথানা অতিক্রম করিয়া যাওয়ায় কলিকাতার টেন সাঁ সোঁৎ সাঁ সোঁৎ শব্দে যাইয়া ঝাঁ। ঝনাৎ শব্দে রাণাঘাটে যাইয়া উপস্থিত হইল।

বরুণ। এই স্থানের নাম রাণাঘাট। স্থানটা চুণী নামক নদীর উপর অবস্থিতি করিতেছে। পূর্ব্বে এথানে অত্যন্ত বন ছিল এবং অনেক দম্যা বাদ করিত। রাণা নামক একজন দম্য উহাদের সন্ধার ছিল, এ রাণার নাম হইতেই রাণাঘাট নাম হইয়াছে। এথানে দিন্দেখরী নামে এক কালী আছেন, এ কালী রাণা দম্মর কালী। রাণাঘাট পান্তিদিগের জন্ম বিথ্যাত। এই পান্তিদিগের আদিপুরুষ কৃষ্ণ পান্তিই বিষয় করেন, কৃষ্ণ পান্তি অতি সদাশয় ও মহৎ লোক ছিলেন।

ব্রহ্ম। ক্লফ পাস্তির বিষয় আমাকে বল।

বরণ। ইনি ১৭৪৯ খ্রী: ১১৫৬ সালে জন্মগ্রহণ করেন, ইঁহারা জাতিতে তিলি। ইঁহার পিতার নাম সহস্রহাম পাস্তি। সহস্রহাম পান বিজয় করার পাস্তি উপাধি হয়। রুষ্ণ পাস্তি বাল্যকালে রাণাঘাটের তিন জোশ

পূর্ব্বে গাংনাপুর নামক ছানের হাট হইতে দ্রবাদি থবিদ করিয়া আনিয়া বিক্রম করিতেন এবং তাহাতে যৎসামাল মলধন হইলে করেকটা বল্দ থবিদ করেন এবং আত্নলে কায়েতপাড়ার তিলিদের নিকট হইতে চাউল ধান ক্রয় করিয়া বিক্রম করেন। ১৮৮৬ দালে কলিকাভায় ছোলা ছ্প্রাণ্য হওয়ায় একজন মহাজন এই দিকে ছোলা কিনিতে আসিলে বাণাঘাটের ঘাটে কৃষ্ণ-পাস্তির সহিত আলাপ হয়। কৃষ্ণপাস্তি 'চুক্তিপত্র লিখিয়া দিলে ছোলা কিনিয়া দিতে পারি'বলায় মহাজন সমত হইয়া চুক্তিপত্ত লিথিয়া দেন। এই সময় আড়ংঘাটার মহাস্ত গোলার ভাবৎ ছোলায় পোকা ধরিয়াছে, অভএব ভিনি কর্মচারীকে কছেন—"থরিদদার পাইলে ছোলাগুলো দস্তা দরে ছাড়িয়া দিও।" কৃষ্ণান্তির অদৃষ্টলন্দ্রী স্থপ্রসন্ন—তিনি এই ঘটনার পর মহান্তের নিকট যাইয়া স্থবিধা দরে সমস্ত ছোলা খরিদ করেন এবং মাল নৌকায় তুলিয়া টাকা দিবার বন্দোবস্ত হয়। ছোলার ছইপ্রকার মূল্য স্থির হইল, ভাল বার আনা ও পোকা ধরা তই আনা মণ। রুষ্ণপাস্থি মহান্ধনের নিকট মূল্য ধার্য্য করিলেন, ভাল ২ ছই টাকা; মধাম দেড টাকা এবং পোকা ধরা ছয় জানা। এই ছোলা বিক্রম্ন করিয়া ডিনি ৭,৭৫০ টাকা লাভ করেন এবং এই টাকায় লবণের ব্যবসা করেন। ইহাতে তিন হাজার টাকা লাভ পান। তৎপরে নীলামে দ্রব্য থরিদ করিতে আরম্ভ করেন, এই সময় তিনি কলিকাতায় হাটথোলার কর্ত্তাবারু নামে সকলের নিকট পরিচিত হন। ইহার পর ভ্রাতা শক্তp চক্রের পরামর্শে তালুক থরিদ করেন। ১২০৬ সালে রাণাঘাট থরিদ করেন এবং আবাসবাটী উত্থানবাটী, গোলাবাটী, অশ্বশালা, বাঁধাঘাট প্রভৃতি নির্মাণ করিয়া নগরের শোভা সম্পাদন করিতে থাকেন। একণে স্থরেজনাঞ্ পাল চৌধুরি যে বাটীতে বাস করিতেছেন, ঐ বাটীতে রাস, দোল ও ফুর্লোৎসব প্রভৃতি হইত। মহোৎসব বাটিতে উমেশচন্দ্র পাল চৌধুরির পুত্রেরা এবং বসত বাটীতে ব্রজনাথ পাল চোধুরি বাস করিতেছেন। কুফ্নগরের রাজা কুফ্পাস্থির উন্নতি দেখিয়া চৌধুরী এবং গবর্ণর জেনেরল লভ ময়রা পাল উপাধি প্রদান করেন। রুঞ্পান্তির টাকার অনেকে বড় মাত্রুৰ হইয়াছে। রাণাঘাটে যত কোটা বাড়ী আছে, তাহার বার আনা রুঞ্চণান্তির রুপায় হইয়াছে। ইনি কথনও মিথ্যা কথা কহিতেন না এবং সকল কার্বোই আর্থিক লাভ অভুসদ্ধান করিতেন। ইনি সাধারণের উপকারার্থে রাণাঘাটে একটি পুরুরিণী ও মান্তাছ ছর্ভিকে তিন লক টাকার চাউল বিতরণ করেন। ১৮০১ অব্দে ইহার মৃত্যু হয়।

ইন্দ্র। ট্রেণ এত বিলম্ব ক'র্তেছে কেন ?

বক্ৰ। কল থাৱাপ হইয়াছে।

ব্রহ্মা। তুমি রাণাঘাটের কাছে আর যে যে ভাল স্থান আছে, ভাহাদের বিবরণ বল।

বরুণ। রাণাঘাটের তিন চারি ক্রোশ দূরে শান্তিপুর। এখানে নামিয়া ঘোড়ার গাড়িতে শান্তিপুর যাইতে হয়। শান্তিপুরে ধনপতি দদাগরের পুত্র শ্রীমন্ত বাণিজ্য করিতে আসিতেন। চৈত্তরদেবের প্রিয় শিশ্ব অবৈত ঐ স্থানে জন্মগ্রহণ করেন। শান্তিপুর বহুদংখাক লোকপরিপূর্ণ একটা বাণিজ্য স্থান। ইট ইণ্ডিয়া কোম্পানীর এই স্থানে বাণিজ্যাগার ছিল। মারকুইদ ওয়েলেদলি মধ্যে মধ্যে এই স্থানে আসিয়া বাস করিতেন। শান্তিপুরের কাপড বড বিখ্যাত। ঐ স্থানে ১০/১২ হাজার তাঁতি বাদ করে। শান্তিপুরে অনেক গোঁদাই আছেন। তাঁহারা অবৈতের বংশ। গোঁদাইদের একটা বিগ্রহ আছেন, তাঁহার নাম শ্রামহন্দর। শান্তিপুরের প্রায় তিন ভাগ লোক বৈষ্ণব। শান্তিপুরের স্ত্রীলোকেরা বড় লঙ্কাহীনা। শান্তিপুরের পরপারে গুপ্তিপাড়া। গুপ্তিপাডার লোকেরা স্বাভাবিক বেশ চালাক! পূর্ব্বে এই স্থানে বেশ বহস্ত আলাপ হইত। মাতালেরা মদ থাইয়া একণে এরপ করিয়া থাকে। গ্রামটী বানরের জন্ম বিখ্যাত, বানরেরা বড় উপস্তব করে, এমন কি স্ত্রীলোকের কক হইতে জলের কলদী লইয়া ভাঞ্চিয়া দেয়। কোন লোককে "তুমি কি গুপ্তিপাড়া হইতে আসিতেছ।" বলিলে বানর বলা হয়। রাজা রুফচক্র একবার গুপ্তিপাড়া হইতে একটি বানর লইয়া গিয়া অতি সমারোহে তাহার বিবাহ দিয়াছিলেন। ঐ বানরের বিবাহে তিনি প্রায় পঞ্চাশ হাছার টাকা বায় করেন এবং নবদীপ, শান্তিপুর, উলা, গুপ্তিপাড়া প্রভৃতি হইতে বিস্তর ব্রাহ্মণ নিমন্ত্রণ করিয়া আনিয়াছিলেন। গুপ্তিপাড়ায় কয়েকটা দেবালয় আছে. তন্মধ্যে বুন্দাবনচন্দ্ৰ নামক বিগ্ৰহ বড় ভাগ্ৰত। কেই ইহার জমী, কি বাগান ও প্রুরিণী ফাঁকি দিয়া লইয়া ভোগ কবিলে নির্বাংশ হয়। বুলাবনচক্রের রঞ্জে বড সমারোহ হইয়া থাকে। এই গুপ্তিপাড়ায় বাণেশ্বর বিভালস্কার জন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম রামদেব তর্কবাগীশ। ইনি মহারাজ ক্লফচল্লের সভাসদ্ ছিলেন। বাজা কলিকাতায় শোভাবাজাবে বিভালভাবকে একটি বাড়ী কিনিয়া দেন। ইনি কলিকাতায় বসাক বাড়ী আছের নিমন্ত্রণে যাওয়ার বাজা কিছু অভক্তি প্রকাশ করেন, ইহাতে বাণেশর ক্রম্থনগর পরিজ্যাগ করিয়া বর্জমানে যান এবং তথাকার রাজা চিত্রদেন ইহাকে সাদরে নিজ সভার প্রধান পণ্ডিত করেন। গুপ্তিপাড়ার পর কালনা। কালনা শান্তিপুরের অপেকাছোট, কিন্তু বাজার হাট বেশ পরিকার। কালনায় বর্জমানের রাজার অনেক কীর্দ্রি আছে। যথা—রাজার চক, রাজবাটী, সমাজবাটী ইত্যাদি। সমাজবাটীতে—রাজা, কি রাণীর মৃত্যু হইলে অস্থি আনিয়া রক্ষা করা হয়। রাজাজীবদ্দশায় যেরূপ বাবৃগিরি করিতেন, তক্রপ সেবা ও থাট পালক প্রভৃতি রাথা হয়। কালনায় বর্জমানের রাজার অনেক দেবালয় আছে, তন্মধ্যে লালজী নামক বিগ্রহ অতি প্রদিদ্ধ। ইহার রাম ও ঝুলানে বেশ সমারোহ হয় এবং প্রত্যহ অনেক অতিধিসেবা হইয়া থাকে। চৈত্ত্যদেব সংসার পরিত্যাগ কবিয়া দেশ পর্যাইনে যাইবার সময় কালনায় আদিয়া যে তেঁতুলভলায় বিশ্রাম কবেন, সেই তেঁতুলগাছ অভাপি বর্তমান আছে এবং তাহার তলায় মহাপ্রভুর প্রতিমৃত্তি নির্মাণ করিয়া রাথিয়াছে।

এই সময় অপর এঞ্জিন ছুটিয়া আসিয়া গণাৎ শব্দে টেণথানাকে লইয়া স্থপান্তপ শব্দে ছটিয়া আডংঘাটায় উপস্থিত হইল।

वक्षा । এই शास्त्र नाम चांडरथां। चांडरघांने हर्नी नामक नतीत তীরে অবস্থিত! এথানে একটা বিগ্রহ আছেন, ইংার নাম যুগল্কিশোর। রাজা রুফচন্দ্র ইহাকে অনেক বিষয় করিয়া দিয়াছিলেন। এক্ষণেও দেবালয়ে ব্দনেক নাগা সন্ন্যামী বাদ করিয়া প্রতিপালিত হইতেছে। যুগলকিশোর এক জন মহান্তের তত্তাবধানে আছেন। মহান্ত তেজারতি করিয়া ঠাকুরের বিষয় জনেক বাডাইয়াছেন। এই মহাস্তের নিকট হইতেই রুম্পণান্তি ছোলা খরিদ করিয়া বড়মান্তব হন। জৈচি মানে যুগলরূপ দেখিলে জ্বীলোকের। পরজ্ঞান্ত বিধবা হইবে না, বর্তমান মহান্ত এইরূপ স্বপ্ন দেখায় ঐ সময় ভাব অত্যন্ত মহার্ঘা হয়। আড়ংঘাটার কিছু দূরে উলা নামক একটী বৃংৎ গ্রাম আছে। ধনপতি সওদাগরের পুত্র শ্রীমন্ত সদাগর সিংহন যাত্রাকালে ঐ স্থানে নামিয়া মঙ্গলচণ্ডীর পূজা করেন। সেই চণ্ডী উলুই চণ্ডীনামে বিখ্যাত হইয়া অভাপি বিরাজ করিতেছেন। ই হার নিকট বৎসর বৎসর সমারোহে একটা করিয়া জাত হইয়া থাকে। জাতের দিন কত যে পাঁটা ও মহিষের ल्यां नष्टे हम तला याम ना। छलात ज्यान नाम वीवनगत । वीवनगत्वय মৃথোপাধাার মহাশরেরা অত্যস্ত সম্ভান্ত জমীদার, উলার জমীদারদিগের মধ্যে বামনদাদ বাবু বিখ্যাত। বামনদাদ বাবুর পিতামহকে কৃষ্ণান্তি একথানি তালুক থরিদ করিয়া দেন। ঐ তালুক হইতেই ইঁহারা বিখ্যাত জনীদার হইয়াছেন। উনার মহামারী বড় বিখ্যাত। ঐ মহামারীতেই গ্রামটি এক প্রকার ধ্বংস হইয়াছে।

এই সময় টেণ আড়ংঘাটা অতিক্রম করিয়া বগুলায় যাইয়া উপস্থিত হইল। বরুণ কহিলেন, "এই স্থান নামিয়া ঘোড়ার গাড়ীতে কুক্তনগর ঘাইতে হয়। কুষ্ণনগর বগুলা হইতে ৫।৭ ক্রোশ দুর হইবে।"

बना। क्रक्षनगरतत विवश वन।

বরুণ। কৃষ্ণনগর রাজা কৃষ্ণচক্র রায়ের জন্ম বিথাতে। ঐ রাজার প্রণিতামহ রাজা কদ্রনারায়ণ ঢাকা হইতে আলাল দস্ত নামক একজন প্রশিদ্ধ মণতিকে আনাইয়া রাজবাটী ও চক নির্মাণ করেন এবং উাহার মারায় ঐ হানের গাঁড়ালেরা ঐ বিভা শিক্ষা করে। গাঁড়ালেরা এমন স্থন্দর ঐ কাজ শিক্ষা করিয়াছিল যে, রাজার পূজার দালান তাহার সাক্ষা দিতেছে। ১৫০ বংসরের দালানে এ পর্যান্ত মেরামত আবশুক হয় নাই। ঐ স্থানের কৃষ্ণকারেরা বেশ প্রতিমা নির্মাণ, পট চিত্র ও ছবি গড়ায় নিপুণ। কৃষ্ণনগর হইতেই জগদ্ধাত্রী ও অমপুণা প্রথম প্রচারিত হয়। কৃষ্ণনগরের বাজবাটীতে পাঁচটি কামান আছে। ঐ কামানগুলি পলাশী মৃদ্ধের পর কাইব সাহেব রাজা কৃষ্ণচক্রকে উপহার দেন। নবাব মীরকাশিম রাজা কৃষ্ণচক্রকে তৎপুত্র শিবচক্র সহ মৃক্লেরে লইয়া গিয়া তাঁহাদের বধার্থে ধরিয়া আনিতে লোক পাঠাইবার সময় পিতা পুত্রে যে ভাবে ব্দিয়া ইউদেবতার শ্বরণ করিয়াছিলেন, সেই প্রতিমৃত্তি আছে।

ব্রহ্ম। তমি রাজা ক্লফচন্দ্র রায়ের জীবনচরিত বল।

বকণ। ইনি ১৭০৫ খৃঃ অন্ধেনবাৰ মুবশিদ কুলি খাঁর সময়ে কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেন। ইনি রাজা রগুরাম রায়ের পূদ্র। কৃষ্ণচন্দ্র অসাধারণ মেধাপ্রভাবে সংস্কৃত, বাঙ্গালা ও পার্লী ভাষায় বিশেষ বৃৎপত্তি লাভ করিয়াছিলেন। ইঁহার সভায় ভারতচন্দ্র রায়, রামপ্রাদ সেন, বাণেশর বিভালভার, রামশরণ তর্কালভার এবং অমুক্ল বাচম্পতি প্রভৃতি সভাসদ্ছিলেন। রাজা কৃষ্ণচন্দ্র অগ্নিচোত্র, বাজপেয় প্রভৃতি অনেকগুলি যজ্ঞ করিয়াছিলেন। নবাব সিরাজউদ্দোলাকে পদচাত করিবার জন্ম থে সভা হয়, সেই সভার ইনি একজন সভা ছিলেন। ১১৯৭ সালে (১৫৯৭ খৃঃ) ইঁহার মৃত্যু হয়। মৃত্যুর পর জ্যেষ্ঠ পুত্র শিবচন্দ্র রাজা হন।

নারা। এ রাজা কেমন ছিলেন ?

দেবগণের মর্ভো আগমন

বকণ। রাজা শিবচক্র, কৃষ্ণনগরে আনক্ষমরী নামে এক কালী, আনক্ষমর নামে এক শিব স্থাপনা করেন। শিবচক্রের পর ঈশবচক্র রাজা হন। ইঁহার সময় রাজবাটিতে বিষ্ণুমহল, বারছারী প্রতিষ্ঠিত হয় এবং রাজা অঞ্জনা নামক নদীতীরে এক স্থক্তর অট্টালিকা নির্মাণ করিয়া ভাহার নাম শ্রীবন রাথেন। ইনি স্বপ্রে দেখিয়া ভাগীরখীতীরে বালুকা মধ্যে এক গোপালম্ভি প্রাপ্ত হন। এ গোপাল নবখীপনাথ নামে নবখীপে আছেন। নবখীপের ভবভারিণী কালী ও ভবভারণ শিব ইঁহারই প্রতিষ্ঠিত।

১৮১৬ খৃঃ অব্দে ল্ড হার্ডিঞ্চ সাহেব কৃষ্ণনগরে একটি কলেজ স্থাপন করেন। ১৮৪৪ অব্দে ঐ স্থানে একটি ব্রাহ্মসমাজ হয়।

নাবা। বরুণ । তুমি রাজা রুষ্ণচক্রের সভাসদদিগের বিষয় বল।

বক্ষণ। মৃক্তারাম মৃথোপাধ্যায়। ই হার বাড়ী উলায়। ইনি রাজা কৃষ্ণচক্রের সভাসদ ছিলেন। সকল কথায় বেশ সরস উত্তর দিতে পারিতেন। একদিন রাজা কহিলেন—"মুখ্যো, আমি স্বপ্নে দেখিয়াছি, তুমি বিষ্ঠার হলে ও আমি পায়সের হলে পড়িয়া গিয়াছি।" মৃক্তারাম কহিলেন—"আমিও ঐ স্বপ্ন দেখিয়াছি, তবে প্রভেদ এই—তৃজনে হল হইতে উঠিয়া গা চাটাচাটি করিতেছি।"

গোপাল ভাঁড় নামক এক নাপিত ক্লফচন্দ্রের সভাসদ্ ছিলেন। ইঁহার বাটি শান্তিপুর। ইনি বেশ রসিক ছিলেন। গোপালের একটি ফুলর পুত্রকে দেখিয়া একদিন রাজা কহেন—"গোপাল, ভোমার ছেলেটি যেন রাজপুত্র।" গোপাল তৎপ্রবণে ছেলেটিকে কোলে লইয়া কহেন—"ব্যবা, বেঁচে থাক, ভোমা হইতে আজ আমি রাজপুত্রের বাবা হইয়াছি।"

এক সময় গোপাল ভাঁড় রাজা রুঞ্চন্দ্রের সহিত মুবলীদাবাদের নবাববাড়ী যান। ঐ সময় অনেক রাজা আসায় বেগমেরা গবাক্ষ দিয়া দেখিতেছিলেন, গোপালভাঁড় বেগমদিগের প্রতি চাহে আর চক্ ঠারে। সভাভঙ্গের পর নবাব বাটির মধ্যে যাইয়া এ বিষয় ভনেন এবং গোপাল ভাঁড়কে জীবস্ত কবর দিবার জন্ম ধরিয়া আনেন। গোণাল আসিয়া প্রথমে নবাবের দিকে, তৎপরে সভাসদ্দিগের প্রতি চক্ ঠারায় নবাব উহার চোথ ঠারা রোগ আছে ভাবিয়া ছাঁড়িয়া দেন। রুঞ্চনগর হইতে ছুই ক্রোশ দ্বে নবনীপ। নবনীপ চৈতক্সদেবের: জন্ম বিখ্যাত।

বন্ধা। চৈতক্তদেবের জীবনচরিত বল।

বঞ্চ। ইনি ১৪৮৪ খ্রী: নবছীপে জন্মগ্রহণ করেন। ই হার পিতার নাম জগন্নাথ মিশ্র এবং মাতার নাম শচী দেবী। চৈত্রের বালা ব্যসের আনেক গল আছে। যথা—এক দিবদ তিনি মৃত্তিকা খাইলে মাতা ভিবস্কার করায় কছেন "কেন মা! আমাদের সর্বশ্রেষ্ঠ খাভ ত মৃত্তিকার রূপান্তর মাত্র।" আর এক সময় তিনি কোন অপরাধ কবিলে জননী যথন মারিতে যান, আঁছোকডে পলাইয়াছিলেন; মাতা স্নান করিতে বলায় কহেন, "মা। ভালা হাঁডিকডি অপবিত্র নয়; যাহাতে মামুধকে অপবিত্র করে, তাহা ত মামুধের দেহেই থাকে।" চৈত্ত গঙ্গাদাদের নিকট বিভাভাাদ করেন। ভাগবত গ্রন্থই ই হার অতান্ত প্রিয় ছিল। ইঁহার প্রথমা ন্ত্রী লক্ষ্মীর সর্পাঘাতে মৃত্য হইলে বিষ্ণপ্রিয়ার পাণিগ্রহণ করেন। ১৫০৯ খঃ চৈত্তুদের কালনায় ঘাইয়া সন্নাস্থর্থ গ্রহণ করেন। এই ঘটনায় তাঁহার মাতা অতাস্ত চঃথিত হন। কারণ তিনি মায়ের একমাত্র ভরদান্তল ছিলেন। চৈতজ্ঞের আট ভগিনী শৈশবে মারা যান, জ্রোষ্ঠ लां ित्यक्रभ हे जिल्रदर्स मन्नामी इन । পाছে চৈতল্যদেব ফেनिया भनान, এজন্ম মাতা তাঁহাকে নয়নান্তর করিতেন না। যে রাত্রিতে চৈতন্ত কালনায় যাইয়া সন্ন্যাদী হন, দেই বাতে শচী তাঁহাকে শিশুর ন্যায় কোলে লইয়া শয়ন করিয়াছিলেন: কিন্তু তাঁহার সহচরেরা বংশী বাজাইয়া সম্ভেত করায় তিনি নিদ্রিত মাতার ক্রোড হইতে দতর্ক ভাবে উঠিয়া পলায়ন করেন। এই কারণে অস্থাপি যে মাতার এক পুত্র, তিনি রন্ধনীতে বংশীরব শুনিলে আহার করেন না। চৈত্রের বক্ততা ভাবৰে ভাবির ও থাশে নামক ছই যবন ভাতা বৈষ্ণবধর্ম গ্রহণ করিয়া রূপ ও স্নাতন নামে বিখ্যাত হন। চৈতন্তদেব সন্নাসধর্ম গ্রহণের পর একবার শান্তিপুরে অবৈতাচার্যোর বাটিতে মাতাকে আনাইয়া দাক্ষাৎ করেন এবং তৎপরে জগনাথ দেবের দর্শনার্থে নীলাচলে যান এবং পথিমধ্যে मार्काष्ट्रीय छोतार्वादक निष्क प्रमृद्धक करान । नीमाठम हटेराउ टेनि प्रथकावणा, প্রীরক্ষপরন ও কাবেরী দর্শন করিয়া সেতৃবন্ধ রামেখ্যে যান। এই সময়ে বুদ্ধাচার্য্য বৈষ্ণবধর্ম গ্রহণ করেন। ইহার পর বৃন্দাবন যাত্রা করেন, তথায় कराक्षम भागान है हात्र निकं रिक्यवर्श्य श्रहन करत्र अवर अहे अग्रहे छेखन ভারতে ইনি পাঠান-গোঁদাই নামে বিখ্যাত। এখান হইতে ইনি নীলাচলে আসিয়া বাস করেন এবং ঐ শ্বানেই মৃত্যু হয়। কৃষ্ণদাস লিথিয়াছেন, এক দিন চক্রের জ্যোতিঃ চিল্কা হদের মধ্যে পড়িরাছিল এবং দেই সময় অতান্ত বাতাদে জল তরজায়িত হওয়ায় বোধ হইতেছিল যেন দ্রবীভূত স্বর্ণ জলমধ্যে

দেবগণের মর্ছো আগমন

হিরোল করিতেছে। চৈতক্ত তদর্শনে শ্রীকৃষ্ণ ক্রীড়া করিতেছেন জ্ঞান কবিয়া আলিঙ্গনার্থ লক্ষ্ণ দিয়া পড়েন, তাহাতেই তাঁহার মৃত্যু হয়। চৈতক্তের শিশ্রগণ তাঁহাকে শ্রীকৃষ্ণের অবতার বলিয়া স্থীকার করেন। রূপ গোস্বামী ইঁহার শিশ্র ছিলেন। তাঁহার প্রণীত বার-তের থানি সংস্কৃত গ্রন্থ আছে। ইঁহার সনাতন গোস্বামী, জীবগোস্বামী, গোপাল ভট্ট প্রভৃতি আরপ্ত অনেক শিশ্র ছিলেন। ইঁহারই সময় বঙ্গদেশে গ্রন্থ প্রণয়নের আদি কাল।

নবন্ধীপ সংশ্বত বিভাব জন্ম বিখ্যাত। চৈত্র-ভাগবতে বর্ণিত আছে. নবন্ধীপ অপেক্ষা স্থান পৃথিবীতে নাই। কারণ এই স্থানে চৈত্তের জন্ম হয়। ঐ স্থানে বিস্তব টোল আছে। পুরাতন নবদীপ একণে জঙ্গলে পরিপূর্ণ। নতন নবন্ধীপের তুই দিকে ভাগীর্থী ও জলঙ্গী আসিয়া মিলিত হইয়াছে। বর্ষাকালে স্থানটি স্বীপের আকার ধারণ করে। বিবর্গাম ও ধাত্রীগ্রাম পূর্ব নবদ্বীপের একটি পল্লী ছিল। পূর্বে নবদ্বীপ জঙ্গলে পরিপূর্ণ ছিল, কাশীনাথ নামক রাজা দক্ষিগণসহ ভ্রমণ করিতে আসিয়া স্থানটি দেখিয়া মোহিত হন এবং নিজের বাজধানী করেন। তিনি আসিবার সময় তিন ঘর ব্রাহ্মণ ও নয় ঘর চাধা সঙ্গে করিয়া আনেন। এই নবদ্বীপই বৈছাবংশের শেষ রাজা লক্ষ্মণ দেনের রাজধানী ছিল। এই লক্ষ্মণ সেনের সময় কুত্ব উদ্দীনের প্রধান সেনাপতি বক্তিয়ার খিলিছা আসিয়া নবদ্বীপ অধিকার করেন। চৈতক্তের প্রধান শিক্ষ রামানন ওয় শান্ত হইতে সতীদাহ প্রথা প্রথমে নবদ্বীপে প্রচার করেন। চৈত্ত দেব এই সতীদাহ দেখিয়া তঃথিত হন এবং পথে পথে থোল করতাল বাজাইয়া বৈষ্ণবধর্ম প্রচার ও বৈষ্ণবীবিবাহ-প্রথা প্রচলিত করেন। মহু মহুয়াদেহ দাহ করিয়া জলে ফেলিয়া দিবার প্রথা প্রচার করেন। চৈত্তুদের গোর দিবার ব্যবস্থা করেন। চৈত্তু যে স্থানে জন্মগ্রহণ করিরাছিলেন, উহা এক্ষণে গঙ্গাগর্ভে গিয়াছে। চৈতন্তের ভক্তেরা তাঁহাকে অবতার বলিয়া বর্ণনা করেন। নবদীপের একটি মন্দিরে চৈতন্তের পারিষদ নিত্যানন্দের মৃত্তি আছে, বৈষ্ণবেরা ঐ মৃত্তি পূজা করিয়া থাকে। চৈতত্ত্বের ভক্তেরা বৈরাগী। নবদ্বীপে বিস্তর বৈরাগী আছে। বৈরাগীদিগের সহিত বাহ্মণদিগের সম্ভাব নাই, উভয়ে উভয়কে ঠাট্টা করে। চৈতন্তের ধর্ম অমুদারে কায়েত বেণেতে পাঁচ দিকা থরচ করিয়া বিবাহ করিতেছে। নবন্ধীপে আগমবাগীশের কালীমূর্ত্তি আছেন। ঐ ব্যক্তিই প্রথমে এই মূর্ত্তি বঙ্গদেশে প্রচার করেন। আগমবাগীশের বাসস্থান একণে গঙ্গাগর্ভে গিয়াছে। নবৰীপ যে বছকালের প্রাম, ইহা পোড়া মা নামক দেবীকে দেখিলেই জানিতে পারা যায়। এই মৃত্তি পুরাতন নবন্ধীপের জঙ্গলের মধ্যে ছিলেন। কাশীনাধের লোকেরা যথন জঙ্গল দম্ম করে, তখন ইনি দয়্ম হন। দেই জান্তই পোড়া মা কহে। ইনি প্রায় একশত বংশরের একটি ডছ্র বৃক্ষের তলায় মাছেন। ইহার সন্নিকটে রাজা ক্লফচন্দ্র রায়ের এক বৃহৎ আকারের কালী মন্দিরমধ্যে বিরাজ করিতেছেন। নবন্ধীপের কাশারিরা অভ্যন্ত ধনী, প্রায় সন্ধর্ত্তই ইহাদিগের দোকান আছে। কাঁসারিদিগের মধ্যে গুরুদাস কাঁসারি বিখ্যাত লোক ছিলেন, ইহার গৃহে একটি কামধেম ছিল। গুরুদাস বাব্ও নাই, তাঁহার দে কামধেম্বও নাই। তাঁহাদের সঙ্গে সঙ্গে বিষয় বিভন্ত নাই। নবন্ধীপ নায়শান্তের আলোচনার জন্ম প্রশিদ্ধ। এখানকার পঞ্জিকা বড় বিখ্যাত। নবন্ধীপের পশ্চিমে জাল্লগর। ঐ স্থানে জহুম্নির মন্দির আছে, ঐ স্থানে ক্লফনগরের রাজাকে মুরশীদাবাদের নবাব পিণীলিকার ঘরে কারাক্ষ করেন। একটি হুর্গামূর্ত্তি আছে। পুর্বে ঐ হুর্গার নিকট নরবলি দেওয়া হইও। হুর্গা যে স্থানে আছেন, সেই স্থানকে রাজ্যাকে ঝাপান কহে।

নবন্ধীপ হইতে অগ্রন্থীপে যাওয়া যায়। অগ্রন্থীপ যাইতে হইলে মিহতলা নামক স্থান দিয়া যাইতে হয়। ঐ মিরতলায় অত্যন্ত ডাকাইতের ভয় ছিল। অগ্রন্থীপ গঙ্গার তীরে অবস্থিত। অগ্রন্থীপের গোপীনাথ অত্যন্ত বিখ্যাত। ইনি বংসর বংসর ঘোষ ঠাকুরের প্রান্ত করেন। ঘোষ ঠাকুর চৈত্যন্তর এক জন শিশু, তিনিই গোপীনাথমূর্ত্তি স্থাপন করেন। ১৭৬০ অবল এই স্থানের নিকট মীরকাসিমের সৈলগণ ইংরাজ কর্ত্তক পরাজিত হয়।

ব্ৰহ্মা। ছোষ ঠাকুরের বিষয় বল।

বক্রণ। ঘোষ ঠাক্র জাতিতে কায়স্থ। চৈতন্তের শিশু ছিলেন। ইনি এক দিন চৈতন্তদেবের মুখণ্ড ছির জন্ত একটি হরীতকী জিকা করিয়া আনিয়া অর্চ্চে প্রদান করেন ও অর্দ্ধেক পর দিনের জন্ত বাথেন। ইহাতে চৈতন্তদেব "জন্তাপি তোমার সঞ্চয়ের ইচ্ছা আছে. অতএব আমার নিকট হইতে প্রস্থান কর" বলিয়া বিদায় দেন। ইহাতে ঘোষ ঠাক্র কহেন, "আমি আপনাকে পুত্র মপেকা ভালবানি, অতএব ছাজ্য়া গিয়া কিরপে থাকিব ?" চৈতন্তদেব তৎপ্রবণে কহেন, "তুমি ঘাইয়া এক কৃষ্ণমৃত্তি স্থাপন করিয়া আমার নাম তায় তাঁহার প্রতি বাৎসলা প্রকাশ করিও।" তৎপ্রবণে ঘোষ ঠাক্র জন্তানীপে ঘাইয়া গোপীনাধ

ন্দেবগণের মর্ছ্যে আগমন

নামক বিগ্রহ স্থাপন করেন। ঘোষ ঠাকুর গোপীনাথকে অপত্যনির্ধিশেবে স্নেহ করিতেন বলিয়া অভাপি প্রতি বৎসর বান্ধণীর পূর্বে চৈত্র মাসের ক্ষণ্ণ একাদশীতে গোপীনাথ কর্ভ্ব ঘোষ ঠাকুরের প্রান্ধ হইয়া থাকে। এই সময় অগ্রঘীপের মেলা হয়। অগ্রঘীপে গোপীনাথ থাকায় ঐ য়ান হিন্দুদিগের একটি তীর্থস্থান হইয়াছে। রাজা কৃষ্ণচক্রের সময় রাজা নবক্রফ ঐ ঠাকুর অপহর্ব করিয়া কলিকাতায় আনেন। কৃষ্ণচক্র গবর্ণরের নিকট আবেদন করিলে ঠাকুর প্রত্যর্পণ করিবার আদেশ হয়। ইহাতে নবক্রফ অবিকল আর একটি প্রতিমৃত্তি নির্মাণ করিয়া চিনিয়া লইতে কহেন। ঠাকুবের একজন পরিচারক মৃত্তি দেখিয়া চিনিয়া লয়। অভাপি নবক্রফের প্রদন্ত বহুমূল্য আভর্বাদি ঠাকুরের গারে আছে। এই দেবমৃত্তি পূর্বের পাটুলির জমীদারদিগের ছিল। এক সময় মেলায় ৫।৬ জন লোক খুন হওয়ায় তাঁহারা ঠাকুরটীকে নিজের বলিয়া জন্মীকার করায় কয়য়নগরের রাজা নিজের বলিয়া পরিচয় দেন এবং ভদবিষ তাঁহারই হয়। রাজা ঠাকুরের সেবার্থ কৃষ্টিয়া প্রভৃতি কভকগুলি গ্রাম দান করিয়াছেন।

অগ্রন্থীপের পর কাটোয়া; এই স্থানে নবাব মুরলীদ কুলি থার সৈপ্ত থাকিত এবং একটা ছুর্গপ্ত ছিল। মহারাষ্ট্রীয়েরা এই স্থানে অভ্যন্ত উপদ্রব করিত। কাটোয়ায় চৈত্রুদেব সন্ধ্যাসধর্ম অবলম্বন করেন। এজন্য এথানে চৈত্রুপ্ত নিত্যানন্দের প্রতিমৃত্তি আছে। কাটোয়ার সন্নিকটে ভারতলম্বী ইংরাজের আশ্রয় গ্রহণ করেন। এই স্থানের ১৬ মাইল দ্রে বিথ্যাত পলাশীর মাঠ। পলাশীর যে স্থানে যুদ্ধ হয়, সেই স্থান একণে গঙ্গাগর্ভে লীন হইয়াছে। পলাশীর মাঠে লক্ষ-বাগ নামে একটা বাগান আছে। ঐ বাগানে এক লক্ষ ভাল ভাল আশ্র গাছ ছিল। ঐ বাগানেই নবাবের সৈন্তাধ্যক্ষকে করর দেওয়া হয় এবং ইংরাজেরা এই বাগানেই শিবির সংস্থাপন করিয়াছিলেন। পূর্ব্বে এই বাগানে বিভার চোর ভাকাইত বাস করিত। পলাশীর সন্নিকটে বিশ্রামতলা নামক একটি স্থান আছে। ঐ স্থানের বটতলায় বসিয়া চৈতন্তুদেব বিশ্রাম করেন ও মন্তর্কে মুগুন করিয়া সন্নাদী হন। অস্তাপি বৃক্ষটা বর্তমান আছে।

বশুসায় ট্রেণ অনেকক্ষণ থাকে, কারণ এই স্থানে এঞ্চিন বদল হয় ও কলে জল প্রিয়া লয়। এই কাজ শেষ হইলে ট্রেণ হুপাহুপ্ শব্দে ছুটিতে ছুটিতে রুক্ষণঞ্চ ট্রেশনে উপস্থিত হইল। বরুণ কহিলেন, "এই ট্রেশনে নামিয়া শিবনিবাস নামক একটি স্থানে ঘাইতে হয়। মহারাষ্ট্রায়দের উপত্রব-সময় নিরাপদে বাদ করিতে পারা ষাইবে ভাবিয়া মহারাজ কুফচল্র 🗳 নগরে বাসস্থান নির্মাণ করেন। এখানে অভাপি রাজবাটী প্রভৃতি ও তৎপ্রতিষ্ঠিত বাজবাজেশ্বরী, রাজ্ঞীশব এবং রামচন্দ্র এই তিন দেবসুর্ত্তি বর্তমান স্মাছে। রাজরাজেশবের মন্দিরের ক্যায় উচ্চ মন্দির এ প্রদেশে আর নাই। শিবনিবাসেব দক্ষিণ কৃষ্ণপুর নামক একটা গ্রামে অনেক গোয়ালার বাস। এই কৃষ্ণগঞ্জ, বাজা ক্ষণ্ডক স্থাপন করেন। এথান হইতে ট্রেণ ছাড়িয়া চয়াভাঙ্গায় থামিলে বৰুণ কহিলেন, এই টেশন হইতে ৭৮ ক্ৰোশ দূৱে মেহেরপুর নামক একটা স্থান আছে। এ স্থানের মল্লিক ও মুখোপাধ্যায় জমীদারেরা বিখ্যাত। মেহেরপুর বেশ ভদ্র গ্রাম। ইহা একটা মহকুমা, স্বতরাং এথানে তুই একটা ভোট ভোট আফিদ আদালত আছে। মেহেরপুরে বলরাম ভজা নামক কর্ত্তাভজার ক্রায় একটা দল আছে। বলা হাড়ি নামক একবাক্তি ঐ ধর্মের প্রবর্ত্তক। বলরাম মেহেরপুরের মল্লিকদের ঠাকুর বাড়ীর চৌকিদার ছিল। এক সময়ে চোরে ঠাকুরের গহনাপত্র চুরী করায় বাবুরা বলরামকে অত্যস্ত প্রহার করেন। প্রহারের পর বলরাম মনের ছঃথে গ্রাম হইতে চলিয়া যায় এবং কিছদিন পরে বিস্তব শিশু সংগ্রহ করিয়া ফিরিয়া আদে।

পুনরায় টেণ ছাড়িল এবং টেণ রামনগর, স্বায়মপুর, চুয়াডাঙ্গা, মুন্সীগঞ্জ, আলমডাঙ্গা, হাল্দা, পোড়াদহ, মিরপুর অতিক্রম করিয়া দাম্কিয়া খাটে উপস্থিত হইল।

দেবগণ টেণ হইতে নামিয়া সমূথে দেখেন, ভয়ঙ্করী পদা: বিরাজ করিতেছেন। দেবগণ পদাকে দেখিয়া তীরে যাইলেন এবং পিতামহ কহিলেন "মা কেমন আছি?"

পদ্মা। আছি একরপ মন্দ নয়? বাবা, আপনি কেমন আছেন ? স্বর্গের কুশল ত ? কলিতে আপনাদের মর্ছ্যে আগমনের কারণ কি ?

ব্ৰহ্মা। গঙ্গাকে যেথানে দেথানে বাঁধছে, অত্যস্ত কট দিচেচ, তাই মেয়েটাকে দেথ্তে এদেছিলাম। মনে ক'রেছি শীব্র নিয়ে যাব।

পদা। ওরা নরমের বাঘ। গঙ্গা শাস্ত মেয়ে ব'লে অত কট সন্থ ক'রছে। কৈ আমার কাছে ইংরাজ আফ্ক দেখি ? *

 ^{&#}x27;সারা'য় সেতৃ হওয়ায় পদার এ অহকার চুর্ব হইয়াছে।

দেবগণের মর্ত্তো আগমন

নারা। ভোমাকে পারে না কেন ?

পদ্ম। কি ক'রে পার্বে—চোরাবালী, ঘূর্ণিপাক প্রভৃতি যে সকল সঙ্গী আছে; তাহারা থাক্তে কাহাকেও ভয় করি না।

ইন্দ্র। তুমি বড় ভেঙ্গে চুরে দিয়ে গ্রামগুলিকে নষ্ট কর।

পদ্মা। আমার তীরন্থ গ্রামগুলিও তেমি ধু পূক'র ছে। তাহার উপর খোদা বক্দ, রহিম উল্লা প্রভৃতি পাঁচঘর প্রজা ইলিশ মাছের বাবদা কর্চে।

উপ। পদ্মা পিসি, তোমার গর্ভে খুব ইলিশ মাচ হয় নয় ?

পদা। ইয়। এ ছেলেটি কে?

ব্রহ্মা। শনির ছেলে।

ইন্দ্র। পদ্মা, তুমি যে এক্ষণে বেশ শাস্তভাবে আছ ?

পদ্মা। আমার ভয়ঙ্করী মৃত্তি ভাল আখিন মাসে হয়। সেই সময় অনেক লোক পঞ্চায় বাডী যায় কিনা।

এই সময় ষ্টিমার খোলার উদ্যোগ করায় দেবগণ পদ্মার নিকট বিদায় লইয়া উপরে উঠিলেন। এবং যথাসময়ে সারাঘাটে পৌছিলেন।

দেবগণ পিতামহের হাত ধরিয়া ট্রেণে তুলিলেন। পিতামহ কহিলেন, "অতগুলি গাড়ী বাদ দিয়া পশ্চাতের গাড়ীখানিতে উঠলে কেন ?''

বরণ। ও গুলো ধ্বড়ী লাইনের গাড়ী। ও গুলোকে পাক্র তীপুরে রাখিয়া ট্রেণ দার্জিলিং ঘাইবে এবং আর একখানি কল এ গাড়ীগুলোকে জুতে নিয়ে ধ্বড়ী অভিমুখে প্রস্থান করিবে। ধ্বড়ী লাইনের পথে পুঁটে ও বংপুর নামক ছটি স্থান আছে। পুঁটে রাণী শবৎস্করীর জন্ম বিখ্যাত। বংপুর একটি জেলা। বংপুর জেলায় অনেকগুলি জমীদার আছেন, তমুধো ভাজহাটের গোবিক্লাল রায়, কাকিনীয়ার রাজা মহিমারঞ্জন রায় চৌধুরী ও ত্বভাগ্রারের রায় রমণীযোহন রায় বিখ্যাত। ইহাদের মধ্যে রাজা মহিমারঞ্জন দাতা, বদান্ত, মিইভাষী, বিজোৎসাহী ও প্রজাবংসল। ইঁহার রাজধানী কাকিনীয়ায় দেবালয়, অভিথিশালা, চিকিৎসালয়, বিভালয় প্রভৃতি বিস্তর আছে। ঐস্থান হইতে রাজার সাহাযো "রক্ষপুর দিকপ্রকাশ" নামক একথানি সাপ্তাহিক সংবাদপত্র বাহির হইয়া থাকে।

এই সময় ট্রেণ হপাহপ শব্দে ছুটিতে লাগিল। দেবতারা বেঞ্চিতে শয়ন করিয়া নিজ্রাভিত্ত হইলেন। তাঁহারা ভোরে উঠিয়া দেখেন, ট্রেণ জলপাইগুড়িতে উপস্থিত হইয়াছে। তাঁহারা সকলে উঠিয়া গল্প আরম্ভ করিলেন। পিতামহ কহিলেন, "ইঁহারা দেখ ছি, ভারতের আঠে পৃঠে ললাটে বেল চালাইয়াছে। আশ্চর্যা ক্ষমতা!" এই সময় টেণ আসিয়া দিলিগুড়ি ষ্টেশনে উপস্থিত হইল। দেবপণ টেণ হইতে নামিলে বৰুণ কহিলেন "ভোমবা ছই তিনটা করিয়া জামা গায় লাও, এইবার দার্জিলিং উঠিতে হইবে। ঐ যে ট্রামগাড়ীগুলি দেখিতেছ, উহাতে উঠিয়া আমবা দার্জিলিং যাইব।"

দেবগণ তৎশ্রবণে গাত্রবন্ধ গায়ে দিলেন এবং ট্রামগাড়ীতে উঠিলেন। গাড়ী যথাসময়ে দাৰ্জ্জিলিং অভিমুখে চলিল এবং শাল্বন ও চা-ক্ষেত্রে মধ্য দিয়া যাইয়া পাহাডের নীচে উপস্থিত হইল।

বরুণ। পিতামহ! এই প্রকাণ্ড পাহাড়ের উপর দাঞ্চিলিং। বন্ধা। যাঁ! অত উচ্চতে উঠবে কেমন করে?

এই সময় জীমগাড়ী শালবনের মধ্য দিয়া ঘুরিয়া ঘুরিয়া একটা ফাকা স্থানে উপস্থিত ইইল। বৰুণ কহিলেন, "ঠাকুরদা! নীচের দিকে দেখুন, আমরা, কত দুরে উঠিয়াছি।"

পিতামহ তৎপ্রবণে নীচেয় তাকায়ে দেখেন, গাড়ী অনেক উচ্চে উঠিয়াছে। নীচে থাল, জঙ্গল দেখা যাইতেছে। তিনি তদ্যুট কহিলেন, "আহা। ধন্ত ইংরাজের বৃদ্ধি ও ক্ষমতা! দেবরাজ, ভাল ক'রে গড় ঝালাই করগে, নচেৎ ফর্গরাজা কথনই রক্ষা করিতে পারিবে না।"

ক্রমে ট্রামগাড়ী সাপের স্থায় অল্প অল্প করিয়া উঠিয়া গরাবাড়ী, কার্সিয়ং, সোণাদহ ষ্টেশন অতিক্রম করিয়া যুম ষ্টেশনে আদিয়া পৌছিল। পুনরায় টেশ ছাড়িলে আকাশ মেঘাছেল হইল, গাড়ী যেন মেঘ ভেদ করিয়া চলিতে লাগিল। দেবতারা দেখেন, উপরে মেঘ ও জল; নীচে রৌজ। নারায়ণ কহিলেন "আহা! কি ক্রমণর দৃশ্য!"

এই সময় গাড়ী দাৰ্জ্জিলিংয়ের নিকট উপস্থিত হইলে বৰুণ কহিলেম, "পিতামহ ৷ দার্জ্জিলিং দেখুন ৷"

বন্ধা। চমৎকার সহর ! বন্ধণ, দাৰ্জ্জিলিংরের বাড়ীগুলি ওভাবে রহিয়াছে কেন ? একটা নীচে, একটা উপরে আর একটা তাহার উপরে ? যাহা হউক, বাড়ীগুলি ওরপ স্তবে স্থাকায় বড় স্থানর দেখাইতেছে এবং খড়খড়ি গুলিতে রোজ লাগায় বলমল করিতেছে।

বরুণ। দার্জ্জিলিং পাহাড়ের উপর অবস্থিত। পাহাড়ে সমতসভূমি না থাকায় ঐ ভাবে গৃহাদি নির্মিত হইয়াছে। রজনীতে দার্জ্জিলিং বড় ফুন্সর

ম্বেগণের মর্ভো আগমন

দেখায়। লোকের বাড়ী বাড়ী আলো জলে, দেখ্লে, বোধ হয় পর্বতিগাত্তে যেন আলোর ফুল ফুটিয়াছে।

এই সময় গাড়ী ষ্টেশনে আসিয়া পঁছছিলে দেবতারা নগরের মধ্যে ঘাইয়া বাসা লইলেন এবং আহারাদি করিয়া বিশ্রাম করিতে লাগিলেন, দেবরাজ কহিলেন, "বরুণ, এ স্থানের নাম দাজিকিলিং হইল কেন "

বরুণ। পূর্বে চ্র্জন্ম নামে এক রাজা এই স্থানে বাস করিতেন। তাঁহার লিং অর্থাৎ দেশ। এই নাম হইতেই দার্জিলিং নাম হইয়াছে। ইহার আদি নাম "দর জেলামা।"

ব্ৰহ্ম। বৰুণ, ইংরাজের পাহাড়ের উপর আসিয়া রাজ্য স্থাপন করিবার অভিপ্রায় কি ? ভাঁহারা কি স্বর্গের পথ ঘাট চিনিবার জন্মই এথানে আসিয়া রাজধানী স্থাপন করিয়াছেন ?

বৰুণ। পলাশীর ষুদ্ধের পর ইংরাজেরা বাঙ্গালা, বেহার ও উড়িক্সা প্রাপ্ত হন। তথন হিমালয় প্রদেশ তাঁহাদের অধিকারভুক্ত হয় নাই। রংপুর ও পূর্ণিয়া বিভাগের উত্তর পর্যান্ত তাঁহাদের দীমা ছিল। ১৭৬৭ খৃঃ অব্দে গুর্থাজাতিরা নেপাল-রাজকে রাজ্যভ্রত করিলে তিনি ইংরাজের নিকট দাহায্য প্রার্থনা করেন। ইংরাজেরা দাহায্যার্থ দৈক্ত পাঠাইলে ভাহারা অক্কুতকার্যা হয়।

১৭৮৭ খৃঃ নেপাল ও দিকিমে যুদ্ধ হয়। ইহাতে ইংরাজেরা দিকিমের পক্ষ হইয়া যুদ্ধ খোষণা করেন। এই যুদ্ধে সার ডেভিড অক্টরলোনী সেনাপতি ছিলেন। ছইবার যুদ্ধের পর ১৮১৬ অস্কে নেপালরাজের সহিত সন্ধি হয়। তাহাতে সিকিমপতি নিজ্প সিংহাসন প্রাপ্ত হন এবং ব্রিটিশ গবর্ণমেন্টের সহিত মিত্রতা করেন। এই ঘটনার কিছুকাল পরে লেপটা ও নেপালীদিগের সীমা লইয়া বিবাদ হইলে ব্রিটিশ গবর্গমেন্ট মধাস্থ হন এবং ইংরাজের পক্ষ হইতে সৈপ্ত সামস্ত প্রেরিত হয়। তাঁহারা বিবাদ অপনয়ন করিয়া দিয়া প্রত্যাগমন করেন এবং গবর্ণর জেনারল লর্ড বেন্টিছের নিকট দার্জ্জিলিংরের অত্যুৎক্তই জল হাওয়ার বিবন্ধ বর্ণন করেন। ইহাতে গবর্ণর জেনারল সিকিমরাজকে মৃল্য প্রদানে বা তাঁহার নিকট বিনিমরে দার্জ্জিলং প্রার্থনা করেন। ১৮৩৪ জন্মে প্রায় সীমা ঘটিত বিবাদ হওয়ার পর সিকিম ব্রিটিশ রাজ্যভুক্ত হয় এবং গবর্ণমেন্ট সিকিমরাজকে প্রথমে বাৎসরিক ৩০০০ টাকা ও পরে ছয় হাজার টাকা প্রদানে খ্যীকৃত এবং ডাক্লার কাবেল সাহেব স্থপারিক্টেণ্ডেন্ট নিযুক্ত হন। মেজ্বর

লয়েড ইহার পর শিলিগুড়ি হইতে পাংথাবাড়ী ও দার্চ্ছিলিং যাভারাতের রাস্তা
নির্দাণ করেন। ১৮৩৫ অন্দে দার্চ্ছিলিং ইংরাজদিগের সম্পূর্ণ করারত্ত হয়।
১৮৫০ অন্দে প্নরায় ইংরাজদিগের সহিত সিকিমরাজের বিবাদ হওরার ৬০০০
হাজার টাকা বৃত্তি প্রদান বন্ধ করা হয়। ১৮৫৪ অন্দে দার্চ্ছিলিংয়ে চা বাবসা
আরস্ত হয় এবং বিস্তর ইংরাজ আসিয়া উপনিবেশ সংস্থাপন করেন। এই
সমরে রেল রাস্তা ও টেলিগ্রাফের হৃষ্টি হয়। ক্রমে ক্রমে এখানে ক্রীড়া বাটী,
নাট্যশালা, মৃগরা ও তুর্ঘাবিভার আলোচনা-স্থান প্রভৃতি বহু অর্থবায়ে প্রস্তুত
হইয়াছে। ১৮৬০ অন্দে সিকিমরাজ এই আদেশ প্রচার করেন, কোন
ইউরোপীর সিকিমের মধ্যে প্রবেশ করিতে পারিবেন না, ইহাতে ইংরাজদিগের
সহিত সিকিমরাজের পুনরায় বিবাদ হয় এবং ১৮৬১ অন্দে তিনি পুনরায় এক
সন্ধিপত্রে স্বাক্ষর করেন। ১৮৬০ অন্দে ভূটিয়ারা বিজ্ঞাহী হইলে পুনরায় যুদ্ধ
ঘোষণা হয় এবং ১৮৬৫ অন্দে পুনরায় সিকিমরাজের সহিত এক সন্ধি হয়,
তাহাতে বার্ষিক ৩০০০ হাজার টাকা গ্রপ্রেণ্ট সিকিমরাজকে দিবেন বলিরা
স্বীক্ত হন।

দাৰ্চ্ছিলিংয়ের ইতিহাস শুনিতে শুনিতে দেবগণ নিদ্রাভিভূত হইলেন।
প্রাতে উঠিয়া সকলে মৃথ হাত ধৌত করিয়া নগর অমণে বাহির হইলেন। উপ
কহিল, "বক্রণ কাকা! ও বক্রণ কাকা! এখানকার মাম্বশুলো এমন কেন?
ইহাদের মধ্যে কোন্টা মেয়ে, কোন্টা পুরুষ ৈ উঃ বাবা! একটা কিলের
ঠাাং কাঁচা খাছে।"

বক্ষণ। দেবরাজ! দার্জিলিংয়ের অধিবাসী দেখ। এখানে লেপচা, ভূটীয়া ও পাহাড়িয়া এই তিন জাতি বাস করে। এখানকার অধিবাসীরা বলিষ্ঠ, গৌরবর্ণ, খাদা ও মুখ চাাপ্টা।

ব্ৰহ্ম । উপ যা ব'লে মিথা। নয়, উহাদের মধ্যে মেয়ে ও পুৰুব কোন্টা ?
ব্ৰুণ । মেয়ে ও পুৰুব অনেক সমরে চেনা যায় না । উভয়েরই চেহারা
মোটা, পরিধেয় বস্ত্র টিলে এবং উভয়েরই চুল লম্বা । ভবে প্রভেদ এই, পুরুবের
মাথায় একটা বিশ্বমি ও জীলোকের মাথায় ছুটো বিশ্বনি । লামাদের মাথায়
চুল নাই ।

ইন্ত্র। ইহাদের বিবাহ হয়, না বে বার কাছে ইচ্ছা গমন করে ? বকুব। মেরেরা ১৬ হইতে ২৫।৩০ বংসর ও পুরুষ্কো ২০ বংসর বয়সের দেবগণের মর্জ্যে আগমন

পুকেব বিবাহ করে না। বিবাহ বাপ মারে ঠিক করে, বর ও কল্পা সম্বত্ত হইলে বিবাহ হয়। ইহাদের বর্ণভেদ নাই। কাহারও ছোঁয়া বা কোন মাংস খাওয়া ইহাদের নিবিদ্ধ নহে। ইহারা সময়ে সময়ে কাঁচা মাংস খায়। ঐ দেখ খাচেচ।

ইন্দ্র। মাগীগুলো ফুল তুলে মাধায় দিচে কেন?

বকণ। ফুল পরা এদের বড় শথ। ইহারা চুলগুলি বেশ পরিকার রাখে। গাত্রে অভান্ত ময়লা, তাহার কারণ স্থান করে না। জিজ্ঞানা করিলে বলে, গায়ে ময়লা থাকিলে শীত কম হয়—গাত্রবজ্ঞের আবশুক হয় না।

দেবগণ মল বোভের উত্তরে ঘাইয়া গবর্ণমেণ্ট হাউদ দেখিলেন। বরুণ কহিলেন, "এই বাড়ীট পূব্বে কুচবিহারের মহারাজের ছিল। রাজা অভি দামাল্য মূল্যে গবর্ণমেণ্টকে বিক্রয় করিয়াছেন। ইহাতে এক্ষণে ছোট লাট বাদ করেন। বাটীর চতুর্দ্দিক্ প্রস্তর ছারা নির্দ্মিত এবং চাল পাইন নামক কাঠের ভক্তা ছারা আবৃত। এই বাটীর পশ্চিমে লাটদাহেবের ক্রীড়াভূমি।

এথান হ**ই**তে **যা**ইয়া সকলে বোটানিকেল গাড়েন ও হট হাউস দেথিলেন। হট হাউদের ভিতরে অনেক লতা গুলা আছে।

উপ। কন্তা দেখ! দেখ! হুটো বাঙ্গালী মাগী কেমন ঘোড়া ছটিয়ে আসভে।

নারা। এ এক নৃতন দৃশ্য বটে। বৰুণ এবা কি পাছাড়ে মেয়ে?

বরুণ। বাঙ্গালীর মেয়ে কিন্তু পাহাড়ে এসে পাহাড়ে হয়েছে।

এই সময় মাগীরা খোড়া ছুটাইয়া যাওয়ার উপ ঐ পড়লো পড়লো শব্দে চেঁচাইতে লাগিল।

ইক্স। সাডী পড়া, খোড়ায় চড়া দেখতে বেশ।

বরুণ। মাগীরে ঐ বেশে ঘোড়ায় চড়ে দেখিয়।—সাহেবর। হাস্ত করিয়া বলেন, "Damn the nation."

নারা। বৰুণ! মাগীরে মেমেদের মত একপেশে হয়ে ঘোড়ায় বসে না কেন ? বরুণ। সে অভ্যাস হ'তে বিলম্ব আছে।

দেবতার। ইহার পর মল বোভের বিপরীত দিকে চলিলেন এবং জঙ্গলের মধ্যে নানারূপ গাছ দেখিলেন। কোন গাছের সর্বাঙ্গে সেওলা ধরা. কোন গাছের আপাদ মন্তক লতা পাতার জড়ান। বেড়াইতে বেড়াইতে দেখিলেন, চারিজন লোক চকু বুজে বনে আছে। নারা। এরাকে ? ঠিক মৃনি ঋষির মত চক্ষ্ বুঞ্জে বসে আছে। বন্ধন। আন্ধা

ইন্দ্র। ব্রাম্মেরা দেখচি দক্ত তেই আছে।

এখান হইতে এক স্থানে উপস্থিত হইয়া দেবতারা দেখেন, ভয়ানক জলোচ্ছাদ ভয়কর শব্দ করিয়া সহস্রধারায় একথানি পাধরের উপর পড়িতেছে। নিকটে বেলিং দেওয়া একটি রাস্তা আছে। দেবগণ রেদিংয়ের মধ্যে দাঁড়াইয়া দেখিতে লাগিলেন। পিতামহ কহিলেন, আহা কি স্থন্দর দৃষ্ঠা। বরুণ, এ করণাটার নাম কি ?

বৰুণ। ইহার নাম ভিক্টোরিয়া ওয়াটার ফল্স। দার্চ্ছিলিংয়ের মধ্যে ইহা একটি প্রধান ঝরণা এখানকার লোকে ইহাকে কাক-ঝোরা বলে।

উপ। বরুণ কাকা, দেখ যেথানে জ্বল পডছে সেথানকার পাধরথানা খয়ে থয়ে ঠিক একটি বাাঙের মত হয়েছে।

ইহার পর দেবগণ এংলো হিন্দী মধ্য শ্রেণীর বিভালয়, ভূটিয়া বোর্ডিং স্থল কমিশনর সাহেবের গ্রীমবাটিকা দেখিয়া একটি পাহাড়ে উঠিতে লাগিলেন। পিতামহ কহিলেন, "বরুণ আমরা কি স্বর্গে উঠিতেছি। যাহা হউক ভাই, একটু বোদ আমার বড় ইাপ ধরেছে।"

বকণ। "আর বেশী দ্ব নাই, একটু উপরে উঠিয়া সকলে বিশ্রাম করিব" বলিয়া পিতামহের হাত ধরিয়া অস্বার্ভেটারি হিলের উপর সকলে উঠিলেন এবং বসিয়া বিশ্রাম করিতে লাগিলেন।

এখান হইতে দেবগণ একটি কৃটিরের নিকটে যাইয়া উপস্থিত হই:লন কুটীরখানি পাতা ধারা ঘেরা।

বৰুণ। পিতামহ তৃক্ষয়লিং নামক শিব দেখুন। এই শিবের নাম হইতে দাবৃদ্ধিলিং নাম হইয়াছে। শিবের নিকট ভূটিয়ারা ছাগ বলি দেয়।

ইন্দ্র। এ গহর্বটী কি ?

বরুণ। লোকে বলে—ছুৰ্জন্ম লিং ধবন ভয়ে এই পথ দিয়া তিবাতে পলাইয়াছিলেন। গুহাটী যে কত দ্ব বিস্তৃত অভাপি তাহাব নিবাকরণ হয় নাই। কেহ কেহ বলেন, সিকিম পর্যান্ত বিস্তৃত আছে।

এথান হইতে ঘাইয়া দেবগণ একস্থানে উপস্থিত হইলে বৰুণ কহিলেন, "পিতামহ ভূটিয়াদিগের বন্ধি দেখুন। এইস্থানে ভূটিয়ারা বাস করে। ওদিকে ভূটিয়াদিগের গুদ্ধা দেখা যাইতেছে।" দেবগণের মর্জ্যে আগমন

ব্ৰহ্মা। গুদ্দাকি?

বরুণ। ভূটিয়াদিগের দেবমন্দির। বাড়ীটি দোভালা, নীচে গুল্ফা থাকেন: উপরে পুরোহিভেরা বাদ করেন।

ইন্দ্র। দেবগৃহের ছারে ঢোলকের মত ওচ্টো কি ?

বরুণ। চক্র । চক্রে মন্ত্র লেখা আছে। চক্র যত ঘোরে তত পাপ ক্ষয় হয়। চেয়ে দেখ—গৃহ মধ্যে মাটিতে মহাকাল ও মহাকালীর মূর্ত্তির রহিয়াছে। পূজার সময় বাজনা বাজে। পুরোহিতকে লামা কহে। লামারা বিবাহ করে না, কিন্তু মদ ও মাংস খায়। ভূটিয়ারা নিজে পূজা দিতে আদে না, পূজার টাকা লামাকে দেয়, লামা কিনে বেচে পূজা করে।

উপ ৷` বৰুণ কাকা, লামারা বে করে না, তবে থোকা লামা জনায় কেমন করে ?

ইহার পর দেবগণ বোটানিকেল গার্ডেন দেখিলেন। এই স্থানে তিনটী কাঁচের ঘর আছে। ঘরগুলি ফুল ফলে স্থশোভিত। একটি ঘরে একটি কোয়ারা আছে।

ইব্র। বরুণ! দেখ এখানে ছই একটি কাক দেখা যাইতেছে।

উপ। রাজা কাকা! ওদিকে দেখ, একটা শেয়াল রোদে ভয়ে গা ভকাচেচ।

বরুণ। ব**র্দ্ধমানের রাজা সহর জমকাইবার জন্ত এখানে কাক ও শৃগাল** স্মানিয়া ছাড়িয়া দিয়াছিলেন।

নারা। ওদিকে দেখা যাইতেছে ও স্থন্দর বাড়ীটি কাহার?

বক্ণ। বর্তমানের রাজার।

বন্ধা। আহা এই স্থানের কি স্থানর দৃষ্ঠ। পর্ব তিগাত্র বরফে খেতবর্ণ ধারণ করিয়াছে এবং সেই খেতবর্ণের উপর স্থারশ্রি পড়িয়া ঝক্ঝক্ করিতেছে। ঐ পর্বতের কোলে কোলে রক্তবর্ণ মেঘ দেখা দেওয়ায় আহা! কি স্থান শোভাই হইয়াছে। আরও দেখ, ও দিকে পাছাড়ের কোলে মেঘ নাই রৌজ দেখা দিতেছে — কেমন মেঘ ও রৌজ লুকাচুরি খেলিতেছে।

বৰুণ। পিতামহ সিঞ্লে যাইবেন ? এখান হইতে হাজার কিট উদ্ধে সিঞ্চল আছে।

বন্ধা। স্থার স্থামার দাধ্য নাই যে এক পা প্রমন করি। এক্ষণে নীচে নাথিব কেমন করে ভাবিতেছি।

বৰুণ ৷ চলুন আমবা ভাতি আবোহণে সিঞ্লে ষাই দ

ইন্ত। ভাতি কি?

বরুণ। রাজভক্তানামা।

এই সময়ে করেক জন ভাণ্ডিওয়ালা ভাণ্ডি ঘাড়ে করিয়া সেইস্থান দিয়া যাইতেছিল দেখিয়া বৰুণ ডাকিলেন, "ও ভাণ্ডিওয়ালা! এদিকে আর আমরা সিঞ্চলে যাইব।"

ভাণ্ডি দেখিয়া দেবতারা হাস্ত করিতে লাগিলেন। পিতামহ কহিলেন, "রাজতক্তানামাই বটে। খোলা চৌকীর মধ্য দিয়া এক প্রকাণ্ড ভাণ্ডি চালান। যাহা হউক উঠা যাক।" বলিয়া দেবতারা একে একে উঠিয়া বদিলে ভাণ্ডি ওয়ালা ভাণ্ডি ঘাড়ে করিয়া চলিল এবং এক এক বার পালা দিবার জন্ম ছুটিতে লাগিল। পিতামহ সভয়ে চীৎকার করিয়া উঠিলেন।

দিঞ্চলে যাইয়া দেবভারা আহারাদি করিয়া একটু বিশ্রাম করিলেন এবং তৎপরে ভ্রমণে বাহির হইলে দেবরাজ কহিলেন, ''বকণ সমুথে দেখা যাইতেছে কি ?''

বরুণ। ঐ স্থানে পূর্ব্বে গ্রব্নেন্টের সেনানিবাস ছিল। কিছ এথান কার শীত সৈক্তদিগের সহু না হওয়ায় একণে জ্বাপাহাড়ে বারিক হইয়াছে।

নারা। জলাপাহাভ কোথায়?

বৰুণ'। জ্বলাপাহাড় এখান হইতে পাঁচ শত ফুট উচ্চে। এখানে এড শীত যে, পাহারা দিতে হুই একজন পাহারাজ্যালা মরিয়া গিয়াছে। এ হান প্রিত্যাগ করায় গ্রন্মেণ্টের অনেক টাকা নষ্ট হুইয়াছে।

এথান হইতে দেবগণ আরও ৫০০ ফুট উচ্চে ঘাইয়া ধবলগিরি ও কাঞ্চনজ্জ্যা দেখিতে লাগিলেন।

এই সময় দেবগণ দেখেন, মুই জন বসিয়া গান করিভেছে। ভন্মধ্যে একটি জীলোক ও একটি পুরুষ।

दिन। वक्न कोको এদের আমোদ দেখ!

নারা। সভা বহুণ ইহাদের এত আমোদ কেন ?

বকুৰ। মাগী মিন্দেকে বিবাহ কবিবার চেষ্টা করিতেছে।

हेका। এ कि त्रकम विवाह ?

বৃক্ষণ। এ বড় মজার বিবাহ। তিব্বতের এই স্বাভিকে লিম্বলে। ইহাদের গান গেরে মেয়ে ভূলাতে হয়। যদি কোন পুক্ষের কোন মেরেকে বিবাহ করিতে ইচ্ছা হয় তাহা হইলে মেয়ের পিতা মাতার অমতে মেরেটিকে ভূলাইয়া লইয়া গিয়া পরম্পর গান গাইতে থাকে। গানে পুকর হারিলে মেয়েটিকে বিবাহ করে না, আর পুকর জিভিলে মেয়েটিকে জোর করে ধরে নিয়ে গিয়ে বিবাহ করে ও বিবাহ হইলে মেয়ের পিতা মাতা জানিতে পারে ধে, মেয়ে বেড়াতে গিয়ে বিবাহ করে এসেছে। ইহাদের মধ্যে কোর্টিনিপও প্রচলিত আছে।

ব্রহ্মা। বিবাহে খরচ পত্র কিরূপ ?

বৰুণ। বরকে একটা গক কি শুকর মারিয়া তাহার মাথায় একটি টাকারাথিয়া মেয়ের বাপকৈ দিতে হয়। আর বিবাহের সময় বয়ু বাদ্ধবকে এক ঝুড়ি চাউল ও এক বোতল মাড়ুয়া উপহার দিতে হয়। বিবাহের সময় বরকে বরের বয়ু বাদ্ধব প্রদক্ষিণ করিয়া বসিয়া থাকে, বর ঢোল বাজায়, কল্যা নৃত্য করে। তৎপরে পুরোহিত বিবাহকার্যা সম্পাদন করে। বিবাহের সময় বয় দক্ষিণ হাতে কল্যার দক্ষিণ হাত ধরিয়া থাকে, আর হজনের বাম হাতে ছটি মুরগী থাকে। বর কল্যার নাসিকায় সিশ্বর দিয়া কহে "য়ন্দরি! আজি হইতে ভূমি আমার ল্লী হইলে।" বিবাহের পর মেয়ে বাপের বাড়ী য়য়। একজন দিয়া মেয়ের বাপকে থবর দেয়, "তোমার মেয়ের বিবাহ হয়ে গিয়েছে।" মেয়ের বাপ এই সমাচারে প্রথমে রাগিয়া উঠেন। তৎপরে একটি শুকর, এক বোতল মদ ও একটি টাকা দিলে রাগ নরম পড়ে। পরে যথন বরের বাড়ীয় লোক কল্যাকে আনিতে য়য়, কল্যা তথন ভাড়ার ঘরে লুকাইয়া থাকে। মেয়ের বাপ কহে "তোমরা চ'লে য়াও, আমার মেয়ে হারাইয়া গিয়াছে।" তৎপরে ছটী টাকা দিলে মেয়েকে বাহির করিয়া দেয়।

ইক্র। এ বিবাহ মন্দ নহে। এথানে আর কোন রকম বিবাহ আছে? বরুণ। তিব্বতে, পাণ্ডবদিগের জার সমস্ত প্রতা এক পত্নী বিবাহ করে। তাহারা কহে, সমস্ত প্রতা পৃথক্ পৃথক্ বিবাহ করিলে পরিবারের মধ্যে বিবাদ হয় ও অর্থহানি ঘটে, স্বতরাং সংসার ছারথার হয়। ছেলেরা জেঠাকে বাবা বলে ও অপরাপরকে পুড়া বলে।

উপ। আচ্ছা বরুণ-কাকা, তাহা হইলে কোন্টী কাহার ঔরদে জন্মিল কিরপে স্থির হয় ?

ব্রহ্মা। বরুণ, আর ভাল লাগছে না। আমাকে দার্জিলিংয়ের ইতিহাস বলিয়া অর্গে লইয়া চল।

বৰূপ। দাৰ্জিলিং একটি দ্বিতীয় শ্রেণীর জেলা। এই স্থানের আদি ৬৭২ নাম "দর্বজ্বোম।" দার্জিবিংয়ে জ্বছাপি উক্ত নামে একটি স্থান বর্ত্তমান জ্বাছে। ঐ স্থানে সময়ে সময়ে ভূটিয়ারা সমবেত হইয়া মহাকাবের প্রশাকিরিয়া থাকে। তেঁতুলিয়া নামক স্থান ও করতোয়া নদীর তীরস্থ শিলিগুড়ি সিকিমপতির অধিকারে ছিল। তেঁতুলিয়া প্রের রংপুর জেলার মধ্যে ছিল এবং তথায় মাজিট্রেটের কাছারি হইত। করতোয়া হিন্দুদিগের মহা তীর্থস্থান, সতীর মৃতদেহ নারায়ণের চক্রে থও থও হইলে এই স্থানে বাম কর্ণ পড়ে এবং অপর্ণা নামে দেবী ও ভৈরব নামক শিবের উৎপত্তি হয়। তেঁতুলিয়ায় প্রের্ক সিকিমরাজ্বের সৈল্ল থাকিত। এক সময়ে রুক্ষগঞ্জের রাজা ঐ স্থানে বায়্ পরিবর্ত্তন ছলে আসিয়া অসভ্য সৈল্লদিগকে তয় প্রদর্শন করিবার জ্বল্ল একটি ঘোড়াকে রক্ম রক্ম সাজ্বে সাজাইয়া পুনঃ পুনঃ জলপান করিতে নদীতে পাঠাইতে আরম্ভ করেন। ইহাতে অসভ্য লোকের: না জ্বানি কত সৈল্ল ও কত ঘোড়া আসিয়াচে ভাবিয়া ভয়ে পলাইয়া যায়।

ইন্দ্র। এরপ কথন হতে পারে ?

বকণ। কেন না হবে ? এক সময় মৃক্ষের ও ভাগলপুরের রাজাতে বিবাদ হয় এবং উভয়ে দৈল্য সামস্ত লইয়া শিবির সন্ধিবেশ করেন। ভাগলপুরের রাজা মৃক্ষেরের রাজার মনে ভাঁতি সঞ্চাবের জন্ম শত শত শালপাতায় দিধি ও ছাতু মাথাইয়া নদীতীরে সাজাইয়া রাথেন ইহাতে মুক্ষেরের রাজা, ভাগলপুরের রাজা বিস্তর দৈল্য আনিয়াছেন ভাবিয়া পলায়ন করেন। দারজিলিং জেলার ঘটি বিভাগ বা ভিবিজন আছে। প্রধানটির নাম ফাঁসি দেওয়া। ঐ স্থানে পুলিস ষ্টেশন ও মাজিট্রেটের আফিস আছে। ছোটলাট ইভেন সংহেবের সময়ে দার জিলিংয়ে ট্রামওয়ে চলে। এভারেষ্ট শৃক্ষ পৃথিবীর অপরাপর পর্বত-শৃক্ষ অপেকা উচচ। ইহার উপর বোদ্ধদিগের একটা মন্দির আছে, ১৭৬০ অন্ধে উহাতে অয়ুয়্ৎপাত হয়। দার জিলিংয়ে অনেকগুলি নদী আছে, তয়ধো ভিস্তা নদী হিশ্বদিগের তীর্থস্থান বলিয়া বিখ্যাত।

बन्ना। ये नहीं ए कि हर ?

বরুণ। বিষ্ণুর চক্রে সভীর মৃতদেহ থণ্ড থণ্ড হইলে তাঁহার বাম পদ উহাতে পতিত হওয়ার আমরী নামে দেবী ও অবল ভৈরব নামে শিবের উৎপত্তি হয়। দার জিলিংরের জঙ্গলে শাল, শিশু, পানীদাজ, শিমুল, বাঁশ, থয়ের, থড়, পলাশ, বট ও রবার প্রভৃতি নানাবিধ বৃক্ষ উৎপত্র হয়। এথানে লালকো, বনহরিল্রা, দারুহবিল্রা জালিয়া থাকে। দার জিলিংবাদীরা মালিং নামক বংশ

দেবগণের মর্ত্তো আগমন

হইতে দরমা প্রস্তুত করে ও মঞ্চিটা নামক বং দারা কাপড় ছোপাইয়া থাকে। চিরেতা, এলাচি, তেজপত্র এখানে প্রচুর পরিমাণে জন্মায়। শালপানি, গক্ষী, হরীতকী, বহেড়া, আমলকী, বৃহতী, চাকুলা, গুলঞ্চ প্রভৃতি কবিরাজী গাছও এখানে পাওয়া যায়। গাঁজা এখানে প্রচুর পরিমাণে জন্মায়।

এই সময় জ্যোতির্ময় রথ, দেবসারথি মাতলি কর্ত্ব চালিত হইয়া দেব-গণের নিকট উপস্থিত হইল। দেবতারা তদর্শনে সবিশ্বয়ে কহিলেন, "একি! একি। মাতলি কোথা হইতে।"

মাতলি। প্রভো। আপনাদিগের অহপস্থিতি নিবন্ধন স্থাগরিক্যে অরাজকতা উপস্থিত হইয়াছে, পরিবারদিগের মধ্যে কারাকাটি পড়িয়াছে। সকলেই অন্ন অন পরিত্যাগ করিয়া শরন করিয়া আছেন। তজ্জন্ম যুবরাজ্প জন্মন্ত আপনাদিপকে লইয়া যাইবার জন্ম কলিকাতার আমাকে পাঠাইয়াছিলেন। আমি দেখানে দেখা না পাইয়া এখানে আসিয়াছি (১)।

দেবগণ তৎপ্রবণে অমনি উদ্বিয়চিতে রথে উঠিলেন, রথ থথা সময়ে স্বর্গে ঘাইয়া উপস্থিত হইল অমনি গুড়ুম গুড়ুম শঙ্গে কামানের (বজ্রের) শব্দ হইতে আবন্ত হইল।

(১) কয়েক বৎসর পূর্ব্বে অনেকেই সন্ধ্যার পর একটা আলোক নক্ষরবৈগেঃ যাইতে দেখিয়াছেন। সেই আলোক মাতলি-চালিত জ্যোতির্শ্বয় রথের। স্বর্গে আজ মহা ধুম । কাবন বর্গের দেবতারা স্বর্গে ফিরিয়া আসিয়াছেন।
বাড়ী বাড়ী উলু ও শঙ্খের ধ্বনি হইতেছে। রাজ্ঞায় রাজ্ঞায় আলো দিবার
জ্ঞা খুঁটো পুতিতেছে। মেনকা উর্বালী প্রভৃতি নর্গুকীগণ দল বল সহ
রাজবাড়ী ও ঠাক্রবাড়ী অভিমুখে চলিয়াছে। দলে দলে রাজ্মণগণ আশীর্বাদ
করিতে বাহির হইয়াছেন। অবিপ্রান্ত গুড়ুম গুড়ুম শন্দে কেলা হইতে কামান
(বক্স) দাগা হইতেছে। প্রায় একলক বিরাশী হাজ্ঞার কয়েদীকে জ্ঞেলখানা
হইতে ছাডিয়া দিবার জ্ঞা যমের প্রতি হকুমনামা বাহির হইয়াছে। ভৃত্রেরা
ফর্দ্দ হস্তে বাড়ী বাড়ী গয়ার পাথরবাটী ও বুলাবনের তিলকমাটি বিতরণ
করিতে বাহির হইয়াছে। দেবিগণ স্বামী পাইয়া একদিকে যেমন আহ্লাদিতা
হইয়াছেন, তেমনি অপর দিকে তাঁহাদের শরীরে লোণা লাগিয়া বাাধি প্রবেশ
করায় উৎক্তিত হইয়াছেন এবং নিম-হলুদ্ মাথাইয়া দিতেছেন। বাটীতে
স্বস্তায়ন আরম্ভ হইয়াছে।

এই ঘটনার ৫.৭ দিন পরে দেবরাজের আদেশে এবং গণেশের উন্তোপে অমরাবতীতে একটা বৃহৎ সভাধিবেশনের উন্তোগ হইতে লাগিল। রাস্তার রাস্তার নোটাশ দেওয়া হইল এবং বাড়ী বাড়ী পত্র পাঠান হইল। নির্দারিত দিবদে দেবগণ উপস্থিত হইতে লাগিলেন। মহিবারোহণে যম, হংস আরোহণে পদ্মযোনি, গরুড়ারোহণে নারারণ, বৃষপৃষ্ঠে পঞ্চানন, ইহরের টমটমে গণেশ, ময়্রের বগীতে কার্ত্তিক, পূপাকরথে দেবরাজ এবং স্ব স্থ যান আরোহণে চক্র, প্র্যা, নক্ষত্র প্রস্তৃতি ছত্তিশ কোটা দেবগণ আগিরা উপস্থিত হইলেন। দেবিগণেরও আবির্ভাব হইল। সিংহ আরোহণে ভগবহী, পেচক আরোহণে লক্ষ্মী, বীণা হন্তে বীণাপাণি, ভোমের স্বন্ধে লীতলা, বিডাল আরোহণে বন্ধী প্রভৃতি আগিলেন। পাতাল হইতে নাগ্যণ আগিয়া উপস্থিত হইতে লাগিলেন। এতভিন্ন নানাপ্রকার রোগ, ব্যা—ক্ষর, কঙ্গেরা, কারবন্ধন, বহুযুত্ত, বসন্ধ প্রভৃতি আগিয়া জুটিতে লাগিলেন। নোটাশ দৃষ্টে বৃষ্টি, বাদল, ঝড়, মহাঝড় (সাইক্লোন), অভিবৃত্তি, অনাবৃত্তি, জলক্ষম্ভ, ভূমিকন্প প্রভৃতি আগিলেন। ইন্কম্, লাইদেন্দ্য, চৌকিলারী, বোজদেদ,

লাইটিং প্রভৃতি ট্যাক্সগও আসিয়া দেখা দিলেন। কাম, ক্রোধ, লোভ, মোহ, বিছা, বৃদ্ধি প্রভৃতি আসিলেন। শনি আসিয়া সভা পরিদর্শনের ভার লইলেন। সকলের পরামর্শে পিতামহ সভাপতির আসন গ্রহণ করিলেন এবং म्विताक म्थाममान इट्या विन्छि नामितन,—"द्ध व्यवत्नम् । व्यापना সম্প্রতি মর্ছ্যে পমন করিয়াছিলাম। তথায় যেরূপ দেখিলাম, ভাহাতে পুণিবী ধ্বংস করিবার ইচ্ছা করিবাছি। মর্জো ব্রাহ্মণগণের আরু ব্রাহ্মণত নাই। পর্বকার বান্ধণেরা সর্বত্ত আদরের সহিত পঞ্চা পাইতেন এবং তাঁহাদের ব্যবস্থাগুণে কদাচারী, ভাতিচ্যত ও পতিত ব্যক্তি উদ্ধার হইত। একণে ব্রান্ধণেরাই জাতিচ্যত ও পতিত হইয়াছেন। পূর্বকার ব্রান্ধণেরা দাসত্ত করিতেন না, কিন্তু এখনকার ব্রাহ্মণেরা পাঁচ টাকা বেতনে কনেষ্টবলি ও মেথবের পেয়ালাগিরি পর্যাস্ত করিতেছেন। অমরবুন্দ। দুঃথের কথা কি বলিব-পর্বকার ব্রাহ্মণেরা বেনামীতে দোকান করিয়া চাকর দিয়া কাঞ্চ চালাইলেও সমাজ্ঞচাত হইতেন, কিন্ধু এথনকার ব্রাহ্মণেরা মুখাজি, ব্যানাজি নাম দিয়া প্রকাশ্যে জ্বতার দোকান, ইংরাজী হোটেল করিয়াও সমাজচাত হইতেছে না। পুরুকার বান্ধণেরা সকলের বাড়ী যান্ধন ও আহার করিতেন না। এথনকার ব্রাহ্মণেরা দক্ষিণা পাইলে বেখাবাড়ী, ধোপার বাড়ীতেও আহার করিতে ছাডেন না। পুরুকার ব্রান্ধণেরা সন্ধ্যা আহ্নিক না করিয়া জল থাইতেন না, কিন্তু এখনকার ব্রাহ্মণদিগের সন্ধ্যা করা দূরে থাক, বেস্তা পরিচারিকা লুচি ও বেগুণ ভাজা না আনিলে জল থান না। পুরের করা সম্প্রদান করা মহা প্রণ্যকার্য্য ছিল, এক্ষণে তৎপরিবর্ত্তে ব্রাহ্মণেরা কল্পা বিক্রয় করিতেছেন ও কেহ কেহ পরিবর্ছে বিবাহ করিতেছেন।

রান্ধণদিগের স্থায় শৃত্তদিগেরও পরিবর্তন ঘটিয়াছে। তাঁতি, কামার, কুমার প্রভৃতি স্থ স্থ বাবসা পরিত্যাগ করিয়া চাকরি করিতেছে এবং সমবয়য় রান্ধণকুমারকে প্রণাম না করিয়া পাঞ্জা কসিয়া গুভর্মণিং বলিতেছে। এক ছঁকায় ছিঞা জাতিতে তামাক থাইতেছে এবং রান্ধণেরা শৃত্তের বাড়ী আহার করিতে যাইয়া একভ্রে ছিঞা বর্ণের সহিত বসিয়া আহার করিতেছে। অগ্রে বিষ্ণুময়ে দীক্ষিত ব্যক্তিরা পাঁটার নাম ভূনিলে কানে হাত দিত, একণে পাঁটার মাংস না হইলে তাঁহাদের আহার ভালরপ হয় না। পূর্ব্বার বিধবারা এক সজ্যা নিরামিব ভোজন করিতেন, একণে সেরপ হয়য়াছে। প্র্বেশ্বীপুকরে যেরপ পরিচ্ছার ব্যবহার করিতেন, একণে সেরপ

নাই, এখনকার জীলোকেরা নক্ষা পেড়ে চিকণ ধৃতি ও পুরুষেরা প্যান্টুলেন চাপকান ব্যবহার করিভেছেন। পুরুকার ধনী লোকেরাই দাদ দাদী রাখিতেন, একণে একজন জীলোক যত ছেলে প্রস্ব করে ততগুলি চাকরাণীর আবশ্রক হয়। পুরের বিষয় না হইলে দ্রীকে গছনা দিত না, একণে নিজে পেটে না থাইয়া ও পিতামাতাকে অনাহারে রাথিয়া পরিবারের গহনা দিতেছে। পূর্বকার জমিদার ও রাজারা সদ্গুণবিশিষ্ট লোক পাইলে নিজ রাজ্ঞাে আনিয়া বাদ করাইতেন ও বিষয় বিভব করিয়া দিতেন, এথনকার জমিদারেরা দেরপ লোক দেখিলে তাহার জমি জমা কাড়িয়া তাহাকে উবাস্থ করিতেছেন। প্রক্রার রাজারা মদ ও তাড়ি বিক্রা করিতে দিতেন না, এক্ষণে মদে দেশ উৎসন্ন ঘাইতেছে। প্রেম লোকেরা কোন বিষয়ে পরামর্শ জানিবার ইচ্ছা হইলে গ্রামস্থ প্রবীণ লোকের নিকট পরামর্শ লইতেন, এক্ষণে ন্ত্রী-ই সকল বিষয়ের পরামর্শ দিতেছেন। পূর্বের পরম পূজা পিতা মাতাকে উচ্চ স্থানে রাথা হইত ; এক্ষণে লোকে সম্ভীক উপরের মরে থাকে এবং পিতা মাতাকে নীচের ঘরের চোর-কুঠারিতে শয়নের স্থান দান করিতেছে। এক্ষণে বিষয়ী লোকের বাড়ীতে কাব্দ কর্ম উপস্থিত হইলে ব্রাহ্মণ ভোজনের পরিবর্ত্তে সাহেব ভোষন হইভেছে। পুরেব প্রভ্যেকেরই উপদেষ্টা এক একজন গুরু থাকিত, একণে গুরুকে বিদায় দিয়া বান্ধর্ম গ্রহণ করিতেছে। এক্ষণে দেবদেবীর যে পূঞ্চা করা হন্ন, তাহা ভক্তির জন্ত নহে, আমেদ প্রমোদের জন্ম। একণে মহুয়ের আব সংপ্রবৃত্তি নাই, কুপ্রবৃত্তিতে দেহ পরিপূর্ণ। এই নিমিত্ত আমি পৃথিবী ধ্বংস করিবার অভিসাধ করিয়াছি ?

চতুৰ্দ্দিক্ হইতে "সাধু সাধু" শব্দে সকলে করতালি দিনেন।

পিতামহ। আমি পৃথিবীকে একেবারে ধ্বংদ না করিয়া ক্রমে ক্রমে ধ্বংদ করিতে ইচ্ছা করি। অতএব উপস্থিত দেবগণের মধ্যে কে কি তার লইতে প্রস্তুত আছেন জানিতে চাই।

তথন সাংক্রমিক রোগ গাত্রোখান করিয়া কহিলেন "কেবল আমার ভারাই বালালা দেশ ধ্বংদ হইয়াছে। আমি ১৮২৪ খুটান্দে যশোলরের অন্তর্গত মহম্মণপুর নামক গ্রামে প্রথম আবিভূতি হই। তৎপরে ১৮২৫।২৬ অবল যশোহর ও তৎসন্তিহিত অনেকগুলি স্থানের লোককে সংলার করিয়া ১৮৩২:২০ অবল নদীয়া জেলায় প্রবেশ করি এবং অনেকগুলি গ্রাম নট করিয়া ১৮৫৬ খুঃ অবল উলাতে আসিয়া দেখা দিই। উক্ত নগর ধ্বংদ করিয়া ১৮৫৭ অব্দে রাণাষাটের নিকটম্ অনেকগুলি গ্রাম নই করি।
তৎপরে ১৮৫৯ অব্দে কাঁচড়াপাড়ায় উপস্থিত হই। কাঁচড়াপাড়া ধ্বংস করিয়া
গঙ্গা পার হই এবং হগলীর উত্তর প্রবংশ ও বারাসত জেলা ধ্বংস করিয়া
তৎপরে ১৮৫৯,৬০ অব্দে শান্তিপুরে আমার ভভাগমন হয়। তথা হইতে
১৮৬৪ অব্দে কৃষ্ণনগরে যাই। ১৮৬৭ অব্দ পর্যন্ত তথার থাকিয়া নগরের
একতৃতীয়াংশ লোক নই করিয়াছি। ভিঃ গুপুর মিক্শ্চার ও স্থাসিদ্ধ্
প্রভৃতি কতকগুলি ঔবধ হইয়া আমার প্রতাপ একট্ কমাইয়াছে। কিন্তু
সম্পূর্ণরূপে সামলাইতে লোকের অনেককাল লাগিবে। এক্ষণে আপনারা যদি
বলেন ত পুনরায় একবার কোমর বাঁধিয়া লাগিব।"

তথন পালা জ্বর, হাম জ্বর, বসস্ত প্রভৃতি রোগেরা "বেশ বেশ" শব্দ করিয়া কহিল, "আমরাও তোমার যথেষ্ট দাহায্য করিব।" ওলাউঠা উঠিয়া কহিলেন "আমি বুড়া হওয়ায় যদিও প্র্বের ক্যায় দামর্থা নাই, তথাপি প্রাচীন হাড়ে আর একবার লাগিয়া দেখিব।"

অতিবৃষ্টি কহিল, "আমি অনবরত জল ঢালিয়া দেশ ভাদাইয়া দিব, তাহা হুইলে শশু নট্ট হুইয়া ষাইবে ও লোক থাইতে না পাইয়া মারা যাইবে।"

শুকা কহিল, "ভোমার হাতে নিস্তার পাইরাও যদি ঘুই একটা ক্ষেত্র বাঁচে, শশু পাকিবার পূর্বে আমি শুকাইরা দিব।"

অগ্নিবৃষ্টি কহিল, "পৃথিবী ধ্বংদের আবার ভাবনা কি ? আমি মধ্যে মধ্যে এক এক স্থানে দেখা দিলে কুটটী পর্যাস্ত থাকিবে না।"

জনস্তম্ভ কহিল "আমি যদি এক একবার দেখা দিই—যে দিক দিয়া যাইব ৩।৭ মিনিটের মধ্যে বাড়ী হর ফরসা হইয়া পরিকার রাস্তা হইবে!"

ভূমিকম্প বলিল, "আমি যদি পাঁচ মিনিট একটু জোর ক'রে পৃথিবীকে নাড়া দিই, তাহা হইলে বাড়ী ঘরদোর, মাহুব, পশু, গাছপালা প্রভৃতির আর কোনও চিহুমাত্র থাকে না।"

এই সময় টাজেরা কহিল, "হত রোগবালাই মর্জ্যে যাচেচ ; চল আমরা এই সময় যাইয়া লোকগুলোকে চেপে চুপে ধরিগে, তাহা হইলে পরণের কাপড় ফেলে পালাবে।"

কাম কহিল, "আমি আর সম্পর্ক বিচার করিতে দিব না।" ক্রোধ কহিল, "আমি পিভ্যান্থ ও স্ত্রীহত্যা পর্যন্ত ঘটাইব। তাহা হইলে দেবগণের ক্রোধ আরও বৃদ্ধি হইবে।" বিভা কহিলেন, "আমি অন্ত হইতে অবিভারণে দেখা দিব।" বৃদ্ধি কহিলেন, "আমি আর স্বৃদ্ধিরণে থাকিব না।" লন্ধী কহিলেন, "আমার অলন্ধীই এখন ভারতে থাকিবে।" সরস্বতী কহিলেন, "আমার ছষ্ট মৃর্ভিই সকলের স্কন্ধে চাপিবে।" ষষ্ঠা কহিলেন, "আমি আর সহজে ধনী লোককে ছেলে দিব না।" সর্পাণ কহিলেন, "পরীক্ষিতের ষজে ছই ভাগ ও পুরস্কারলোভী সাপমারাদিগের হাতে এক ভাগ দিয়া আমরা যে নিকি আছি, তাহাতেই যতদুর পারি পৃথিবীর লোকদিগকে দংশন করিব।" সাইক্রোন (মহাঝড়) কহিলেন, "তোমরা সকলেই নিশ্চিন্ত থাক, আমি মধ্যে মধ্যে এক এক প্রদেশে দেখা দিয়া চালচাপা, দেওয়ালচাপা ও নৌকাড়বি করিয়া লক্ষ লক্ষ প্রাণীকে চালান দিব।" ছভিক্ষ কহিল, "বেশ বেশ—আমিও ভোমার পশ্চাৎ পশ্চাৎ ঘাইয়া উপন্থিত হইব।" শিব কহিলেন, "এখন হইতে আমি এমন ন্তন ন্তন রোগের স্বৃষ্টি করিব, যাহার নাম বা উবধ ভাজার কবিরাজেরা খুঁজিয়া পাইবেন না।"

ইন্ত্র। পিতামহ! এত লোক আস্বে কিলে?

পিতা। বেলগাড়ীতে অথবা ষ্টীমারে। বেলওয়ে ও ষ্টীমারে নিতাই থেরূপ হুর্ঘটনা ঘটে—তাহাতে এক এক চালানে অনেক আদিতে পারিবে। যম। আমি তবে নরক সাফ করিগে।

চিত্ৰগুপ্ত। আমাৰ কিন্তু কতকগুলো আাসিষ্টাণ্ট চাই। এত হিসাব একা বাখিতে পারিব না।

অনন্তর পিতামহ উঠিয়া কহিলেন—"দেবগণ! আমরা মর্থ্যে গমন করিয়া প্রেণজ্ঞ কারণে নিতান্ত অসন্তই হইয়াছি বটে; কিন্ত ইংরাজের রাজ্য শাসনপ্রণালী দর্শনে সন্তোব লাভ করিয়াছি। ইংরাজ রাজ্যের তুলনায় আমাদের বর্গরাজ্যও তুচ্ছ মনে হয়। এমন কি, দেবরাজও কোনও কোনও বিষয়ে ইংরাজরাজের অভ্নকরণ করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। আশীর্কাদ করি—ইংরাজরাজ্য চিরস্থায়ি হউক।"

তথন নারায়ণ সভাপতিকে ধন্তবাদ দিবার প্রস্তাব করিলেন এবং ইন্দ্র সেই প্রস্তাব সমর্থন করিলেন। "হরি" "হরি" শব্দে সভাভঙ্গ হইল।

(শিবমন্ত)

গ্রন্থ সমাপ্ত